

ভগবান্ ভিষ্বভীবাবা

তিব্বতী বাবা

সিলেটের কোনও গ্রামে কোনও বিভ্রশালী নিষ্ঠাবান সান্তিক ব্রাহ্মণের ষষ্ঠ ও সর্ব্বক্রিষ্ঠ সন্তান নবীন চক্রবর্ত্তী, শৈশবেই পিতৃহীন হইয়া মাতৃম্নেহে বন্ধিত হন। বাল্যকাল হইতেই তাহার ভাবান্তই ও উন্মনভাব দেখিয়া জননী তাঁহাকে অল ব্যুসেই উপনীত করেন। জননীকে কোন সাধু বলিয়াছিলেন তাঁহার ষষ্ঠ গর্ভজাত পুত্র রূপে, কোন মহাপুরুষ আবিভূতি ইইবেন। শিবচতুর্দ্দশীর দিন মাতা উপবাদ করিয়া নব উপনীত বালককে শিবপঞ্জার উপকরণ রক্ষার্থ নিযুক্ত করিয়া স্নানার্থ অগুত্র গমন করিলে, উপবাসী ক্লান্ত পুত্রের নিদ্রার আবেশ হয়। তথন ইন্দুরে সেই পূজার নৈবেছাদি উচ্ছিট করে। মাতা পূজায় উপবিষ্ট হইবার সময় ইহা লক্ষ্য করিয়া বালককে মৃতভংগনা করেন। জননীর ভংগনায় বালক ক্ষম হইয়া সেই মুন্ম ঠাকুরের মূর্ত্তির উদ্দেশে বলিল, "এই তুমি ঠাকুর, এই তুমি দেবতা। তোমার নিজের আহার্য্য পদার্থ নিজে রক্ষা করিতে পার না. এই ভোমার ক্ষমতা, তাহ'লে লোকে মিথাাই তোমাকে পূজা কৰে।" কি শুভ মুহুর্তে বালকের মনে এই সন্দেহ ও বিচার শক্তি আসিল। ইহাই তাঁহার ভবিয়াৎ জীবনের উন্নতির সোপান হইল।

জ্যোদশবর্ষীয় কিশোর নবীন একদিন জননীকে তাঁহার সাধনোকতে গৃহত্যাগের কথা বলিলেন। তথন জননী বলিলেন, "বাবা! আমি তোমার মুখে কবে এই কথা ভানিব সেই আশকায় এভদিন ছিলাম, আজ ব্ঝিলাম সেই সাধুর ভবিয়ছাণী পূর্ণ হইল।" ভবন তিনি সেই ঘটনার কথা তাঁহাকে বলিয়া, অঞ্পূর্ণনয়নে কিছু স্বর্ণ মুলা তাঁহার হতে দিয়া বলিলেন, "বংস! যে বংশে ভূমি জন্মগ্রহণ করিয়াছ ভাহার উপযুক্ত কথাই বলিয়াছ। আশীর্কাদ করি ভূমি আশান মনোভাই মাধুনে

কৃতকার্য হও। কিন্তু কথনও মিথ্যা কথা বলিও না, দদা সংপথে থাকিয়া প্রদারে প্রার্থী না হইয়া স্বাধীনভাবে জীবিকা নির্ব্বাহ করিয়া আপন গন্তব্যপথে অগ্রসর হইবে। এবং পৌক্ষবলে সমন্ত বাধা অতিক্রম করিবে।" ইহা আমরা গুরুদেবের নিজু মুখেই শুনিয়াছি।

বালউদাসীন চিরতরে গৃহ পরিত্যাগ করিয়া তিব্বত যাইবার উদ্দেশ্যে উত্তর পশ্চিম প্রদেশে যাইয়া তথায় কিছুকাল বাস কালে. বঞ্চক কর্ত্তক স্থতসর্বাস্থ হইয়া, সামাগু ফেরিওয়ালা বৃত্তি অবলম্বন ক্রবতঃ কোনরূপ জীবিকা নির্বাহ ও বক্ষতলে রাত্রিযাপন করিয়া, বভকটে নেপালে উপনীত হইতে সক্ষম হইলেন। নেপাল-দরবার এই বালব্রন্ধচারীর অদম্য উৎসাহ ও অকুতোভয় সাহস দেখিয়া কাঁচার তিব্বত যাইবার বাবস্থা করিয়া দিলেন। তিনি তিব্বত্যাত্রী একদল বাবসায়ীর সহিত তিব্বতদেশে পৌছিলেন। অনেক চেষ্টায় একটা মঠে আশ্রয় প্রাপ্ত হইলেন। মঠাধীশের উপদেশক্রমে তিনি একটা গুহাতে প্রবেশ করিয়া যোগাচরণে ব্রতী হইলেন। দিবসে নিয়মিত সময়ে চুইবার সেই গুহাভান্তরেই প্রাপ্ত ভক্ষণ কবিতেন। শৌচাদি ক্রিয়া সেই গুহাতেই রক্ষিত ভাগ্নে সম্পন্ন ছুইত এবং নিয়মিত পরিষ্কৃত হুইত। এইরূপে একাদিক্রমে ৭ বংসর সেই গুহাভান্তরে যোগসাধন করিয়া ছয়বংসরে সিদ্ধ "সিদ্ধার্থে"র লাম তিনিও সিদ্ধার্থ হইলেন। কৃতকাম হইয়া যোগীবর তিবততের বছস্থান ভ্রমন করিয়া চিন, মঙ্গোলিয়া, মাঞ্রিয়া হইয়া শেষে ব্রহ্মদেশে উপনীত হইলেন। তথাতে বহুকাল বাদ করিবার পর অনেকগুলি তাৎকালিক প্রবাসী বান্ধালীর সহিত পরিচিত হইলে, তাঁহাদেরই সনির্বন্ধ অনুরোধে তিনি ভারতে প্রত্যাগমন করেন, এবং নানা প্রদেশ ভ্রমণের পর অযোধ্যা প্রদেশে কিয়ৎকালবাস করেন।

অমিতবিক্রমশালী দেশবিখ্যাত বীর, বঙ্গের গৌরব পরলোকগত স্থামাকাস্ত বন্দ্যোপাধ্যায় যিনি স্বীয় বাছবলে বৃহৎ, হুদাস্ত সন্থান্ত বন্থ ব্যাঘ্রকে বন্ধ করিয়া পোষ মানাইয়াছিলেন, তিনি ইতিপূর্বেই যোগসাধনে মনের একাগ্রতা লাভ করিয়াছিলেন। হঠাৎ কোন কারণ ব্লশতঃ তাঁহার মনে বৈরাগ্যের উদয় হওয়াতে তিনি স্বী, কন্থা ও স্বোপাজ্জিত প্রভূত ধন সম্পত্তি পরিত্যাগ করিয়া নিঃসম্বলে বানপ্রস্থ অবলম্বন করেন। বংশরাধিককাল তিনি নৈমিয়ারণ্যে অ্যাচিত হুদ্ধ অথবা বন্থ ফলমূলাদি ভোজনে বৃক্ষতলে ধ্যানস্থ থাকিয়া স্থিরচিত্ত হুইয়া, তাঁহার অভিমত একটী মহাপুরুষ সমস্ত ভারত খুঁজিয়াও না পাইয়া যথন অযোধ্যা প্রদেশে আসিলেন, তথন এই মহাপুরুষের দর্শন পাইয়া তাঁহারই নিকট সন্ধ্যাস গ্রহণ করিলেন, এবং তাঁহান্বাই সোহং স্বামী নামে অভিহিত হুইলেন। ইনিই সেই তিব্বতী বাবা —সেই 'তিব্বত দেশীয় লামার শিশ্ব বৃদ্ধ যোগী' হাহার নিকট শহুর মঠের মঠাধীশ পরলোকগত স্বামী পরমানন্দপুরী যোগ শিক্ষা করিয়াছিলেন।

ইহার পর তিনি বহু বংসর মাদ্রাজ প্রদেশে বাস করেন।

একবার হাইন্রাবাদের ভূতপূর্ব্ব নিজাম বাহাত্ব তাঁহাকে নিজ

দরবারে সাদরে আহ্বান করিয়াছিলেন এবং সর্ব্বধর্ম সম্প্রদারের জ্ঞান

বৃদ্ধদের নিজ নিজ মতের শ্রেষ্ঠত্ব স্থাপনের প্রয়াস দেখিয়া যথন

তাঁহার কি বক্তব্য আছে জিজ্ঞাসা করিলেন, তথন তিনি বলিলেন,

"গোহহং। আমার উপরেও কেহ নাই নীচেও কেহ নাই। আমি

একাকী। আমার ভয় করিবার মত দিতীয় কিছু নাই।" সমস্ত

সভাসদসহ রাজ্যেশ্বর শুস্তিত। শেষে ধীমান্ রাজা বোধ হয় তাঁহার

কথা উপলন্ধি করিতে পারিয়াই তাঁহাকে বছমূল্য খেলাত দান

করিতে উভত হইলে, তিনি মধুর বচনে তাঁহার তুষ্টিসাধন করিয়া

সহাস্থাবদনে তাহা প্রত্যাখ্যান করিলেন। ইহার কয়েক বংসর পরে যথন বিশ্ববিশ্রতা মহীয়দী বিত্রী স্থনামধ্যা মহিলা শ্রীযুক্তা দরোজিনী নাইড়র পিতা পরলোকগত ডাঃ অঘোরনাথ চট্টোপাধ্যায় ডি, এস, সি, হাইদ্রাবাদ কলেজের তংকালিক অধ্যক্ষ মহাশয়, কলিকাতায় তিব্বতী বাবার নিকট প্রায় মাসাবধি প্রতাহই আনাগোনা করিমুছিলেন, তথন তাঁহার নিকটই আমি ইহা শুনিয়াছিলাম। আর সেই সময় বর্ত্তমান নিজাম বাহাতুর তাঁহাকে হাইদ্রাবাদে আহ্বান করিয়া বিশেষ অমুরোধ সহকারে যে তারের সংবাদ দেন তাহাও আমি দেথিয়া-ছিলাম। ৺পণ্ডিত সত্যচরণ শাস্ত্রী কৈলাস ভ্রমণের পথ হইতে বস্তমতীতে লিথিয়াছিলেন-- গিরিশক্তের কোন মঠাধীশ তাঁহাকে বলিয়াছিলেন, "আশ্চর্যা! তুমি ভারতের এমন একজন মহাপুরুষ তিব্বতী বাবাকে জান না।" পরলোকগত আত্মজ্ঞ মহাপুরুষ স্বামী যোগানন্দ সরস্বতী, আমার গৃহে উভয়ের সম্মিলনের পর, আমাকে বলিয়াছিলেন, "এই মহাপুরুষ এতই উচ্চে উত্থিত যে সেখানে অনেকেরই অন্তর্গ পৌছায় না।" ইহাই তিব্বতী বাবার প্রকৃত পরিচয়। বিত্তশালী ভক্তকর্ত্তক নির্মিত বর্দ্ধমান পালিতপুর বৃহৎ আশ্রমে তাঁহার নশ্বদেহ ত্যাগ করিয়াছেন। আর হাওড়া ভিকাতী বাবা বেদান্ত আশ্রেমের ভিত্তির প্রথম প্রন্তর স্থাপন তিনিই করিয়াছেন। এথানে তাঁহার দন্ত সমাধি আছে-

এ পৃত আশ্রমে ঝক্কত সদা তাঁহারই আগুবাণী।
কোনও স্থদিনে মরমে পশিবে শ্রবণে সদা শুনি'।
উঠিবে দেদিন এই তীর্থ হ'তে গুপ্ত প্রক্তামণি।
উক্ষলিবে হদিকন্দর তম বিবেক বশ্মি দানি॥

উৎসর্গ

প্রশিধানে বেদ এবং বহু শাস্তাদি অধ্যয়নে কৃতবিশ্ব হওয়াবশতঃ, বে

 দণ্ডী পূর্ব্বপুক্ষ-প্রবর মিশ্র উপাধিতে ভূষিত হইয়া জন্মভূমি দর্শনার্থ

বন্ধদেশে আদিনা, প্রবলপরাক্রান্ত ভূমাধিকারীর চক্রান্তে গৃহী

 হইতে বাধ্য হইয়াছিলেন, তাঁহারই উপযুক্ত বংশধর যিনি সেই

শাস্তচর্চার ধারা, অধ্যয়ন ও অধ্যাপনা দ্বারা, অব্যাহত

 রাথিয়াছিলেন এবং সাধনা মার্গে বিশিষ্ট স্থান অধিকার

 ক্রিতে সমর্থ হইয়াছিলেন, তাঁহারই অম্ল্য উপদেশে

 বাল্যে ও কৈশোরে আমার হদয়ে স্নাতন ধর্ম্মের

 প্রথম বীদ্ধ উপ্ত হয়। আমার সেই প্রলোকগত

পিতৃদেব

⊌রামলাল মিশ্রের

উদ্দেশে আমার হৃদয়ের ভক্তির নিদর্শন ব্রুরপ এই গ্রন্থথানি উৎসূর্গ করিলাম।

অকৃতি সম্ভান-গ্রন্থকার

প্রকাশকের নিবেদন

ডাক্তার প্রীয়ক্ত কুঞ্জেশ্বর মিশ্র এল, এম, এস মহাশয় প্রমহংস তিব্বতীবাবার কুপালাভে কুতার্থ হইয়াছেন, এবং সাধনায় যে অমৃত ফল লাভ করিয়াছেন, তাহাই তিনি অকাতরে অরুপণভাবে সাধারণের হিতার্থে "বামায়ণবোধ বা বালীকির মাত্মপ্রকাশ" গ্রন্থে পরিবেশন করিয়াছেন। তিনি তাঁহার সাধনার উপলব্ধ জ্ঞান সাধ্যমত সরলতায় প্রকাশ করিতে চেষ্টার ত্রুটি করেন নাই। তিনি যেভাবে রামায়ণের এই অভিনব ব্যাখ্যা করিয়াছেন, এপর্যান্ত কেহই এইরূপ নবদুষ্টিতে বামায়ণ দেখেন নাই। বামায়ণে যে এরপ যৌগিক আধ্যাত্মিক ব্যাখ্যা হইতে পারে, ইহা ইতিপূর্বেক কেহ যে কল্পনা করিয়াছেন তাহাও কর্ণগোচর হয় নাই। ডাক্তার মিশ্র মহাশয় তাঁর এই অপূর্ব্ব চিন্তা সময় সময় আমায় শুনাইতেন। তাঁহাকে উহা লিপিবদ্ধ কৰিতেত আমি অনেকবার বলিয়াছি। তিনি পূর্বের কখন পুত্তক লিখেন নাই, তাঁর সম্ভাচ হইত লিখিতে, তিনি বলিতেন, তিনি যেরপ ব্ঝিতেছেন তাহা কোনরূপে মুথে প্রকাশ করিতেছেন, লিথিবার ক্ষমতা তাঁর নাই ৷ যাহাহউক গুরুরুপায় শেষে তিনি কলম ধরিলেন এবং এই বামায়ণ লিখিলেন। তিনি লিখিতেন আরু কট্টমীকার করিয়া আমাকে শুনাইতে আসিতেন। আমাদের আলোচনা হইত এবং যেখানে স্পষ্ট বোধ হইত না তাও বলিতাম। তুর্ভাগ্যক্রমে তাঁর প্রথম লিখিত পুস্তকথানি ট্রেনে থোয়া ধায়। তথন তিনি অত্যস্ত মিয়মাণ হইয়া

পড়েন। তাঁহাকে পুনর্কার লিখিতে উৎসাহিত করি। তিব্বতী-বাবার রুপায় হউক আর বঙ্গবাণীর দ্যায় হউক, তিনি পুনর্কার লিখিতে লাগিলেন। তাহার ফলে বঙ্গভাষা এই এক অপূর্বর অবদান লাভ করিল। ইহা যে সতাই এক নবীনভাবে রামায়ণ ভাবিত হইয়াছে তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। অনেকের হয়তো মতের সহিত মিলিবে না, তাহাতে কিছু যায় আদে না, কিন্তু চিস্তাশীল ব্যক্তির নিকট এবং মুমুক্র নিকট ইহার যে দাম আছে তাহা অধীকার করিবার উপায় নাই।

এই গ্রন্থে রামচরিতের তিনটী মূর্ত্তি দেখান হইয়াছে। একটা মূর্ত্তি বিষ্ণুর অবতার রাম, অন্ত মৃত্তি ঐতিহাসিক স্মাট রাম বা মহয় রাম এবং অপর মৃতি বাল্মীকির সাধনার সাক্ষাৎ ব্রহ্মস্বরূপ রাম। গ্রন্থপাঠে দেখা যাইবে যে বিশ্বামিত্রের সিদ্ধিলাভের সহায়ক বা উপায় এই রাম। আর মহন্য রাম কিরুপে ধীরে ধীরে সাধনার ভরে ভরে উঠিতেছেন এবং ব্রহ্মসাক্ষাংকার লাভ কবিয়াও শেষে আবার ভোগমুখী হইয়া সাধনাচাত হইয়াছেন। গ্রন্থকারের মতে তিকাতী-বাবার সাধনার ক্রমই বাল্মীকির সাধনার ক্রম। এই সকল নিগৃঢ় তত্ত্ব এই গ্রন্থে অপুর্বর সরলতার সহিত লিখিত হইয়াছে। গ্রন্থরচয়িতা স্বয়ং চিকিৎসক বলিয়া চিকিৎসাশাস্ত্রের সহায়তায় অনেক বিষয়ের অর্থ বঝিতে ও বঝাইতে সক্ষম হইয়াছেন। আর তিনি যে সাধনাপথে ক্রমোরত সোপানাবলী আরোহণ করিতেছেন, তাহাও তাঁহার ব্যাথা। মুথে ধরা পড়িয়া যাইতেছে। রামায়ণের প্রত্যেক নামই যে অর্থব্যঞ্জক তাহা তিনি পরিষ্ঠারব্ধপে উদ্লাটিত করিয়া দিয়াছেন। ঐতিহাসিক রামায়ণের সাধন প্রসঙ্গ যে রূপকাকারে আছে তাহা দেথিয়া গ্রন্থকারের প্রভৃত জ্ঞান ও তীক্ষবৃদ্ধির প্রশংসা না করিয়া থাকা যায় না ৷ সতাই

ভূমিকা

[পণ্ডিত রামচন্দ্র শাস্ত্রী সাংখ্য বেদাস্থতীর্থ মহাশয় লিখিত]

ডাঃ কুঞ্জেম্বর মিশ্র প্রণীত 'রামায়ণ বোধ বা বাল্মীকির আত্মপ্রকাশ' গ্রন্থথানি বিদ্বংসমাজে রামায়ণের সম্পূর্ণ নৃতন রূপ দান ক্রিবে সন্দেহ নাই। গ্রন্থকার রামায়ণের ঐতিহাসিকত্ব এবং আধ্যাত্মিকত্ব ইহাতে প্রদর্শন করিয়াছেন। রামায়ণের যে সকল কথা ইতিহাস প্রমাণ করিতে পারে না বলিয়া বর্ত্তমান স্বধী সমাজ গ্রহণ করিতে প্রস্তুত নহেন তাঁহারা এই গম্ব পাঠ করিয়া সন্দেহ ভঞ্জন করুন, ইহা আমার অন্তরোধ। ইহাতে গ্রন্থকার দেখাইয়াছেন বানরগণ বানরই, তাহারা মাতুষ ছিল না। বর্ত্তমান সময়ে কেহ কেহ বানবদিগকে মানব বলিয়া ব্যাখ্যা করিতেছেন। বাস্তবিক বানরদিগের লাঙ্গলাদির বর্ণনা রামায়ণে পাওয়া যায়। তাহারা মানুষ হইলে দেই যুগে মান্ত্রেরও লাঙ্গুল ছিল ইহা ধবিতে হয়। কিন্তু অনু কোন শাস্ত্র বা ইতিহাসে তাহা প্রমাণ করে ন। এই জন্ম বানরদের লাঙ্গুল ছিল না, রামায়ণে লাঙ্গুলাদির রূপক করিয়া বাল্মীকি লিখিয়াছেন ইহা বলিলে—হতুমান লক্ষা দগ্ধ করিয়াছিল, লক্ষ প্রদানে সমুদ্রপার হইয়াছিল, লঙ্কাদগ্ধকালে তাহার লাঙ্গুলের বহি সর্বত বিক্লিপ্ত হইয়া রাক্ষ্সদিগকে উৎপীড়িত করিয়াছিল-এই সকল বামায়নে বর্ণিত কথা অমূলক হইয়া পড়ে। এই সকল কারণে সম্ভবতঃ, গন্ধকার এই গ্রন্থে বানবদিগকে বানবই রাখিয়া তাহাদের কথোপকথনের অক্ষমতা সত্তেও তাহারা কিরূপে রামকে সাহায্য করিয়াছিল তাহা দেখাইয়াছেন। বহু প্রাচীনকালে মহর্ষি বাল্মীকি রামায়ণ মহাকাব্য রচনা করিয়াছিলেন। তাহার পূর্ব্বে এইরূপ শ্লোকাকারে গ্রন্থ লিখিবার প্রথা ছিল না বলিয়াই মনে হয়। অতএব বাল্মীকি আদি কবি বলিয়া বিখাত। তাঁহার লেখনীপ্রস্থত শ্লোকাবলী অত্যন্ত সহজবোধা। কেহ কেহ এই রামায়ণ মহাকাব্যকে আধুনিক বলিয়া মনে করেন, কিন্তু তাহা সমীচীন বলিয়া মনে করা যায় না। কারণ মহাভারতে রামায়ণের শ্লোক উদ্ধার করিয়া ব্যাসদেব কোন কোন স্থলে দেখাইয়াছেন। মহাভারত অন্নসন্ধান করিলে ইহা সকলেই দেখিতে পাইবেন। অতএব রামায়ণ মহাভারতের পূর্ব্বেতী ইহাতে সন্দেহ নাই।

এই প্রাচীনতম গ্রন্থে কোন কোন বিষয়ে রূপক সন্নিবিট হওয়া অসম্ভব নহে। আবার এতকালের আবর্ত্তনে কোন কোন অংশ প্রক্ষিপ্ত হওয়াও নিতান্ত অসম্ভব নহে। কাব্যে অনেক রূপক বর্ণনা দেখা যায়। রামায়ণও মহাকাব্য। তাহার আলোচনীয় বিষয় ঐতিহাসিক সত্য হইলেই অলম্কার শাস্ত্রসমত নিত্তি ইইতে পারে। বর্ণনীয় সকল বিষয় সত্য না হইলেও তাহার মহাকাব্যত্তের কোন হানি হয় না। রামায়ণকে ইতিহাস বলিয়া অনেকে স্বীকার করেন নাই। কিন্তু ইহা হইতে ইতিহাসের স্ত্রগ্রহণ করিয়া সেই যুগের ইতিহাস রচিত হইতে পারে, এই গ্রন্থকার তাঁহার ঐতিহাসিক অংশে তাহাই দেখাইয়াছেন।

ইহার পর ইহার আধ্যাত্মিক অংশে গ্রন্থকার বিশেষ গ্রেষণার সহিত যোগ কৌশল ও প্রণালী প্রদর্শন করিয়াছেন। তিনি স্থগ্রীব শব্দে যোগীর স্বষ্টু গ্রীবাদেশ, ঋণ্তমৃক শব্দে গ্রীবার পশ্চাদিকস্থ ইযদ্দুচ অস্থিনিচয়, পশ্পা অর্থে ম্থগস্থার, বালি মন্তক, কর্ণয়য় কুন্তকর্ণ, এবং আভ্যন্তরীণ রাব বা শব্দকে রাবণ আখ্যা দিয়াছেন। এই আভ্যন্তরীণ রাব বা শব্দক রাবণ আখ্যা দিয়াছেন। এই আভ্যন্তরীণ রাব বা শব্দ ততক্ষণ যোগীর জ্যোতিদর্শন হয় না। যথন "সমং কায়শিরোগ্রীবং" অর্থাৎ শরীর, শির ওগ্রীবা সমভাবে স্থাপন

করিয়া সমাধিস্থ হইতে পারেন তথন রাব থাকে না। ঐ রাব বা রাবণ থাকিলে সমাধিস্থ হওয়া যায় না। তাই পরমযোগী রামচন্দ্র রাবণকে বধ করিয়া হৃদয়ন্থ জ্যোতিরূপিনী সীতাকে লাভ করিয়াছিলেন। রামায়ণে মহিব বালীকি যে কয়টী প্রধান ঘটনা অন্ধিত করিয়াছেন গ্রন্থকার সৈই সকল কয়টারই আধ্যাত্মিক ব্যাথ্যা করিয়াছেন এবং একটা বিশেষ কথা এই যে আধ্যাত্মিক ব্যাথ্যার সহিত যোগের সামঞ্জন্ম দেখাইয়া বাস্তবিকই একটা সম্পূর্ণ নৃতন তত্ম আবিদ্ধার করিয়াছেন। অধিক কি বলিব গ্রন্থকার যে ভাবে অধ্যাত্মবিজ্ঞানে এবং যোগপ্রক্রিয়ায় রামায়ণে বাল্মীকির যোগকোশল প্রদর্শন করিয়াছেন ইতিপূর্ব্বে এই ভাবে কেহ আলোচনা করিয়াছেন বলিয়া আমার জানা নাই। আমার মনে হয় এই গ্রন্থপাঠে ঐতিহাসিক ও আধ্যাত্মিক জ্ঞানামোদী সকলেই বিশেষ আননলাভ করিবেন।

গ্রন্থকার হহুমান, জান্থবান, স্থানি, বিভীষণ, রাবণ, কুপ্তকর্ণ, ইন্দ্রজিং প্রভৃতি রামায়ণের প্রধান প্রধান নায়কদিগের যে ভাবে আধ্যাত্মিক ব্যাথ্যায় পরিকৃতি করিয়াছেন, তাহা অতিশয় চিন্তানীলতার পরিচয় সন্দেহ নাই। এই গ্রন্থের ভূমিকা যেরূপ হওয়া উচিত তাহা হইল না; কারণ ইহার ভূমিকা লিখিবার যথার্থ অধিকারী আমি নই এবং সমগ্র গ্রন্থ পড়িবার সময়ও আমার হয় নাই। কাজেই যৎকিঞ্চিৎ গ্রন্থের আভাস দিয়াই আমার ভূমিকা শেষ করিলাম। অপ্রাসন্ধিক কথা বলিয়া পাঠকবর্গের বিরাগভাজন হইতে ইচ্ছা করি না। ইতি—

কলিকাতা দর্শন চতুঁপাঠীর অধ্যক্ষ ও বেঙ্গল গ্রাসন্থাল কাউন্দিল অব এডুকেশনের শাস্ত্রাধ্যাপক শ্রীরামচন্দ্র শাস্ত্রী সাংখ্য বেদান্ততীর্থ

. সূচীপত্ৰ

			পৃষ্ঠা
বিষয় বাল্মীকিক্কত রামায়ণের ভূমিকা			;
প্রথম পরিচ্ছেদ রামের জন্ম বিবরণ	•••	•••	>0
দ্বিতীয় পরিচ্ছেদ তাড়কা রাক্ষসী বধ			२०
তৃতীয় পরিচ্ছেদ মারীচ ও স্থবাহ বধ			৩৭
চতুর্থ পরিচ্ছেদ অহল্যা উদ্ধার			% 8
পঞ্চম পরিচ্ছেদ হর্ধমূর্ভঙ্গ ও দীতার বিবাহ			98
ষষ্ঠ পরিচেছদ রাম-পরশুরাম দ্বন্দ	•••		\$2v
সপ্তম পরিচেছদ ভর্বাজের অতিথি সংকার		***	787
অষ্ট্ৰম পরিচ্ছেদ রাম কর্তৃক জাবালি ভং সনা			১৫৩

বিষয়			পৃষ্ঠা
নবম পরিচ্ছেদ			
বিরাধ রাক্ষ্য বধ		•••	५१२
দশম পরিচ্ছেদ			
রামের রাক্ষসবধ প্রতিজ্ঞায় সীতার	া উক্তি	•••	242
একাদশ পরিচ্ছেদ			
রামের অগস্ত্যাশ্রম দর্শন		•••	১৮৬
দ্বাদশ পরিচেছদ			
শূর্পণথার নাসাকর্ণচ্ছেদ ও চতুর্দ্দশ	দহন্দ্র রাক্ষদ বধ		२०8
ত্রয়োদশ পরিচ্ছেদ			
মারীচ বধ ও সীতাহরণ	•••	•••	२ऽ৮
চতুর্দ্দশ পরিচ্ছেদ			
জটায়্বধ			₹8৮
পঞ্চদশ পরিচেছদ			
ক্ৰেম্ব বাক্ষ্যবধ	•••	•••	২৬০
ষোড়শ পরিচ্ছেদ			
বানর সন্মিলন ও বালিবধ	•••	••	२१२
বানর কর্তৃক সীতা অন্বেষণ	•••	• • •	২৯১
সপ্তদশ পরিচেছদ			
मभूख वसन		•••	८०७
ब्र ष्टोपम পরিচ্ছেদ			
জটায়ু, কবন্ধ ও বানরদের স্বরূপ			७३৮

বিষয়			পৃষ্ঠা
উনবিংশ পরিচ্ছেদ			
রামলক্ষণের নাগপাশে বন্ধন		•••	৩৫০
বিংশ পরিচেছদ			
কুন্তকর্ণবধ		•••	৩৬৩
একবিংশ পরিচ্ছেদ			
टेस जि॰ वध	•••	•••	৩৭০
দাবিংশ পরিচ্ছেদ			
লক্ষ্মণের শক্তিশেলে পতন	•••		७৮१
ত্রয়োবিংশ পরিচ্ছেদ			
রাবণ বধ		•••	৩৯৮
চতুর্বিংশ পরিচ্ছেদ			
দীতার অগ্নিপরীক্ষা	•••		8 7 8
পঞ্চবিংশ পরিচ্ছেদ			
শীতার বনবাস	***		855
ষড়বিংশ পরিচ্ছেদ			
শম্ক শ্দ্ৰতপন্ধী বধ	•••		888
সপ্তবিংশ পরিচ্ছেদ			
রামের অখমেধ ও দীতার পাতাৰ	প্ৰবে শ		৬০৪
অষ্টবিংশ পরিচ্ছেদ			
লক্ষ্ম কৰ্জন ও বাসের ছেক্টোগ		***	898



উপক্রম

"নমি আমি কবিগুঞ্চ তব পদাম্ব্ৰে, বাল্মীকি হে ভারতের শিরশ্চূড়ামণি, তব অমুগামী দাস, রাজেল্র-সঙ্কমে দীন যথা যায় দূরতীর্থ দরশনে।"—মাইকেল

রত্বপ্রস্থ, পুণ্যভূমি ভারতমাতার গর্ভ হইতে যে অমূল্য রত্নরূপ আদি মহাকবি মহর্ষি বাল্মীকি উদ্ভূত হইয়া, তাঁহার উজ্জ্ল মধুর কিরণরূপ সঙ্গীতে হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত দিগদিগন্ত বিভাসিত করিয়া মানব হৃদয় একটা করুণ রসে আপ্লুত করিয়াছিলেন, তাঁহারই রচিত আদি মহাকাব্য রামায়ণ অবলম্বনে পরবর্তী যুগের কালিদাস, ভবভৃতি, কীর্ত্তিবাস, তুলসীদাস, মধুস্থদন, গিরিশচন্দ্র প্রভৃতি মহাকবিগণ আরও শ্রুতিমধুর কাব্যগ্রন্থাদি রচনা করিয়া ভারত-বাসীর নিকট অমর হইয়া আছেন। সেই মূল মহাকাব্যই আমাদের আলোচ্য বিষয়। সেই রামায়ণরূপ অফুরস্ত রত্বভাণ্ডারে যে রহস্ত-নিধি মহর্ষি কর্তৃক নিহিত হইয়াছে, তাহারই আপাতদৃশ্যে অভেগ দ্বার উদ্ঘাটন করিয়া, সেই রতরাজি আমরা লোক লোচনের গোচর করিবার প্রয়াদ পাইয়া এই গ্রন্থ রচনা করিতে অগ্রসর হইয়াছি। উপরোক্ত মহাকবিগণ রামায়ণের বাহ্নিক সৌন্দর্য্যই তাঁহাদের তত্তৎ কাব্যে আরও স্ফুটতর করিয়াছেন। কিন্তু এই বাহা আবরণরপ দেহের অভ্যন্তরে যে একটা আত্মার তায়, স্বতঃসিদ্ধ সত্য নিহিত আছে, তাহা সেই আবরণ উন্মোচন করিয়া. কেহই দেখাইতে চেষ্টা করেন নাই। আমরাও "প্রাংগুলভ্যফলে লোভাত্ব-

দাভ্রিব বামন:" অর্থাৎ বামনের চাঁদ ধরিবার প্রয়াসের ভায় সেই দ্রপ্সর্ণীয় আবরণ উন্মোচন করিবার চেষ্টা করিয়া উপহাসাম্পদ হইতে পারি এরপ আশঙ্কা সত্ত্বেও এই কার্য্য সাধন করিতে সাহসী হইয়াছি। মনীষী পণ্ডিত শীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশ্য, আমার গুরুদেব তিব্বতী বাবার গত নির্ব্বাণোৎসব উপলক্ষে আছুত সভায়, সভাপতির অভিভাষণে বলিয়াছিলেন "বুদ্ধদেব, তিব্বতী বাবার ত্যায় মহাপুরুষণণ নির্ব্বাণ প্রাপ্ত হইয়াও, চির নির্ব্বাপিত দীপের ভায় সম্যক প্রকারে নির্বাণ গ্রহণ না করিয়া, লোকচিতার্থে কখন কথন মুমুক্ষু ব্যক্তির হৃদয়ে আত্মারূপে অবিভূতি হইয়া, তাহাদের আত্মজ্ঞানের দার উন্মুক্ত করিয়া দিয়া থাকেন—যদি তাহাকে তাঁহাদের কুপার পাত্র বলিয়া জানিতে পারেন। আমি দীর্ঘ উনবিংশ বংসর তাঁহার পদচ্ছায়ায় আশ্রয় লইয়াছিলাম এবং তাঁহার অমৃত তুল্য উপদেশাবলীরূপ রসদ্বারা আমার হৃদয় মরুভূমি কথঞিৎ সিঞ্চিত क्रिक्ट मक्कम इडेग्राहिलाम। जाँशावडे क्रुशावादिव मिक्ट्राब क्ट्ल, এবং তাঁহারই প্রেবণা প্রাপ্ত হইয়া, আমার যে চিন্তাম্রোত প্রবাহিত হইয়াছিল, তাহারই সাহায্যে আমি এই তুরুহ রামায়ণরহস্তভেদ-র্ন্ত্রপ কার্যো ব্রতী হইয়াছি। আমার অবগতি নাই অন্ত কোন মহাজন এই বহস্তা ভেদ করিতে চেষ্টা করিয়াছেন কিনা। গুরুদেব তাঁহার দেহত্যাগের পর্ব্বকাল পর্যান্ত আমাকে এই রামায়ণ সম্বন্ধে কোন কিছু বলেন নাই, বা এইরূপ কার্য্য করিতে উৎসাহীও করেন নাই।

এই রামায়ণ মহাকাব্যে, বাল্মীকি, অ্যোধ্যার ইক্ষৃাকু বংশীয় রাজা দশরথের পুত্র রামচন্দ্রের জন্ম হইতে মৃত্যু পর্যান্ত যে সমন্ত ঘটনা সংঘটিত হইয়াছিল, তাহাই আমুপূর্ব্বিক সবিন্তারে বর্ণনা করিয়াছেন। কিন্তু এই গ্রন্থের নাম তিনি রামায়ণ দিলেন কেন ?

যদি শুধু রামচন্দ্রের জীবনের ঘটনাবলী রচনাই তাঁহার উদ্দেশ্য থাকিত, তাহা হইলে তিনি ঐতিহাসিক রামের জীবনি লিখিয়া গ্রন্থের নাম রামেতিহাস, রামচরিত, রামলীলা বা রামোপাখ্যান ইত্যাদি একটা নাম দিলেও তো পারিতেন এবং তাহাই সঙ্গত হইত। স্তরাং ইহাই অনুমিত হয় যে এই রামায়ণ নাম প্রদানে তাঁহার কোন গঢ় উদ্দেশ্য নিহিত আছে, এবং তাহাই তিনি রামের ইতিবৃত্তের সহিত সংশ্লিষ্ট করিয়াছেন। পক্ষান্তরে এই রামায়ণ নামের অর্থও সম্পূর্ণরূপে তাহারই প্রমাণ দেয়। রাম+অয়ন, র্অর্থাৎ রামের অয়ন বা রামে অয়ন। অয়ন শব্দের অর্থ গমন বা পদা। অয় বা ই ধাতৃ গমন হইতে অয়ন পদ দাধিত হয়। যেমন সুর্যোর উত্তর ও দক্ষিণদিকে গমন পম্বাকে উত্তরায়ণ ও দক্ষিণায়ণ বলে। যেমন নারে বা জলে গমন জন্ম নারায়ণ, নার বা নরসমূহের গমন= নারায়ণ। নর সমূহের নারায়ণ হইতেই তাঁহার অবতার রূপে (বামনাবতার) আগমন, পুনরায় তাঁহাতেই পুনর্গমন। তাহা হইলে রামায়ণের অর্থ হয় রামের গমন পদা বা রামে গমন পদা। এখন রাম শব্দের অর্থ কি তাহাও দেখা প্রয়োজন। 'রাম' বা 'আরাম' শব্দ রম ধাতু হইতে সাধিত হইয়াছে। যে অবস্থায় প্রকৃত পূর্ণ শান্তি বা আরাম প্রাপ্ত হওয়া যায় তাহাকেই আরাম বলে, যেমন গাঢ় স্ব্ধিতে, শোকার্ত্ত ও ত্রুপণীড়িত লোক সমস্ত বিশ্বত হইয়া, আরাম প্রাপ্ত হয় এবং নিদ্রাভদের পর বলে 'কি আরামেই এতক্ষণ ছিলাম।' এই স্বয়প্তির অবস্থার আরাম, প্রাকৃতিক ক্রিয়া বশতঃ, স্বতঃই প্রাপ্ত হওয়া যায়। ইহার রোধ হয় না এবং অজ্ঞাতসারে বা অনিচ্ছাতেও সংঘটিত হয়। কিন্তু ইহার আর একটা দিক আছে। যে অবস্থায় জ্ঞাতসারে ক্রমে ক্রমে এই আরামের

অবস্থায় উপনীত হওয়া যায় সেই অবস্থার নামই রাম। ইছা দীর্ঘ সাধনার ফল। তাই জ্ঞানী ঋষি বলিয়াছেন

"যস্মিন রমস্তে ম্নয়ঃ বিভয়া জ্ঞানবিপ্লবে।
তং গুরু প্রাহ রাম রমণাদ্রাম ইতাপি॥"

অর্থাং যে অবস্থায়, মূনিরা বা সাধকেরা পরাবিতা দ্বারা বা জ্ঞানেরও বিপ্লব বা প্রলয় বা লয় হইলে, উপনীত হইয়া, রমন্তে কিনা পূর্ণশান্তি বা আরাম প্রাপ্ত হন দেই অবস্থাকেই জ্ঞানী গুরু 'রাম' বলিয়াছেন। রাম শব্দের এইরূপ অর্থ হইলে রামায়ণের অর্থ হয়—যে পদ্বা অবলম্বন করিয়া দশরথাত্মজ রামচক্র রামতরূপ পদ বা অবস্থা প্রাপ্ত ইইয়াছিলেন. অথবা যে পন্থা অবলঘনে জ্ঞানীরা রামপদ প্রাপ্ত হন, সেই পন্থাই ও তাহার পর পর প্রণালী ও সোপান আরোহণের ক্রম অবস্থা. ঋষি এই ঐতিহাসিক ঘটনাবলীর বিবরণের সহিত সামঞ্জল বক্ষা করিয়া সবিস্তাবে রূপকে বর্ণনা করিয়াছেন। বাল্মীকি ঋষি নিজ সাধনায় এই রামবাচ্য পদ বা অবস্থা প্রাপ্ত হইয়া, সেই পদে যাইতে হইলে কিব্নপ পন্থায় যাইতে হয়, বা কিব্নপ সাধনায় ক্রমে তাহার সোপান আরোহণ করিতে হয় এবং দেই সময় কিরূপ অন্নভৃতি হয় ও তাহাতে কি বাধাবিপত্তি জ্মিতে পারে, তাহাই রামকে উপলক্ষ করিয়া—যেন রাম দারাই তাহা সাধন করিয়া, বর্ণনা দারা দেখাইয়াছেন। তাঁহার অভিপ্রায়ও যে তাহাই ছিল তাহা তাঁহার ক্বত রামায়ণের ভূমিকাতেই স্পষ্ট প্রকাশিত হইয়াছে। অতঃপর আমরা দেই ভূমিকা অবলম্বনেই আমাদের গ্রন্থের স্থচনা করিব। ধাহারা বাল্মীকি কৃত মূল রামায়ণ অধ্যয়ন করিয়াছেন, তাঁহাদের ইহা অনুসরণ করা সহজ্বসাধ্য হইবে। আমরা অধিকাংশ স্থলে এীযুক্ত পঞ্চানন তর্করত্ব মহাশয়ের মূল রামায়ণের অত্নবাদই উদ্ধৃত করিয়াছি।





গ্রনার



বাল্মীকির আত্মপ্রকাশ

গ্রন্থারম্ভ

বাল্মীকিক্বত রামায়ণের ভূমিকা

তপঃ স্বাধ্যায়নিরতং তপস্বী বাগ্ বিদাং বরম্।
নারদং পরিপ্রপচ্ছ বাল্মীকিম্নিপুদ্ধবম্ ॥
কো স্বাম্মিন্ সাম্প্রতং লোকে গুণবান্ কণ্ট বীর্ষাবান্।
ধর্মজ্ঞণ্ট ক্বজ্জণ্ট সত্যবাক্যো দৃচ্তবতঃ ॥
চরিত্রেণ চ কো যুক্তঃ সর্বভূতের্ কো হিতঃ।
বিশ্বান্ কঃ কঃ সমর্থণ্ট কলৈক প্রিয়দর্শনঃ ॥ ইত্যাদি

বান্মীকি ঋষি বাগ্বিদ্শ্রেষ্ঠ নাবদ ঋষিকে জিজাসা করিলেন "সম্প্রতি ভূমগুলে সর্কশ্রেষ্ঠ পুরুষ কে বিভ্যান্ আছেন?" তথন নাবদ বলিলেন "অনেক চিন্তার পর আমি তোমার জিজাসিত পুরুষোচিতগুণসম্পন্ন একটা মাত্র পুরুষের সম্বন্ধ অবগত আছি।

তিনি অযোধ্যাধিপতি রাজা দশরথের পুত্র রামচন্দ্র, যাঁহার সম্বন্ধে সমস্ত জগতের লোক বিশেষভাবে অবগত আছে। রাজা দশরথের এই मर्का खनमाना পুত योजन প্রাপ্ত इहेल, তিনি তাঁহাকে योजवाका অভিষিক্ত করিতে সমস্ত আয়োজন করিলে, তাঁহার মহিধী কৈকেয়ী তাহাতে বাধা প্রদান করিয়া, নিজ পুত্র ভরতকে তৎপদে অভিষিক্ত এবং রামকে চতুর্দ্ধ বংসর বনবাদের আদেশ প্রদান করিতে তাঁহাকে বাধ্য করিলেন। দশরথ পূর্বে কোন সময় যুদ্ধে আহত হইলে, কৈকেয়ী তাঁহার সেবা শুশ্রষা করিয়া নিরাময় করিলে, তিনি সম্ভূষ্ট হইয়া তাঁহাকে তুইটী বর দিতে অঙ্গীকার করিয়াছিলেন। পিতৃপত্যপালনার্থ রাম তাঁহার সহধর্মিণী সীতা ও লক্ষণের সহিত রাজ্য ও অযোধ্যা পরিত্যাগ করিয়া বনবাদে প্রস্থান করিলে, রাজা দশরথ পুল্রশোকে কাতর হইয়া দেহত্যাপ করিলেন। ভরত রাজ্য গ্রহণে অনিজ্ঞক হইগা রামকে প্রত্যাবর্ত্তন করাইবার উদ্দেশ্যে তাঁহার অন্নসরণ করিলেন। রাম নিষাদরাজ গুহকের সহিত সৌহাদ্য করিয়া প্রয়াগে ভরন্বাজ আশ্রমে উপস্থিত হইলেন। পরে তথা হইতে চিত্রকুট পর্কতে পর্ণকৃটির রচনা করিয়া যথন বাদ করিতেছিলেন, তথন ভরত তথায় উপস্থিত হইয়া, তাঁহার পদপ্রান্তে পডিয়া, তাঁহাকে রাজ্য গ্রহণ করিতে প্রার্থনা করিলেন। রাম তাঁহাকেনানারপ দান্ত্নাবাক্যে নিরস্ত করায়, ভরত নিরাশ হাদয়ে, তাঁহার পাতুকা বহন করিয়া প্রত্যাবর্ত্তন করিলেন। রাম তথন তথা হইতে প্রস্থান করতঃ অনেক মুনিদের আশ্রমে বাস করিয়া, শেষে অগন্ত্যাশ্রমে উপস্থিত হইলেন। অগন্ত্য ঋষির নিকট বৈষণৰ ধন্ত্ ইত্যাদি লাভ করতঃ মুনিদের অন্থরোধক্রমে রাক্ষদবধের প্রতিজ্ঞা করিয়া দশুকারণ্যে প্রবেশ করিলেন। পথিমধ্যে তাঁহারা বিরাট রাক্ষস কর্ত্তক আক্রান্ত হইলে তাহাকে বধ করিলেন। তথায় রাক্ষসী

রাবণভগিনী শূর্পণথার নাসা-কর্ণ ছেদন করিবার পর তাহার অ্লান্ত প্রতা ধর দূষণ পরিচালিত চতুর্দশ সহস্র রাক্ষদ বধ করিলেন। শূর্পণথা কর্তৃক প্ররোচিত হইয়া, রাবণ মারীচ নামক রাক্ষদের সাহায্যে, রাম ও লক্ষণের অন্তপস্থিতি সঙ্ঘটন করাইয়া, সীতাকে হরণ করিলেন। পরে রাম জটায়ু গুঙের নিকট রাবণ কর্ত্তক সীতা-হরণের বিষয় অবগত হইয়া দক্ষিণাভিমুখে অগ্রসর হইলে, কবন্ধ রাক্ষ্মের কবলে পতিত হইলেন। পরে তাহাকে অগ্নিদম্ব করিলে, তাহার নির্দেশ অনুসারে পপাা সরোবর উত্তীর্ণ হইয়া, ঋষুমৃক পর্কতে হত্নমানের দর্শন পাইলেন। হতুমান কর্তৃক স্থগ্রীব ও বালীর বিবাদের বিষয় অবগত হইয়া, বালীকে অদৃশ্য থাকিয়া বধ করিয়া স্থাীবের স্হিত বন্ধুত্ব করিলেন। স্থগ্রীব কর্তৃক হন্তুমান সীতা অন্বেষণে প্রেরিত হইলে, সে সম্পাতি নামক গুথের নিকট রাবণ ও লহার বিবরণ প্রাপ্ত হইয়া সমুদ্র লজ্মন করতঃ লেকায় প্রবেশ করিয়া, সীতার সন্ধান পাইল এবং প্রত্যাবর্ত্তন সময়ে লঙ্কা দগ্ধ করিয়া আদিল। রাম, স্থগীব ও তাহার বানরকটকের সহিত, হতুমান কর্ত্ক পরিচালিত হইয়া, সমুদ্র-তীরে উপস্থিত হইলেন। পরে রামশরে শোষণ ভয়ে ভীত সমৃদ্র রাম সমীপে উপস্থিত হইয়া, তাঁহাকে নলের সাহায়ে সমুদ্র বন্ধনের উপদেশ দিলে, রাম তদমুদারে দেতৃবন্ধন করতঃ, লছায় পৌছিয়া, সবংশে রাবণকে বধ করিয়া, সীতার উদ্ধার সাধন করিলেন। পরে তাঁহাকে গ্রহণ করিতে ইতন্ততঃ করিলে, দীতা অগি প্রবেশ করিলেন। সীতা অগ্নি হইতে অক্ষত দেহে উখিত হইলে, তাঁহাকে পুন গ্রহণ করিয়া পুষ্পকর্মে আরোহণ করতঃ অযোধ্যা প্রত্যাবর্ত্তন করিয়া, ভরতের নিকট হুইতে রাজ্যগ্রহণ করিলেন। অধুনা সেই অযোধ্যাপতি রাম সীতাসহ প্রজা পালন করিতেছেন।"

এতাবং বৃত্তান্ত বর্ণনা করিয়া দেবর্ষি নারদ, বাল্মীকির পূজাগ্রহণ করিয়া আকাশপথে দেবলোকে প্রস্থান করিলে, বাল্মীকি ঋষি গঙ্গার অদ্বর্বর্তিনা তমদানদীর তীরে যাইয়া, শিশু ভরষান্তকে বলিলেন "আমি তমদাতে স্নান করিব, তুমি আমার বন্ধলাদি প্রদান কর।" তিনি ইত্যবদরে অবলোকন করিতে করিতে আধি-ব্যাধিশৃশু মনোহর ক্রৌঞ্চমিথ্নকে দেখিতে পাইলেন। অকম্মাং এক নিষ্ঠ্র বাাধ দেই ক্রৌঞ্চম্বের মধ্যে পুংক্রৌঞ্চকে শরাঘাতে নিহত করিল। তথন ক্রৌঞ্গ প্রমন্তভাবে স্বরতাদক্ত বিভূতপক্ষ, নিত্যদহচর, তাম্রশীর্ষ, বিজবর পতির বিয়োগে কাত্রা হইয়া এবং তাহাকে নিহত শোণিতাক্ত ও ভূতলে পতিত দেখিয়া, কঞ্চণস্বরে বিলাপ করিতে লাগিল। দেই পতিবিয়োগবিধুরা ক্রৌঞ্চীর কঞ্চণ রোদনে মহর্ষির মনে কঞ্চণার আবির্ভাব হওয়াতে তিনি ব্যাধকে উদ্দেশ করিয়া বলিলেন,

"মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগ্বঃ শাশ্বতী স্বমাঃ। য< ক্রোঞ্চমিথুনাদেক্ষ্বধীঃ কামমোহিত্র্॥"

বে নিষাদ! যে হেতু তুই, এই ক্রোঞ্মিণুন মধ্যে কামমোহিত ক্রোঞ্চের বধ করিয়াছিদ, অতএব তুই চিরকাল প্রতিষ্ঠালাভ করিবি না। অকস্মাৎ তাঁহার মূথ হইতে এই কথা নির্গত হইলে তিনি ভাবিলেন "আমি এই পক্ষার শোকে কাতর হইয়া ইহা কি বলিলাম।" তথন তিনি চিস্তা করিয়া শিশুকে কহিলেন "এই চতুম্পাদবদ্ধ, প্রতিপদে সমানাক্ষর ও বীণালয়সমন্বিত বাক্য, শোকসময়ে আমার মূথ হইতে নির্গত হইয়াছে, অতএব ইহা শ্লোকই হউক, অগ্রথা না হউক।" তৎপরে বাল্মীকি স্থানাব্যাহন সমাপনাস্তে শিশ্য ভরনান্ত্রদ্ধাহ আশ্রমে উপনীত হইয়া ধ্যানস্থ হইলেন "ধ্যানমাস্থিতঃ।" এই সময়ে লোক-

অষ্টা প্রভূ চতুমুখি এক্ষা সেই মুনিপুদ্ধবকে দেখিতে আগমন করিলেন। তথন বালাকি এক্ষাকে দেখিয়া, পুনরায় সেই ক্লোকটা বাহুজ্ঞানশ্ভা হইয়া, এক্ষার স্মীপেই পুনর্বার গান করিলেন।

"তদ্গতেনৈৰ মনদা বালীকি ধ্যানমাখিত:।
শোচলেৰ পুন: কৌঞীম্পঞোকমিম্ জগৌ॥
পুনরস্তর্গতৈমনো ভূজা শোকপরায়ণ:।
তম্বাচ ততো ব্লা প্রহন্ ম্নিপুঞ্বম্॥"

ব্রন্ধা বলিলেন, হে ব্রন্ধণ ! তোমার এই চতুপ্পাদবদ্ধ বাক্য প্লোকই হউক। আমার ইচ্ছাতেই তোমার মুপ হইতে এই বাক্য নির্গত হইয়াছে। এইরূপ বাক্যেই তুমি ধর্মাত্মা ধীশক্তিসম্পন্ধ লোকাভিরাম রামের সমস্ত বিবরণ বর্ণনা কর। তুমি নারদের নিকট রামের যেরূপ প্রকাশ্ম ও বহস্থ বৃত্তান্ত সকল শুনিয়াছ, সেইরূপে সে সমৃদ্য় বর্ণনা কর। রাম, লক্ষ্ণ, সীতা এবং রাক্ষসদিগের যে সকল প্রকাশ্ম কিছা রহস্থা বিবরণ তোমার অজ্ঞাত আছে, তৎসমন্তই তোমার বিদিত হইবে। এই কাব্যে তোমার একটা বাক্যও মিথা৷ হইবে না। এই বলিয়া, বন্ধা অন্তহিত হইলেন।

এখন প্রশ্ন হইতেছে এই রামায়ণে সন্নিবিষ্ট ভূমিকা কি বাল্মীকিরই রচিত বা অন্য কাহারও রচিত ? ইহার সমাধান করিতে হইলে ইহার সহিত বাল্মীকির মূল প্রস্তের রচনার সহিত তুলনা করিতে হইবে। এই তুলনা করিলে এই তুইটার রচনার মধ্যে কোন বিশেষ প্রভেদ লক্ষিত না হইয়া বোধ হয় যেন একজনেরই রচনা। স্থতরাং যেমন প্রস্তুর রচিয়িতা গ্রন্থের প্রারম্ভে একটা ভূমিকা লিখিয়া সংক্ষেপে তাঁহার উদ্দেশ্য বিবৃত করেন, এই রামায়ণগ্রন্থের ভূমিকাও তেমনই বাল্মীকিরই

নিজকত ভ্মিকা। পকান্তবে রাম সম্বন্ধীয় এই উপাধ্যান জানিতে, তাঁহার নারদের সাহায্যের কোন প্রয়োজন ছিল না। কেননা তিনি রামকে, বহু পূর্বেই তাঁহার চিত্রকুট আশ্রুমে বাসকালীন, দেখিয়াছিলেন— যথন রাম বনবাস গমনের প্রথম অবস্থায়, ভরম্বাজ্ব আশ্রম হইতে যাইয়া, সেই চিত্রকুটে অবস্থান করিতেছিলেন এবং বাল্মীকি ঋষির আশ্রমে উপস্থিত হইয়া তাঁহার আত্মপরিচয়সহ বনগমনের কারণও বলিয়াছিলেন। তারপরেও রামের অযোধ্যায় প্রত্যাবর্ত্তনের পর, যথন স্থল লাক্ষিণাত্য হইতে অগস্ত্য ঋষি এবং বহুদ্র হইতে ঋষিমগুলী তাঁহাকে অভিনন্দন করিতে অযোধ্যাতে সমাণত হইয়াছিলেন, তথন অযোধ্যার নিকটবর্ত্তী তমসাতীরস্থ আশ্রম হইতে বাল্মীকি ঋষিও যে তাঁহার পূর্বেপরিচিত রামকে দেখিতে যান্ নাই, ইহা সম্ভব হয় না। এই রামায়ণ রচনার ইচ্ছা, তাঁহার মনে, রামের অযোধ্যায় প্রত্যাবর্ত্তনের পর রাজ্যশাসন সময়েই উদিত হয়য়ছিল।

"পালয়ামাদ চৈবেমাঃ পিতৃবন্দিতাঃ প্রজাঃ। অযোধ্যাধিপতি শ্রীমান্ রামো দশরধাত্মজঃ॥"

ভারপর রাম, কিছুকাল রাজত্বভোগের পর ষধন লোকাপবাদ ভয়ে দীতাকে নির্বাদিত করিলেন, তথন লক্ষ্মণ তাঁহাকে (দীতাকে) তমসাতীরস্থিত বাল্মীকি আশ্রমের সমীপেই পরিত্যাগ করিয়া আদিয়াছিলেন। বাল্মীকি ঋষি তাঁহাকে তাঁহার আশ্রমে আশ্রম দিয়া দ্বাদশবর্ষ রক্ষণ ও পালন করিয়াছিলেন। তিনি নাদশবর্ষে সমস্ত রামায়ণ রচনা করিয়া সেই সঙ্গীত দ্বাদশবর্ষ বয়স্ক কুশ ও লব দ্বারা, রামকে অশ্বমেধ যজ্ঞকেত্রে শ্রবণ করাইয়াছিলেন। স্বতরাং ইহাই অন্থমান হয়, তিনি রামের এই ইতিহাদ কতক রামের মূধে অধাধায়

শুনিয়াছিলেন, এবং কতক সীতার নিকট শুনিয়াছিলেন। সীতার সেই ককণ কাহিনী শ্রবণে তাঁহার হদয় ককণ রসে আর্দ্র ইইয়াছিল এবং তাঁহার তথন হইতেই ইচ্ছা হইতেছিল যে ইহা তিনি লিপিবল করিবেন। কিন্তু যথন তিনি তাঁহার ভাষা খ্যাজিয়া পাইতেছিলেন না, তথন °তাঁহার সেই কল্পপ্রবণের উৎস খ্লিয়া দিল—সেই সীতার ন্যায়ই পতিবিরহবিধুরা ক্রোঞ্চীর মর্শ্বভেদী ককণ আর্দ্রনাদ। আর তাহাই স্কললিত ভাষার সাহায়ে প্রকাশিত হইল তাঁহার মুথ হইতে যেন স্বয়ং সরস্বভীই তাঁহার বাণী ফুটাইলেন। তাই ব্রহ্মা বলিলেন,—

"মচ্ছন্দাদেব তে ব্রহ্মণ্ প্রবৃত্তেয়ং সরস্বতী" আমার ইচ্ছাতেই তোমার মুথ দিয়া এই বাণী নির্গত হইয়াছে।

তবে এই দেবধি নাবদের কথা তিনি উল্লেখ করিলেন কেন? ইনিই কি পুরাণের নারদ? বেদে বা উপনিষদে কোন দেবধি নারদের কথা উলেথ নাই। এক নারদের কথা ছান্দোগ্য উপনিষদে আছে, তাহাতে সনংকুমার নারদের আখ্যায়িকা ছলে আক্সজানের উপদেশ কথিত হইয়াছে। রামায়ণের উত্তরাকাণ্ডেও এক পুরাণ-আখ্যায়িকা-বক্তা নারদের, সনংকুমারের নিকট আত্মজ্ঞানের উপদেশ প্রাপ্তির ক্থার উল্লেখ আছে এবং তাহাতে আরও এক রামের সভাসদ ব্রাহ্মণ নারদের কথা উল্লেখ আছে—যিনি রামকে শৃত্তপথী বধ করিবার প্ররোচনা দিয়াছিলেন। স্তরাং দেবর্ষি নারদ ও বাহ্মণ নারদ এক নহেন। ভাগবতনারদের কথা মহাভারতে বিশেষ রূপে বর্ণিত ইইয়াছে এবং নারদ পঞ্চরাত্র ইত্যাদি তাহারই রচিত। ইনিই অবৈত বেদান্তবাদ শ্রন্থী মহর্ষি-কৃষ্ণবিপায়নের ভগবদ্পদপ্রদর্শনেরও গুরু। পরবর্ত্তী অর্কাচীন ব্রহ্মবৈর্প্রাণে এক নারদের জন্ম বৃত্তান্ত আমরা নিম্নলিখিত ক্লোকে পাই।

"কান্তকুজে চ দেশে চ ত্মিনা গোপরক্ষক। কলাবতী তন্ত পত্নী বন্ধ্যাচাপি পতিত্রতা॥ স্বামীদোযেণ সা বন্ধ্যা কালে চ ভর্তুরাজ্ঞরা। উপস্থিতঃ বনে ঘোরে নারদং কাশ্যপং মুনিম॥" ইত্যাদি

কান্তকুক্ত দেশের গোপ-রক্ষক অর্থাৎ গোয়ালার পতিত্রতা পত্নী কর্লাবতী, স্বামীর দোষে বন্ধ্যা ছিলেন। তিনি স্বামীর আজ্ঞায় সন্তানোংপাদন কামনায়, নারদ কাশ্রপ মুনির নিকট ছোর বনে উপস্থিত হইয়া তাঁহার দারা সন্তানোংপাদনের প্রার্থনা করেন। মুনি প্রথমে ক্রোধান্বিত হইলেও তাহার কামনা পূর্ণ করেন। দেই পর্কোৎপন্ন সন্তানের নাম নারদ হইল। গোপকুলেই প্রতিপালিত হইয়া, পরাশ্রের ঔর্গে দাদ-ক্যার গর্ভে জন্মগ্রহণ করিয়া ও তাঁহার দারা প্রতিপালিত হইয়া যেমন ব্যাস ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন, ইনি সেইরূপ হইতে না পারিয়া, অম্বৰ্চ গোপই হইলেন। অম্বৰ্চ = অম্বা (মাতা) স্থা + ড। যে সন্তান মাতার পতিভিন্ন অন্ত পুরুষের ঔরদে জন্মগ্রহণ করিয়া, মাতৃকুলের নামেই পরিচিত হয়। কিন্তু এই নারদকেও পুরাণে প্রমাণ করান হইয়াছে দেবৰ্ষি নাবদ বলিয়া। যথা—"সতু ভোগাণী ব্ৰহ্মণাপাৎ উপবৰ্হন -নামা গন্ধর্ক ভূতা পুনর্জিবীর্ঘাৎ শুদ্রপত্নাং জাতঃ।" যেমন ধীবর ক্যাকালী, কোন ক্ষত্রিয় রাজা কর্ত্তক প্রদত্ত শোন পক্ষীর মুখ হইতে নিশিপ্ত তাঁহার বীধ্য হইতে মংস্থা গর্ভে উংপল্লা, মংস্থাপদ্ধানাল্লী ক্ষত্রিয়-ক্যা সতাবতী। আবার কাশুপ মুনিকেও নারদ শব্দে বিশেষিত कता इटेग्राइड। তाटा इटेटन नात्रम भरमत এकটी माधात्रन व्यर्थ षाष्ट्र। नावन=नावः প्रयाश्चित्रयकः छानः ननाछि, नाव+ना+क ষ্মা নারং নরসমূহং অতি পণ্ডয়তি কলহেন ইতি নার+দো+কা নারং জলং দদাতি পিত্তা: ইতি বা। তাহা হইলে নারদ অর্থে যে প্রমাত্মা

বিষয়ের জ্ঞান দান করে। সেইজ্ল জ্ঞানী কাশুপ মূনি নারদ নামে অভিহিত হইয়াছেন। আবার নরসমূহের মধ্যে কলহ সভ্যটন কবিয়া যে ভেদ জন্মায়, তাহাকেও নারদ কহে। মহাভারতে এই কলহ मः घर्षेनकात्री नातरमत প্রচর উল্লেখ আছে। नातम একাধারে দেব্যি, ব্রাহ্মণ, শুলাণী প্রভাত অষষ্ঠ, ভগবং সহয়ে জ্ঞান দাতা ওপরে সনংকুমার কর্ত্তক আগুজ্ঞান লাভে কুতার্থ, বাদ্রায়নের ভাগবত ধর্ম প্রচারের পথপ্রদর্শক এবং শূদ্র হইয়াও শূদ্রক ঋষি বধে রামের প্ররোচক। এতগুলি গুণ এক নারদে সম্ভব হয় কি? বিশেষতঃ শেঘোক্ত নারদকে ব্রাহ্মণোক্তম বলিয়াই বাল্মীকি রামায়ণে উল্লেখ করিয়াছেন। বাল্মীকি তাঁহার ভমিকায় রামের কয়েকটী অলোকিক কার্য্যেরও বর্ণনা করিয়াছেন যেমন রাম সমুদ্র শোষণ করিতে উল্লভ হইলে মৃত্তিমান সমুদ্র সভয়ে তাঁহার নিকট উপস্থিত হইয়া, তাহার বন্ধন কিরুপে বিশ্বকর্মা পুত্র নল বানর দারা সম্ভব হইবে তাহা রামকে বলিয়াছিল। অলৌকিক কার্যা দেবতা দারাই সম্ভব হয়। মহুয়োর পক্ষে তাহা সম্ভব না। তাই দেবতাসন্তুত দেবর্ষি নারদের মুথ দিয়াই যেন তিনি তাহা বলাইলেন, যেমন মহাভারতে ইহা অপেক্ষাও কত অত্যন্তত ঘটনা বাদরায়ণ নারদ মুখে ব্যক্ত করাইয়াছেন। এই সকল ঘটনা দেবসন্তুত দেব্যির মুখে বলাইলেই সংস্কারী লোক এব সত্য বলিয়া তাহাতে দৃঢ় বিশ্বাস স্থাপন করিয়া রোমাঞ্চিত হয়।

বস্তত:পক্ষে বাল্লोকি, রামায়ণে কি কি বিষয় বর্ণনা করিবেন, তাহারই একটা সংক্ষিপ্ত তালিকা বা উপক্রমণিকা, তাঁহার এই ভূমিকাতে নিজেই বলিয়াছেন—সংস্কৃত নাটকে যেমন নট নটী কি
কিষয় অভিনয় করিবে তাহার একটা সংক্ষিপ্ত বিবরণ প্রভাবনায়
দিয়া থাকে। সেই নটরপে নারদই যেন এই বাল্লীকি রামায়ণে কি

বলিবেন পূর্পেই তাহা বলিয়া গেলেন। তাই বাল্মীকি ইহা নারদ উবাচ বলিয়া আরম্ভ করিলেন। পরেও তিনি তাঁহার বক্তব্য অনেকের দারা বলাইয়াছেন। যেমন মহিষি কৃষ্ণবৈপায়ন তাঁহারই বেদ, বেদাস্ত ও উপনিষদ প্রতিপাছ্য জ্ঞানপর্ভ উপদেশ গীতাকারে ভগবান উবাচ বলিয়া শ্রীক্রফের মৃথ হইতেই উদগীরিত করিয়াছেন। জাবার তত্ত্বে শিব উবাচ বলিয়া অনেক সারগর্ভ উপদেশ প্রদত্ত হইয়াছে। এই সকল উপদেশ যদি ভগবদ্মৃথ নিঃহত বলিরা প্রচার করা যায়, তাহা হইলে লোকের তাহাতে বিশেষ আহা হয়। গ্রন্থকারের অন্ত কোন স্ক্রিদিত ব্যক্তির মূথে বলাইবার তাৎপর্য্য এই।

ইহার পরই আবার ব্রহ্মার অবতারণা করিয়াছেন। তাহারও রহস্ত আছে। তিনি আত্মজ্ঞানী ব্রহ্মবিদ্ ছিলেন। যথন তিনি ইচ্ছা করিলেন যে ঐতিহাসিক মহাপুরুষ রামের জীবনী লিখিবেন, তথন তাঁহার মনে এই রাম শব্দের প্রকৃত অর্থের বিষয়ও উদয় হওয়াতে তাঁহার ব্রহ্মজ্ঞানের উদয় হইল। তাই ব্রহ্মাই যেন তাঁহাকে ব্রহ্মণ্ বলিয়া সম্বোধন করিলেন। তাঁহার এই ব্রহ্মাবেশ হওয়াতে, তাঁহার মনে, হইল যদি এই রামচরিত্রে তিনি প্রকৃত রামত্ব প্রাপ্তির পদা তাঁহার কার্য্যাবলীতে ফলিত করিয়া, তাহার সমন্বয় করিতে পারেন, তাহা হইলে এই প্রস্থে বর্ণিত রূপকাকারে আত্মজ্ঞান লাভের প্রণালী ও তাহার সোপানারোহণ সময়ে যেরপ অহুভৃতি হয়, তাহা বহু মুমুক্ল্ লোকের পক্ষে উপকারী হইতে পারিবে। তিনি তাই নিজের সাধনার দৃষ্টাস্তে রামপদপ্রাপ্তির ক্রমিকপন্থা প্রদর্শন এবং তদম্বায়ী অহুভৃতিরই বর্ণনা করিয়াছেন। তাঁহার এই রহস্তের বীজ নিহিত হইয়াছে—জনকের মুধে সীতার জন্মবিবরণে। তত্মদশীর পক্ষে এখান হইতেই রামায়ণের রহন্ত রস আত্মাননের প্রারম্ভ। তার পর সেইভাবে ভাষিত হইলে

যে চিস্তান্তোতের উদ্ভব হইবে, তাহারই সাহায্যে ক্রমে রামায়ণের রহস্ত তাঁহার বোধগম্য হইবে। এই বহস্ত নিহিত করার জন্মই ব্রদার অবতারণা করার প্রয়োজন হইয়াছে। তাঁহার মুখ হইতে অক্সাং সেই শ্লোকটি নিৰ্গত হওয়াতে তিনি নিজেই বিশ্বিত হইয়াছিলেন। তিনি ধ্যানস্থ হইয়া বাছজ্ঞান শৃত্য হইয়াছিলেন। আর এই অবস্থাতেই তাঁহার ব্রন্ধজানে—আত্মজানে রামপদ প্রাপ্তি হওয়াতে, নিজে যেন রামময় হইয়াছিলেন। এই ব্রক্ষজানের উদয়ই— মূর্ত্ত ব্রন্ধার আবির্ভাব। তাই ব্রন্ধাই যেন বলিলেন "তুমি ধ্যানস্থ হইয়া ষে জ্ঞান বা রামনামের যে রহস্ত বুঝিতে পারিয়াছ বা আরও যাহা তুমি উপলব্ধি করিতে পারিবে, তাহাই রাম লক্ষণ ও সীতার বর্ণনায় স্ফুটন করিবে, বা তাহা রহস্থাকারে লেখনী সাহায্যে অঙ্কণ করিবে। বস্তুত: লম্মণ, বানর ও রাক্ষ্মগণই রাম রহস্তের আমুসন্ধিক উপাদান, যাহা ভিন্ন এই আধ্যাত্মিক রামতত্ত্ব স্ফুটিত হইতে পারে না। বাল্মীকি এই ধাানস্থ অবস্থাতেই ব্রহ্ম বা ব্রহ্মার সাক্ষাৎকার লাভ করিয়াছিলেন. আর সেই বন্ধজ্ঞান বা আত্মজ্ঞানের পম্বাই যে তিনি তাঁহার প্রত্যেক বর্ণনায় রূপকাকারে প্রচ্ছন্নভাবে দেখাইয়াছেন, আমরা সেই আচ্ছাদন উদ্বাটণ করিবার চেষ্টা করিয়া পাঠকের বোধসৌকর্য্যার্থ যথায়থ বিবৃত করিব। জানিনা তন্ধারা এই গ্রন্থের নিহিত গৃঢ়তত্ব সম্যক্ তাঁহাদের বোধগম্য হইবে কি না।

পক্ষান্তরে আমরা রামের ঐতিহাসিক সত্যও প্রতিষ্ঠা করিবার চেষ্টা করিব—তাঁহার সেই সমন্ত অলৌকিক কার্য্যাবলী কিরুপে মহন্ত্মস্থলভ ক্ষমতাতেও সাধিত হইতে পারে, তাহাই প্রদর্শন করাইয়া। কেননা ঐতিহাসিক ঘটনার সহিত অলৌকিক ঘটনা জড়িত হইলে ইতিহাসের মর্যাদা অব্যাহত থাকে না। স্বতরাং সেই সেই

ঐতিহাসিক নায়কের অতিত্ব সহয়েও লোকে সন্দিহান হয়। মহুলোর পক্ষে মহুলোচিত কার্যাই সম্ভবপর এবং তাহা দেখাইতে পারিলেই তাহার ঐতিহাসিক তত্ত্বেও প্রতিষ্ঠা সম্ভব হয়। রাম যদি ঐতিহাসিক পুরুষ হন, তাহা হইলে তাঁহার এই সমস্ত অপ্রাকৃতিক, অস্বাভাবিক, অলৌকিক কার্য্যাবলীতে তাঁহার অন্তিত্বের উপরও সন্দেহের অবকাশ আসে। কিন্তু যথন অযোধ্যানগরী এখনও আছে, তথন রামও যে ছিলেন ইহাই আমাদিগকে স্বীকার করিয়া লইতে হইবে। এই রামচরিত্রে, ইহার ঐতিহাসিক ঘটনা বর্ণন ছাড়াও, বালীকির যে আরও ছইটি উদ্দেশ্য আছে এরপ অনুমান হয়। তিনি রামকে বিফু অবতাররূপে প্রতিপন্ন করিতে মনস্থ করিয়াছিলেন, এবং কি উদ্দেশ্যে এইরূপ করিয়াছিলেন তাহা আমরা গ্রন্থণেষে দেখাইব। তাঁহার দিতীয় উদ্দেশ্য রামকে দাধকরপে কল্পনা করিয়া, কিরপ সাধনার প্রণালীতে তিনি ক্রম-সোপান আরোহণে, তাঁহার কামা লক্ষো উপনীত হইয়াছিলেন এবং রামত্ব বা আরাম লাভ করিয়াছিলেন তাহাই দেখান।

প্রথম পরিচ্ছেদ

রামের জন্মবিবরণ

বহুশত মহিষী পরিবৃত রাজা দশর্থ, বৃদ্ধ বয়দ পর্যান্ত পুত্রমুখদর্শনে বঞ্চিত হইয়া, ব্ৰাহ্মণ মন্ত্ৰী, বশিষ্ঠাদি ঋষি ও অক্সাক্ত সভাসদ সকলের সহিত পরামর্শ করিয়া পুত্রলাভেচ্ছায় অখমেধ যজ্ঞ সম্পাদন করিতে উলোগী হইলেন। তাঁহার অন্ততম প্রধান মন্ত্রী স্বমন্ত্র কহিলেন "এই যক্ত বিভাওক ঋষির পুত্র ঋষ্যশৃঙ্গ দ্বারা সম্পাদন করিলে হুফল হইবে এবং রাজা পুত্রবান হইবেন। পূর্বের এই বালব্রন্ধচারী উগ্রতাপদ ঋষ্যশৃঙ্গ কথনও স্ত্রীজাতির দর্শন পান নাই। অঙ্গদেশের রাজা রোমপাদের রাজ্যে বহুকাল অনার্ষ্টির ফলে চুর্ভিক্ষ উপস্থিত হইলে, রাজা ত্রাহ্মণদিগের দারা উপদিষ্ট হইয়া, এই ঋষ্যশৃন্ধকে, বেখাদিগের সাহায়ে, তাঁহার পিতার অজ্ঞাতসারে ভুলাইয়া আনিলে, তাঁহাঁর উপস্থিতির সঙ্গে সঙ্গেই সেই দেশে প্রচুর বৃষ্টিপাত হইয়াছিল।" ইহা শ্রবণ করিয়া রাজা দশরথ তাঁহার বন্ধু রোমপাদের রাজ্যে যাইয়া মহাসমারোহে अधानुकरक मञ्जोक অযোধ্যা রাজ্যে আনমন করিয়া, তাঁহাকেই প্রধান ঋষিক পদে বৃত করতঃ অপ্নেধ যজ্ঞ অনুষ্ঠান क्तिरानन । महरमत भूर्व इंटरन यरब्डत अथ निर्कित्य फितिया आमिरान যজ্ঞ সমাপন হইল। যজ্ঞ সমাপনাস্তে ঋয়শৃঙ্গ পুত্রেটি যাগ আরম্ভ कतिरान । তাঁহার প্রদত্ত আহতির ফলে হবিগ্রহণার্থ ব্রহ্মা সহকারে

সমন্ত দেবগণ যজ্ঞস্থলে আবিভূতি হইলেন। তথন দেবতারা ব্রহ্মাকে বলিলেন, "প্রভো। আপনার বরে চন্ধর্য রাক্ষ্যপতি রাবণ, মহুয় ব্যতীত সমস্ত লোকের অবধ্য হওয়াতে, সে সমস্ত দেবতা সহিত ত্রিভবনের লোককে উৎপীড়িত করিতেছে; স্থতরাং আপনিই ত্রিভূবনের শান্তির জন্ম তাহার বধের উপায় স্থির ককন।" ব্রহ্মা বলিলেন:--"দেই রাক্ষস মনুষ্যকে তুচ্ছ জ্ঞান করিয়া 'মনুষ্য হইতে অবধ্য হই' এই বর প্রার্থনা করে নাই, স্বতরাং সে মহুয়োরই বধ্য হইবে।" এই সময় বিষ্ণু গরুড়ারোহণে তথায় উপস্থিত ২ইলে, ব্রহ্মাদহ দেবগণ তাঁহাকে স্বিনয়ে বলিলেন "হে বিষ্ণো। আমরা লোকের হিত্কামনার জন্ম আপনার নিকট আমাদের প্রার্থনা জানাইতেছি। প্রভো! আপনি আত্মাকে চতুর্ধা করিয়া, এই ধর্মজ্ঞ রাজা দশরথের হ্রী, শ্রী, ও কীর্ত্তি সদশী তিন ভার্য্যাতে পুত্ররূপে জন্মপরিগ্রহ করুন। আপনি মহুয়রূপে জন্মগ্রহণ করিয়া সেই লোককণ্টক তুরাধর্ষ রাবণকে বধ করুন।" তথন বিষ্ণু কহিলেন "হে দেবগণ। আমি তোমাদিগের ঋষিদিগের ও ত্রিলোকের হিত নিমিত্ত, রাবণকে সবংশে নিহত করিয়া, পৃথিবীপালন করিয়া একাদশ সহস্র বংসর নরলোকে বাস করিব।" অতঃপর বিফু চিষ্ঠা করিয়া রাজা দশরথকেই পিতরূপে স্বীকার করিতে মনস্থ করিলেন। সেই সময় ঋষ্যশৃত্বও রাজা দশরথের পুলেষ্টিযাগ করিতেছিলেন। বিষ্ণু অন্তর্হিত হইলে তথন সেই যজ্ঞীয় কণ্ড হইতে রক্তাম্বর পরিহিত উজ্জন দেহদব্দার প্রদীপ্ত অনল শিখার ভাষ মহান্ এক প্রাণী তুই হতে দিবা পায়দপূর্ণ এক পাত্র হল্ডে আবিভূতি হইলেন। দেই পাত্রটী দেখিলেই যেন তাহা ইন্দ্রজাল নির্দ্মিত বলিয়া বোধ হয়। তৎপরে সেই প্রাণী রাজাকে কহিলেন "আমি প্রজাপতির নিয়োগে আদ্যাছি। এই পায়স প্রজাকর ও আবোগ্যবর্দ্ধক। তুমি ভার্ঘ্যাদিগকে "ভক্ষণ কর".এই বলিয়া

এই পায়দ দান কর। তোমার সেই সকল পত্নীরা ইহা ভক্ষণ করিলে, তাহাদের গর্ভে তুমি অনেক পুত্র লাভ করিবে।" এই বলিয়া সেই প্রাণীও অন্তহিত হইলেন। রাজাও, তাহা লইয়া, অন্তঃপুরে প্রবেশ করতঃ তাহার অন্ধাংশ কৌশল্যাকে দিলেন। বাকি অন্ধাংশ চারিভাগ করিয়া তাহার একভাগ স্থমিত্রাকে দিয়া, ছইভাগ কৈকেয়ীকে দিয়া পুনরায় অবশিষ্ট চতুর্থ অংশও স্থমিত্রাকে দিলেন। সেই মহিষীরাও সেই পায়দ ভক্ষণ করিয়া গর্ভধারণ করিলেন। দশরপ্রও সেই পত্নীদিগকে গভিনী দেখিয়া কর্ম ইইলেন।

বিঞ্ দশরথের পুত্রতা প্রাপ্ত ইইলে, বন্ধা সমস্ত দেবগণকে বলিলেন "তোমরাও নররূপী বিঞ্র সহায়দকল স্ক্রন কর। তোমরা বানররূপী হইয়া ভন্নকী ও বানরীতে পরাক্রমদম্পদ্ধ বানরনিচয় পুত্ররূপে উৎপদ্ধ কর।" তথন দেবতারাও বানররূপী পুত্র দকল উৎপদ্ধ করিলেন। মহেন্দ্র বালীকে, তপন স্থাতীবকে, বিশ্বর্দ্ধা নলকে, পবন হুমানকে জন্ম দিলেন। আরও অক্যান্ত দেবতারা বানর পুত্র উৎপদ্ধ করিলেন। এই হুম্মান সমস্ত মুখ্য বানরের মধ্যে উৎকৃষ্ট বৃদ্ধিমান ও অতিশয় পরাক্রমশালী। বালী ও স্থাতীব তুই ভ্রাতা এই সমস্ত বানরের রাজা বা যুথপতি হুইল।

অতঃপর রাজা দশরথের যজ্ঞসমাপনের পর ছয় ঋতু অতীত হইলে, চৈত্র মাদে নবমী তিথিতে, পুনর্বস্থ নক্ষত্রে, কর্কটলয়ে, কৌশল্যা দেবী দিব্যলক্ষণ সম্পন্ন রামাভিধেয় তনয় প্রসব করিলেন। তাঁহার জন্মকালে রবি মেষ রাশিতে, মঙ্গল মকর রাশিতে, শনি তুলা রাশিতে, বৃহম্পতি ও চন্দ্র কর্কট রাশিতে এবং শুক্র মীন রাশিতে ছিলেন। কৈকেয়ী ভরতকে ও স্থমিত্রা লক্ষণও শক্রত্ম নামে ছই পুত্র প্রসব করিলেন। বশিষ্ঠ ঋষি উক্তরূপে পুত্রদিগের নামকরণ করিলেন।

দশরথের দকল পুত্রই বয়োর্দ্ধি সহকারে বেদজ্ঞ, শৌধ্যসম্পন্ন, বিজ্ঞ ও ক্ষত্রিয়োচিতগুণ্থামে বিভূষিত হইলেন। পরস্ত রাম সর্ব্বাপেক্ষা সর্ব্ব-বিষয়ে সম্বিক শ্রেষ্ঠ ছিলেন। লক্ষ্মণ বাল্যকালাবধি জ্যেষ্ঠ ভাতা রামের বিশেষ অহুগত ও অহুরক্ত ছিলেন। তিনি মেন রামের বাহ্যস্থারী অপর প্রাণ ছিলেন।

এইরূপ রামের জনারভান্ত পাঠে স্বতঃই মনে হয়, ইহা শুধু রামের বিফুঅবতারত্ব প্রতিষ্ঠার জন্তই রচিত হইয়াছে। ইহার কোনও ঐতিহাসিক মূল্য নাই। স্থতরাং রামায়ণের গল্পাংশ, যাহাতে ভুগু अलोकिक परेमावरे अवजावना कवा रहेशाह, जारा काल्रानिक ष्ठेना। मान्द्रव जन्म, शुक्रव वीया महकारत मान्वीत गर्ल्डे रख्या প্রকৃতির নিয়ম। ইহার ব্যভিচার কুত্রাপি দৃষ্ট হয় না। মংস্থগর্ভে মহুয়ের জন্ম, যজ্ঞাগ্নি হইতে যাজ্ঞদেনী ও ধুইছামের জন্ম, শরবনে ও কুন্তে ভরদ্বাজ ঋষির বীর্ষ্যে ক্লপ ও ল্রোণের জন্ম, ব্যাদের বীর্ষ্যে অরণি কাঠে শুকের জনা, এই সকলের প্রাচ্য্য যাহা মহাভারতে বণিত আছে তাহা বিশ্বাস করিলে এই পায়সাল্ল আহারেই যে শুধু রাম লক্ষণাদির জন্ম হইয়াছিল তাহাত বিশাস করিতে হইবে। কিন্তু বাল্মীকি ঋষি একেবারে অতটা অদৃশ্রত কল্পনা করেন নাই। তিনি বলিয়াছেন মহিধীরা গর্ভধারণ করিয়া ছয় ঋতু অতীত হইলে সম্ভান প্রস্ব করিয়াছিলেন। অর্থাৎ মতুষ্যজ্বনোচিত প্রায় দশমাস গর্ভধারণ ও পোষণ করিয়াছিলেন। ব্যাসদেবও যদি সত্য কথা ব্যক্ত করিয়া, বাল্মীকির অমুসরণে, ঘুতাচী অপ্সরার গর্ভেই রূপ, দ্রোণ এবং তৎ কর্তৃক শুকের গ্রতাধান সম্বন্ধে বর্ণনা করিতেন, তাহা হইলে এই সমস্ত জন্ম বুত্তান্ত লোকচকে কাল্পনিক আজগবী গল্প বলিয়া অবহেলা করা হইত না। এখন বৃদ্ধবয়দে দশর্থ কর্তৃক এই মহিষীদের গর্ভ সঞ্চার হওয়া সম্ভব কিনা তাহাই বিচার্য। রামের জন্ম সময়, তিনি কি এতই বৃদ্ধ হইয়াছিলেন যে তাঁহার প্রজনন শক্তি একবারেই লোপ পাইয়াছিল ? আমরা দশরথের বয়সের হিসাব করিয়া দেখাইব তাহা নহে।

পরের অধাায়ে আমরা দেখিতে পাই, দশরথ বিশ্বামিতকে বলিতেছেন "আমি ষষ্টি সহস্র বংসর জন্মগ্রহণ করিয়াছি। এতকালে আমার পুত্র জনিয়াছে। স্থতরাং পঞ্দশ বর্ষ বয়স্ক বালক রামকে আপনি রাক্ষ্য বধার্থ লইয়া যাইতে চাহিতেছেন।" বাল্মীকির রচনার ভক্ষীই এইরপ যে তিনি এককে এক সহস্ররূপে বহু স্থানে বর্ণনা করিয়াছেন। সেই হিসাবে রামের যথন পঞ্চদশবর্ষ, তথন দশরথের বয়স ষষ্টি অর্থাৎ ৬০ বৎসর। স্থতরাং দশরথের ৪৫ বংসর বয়সে রামের জন্ম হইয়াছিল। ইহা প্রোচত ও বার্দ্ধকোর मिक छान । वर्खभान काल्य व्यानक ७०।७৫ वश्मत वर्शमत श्रुकरवता সন্তান জন্ম দিয়াছেন দেখা যায়। সেইরূপ নারীজাতিরও রজোনির্বতি প্রায় পঞ্চাশ বংসরের উপরেই হয়। পঞ্চাশ বা তলিমবয়স্কা অনেক নারী গর্ভধারণ করিয়াছেন ইহার দৃষ্টাস্তও বিরল নহে। পূর্বকালে অনেক রাজাই অপুত্রক অবস্থায় মৃত্যুগ্রস্ত হইতেন। তাঁহাদের কেহ কেহ ব্রাহ্মণ বা ঋষিদের শরণাপন্ন হইয়া তাঁহাদের দারা ক্ষেত্রজ পুত্র উৎপাদন করিয়া বংশধারা রক্ষা করিতেন। স্বয়ং মহর্ষি ক্লফট্রপায়নই তাঁহার প্রকৃষ্ট দৃষ্টান্ত। কিরূপে তিনি বিধবা ভাত-বধুর গর্ভে ধুতরাষ্ট্র ও পাণ্ডুর জন্ম দিয়া কুষ্ণবংশে ক্ষত্রিয়শোণিতের ধারা অব্যাহত রাখিয়া ছিলেন, তাহা তিনি নিজ মুখেই তাঁহার মহা-ভারতে সবিস্তারে বর্ণনা করিয়াছেন। বাল্মীকি বরাবরই রামকে পরিত্র ক্ষতিয় বংশোদ্ভব ক্ষতিয় রূপে রাথিয়াই, কাকুংস্থ, রাঘব ইত্যাদি ইক্ষাকুবংশসম্ভত স্বনামধন্ত ক্ষত্ৰিয় রাজবংশাবতংস পুরুষ বলিয়াই অভিহিত করিয়াছেন এবং রাজ। দশরথের ক্ষেত্রজ পুত্র-ক্লপে তাঁহাদিপকে পরিচিত করেন নাই। যজ্ঞাগ্নি হইতে পায়দ উখিত হইল। তাহাই ভক্ষণে রাণীরা গর্ভধারণ করিলেন। ইহাতে ইহাই বুঝায় যে রাণীরা সেই পায়স ভক্ষণে শক্তিমতী হইয়াই গর্ভধারণক্ষম হইয়াছিলেন। তিনি তাঁহার প্রধান তিন রাণীকেই সেই পায়স ভোজন করিতে দিয়াছিলেন। এস্থানে তিনি তাঁহাদেরই সাহচর্য্য করিয়াছিলেন ইহাই বুঝায়। তাঁহার অন্তঃপুরে ক্ষত্রিয়ানী বৈখানী, শুলানী প্রভৃতি তাঁহার বহুণত মহিষী ছিল। এত সংখ্যক স্ত্রী সম্ভোগে তাঁহার পুরুষত্ব থাকার সম্ভব কি? কাজেই তাঁহার কোন পত্নীরই গ্রাধান হয় নাই। রাজা দশরথ যে অতীব কামাদক্ত ছিলেন, তাহা রাম ব্যতীত তাহার অ্যান্ত পুত্র-দিগের মুখেই ব্যক্ত হইয়াছে। তাই অসংযমী রাজার সংযমের জন্ম অস্বমেধের অনুষ্ঠান। এই অস্বমেধ যজ্ঞে বংসরাধিক কাল রাজাও রাণীদিগকে যজ্ঞক্ষেত্রে উপস্থিত থাকিয়া, সংঘমী হইয়া ব্রত অনুষ্ঠান করিতে হয়। এক বংসর কঠোর সংযমের পর ঘথন অশ্বমেধের সমাপনাত্তে পুত্রেষ্টি যাগ হইল, তথন রাজা ও মহিধীরা নব বলে বলীয়ান হইলেন। ততুপবি যজ্ঞাগ্নিতে পৰু ঘত তওুলাদি মিশ্রিত চরু ভক্ষণ করিয়া, তাঁহাদের হত প্রজনন শক্তি পুনরুদীপিত ছইল। এই চরুভক্ষক বশিষ্ঠেরই শত পুত্রের উল্লেখ আছে। তারপর. তাঁহাদের পুত্রেষ্টি যাগ করিলে নিশ্চয় সন্তান উৎপন্ন হইবে, এই দঢ বিশ্বাস উৎপাদন জন্ম বাল্মীকি, স্থমন্ত্রের মূথে অভতকর্মা ঋষ্য-শক্তের অবতারণাও পূর্ব্বেই করাইয়াছিলেন। একে পুত্র প্রাপ্তির ক্রকান্তিক কামনা, তারপর অভতকর্মা ঋষ্যশুঙ্গের পুত্রেষ্টি যাগের

অগ্নিপক চক্রভক্ষণ, এই সমস্ত কারণে রাজা ও রাণীদের মানসিক ও শাব্লীরিক শক্তি বৃদ্ধিত ও নবজাগরিত হওয়াতে, স্বাভাবিকভাবেই দশরথ কর্ভ্ক তাঁহাদের গর্ভাধান ইইয়াছিল। রামাদির জন্ম যে স্বাভাবিক ভাবেই হইয়াছিল তাহা এই বর্ণনা ইইতেই ফুটিত হয়। আর এই রূপ ইইলেই মহয় রামের ঐতিহাসিক্ষ প্রতিষ্ঠা হয়। বিষ্ণু অবতার রামের সম্বন্ধ আমাদের কিছু বক্তবা নাই। এখানে তিনি বিষ্ণুরই আশ্রেয় লইয়াছেন, তাঁহার শীতক্ষফ কেশের আশ্রেম লন নাই, যাহার অর্থ ক্রিতে মহা পণ্ডিতদের মাথা ঘামাইতে হইয়াছে।

দ্বিভীয় পরিচ্ছেদ

তাড়কা রাক্ষসী বধ

পত্রেরা বয়ংপ্রাপ্ত হইলে রাজা দশর্থ তাঁহাদের বিবাহ বিষয়ে চিন্তা করিয়া অমাত্যগণের সহিত পরামর্শ করিতে লাগিলেন। এমত সময় মহাতেজ্বী মহামুনি বিশামিত্র তথায় আগমুন করিলেন। রাজা তাঁহাকে পাল্লম্ঘ্য প্রদানে অভিনন্দন করতঃ বলিলেন "আপনি আদেশ করুন আমি আপনার কি অভিপ্রায় সিদ্ধ করিব। আপনি যাহ। আদেশ করিবেন আমি তাহাই পালন করিব।" বিশামিত কহিলেন "আপনি স্তাপ্রতিজ্ঞ হউন, আমার ঘাহা অভিলাষ তাহা পালন করিবেন। আমি যাগ করণাভিলায়ে দীক্ষিত হইয়াছি. কিন্তু মারীচ ও জবাহু নামে কাম বা ইচ্ছারুপী তুই রাক্ষ্ম সেই যাগের বিল্ল জনাইতেছে। অনেকবার নিয়ম সমাপ্ত হইলে. যজ্ঞসমাপনকালে দেই বিল্লকর রাক্ষসন্বয় আমার যজ্ঞীয় বেদী রুধিরে প্লাবিত করে, যজ্ঞসংকল্পভগ্ন ও যজ্ঞনষ্ট হওয়ায়, আমি পণ্ডশ্রম ও নিরুত্তম হইয়া, অগত্যা সেস্থান হইতে প্রস্থান করি। যজ্ঞে দীক্ষিত হইলে কাহাকেও অভিশাপ দিতে নাই. এই জন্ম তাহাদিগকে শাপ দিতে আমার ইচ্ছা হয় না। অতএব আপনি বীর্য্যসম্পন্ন, সত্য-পরাক্রম ভবদীয় জাষ্ঠ তনয় রামকে আমাকে প্রদান করুন। ইনি মৎকর্ত্তক রক্ষিত হইয়া, স্বীয় অমাত্র্যিক তেজে, যে যে রাক্ষ্যেরা যজ্ঞবিদ্ধ জন্মাইতে উন্নত হইবে, তৎসমুদয়কেই নিহত করিতে সমর্থ হইবেন। আমি তাঁহার নানাবিধ কল্যাণ, বিধান করিব। তাহাতে ইনি শীর্রলাকমধ্যে খ্যাতি লাভ করিবেন। সেই রাক্ষ্সদ্বর রামের সহিত যুদ্ধে কিছুতেই স্থির থাকিতে পারিবেনা। রাম ব্যতীত এমত আর কেহ নাই, যে সেই রাক্ষ্সদ্বর্ধক সংহার করিতে উৎসাহায়িত হয়। অতএব আপনি দশদিনের জন্ম পুত্রস্নেহ পরিত্যাগ করিয়া রামকে আমার সহিত প্রদান করুন। স্ত্যপরাক্রম রাম যে কে, ইহা আমি জানি এবং মহাতেজন্বী ঋষি বশিষ্ঠ এবং এই সকল তপোনিরত ঋষিবাধ জানেন।

'অহং বেদ্মি মহাত্মানং রামং সত্যপরাক্রমম্।' বশিষ্ঠ প্রভৃতির অন্ন্যাদনে আপনার তনয় আসক্তিশৃত্য রামকে আমাকে প্রদান করুন।"

সেই অশনিপাতনির্ঘোষতুলা নিদারুণ বাক্যপ্রবণে রাজা বিচলিত এবং মোহপ্রাপ্ত হইলেন। পরে সংজ্ঞালাভ করিয়া বিশ্বামিত্রকে কহিলেন "আমার রাজীবলোচন রামের বয়স মাত্র পঞ্চনশ বংসর। সে বয়সে বালক, এখনও ক্বভবিত্ব হয় নাই।

'উনষোড়শবর্ষোমে রামো রাজীবলোচন:।'

স্থতরাং রাক্ষসদিগের সহিত তাহার যুদ্ধ করিবার শক্তি দেখিতেছি
না। যদি আপনি নিতান্তই রামকে লইয়া ঘাইতে অভিলাষ করেন,
তবে চতুরক্বলের সহিত আমাকেও তৎসমভিব্যবহারে লইয়া চলুন।
ষষ্টি সহস্র বংসর হইল আমি জন্মগ্রহণ করিয়াছি, অভিকটে
এতকালে আমার পুত্র জনিয়াছে।

' 'ষ্টিব্র্য সহস্রাণিজাতশু মম কৌশিক।'
জোষ্ঠ তনয় রামের প্রতি আমার অতিশয় স্নেহ, অতএব আপনার

কেবল রামকে লইয়া যাওয়া উচিত হয়না। আপনি সেই রাক্ষসদের জন্ম ও ক্ষমতার বিবরণ বলুন।" তথন বিশ্বামিত্র বলিলেন, "পৌলস্তাবংশসস্থৃত মহাবাহু মহাবীর্ধাবান রাবণ নামক রাক্ষস বন্ধার নিকট হইতে বরলাভ করিয়া, বহুরাক্ষসে পরিবৃত হইয়া তিন লোককেই উংপীড়িত করিভেছে। শুনিতে পাই সেই রাক্ষসপতি রাবণ, বিশ্রবা মুনির পুত্র ও কুবেরের বৈমাত্রেয় ভাতা।

'শ্রুষতেচ মহারাজ রাবণো রাক্ষসধিপঃ। সাক্ষাবৈশ্রবণভাতা পুত্রো বিশ্রবদো মুনেঃ!'

যথন সেই মহাবল রাক্ষ্য তৃছ্জ্ঞানে স্বয়ং যজ্ঞবিদ্ধ করিতে ক্ষান্ত হয়, তথন সে মারীচ ও স্থবাহু নামক সেই তুই মহাবল রাক্ষ্যকে যজ্ঞবিদ্ধকরণার্থ প্রেরণ করিয়া থাকে।" তথন দশর্থ কহিলেন, "আমিই যথন সেই ভীষণ রাক্ষ্যের সহিত সংগ্রামে স্থির হইতে পারিব না, তথন আপনি এই হতভাগ্যের প্রতি প্রসন্ন হউন্। আমি কোনক্রমেই সংগ্রামানভিজ্ঞ বালক পুল্রকে আপনাকে প্রদান করিতে পারিব না। সেই মারীচ ও স্থবাহু আপনার যজ্ঞে বিহু কর্মক, তথাপি আমি পুত্র প্রদান করিব না।"

তথন বিশামিত্র ক্রোধে প্রজ্জালিত হইয়া বলিলেন, "রাজন্! পূর্ব্বে প্রতিজ্ঞা করতঃ এখন আপনি প্রতিজ্ঞা পরিত্যাগ করিয়া, রর্কুলের নিতান্ত গহিত আচরণ করিতেছেন। ইহাই যদি আপনি উপযুক্ত মনে করেন, তাহা হইলে আমি নিজস্থানে প্রতিগমন করি, আপনিও র্থাপ্রতিজ্ঞ হইয়া বন্ধুগণের সহিত হথে অবস্থান করন।" তথন মহর্ষি বশিষ্ঠ রাজাকে কহিলেন, "ত্রিলোকমধ্যে আপনি ধর্মাত্মা বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন, অতএব রামকে বিখামিত্রের হত্তে সম্পর্ণ করিয়া প্রতিজ্ঞাপালন করিয়া আপনার ধর্ম অক্ষত রাখুন। রাম

অন্তর্কুশল হউন বা না হউন রাক্ষ্য রামের বীর্য্য সৃষ্ট করিতে পারিবে না। রাম বিখামিত্র কর্তৃক স্থরক্ষিত হইবেন, কেননা ইনি যে স্কুল অন্তর বিজ্ঞাত আছেন ত্রিলোকের অন্ত কোনও ব্যক্তিই তাহা পরিজ্ঞাত নহেন। এই কৌশিক বিখামিত্র একাকীই সে রাক্ষ্যদিগের সংহারে সমর্থ; তবে কেবল ইনি আপনার পুত্রের হিতাকাজ্জী হইয়াই আপনার নিকট আসিয়া প্রার্থনা করিতেছেন।" তথন রাজা দশরথ বশিষ্ঠের বাক্যে আশস্ত হইয়া রামকে বিখামিত্রর সহিত যাইতে অন্তমতি দিলে, রাম ও লক্ষ্মণ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিলেন। তাঁহারা পদব্রজে ছয় ক্রোশ পথ অভিক্রম করিয়া সর্যুতীরে উপনীত হইলেন।

তথন বিশামিত্র রামকে কহিলেন, "বংস! অনর্থক সময় নষ্ট করিবার প্রয়োজন নাই। তুমি আচমনপূর্বক শীত্র 'বলা' ও 'অতিবলা' নামী তুইটী বিছা ও অন্থান্ত সকল মন্ত্র গ্রহণ কর। 'বলা' ও 'অতিবলা' নামী এই তুইটী বিছা অধিগত করিতে পারিলে, তেমমার কোনরূপ পরিশ্রম, জর বা রূপবিকার হইবে না। তুমি প্রমন্তই থাক বা প্রস্থাই থাক, তোমাকে রাক্ষসেরা ধর্ষণ করিতে পারিবে না; এবং পৃথিবী মধ্যে বাহুবলে তোমার তুলা কেই হইবে না। বলা ও অতিবলা নামী এই তুই বিছা স্ক্রপ্রকার জ্ঞানের প্রস্তৃতি। ইহা দ্বারা তোমার কুংপিণাসা থাকিবেনা। যদিও তোমার এই সকল ও বহুবিধ গুল আছে তথাপি আমি তোমাকে এই তুই তেজ্বিনী প্রজাপতি ব্রহ্মার নন্দিনী বিছা দান করিতে ইচ্ছুক হইয়াছি, কারণ তুমিই তুই বিদ্যা গ্রহণ করিবার উপযুক্ত পাত্র। তুমি ইহা গ্রহণ করিলে ইহা সমধিক ফলপ্রদ হইবে।" তথন রাম আচমনপূর্বক বিশামিত্রের নিকট সেই তুই বিছা গ্রহণ করিরা তাঁহার প্রতি,

'যেরপ গুরুর প্রতি আচরণ করিতে হয়' সেইরপ সমস্ত কার্য্য করিলেন। তাঁহারা সেই রাত্রি সরষ্ব দক্ষিণ তীরে, অনভ্যন্ত তুণশ্য্যায়, বনজাত ফলমূল আহারে, বিশামিত্রের বাক্যে অবহিত হইরা পর্মস্থাথে রাত্রি যাপন করিলেন।

তংপর দিন তাঁহারা সর্য ও গঙ্গার সঙ্গমস্থানে রাত্রি যাপন করিয়া তৃতীয় দিন গঙ্গাপার হইয়া, ভাহার দক্ষিণ তীরে উপস্থিত হইয়া যাইতে লাগিলেন। যাইতে যাইতে এক ভীষণ দর্শন মহয়সমাগমণ্ড বন দেখিতে পাইয়া, রাম বিশ্বামিত্রকে জিজ্ঞাসা করিলেন, "কিরূপে এরপ দারুণ বন জুলিয়াছে।" তখন বিশ্বামিত বলিলেন, "রাম! পুর্বের এই স্থানে দেবনিম্মিত উত্তরোত্তর বৃদ্ধিত मलप ७ करूप नारम पृष्टी अनुभूष छिल। भूटर्स हेन्द्र बुद्धिक वर्ध করিয়া ব্রহ্মহত্যা পাপে কলুষিত মলিন ও কুধাক্রান্ত হইয়াছিলেন। তথন দেবতা ও তপোধন ঋষিগণ মলসমন্ত্ৰিত মহেল্ৰকে গঞ্চাজলে স্থান করাইয়া, তাঁহার মল ধৌত করিয়াছিলেন। এইস্থানে দেবতারা ইন্দ্রের শরীরস্থ মল ও করুষ (ক্ষুধা) নিক্ষেপপূর্বক হর্ষলাভ করিয়াছিলেন। তথন ইন্দ্রও নিশ্মল ও করুষহীন হইয়া, এই দেশের প্রতি প্রীত হইয়া, এই দেশকে বরদান করিলেন যে 'যেহৈতু এই প্রদেশ আমার দেহের মল ও করুষ ধারণ করিল, অতএব এই প্রদেশে উত্তরোত্তর বর্দ্ধমান ছুইটী জনপদ হইয়া, মলদ ও করুষ নামে বিখ্যাত হইবে।' এই প্রদেশে বছকাল মলদ ও করুষ নামে ধনধান্ত পরিপূর্ণ উত্তরোত্তর বর্দ্ধমান প্রমুদিত তুইটা জনপদ ছিল। কিছুকাল পরে ধীমান স্থন্দের সহস্রমাতঙ্গবলধারিণী কামরূপিণী তাড়কা নামী এক যক্ষিণী ভার্য্যা হইল। তাহার গর্ভে বৃত্তবাছশালী, স্থবৃহৎকায়-বিশিষ্ট, ইন্দ্রতলা পরাক্রমী, মহামন্তক্সমন্বিত, বিপুলবদন মহান

মারীচ নামক রাক্ষ্য পত্র জন্মে। সেই ভীষণকায় রাক্ষ্য নিয়ত লোকগণকে বিত্রস্ত করিয়া থাকে। সেই ছুইচারিণী তাড়কা মলদ ও কর্ম্ব নামক তুইটা জনপদে নিয়ত উৎপীড়ন করিতেছে। সে এস্থান হইতে অর্দ্ধযোজনান্তরে, পথ আবরণ করিয়া আছে। যে বনে তাডকা বাদ করে, অতঃপর আমাদিগকে দেই বনে ঘাইতে হইবে। রাম। তুমি আমার নিয়োগক্রমে স্বীয় বাহুবলে সেই তুইচারিণী যক্ষিণীকে বিনাশ করিয়া এই প্রদেশকে নিষ্ণটক কর। চুর্বিষহ পরাক্রমশালী ঘোররূপিণী সেই যক্ষিণী এই স্থান উৎসন্ন করিয়াছ. তথাপি সে আজও নিবৃত্ত হয় নাই। এই প্রদেশে কাহারও আগমন করিতে শক্তি নাই। অগন্তাশাপে স্থন্দ নিহত হইলে, তাড়কা পুত্রের সহিত তাঁহাকে ধর্ষণ করিয়া ভক্ষণ করিতে উল্লভ হয়. তথন অগন্ত্য তাহাকে শাপ দেন যে, তুই ভীষণরপা বিক্বতবদনা রাক্ষণী-রূপে ও তোর পুত্রও রাক্ষসরূপে পরিণত হ'। সেই তাড়কা এইরূপে অভিশপ্ত হইয়া, অগন্তাপ্রতিষ্ঠিত এই শুভ প্রদেশ উৎসন্ন করিয়াছে। রাম ! সেই ভীষণা রাক্ষ্মীকে গোও ব্রাহ্মণগণের হিতের নিমিত্ত বধ কর। তোমা ব্যতীত এই ত্রিলোক মধ্যে এমন কেহ নাই, যে এই রাক্ষসীকে নিহত করিতে দক্ষম হয়। রাজ্যের শুভার্থে, দেই পাপচারিণী নারী হইলেও, তাহাকে হত্যা করায় তোমার অধর্ম হইবেনা। কেননা সেই যক্ষিণীর ধর্ম নাই।"

তথন রাম ধহুর্দ্ধারণপূর্ব্ধক চতুর্দ্দিক প্রতিধ্বনিত করিয়া ঘোরতর জ্যা-শন্দ করিলেন। তাড়কা সেই শন্দ শুনিয়া রামের প্রতি ধাবিতা হইল। সেই কামরূপিনী রাক্ষনী, আত্মমায়াদ্বারা বিবিধরূপ ধারণ করিয়া, তাঁহাদিগকে বিমোহিত করিল। তথন বিশ্বামিত্র বলিলেন, শদ্দ্যা হইলে এ অত্যধিক বল লাভ করিবে, অত্এব তুমি ঘুণা

ত্যাগ করিয়া ইহাকে শীজ্ব বধ কর।" তথন রাম শরাঘাতে তাহাকে বধ করিলেন। তথন বিশ্বামিত্র রামকে কহিলেন, "রাম! আমি তোমার কার্য্যে অতীব পরিতৃষ্ট হইয়াছি। এক্ষণে আমি পরম প্রীতির সহিত তোমাকে আমার জ্ঞাত সমস্ত অস্ত্র প্রদান করিতেছি। এই সমস্ত অস্ত্রে তুমি দেব, দানব, গন্ধর্ক সকলকেই যুদ্ধে পরাস্ত করিতে পারিবে।" তথন বিশ্বামিত্র তাঁহাকে সেই সমস্ত অস্ত্র শিক্ষা দিলে রাম তথন সেই সমস্ত অস্ত্রকে বলিলেন "তোমরা আমার মানসবর্ত্তী হইয়াথাক।"

বিখামিত্র ঋষি কি উদ্দেশ্যে রাজা দশরথকে ভীতিপ্রদর্শনপর্ব্বক, তাঁহার নিকট হইতে রামকে দক্ষে লইয়া আদিয়াছিলেন, তাহাই দেখাইবার জন্ম আমরা রামায়ণ হইতে প্রয়োজনীয় অংশ উদ্ধৃত করিলাম। প্রথমতঃ ইহা তাঁহার নিজের অভীষ্ট সিদ্ধ করিবার জন্ম। সেই অভীষ্ট কি? বিশ্বামিত্র ঋষি তপোবলে সিদ্ধ ছিলেন। কিন্ধ ক্রোধ ও কামনা দুর করিতে পারেন নাই—তাহা মেনকা অপ্সরার সহিত তাঁহার দশ বংসর সম্ভোগ ও শক্তলার জন্মেই প্রমাণিত হয়। তাঁহার ক্রোধের দীমাও যে বিপর্যন্ত হইত, তাহারও দুষ্টান্তের অভাব নাই। এত দীর্ঘকাল তপস্থা করিয়াও তিনি আঅজ্ঞানলাভে বা আরামপ্রাপ্তিতে বঞ্চিত ছিলেন। আত্মজ্ঞান বা রামপদ প্রাপ্ত হইতে হইলে লোভ, ক্রোধাদি সমস্ত কাম জয় করিয়া শমদমায়িত হইতে হয়। তিনি রাজর্ষি ছিলেন এবং একরূপ ভয় প্রদর্শনেই, তাৎকালিক ঋষি সমাজের নিকট হইতে, ব্রন্ধবি আখ্যা আদায় করিয়া লইয়াছিলেন। তাই বলিয়াছিলেন যে যখনই তিনি যাগ করিতে উত্তত হন, তথনই কামনা বা বাসনারপী মারীচও স্থবাছ নামে রাক্ষপদ্ধ তাঁহার যজে বিম্ন উৎপাদন করিয়া, তাঁহার আত্মজ্ঞানলাভের সাধনায়

বাধা জন্মায়। সেই কামরূপী রাক্ষসন্বয়কে বধ করিবার জন্মই বা সেই প্রধান রিপুদয়কে জয় করিবার জন্মই, তাঁহার রামের সাহায্যের প্রয়েজন। এই রাম যে কে. বা কি. তাহা তিনি এবং বশিষ্ঠাদি সমস্ত তপোনিরত ঋষিরা অবগত ছিলেন। রাম ভিন্ন অন্য কেই এই রাক্ষসদ্বয়কে বধ করিতে সমর্থ নহে। তিনি নিজেও তাহাদিগকে শাপ দিয়া অভিভূত করিতে পারেন, কিন্তু তাহা হইলে আত্মজ্ঞানলাভের শাধনার জন্ম যে দম ও ক্ষমার প্রয়োজন তাহা বিনষ্ট হওয়াতে, তাঁহার সেই পথে আরোহণের পরিবর্ত্তে পতনই হইবে। প্রকৃত শান্তি বা আরাম প্রাপ্ত হইতে হইলে সংযম, শম, দম, কমা প্রভৃতি শীল অভ্যন্ত না হইলে, তাহা দিদ্ধ হয় না। রামই দেই আরামের প্রতীক। বিশ্বামিত্র বহুকাল তপস্থার ফলে একাগ্রতা লাভে সিদ্ধ হইয়াছিলেন। তপস্থাতেও একটা না একটা কামনা থাকে, যাহা লাভ করিবার জন্মই তপক্লচ্ছের প্রয়োজন। প্রত্যেক তপস্থার ফলই किছू ना किছू বর প্রাপ্তি। অধিকাংশ স্থলে ব্রন্ধাই এই ব্রদ্ধতা। কেননা ব্রহ্মাই প্রজা সৃষ্টি করিয়াছেন, কাজেই তিনি সকল সৃষ্ট প্রাণীর পিতা ও পিতামহ। জীব জন্মগ্রহণ করিয়া পিতাকেই জানে এবং ভয়ে, আপদ-বিপদে এবং প্রয়োজন সিদ্ধির জন্ম, পিতারই আশ্রয় লয়; কেননা সে তো আর কাহাকেও শ্রেষ্ঠ বলিয়া জানে না। তাই রাক্ষ্যাদি এবং মন্তুল্লাদি ব্রহ্মারই তপস্তা করিয়া তাহাদের পিতা বা পিতামহ ত্রন্ধার নিকটই বর প্রাপ্ত হয়। বিশ্বামিত্রও তপস্থা করিয়া ব্রহ্মার নিকটই বর প্রাপ্ত হইয়া, তাঁহার সমস্ত লোকাতীত কার্যা দেখাইয়াছিলেন। বিশ্বামিত এতকাল তপস্থা কবিয়া কেবল যোগবিভৃতিই লাভে সমর্থ হইয়াছিলেন। এখন পরিণত বয়সে তাঁহার মনে হইল তিনি এতকাল ভম্মে ঘৃতদানের আয় বুথাই তপ্সা

করিয়াছেন; ব্রন্ধবি ভগবান্ অগন্তা বা বশিষ্টের সিদ্ধির ছায়, তিনি পিতামহ ব্রন্ধারও যে পিতা আছেন যাঁহাকে বা যাহা পাইলে চির শান্তি বা চির আরাম প্রাপ্ত হওয়া যায়, সেই পদলাতে সিদ্ধ হন নাই। তাই তিনি রামকে অবলম্বন করিয়া বা তাহার সাহায়ে তাহা সম্পন্ন করিবেন ইহাই দ্বির করিলেন। কেননা রাম যে কিবস্তু তাহা তিনি জানেন। এখানে রামের অর্থ—

"যিমিন্ রমস্তে ম্নয় বিগুলা জ্ঞান বিপ্লবে"।
দশরথায়জ রামকে তিনি সেইরপভাবেই চিন্তা করিয়া, তাহাকেই,
তাঁহার অভীপিত রাম বা আরামের মূর্ত প্রতীকরপে তাঁহার
মানসপটে, একাগ্র চিন্তে ধ্যান দ্বারা স্থির ও স্থিত করিয়া সাধনা
দ্বারা তিনি সেই রামই হইবেন বারামের পদ প্রাপ্ত হইবেন, এই
ইচ্ছাতেই তাঁহাকে (রামকে) দশ দিনের জন্ত দশরথের নিকট হইতে
লইয়া আসিলেন। যে দশরথ রাজার দশদিকে ধাবিত মনোরপরথ
প্রত্যাক্ষিত হইয়া এক রামরূপ আয়া বা আয়েজ নিবদ্ধ হইয়াছিল,
বাঁহার নয়নের দৃষ্টি দশ দিকের বাহ্য পদার্থ বা বৃত্তি হইতে নিবৃত্ত
হইয়া তাঁহার নয়নমনি রামে গাঢ় আসক্ত হইয়াছিল, সেই নয়নমনি
হরণই, বিশ্বামিত্রের অভিপ্রায় । বিশ্বামিত্রের সেই অভীষ্ট কিরুপে সিদ্ধ
হইয়াছিল, তাহা আমরা পরবর্জী অধাায়ে দেখাইব।

বাল্মীকি ঋষি বিখামিত্রের ইতিহাস লিখিবার জন্ম রামারণ রচনা করেন নাই। ইহা একটী পারিপার্থিক প্রয়োজনীয় ঘটনা। স্বতরাং রামের পক্ষে তাঁহার কি প্রয়োজন সাধন উদ্দেশে এই বিখামিত্রের অবতারণা হইল, ইহাই দেখিতে হইবে। আমরা ইতিপুর্কেই বলিয়াছি তাঁহার (বাল্মীকির) এক প্রধান উদ্দেশ্য ছিল এই রামচন্দ্র দ্বারা রামত্রপ্রাপ্তির সাধন প্রণালীর পথ প্রদর্শন। স্কুতরাং এই মনুষ্য রামকে প্রকৃত রাম বা আরামের প্রতীকরূপে পরিণতে করিতে হইলে, তাহাকে কিরপভাবে গঠন করিতে হইবে. কিরূপ ছাঁচে ঢালিতে হইবে, তাহাই প্রদর্শন জন্ম তিনি বিশামিত্রের সাহায্য লইলেন। যোগাভ্যাসই যে এই সাধনার মূল তাহাই তাঁহার প্রতিপাল। এই যোগাভ্যাস করিতে হইলে প্রথমে কষ্টসহিফ্তা অভ্যাস করিতে হয়। রামের এই প্রথম অভ্যাস বাল্মীকি বিশামিত্রের সাহায্যেই সংঘটন করাইলেন। দশর্থ তাঁহার নয়নপুত্তলি রামকে একদণ্ডের জন্মও চক্ষ্র অন্তরাল করিয়া জীবিত থাকিতে পারেন না এরপ বলিয়াছিলেন। রামও শিশুকাল হইতেই অতি যত্নে রাজসম্পদ ও সম্ভোগে বদ্ধিত। স্থতরাং তাঁহাকে এই অভান্ধ বাজসম্ভোগ ও বিলাসিতা পরিত্যাগ করাইতে হইলে রাজপ্রাসাদ ও অযোধ্যানগরীর বাহিরে লইবার নিতান্ত প্রয়োজন। দশরথের নয়নান্তরালক্ষপ তুরহ কার্য্য সাধন এক বিশ্বামিত দারাই সম্ভব। তংকালীন ক্ষত্রিয় রাজারা যদি কাহাকেও ভয় করিতেন, তবে তাহা এই ব্রাহ্মণ ও তপস্বীদিগকেই,—তাঁহাদের শাপভয়ে ভীত হইয়াই করিতেন। বিশ্বামিত্রের কোপনস্বভাব তথন সমস্ত আর্য্যাবর্ত্তে বিশ্রুত। রাজা প্রথমে অস্বীকার করিলেও যখন বশিষ্ঠ, বিশ্বামিত্রের ক্রোধ দর্শনে, রাজাকে সতর্ক করিলেন তথন তিনি অগতা। স্বীকৃত হইলেন। তিনি বলিয়াছিলেন বিশামিত অনেক অস্ববিলায় পারদর্শী এবং এই বিলা তিনি রামকে দান করিবেন। রাম এ পর্যান্ত যে অন্তবিষ্ঠা আয়ত্ত করিয়াছেন তাহাই যথেষ্ট নহে. বিশামিত্রের নিকট তিনি অনেক ফুর্লভ বিছা শিখিতে পারিবেন---যাহাতে ভবিশ্বতে রামের অনেক উপকার হইবে। ঐতিহাসিক রামের অসাধারণ বীর্যাবতা ও অভত অল্পকুশলতার দুষ্টান্ত দেখাইতে হইলে, তাহা অভ্যুতকর্মা বিখামিত্রের নিকট শিক্ষার ফলেই হইতে পারে, ইহাই দেখাইবার উদ্দেশ্যে বাল্মীকি বিখামিত্রের অবতারণা করিয়াছেন। ইহা ঐতিহাসিক মহয় রামের দিক দিয়া আমরা দেখাইলাম।

কিন্তু উল্লিখিত রামায়ণোদ্ধত বর্ণনার মধ্যে যে ব্রহ্মার উপদিষ্ট, বাল্মীকির গৃঢ় বহস্তের স্থচনা, গৃঢ়ভাবেই নিহিত আছে তাহাও আমরা বেশ ব্ঝিতে পারি। তাহা কিন্ধপে ব্ঝা যায়? তাহা ঐ 'বলা' ও 'অতিবলা' নামী হুইটা মহাবিভার কথাতেই ফুটিত হইয়াছে। রামকে প্রথমেই ঐ হুইটা বিভা গ্রহণ করিতে বিশামিত্র আগ্রহ করিলেন। ঐ হুইটা বিভা চতুমুখি ব্রহ্মার তেজবিনী নন্দিনীস্বরূপ তাঁহারই জ্ঞান। ইহা সমন্ত জ্ঞানের প্রস্তিস্বরূপ। উহা আয়ত্ত করিলে "জ্ঞানে তোমার তুলা কেহ থাকিবে না।" ব্রহ্মা তাঁহার চতুমুখি চতুর্বেদ বাক্ত করিয়াছেন। অন্তিজ্ঞান হইতে, সমন্ত আধ্যাত্মিক ও প্রাকৃতিক জ্ঞানই চতুর্বেদের প্রতিপাভ বিষয়। ব্রহ্মজ্ঞানী বা আত্মজ্ঞানী, সমন্ত জ্ঞানের জ্ঞানে, জ্ঞানী

"তত্র নিরতিশয়ং সর্বজ্ঞ বীজং"

"প্রজ্ঞানং আনন্দং ব্রহ্মঃ।"

ব্রন্ধ হইতেই সমস্ত জ্ঞান নিস্তত হয়। তাঁহারই প্রতীক ব্রন্ধা।
স্থতরাং এই বলা ও অতিবলা বিছারপ নন্দিনী দ্বারাই ক্রমে
ব্রন্ধজ্ঞান লাভ হয়। যেন সাধনা পথের পথিককে, ব্রন্ধেরই ছুই
কলা হাত ধরিয়া তাহাদের পিতার সকাশে, পথ প্রদর্শন করিয়া
লইয়া যায়। এই বিছাদ্বয় অধিগত হইলে, জরা বা স্থ্য ছুংথ রূপ
কোনও বিকারের উপদ্রব থাকে না। এই "বলা"ই হইল মনের
বল সংগ্রহ করিয়া মনকে আয়ত্থে আনা, আর অতিবলা তৃদপেকাও

শক্তিশালী যাহার সম্বন্ধে আমরা পরবর্তী অধ্যায়ে বির্ত করিব।
ইহাই গুরুস্থানীয় বিশ্বমিত্রের নিকট রামের প্রথম শিক্ষা, তাহাই
ঋষি বর্ণন করিলেন। স্থতরাং তাঁহার উদ্দেশ্য এথানেই ব্যক্ত
হইয়াছে। অর্থাং বিশ্বমিত্রকেই, তাহার শিক্ষাগুরুর স্থানে স্থিত
করিয়া, রামের সাধনার আরম্ভ করাইলেন। ব্রহ্মর্মি বশিষ্ঠও তো
ইহা করিতে পারিতেন? কিন্তু রাজপ্রাসাদের রাজভোগের ও
বিলাসের মধ্যে নিমজ্জিত থাকিয়া এই কঠোর সাধনা সম্ভব হয় না।
বিশিষ্ঠও দশরথের ঋত্বিক ও মন্ত্রী। স্থতরাং তিনি ইচ্ছা করিলেও
রাজাদেশের অত্যথা করিতে পারিতেন না। তাই তিনি এই স্থ্যোগ
উপস্থিত দেখিয়া রাজাকে বিশ্বামিত্রের সহিত রামকে ছাড়িয়া দিতে
উপদেশ দিয়াছিলেন।

এই তাড়ক। নামের কি কোনও গৃঢ় অর্থ আছে ? বান্নীকিই বা ইহার নাম তাড়কা রাখিলেন কেন ? তাড়কা কামরূপিণী রাক্ষ্মী। তাড়কা শব্দের অর্থ যে তাড়ন করে বা পীড়ন করে। কোন বিষয় প্রাপ্তির জন্ম চেষ্টা বা উল্মোগ করিলে—যাহা তাহা হইতে তাড়াইয়া দেয়। সাধক, সাধনার লক্ষ্য বা সাধ্যের ধ্যানে বসিলেই কামনা ও

বাসনারপী বুত্তিগুলি আসিয়া তাহার মনকে আকর্ষণ করে; যেন তাহার সেই লক্ষ্য পথে ধাবিত মনকে তাড়াইয়া তাহাকে পথভ্ৰষ্ট করে। ইহাই তাড়কা; যেহেত কামনা বাসনা শব্দও স্ত্রীলিঞ্চ। মনের বল সংগ্রহ করিবার জন্ম যে বলা বিভা শিক্ষা দিয়া বিশামিত, রামের মনে বল সঞ্চার দ্বারা, মন সংযমের উপদেশ দিয়াছিলেন, তাহাই কার্য্যকরী হইয়াছে কিনা দেখিবার জন্ম, এই তাড়কারপী কামনা ও ইচ্ছার দ্বারা তাঁহার পরীক্ষা গৃহীত হইয়াছে। পূর্বে রাত্রিতে রাম সরষ্ তীরে, মুক্ত আকাশের নীচে, জনমানবহীন স্থানে, বনজাত ফল মুলাহারে ক্ষধা নিবৃত্তি করিয়া পর্ণশ্যাায় শয়ন করতঃ রাত্রি যাপন করিয়াছিলেন। রাম যে রাজপ্রাসাদের ত্ব্ধফেননিভশ্য্যার পরিবর্তে, কঠিন ভূমিতে তুণশ্য্যাতে শ্ব্ন করিয়াও, স্থনিদ্রা উপভোগান্তে, প্রভাতে উঠিয়া কোন বিরক্তি বা কেশস্তুচক চিহ্ন দেখান নাই, এবং প্রফল্ল-বদনেই তাঁহার পাদবন্দনা করিলেন, ইহা দেখিয়া বিশ্বামিত্র তাঁহার ক্লেশসহিষ্ণতার পরিচয় পাইলেন। আর অভাও তাঁকে প্রথমে মন্ত্রে দীক্ষিত করিয়া, ঘোর বনে তাড়কা রাক্ষ্মীর ভয় দেখাইয়া, তাঁহার মন সংযমের কোন বিল্ল হয় কিনা—তাঁহার ভীতিতেও রাজভোগ কামনায়—তাহাই পরীক্ষা করিলেন এই তাডকার অবতারণায়। রাম যে সেই কামরূপী রিপু বধ বা দমন করিয়া মনের স্থৈয়া দেখাইতে সক্ষম হইলেন, ইহা বিশ্বামিত উপলব্ধি করিলেন।

পুনশ্চ বিখামিত্র রামকে বলিয়াছিলেন তাঁহাদের গস্তব্যক্থান বনের অপর পার্বে যাইতে হইলে, এই বিপদদক্ষল বনের মধ্যক্তিত পথ অবলম্বনে যাইলে অপেক্ষাক্তত স্বল্প সময়ে সন্ধ্যার পূর্ব্বেই পৌছিতে পারেন। পক্ষান্তরে আর একটী নিরাপদ পথও আছে, যাহা এই বনকে বেষ্টন করিয়া তাহার অপর পার্যে পর্যন্ত বিস্তৃত, কিন্তু তাহা অতিক্রম

করিতে অনেক সময় অতিবাহিত হইবে। এরপ বলা সত্তেও রাম সেই ভয়সঙ্কল্প পথে যাইতেই তাঁহার দৃঢ় সঙ্কল জানাইলেন। ইহাতেও বিশ্বামিত্র বৃ্ঝিলেন রাম এই তাড়কারূপী ভীতি, কামনাও বাসনাও দমন করিলেন।

ইন্দ্রেমল ও করুষ ধৌত হইয়া যে স্থানে পড়িয়া, তাহার ভূমি कलुविक इटेल, म्पटे ज्ञात्मरे मनम ७ कक्ष नात्म जनभम इटेल। এন্তানে ইন্দ্র অর্থে ইন্দ্রিয়। ইন্দ্রের বা আত্মার অনুমাপক প্রকাশক লিক্ষই ইন্দ্রিয়। স্থতরাং ঐ মল করুষ ইন্দ্রিরেরই। সেই মল ও করুষ-ঘুষ্ট স্থানের ভূমি হইতে যাহারা উভূত হইল, তাহারাও ঐ মল ও করুষ-দারা দূষিত হইল-যেমন ময়লা গোময় বা বিষ্ঠা হইতে ঘুণা কীটের জন হয়। আবার তাডকাও দেই মল ও করুষ-তুই জনপদের প্রাণীর ভক্ষণে পুট হইয়া, সেই কলুষ তুট হইল। ইন্দ্রিয় বা ইন্দ্রের মল তাহার মনের মলিনতা, আর করুষ ক্ষ্ধার পীড়ন। স্থতরাং কামরূপী তাড়কা এই মনের মলিনতা ও ক্ষ্ধার মূর্ত্ত প্রতীক। নানান্ধপ কামনাই, মনের মালিত এবং চুট ক্ষধাই যোগের বা সাধনার বিম্নকর। তাই তাডকা কামরূপী, মনের মালিন্ত, ক্রোধ লোভ কামাদি যড রিপুর তাডনা। সেই মলদ ও করুষ জনপদের প্রাণীরা, এই সমন্ত রিপুর বশীভূত হইয়া, পরস্পরের মধ্যে বিবাদ করিয়া উৎসন্ন হওয়াতে, ক্রমে সেই জনপদ গভীর অরণ্যে পরিণত হইতেছিল। জনপদবাসীরা লোভে পড়িয়া অথাত আহার করিয়া পীড়িত হইয়া, মৃত্যুমুখে পতিত হইতেছিল, এবং অন্তেরা আপনাদের মধ্যে ক্রোধ ও হিংসার বশে দ্বন্দ করিয়া বিনাশ প্রাপ্ত হইতেছিল। ইহাই এই বর্ণনার গৃঢ় তাৎপর্যা। পক্ষান্তরে বলিয়াছেন, অগন্ত্য ঋষিস্থাপিত এই প্রদেশ জনশৃত্য হইতেছিল। রামায়ণে বর্ণিত হইয়াছে অগস্তা ঋষিই, ক্রমে ক্রমে অগ্রসর হইয়া দাক্ষিণাতা

অভিমথে যাইয়া, সেই সেই প্রদেশ আবিকার করিয়াছেন। এই গঞ্চার দক্ষিণ দিকের তীরে একদিনের পথ অতিক্রম করিয়া যে স্থানে বিশ্বামিত্র রাম সমভিবাবহারে উপস্থিত হইয়াছিলেন, তাহাও অগন্তা ঋষিরই দাক্ষিণাতো একটী উপনিবেশ। তিনি শিষ্যগণসহ ক্রমেই আর্য্যাবর্তের জনপদবতুল স্থান ত্যাগ করিয়া, তপস্থার জন্ম নিবিড জনসমাগমহীন প্রদেশের অন্বেষণে ভানে ভানে আশ্রম ভাপন করিয়া তপস্থানিরত হইতেন। উপনিষ্দের আরণাক ঋষিরা এই অরণোট তপস্তা করিতেন। জনপদদং প্রাবে পাছে তাঁহাদের মন কল্যিত হয়, দেই জন্ম অরণ্যবাদই তাঁহারা নিরাপদ মনে করিতেন। অগন্তা ঋষি এই নির্জন স্থানে প্রথমে তাঁহার আশ্রম স্থাপন করিলেন। ক্রমে এই স্থানে কালে জনপদের উদ্ধব হইলে সেই জনপদবাদীবা ক্রমে আহার, বিহার 🗣 বিলাসিতায় আসক্ত হইল। তথন তাঁহার শিশুমণ্ডলীর মধ্যে অনেকে দেই জনপদ্বাদীদের সংশ্রবে আদিয়া তাহাদের আশ্রমোচিত আহার বিভাব নিয়মাদি পরিতাাগ করিয়া, ভাহাদের সহিত মেলামিশা করিবার ফলে, প্রবৃত্তির দাস হওয়াতে, সংযমাদি ভ্রপ্ত হইল এবং তাহাদের মনও মলিনতা পূর্ণ হইল। দঙ্গে দঙ্গে তাহাদের ক্ষ্ণার প্রকোপও বৃদ্ধি হইল-এ জনপদবাদীদের নানারপ লোভজনক আহার্য্য বস্তুর আস্বাদন ক্রিবার প্রবৃত্তিতে। শিশুগণের এইরপ ক্রমিক অধঃপতন অনিবার্য্য দেখিয়া, তিনি এই আশ্রম পরিত্যাগ করিয়া আরও দূরে দাক্ষিণাত্যে প্রস্থান করিলেন। যে সমস্ত শিশু তথনও সংযমএই হয় নাই, মাত্র তাহাদিগকেই দলে লইয়া প্রমন্তদিগকে পরিত্যাগ করিয়া গেলেন। এট শেষাক্ষেরা জনপদবাসীদের সহিত মিপ্রিত হইয়া গেল এবং ভাহাদের স্থায় পরিণাম প্রাপ্ত হইল। এইরপেই অনেক তাপস উৎসন্ন ও নিধনপ্রাপ্ত হইল। এই তাডকারপ কামরূপী রাক্সীই

দেই তাপদদের কাম, ক্রোধ, হিংদা ইত্যাদি মনের মলরূপে বর্ণিত হইয়াছে।

বৃত্ত বধ করিয়া ইজ ব্রহ্মহত্যাকলুষিত মলিন ও কুধাক্রাস্থ হইয়াছিলেন।

> "পুরা বৃত্ত বধে রাম মলেন সমভিগ্লুতম্। ক্ষুধাচৈব সহপ্রাক্ষং ব্রহ্মহত্যা সমাবিশং॥"

বুত্র, অস্ত্র বলিয়াই পুরাণে বণিত হইয়াছে। স্থতরাং অস্ত্র বধে ইন্দ্ৰ ব্ৰহ্মহত্যা পাপগ্ৰন্ত হইলেন কিন্নপে? কিন্তু বাল্মীকি তাহাকে অস্তর বলেন নাই। স্বতরাং এই ব্রেরে অর্থ কি? বু+ত্র বু-ধাতু আবরণে। সেই আবরণ হইতে যাহা ত্রাণ করে তাহাই বৃত্র। যেমন কং বা অনিষ্ট হইতে যে ত্রাণ করে সেই ক্ষত্র। কাহার ? না মনের। মনের আবরণ বা মালিত তাহার অবিশুদ্ধতা নানারণ কামনাদি বিপু দারা হয়—যাহা ইন্দ্রিয় সমূহ দারা গৃহীত ও প্রকাশিত হয়। ইন্দ্রের মন সেই কলুষরূপ আবরণ হইতে ত্রাণকারী বুত্র ছারা যথন প্রভাবান্বিত ছিল তথন তিনি আত্মজ্ঞানী ছিলেন। অর্থাং মন যথন আত্মন্ত হয়, তথন তাহা ইন্দ্রিয় সংযম করিয়া, ইন্দ্রিয়ের প্রভাব হইতে মুক্ত হইয়াই হয়। সেই বৃত্তরূপ শক্তিকে যথন তিনি বধ করিলেন, বা ভোগাসক্ত হইয়া তাহার প্রভাব হইতে নিজেকে স্বেচ্ছায় বিচাত করিলেন, তথন ব্লহতা। পাপগ্রস্ত হইলেন অর্থাৎ ব্লক্জান হারাইলেন। এখানে বৃত্র অর্থে আত্মা। আত্মজানেই মন ইন্দ্রিয়ের প্রভাব হইতে নিজকে স্বাধীন রাখিতে পারে। তাঁহার মন তথন পুনরায় মলিন হইল এবং তিনি ক্ষ্ধাগ্রন্তও হইলেন। অর্থাৎ মন তথন আত্মজান इटेट कृ उ ट्रेश भूनतां इिक्टरात वनी कृ उ ट्रेन ६ कन् विक ट्रेन। স্বর্গে ক্ষুধা তৃষ্ণা নাই এইরূপ পুরাণে বর্ণিত আছে। তথন ইন্দ্র এই অগন্তাশ্রেমে আসিয়া তপন্থা করিয়া, তাঁহার মনের মালিন্য ও ক্ষ্ণাকে এখানে পরিত্যাগ করতঃ পুনরায় বিশুদ্ধ মনে, ব্রহ্মজ্ঞান লাভ করিলেন। ব্রহ্মের রূপা অর্থে ব্রহ্মজ্ঞান লাভ। আর ব্রহ্মবধ তাহার বিপরীত ব্রহ্মজ্ঞানচ্যুতি। এখানে বাল্মীকি ইক্র শব্দ ইক্রিয় অর্থে ব্যবহার করিয়াছেন। "ইক্রশু আত্মনোলিঙ্গমন্থাপক্য। ইক্র+নিপাতনাংঘচ্ — ইক্রিয়ং। ঈশ্বরেন স্বষ্টং। জ্ঞানকর্ম্মাধন্য্। আত্মার প্রকাশ ইক্রিয় সাহায়েই হয় এবং ইক্রিয় মন দ্বারা চালিত হয়। মনও একাদশ বা ষষ্ঠ ইক্রিয়। ইক্রিয়াদি দ্বারা যে বৃত্তি নিচয় মন গ্রহণ করে, তাহাই মনের আবরণ; সেই আবরণেই যেন আচ্ছাদিত হইয়া মন আত্মার স্বদ্ধে বিশ্বত হয়। আবার তাহার আত্মজ্ঞান হইলেই, সেই আবরণ অপস্তত হয়। তাই আত্মাই মনকে তাহার আবরণ হইতে ব্রাণকারী অর্থ্যং বৃত্ত। বৃত্তশন্দ বেদে মেঘ ও অন্ধকার অর্থে ব্যবহৃত হইয়াছে। আমরা যদি উপরোক্ত অর্থ করি তাহা হইলে তাহা কি অসঙ্গত হয়?

তৃতীয় পরিচ্ছেদ

মারীচ ও সুবাহু বধ

তাড়কার বন হইতে নির্গত হইয়া বহুপথ অতিক্রম করিয়া, তাঁহারা আর একটী মনোরম আশ্রমের নিকটবর্ত্তী হইলে, রাম বিশ্বামিত্রকে জিজ্ঞাসা করিলেন, "আমরা অদূরে যে মনোহর ও শুভদর্শন প্রদেশ দেখিতে পাইতেছি উহা কি কাহারও আশ্রম ?" তথন বিশ্বামিত্র কহিলেন, "রাম! মহাত্মা বামনের উৎপত্তির পূর্বের এই আশ্রম 'দিদ্ধাশ্রম' বলিয়া প্রসিদ্ধ ছিল। কারণ এখানে মহাতপস্বী বিষ্ণু তপঃসিদ্ধি লাভ করিয়াছিলেন। এথানে সর্ব্বদেবনমস্কৃত মহাতপস্বী বিষ্ণু অনেক বৎসর তপস্থা করিবার জন্ম বাদ করিয়াছিলেন ! তংকালে অস্থরেন্দ্র বিরোচন-পুত্র বলি, যুদ্ধে ইন্দ্রাদি দেবতাদিগকে পরাজিত করিয়া, স্বর্গ হইতে বিতাড়িত করতঃ, দেবরাজ্যে রাজত্ব করিয়াছিলেন। তথন দেবতারা এইস্থানে তপস্থানিরত বিষ্ণুর শরণাপন্ন হইয়া প্রার্থনা করিলেন 'আপনি মায়াদারা বামনরূপী হইয়া বলির নিকট যাচ্ঞা করিয়া, আমাদের হিত্যাধন করুন। এই উত্তম স্থযোগ, কেননা বলি যক্ত অফুষ্ঠান করিয়া, চারিদিক হইতে আগত ব্রাহ্মণ ও যাচকদিগকে, যে যাহা চাহিতেছে তাহাই দিতেছে।' দেই সময় ভগবান কশুপও বিফুকে, পুত্ররূপে তদীয় পত্নী অদিতির গর্ভে, জন্ম লইবার জন্ম প্রার্থনা করেন, এবং বলেন আপনার (বিষ্ণুর) তপসিদ্ধিহেতু, এই স্থান সিদ্ধাশ্রম নামে বিখ্যাত হইবে। অনন্তর বিষ্ণু বামনরপে অদিতি গর্ভে জন্ম গ্রহণ করিয়া বলির নিকট উপস্থিত হইয়া ত্রিপাদভূমি হাচ্ঞা করিলেন। বলি তাহাই দিতে স্বীকৃত হইলে, তিনি ত্রিপাদ দ্বারা ত্রিলোক আক্রমণ করিয়া, বলিকে বন্ধন করতঃ মহেন্দ্রকে স্বর্গে পুনঃস্থাপিত করিলেন।

> 'ত্রীন্পাদানথ ভিক্ষিত্বা প্রতিগৃহচ মেদিনীম্। আক্রম্য লোকান্ লোকার্থী সর্ব্বলোকহিতেরতঃ।'

পূর্ব্বে বিষ্ণু এই আশ্রমে বসতি করিয়াছিলেন। সম্প্রতি আমি তাঁহার প্রতি ভক্তিবশতঃ এই আশ্রম উপভোগ করিতেছি। এই আশ্রমেই সেই যজ্ঞ বিম্নকারী রাক্ষসেরা আসিয়া থাকে। এই স্থানেই তোমাকে সেই চুষ্টাচারীদিগকে সংহার করিতে হইবে। এই আশ্রম যেমন আমার, তোমারও তজ্ঞপ।"

তাঁহারা সেই আশ্রমে প্রবেশ করিলে আশ্রমন্থ মূনিগণ, বিশ্বামিত্রের পূজা ও রামলক্ষণকে বথাবথ অভার্থনা করিলেন। বিশ্বামিত্র রামের অন্তরোধে সেই দিনই নিয়তান্তঃকরণে বজ্ঞার্থে দীকিত হইলেন। পরদিন প্রভাতে রাম বিশ্বামিত্রকে কহিলেন, "ভগবান্! কোন সময়ে সেই তুই রাক্ষনের অভ্যাচার হইতে বজ্ঞ রক্ষা করিতে হইবে নির্দেশ করুন, যেন আমাদের অসাবধানতাবশতঃ সেই সময় অতিক্রান্ত না হয়।" তাঁহারা যুদ্ধার্থ প্রস্তুত হইয়া এইরূপ বলিলে, আশ্রমন্থ মূনিগণ বলিলেন, "এই মুনি বিশ্বামিত্র যজ্ঞার্থ দীক্ষিত হইয়াছেন, ইনি আজ হইতে ছয়দিন মৌনী হইয়া থাকিবেন, তোমরা এই কয়েক দিবদ ইহাকে রক্ষা কর।" তথন তুই ভ্রাতা তংশ্রবণে সম্বন্ধ হয়া নির্দাপরিহারপ্রক্রক, ছয়দিনই তপোবন রক্ষা করিতে লাগিলেন"

"উপাদাঞ্চক্রতু বীরৌ যন্তে পরমধন্বিনী। বরক্ষতুমুনিবরং বিশামিক্রমরিক্দমম্॥"

জ্ঞানে পাচ দিন গত হইয়া ষষ্ঠ দিবদ আগত হইলে, ঋত্বিকেরা যজ্ঞের অগ্নি জালিলেন। এমন সময় সহসা গগনে ভীষণ শব্দ উত্থিত হইল। বর্ষাকালের মেঘের আয় মারীচ ও স্থবাহু রাক্ষসদ্বয়, মায়া বিস্তার করতঃ গগনমণ্ডল আচ্ছাদন করিয়া, তদভিমুখে ধাবমান হইল। পরে তাহারা ও তাহাদের অমুচরগণ তথায় আসিয়া রুধির ধারা বর্ষণ করিতে লাগিল। তথন রাম সেই বেদীর নিকট সহসা শোণিত-রাশি পতিত হইতে দেখিয়া, তদভিমুখে জ্রুতপদে যাইয়া, আকাশে সেই রাক্ষ্যদিগকে দেখিতে পাইলেন। রাম লক্ষ্মণকে বলিলেন, "আমি এই মাংসাশী তুর্বত্ত রাক্ষসদিগকে মানবান্ত দারা কম্পিত করি, যেমন অনিল দারা মেঘ কম্পিত হয়; আমি ইহাদিগকে হনন করিতে ইচ্ছা করি না।" তখন রামকর্ত্তক নিক্ষিপ্ত সেই মানবাস্ত্র মারীচের বক্ষে নিপতিত হইলে, সে তাহার আঘাতে শত যোজন দুরবর্ত্তী সমুদ্রের মধ্যে পতিত হইল। রাম শীতেষু নামক মানবাত্ত্বে পীড়িত মারীচকে বিঘর্ণিত অচেতন ও যুদ্ধনিরস্ত দেখিয়া, লক্ষণকে বলিলেন, "তুমি দেখ এ মহপ্রযুক্ত মানব শীতেষু অস্ত্র মারীচকে বিমোহিত করিয়া লইয়া যাইতেছে কিন্তু উহার প্রাণ-সংহার করিতেছে না।"

"পশ্য লক্ষণ শীতেষু মানবং মহুসংহিতম্।"

তৎপরে রাম আগ্রেয় অন্ত্রছারা স্থবাত এবং অক্সান্ত রাক্ষসদিগকে বধ করিলেন। পরে যজ্ঞ সমাপ্ত ইইলে বিশ্বামিত্র সমস্ত দিক নির্কাধা দেখিয়া রামকে কহিলেন, "বীর! তুমি গুরুর আদেশ প্রতিপালন করিলে, এই সিদ্ধাশ্রমের নামও সার্থক করিলে। আমিও ক্লতার্থ হইলাম।"

'কুতার্থোহস্মি মহাবাহো কুতং গুরুবচন্ত্রা॥'

পরে তাঁহারাও তুইজনে কুতার্থতা লাভে মুদিত হইয়া, হাষ্টান্তঃকরণে সেই রাত্রি তথায় অতিবাহিত করিলেন।

> "অথ তাং রক্জনীং তত্র ক্লতার্থে রামলক্ষণে। উষতুমূদিতো বীরো প্রকষ্টেনাস্তরাত্মনা॥"

এই মারীচ ও স্থবাত বধের তাংপর্য কি এবং এই সিদ্ধাশ্রমেই বা তাহারা বিশেষতঃ অত্যাচার করে কেন? এই সিদ্ধাশ্রমে বিষ্ণু বহু বংসর তপস্তা করিয়া সিদ্ধ হইয়াছিলেন, সেইজগুই ইহার নামও সিদ্ধাশ্রম হইয়াছে এবং এথানেই বিশ্বামিত রামের সাহাযো সিদ্ধিলাভ করিয়া কুতার্থ হইলেন। আবার এইখানেই বিষ্ণু অদিতির গর্ভে বামনরপে জন্মগ্রহণ করিয়া বলিকে ছলনা করিলেন। বিশামিত বিষ্ণুর প্রতি ভক্তিবশতঃ দেই আশ্রম রক্ষা করিতেন। এই আশ্রমে বিষ্ণুও সিদ্ধ হইয়াছিলেন, এবং বিশামিত্রও সিদ্ধ হইলেন। বিষ্ণুর তপস্তারই বা কি প্রয়োজন? বিষ্ণু দগুণত্রন্ধ। বিশ্বরূপে প্রকাশিত নিগুণ পরমাত্মার দগুণ রূপই বিষ্ণ। ব্যাপ্মোতি বিশ্বমিতি বিষ্ণু--বিশ ব্যাপিয়া আছেন বলিয়া তাঁহার নাম বিষ্ণু; বিশতি—অন্প্রবিশতি— বিশ্বস্থ প্রত্যেক পদার্থে তিনি অন্মপ্রবেশ করিয়া সর্ব্বত্ত ব্যাপ্ত আছেন। এইজ্ব্ তিনি বিষ্ণুব্রশ্ব—ব্রন্ধের প্রতাক্ষ সগুণরূপ। পরব্রন্ধ নিগুণ, নিরাকার অপ্রত্যক্ষ শৃত্যাকার। তাই সগুণব্রহ্মবিষ্ণু, যেরূপ তপস্থা দ্বারা তাঁহার নির্গুণতে যান, সেইরূপ দগুণত্রদ্ধবিফু-ভক্ত বিশ্বামিত্র, ব্রফোর সগুণ হিরণাগর্ভরূপ পর্যাস্ত দর্শন বা উপলব্ধি করিতে পারিয়াছিলেন। এখন তিনি রামকেই বা পরব্রহ্মপদকেই তাঁহার প্রাপা বা সাধ্য লক্ষ্য স্থির করিয়া, সেই সগুণ বিষ্ণুরূপের উপলব্ধি হইতে, নিগুণ রাম অবস্থা প্রাপ্ত হইয়া ব্রহ্মভূত বা রাম বা আত্মারাম হইলেন। রাম বা আরামের অবস্থাও শৃতাকার।

"যং শৃত্যাদীনাং শৃত্য তংএবন্ধ ব্রহ্মবাদিনান্॥"
এক কথায় বিশামিত্র ব্রহ্মত্ব লাভ করিয়া তাঁহার দীর্ঘ জীবনের সাধনার
ফল প্রাপ্ত হইলেন। তাই রামকে বলিলেন "কৃতার্থোহিন্মি ছয়া" অর্থাৎ
রাম! তোমার রাম নামের পদ আমার প্রাপ্য ধ্রুব লক্ষ্য করিয়া,
আমি এই ছয়দিন ধ্যানরত থাকিয়া, সেই পদ লাভ করিতে সমর্থ
হইয়া, কৃতকৃতার্থ হইলাম। সহজ ভাষায় যাহাকে বলে প্রমপদলাভ।
বিষ্ণুর ও বিশামিত্রের দিদ্ধিলাভ কতকটা বুঝা গেল।

কিন্তু এইস্থানে পৌরাণিক উপাধ্যানে বর্ণিত বিঞ্র বামন অবতার পরিগ্রহ ও বলিকে ছলনা করিবার কথা উল্লিখিত হইল কেন? আমরা প্রথমে বলি ও বামনের উপাধ্যানের মূল সূত্র, পুরাণ কর্তারা কোথা হইতে কল্পনা করিলেন, তাহার একটু আভাস দিব। ঋগ্বেদে বিঞ্কে আদিত্য বা স্থ্য সম্বোধনে, কতকগুলি তাঁহার ভোত্রের স্কু আছে। তল্লধ্যে নিম্নলিখিত স্কুটী আমরা উল্লেখ করিতেছি। অসুমান করা যায় এই বামনের উপাধ্যান এই স্কু ইইতেই কল্পাবলে উদ্ভুত হইয়াছে। ঋগ্বেদের ১/১২২/১৬ স্কু আছে—

"ইদং বিষ্ণুবিচক্রমে। ত্রেধা নিধদে পদম ॥"…ইত্যাদি

সায়নভাশ্বমতে ইহার বান্ধলা অর্থ "বিষ্ণু সপ্তকিরণের সহিত যে ভূপ্রদেশ হইতে পরিক্রম করিয়াছিলেন, সেই প্রদেশ হইতে দেবগণ আমাদিগকে রক্ষা করুন।" খ্রীষ্টপূর্ব্ব পঞ্চম শতাব্দীতে যাস্ক বর্ত্তমান ছিলেন। তাঁহার নিকক্তে এইরূপ ব্যাথ্যা আছে:—যদিদং কিঞ্চ তদ্বিক্রমতে বিষ্ণু:। ত্রেধা নিধত্তে পদং—ত্রেধা ভাবায়—পৃথিব্যাং অন্তরীক্ষে, দিবি ইতি শাকপুনি:। সমারোহণে বিষ্ণুপদে গম্মশিরদি ইতি শ্রণনাভ:। (নিকক্ত ১২।১১)। এই অংশের উপর তুর্গাচার্য্য

ব্যাখ্যা করিয়াছেন—বিষ্ণুবাদিত্য:। নিধদে পদং নিধত্তে পদং নিধানং পদৈ:। ক্বতং তাবং। পৃথিব্যাং অস্তরীক্ষে দিবি। পাথিবোহয়ি ভূষা পৃথিব্যাং যংকিঞ্চিদন্তি তদ্বিক্রমতে তদ্ধিষ্ঠতি। অস্তরীক্ষে বৈহাতায়না। দিবি স্থ্যায়না ষহ্ত্তং তমু অক্রিম্ন ত্রেধাভাবে একমিতি। সমারোহণে উদয়িরির উন্তন্ পাদমেকং নিধতে। বিষ্ণুপদে মধ্যন্দিনে অস্তরীক্ষে। গ্রশিরদি অতং গিরৌ। ইতি উর্গনাভ মন্ততে।

প্রাচীন ঋষিরা সূর্যাকে বিষ্ণু বলিয়া উপাসনা করিতেন। ঔর্ণনাভ বলেন যে পূর্যোর উদয়গিরিতে আরোহণ, মধ্য আকাশে স্থিতি, এবং অক্টাচলে গমন, এই তিন্টী বিষ্ণুর তিন পদবিক্ষেপ বলিয়া বর্ণিত হইয়াছে। আবার শাকপুনির মতেও পথিবীতে, অস্তরীক্ষে ও র্থলোকে তিন পদবিক্ষেপ করিয়া বিচরণ করেন। পৃথিবীতে পার্থিব অগ্নিরূপে, অন্তরীকে বিত্যুৎরূপে ও ততুপরি তুলোকে স্থ্যরূপে বিষ্ণু বা অদিতির পুত্র আদিত্য বিচরণ করেন। স্বতরাং এই তিনভাবে, আদিত্য ব্যাপিয়া আছেন বলিয়া বিষ্ণ। উর্ণনাভের মতে ইহা সুর্যোরই তিন অবস্থা। যাস্কের নিরুক্তে ব্রহ্মা, বিষ্ণু ও শিবের কোনও উল্লেখ নাই। তিনি অগ্নি. ইক্ত ও সুৰ্যাকে প্ৰধান দেব বলিয়াছেন। বেদে একজনই আদিত্য বলিয়া উল্লিখিত আছে। আর সেই আদিত্য, সূর্য্যকে উদ্দেশ করিয়াই বলা হইয়াছে। কিন্তু পৌরাণিক আদিতা দাদশ। তাহার মধ্যে বিষ্ণু একজন। অদিতি অর্থে—ন + দিতি = যাহার দিতি বা থণ্ড নাই-এক অথণ্ড সতা। অনস্ত আকাশ বা শুন্তকেই অদিতি নামে অভিহিত করা হইয়াছে। শূন্ত আকাশই অসীম ও অথগু। আর সেই আকাশের একপ্রান্ত হইতে প্রাতে বাল সূর্য্য, মধ্যাহ্নাকাশে যৌবনদীপ্ত স্থা, ও সায়াকে অন্তোমুখ বা মরণোমুখ স্থা প্রতাহ

প্রতাকীভত হইতেছে। স্বতরাং মাতা অদিতির ক্রোডেই তাহার এই সম্ভানরূপ সূর্য্যের যেন জন্ম, যৌবন ও মরণ এই তিন অবস্থা প্রাপ্তি হয়, তাই সূর্য্যকে অদিতির সন্তানরূপে কল্পনা করা হইয়াছে। ইহাই ঋষির সূর্যোর কল্লিত নাম আদিতা। এখন পুরাণে দেই আদিতাকে পৌরাণিক বিষ্ণু প্রতিপন্ন করিয়া, বিষ্ণু যে পৃথকভাবে বৈদিক ঋষিদেরও উপাস্তা ছিলেন, তাহাই দেখাইবার জন্ম, তাঁহাকে ক্সাপের ঔর্নে তৎপত্নী অদিতির গর্ভে জন্মগ্রহণ করান হইয়াছে। আর সেই আদিতোরই "ত্রেধা নিধদে পদং" লইয়া এই বিফুর বামনরূপে অবতরণ করাইয়া বলি ও বামনের উপাধ্যান ঐতরেয় ও শতপথ-ব্রাহ্মণে রূপকাকারে বর্ণনা করা হইয়াছে। আবার পুরাণকার, তাহার শাখা প্রশাখা দারা তাহাকে একটা প্রকাণ্ড সত্য ঘটনার আকারে বর্ণনা করিয়া, লোকের এত বিশ্বাস উৎপাদন করিতে সক্ষম হইয়াছেন যে, বামন মন্ত্র্যু দেখিলেই তাহাকে লোকে বিষ্ণু-অবতার জ্ঞানে প্রণাম ও পূজা করিয়া থাকে। এই বামনাবতার সহজে আমি আমার "পৌরাণিক স্বষ্ট রহস্ত" নামক প্রবন্ধে বিশেষ আলোচনা করিয়াছি। বাল্মীকি ঋষির এই পৌরাণিক উপাধ্যান এস্থানে সন্নিবেশ কি নিতান্তই অবান্তর হইয়াছে ? আমাদের তাহা বোধ হয় না. তাহার কারণ দর্শাইতে আমরা চেষ্টা করিব।

এস্থানে বাল্মীকির একটা উদ্দেশ্য আছে। বিখামিত্র রামকে বলিলেন:—

> "ইহ রাম মহাবাহো বিষ্ণুদেবনমন্ধৃতঃ। বর্ষাণি স্থবভূতাত তথা ধৃগুশতানি চ॥ তপশ্চরণযোগার্থম্বাস স্থমহাতপাঃ। এষ পুর্বাশ্রমো রাম বামন্তু মহাত্মনঃ॥

দিদ্ধাশ্রম ইতিথ্যাত দিদ্ধোহত মহাতপা: । · · · · অথ বিষ্ণুম হাতেজা অদিত্যাং দমজায়ত ।
বামনং রূপমাস্থায় বৈরোচনিমুপাগমং ।"

অর্থাৎ সর্কাদেব পৃজিত বিষ্ণু, স্থবছ বৎসর এবং যুগ্শত পরিমাণ কাল, এখানে তপস্থা করিয়া বাস করিয়াছিলেন। ইহা মহাত্মা বামনের পূর্বাশ্রম। যেহেতু মহাতপা বিষ্ণু এখানে সিদ্ধ হইয়াছিলেন, তজ্জ্যই ইহার সিদ্ধাশ্রম নাম হইয়াছে। এখান হইতেই তিনি তপসিদ্ধ হইয়া কন্তপের প্রার্থনান্ধ্যারে, তাঁহার ঔরসে, অদিতির গর্ভে জন্মগ্রহণ করিয়া বামনাবতার হইলেন। তারপর বলির নিকট ত্রিপদ ভূমি যাদ্র্যা করিয়া, তিনপদে ত্রিলোক অধিকার করিলেন। এখানে বিষ্ণুশব্দে পরবন্ধই ব্রাইতেছে। তিনিই তপস্থা করিয়া তাঁহা হইতে স্বষ্টি উদ্ধব করিয়াছিলেন। "স অতপ্যত" "তপন্তেপে" ইত্যাদি উপনিষদে আছে। আবার ঋগ্রেদের দশম মণ্ডলে আছে "ঋতঞ্চ সত্যঞ্চাভিদ্ধান্তপ্রসাহধ্যজায়ত। এই স্ক্তে স্কৃষ্টির ক্রমবিকাশ বর্ণিত হইয়াছে। এখানেও বলা হইয়াছে যে, ব্রন্ধের তপস্থা হইতেই স্কৃষ্টির বিকাশ স্ক্রমং বালীকির এই বিষ্ণু, পরব্রন্ধই। শ্লোকেও আছে

"তদ্বিফোপরম্পদং সদা পশুন্তি স্বয়ঃ।"
জ্ঞানিগণ সেই বিষ্ণুর পরম পদ বা অবস্থা সর্বদা দর্শন করে—তাহাতেই
স্থিত হইয়া। ঋগ্বেদের উক্ত স্থক অন্থসারে, সেই এক সত্তার তপস্থা
হইতে, প্রথমে তাঁহার ঋতং বা সত্য সঙ্কল্ল হইল; তারপর সত্যং বা
পঞ্চ মহাভূতের স্ক্লাবস্থা হইল, (যাজ্ঞবদ্ধ্য বলেন "স্ত্যানি পঞ্চ মহাভূতানি"), তারপর তাহা হইতে রাজ্ঞ বা তম বা বাম্পর্কপে
জলের প্রথম অবস্থা হইল, পরে তাহাই ঘনীভূত হইয়া তরল জল
হইল, আর সেই সলিল হইতেই ত্ধের শরের হায় পৃথিবী হইল।

তারপর জলে নারায়ণ, মীনরূপ প্রথম জীবরূপ অবতার হইলেন। তারপর স্থল হইলে, প্রথমতঃ সেখানে ওষধিরপে বিকশিত হইলেন। তারপর সেই স্থলে স্বেদজ, অওজ হইতে ক্রমে জরায়ুজ প্রাণীরূপে বিকশিত হইয়া, শেষে চতুষ্পদ হইতে দ্বিপদ মহুগুরূপে এই বামন অবতারে প্রকাশিত হইলেন। এই বামনরূপ মহুয়াকারে বিবর্তন হইতে শত যুগ লাগিয়াছিল—কত লক্ষ বা কোটি বংসর লাগিয়াছিল। তাই শাস্ত্রে বলে চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিয়া তবে মহয় জন্ম হয়। ইহাই বিফুর তপস্থা ও তাহাতে সিদ্ধিলাভ। তিনি অদিতির গর্ভে জন্ম লইলেন কেন? অদিতি তো অথণ্ড শূন্য স্থান বলিয়া বেদে উল্লিখিত হইয়াছে। গর্ভে জন্ম অর্থে জ্বায়তে জন্ম। এই জরায়ুও উদরের শৃত্ত স্থানেই স্থিত। নতুবা ইহা ক্ষ্পাকার হইতে কিন্নপে বৰ্দ্ধিত হইতে পাৱে ? শূত স্থান পাইলেই সমস্ত পদাৰ্থ-বিদ্ধিত হইতে পারে। শৃত্ত স্থান পাইয়াই বৃক্ষ উদ্ধে বদ্ধিত হয়। আকাশ রূপ শৃত্য বা আকাশ সর্বত ব্যাপ্ত। আকাশকেই অদিতি এলা হয়। এই পৃথিবীর দশ দিকেই বা চারিদিকেই আকাশ। কোন পদার্থের গ্র্ক বলিলে তাহার অন্তরস্থ শূতা স্থানকে বুঝায়। যেমন কুন্তের গর্জ অর্থাং তাহার অন্তরন্থ শৃত্য স্থান। তেমনি পৃথিবীও অদিতির অন্তরস্থ শূলস্থানেই বিগুমান। আর এই পৃথিবীরপ জরায়ু হইতেই মহুগ্র প্রভৃতি দমস্ত জরায়ুজ প্রাণীর জন্ম হইয়াছে। এই পৃথিবীস্থ আশ্রম বা আশ্রয় স্থানেই বিষ্ণু, বামন বা মহুয়াকারে প্রথম বিবর্ত্তিত বা অবতরিত হইয়াছিলেন ৷ ইহাই তাঁহার স্টেকরণেচ্ছারূপ তপস্থার সিদ্ধি লাভ। তপস্থা একটী সঙ্কল্প লইয়াই করা হয়। আর সেই সম্বল্পের কার্য্যে পরিণতিই সিদ্ধি।

আবার জরায়তে জীব কিরপে ক্রমে ক্রমে পরিপূর্ণ আক্বতি বা রূপ

প্রাপ্ত হয়, তাহা দেখা যাউক। প্রথম পুরুষের রেত বা বীজ হইতে একটা কোষ মাত জঠবে প্রবেশ করে। সেই জঠবে ঋতুমতী মাতারও একটা কোষ প্রথম হইতেই অপেক্ষা করিতেছে। এখন এই পিতনিস্ত কোষ, জরায়র স্কন্ধ ছিদ্র, যাহা ভিতর হইতে রজস্রাবে কিঞ্চিৎ প্রসারিত হইয়াছে তাহাই, অমুসরণ করিয়া, জঠরাভান্তরে প্রবেশ করত, সেই মাতকোষের সহিত সর্ব্ধপ্রকারে একরূপে মিশ্রিত হইয়া, একটা কোষে পরিণত হয়। এই গোলাকার পিতকোষ সেই ছিদ্র দিয়া প্রবেশ করিতে একটা তীরের ফলার ন্যায় আকার ধারণ করে। ইহা সেই ছিদ্রাভান্তরে সর্পগতিতে অগ্রসর হয়। তথন সেই ফলাই যেন সেই মাতকোষকে বিদ্ধ করিয়া তন্মধ্যে প্রবেশ করে। তৎপরে এই মিশ্রিত কোষ হইতে অসংখ্য কোষের উদ্ভব হইয়া তাহার৷ একটা অভাকার ধারণ করে। তারপর তাহাদের মীনাকার হয়। তৎপরে তাহাতে. অস্থির সমাবেশ হওয়াতে তাহা কর্মাকার ধারণ করিলে, চারটী কোমল পদ উদ্ভত হয়। ক্রমে সেই কোমল পদে অস্থির সমাবেশ হইলে তাহার মেরুদণ্ড গঠিত হয় এবং সেই কুর্মাকার জীবই বরাহাকারে পরিণত হয়। প্রথমে কুর্মের পূর্চে তাহার মেকদণ্ডের চিহ্ন দেখিতে পাওয়া যায়। মুমুখুও চত্পাদরপেই ভূমিষ্ঠ হুইয়া যেন চারি পায়ের সাহায়েই প্রথমে চলাচল করে। তবে প্রভেদ এই যে, তাহার হন্তম্বয় সন্মুথ দিকে বক্র হয়। আর পদম্বয় পশ্চাৎদিকে বক্র হওয়াতে দণ্ডায়মান হইবার শক্তি হয়; নৃসিংহ অবতারে এই হস্ত ও পদের, এইরূপ পশুর বিপরীত ভাবই দেখান হয়। পশুর হস্তদ্য পশাদ্দিকে ও পদন্তয় সমূথের দিকে বক্র হওয়াতে, তাহাদের সোজাভাবে দাঁড়াইবার শক্তি নাই। ইহাই বিষ্ণুর তপস্থার ফলে ক্রম বিবর্তনে বা অবতরণে বামন রূপ মহুয়ে পরিণতি বা সিদ্ধি।

অবতরণ অর্থাৎ নীচে নামা। উত্তরণ অর্থে উর্জগমন। যেমন বৃক্ষে উত্তরণ তুর্থে উঠা। অবতরণ তাহা হইতে নামা। কোনও পদার্থ উপর হইতে বা শৃশু হইতে অবতরণ করে। বৃষ্টির জলবিন্দু, শৃশু হইতে ক্রমে তাহার স্ক্ষাকার হইতে স্থুলাকারে নিম্নে অবতরণ সময়ে, বৃহদাকার ধারণ করে। তেমনি শৃশুরপ ব্রহ্ম বা বিষ্ণু ক্রমে স্ক্ষ্ম ইইতে স্থুলরপে পরিণত হইলেই, তাহার অবতরণ হয় বা তিনি অবতার হন। তাই তৈতেরীয় উপনিষদে বর্ণিত আছে।

"তশ্বাং বা এতশ্বাং আত্মন: আকাশ: সস্ততঃ আকাশাদ্বায়:। বায়োরগ্নি:। অগ্নেরাপ:। অদ্তা: পৃথিবী। পৃথিবা। ওষধয়:। ওষধিভাে। ইলম। অলাং পুরুষ:। তন্তেদমেব শির:। অয়ং দক্ষিণপক:। অয়ং উত্তরপক্ষঃ। অয়মাত্মা। ইদং পুচ্ছং প্রতিষ্ঠা।" সেই এই ব্রহ্ম বা আত্মা হইতে শবন্ত্ৰণাত্মক সূক্ষ্ম আকাশ উৎপন্ন হইল। আকাশ হইতে শব্দ স্পর্শপ্রবায়: বায় হইতে শব্দ, স্পর্শ ও রূপ সম্পন্ন আগ্লি বা তেজ: তেজ হইতে শব্দ, স্পর্শ, রূপ ও রুদ গুণসম্পন্ন জল: জল হইতে শব্দ, স্পর্শ, রূপ, রুদ ও গৃদ্ধযুক্ত পৃথিবী উৎপন্ন হইল। সেই পৃথিবী হইতে ওষধি (তুণ, লতা গুলাদি) উৎপন্ন হইল। ওষধি হইতে অন্ন অর্থাৎ শস্তাদি ফলাদি—আহার দারা শুক্ররূপে পরিণত, সেই অন্ন হইতে আবার পুরুষ অর্থাৎ হস্তমন্তকাদি সম্পন্ন দেহ উৎপন্ন হইল। সেই পুরুষের শির, ছই বাহু বা পক্ষ, দেহ মধ্যভাগ আত্মা এবং নাভির নিমভাগস্থিত অংশই তাহার অবস্থিতির হেতুভূত পুচ্ছ।" তাহা इट्रेल (मधा यारेए उद्धा त्ररे भीन रहेए आवश्व कविया (य शिव, পক্ষ ও পুচ্ছ চতুপদে বিশ্বমান ছিল, তাহাই মহুগ্ৰেও বিবৰ্ত্তিত হইয়া, তাহার পুচ্ছ এই দেহের নিম্নভাগে পরিণত হইয়াছে। ইহাই আত্মার ক্রম বিবর্তনের স্বরূপ। ইহাই বিফুর অবতরণ।

তপস্থা দারা হুই রূপ ফলই পাওয়া যায়। উত্তরণও হয় অবতরণও হয়। ইহাই বিফুর তপস্থাতে দেখান হইল। যেমন বুক্ষে উঠাও যায়, নামাও যায়। বুকে উঠা যেমন কষ্ট্রসাথ্য, নামাটা তত কট্টসাধ্য না হইলেও সাব্ধানেই তাহা সম্পন্ন করিতে হয়, নত্বা হঠাং পড়িয়া যাইয়া মৃত্যুমুধে পতিত হইতে পারে। আমরা ইতিপূর্বে দেখাইয়াছি বিফু বা দগুণ ব্রহ্ম তপস্তাদ্বারা উত্তরণ বা উর্দ্ধে উঠিয়া নিগুণ বন্ধত্ব প্রাপ্ত হইয়াছিলেন। এখন আবার এই বামন অবতারে তাহার বিপরীত দিক দেখাইলাম। তাহার কারণ বিখামিত ইহার কোন দিক্টা দঙ্কল করিয়া, এই দিদ্ধাশ্রমে তপস্থা করিয়া, দিদ্ধ হইয়াছিলেন তাহাই দেথাইবার উদ্দেশ্যে। তিনি এই অবতরণের বিপরীত দিকটা অর্থাং উত্তরণ বা উদ্ধে গমন সম্বল্প করিয়াই, সিদ্ধি লাভার্থ তপস্থা করিয়াছিলেন। তিনি সেই বিফুর ন্থায় বন্ধপদ প্রাপ্তির জন্মই তপস্থা করিয়াছিলেন। তিনিও বামন বা মহুয় বংশীয় হিসাবে নারায়ণের বা ত্রন্ধের অবতার বা অবতারিত অবস্থা। নারায়ণের বিষ্ণুত্বপ্রাপ্তিতে অবতরণ, রামায়ণে অন্তর উল্লিখিত হইয়াছে। তাই এই মহন্ত-দেহ ধারণ অবস্থাতেই, ব্ৰহ্মত উপলব্ধি করিবার জন্ম, তিনি তপস্থা করিয়াছিলেন, অর্থাৎ আত্মা ঘেমন ক্রম বিবর্ত্তনে আকাশ হইতে মন্থ্যরূপে অবতরণ করিয়া তাঁহার তপস্থায় সিদ্ধিলাভ করিয়াছিলেন, তেমনি বিশ্বামিত্রও সেই মহুয়ারূপ জীব হইতে উদ্বর্তন করিয়া, ক্রমে তাহার বিপরীত দিক গামী হইয়া, সেই আকাশ বা আত্মারূপে নিজকে উপলব্ধি করিবার জন্য তপস্থা করিয়াছিলেন—আর সেই অবস্থাই আত্মার রাম অবস্থা। কেননা তথন আত্মার সমস্ত বিবর্তন রূপ কার্য্য শেষ হইয়া নিদ্রাবস্থা বা নিকর্ম অবস্থা। সমস্ত দিন কাজের পর নিকর্ম হইলেই সুষ্পি হয়।

সেই স্বয়প্তিতেই লোকে আরামপ্রাপ্ত হয়। তাই স্বয়প্তির আরামের তুলনাতেই এই অবস্থার নাম রাম দেওয়া হইয়াছে। ইহাই আত্মারাম অবস্থা অর্থাৎ আত্মার বিরাম অবস্থা। প্রমাত্মার গতি বা কর্মে ব্যাপুত অবস্থাকেই আত্মা বলে। অততি গমনে, অত ধাত গতার্থে। অত ধাতু হইতে আত্মা সাধিত। পরমাত্মার গতির অবস্থাই আত্মা। তাই বৃহদারণ্যকে বলা হইয়াছে তিনি মৃত্যুরূপে নিম্বর্শ অবস্থায় ছিলেন। তার পর মন করিয়া আত্মবান হইলেন। মন দারাই আত্মার গতি হয়। অর্থাৎ তিনি গতিবান হইলেন। বাল্মীকি ঋষি, বিশ্বামিত্র যাহা চাহিতেছিলেন তাহাই তাঁহার মুখেই বর্ণন করিলেন। এই পর্যান্ত হইলেই যথেষ্ট হইত। কিন্ত ত্রিপাদ ভূমি যাচ ঞা করিয়া ত্রিলোক অধিকার করিবার উল্লেখ করা হইল কেন ? ইহারও তাৎপর্য আছে। বামনরূপ মহয় অবতারের ছুই পদুই হওয়া উচিত। যখন কশুপও মনুষ্য তখন তাঁহার ঔরসে যে জনিবে সেও মন্তুয় হইবে। ব্রহ্মার মানসপুত্র মরীচি আঁদি সপ্তঋষি। মরীচি শব্দ হইতে মরীচিকা হইয়াছে। মরীচি শব্দের অর্থ কিরণ। সেই কিরণে মরুভূমিতে জলভ্রম হইলেই মরীচিকা হয়। মরীচিকা জলভ্রম মাত্র, ইহাতে জলের সভা নাই কিন্তু যেন জলই। ইহা মনের কার্যা। তেমনি এই মরীচি ঋষিরও সভা নাই. উহা ত্রন্ধার কিরণমাত্র। অর্থাৎ মহয়ক্তরপ কশ্রপ জন্মিবার পূর্বর মনোভার। ব্রহ্মাও, ব্রহেমর বিবর্ত্তনজাত হিরণাগর্ভ, অর্থাৎ প্রথম শ্রীরধারী স্ষ্টেবিকাশ। তাই বৈদিক ঋষি বলিলেন "হিরণাগর্জ সমবন্তাগ্রে। ভৃতস্তজাত পতিরেক আসীং॥" হিরণাগর্ভই সর্ব্ধপ্রথম সমস্ত ভূতের পতিরূপে প্রথমে জাত। এই বন্ধা হইতেই তাঁহার পুনবিবর্ত্তনে মরীচি আদি ঋষি তাঁহার মানসপুত্র। মনই মরীচিকা

দেখে, তাই ব্রহ্মার মনে প্রথমতঃ স্পষ্টক্রম এই মরীচিকার মতই উদয় হইয়াছিল। প্রজা বা পুত্র বন্ধার স্বাষ্ট—তাই তিনি প্রজাপতি। তিনি, যে প্রজার স্বরূপ মনে মনে কল্পনা করিয়াছিলেন, তাহারই পূর্বভাব তাঁহার মনে মরীচিকার ক্রায় উদয় হইয়াছিল। তাই মরীচি তাঁহার মনজাত মহুয়ের স্বরূপের পূর্বভাব—স্থতরাং মানসপুত্র। এই পূর্বভাবই যথন কার্য্যে পরিণত হইল তথন তাহা কশ্রপ হইল। কশ্রপ শব্দের অর্থ কি ? কশ্রপঃ কম্মাৎ পশ্রকো ভবতীতি নিরুক্তা৷ পশুতি ইতি পশুঃ সর্বজ্ঞতয়া সুকলং জগদিজানাতি স পশুঃ। পশু এব নিভ্ৰমত্য়াতি ফুল্মাপি বস্তু যথার্থং জানাতোবাতঃ পশ্রক ইতি। আত্মন্তাক্ষর-বিপর্য্যাদিক্ষে দিংহঃ ক্রতেন্তর্কু রিত্যাদিবৎ কশ্রপ ইতি হয়বরট ইত্যেতস্থোপরি মহাভান্যপ্রমাণেন পদং দিশ্ধতি॥ ইতি। বা কশ্যং বিজ্ঞানঘনং পাতি বক্ষতি স্বাথানীতি। প্রবন্ধ। তথা চ তাপনি শ্রুতি:--"তদেব বন্ধ বাত্মাত্মা এতস্থ পাতা হর্ত্তা প্রজানাং গোপ্তা বাবহ কখাপো হ যোহয়মজ্ঞানভোক্তা।" কখাপ অর্থে — আত্মারই নাম কশুপ, অর্থাৎ সমস্ত পদার্থের পশুক বা জ্ঞাতা। সেই মরীচিকা রূপ জল যেন প্রকৃত জলই হইল-কশ্যপরূপে-অর্থাৎ ব্রন্ধের বিবর্তনে মহুয়ের বীজরূপে। এই বীজ স্থাপনের একটী স্থান চাইতো। কেননা বীজ কোথায়ও নিহিত না হইলে কোন কিছুর উদ্ভব হয় না। তথন অদিতিতে বা অথগু আকাশের অন্তরে পৃথিবী স্ট হইয়াছে। এই পৃথিবীও অদিতির একটা অংশ. কেননা অদিতিরূপ আকাশ হইতেই ইহা উদ্ভত হইয়াছে। তাই সায়ন তাঁহার ভাষ্যে একস্থানে অদিতির অর্থ পৃথিবী করিয়াছেন— ঋগ্বেদের ১০।৬৪।৫ "দক্ষতা বাদিতে জন্মনি ব্রতে রাজানা মিত্রাবরুণা বিবাসসি।" সায়নভাষ্যে "—হে অদিতে। পথিবি। দক্ষপ্ত সূৰ্য্যপ্ত

জন্মনি ব্রতে যজ্ঞকর্মনি রাজানো মিত্রবক্ষণো বিবাসসি। যথা তং বেদীভাতা সতী তৌ পরিচর্যায়।" কশাপরূপ ব্রন্ধার মহায়বীজ, এই অদিতির অন্তর বা গর্ভব্নপ পথিবীতে নিহিত হইয়া, বামনরূপ প্রথম মুম্ম উদ্ভূত হইয়াছিল। ব্রহ্মা হইতেই সমস্ত প্রজা বা . তাঁহার সস্তান উৎপন্ন হইয়াছিল। কিন্তু ব্রহ্মার কোনও স্তীর উল্লেখ কোনও শাস্ত্রে বা পুরাণে নাই—যাহাতে তিনি বীজ নিহিত করিয়া এই নানাবিধ জীবরূপ সন্তান উদ্ভব করিয়াছিলেন। তাই উপনিষদে রূপকে বর্ণিত হইয়াছে যে, তিনি নিজ শরীর হইতেই শতরূপা এক নারীর সৃষ্টি করিলেন। আর সেই শতরূপা নারীর নানার্রপের সহিত তিনি ক্রমে ক্রমে মৈথুন করিয়া এই জগতের প্রাণীজগং নানারপে সৃষ্টি করিলেন। এই পৃথিবীকেই অল বলা হয়। সেই অন্নেই রেত নিহিত আছে। সেই রেতরূপ বীজ হইতেই সমন্ত পাথিব পদার্থ উদ্ভত। মহায়ও সেই পৃথিবীর উপকরণেই জাত, তাই ধরিত্রী বা পৃথিবী মাতা। স্থতরাং কশাপরপ, ব্রন্ধের মহয়ের বীজ, এই অদিতির জরায়ুরূপ পৃথিবীমাতার গর্ভেই নিহিত হইয়া বামনরূপ প্রথম মহুয়ের উদ্ভব হইয়াছিল।

বামনের তৃতীয় পদ তাহার নাভি হইতে নিদ্ধাশিত হইল।

ঋথেদের পুরুষস্তে যে পুরুষের উল্লেখ আছে "ত্রিপাদুদ্ধ উদৈৎপুরুষ:।"

সেই বিরাট পুরুষের ত্রিপাদ। এই ত্রিপাদ দারা তিনি ভূ ভূব ও স্ব

অর্থাৎ সমস্ত ব্রহ্মাণ্ডে ব্যাপ্ত আছেন। স্থতরাং ব্রহ্মাণ্ডরূপী পুরুষ

ত্রিপাদসমন্বিত। কিন্তু মহুন্সাকৃতি বামন ঘূই পাদ বিশিপ্তই ছিলেন।

বলির নিক্ট ঘূই পদ ভূমি চাহিয়া প্রাপ্ত হইয়া আর একপদ

চাহিলেন। তথন তাঁহার নাভি হইতে তৃতীয় পদ বহির্গত হইল।

এবং তাহা তিনি স্বেচ্ছায় ও স্বীয় ক্ষমতাতেই নির্গত করিলেন।

আত্মা, মহুয়াদেহে তিন পদে বা অবস্থায় থাকেন; জাগ্রত পদে, স্থপ্ন পদে ও সুষ্প্তি পদে। জাগ্রত অবস্থায় তিনি পৃথিবী বা 😜'তে থাকিয়া ইন্দ্রিয় সাহায়ে। বিচরণ ও সমস্ত কার্যা সম্পন্ন করেন। স্থাবস্থায় ইন্দ্রিয় নিজ্জিয় হইলে মনের সাহায্যে শুন্তে বা 'ভূবে' বিচরণ করেন ও তাঁহার সেই কার্যা মন কর্ত্তক মরীচিকার স্থায় স্ট হইয়া শুন্তেই আবিভূতি হইয়া শুন্তেই লয় হয়। তাহার তৃতীয় অবস্থা স্ব্রপ্তি, এই সময়ে মন তাহার সমস্ত বৃত্তিশৃল্য হইয়া, শুক্তাকারে পরিণত হইয়া শুক্তরপ আত্মাতে মিলিত হয়। অর্থাৎ মনের আরও উর্দ্ধ অবস্থায় গমন হয়। স্বপ্লাবস্থার কার্য্যও আমাদের অনেক স্মরণ থাকে, কেননা স্বপ্লাবস্থায় দৃষ্ট অনেক বিষয় আমরা বলিতে পারি। কিন্তু এই স্বপ্নাবস্থা হইতে কথন যে আমরা স্বৃপ্তি অবস্থাতে উপনীত হই, তাহা জানিতে পারি না। স্বৃপ্তিতে আমরা কি অবস্থাতে থাকি তাহা আমাদের জ্ঞাত নহে। সাধারণতঃ আমরা জাগ্রত ও স্বপ্ন অবস্থার বিষয় জানিতে পারি বলিয়াই আমরা আমাদিগকে দ্বিপদ অবস্থাপন্ন মনে করি, কিন্তু আমাদের আর একটা তৃতীয় পদ বা অবস্থা আছে, তাহার সম্বন্ধে আমাদের অজ্ঞতাই থাকে। এখন দৃশ্যমান শৃত্তকে অন্তরীক্ষ বা 'ভূব' কহে। তাহার উপরেও একটা আচ্ছাদন মত পরিদৃশ্যমান স্থানভ্রম হয়, তাহাই স্ব বা স্বৰ্গ। কিন্তু তাহাও প্ৰকৃতপক্ষে অথও অসীম শুৱাই। স্বৃপ্তি অবস্থাতে সমন্ত বাহ্ পদার্থের জ্ঞান লুপ্ত বা শৃত্য হওয়াতে উহা একরূপ শূতাবস্থাই। এই অবস্থাতে মহয় তাহার প্রাকৃতিক কারণেই উপনীত হয় বা এই পদ প্রাপ্ত হয়। ইহাই তৃতীয় অজ্ঞাত পদ। এখন ইচ্ছা বা জ্ঞাতসারে বা জ্ঞানসহকারে এই শূক্তাবস্থায় যাইতে হইলে, ইহা সাধনা দারাই হয়—যেমন যোগির

সমাধি অবস্থা। ইহাই তৃতীয় জ্ঞাতপদ। এই অবস্থাপ্রাপ্তি নিজ ইচ্ছা বা চেষ্টা বা দাধনা দ্বারাই সাধিত হইতে পারে। প্রথমে শাধনা দারা প্রত্যগাত্মা বা নিজদেহস্থিত আত্মার উপলব্ধি করিতে হয়। পরে সেই আত্মাই নিজের সমস্ত গতি শুক্ত হইয়া স্থির হইলে. 'এই দেহ উপাধিরপ বন্ধন হইতে মুক্ত হইয়া, সর্বাগত হইলে, শুত আকাশ বা 'স্ব'র তায়ই হয়—যাহাকে ভূমা বলে। আর দেহে এই আত্মা নাভিপ্রদেশেই অবস্থিত হদাকাশে থাকে। এই হৃদয়ের স্থানও নাভিরই সন্নিকট। স্থতরাং যেন সেই নাভিপথেই (मर वसन रहेएक मुक्त रहेशा क्रमा हत्र व। भृजाकारत नर्वक वााश्व হয়—যেমন বদ্ধ ভাণ্ডের বাষ্প বহির্গত হইয়া শুন্তে বিস্তীর্ণ হইয়া বিলীন হয়। তাই বামনরপ মহয় তাহার ইচ্ছা ও শক্তিতে নাভি হইতে তৃতীয় পদ নিধাশিত করিয়া বলির নিকট হইতে ত্রিলোক অধিকার করিয়াছিল। অর্থাৎ যে বলি নিজ শক্তিতে ত্রিলোক-জয় করিয়া একাধিপত্য করিতেছিল, তাহাকেও বা তাহার ত্রিলোক বিজয়ী শক্তিকে এই মানব বামন নিজ শক্তিতে দমন করিয়া নিজের অসীম শক্তির পরিচয় দিয়া যেন তাহাকে পদতলেই নিম্পেষিত করিয়াছিলেন। মহায়ও এই শক্তি লাভ করিতে পারে তাহার সাধন দারা, যখন সে ভুমা বা সর্বশক্তিমান ব্রহ্মত লাভ করে। তাই বিশ্বামিত্রও যে, বামন হইয়াও তুই পদ সত্ত্বেও, নিজ সাধনা বলে, তৃতীয় পদ বা আত্মজ্ঞানরূপ পদ লাভ করিতে এই সিদ্ধার্থমে আসিয়াছেন, তাহাই প্রকারান্তরে বামন বলির উপাথাানে রামকে জানাইলেন।

অতঃপর বিখামিত্র ঋষির আত্মজ্ঞান লাভ সিদ্ধির পথে, এই মারীচ ও স্থবাহু রাক্ষসময়, কিরূপ বিম্ন উৎপাদন করিত, তাহাই

আমরা দেখাইবার চেষ্টা করিব। মারীচ শব্দ মার শব্দ হইতে উৎপন্ন। মার শব্দ মু ধাতু হইতে সম্পন্ন। মু মিয়তে অনেন ইতি মার। যাহা দ্বারা মৃত্যু সভ্যটন হয় বা যাহা মৃত্যুবৎ অবস্থায় পরিণত করে, তাহাই মার। মার অর্থে তীব্র কামনা বা বাসনা। তীব্র কামনা বা বাসনাতেই লোককে মৃতপ্রায় করে। দস্তা তীব্র কামনার বশীভূত হইয়াই মৃত্যুমুখে পতিত হয় বা প্রত্যাঘাত পাইয়া মৃতকল্প হয়। অথবা মৃত্যুদত্তে দণ্ডিত হয়। বুদ্ধদেবও এই তীব্র কামনাকেই মার নামে অভিহিত করিয়াছেন। তাই মাররূপী বা কামরূপী তাড়কার মহাবীর্ঘাশালী পুত্র মারীচ। তাহার বুত্তের গ্রায় বাছ ও বুড়াকার বা গোলাকার মন্তক। তাহার এই বুড়াকার বাহুতে সমস্ত কাম বা বাসনা একত্রিত ও কেন্দ্রীভূত করিয়া তাহাই গোলার তায় নিক্ষেপ করে। যেন সমস্ত কামনা ও বাসনারাশি স্তপাকার হইয়া সাধকের মনকে আক্রমণ করিয়া তাহাকে বিশিপ্ত করে। যোগে এই চিত্তবিক্ষেপ একটী বিশেষ বিদ্ন। স্থতরাং যথনই বিশ্বামিত্রের ত্যায় লোকে সাধনা করিতে চিত্তসংযমের অভ্যাস করিতে চেষ্টিত হয়, তথনই এই কামনারাশিরূপ বৃত্তিসমষ্টি মনকে আকর্ষণ করিয়া তাহার বিক্ষেপ সাধন করে। এই মারীচ ও স্থবাছ ষষ্ঠ দিনে আবিভূতি হইল কেন? বিশ্বামিত পাচদিনে, ধ্যান নিরত হইয়া ষষ্ঠদিনে এই উৎপাত হইতে বিদ্বপ্রাপ্ত হইলেন। অর্থাৎ তিনি পঞ্চ ইন্দ্রিয়ের সংযম করিতে যথন সমর্থ হইলেন তথন ষষ্ঠ ইন্দ্রিয় মনের সহিত ठाँशां युद्ध वाधिन। এই মনকে বশে আনাই সর্বাপেক্ষা কঠিন। মন সর্বাদাই পঞ্চ-ই ক্রিয়রপদার দারা বহিমুথে ধাবমান হইতে চেষ্টা করে। স্থতরাং এই পঞ্-ইন্দ্রিয়রূপদার রুদ্ধ করিলে মন তখন কদ্ধগৃহে বদ্ধ-বায়ু বা কদ্ধ-পাত্তে বদ্ধ-বাম্পের গ্রায় প্রভৃত

শক্তিশালী হয়। মারীচ প্রথমে বিখামিত্রের যজ্ঞে মেঘের লায় ধাবমান হইয়া তৎপরে ক্ষির বর্ষণ করিল। ইহার তাৎপর্য্য কি ? বিশ্বামিত্র যেমন মৃতাদি আহুতি দান করে, তেমনই অস্তরম্ব অগ্নিতে মনকে আহুতি দিয়া তাহাকে ভস্ম করিয়াই যেন, তাহার লয় সাধনের চেষ্টা করিতেছেন। মন তথন ইন্দ্রিয়দার রুদ্ধ হওয়াতে, তৎসাহায়ে। বাহিরে বায়ুর ভায় বিস্তৃতি লাভ করিতে না পারিয়া, ক্ষুদ্রাকার ধারণ করিয়া তাহার আরও সুন্মাবস্থায় পরিণত হইয়াছে। মন সুদ্দ ইন্দিয়। আর এই মেঘের রংও কাল বা তমাকার এবং শোণিতের বং লোহিত বর্ণ। এই চুই বর্ণের সুক্ষাগুণও তম ও লোহিত। স্থতরাং এই সূক্ষ গুণ্ছয় পর পর সূক্ষমনের সহিত যেন যুদ্ধ করিয়া তাহাকে অভিভৃত করিবার বা নিজ নিজ বর্ণে রঞ্জিত করিবার চেষ্টা করে। ছান্দোগ্য উপনিষদের মতে তেজ, জল ও অন্ন (পথী) এই সুক্ষ তিন মূল তত্ত্ব মিশ্রণে অর্থাৎ ত্রিবিংকরণে বিবিধ স্থষ্ট উৎপন্ন হইয়াছে। আবার শেতাশ্বর উপনিষদে (৪)৫) এইরপ আছে, "অজামেকাং লোহিত শুক্ল রুষণা বহ্বীঃ প্রজাঃ रुष्ड्यांनाः मुक्तभाः।" व्यर्थाः लाल वा एउष्डक्रभी, माना वा कलक्रभी এবং काला वा পৃথীরপী, এই তিন বং বিশিষ্ট, তিন তত্ত্বের এক যে প্রজা (সৃষ্টি) উৎপন্ন হইয়াছে। ছালোগ্য উপনিষদে, পিতা আরুণি, পুত্র খেতকেতৃকে বলিতেছেন "বংস! জগতের আরম্ভে একমেবাদ্বিতীয়ং সং ব্যতীত আর কিছুই ছিল না। যাহা অসং (অর্থাৎ নাই) তাহা হইতে সং কিরূপে উৎপন্ন হইবে? তাই স্মারন্তে দংই দর্বত ব্যাপ্ত ছিল। তারপর উহা (সং) অনেক অম্পাৎ বহু বস্তু হইবে মনে করাতে, তাহা হইতে ক্রমে সৃক্ষ, তেজ

(অগ্নি) জল ও পৃথিবী উৎপন্ন হইল। তারপর এই তিন তত্ত্বের মধ্যেই জীবরূপ পরবন্ধ প্রবেশ করিলে, তাহাদের 'ফিবিংকুর্ণ দারা জগতের অনেক নাম রূপাত্মক বস্তু নির্মিত হইল। সুল অগ্নি, সূর্য্য কি বিহাৎ ইহাদের জ্যোতিতে যে তাম (লোহিত) বং আছে, তাহা স্ক্র তেজরপী মূলতত্ত্বে পরিণাম, যে সাদা (শুক্ল) রং আছে, তাহা সৃদ্ধ জলতত্ত্বে পরিণাম, এবং যে কাল (কৃষ্ণ) রং আছে, তাহা স্ক্র পৃথীতত্ত্বে পরিণাম। সেইরপ মহয় যে ভক্ষণ করে তাহাতে এই তিন মূল স্ক্ষাতত্বই থাকে। যথন ইন্দ্রিয় সকল (थाना थारक ও मिक्किय थारक, उथन मन जाहारमञ्जूष्टे माहारम, अ সমস্ত স্ক্রতত্ত্বে পরিণামে যে স্থল পদার্থ উৎপন্ন হইয়াছে, তাহাদের সহিতই লিপ্ত হইয়া কার্য্য করে। যথনই ইন্দ্রিয়দার কন্ধ হয়, তথন **সেই** সেই বস্তুর স্ক্রাতত্ত্বে স্ক্রাকার মনকে অভিভূত করিবার চেষ্টা করে। তাই কালরূপী পৃথিবীর তত্ত্ব কালমেঘরূপে, তেজরূপ অগ্নির তত্ত্ব লোহিত রং রূপে এবং জলরূপ তত্ত্বের সূক্ষ্ম বং সাদা বর্ণে মনকে আচ্ছন্ন করিয়া তাহার একাকীত্ব অবস্থা নষ্ট করিতে চেষ্টা করে। মন সম্পূর্ণরূপে এই সকল বিষয়ে উদাসীন হইয়া একাকীত্ব লাভ করিতে পারিলে, তাহার উদ্ভব স্থান আত্মাতে লীন হয়, আর তথনই আত্মস্বরূপ লব্ধ হয়। ইহাকেই পাতঞ্জনীতে স্বরূপে স্থিতি বা স্বরূপ-সিদ্ধি বলা হইয়াছে। এই স্বরুপসিদ্ধিই আত্মারাম অবস্থা, আর 'রাম'ই সেই অবস্থার সংজ্ঞাজ্ঞাপক। তাই যথন মারীচরূপী কামনারাশি সেই সমস্ত পথিবী, তেজ ও জলসম্বন্ধীয় বস্তুর বা বুত্তির স্ক্র অবস্থাতে সেই সেই রংএ মনকে তাহার রুদ্ধ অবস্থা হইতে আকর্ষণ করিতে চেষ্টা করিতেছিল, তথন বিশ্বামিত্র সেই রাম-অবস্থার ধ্যানে তাঁহার মনকে দৃঢ়ভাবে লিপ্ত রাখিবার জন্ত, প্রাণপণে

প্রত্যাকর্ষণ করিতেছিলেন। এই মনকে প্রত্যাকর্ষণ, শুদ্ধ ও বিবেক-সম্পদ্ধ বৃদ্ধির সারাই করিতে হয়। শেষে সেই রামের আকর্ষণই প্রবল হওয়াতে তিনি রামত্ব উপলব্ধি করিতে সমর্থ হইলেন অর্থাৎ তাঁহার স্বরূপ-সিদ্ধি হইল। ইহাই হইল মারীচের স্বরূপ।

এখন স্থবাহর স্বরূপ আমরা একটা সাধারণ দুটান্ত দারা ব্যাইবার চেষ্টা করিব। কোন বাজি অতিরিক্ত আসক্রিবশতঃ অতাধিক মত্যপান ও মাংস আহার করিয়া যক্তের পীড়াগ্রস্ত হইয়াছে; বছদিন রোগ্যন্ত্রণা ভোগ করিয়া বা অস্ত্রোপচার দারা ভাগাক্রমে আরোগা লাভ করিতে সমর্থ হইল: তাহার মনে অমুতাপ আসাতে প্রতিজ্ঞা করিল—আর কথনও ঐরপ কার্য্য করিবে না। তাহার মনও বেশ স্থির হইয়াছে। এমন সময় একদিন উপকারী বন্ধু আসিয়া জুটিলেন। তিনি সেই পূর্মকালের আমোদপ্রমোদের গল্প উত্থাপন করিয়া তাহার মনের মধ্যে নানারূপ আন্দোলন স্থার করিলেন। সেই সমন্ত বহুকটে বিশ্বত আপাতমধুর আমোদের গল্পের প্রসঙ্গে, তাহার মনও ক্রমে ক্রমে আলোড়িত হইতে আরম্ভ হইল। কিছুতেই আর সেইরপ কার্য্য করিবে না স্থির সঙ্কল্প। তথন বন্ধু তাহার শেষ অস্ত্র তাহার তুই আপাত স্থদৃশ্য বাহু দ্বারা তাহার গলা জড়াইয়া তাহাকে টানাটানি করিতে লাগিল। তথন সে তাহার পীডার যন্ত্রণা ভোগের কথা বিশ্বত হইয়া, সেই স্থবাহুর আক্রমণেই আ্যুসমর্পণ করিল। তাহার সকল্পও টুটিয়া কোথায় ভাসিয়া গেল, আবার সেই আমোদের স্রোতে গা ভাসাইয়া দিল। আবার কোনও ব্যক্তি অতিরিক্ত কামপরতম্ব হইয়া, কুস্থানে অভিগমন করিয়া জননেদ্রিয়ের পীড়াদায়ক ব্যাধিগ্রস্ত হইল। তাহার যন্ত্রণায় অত্যন্ত কাতর হইয়া, यरथक्ट टेन्पिय रमतरनत कुकरलटे रय এटे यञ्चनानायक त्राधि छेरशन

হইয়াছে তাহা ব্ঝিতে পারিয়া, অহতপ্ত হইল ও প্রতিজ্ঞা করিল, কোনরপে একবার আরোগ্য লাভ করিতে পারিক্ষেজার এ পথের অভিমুখে ষাইবে না। এখানেও আবার তাহার স্বলাহ দারা আকর্ষণকারী বন্ধুর আবির্ভাব হইল, আর তাহার সকল্পও বালির বাধের হ্যায় ভান্ধিয়া পেল। এই স্বলাহ আপাতদৃশ্য স্ববন্ধুর হ্যায়, প্রলোভনেরই মূর্ত্ত প্রতীক। বিশ্বামিত্র একবার তপস্যাকালীন অপরা মেনকার প্রলোভনে পড়িয়া সাধনাভ্রত হইয়াছিলেন। এবার তিনি রামের সাহায্যে তাহাকে জয় করিয়া দিদ্ধকাম হইলেন। ইহাই স্ববাহ।

ইতিপূর্ব্বে আমরা বলিয়াছি যে বাল্মীকি, বিশ্বামিত্রকর্ত্বক রামকে যোগ-সাধনা বারা আয়্মজ্ঞান লাভের সোপানে আরোহণ করাইবার জন্তই তাঁহার অবতারণা করিয়াছেন। এখন এই মারীচ ও স্থবাছ বধে, রামের কি উপকার বা পরীক্ষা হইল, তাহাই দেখাইতে হইবে। বিশ্বামিত্র ইতিপূর্ব্বে তাড়কাবধে রামের মনঃসংযমের শক্তির পরীক্ষা পাইয়াছেন। এখন তিনি রামকে সশস্ত্রে অহোরাত্র সর্ব্বক্ষণ, তাঁহাকে ছয়দিন পাহারা দিয়া, সতর্ক প্রহরীর ন্তায়, শক্তর আক্রমণ হইতে রক্ষা করিতে নিয়োগ করিলেন। রামও, ম্নির ত্যায় একাগ্রচিতে, অনাহারে, অনিলায় তপোবন রক্ষার্থ যেন "উপাসাঞ্চক্রু" উপাসনায় ব্রতী হইলেন। এইরূপ একাগ্রতার ফলে তাঁহারও বাহেক্রিয় জ্ঞান লুপ্ত হইয়া, মনঃসংযম হইলে তিনিও যোগাবিষ্ট হইলেন, এবং ম্নির ত্যায়ই সেই মেঘদদৃশ ক্রম্ম ও শোণিতের ত্যায় লোহিত রংএর জ্যোতিই দর্শন করিতে পারিয়াছিলেন। কেননা সেই মারীচ-নিক্ষিপ্ত শোণিত দৃষ্টেই তিনি মারীচের আগমন জানিতে পারিয়াছিলেন। সেই মারীচকে তিনি মহুসংহিত অর্থাৎ মন ধারাই নির্দিষ্ট মানব

'শীতেষ্' কিনা মহয়োর শক্তিসাধ্য শীতল অত্মে বিদ্ধ করিয়া, শীতল সমুদ্রেই নিক্ষে করিলেন। যেন কামনারাশিকে তংসময়ের মত ঠাণ্ডা করিলেন। অর্থাৎ সেই কামনারাশির উগ্র তেজে তিনি উত্তেজিত হন নাই। তিনি মারীচকে বধ করিয়া পূর্ণ রিপুজয়ী হুইতে পারেন নাই। এরপ হুইলে এইখানেই রামায়ণও শেষ হুইত। মারীচের পুনরভাখান না হইলে রামায়ণের পরবর্তী রহস্তসম্বিত অংশও রচিত হইত না। বিশ্বামিত্র রামকে জিজ্ঞাসা করিয়া জানিলেন যে. তিনিও এই লোহিত ও ক্লফবর্ণের জ্যোতি দেখিতে পাইয়াছেন। তথন তিনি বুঝিলেন, তাঁহার শিক্ষা অবিলমে ফলপ্রস্থ হইবে। কেননা, রাম মনের একাগ্রতা সাধন করিতে সমর্থ হইয়াছেন। যাঁহারা কথন যোগসাধনে চেষ্টা করিয়াছেন, তাঁহারা ইহা কতক্টা উপলব্ধি কবিতে পাবিবেন। যোগসাধনে মনংসংযম দারা ইশ্রিষদার ক্ল করিলে, মানসন্যনে এই পৃথীর সুলা তত্তরপ কাল জ্যোতি প্রথমে উদ্রাসিত হয়। তারপর তেজরপ অগ্নিরু লাল জ্যোতি, আবার তাহারও তিরোভাবে চঞ্চল বিদ্যুতের ন্থায় জ্যোতি, আর শেষে মন স্থির হইলে তাহাই স্থিরসৌদামিনীরূপে আবিভৃতি হয়। তারপর তাহাও মানস নয়ন হইতে তিরোভূত হইলে মনের नरप्रत मरक मरक आजामर्गन इया आयाय निर्वाणश्राश्च रागिवत তিব্বতী বাবা প্রথম উপদেশ প্রদানের সময় ঠিক এইরূপই বলিয়াছিলেন।

বিশামিত ঋষি নিজের উপকার সাধনার্থ প্রথমতঃ রামকে দশরথের ক্রোড়চ্যুত করিয়া আনিয়াছিলেন। তৎপরে তিনি এই বালক রামকে সাধনার পথে উপদেশ দিয়াছিলেন তথনই—যথন তিনি দেখিলেন, এই সর্বাপ্তণমণ্ডিত দশরথতনয় রাজপ্রাসাদের স্থথভোগ

পরিত্যাগ করতঃ, অনভান্ত পদব্রজে ছয় ক্রোশ পথ বিনা ক্লেশে, অমানবদনে অতিক্রম করিয়া, রাত্রিকালে কেবল বন্ফ্রাত ফলমূলাদি মাত্র ভক্ষণ করিয়াই তৃপ্ত হইয়া, কঠিন ভূমিতে তুণশয্যায় বুক্ষতলেও স্থানিদ্রা উপভোগের পর, পরদিন প্রভাতে অবিকৃত বদনে, স্বস্থাদেহে ও হাইচিত্তে তাঁহাকে বন্দনা করিলেন। তাঁহার প্রথম পরীক্ষাতে वानक ताम यथन উত्তीर्ग इटेलन, ज्थन जांदाक यथार्थ अधिकाती বিবেচনা করিয়া শিয়োর উপযুক্ত মনে করিলেন। তংপরেও তিনি তাঁহাদিগকে আরও ক্লেশপ্রদ অবস্থায় আনীত করিয়া পরীক্ষা করিলেন। সমস্ত দিন ভ্রমণের পর ভীষণ জন্ধলপ্রাস্তে আনিয়া বলিলেন, आमारानंद्र शंखवाचारन याहेरा इहेरान, धारे छीयन वन अधिक्रम করিতে পারিলে অপেক্ষাকৃত ন্যুন সময়ে পৌছিতে পারা যায়, কিন্তু এই বনে ভীষণ হিংম্র জন্তুর উৎপাৎ আছে, অন্তথা এই বনকে বেষ্টন করিয়া যে পথ আছে তাহা নিরাপদ, কিন্তু তাহা অতিক্রম করা বহু সময়সাপেক। তথন তিনি রামকে বলিলেন, তোমরা যদি আমার দহিত আসিয়া এই ক্লেশপ্রদ ভ্রমণে অগ্রসর হইতে এখনও অনিচ্ছক হও, তাহা হইলে তোমরা প্রত্যাবর্ত্তন কর। তোমরা রাজপুত্র, রাজসম্পদের মধ্যে বর্দ্ধিত। রথাদি আরোহণ বাতীত কথনও পুত্রবৎসল রাজা তোমাদিগকে পদত্রজে ভ্রমণ করিতে দেন নাই। তোমরা কথনও স্থসাত স্থপক রাজভোগোপযোগী আহার ব্যতীত অন্ত কিছু ভোজন করিয়া তৃপ্তিলাভ কর নাই, হুগ্ধফেননিভ শ্যায় শয়ন করিয়া ভতাদেবায় নিদ্রাম্বথ উপভোগ করা ব্যতীত কঠিন স্থানে শয়ন কর নাই: এখন হয়তো তোমাদের সেই সমস্ত বিলাস ও স্থথভোগের কথা শ্বরণ ইইয়া, তোমাদের মনে ক্লেশ ও ত্বংথ উৎপাদন করিতেছে। বিশামিত্র এইরূপ সমস্ত বাক্যে তাঁহাদের প্রবাবস্থার স্মৃতি জাগরণ করাইয়া দেখিলেন, ইহাতে সেই সকল ভোগের কামনীয় তাঁহাদের মন বিচলিত হয় কিনা এবং তাঁহারা প্রত্যাবর্তনের ইচ্ছা প্রকাশ করেন কিনা? ইহাই যেন তাঁহার কামরূপী তাডকা রাক্ষ্মী। যথন দেখিলেন, রাম অবিচলিতচিত্তে ্ ক্টাস্কঃকরণে তাডকাবধের জন্ম উল্লোগী হইয়া প্রস্তুত হইলেন. তথন বঝিতে পারিলেন-রাম এই সমস্ত কামনার তাড়নাকে দমন করিয়া ক্ষুটিত্ত্ত তাঁহার সহিত যথেচ্ছা যাইতেই উল্লত। ইহাই রাম কর্ত্তক তাডকা বধ। তারপর তাঁহার শেষ ভীষণ পরীক্ষা হইল এই মারীচ ও স্থবাহুবধে। বিশ্বামিত্র ছয়দিন মৌনী হইয়া, অনাহারে অনিদ্রায় একাসনে ধ্যাননিরত হইলেন। আর মুনিরা তাঁহার আদেশ জানাইলেন যে, যে পর্যান্ত রাক্ষ্মগণ না আমে সে পর্যান্ত তাঁহাকে সতত সতর্ক থাকিয়া রক্ষা করিতে হইবে। রাক্ষ্স যে কোন দিন কোন মুহুর্ত্তে আদিবে তাহার কোন স্থিরতা নাই। স্থতরাং রামকেও তাবংকাল অনিদ্র ও অনাহারী অবস্থায়, রাক্ষদ বঁধার্থ ধ্নুতে শ্র্যোজনা ক্রিয়া স্তর্ক প্রহ্রীর স্থায়, যেন উপাস্থ দেবতা কথন আবিভূতি হইবেন এই প্রতীক্ষায় তাঁহার (দেবতার) উপাসনায় নিরত হওয়ার ভায়, একাগ্রচিত্তে দীর্ঘ ছয় দিন একাসনে যাপন করিতে হইল। ইহাতে যথন রামের কোন ক্লেশ অমুভৃতি হইল না, তথন বিশামিত্র তাঁহাকে বলিলেন "তুমি আমার জন্ম বছ কষ্টভোগ করিয়াছ; আমি তোমাকে আর ক্লেশ দিতে ইচ্ছুক নহি। তুমি আমার সহিত থাকিলে হয়তো তোমাকে ইহা অপেকাও আরও বেশি ক্লেশ পাইতে হইবে। স্বতরাং তমি রাজপ্রাসাদে প্রত্যাবর্ত্তন করিয়া রাজসম্পদ ভোগ কর। এই প্রলোভনেও রাম তাঁহার কর্ত্তরা হইতে বিচ্যুত হইলেন না. কেননা

বিশ্বামিত্র রামকে, দশদিনের জ্বল্য তাঁহার সহিত থাকিবে বলিয়া রাজার নিকট হইতে লইয়া আসিয়াছিলেন। রামও এই নির্দিটক কর্মণ না হইলে প্রত্যাবর্ত্তন করিবেন না বলিয়া তাঁহার দৃঢ় প্রতিজ্ঞা জানাইলেন। ইহাই তাঁহার স্থবাহরণ প্রলোভন জয়। রাম এইরণ অনাহারে ও অনিদ্রায় যথন দিনের পর দিন অতিবাহিত করিতেছিলেন তথন মধ্যে মধ্যে চক্ষুতে অন্ধকার ও ক্ষণে ক্ষণে আলো দেখিতে পাইতেছিলেন। যেমন ক্ষ্ণাতে ও অনিদ্রায় চোথে অন্ধকার দেখে, আবার দুঢ়মনা হইয়া কোন কার্য্য-সাধনে ব্রতী হইলে মনের বলে সেই অন্ধকার দুর করিয়া লাল আলো দেখিতে পাওয়া যায়। তাঁহার এক এক বার নিদ্রার আবেশ হইতেছিল, তাহাতেই যেন চক্ষুর দৃষ্টি অন্ধকারাচ্ছন্ন হইতেছিল, তথনই আবার তাহা দুরীভূত করিয়া জাগ্রত রহিবার চেষ্টার সময় লাল আলো দেখিতেছিলেন। আবার ক্ষুধার পীড়নে আহারের প্রলোভনও তাঁহার ধৈর্যাচ্যুতি করিতে সহায় হইতেছিল। তাহাও তিনি দমন করিয়া ঠিক নির্দিষ্ট ছয়দিনের শেষে. তাঁহার আরব্ধ কার্য্য বিনা বাধায় সম্পন্ন করিলেন। ইহাই মহুয়া রামের পক্ষে যথেষ্ট পরীক্ষা, তাহা বিশ্বামিত বুঝিতে পারিলেন। ইহাতে রামের ঐতিহাসিকত্বেও কোন বাধা হইল না।

রাম তাঁহার অসাধারণ শোর্য বীর্ষ্যে এবং বিশ্বামিত্র কর্তৃক শিক্ষার ফলে অন্ত্র-বিভায় বিশেষ পারদর্শী হইয়া, এই শৃত্য হইতে আগত শৃত্যচারী রাক্ষসদ্বয়কে বধ করিয়া, তাঁহার অব্যর্থ লক্ষ্যভেদেরই পরিচয় দিলেন। শৃত্যগামী-পক্ষী বধ করা সহজ্বসাধ্য নহে। এইরূপ লক্ষ্যভেদ করিতে হইলে বিশেষরূপে সেই শৃত্যগামী প্রাণীর গতি অন্থমান করিয়া কোন মৃহুর্ত্তে শর বা গুলি নিক্ষেপ করিতে হয়, তাহা স্থির করিতে হইবে। ইতিপুর্কের রাম স্থলচর ক্ষতগামী জীব তাড়কাকে

বধ করিয়া, তাঁহার লক্ষ্য স্থিরতার পরিচয় দিয়াছেন। এখন আবার শুক্তাচর জ্বত্যাসী উড়্ডীয়মান জীবও বধ করিয়া অব্যর্থ সন্ধানের সাফল্য (प्रश्रोहिलन। श्रृक्तकाल अविता यक्कांनि अक्ष्ठीन कतित्व आिन्य মন্তুরোর সেই যজ্ঞ নষ্ট করিতে চেষ্টা করিত। আবার শৃত্যগামী বৃহৎ 'পক্ষী কর্ত্তক নিহত প্রাণীর দেহ হইতে যে শোণিত নিক্ষিপ্ত হইত তাহা হইতেও যজ্ঞ অশুদ্ধ হইত। অনেক সময় শৃত্যগামী বৃহৎ শকুনি জাতীয় পক্ষীও মাংসলোভেই যজে, শৃক্ত হইতে আপতিত হইত, এবং তাহাদের মুখ হইতে সভাগত প্রাণীর রক্তও ভূমিতলে নিক্ষিপ্ত হইত। রাম এইরপ কোনও শূলুগামী মাংসাশী বৃহৎ পক্ষীর দল বধ করিয়াছিলেন। কেননা বর্ণিত আছে মারীচ ও স্থবাহুর সহিত অনেক রাক্ষ্যও আসিয়াছিল এবং রাম সেই সমন্তকেই নিহত করিয়াছিলেন। আবার পক্ষীরা যথন দলবন্ধ হইয়া ঝাঁকে আসে, তথন তাহা দ্রুতগামী মেঘের ভায়ই দৃষ্ট হয়। ইহাই রামের ঐতিহাসিক উপাখ্যানের সমন্বয়াহুষায়ী তাংপর্য্য বলিয়া অমুমান হয়।

চতুর্থ পরিচ্ছেদ

অহল্যা উদ্ধার

তংপর দিন প্রভাতে রাম বিশামিত্রকে বলিলেন "আপনার এই ভূত্য উপস্থিত; এইক্ষণ আপনার আদেশাহুসারে আমাদিগকে যাহা করিতে হুইবে তাহা আদেশ করুন।" তিনি এই কথা বলিলে, সেই আশ্রমস্থ ঋষিরা বিশ্বামিত্রকে অগ্রে করিয়া রামকে বলিলেন। "নরশ্রেষ্ঠ। মিথিলাধিপতি জনক রাজার পরাধর্ম সম্পাদক যজ্ঞ হইবে, আমরা তথায় গমন করিব এবং তুমিও আমাদিগের সহিত তথায় চল; যেহেতু সেখানে একটা পরম অভত রত্নস্বরূপ ধরু আছে, তাহা তোমার দেখা কর্ত্তব্য। পর্বের যজ্ঞকালে সভাতে দেবতারা সেই ধন্ন জনককে প্রদান করিয়াছিলেন; দেই ধরু অপরিমিত বলদপার, পরমোজ্জ্জল এবং অতি ভীষণ: দেব, গন্ধর্কা, অস্তব্য, রাক্ষ্য বা বানর কেইই তাহাতে গুণ আরোপন করিতে সমর্থ নহেন। বহু মহাবলসম্পন্ন রাজনন্দনেরা সেই ধন্ততে জ্যারোপন করিতে সমর্থ হন নাই। তুমি সেই স্থানে জনকের পরমান্তত যজ্ঞ ও ধরু দেখিতে পাইবে। সেই মিথিলাধিপতি জনক, দেবতাগণের নিকট সেই স্থনাভ নামক ধন্ম চাহিয়া লন। সেই রাজার গৃহে দেই ধন্ন অর্চিত হইয়া থাকে।" অতঃপর বিশ্বামিত্র বনদেবতাদিগের উদ্দেশ্যে বলিলেন "আমি এই সিদ্ধার্শ্রমে সিদ্ধ হইয়া, এস্থান হইতে হিমালয় পর্বতবর্ত্তিনী জাহ্নবী তীরে যাইতেছি।" ইহার পর তাঁহার। উত্তরাভিমুখে যাইতে লাগিলেন। তাঁহারা

বহু পথ অতিক্রম করিয়া সূর্য্যান্ডে শোণা নদীর তীরে রাত্রি যাপন করিলেন 🎤 তৎপর দিন প্রাতে তাঁহারা কিয়দ্র গমন করিয়া (मामा नहीं छेवीन इडेग्ना, यथाक मयदा भकाणीदा छेमनी छ इडेलन । তারপর গন্ধা পার হইয়া তাহার অপর পারে বহু পথ অতিক্রম করিয়া, বিশাল নগরীতে উপনীত হইয়া তথায় রাত্রি যাপন করিলেন। তৎপরদিন প্রাতে তাঁহার। মিথিলা রাজ্যে প্রবেশ করিলেন। রাম দেই মিথিলার উপকণ্ঠস্থিত উপবনে একটা নির্জ্জন পুরাতন রম্ণীয় আশ্রম দেখিতে পাইয়া, বিশামিত্রকে, ঐ জনমানব-শৃন্ত পরিত্যক্ত আশ্রমটী কাহার জিজ্ঞাসা করিলে, তিনি বলিলেন, "রাম। যে মহাত্মা মহর্ষি কোপবশতঃ এই আশ্রমের প্রতি শাপ দিয়াছেন, তৎসম্বন্ধে আমি তোমাকে বিন্তারিত বলিতেছি। পূর্বে এই দিব্য আশ্রম মহাত্মা গৌতমের ছিল। দেবতারাও ইহার সংকার করিতেন। মহাত্মা গৌতম বহু বংসর অহল্যার সহিত এই আশ্রমে তপস্থা করিয়াছিলেন। একদা গৌতমের অবর্ত্তমানে, উপযুক্ত সময় বোধে, ইন্দ্র ভাঁহার ((शोज्या) (तम धात्र कतिया अवनात निकृष् गारेया वनितन, 'স্বলরি! তুমি সঙ্গমোচিত অলস্কারে অলক্কত হইয়া রহিয়াছ, স্থতরাং তোমার সহিত সঙ্গম করিতে আমার বাসনা হইয়াছে: রমণার্থী ব্যক্তি রতি বিষয়ে বিহিত কালের প্রতীক্ষা করিতে পারে না।

> "ঋতুকালং প্রতীক্ষন্তে নার্থিনঃ স্থানাহিতে। সঙ্গমং অহমিচ্ছামি জয়া সহ স্থাধ্যমে॥"

অহল্যা তাঁহাকে ম্নিবেশধারী ইক্র জানিতে পারিয়াও, তুর্কৃদ্ধি হেতৃ, দিব্যরমণে কুতৃহল বশতঃ তাদৃশ কর্ম করিতে স্বীকৃত হইলেন। অতঃপর তিনি পূর্ণমনোরথা হইয়া ইক্রকে কহিলেন—"আমি কৃতার্থ হইলাম। এখন শীঘ্র এই স্থান হইতে প্রস্থান করতঃ আমার এবং

নিজের গোরব রক্ষা কর।" তখন মহেন্দ্র গৌতমের ভয়ে সেই পর্ণশালা হইতে সত্তর বহির্গত হইলেন এবং সম্মুখেই তপোবল-ামন্বিত শক্তিশালী গোতমকে, তীর্থোদকে স্থান করিয়া সমিত ও কুশহন্তে, আশ্রমে প্রবেশ করিতে দেখিতে পাইলেন। তথন গৌতম, তাঁহারই বেশ্ধারী ইন্দ্রকে কুটির হইতে বাহির হইতে দেখিয়া সমস্ত ব্ঝিতে পারিয়া. তাঁহাকে শাপ দিলেন "রে ছর্মতি! যেহেতু, তুই আমার বেশ ধারণ করিয়া এই অকর্ত্তব্য কর্ম করিয়াছিস, অতএব তুই অণ্ডকোষ বিহীন হইবি।" নিজ ভার্ঘ্যাকে এরপ অভিশাপ मिल्लन—'छर्क छ। छुटे এই আশ্রমে বছ বংসর নিরাহারা. বাতভক্ষ্যা, ভস্মশালিনী ও সমস্ত প্রাণীর অদৃশ্যা হইয়া অনুতাপ করতঃ বাস করিবি। যথন এই বনে দশর্থনন্দন রামের আগমন হইবে, তথনই তুই পবিত্রা হইবি। তুই, তাঁহার আতিথ্য করিয়া, লোভ মোহ বৰ্জিত হইয়া, স্বীয়রপ লাভ পর্বক সানন্দে আমার নিকট আদিবি।' মহাতপস্বী গৌতম এই বলিয়া এই আশ্রম পরিত্যাগ পূর্বক হিমালয়ে যাইয়া তদবধি তপস্থায় নিরত হইলেন। অতএব রাম ! তুমি গৌতমের আশ্রমে যাইয়া মহাভাগা দেবরূপিনী অহল্যাকে উদ্ধার কর।" তথন রাম সেই আশ্রমে প্রবেশ করিয়া তপঃ প্রভায় উদভাসাঙ্গী অহল্যাকে দেখিলেন। রাম ও লক্ষ্ণ তাঁহার পাদ-বন্দনা করিলেন। পরে অহল্যা, গৌতমের বাক্য অরণ করিয়া, রামপদ-মলে প্রণাম পূর্বক স্থসমাহিতা হইয়া, তাঁহাদিগকে পাদ্যঅর্ঘ দানে আতিথা সংকার করিলেন। রামও যথা-বিধি তাহা প্রতিগ্রহ করিলেন। পরে মহাতেজন্বী গৌতম অহল্যার সহিত মিলিত হইলেন।

এই অহল্যা উদ্ধারের তাৎপর্যা কি ? অহল্যা শব্দের অর্থ = ন + হল্যা (বিরূপত্ব) যাহার কোন বিরূপতা নাই। অর্থাৎ যে অনিন্য

স্থানী। আবার হলশব্দের অর্থ ভূমিকর্ষণ যন্ত্র—লাঙ্গল। হল্যা অর্থাৎ হল ছারা কৃষ্টি । ন+হল্যা যে হলছারা ক্ষিতা হয় নাই। মানবী অহল্যা হল ছারা কৃষ্টিতা হয় নাই। স্থতরাং বৃক্তিত হইবে যে, তাহার দেহের বৃদ্ধি তথন ক্ষিত হইয়া বিশুদ্ধ হয় নাই। তাহা হইলে আমরা দেখিতেছি, অহল্যা, একাধারে অনিন্যু স্থানরী এবং অবিশুদ্ধমনা; তিনি নিজ সৌন্দর্যে গ্রিকাতা ছিলেন এবং বিধিচক্রে গৌতমের হত্তে প্রদত্তা হইয়া, সেই তপোক্লিষ্ট শীর্ণদেহ ঋষির ছারা, তাঁহার ইন্দ্রিয়-সভোগে প্রনাত্রায় চরিতার্থ হইতে না পারিয়া, অত্থা ছিলেন। এরপ অবস্থায় স্থায় যুবতী নারীর মন, সময় সময় যে ইন্দ্রিয় তাড়নায় উদ্ভা আরু রুবতী নারীর মন, সময় সময় যে ইন্দ্রিয় তাড়নায় উদ্ভা আরু হার তাহাতে আশ্চর্যা কি? তারপর তিনি যথন ঋতুমতী ছিলেন, তথন তাহাতে আশ্চর্যা কি? তারপর তিনি যথন ঋতুমতী ছিলেন, তথন তাহার উদ্দীপ্ত ইন্দ্রিয়-প্রবৃত্তি-বশতঃই, ইন্দ্রের লায় স্বপুক্ষবের আহ্বানে, ইতিকর্ত্ব্যবিমূচা হইয়া আত্মদান করিতে, পদ্খলন হইয়াছিল।

" সহস্রাক্ষঃ শচিপতিঃ। মুনিবেশধরোভূষা অহল্যামিদমত্রবীং ॥" ইন্দ্রও মুনির বেশ ধারণ করিয়াছিলেন। অর্থাং ইন্দ্রমূনির বেশভ্ষা পরিয়া মুনির সাজে সাজিয়াছিলেন। গৌতমের রূপ যে ইন্দ্র ধারণ করিয়াছিলেন এরূপ বোধ হয় না। তাহা হইলে অহল্যা তাঁহাকে ইন্দ্র বলিয়া চিনিতে পারিতেন না বা গৌতম প্রথম দৃষ্টিতেই দূর হইতে তাঁহাকে বুঝিতে পারিতেন না। স্থতরাং ইন্দ্রের নিজ স্বরূপ দেখিয়াই, অহল্যা কাম-মোহিতা হইয়াছিলেন। বিশেষতঃ তথন তিনি ঋতুমতী থাকাতে, তাঁহার মন তথন উত্তেজিত অবস্থাতেই ছিল, এবং তাঁহার স্বামীও, তীর্থে-স্নান উদ্দেশে গমন করা বশতঃ, অহুপস্থিত ছিলেন। অহল্যার উপাধ্যান সত্য হইলে, এবং ইহাকে রামের চরিত্রের একটা ঐতিহাসিক ঘটনা প্রতিপর করিতে হইলে, এই কাল্পনিক দেবতা

ইন্দ্রের স্থানে একটা মানবকে স্থাপিত না করিলে, ইহার ঐতিহাসিকত্ব অক্ষ থাকে না। বাল্মীকি শচীপতির কথা উল্লেখ ক্রিণাছেন । শচী শব্দের অর্থ কর্ম। যথা, ঝক বেদে—

"ন কিরস্ত শচীনাং নিয়ন্তা স্নৃতানাম্" (৮।৩২।১৪)
শচ্যাং পতি ইন্দ্র, কর্মপালকে "শক্তিং শচীপতি শচীভিঃ"
(৭।৬৭।৫) "শচীতি কর্মনাম, কর্মনাম পালকে। অন্তত্র "শচীবোহভি" – কর্মবন ইতি সায়ন ভাষ্য।

বেদে ইন্দ্ৰকে শচীপতি অর্থে বছকর্মবন্ বলা হইয়াছে। পুরাণে এই কর্মার্থক শচীকে, নারী করিয়া, তাঁহাকে ইন্দ্রের জ্বীরূপে পরিণত করা হইয়াছে। কর্মবান্ ইন্দ্র একবারে শচীরূপ নারীর পতিরূপে রূপান্তরিত হইয়াছেন। বেদে তাঁহার বছ কার্য্যের বা কর্মের কথা উল্লেখ আছে। তিনি বর্ধণকারী তাই বৃষ। তিনি বক্জ বা বিছ্যুৎদারা রুত্র (অন্ধ্বার) রূপ শক্রনাশী, তাই তিনি বৃত্রহা। এইরূপ অনেক কর্মের কথা বলা হইয়াছে।

"ইন্দ্রো মায়াভিঃ পুরুরপ ইয়তে। ইন্দ্র মায়া দ্বারা বহুরূপ ধারণ করেন। এই ইন্দ্রই তথন বৈদিক ঋষিদের শ্রেষ্ঠ দেবতা ছিলেন

"একং শং বিপ্রা বছধা বদস্তি।"

এক সং ইন্দ্রকেই তাঁহার বহুরূপে প্রকাশিত বলিতেন। তিনিই পরম

ঐশ্বর্যাশালী পরমেশ্ব ছিলেন। প্রাণে সেই ইন্দ্রকেই সেই পরমেশ্বকেই

যে রূপে রূপাস্তরিত করা হইয়াছে, এই অহল্যা উপাধ্যানেই আমরা
তাহার বেশ পরিচয় পাই। পৌরাণিক ইন্দ্র শতক্রত্-রূপ শত
অখমেধ যজ্ঞ করিয়াছেন। তাঁহার অনেক কর্ম্মের মধ্যে এই পরস্ত্রীগমন
কর্ম্মন্ত অনেকস্থলে পুরাণে উদ্ধিথিত হইয়াছে। আর স্বর্গের অপ্সরা

শন্তোগের তো কথাই নাই। তাঁহার এই কার্য্য আধুনিক লম্পটের কার্য্য ব্রন্থিয়াই অভিধেয় হওয়া সঙ্গত। হ্নরূপ লম্পটদের কর্মাও এইরূপ হ্ননরী পরস্ত্রীকে ভূলাইয়া, তাহাদের সর্ব্বনাশ সাধন করা। হতরাং কাল্পনিক ইন্দ্রকে বাদ দিলে আমরা ইহাই অফুমান করিতে পারি যে, সেই পৌরাণিক ইন্দ্রেরই গ্রায় কর্মকারী কোন হ্ননর ও যৌবনসম্পন্ন পুরুষ, ঠিক অহল্যার ঋতুমতী অবস্থা ও গৌতমের অফুপস্থিতির হুযোগ লইয়া, অহল্যাকে নিজের হ্ননররূপে প্রলোভিত করিয়া, তাহার রূপযৌবন ভোগ করিয়াছিল। এথানে বাল্মীকি সম্ভবতঃ ইন্দ্র শন্ত ইন্দ্রিয়ার্থে ব্যবহার করিয়াছেন। ইন্দ্রিয় শন্ত ইন্দ্র ইন্দ্রত উৎপত্তি। এই ইন্দ্রিয় সাহায্যেই অল্যেরও ইন্দ্রিয় উত্তেজিত করা যাইতে পারে। ইন্দ্রিয় হইতেই র্ভিনিচয় বর্ষণ হয়। ইন্দ্রিয় ঘার ঘারাই তাহা মন গ্রহণ করে। তাই ইন্দ্রিয়কেও রুষ বলা যাইতে পারে।

"ইন্দ্রিভাগানো লিক্সফুমাপকম্। ইন্দ্রেন ইস্করেন হাইং। ° ইন্দ্র+ঘচ করণম্।"

ইন্দ্রির ঘারাই আত্মার অফুমাপ বা অফুধাবন হয় বা আত্মা প্রকাশিত হয়। গৌতম অহলার ইন্দ্রিয়কেই অভিশাপ দিয়াছিলেন। অথবা যে পুরুষ তাঁহার পত্নীর সহিত বাভিচার করিয়াছিল, তাহার ইন্দ্রিয়কেই রুষণ রূপে বলিয়া, তাহার বর্ষণ বা সেচন শক্তি শাপ দিয়া নই করিয়া দিয়াছিলেন। গৌতমের শাপে ইন্দ্রের রুষণ বা অগুকোষ নই হইলে, দেবতারা সেই স্থানে মেবের রুষণ যোজনা করিয়া দিয়া, তাঁহার সেই চিরাচরিত কার্য্য অব্যাহত রাখিয়াছিলেন। তাই ইন্দ্রের আর একনাম । মেষ-বৃষণ। পুরাণ-কর্ত্তারা এই অহলার উপাখ্যানেই ইন্দ্রের মেষ-বৃষণ নামের উৎপত্তির

কারণ দর্শাইয়াছেন। বেদে ইল্রের নাম মেষ-বুষণ আছে। তাহার ष्पर्थ हेन्द्र स्परवत्र ग्राप्त वर्षन करतन वा वृष्टि वर्षन करेने हा व्यव भाकृ অর্থে বর্ষণ। ষণ্ডও রেত সেচন বা বর্ষণ করে বলিয়া তাহার নাম বুষ। যেখান হইতে বৰ্ষণ হয় তাহাই বুষণ। বুষের অণ্ডকোষ হইতে রেত সেচন বা বর্ষণ হয় বলিয়া, অণ্ডকোষের আর একনাম বৃষণ। মেষ শব্দ মিষ শব্দ হইতে উৎপন্ন। মিষ = স্পর্দায়। মেষের রেড সেচনে সর্বাপেকা বেশি স্পর্দ্ধা আছে, তাহা সাধারণতঃ সকলেই দেখিয়াছে। পৌরাণিক ইন্দ্রেরও অসংখ্য অপ্সরা সভোগ এবং পরস্ত্রী গমনে, সমস্ত দেবতাদের মধ্যে এ বিষয় স্পর্কা খুব বেশি। কিছে বেদোক্ত ইন্দ্রের এই বারিবর্ষণে ষথেষ্ট স্পর্দ্ধা আছে। কেননা তিনি মেছকে স্পর্দ্ধা সহকারে বাহন করিয়া, তাহা হইতে বর্ষণ করেন। তাই তাঁহার আর এক নাম জীমৃতবাহন। জীমৃত অর্থে মেঘ। এই রামায়ণের উত্তরাকাণ্ডে পৌরাণিক কাহিনীর জন্মদাতা পৌরাণিক শ্রেষ্ঠ নারদ কর্ত্তক অহল্যার জন্মের কথা উল্লেখ আছে। তাহা এইরূপ — षश्ना। = म+श्ना। (विक्रभ्रा)। याश्रव मर्खादक এक्रेड বিরপ্তার লেশ নাই এইরপ এক স্বাঞ্চল্লরী ক্লা ব্রহ্মা স্ঞ্রন করিলে, ইন্দ্রের লোলুপ দৃষ্টি তাহার উপর পড়িল। ত্রন্ধাও ইন্দ্রচরিত্র বিশেষ অবগত, স্নতরাং অন্তত্র স্থপাত্রের অন্নেষণ করিয়া শেষে গৌতম ঋষির করেই সেই কন্যা সম্প্রদান করিলেন। কিন্তু ইন্দ্রও নাছোড়। স্থতরাং তিনি স্থযোগ অন্বেষণ করিতেছিলেন। মধ্যে মধ্যে মর্ত্তো আসিয়া অহল্যার পর্ণ কুটিরের আশে পাশে উকি ঝুকি মারিতেন। গৌতম তীর্থে গিয়াছেন। বেশ স্থযোগ পাইয়া নিজের অভিসন্ধি সিদ্ধ कविरागन। कनियुर्ग विमारात देश वर्षे मोलागा रा, এ रहन দেবতার আবির্ভাব আর হয় না। আর শান্তকারেরাও, এই ত্রিপাদ

পাপক্লিষ্ট কলিয়ুগে বেশ বুঝিয়া স্থাজিয়াই, ইন্দ্রের পূজাটী প্রচলনে বিশেষ মনোয়োগ নাই। কোথাও কোথাও আনার্টি হইলে, সেই বৈদিক ইন্দ্রেরই পূজার ব্যবস্থা হয়। আমাদের শ্বরণ হয়, বাল্যজালে এইরূপ ইন্দ্রের পূজা একবার দেখিয়াছিলান, তাহাতে শাস্ত্রোক্ত বিধি অহ্পারে ''কলিকা"তে গঞ্জিকা দিয়া অগ্লি-সংযোগ করিয়া ইন্দ্রকে নিবেদন করা হইয়াছিল। বোধহয় অপর জাতির পক্ষে যজ্জের হবির পরিবর্ত্তে এই গঞ্জিকা দানই শাস্ত্রকারেরা বিধি দিয়াছেন। বাল্মীকি এখানে তাঁহার বিভিন্নক্ষচি পাঠকের জন্ম, এই পৌরাণিক কাহিনীর উল্লেখ করিয়াছেন মাত্র। আমরা এই ঐতিহাদিক অহল্যার সম্বন্ধেই আলোচনা করিয়া, তাহার সম্ভাব্য ব্যাখ্যা করিলাম মাত্র। ইহার গ্রহণ পাঠকের ক্ষতির উপর নির্ভ্র।

গৌতম অহল্যাকে চিরদিনের মত পরিত্যাগ করেন নাই। তিনি অহল্যার স্বেচ্ছায় ক্বত পাপের প্রায়শ্চিত্তের বিধান করতঃ, তিনি বিশুদ্ধা হইলে তাঁহাকে পুনঃ গ্রহণ করিবেন, এ আখাসও দিয়া যাইলেন। কি মহাস্কৃত্বতা। তাঁহাকে সর্বলোকের অদৃশ্যা হইয়া থাকিতে বলিলেন, অর্থাৎ তাঁহাকে এমন স্থানে লুকাইয়া থাকিতে বলিলেন, যেথান হইতে তাঁহার, মানব কেন, পশুপক্ষীও, দৃষ্টিগোচর না হয়—অগ্রজাতীয় প্রাণীর সঙ্গম দেখিলেও পাছে তাঁহার কাম উদ্রেক হয়। তাঁহার যে কমনীয় দেহের তিনি গৌরব করিতেন, তাহাকে ভন্মাচ্ছাদিত করিলে, যেন তাহার সৌন্দর্য্য দর্শনে তিনি আর নিজ রূপের গর্ব্ধ অস্কৃত্ব না করিতে পারেন। কঠিন ভূমি শ্যায় শয়ন করিলে কাম প্রবৃত্তির উদ্রেক খ্ব কমই হয়। শ্যা অত্যক্ত নরম হইলে তাহাতে শয়ন করিলে, ঐ প্রবৃত্তি রৃদ্ধিপ্রাপ্ত হয়, ইহা সকলেই অবগত আছেন। তাই ভূমি-শ্যার ব্যবস্থা দিলেন। যথন এইজ্ব

দীর্ঘকাল প্রায়শ্চিত্ত দারা অমুতাপানলে শোধিত হইয়া তাঁহার মনসংযম হইবে, তথন তিনি স্বেচ্ছায় তপস্থারত হইবেসং এই নিম্বাম তপস্থার ফলে যথন তাঁহার মন বিশুদ্ধ হইয়া লয় হইবে, তথন তাঁহার আয়জ্ঞান হইবে—তাহাই তাঁহার রামদর্শন। তথন আত্মজানী গৌতম. (যাহার রাম সম্বন্ধে জ্ঞান হইয়াছিল) যথন ব্রিতে পারিবেন, অহল্যারও সে জ্ঞান হইয়াছে, তথনই তাঁহাকে নিজ সমজ্ঞানে তাঁহার সহিত মিলিত হইবেন। গৌতমের এইরূপই অভিপ্রায় ছিল। তাই বল্ল-বংসর প্রায়শ্চিত্ত ও তপস্থার ফলে, অহলারে রাম দর্শন ঘটিল, আর তথনই গৌতম তাঁহাকে গ্রহণ করিলেন। ইহাই এই উপাথাানের তাৎপর্য। ইহাতে আরও দেখান হইয়াছে. নারী পদস্থলিত হইয়া স্বেচ্ছায় ব্যক্তিচার করিলেও, প্রায়শ্চিত্ত, অমৃতাপ ও তপস্তা বা সাধনার ফলে, আত্মজানও লাভ করিতে পারে। ইহার দ্বান্ত আমরা যীশু এবি ও বৃদ্ধদেবের জীবনীতেও দেখিতে পাই ে কিন্তু বড় পরিতাপের বিষয় যে সেই মহামনা আর্যাৠষি গৌতম. বাল্মীকি প্রভৃতির সেই উজ্জ্বল দৃষ্টাস্তগুলি, আধুনিক সমাজ কর্তারা পরিত্যাগ করতঃ, কতকগুলি সঙ্কীর্ণ বিধি নিষেধের গণ্ডী স্বষ্টি করিয়া, তাহা দারাই সমাজ শাসন করিতেছেন। এই সকল বিধি নিষেধ প্রচলনে তাঁহারা শান্ত্রের দোহাই দিতেছেন। স্বেচ্ছায় পতিতা দূরের কথা, বল প্রয়োগে তুর্বন্ত দারা ধর্ষিতা এইরূপ নারীদিগকে তাঁহারা সমাজ বহিষ্কৃত করিয়া, তাহাদের অধঃপতনের সোপান মহুণ করিয়া দিতেছেন। সেই সমস্ত অধঃপতিতা নারীর পরিণাম কি শোচাব**হ** তাহা সকলেই দেখিতে পাইতেছেন। তাহা দেখিয়াও তাঁহাদের স্বেচ্ছায় निभौनिक नम्रन छेन्रौनिक इम्र ना। ইशारमत अपनरकर श्मरका यिम অহলার আয় গৌতমের নিকট ক্ষমাপ্রাপ্ত হইয়া, প্রায়শ্চিত বা

অহলেদার ভারতি হইয়া, বিশুদ্ধ হইবার হ্র্যোগ পাইজ, ভাহা হইলে অহলেদার ভারতি জনসমাজে আদৃত হইত। আর ধর্ষিতা নারীর তো কথাই নাই। পুরুষ যদি তাহাকে রক্ষাই না করিতে পারিল তাহা হইলে তো অসহায় অবস্থায় যে কোন হর্বত্ত তাহার উপর অত্যাচার করিতে পারে। এখানে তাহার দোষ কি? কতদিনে আমাদের অন্ধ শাস্ত্রক্তা সমাজশাসকদের স্বেচ্ছায় অন্ধ নয়ন উন্মীলিত হইবে, এবং তাঁহারা শাস্ত্র সম্বন্ধ একদেশদর্শী না হইয়া, সমস্ত শাস্ত্রেরই আদর করিয়া, তাহাদের ভায় অভায় বিধি সকলের বিচার করতঃ, নিজেদের কর্ত্রের অবধারণ করিতে চেষ্টা করিবেন? আমরা দেই স্বদিনের প্রতীক্ষায় রহিলাম।

গৌতম অহল্যাকে শাপ দিয়া বলিয়াছিলেন, যথন রাম এই আশ্রমে আদিবেন, তথন অহল্যা পবিত্রা হইলে তিনি তাহাকে গ্রহণ করিবেন। গৌতম নিজে আত্মন্তরানী ছিলেন। তাই অহল্যাও তপস্থা বারা আত্মন্তরান লাভ রূপ রাম দর্শন করিতে পারিবেন এ বিষয় তিনি নিশ্চিত ছিলেন। এই দাশরথি রামে যে পূর্ব হইতেই রামত্ব বীজ নিহিত আছে ইহাই বাল্মীকি দেখাইলেন। গৌতম ঋষি রামের আগমন এরূপ অর্থেই ব্যবহার করিয়াছিলেন, নতুবা রাম যে এ বনে আদিবেন তাহা তিনি কিরূপে তথন জানিতে পারিয়াছিলেন? বিশামিত্র ঋষি গৌতমের ইতিহাস জানিতেন, তাই তিনি রামকে পেধানে আনম্বন করিয়া, অহল্যাকে দর্শন করাইয়া, এই রাম দেহই যে তাঁহার লক্ষ্য রামের সংজ্ঞা জ্ঞাপক তাহাই দেখাইলেন। বস্তুভঃপক্ষেইহাতে অহল্যার উদ্ধারও নাই, আর কবি কীর্ত্তিবাসের রামপদস্পর্শে অহল্যার পাষাণত্ব মোচনও নাই। রাম আসিয়া প্রথমতঃ অহল্যারই পাদবন্দনা করিয়াছিলেন।

"বাঘবৌ তু তদা তন্তাঃ পাদৌজগৃহতুমু দা। শ্বস্তী গৌতমবচঃ প্ৰতিজগ্ৰাহ সা হি তৌ

গৌতমও যথন জানিতে পারিলেন যে অহল্যা দীর্ঘ সময় তপ ও সাধনা ছারা তাঁহার অন্তঃকরণ বিশুদ্ধ করিতে সমর্থ হইয়াছেন, তথন তথায় উপস্থিত হইয়া রামকে দেখিতে পাইলেন। তথন উভয়ে মিলিত হইলেন।

পঞ্চম পরিচ্ছেদ

হরধনুভূঞ্ ও সীতার বিবাহ

তাঁহারা সেই গৌতম আশ্রম হইতে প্রস্থান করিয়া রাজষি জনকের যজ্ঞশালাতে প্রবেশ করিলেন। সেই যজ্ঞে অনেক ঋষি ও নানা দেশবাসী বেদাধ্যায়ী বহুসংখ্যক ব্রাহ্মণ আগমন করিয়াছিলেন। বিশামিত্র নির্জ্জন স্থানে তাঁহাদের আবাস স্থির করিলেন। রাজষ্টি জনক বিশামিত্রের আগমন বার্ত্তা শ্রবণ করিয়া পুরোহিত অহল্যানন্দন শতানন্দসহ প্রত্যুদ্গমন করিয়া তাঁহাকে অর্ঘ্য দিলেন। তৎপরে তিনি বিশামিত্রকে জিজ্ঞাসা করিলেন, "এই ছই দেবতুল্য কুমার কে এবং কাহার পুত্র? ইহারা কি নিমিত্ত এখানে আসিয়াছেন এবং কি প্রকারেই বা পদব্যক্তে আসিয়াছেন? বিশামিত্র কহিলেন, "ইহারা রাজা দশরথের পুত্র। ইহারা নিরাপদে সিদ্ধাশ্রমে আসিয়া অনেক রাক্ষস বধ করিয়াছেন এবং আপনার সেই শ্রেষ্ঠ ধহুর বিষয় অবগত ইইবার নিমিত্ত আসিয়াছেন।"

তংপর দিন প্রভাতকালে রাজা, বিখামিত্র ও রামলক্ষণকে সভাস্থলে আহ্বান করিয়া বিখামিত্রকে বলিলেন, "আপনি আজ্ঞা করুন আমাকে কি কার্য্য করিতে হইবে ? বিখামিত্র কহিলেন, "ইহারা লোকপ্রসিদ্ধ রাজা দশরথের পুত্র। আপনার গৃহে যে শ্রেষ্ঠ ধয়ু আছে তাহা দর্শন করিবার নিমিত্ত ইহারা এখানে আসিয়াছেন। আপনি ইহাদিগকে সেই ধয়ু প্রদর্শন করান, ইহারাও সেই ধয়ু দর্শন করিয়া,

পূর্ণমনোরথ হইয়া যাহা অভিলাষ হয় তাহা করুন।" তথন রাজা বলিলেন, "এই ধন্ম যে নিমিত্ত আমার নিকট আছে তাহা বলিতেছি। পূর্ব্বে বিখ্যাত নিমির জোষ্ঠ পত্র মহাত্মা দেবরাত নামে নরপতি ছিলেন; তাঁহার হত্তে এই ধন্ম ক্যাসম্বরূপ প্রদত্ত হইয়াছিল। দক্ষয়জ্ঞ বিনাশকালে বীৰ্যাবান মহাদেব দক্ষয়জ্ঞ ধ্বংস করিয়া ধতু আকর্ষণ পূর্বক, লীলাসহকারে দেবতাদিগকে কহিয়াছিলেন 'স্থরগণ! যেহেতু আমি হবির্তাগার্থী হইলেও তোমরা আমার ভাগ নির্দেশ কর নাই: তজ্জ্য আমি তোমাদের সর্বলোক পজনীয় মন্তক এই ধনু দারাই ছেদন করিব।' পরে দেবগণ বিমনা হুইয়া দেবাদিদেব হুরুকে প্রসন্ধ করায়, তিনি প্রীত হইয়া তাঁহাদিগকে সেই ধন্ন প্রদান করিয়াছিলেন। মহাদেবের সেই ধন্ন তৎকালে ন্যাসম্বরূপ দেবগণ কর্ত্তক, আমার প্রবিজ্ঞাত দেবরাতের হত্তে ক্রন্ত হইয়াছিল। একদা আমি ক্ষেত্রকর্ষণ করিতেছিলাম, দেই সময় আমার লাঙ্গল পদ্ধতি হইতে একটা কলা উখিতা হয়। ক্ষেত্ৰকৰ্ষণ করিবার সময় সীতা (লাঙ্কল পদ্ধতি) হইতে সেই কলা পাইয়াছিলাম বলিয়া দে সীতা নামে বিখ্যাত হইয়াছে। ভতল হইতে উথিতা আমার সেই নন্দিনী ক্রমে বাড়িতে লাগিল। আমি সেই অযোনিসম্ভবা কন্তাকে বীর্যাশুলা (যিনি বীর্যাবলে সেই ধম্মতে জ্যারোপণাদি করিতে পারিবেন, তিনি এই কন্তা লাভ করিবেন এরপ পণে আবদ্ধা) করিয়া রাখিলাম। ভূতলোখিতা আমার সেই কলা বিবাহযোগ্যা হইলে, অনেক রাজা ু আসিয়া তাহার পাণি প্রার্থনা করিলে, বীর্যান্ডলা বলিয়া আমি তাঁহাদিগকে আমার কলা প্রদান করি নাই। তারপর তাহারা মিলিত হইয়া, মিথিলাতে আসিলে, আমি তাহাদিগকে সেই ধ্যু প্রদর্শন করাইলাম। তাঁহারা কেহই সেই ধমু উত্তোলিত বা পরিচালিত করিতে পারিলেন না। আমি সেই সকল রাজাদিগের বীর্য্য অল্প দেখিয়া, তাঁয়াদিগিকে প্রত্যাখ্যান করিলাম। অনন্তর সেই সকল রাজাগ মংকর্তৃক আত্মকে অবমানিত বোধ করিয়া অত্যন্ত কোপান্থিত হইলেন,—ধহতে জ্যারোপণরূপ বীর্য্য বিষয়ে সন্দিশ্বচিত্ত হইয়া ক্রোধে মিথিলাপুরী অবরোধকরতঃ উংপীড়ন করিতে লাগিলেন। পরে সম্বংসর পূর্ণ হইলে আমার সমস্ত সাধন ক্ষয় হইল। তথন আমি নিতান্ত ছংখিত হইয়া তপস্তাশ্বারা সমস্ত দেবগণকে প্রসন্ম করিলে, তাঁহারা পরম প্রীত হইয়া আমাকে চতুরঙ্গ সৈশ্য প্রেরণ করিলেন। অনন্তর সেই সমস্ত রাজারা, চতুরঙ্গ সৈশ্যকর্তৃক নিহতপ্রায় ও ভয়োংসাহ হইয়া, নানাদিকে পলায়ন করিল। আমি সেই পরম প্রাদীপ্ত ধয় রাম ও লক্ষণকে দেখাইতেছি। যদি রাম সেই ধয় আকর্ষণ করিতে পারেন তাহা হইলে তাঁহাকে আমার অযোনিজা কন্যা সীতাকে সমর্পণ করিব।" তথন বিশ্বামিত্র তাঁহাকে সেই ধয় আনিতে বলিলে, তিনি সচিবগণকে তাহা সভাস্থলে আনিতে আদেশ দিলেন।

তথন অতি দীর্ঘ মহাবলশালী পঞ্চাশত শত (পঞ্চ সহস্র) লোক অতি কটে যে অটচক্রসমন্থিতা মঞ্মাতে সেই ধন্থ ছিল, সেই মঞ্চাবন করিল। অমাত্যেরা সেই লোইনির্মিত অটচক্রসমন্থিত মঞ্ছা, জনক সমীপে উপস্থিত করিলেন। তথন রাজা, রাম ও লক্ষ্মাকে উদ্দেশ করিয়া বিশ্বামিত্রকে বলিলেন, "ত্রহ্মাণ এই শ্রেষ্ঠ ধন্থ জনক বংশীয় সকলেরই পৃজিত। ইহা সীতাপরিণয়াভিলাষী মহাপরাক্রান্থ ও মহাবীর্যাশালী কোন রাজাই উত্তোলন করিতে সমর্থ হয় নাই। মন্থ্যগণের তো কথাই নাই, দেব, দানব, গন্ধর্ক, রাক্ষ্মগণের মধ্যেও কেই ইহাতে জ্যারোপণ, শরসন্ধান বা টক্কার দিতে সমর্থ নহে। আপনি ইহা এই রাজকুমারম্বয়কে দর্শন করান।"

তথন বিশামিত রামকে কহিলেন—"বৎস! তুমি এই ধয় দর্শন কর।" রামও, বিশ্বামিত্রের নিয়োগামুসারে, সেই মঞ্জুবা, উল্যুটনুপূর্বক ধতু সন্দর্শনকরতঃ সকলের সমক্ষেই বলিলেন, "আমি এই দিব্য শ্রেষ্ঠ ধন হত্তমারা বহন করিব এবং ইহা উত্তোলন করিতে ও ইহাতে টম্কার দিতেও যত্ন করিব।" তৎপরে রাম, সেই বহুসহস্র দর্শকমগুলীর সমক্ষে. সেই ধন্মর মধ্যভাগ গ্রহণ করিয়া, তাহাতে গুণ সংযোজন করিলেন এবং টকার দিলেন, পরে সেই ধমু ভাঙ্গিয়া ফেলিলেন। দেই ধহুর নির্ঘাতত্**লা তুমুলশবে বিশামিত্র, জনক ও রাম** লক্ষ্মণ ব্যতীত সকলেই মোহাভিভূত হইয়া ভূতলে নিপ্তিত হইল। তথন জনক, বিশামিত্রকে বলিলেন, "ভগবন! এই ধহুতে গুণ আবোপণ যে কেহ করিতে পারিবে আমি কথনও এরপ ধারণা করিতে পারি নাই। স্থতরাং দশরথনন্দন রামের বীর্ঘ্য আমি সম্যক অবগত হইলাম। আমার নন্দিনী সীতা যে ইহাকে পতিলাভ করিয়া জনককুলের কীর্ভিথুদ্ধি করিবেন তাহাতে সন্দেহ নাই। আমার তন্য। 'বীর্যাশুদ্ধা' আমি এই যে প্রতিজ্ঞা করিয়াছিলাম তাহা সত্য হইল: আমি রামকে আমার প্রাণপ্রিয়তমা সীতা সম্প্রদান করিব: আপনাব অনুমতিক্রমে মন্ত্রিগণ বরায় অযোধ্যায় যাইয়া, রাজা দশর্থকে এখানে সমাদরে আনয়ন করিতে প্রেরিত হউক।" তৎপরে রাজা দশর্থ সমস্ত পৌরজনসহ মিথিলাতে উপস্থিত হইলে, মহাসমারোহে সীতার সহিত রামের ও জনকের তিন লাতপুত্রীর সহিত, ভরত, লক্ষণ ও শালাম্ব বিবাহ সম্পাদিত হইল।

আমরা পূর্ববাপর দেখাইতে চেষ্টা করিয়াছি যে রামের ইতিহাস একটা সত্য ঘটনা অবলখনেই রচিত হইয়াছে। কিন্তু এই সীভার বিবাহ ও ধৃষ্কুভঁকের বিবরণে তাহাতে সন্দেহের অবকাশ আদে। সীতার জন্মের যে বিবরণ জনকম্থে উল্লিখিত হইয়াছে তাহাতে বিখাস হয় না, প্রাসীতা নামী তাঁহার কোনও কলা ছিল। কেন না লাঙ্গল ধারা ভূমি কর্ষণ করিতে করিতে তিনি একটা কলা প্রাপ্ত হন এবং সেই কলা অধােনিজা অর্থাৎ কোন নারীগর্ভসম্ভূতা নহেন এরপ বিলিয়াছেন। ইহা অন্ধশান্তে বিখাসিগণ ভিন্ন কেইই বিখাস করিতে স্বীকৃত হইবেন না। ইহা সেই মংস্থাপর্ভসম্ভূতা মংস্থাপনার লায় অবজ্ঞাচক্ষ্তেই দৃষ্ট হইবে। তাহা হইলে কি কোন সীতা ছিলেন না? কিন্তু বাল্মীকি বলিয়াছেন

"অথ মে কুষতঃ ক্ষেত্ৰং লাঙ্গলাচুথিতা ততঃ।"

ইহাতে মৃত্তিকা হইতেই যে তাঁহার জন্ম হইয়াছিল, তাহা বলেন নাই। সীতা লাকলের ফলার মুথ হইতেই উঠিয়াছিলেন। স্ক্তরাং সেই ভূমিতেই সীতা ছিলেন—প্রোথিতা অবস্থায়, আর সেই লাকল যথন সেই ভূমি থনন করিল, তথনই তিনি দৃষ্টিগোচরা হইলেন। আমরা কিছুদিন পূর্ব্বে সংবাদপত্রে একটা সত্য ঘটনা সম্বন্ধে পড়িয়াছিলাম। অনেকেরই তাহা দৃষ্টিগোচর হওয়া সম্ভব। কোন ক্ষম্ম সন্ধ্যার প্রাকালে গৃহে প্রত্যাগমনকালে দেখিতে পাইল তাহার গৃহের সন্ধিকটস্থ সভঃকবিত স্থানের মৃত্তিকা নড়িতেছে। সে ইহা নিতান্তই অন্তৃত ভাবিয়া কোতৃহলাক্রান্ত ইইয়া সেই মৃত্তিকা অন্ধ্য প্র্তিকা বিজ্ঞাই দেখিতে পাইল একটা সভঃপ্রস্ত শিশু নড়িতেছে। তথন সে স্বতনে তাহাকে উঠাইয়া নিজগৃহে আনিয়া নানান্ধ্য শুশ্রামাছিল আর তাহাকে রক্ষা করিল। হয়তো কোন শিশু মৃতপ্রায়্ম অবস্থায় জনিয়য়ছিল আর তাহাকে তাড়াতাড়ি মাটিতে পঁ তিয়া তাহার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ধ করা হইয়াছিল। সভঃপ্রস্ত অনেক শিশুই ঐরপ মৃতকল্প অবস্থায় জন্মগ্রহণ করে, পরে চিকিৎসকের অনেক প্রয়ামে জীবিত হইয়া দীর্ঘজীবী

হয়। বন্ধদেশে এবং অনেক দেশেই এই মৃতশিশুদিগকে মাটিতে পঁ তিবার প্রথা আছে। কুলমান ভয়ে লজ্জিতা অনেক নারী, তাহাদের অবৈধ উপায়ে গর্ভ সঞ্চার হইলে, সন্তঃপ্রস্থৃত সন্তানকে অনেকন্তলে ঐরপেই লোকনয়নের অদুশু করিয়া নিজদিগকে সমাজচ্যুতির শাসন হইতে রক্ষা করে। এখনও রাজপুতনার কোথাও কোথাও এইরূপ কন্তারত্ব তিরোভত করিবার কথা গুনিতে পাওয়া যায়। যদিও অর্দ্ধ-भठाकी পূর্বেও ইহার বহুল প্রচার ছিল। সংপাত্তে ক্যাদানের উপযুক্ত বর প্রাপ্তির অসম্ভাবনাতেই এইরূপ নির্মম আচরণ করিতে লোকে কৃষ্টিত হইত না। পুরাকালে রাজপুল্রীদের বিবাহার্থ উপযুক্ত বরের অভাব হওয়াতেই, রাজাদের অন্তঃপুরে বহুসংখ্যক মহিষীর সমাগম হুইত। এক্ষেত্রে ও এইরূপই কিছু সম্ভব হুইয়াছিল অফুমান করিলে অসমত হয় না। হয় তো কোন অভিজাতকুলসম্পন্না শিশুক্তা, তাহার পিতামাতা কর্ত্ব উক্ত কারণে, সন্তই মুত্তিকাতে প্রোথিত হইয়াছিল. আর ঠিক সেই সময়ে রাজা জনক স্বহন্তে লাঙ্গল দারা ভূমিকর্ষণ করিতে করিতে সেই লাঙ্গলের অগ্রভাগে উথিত এই ক্যাটী পাইয়াছিলেন। লাঙ্গলের ফলাতে যে গর্ভ হয়, যাহাকে সীতা বলা হয়, তাহাও অগভীর। স্থতরাং মাটির অল্প নীচেই এই ক্লাটি প্রোথিত হইয়াছিল। তারপর রাজা স্যত্নে তাহাকে গৃহে আনয়ন করিয়া দেই মৃতকল্পা ক্যাটীকে শুশ্রুষাদি দ্বারা পুনজ্জীবিত করতঃ তাহাকে আত্মজা বলিয়াই পরিচিতা করিয়াছিলেন। ইহাই সম্ভবতঃ প্রকৃতপক্ষে ঘটনা। আর তাহা হইলেই সীতার অন্তিত্ব সম্বন্ধে কোনও সন্দেহের অবকাশ থাকে না। পক্ষান্তরে যজ্ঞাগ্নি হইতে উখিত প্রাণীর হত্তে আনীত পায়স ভোজনে গর্ভধারিণী মহিষীর প্রস্থত বিফু অবতার রামের সহিত, একটা ধরিত্রী-উদ্ভবা অযোনিজা কলার

সম্মেলন সঙ্ঘটন না হইলে সৌদাদৃশ্য অভাবে রামের অবতারত্বও প্রতিষ্ঠিত থাকে না।

তারপর এই বীর্যুশুকা অযোনিজা ক্যার বিবাহার্থ পণস্বরূপ যে ধমু স্থাপিত হইয়াছিল, তাহাও আর একটী অলোকিক পদার্থ। রাজা বলিলেন দক্ষযজ্ঞে মহাদেব যে ধরু ব্যবহার করিয়াছিলেন, দেবতারা তাহাই প্রাপ্ত হইয়া, জনককুল সম্ভূত কোন পূর্বপুরুষ দেবরাতকে, সেই ধমু ক্যাসম্বরূপ দিয়াছিলেন, আর তাহাই তাঁহারা বংশামুক্রমে রক্ষা করিয়া আসিতেছেন এবং উপস্থিত সেই ধুমুতেই জ্ঞারোপণ ও টন্ধারদানে সমর্থ ব্যক্তিকে সীতা প্রদান করিতে তিনি পণবদ্ধ। সেই ধমুবহনকারী লোহচক্রসমন্বিত মঞ্জ্বাটী, পঞ্চ্যবস্ত্র দীর্ঘদেহধারী বলবান ব্যক্তি অতিকট্টে স্বন্ধে স্থাপন করিয়া, রাজসভায় আনয়ন করিতে সমর্থ হইয়াছিল। যেখানেই রামকে বিষ্ণুঅবতার দেখাইবার প্রয়োজন হইয়াছে, দেখানেই বাল্মীকি 'এক'কে এক সহস্র বলিয়া বর্ণনা করিয়াছেন, তাহা প্রবাপর আমরা এই রামায়ণের স্থানে স্থানে দেখিতে পাই। স্থতরাং সেই হিসাবে যদি আমরা এন্থলেও ধরিয়া লই, যে পাঁচজন লোক এই লোহচক্র সমন্বিত মঞ্বাটী আনয়ন করিয়াছিল, ইহাতে আশ্চর্য্যের বিষয় কিছু নাই। বস্তুতঃ ধহুখানি অত ভারি ছিল না। তাহা সম্ভবতঃ বংশনিশ্মিত হইলেও তাহার দৈর্ঘ্য প্রায় ৪ হাত ৪॥০ হাত হওয়াতে বুহৎ ছিল। অন্ত মনুয়কর্ভ্বক তাহাতে গুণযোজনা ও টকার দেওয়া অসম্ভব হুইলেও, সেই জনকবংশীয অন্ততঃ একজন রাজা পূর্বের এই ধন্থ ব্যবহার করিয়াছিলেন। আমরা এই ইতিহাসের সহিত কাল্পনিক দেবতার সংশ্রব বরাবরই পরিত্যাপ করিয়া যাইতে চেষ্টা করিতেছি, অশুণা ইহা বছলোকের অবিশ্বাস্থা হইতে পারে। তাই ইহাই অমুমান হয় যে দেবরাত নামক জনকবংশীয় ক্ষত্তিয়

রাজ, দীর্ঘদেহ ও অতিশয়্ব বলবান্ হওয়া প্রয়ুক্ত, এই বৃহৎ ধয়্ব নির্মাণ করিয়া ব্যবহার করিতেন। পরে তাঁহাদের বংশীয় যে সকল রাজা হইয়াছিলেন, তাঁহারা উহা ব্যবহার করিতে, শক্তির অল্পতা হেতু, সমর্থ হন নাই। তাই পূর্বপুক্ষের গৌরব রক্ষার্থ এই ধয়্ব সমত্মে রক্ষা করিয়া আদিতেছিলেন। যেমন ইংলণ্ডের প্রথম রিচার্ডের বৃহৎ তরবারি বা রাজপুত রাজ ভীমদিংহের তরবারি এখনও সমত্মে, দর্শকিছিগের দর্শনার্থ, সাধারণ প্রদর্শনীগৃহে রক্ষিত হইয়াছে। লেখকেরও একজন খুল্লিশিতামহ একটি বৃহৎ কার্চের মুক্তার ছারা ভাকাত তাড়াইতেন, তাহা তাঁহার পল্লীগৃহে সমত্মে রক্ষিত হইয়াছিল। মুক্তারটা, লেখক দীর্ঘকায় ও বলবান হইলেও মুবা বয়দ্যে সহজে আয়ড় করিতে পারেন নাই।

যথন চারিদিক হইতে বিশ্রুতা কল্লা সীতার পাণিপ্রার্থী হইয়া রাজারা আসিতে লাগিলেন, তথন জনক কাহাকে কল্লাদান করিবেন, কে উপযুক্ত পাত্র হইবে ইহা স্থির করিতে না পারিয়া, দর্ব্বাপেক্ষা বীর্ঘ্যান্ ব্যক্তিকেই সীতা সম্প্রদান করিবেন ইহাই মনন করিয়া সেই অমিতবলশালী পূর্ব্বপূক্ষের ব্যবহৃত ধহুকই প্রার্থীদের বীর্ঘ্যারীক্ষার লক্ষ্যরূপে স্থিত করিলেন। আর সে ধহু বহু পুরাতন হওয়াতে জীর্ণতা প্রাপ্তও হইয়াছিল। স্থতরাং তাহাতে রাম টফারও দিলেন আবার তাহা ভাকিয়াও গেল। রামও মহাবীর্ঘ্যান্ ও আজাহুলখিতবাহ ছিলেন। এই আজাহুলখিতবাহ সমধিক বীর্ঘ্যবার চিহ্ন। আফ্রিকার গরিক্লাদের বাহু অতিশয় দীর্ঘ ও তাহাতে এত শক্তি যে তাহারা একটা দোনলা বন্দুক হস্তম্বারা ভাকিয়া ফেলিতে পারে, এক্লপ অনেক শিকারীর মুথে শোনা যায়।

এই ধয়ু দেবতা কর্ত্বক গ্রন্ত হইল কেন? সম্ভবতঃ এই ধয়ু অস্ত্র দৈববশেই দেববাত আবিদ্ধার করিয়াছিলেন। কোনও কিছু আবিদ্ধার দৈবের সাহায়্যেই প্রথম হয়। পূর্ব্বতন আদিম মহয়ের মধ্যে যিনি আরি প্রজ্জলনের আবিদ্ধার করিয়াছিলেন তিনি দৈববশেই কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণে আরির উৎপত্তি নিশ্চয় প্রত্যক্ষ করিয়াছিলেন। প্রথম আবিদ্ধর্তারা, এইরূপ দৈবাৎ দর্শনের পর নিজ্জ বৃদ্ধিবলেই সেই সেই জিনিষ আবিদ্ধার করিতে সমর্থ হইয়াছিলেন। তাই ইহা দেব কর্তৃক ক্রস্ত হওয়া বলিয়া রূপকে বর্ণিত হইয়াছে। আমরা এ পর্যান্ত সীতার জন্মের বা রামের ধহুর্ভকে কোন অলৌকিক বা অমাছ্যিক কার্য্যের সমাবেশ পাইলাম না। জনক এই ধহু পূর্বপূক্ষের আবিদ্ধৃত না বলিয়া, শিব কর্তৃক দত্ত শৈবধহু বলিলেন কেন ?"

"তেষাং জিজ্ঞাসমানানাং শৈবং ধয়ুরুপাশ্বতম্॥"

শিব অর্থে মঙ্গল। শৈবধয় অর্থে মঙ্গলকারী ধয়। এই ধয় অস্ত্রই
তথন আত্মরকার প্রধান অস্ত্র ছিল। আমার পূর্বপুরুবের সেই বৃহৎ
মূল্যর ভাকাত তাড়াবার প্রধান সহায় ছিল বলিয়া তাহাও বেন
আমাদের শৈব মূল্যরই ছিল। দ্র হইতে শক্র নিপাত করিতে,
এই ধয়ই তথন প্রধান অস্ত্র ছিল। ইয়ুরোপেও বলুক আবিদ্ধারের
পূর্বের এই ধয়ুঃশার দারাই য়ুদ্ধ হইত এবং ইহাই প্রধান অস্ত্র ছিল।
পক্ষান্তরে বিয়ু অবতার রামের অলোকিক কার্য্য সম্পাদন সম্বন্ধে বাহারা
বিশাস করেন, তাঁহাদের পক্ষে উক্তর্মণ নীরস কৃট ব্যাখ্যা শ্রুতিমধুর
হইবে না। তাঁহারা রামায়ণের আপাতদৃষ্ঠ শ্রুতিমধুর অলোকিক
ঘটনাবলীর সমাবেশে রামের বিয়ু অবতার জ্ঞানেই স্থ্যী হউন।

এপর্যন্ত আমরা ইতিহাসের দিক দিয়া তাহার মর্য্যাদা রক্ষার্থ যাহা প্রয়োজন সেইরূপ আলোচনাই করিলাম। অতঃপর ইহাতে যে রহস্ত নিহিত আছে সেই দিক্টা দেখাইবার চেষ্টা করিব। আর সে রহস্তের মূল এই সীতার জন্ম ও ধহুর্ভকেই নিহিত আছে। সাধারণ দৃষ্টিতে তাহা ভেদ করা সম্ভবও নহে। আমাদের সেই রহস্তের গন্ধ, এথানেই প্রাপ্ত এবং তাহা নিম্নলিখিত শ্লোকেই হইয়াছে। জনক বলিতেছেন—

> "দক্ষমজ্ঞ বধে পর্ববং ধন্মরাযম্য বীর্ঘ্যবান। বিধ্বস্থ ত্রিদশান রোষাৎ দলীল মিদমত্রবীৎ।। যশ্মাৎ ভাগার্থিনো ভাগান না কর্ম্বাতে মে স্থরা:। বরাঙ্গানি মহার্হানি ধরুষা শাত্যামি ব:। ততো বিমনসঃ সর্কে দেবা বৈ মুনিপুঙ্কব। প্রাসাদয়র দেবেশং তেষাং প্রীতোহভবদ্ধব:॥ প্রীতিযুক্তন্ত সর্বেষাং দদৌ তেষাং মহাত্মনাম। তদেওদেবদেবস্থা ধমুরত্বং মহাত্মনঃ॥ ন্তাসভতং তথা ক্রন্তমশ্বাকং পর্বজে বিভৌ। ষ্মথমে কুষতঃ ক্ষেত্ৰং লাঙ্গলাচুখিতা তদা। ক্ষেত্ৰং শোধয়তা লক্ষা নামা সীতেতি বিশ্ৰুতা ॥ ভূতলাত্থিতা সা তু ব্যবৰ্দ্ধত মমাত্মজা। বীৰ্যাশুৰেতি মে কন্তা স্থাপিতেয়ং অযোনিজা # আত্মানমবধৃতং মে বিজ্ঞায় নূপপুঞ্চবাঃ॥ রোষেণ মহতা-বিষ্টাঃ পীডান মিথিলাং পুরীম। ততঃ সম্বৎসরে পূর্ণে ক্ষয়ং যাতানি সর্কাশঃ। সাধনানি মনিশ্রেষ্ঠ। ততোহহং ভূশ দু:খিত: ॥"

ইহার তর্করত্ম মহাশয় কৃত অমুবাদ পূর্বে দিয়াছি। পাঠক তাহা দেখিলে দেখিতে পাইবেন তিনি 'ক্ষেত্রং শোধয়তার' কোন অর্থ করেন নাই। এখানে ক্ষেত্রশব্দের পুনক্তি বিনা কারণে হয় নাই। এই দ্বিতীয় ক্ষেত্রের অর্থ হইতেছে দেহ রূপ ক্ষেত্র এবং তাহার শোধন অর্থাৎ তাহার বিশুদ্ধীকরণ। ভূমিকর্বণ করিয়া উথিতা হইল যেন আত্মজা মানবী সীতা, আর দেহমন-রপক্ষেত্র বিশুদ্ধ করিয়া লব্ধ হইলেন বিশ্রুতা অযোনিজা 'শীতা'। মহুয় নির্দ্মিত ধমুটিশ্বারে প্রাপ্যা আত্মজা দীতা, আর দেবদেবেশ ভব হইতে প্রাপ্ত श्रक्षोद्धाद्य नजा व्यवानिका भैजा। देशरे जे स्नाक्छनित भार्यका দেখাইতেছে। এই দীতা ও শীতা শব্দের ব্যংপত্তি অর্থ কি? এই তুই শব্দের বর্ণের পার্থক্য থাকিলেও তাহার। একার্থবাধক। সীতা, স্ত্রী-সানোতীতি। সিঞ্জণ বন্ধে + বাছলকাৎ ক্রা দীর্ঘন্চ = লাক্ষল পদ্ধতি। দে লাক্ষলরেখায়াং সিনোতি খনতি ভুমিং সীতা। শীতা = শেতে ভূবি ইতি শীতা। শি ধাতুশয়নে তালব্যশাদিশ্চ। উভয়ের অর্থই অভিধানে জনকনন্দিনী, রামপত্নী। এই সীতা শব্দ বেদেও লাঙ্কল পদ্ধতি অর্থে ব্যবহৃত হইয়াছে। সিনোতি = খনন করিয়া বন্ধন মোচন করা। লাঞ্চলে ভূমি খনন করিয়া যে গর্ত্ত করা হয় তাহাই সীতা আর তাহাতে যে শয়ন করিয়া থাকে তাহাই শীতা। সেই কন্তা সেই ভূমি মধ্যে শয়ন করিয়াছিল, আর তাহাকে সেই ভূমির বন্ধন হইতে মোচন করা হইল-খনন করিয়া, তাই তাহার নাম হইল সীতা। স্বতরাং ভূমির বন্ধন মোচন করিয়া যে উঠিল সেই মানবী সীতা। আর দেহভূমিতে যে শয়ন করে সে শীতা বা দেহপুরে শয়ন করে যে পুরুষ—পুর+শি+ড। পুরুষ দ্রষ্টব্য নহে। তাহাকে তাহার জ্যোতিদর্শনেই অন্নুমান করা হয়— • ষেমন স্থাের জাাতি দ্বারাই স্থাের দর্শন হয়। মেঘাচ্ছন্ন জ্যােতি-বিহীন স্থা দৃষ্ট হয় না। কিন্তু পুরুষ বা আত্মা স্থাের ন্যায় জড়পিও নহে। তাই তাহার জ্যোতি দ্বারাই প্রথমে তাহার দর্শনজ্ঞান হয়। পরে তাহার অহভৃতি আদে। আত্মদর্শন প্রথমে ঐ জ্যোতি দারাই হয়। তাই সীতা বা শীতা আত্মজ্যোতিঃ। দেহমন শোধিত হইলেই

এই জ্যোতি দর্শন হয়। স্থতরাং সীতা অবোনিজা এবং দেহরপক্ষেত্র ও মন শোধিত হইলেই ইহা লব্ধ হয়। এবং ইহাই বেদ উপনিষদ প্রভৃতি শ্রুতিতেই বিশ্রুতা। স্থতরাং ক্ষেত্র শব্দের পুনরুল্লেথেই বাল্মীকি-রহস্ত প্রকাশিত।

এই ধমু প্রাপ্তিরই চুইরূপে উল্লেখ আছে। প্রথমে দেবতারা পাইলেন দেবাদিদেব ভব হইতে। তৎপরে দেবতাগণ কর্তৃক গ্রন্থ হইল দেবরাতে। ন্যাস অর্থে ত্যাগ। দেবতারা ত্যাগ করিলেন কেন ? দেবতারা এই রত্নের মর্ম অবগত ছিলেন না। বানরে মুক্তামালার মূল্য জানে না তাই তাহা ফেলিয়া দেয়। হরের ধমু-যে थक बाजा श्वरक काना याग्र। हेश त्मरे कान याश बाजा हत वा ভবকে জানা যায়। অর্থাৎ আত্মজ্ঞানের পন্থা। ভব যে ধমু ব্যবহার করেন সেই ধরু দারাই তাঁহার পরিচয় পাওয়া যায়। রিচার্ড কর্তৃক ব্যবহৃত ধুতুর জ্ঞান হইলেই বিচার্ডের কথা স্মরণ হয় এবং তাঁহার সম্বন্ধে বিস্তারিত জ্ঞান লাভ হয়। দেবতাদের এই ভবের বা আত্মার জ্ঞান হয় নাই। আত্মজ্ঞান হইলে তাঁহারা ভীত হইতেন না। আজুজানী অমৃত। ভব অর্থে যে স্বয়ং ভূবা অন্তি। যে অন্ত किছू श्टेट উड़ उरा नार- अनामि, अब अखतार भत्रभाषा वा পরব্রন্ধ। তাঁহার আর একটী নাম 'হর'। সমস্ত বিশ্বরূপ সৃষ্টি হরণ *করিয়া্যিনি একা বিভামান থাকেন বা সমস্ত দেহ ইন্দ্রিয়াদি জ্ঞান হরণ করিয়া কেবল আত্মারূপে যে পরমাত্মা থাকেন তিনিই হর বা हति। इ शाजु हरेटा इत माधिछ। त्मवातानत य बन्नाख्यान हम नारे তাহা কেনোপনিষদে বর্ণিত আছে।*

দেবভারা অফুর বিজয় করিয়া নিজেদের শক্তি ও মহিমার পর্ব্ব করিভেছিলেন।
 ভবন বন্ধ বক্ষরপে শৃত্তে আবিভূতি হইলেন। দেবভারা সেই বক্ষ কে জানিবার জন্ত

দেবরাত শব্দের অর্থ কি ? দেবং + রাতি। রাতি অর্থে ভোজন করা, যেমন বানং বনজাতফলং রাতি ইতি বানর (অভিধানে এইরূপ র্যুৎপত্তি আছে)। স্বতরাং দেবতাকে যে স্বীকার করে না বা মানে না সেই দেবরাত। দেবতাকে উপাসনা না করিয়া যে দেবেরও দেবতা বা অন্তা সেই দেবাদিদেবকে জানে সেই দেবরাত। ভবকে তিনি জানেন। তাই ভবের ধয় তিনিই প্রাপ্তির উপযুক্ত বা অধিকারী। তাহা হইলে ইহাই প্রতিপদ্ম হইল রাজর্ষি জনকের পূর্ব্বপূক্ষ এই 'হর' বা আত্মার জ্ঞানলাভ করিয়াছিলেন। অন্তর্জ উল্লেখ আছে যে আদিজ্ঞানী মহর্ষি কপিলশিল্প পঞ্চশিথ দেবরাতের নিকট গিয়াছিলেন। স্বতরাং আত্মদর্শী সাংখ্যাঘোগী পঞ্চশিথের নিকট হইতেই পূর্ব্বতন জনক এই সাংখ্যাঘোগ শিক্ষা করিয়া আত্মজ্ঞান লাভ করিয়াছিলেন। আর পুরুষাফুক্রমে পরবর্তী জনক-

জাতবেদা অয়িকে তাঁহার মিকট প্রেরণ করিলে এক তাঁহাকে জিল্ঞানা করিলেন—
'তুমি কে? তোমার ক্ষমতা কি?' তবন অয়ি বলিলেন, 'আমি সর্বন্দহ অয়ি,
নিমেবে এই বিশ্ব দক্ষ করিতে পারি।' তবন একা তাহাকে একটা কুত্র তুপ দিয়া
বলিলেন 'এই তৃণগাছটা দক্ষ কর।' অয়ি সেই তৃণগাছটা দক্ষ করিতে অক্ষম হইয়া
লক্ষায় প্রতার্বন্ধন করিলে, বায়ু একা সকাশে উপস্থিত হইলে, এক তাঁহাকে তাহার
ক্ষমতা জিল্ঞানা করিলেন। বায়ু বলিলেন, 'আমি মাতরিদা—এই বিশ্বের দানপ্রশান কার্য আমাদারাই হয় এবং ইচ্ছা করিলে এক মুহুর্তে এই বিশ্ব উড়াইয়া দিতে ,
পারি। একা কর্ত্বক আদিষ্ট হইয়া বায়ু সেই তৃণগাছটা নড়াইতেও না পারিয়া
অংগাম্পে কিরিয়া আমিলে, দেবতারা ইক্রকে পাঠাইলেম। ইক্রকে তদভিম্পে
যাইতে দেবিয়া একা অনুত্য হইলেন। তবন সেই আকাশে বহুশোভমানা হৈমবতী
নারী উমার আবিতাব হইল। সেই উমা দেবতাদিগকে বলিলেন, "তোমাদের
শক্তির পরিচয় পাইলে তো? এই এক্রের শক্তিতেই তোমরা শক্তিমান হইয়া অহর
বিজয় করিয়াছ।" তবন দেবতাদের একা সম্বন্ধ মাত্র জ্ঞান হইল, দর্শন হইল

বংশীয় রাজারা এই সাংখ্যমোগের সাধন করিতেন। দেবরাতই এই বংশে প্রথমে ইহা শিক্ষা করেন, তাই তিনি ইহার জনক। আর সেই যোগশিক্ষা পুরুষায়ুক্তমে ধারাবাহিকভাবে তাঁহার বংশধরেরা সকলেই আচরণ করিতেন, তাই উত্তরাধিকারস্থ্রেই যেন তাঁহারা পর পর তাহা প্রাপ্ত হইয়া সেই সাংখ্যমোগের নিদর্শনরূপ ধহরই যেন পূজা অর্চনা করিতেন। তাই জনক বংশীয় সকলেই রাজর্ষি এবং এই সাংখ্যমোগের ধারাবাহিক জনক। যাজ্ঞবদ্ধ্য প্রষ্ঠি জনকবংশীয় কোন রাজর্ষির সহিত ব্রন্ধতন্ত্ব সম্বন্ধে আলোচনা

 শা, কেন না ব্ৰহ্ম পুর্বেই অন্তহিত হইয়াছিলেন। এই উপনিষ্ঠানিত হৈমবতী উমাই পুরাণকারের হিমালর-নশিনী পার্বতীরূপে পরিণতা হইয়া শেবে শিবের সহিত পরিণীতা হইরাছেন। সুতরাং দেই উমা শব্দের অর্থ সম্বন্ধে আমরা কিছ বলিব। উমা—উং পরমেশ্বরং মাতি মিমেতি। বছারা পরমেশ্বরকে অনুমাপ করা যায় বা মনন করা যার তাহাই উনা বা তপস্তা। তপস্তা ছারা নেমকা কন্তা পাইয়াছিলেন এই জক্ত উমা লাম রাখিরাছিলেন। উং শব্দ প্রমেশ্বর বোধক কিরূপে ? আমরা অক্যমলক অবস্থায় কোন ব্যক্তি কর্ত্তক হঠাৎ আঘাত প্রাপ্ত হুইলে (বেমন চিমটি কাটিলে) স্বতঃই প্রথমে বলি উ:। সূতদেহে আঘাত করিলে তাহার মুধ হইতে ঐ উ: শব্দ নিৰ্গত হয় না। দত্তঃপ্ৰস্ত শিশুর পুঠে আঘাত করিলে দে প্রথমেই উয়া করিয়া উঠে। তাই বলিতে হুইবে যে সেই দেহে যে আত্মা আছেন, তিনিই এই উ শব্দ ছারা তারেং দেতে তাঁতার অধ্যিত প্রমাণ করিয়াই যেন বলিতেছেন 'আমি আছি।' ফুতরাং উ শব্দ আত্মার অন্তিত্ব জ্ঞাপক শব্দ। তপ্তা বারাই আত্মার উপলব্ধি হয়। তাই উমা আস্থারূপ পরমেশরেরই অস্ট্রীভূতা। হিরণ্যগর্ভ রূপেই ব্রেক্সর প্রথম প্রকাশ। "হিরণাগর্ভ সমবর্ত্তাগ্রে।" তাই বন্ধ হুইতে প্রকাশিত তাঁহার অন্তিত্ব জ্ঞাপক লিক বা সংজ্ঞা হিৰণাৰণা বা তপ্তকাঞ্চনবৰ্ণা বা হেমবৰ্ণা। আৰু সেই ছেমবর্ণে প্রতিভাত উমাই হৈমবতী। হেমবৎ হইতেও হৈমবতী হয় আবার ভিমবং ভইতেও ভৈমবতী হয়। তাই উমা শিবের অদ্ধালিনী।

করিয়াছিলেন। ব্যাসদেবও তাঁহার পুত্র শুক্তকে এই জনকবংশীয় কোন রাজষির নিকট ব্রদ্ধজ্ঞান লাভার্থ প্রেরণ করিয়াছিলেন। মহাভারতেও মাওব্যজনক, স্বলভাজনক, পরাশর জনক সংবাদ ইত্যাদির উল্লেখ আছে। স্থতরাং যথনই আত্মজ্ঞানের প্রসদ্ধ উথাপিত হইয়াছে। এই জনক রাজার বিদেহরাজ নামেও বিখ্যাত। তাঁহাদের এই বিদেহ নামেরও অর্থ আছে। আত্মলাভেই বিদেহ কৈবল্যলাভ হয়। অর্থাৎ দেহজ্ঞান শৃশ্য হইলেই আত্মজ্ঞান লাভ হয়। তাই রামায়ণের স্থানে স্থানে যেথানে সীতাকে অ্যানিজা অর্থাং আত্মজ্ঞাতি অর্থে ব্যবহার করা হইয়াছে সেথানেই বৈদেহী শব্দ প্রয়োগ করা হইয়াছে। বাল্মীকি, রামায়ণে প্রকাশ্যে রাম চরিত্র রচনা করিয়াছেন। শীতা শব্দ ব্যবহার করিয়াছেন। শীতা শব্দ ব্যবহার করিয়াছেন। শীতা শব্দ ব্যবহার করিয়াছেন। শীতা শব্দ ব্যবহার করিয়াছেন। গাঠকবে উদ্ধিত মাত্র দিয়াছেন। তাহার উদ্যাটন পাঠকের দৃষ্টিসাপেক।

এই জনক এক বংসর রিপুরাজাদের অর্থাৎ ষড়রিপু কর্তৃক আক্রান্ত ও পীড়িত হইয়া আত্মবিশ্বাস হারাইয়া, সাধনাচ্যত হইয়াছিলেন। অর্থাৎ রিপুর পীড়নে তাঁহার সাধনাচ্যতি হইয়াছিল "আত্মানমবধ্তে" অর্থে আত্মাকে সন্ধ্যাস বা ত্যাগ করিয়া; অবধৃত অর্থে সন্ধ্যাসাশ্রমী। তারপর বহুতপস্থার ফলে দেবতারা তৃষ্ট হইয়া চতুরঙ্গ বল পাঠাইলে তিনি চ্যুতরাজ্য বা পদ পুন:প্রাপ্ত হইয়াছিলেন। অর্থাৎ তপস্থা ও সাধনাঘারা তিনি যোগের চতুরঙ্গ-স্বরূপ মন-সংঘমাদি শক্তি পুন: প্রাপ্ত হইয়া অধিকারী হইতে সমর্থ হইয়াছিলেন। ইহাই ইহার প্রবিপদ বা অবস্থা বা রাজ্মবিপদ প্রাপ্ত হইয়াছিলেন। ইহাই ইহার

তাৎপর্যা। এখন যখন তিনি বিখামিত্রের নিকট শুনিলেন রাম কামরূপী তারকা বধ করিয়া ছয়দিন একাগ্রচিত্তে ধ্যানস্থ হইয়া (উপাসঞ্চক্রতঃ) মারীচ ও স্থবাছ বধরূপ তুর্দমনীয় যোগবিদ্বকারক বিক্ষেপশক্তিকেও দমন করতঃ শোণিত নিক্ষেপ রূপ রক্তাভ জ্যোতি দর্শন করিয়াছেন, তথন এই বালব্রন্ধচারীকে বিশ্বামিত্রের অন্তরোধে मिश्यासार्भत উপদেশ দিলেন—এই ধকুর্ভক্তরপ সাধনা ছারা। যথন রাম সেই ধ্রুভক্তরপ ছঃসাধন ক্রিয়া সাধনেও সমর্থ হইলেন তথন তাঁহাকে সেই তুপ্রাপ্যা সীতাও সম্প্রদান করিলেন। অর্থাৎ তাঁহার সেই আত্মজানে লব্ধ সীতারপ আত্মজ্যোতিঃ রামেরও দর্শন হইল যেন জনকের দষ্ট জ্যোতিই রামহদয়ে সঞ্চারিত বা সম্প্রদত্ত रहेन। **ाँ** জ्यां जिः समस्य मर्भन रय। जाँ हेशां के पाण्यसमि জ্যোতি বলে। যাজ্ঞবন্ধ্য ঋষি অন্ত জনককে এই আত্মহদিজ্যোতির कथारे विनयाहित्तन। बुरुनाब्रगाक छेनियान कथिल आह्य बार्जिय জনক যাজ্ঞবদ্ধাকে জিজ্ঞাসা করিলেন, "এই ব্যবহারিক পুরুষ কিসের সাহায্যে কার্য্য করে?" তিনি বলিলেন, "আদিত্যের সাহায্যে।" প্র:-- "আদিত্যের অভাবে কিরুপে হয়?" উ:-- "চন্দ্রমার সাহায্যে।" প্র:--"চন্দ্রমা না: থাকিলে ?" উ:--"অগ্নির সাহায্যে"। প্র:--"অগ্নির অভাবে ?" উ:—"বাকের সাহায্যে।" অর্থাৎ যেমন অন্ধকারে কোন প্রাণীর কথা বা শব্দ শুনিলে লোকে তাহাই অনুসরণ করিয়া তৎস্থানে গমন করিতে সমর্থ হয়। প্রঃ—"বাক না থাকিলে কিরূপে হয়।" তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন, "আত্মহাদি জ্যোতির সাহায্যেই তথন লোক কার্য্য করিতে সমর্থ হয়। যেমন স্বপ্লাবস্থাতে ইন্দ্রিয় অভাবে বাহ্য জ্যোতি সাহায্যে উদ্ভাসিত না হইলেও মন্ট্রসমন্ত দিক দর্শন করিয়া নিজেই সৃষ্টি করত: স্থুখ দুঃখ উপভোগ করে।" স্থুতরাং হাদিস্থিত

আত্মজ্যোতি দ্বারাই আত্মা প্রকাশিত হয়। বামের ধ্যুর্ভদ্বরণ সাধনা।
দ্বারা কিরুপ আত্মহৃদি জ্যোতি রূপ সীতা দর্শন বা লাভ হইল তাহাই
আমরা দেখাইবার চেষ্টা করিব।

ধমুর্ভঙ্গ করিতে হইলে তাহা কি প্রণালীতে বা কিরূপ অবস্থায় সাধিত হয়, আমরা প্রথমে তাহাই দেখাইব। রাম ধনুখানি উঠাইয়া তাহা বাম হত্তে ধারণ করিলেন। ধহু অর্থে প্রকাণ্ড বংশ বা নমনীয় কোন কঠিন দণ্ড। তাহার এক প্রান্তে গুণ সংযুক্ত থাকে। এই গুণ প্রায়ই চর্ম বা প্রাণিদেহস্ত শুক্ষ অন্তবারা প্রস্তুত হয় অথবা মার্জ্জিত রজ্জ্ দারাও তাহা নির্মিত হয়। রাম সেই ধহুর এক প্রাপ্ত বাম হতে ধারণ করিয়া অন্ত প্রান্ত তাঁহার পদতলে স্থাপন, করিয়া পদতলস্থ প্রান্তসংলগ্ন সেই গুণকে অন্ত প্রান্তে যোজন করিলেন। শুধ সরল ভাবে ইহা করিলে ধমুতে কোন শক্তিসঞ্চার হয় না স্বতরাং সেই দণ্ডের বাম হস্তস্থিত প্রাস্তকে ক্রমেনমিত করিয়া সেই দণ্ডকে বক্র করতঃ তবে তাহাতে রহজু বা গুণ সংযুক্ত করিতে হয়। এই বক্রাকার ধনুর গুণেই আঘাত করিলে বা বিপরীত দিকে আকর্ষণ করিয়া: তাহাকে ছাডিয়া দিলে টং শব্দ উত্থিত হয়। সেই জন্ম এই ক্রিয়াকে টকার বলা হয়। এই ধমু দণ্ড, বিশেষতঃ তাহা যদি মনুষ্য দেহ অপেক্ষা দীর্ঘ হয়, তাহাকে নমিত করা অতিশয় শক্তি ও বলের প্রয়োজন। এই ধরু দণ্ডের দৈর্ঘ্য ৫ হস্ত, ৪॥ হস্ত অথবা ৪ হস্ত পরিমিত। নিজ হত্তের ৩। হস্ত পরিমিত দৈর্ঘ্য সম্পন্ন পুরুষের পক্ষে, ইহা আয়ন্ত করাও প্রভৃত বল প্রয়োগ সাপেক। রাম যথন সেই ধহুর হুই প্রান্তে তাহাকে বক্র করিয়া, গুণ সংযোগান্তে, টন্ধার দিলেন, তথন তাঁহার বাম হত্তে সেই ধহুর মধ্যভাগ ধারণ করিয়াছিলেন এবং সেই হন্ত যভদর সম্ভব সরলভাবে বিস্তার করিয়াছিলেন, আর তাঁহার দক্ষিণ হস্ত

মধ্যস্থলে বক্র হইয়া তাঁহার দক্ষিণ পার্শ্বে পশ্চাদিকে বিস্তৃত হইয়াছিল।
বেমন ধছর মধ্যভাগও ক্রমে ক্রমে অধিক বক্র হইল, তেমনি দক্ষিণ
হস্তস্থিত গুণও মধ্যস্থলে দক্ষিণ হস্ত দ্বারা আরুষ্ট হইয়া ক্রমে
বক্রাকার হওয়াতে ধয়্টী ঘেন একটী চতুভূজি আকার ধারণ করিল।
এক্রপ অবস্থায় ধয়্বদণ্ডটী মধ্যস্থলে ভাঙ্গিলে তাহার ছই প্রাস্ত এক
স্থানেই মিলিত হয়। আর তাহা ধয়্যধারীর বক্ষের মধ্যস্থলেই হয়।
অর্থাৎ রাম কর্তৃক আরুষ্ট ধয়র প্রাস্তদ্ধর ঘেন রামের বক্ষঃস্থলের
মধ্যদেশেই, তাহার ভয়় অবস্থায় স্থিত হইল। ইহাই স্থাভাবিক।
পাঠক ধয়্য দ্বারা তাহা পরীক্ষা করিয়া দেখিলেই বুঝিতে পারিবেন।

এখন আমরা এই ধয়ৣর্ভয়ের প্রণালীর সহিত যোগাচরণের প্রণালীর সাদৃশ্য আছে, তাহাই দেখাইতে চেষ্টা করিব। যোগসাধনে উপবিষ্ট হইবার সময় পদ্মাসনে বিস্মা দেহের মেকদণ্ডকে সরল ভাবে স্থিত করিয়া গ্রীবা ও মন্তককেও সরল করিতে হয়। তখন মন্তক সহিত এই মেকদণ্ড কটিদেশ পর্যন্ত একটা সরল দণ্ডের মতই হয়। তারপর প্রাণায়াম করিয়া, অর্থাৎ দীর্ঘ নিশ্মাস সহ বায়ু গ্রহণ করিয়া তাহাকে অভ্যন্তরে স্থিরভাবে ধারণ করিতে পারিলে ক্রন্ডক সাধন হয়। এই ক্রন্তকও স্থায়ী করিতে পারিলে কটিদেশে একটা কম্পন অয়ুভূত হয়, আর সেই কম্পনের সহিতই একটা আভায়ুক্ত তেজ যেন বিহাৎ আভার হায় প্রকাশিত হয়। মন তখন সেইদিকে ধারিত হয়। আবার শিরোদেশে জ্রমধ্যেও কিঞ্চিৎ কম্পনের সহিত সেইরূপ বিহাৎ আভা দর্শন হয়। প্রথমতঃ কুন্তক অবস্থায় এই জ্রমধ্যেই জ্যোতি দর্শন হয়, তৎপরে সেই কটিদেশস্থ শক্তি ও জ্যোতি দর্শন হয়। এই কটিদেশস্থ শক্তিকেই কুলকুওলিনী শক্তিকহে। ইহাই ক্রমে উর্জ্যামী হয়। আবার জ্রমধ্যন্ত জ্যোতিও

নিমগামী হয়। কখনও যুগপৎ ক্ষণিক এই তই জ্যোতি দর্শন হওয়াতে তাহার। যে উভয়ে পুথক, তাহা বুঝা যায়। ইহা যদি ছই পৃথক স্থানে আবিভূতি হয় ও ক্ষণিক ও যুগপং দৃষ্ট হয়, তবে ইহাদিগকে আত্মজ্ঞোতিঃ বলিয়া স্বীকার করিলে, আত্মাও তাহা হইলে দ্বিভাগে চইস্থানে স্থিত আছে. এইরূপ অমুমিত হয়, এবং আতার অংশ বা ভাগ আছে ইহাই স্থির হয়। কিন্তু আত্মা তো একই, তাহার অংশও নাই, থণ্ডও নাই। স্থতরাং এই ছই স্থানই তাহার প্রকৃত স্থিতিস্থান নহে। তাহার স্থিতিস্থান অন্তর প্রমাণিত হয়। আত্মাও তাহার জ্যোতি দারাই প্রকাশিত। স্বতরাং দেহাভাস্তরেও এই জ্যোতির প্রকাশও আত্মা দারাই হইয়াছে। কিন্তু এন্থলে মনই এই তুই স্থানে নিবিষ্ট হওতঃ আত্মার চিৎশক্তিতে উদ্ভাসিত হইয়া, যেন আত্মাই তুই স্থলে প্রকাশিত বলিয়া বোধ হয়। সাধারণতঃ মন তাহার বহির্গমনের দ্বারের নিকট থাকিয়াই, সেই দ্বার সমূহের ছারা, বাহিরে উকিরুকি দিবার জ্যুই সর্বদা চেষ্টা করে। এই মনের বহির্গমনের ঘারগুলি আমাদের পঞ্চ জ্ঞানেজিয় চক্ষু, কর্ণ नांत्रिका, जिस्ता ७ प्रक । जग्नरधा १ में हे स्तिय ७ प्रकंत कियमः भ এই মন্তক দেশেই স্থিত। স্থতরাং এই দারবৃন্দ সমন্বিত মন্তকরূপ রুতের কেন্দ্রন্তলে জ্রমধ্যেই. মনের ক্রিয়া করিবার প্রিয় স্থান। তাই সমস্ত ইন্দ্রিয় ঘার ক্লব্ধ হইলে অর্থাৎ কুন্তক ঘারা ইন্দ্রিয় ক্লব করিলে, মন কল্ব বাষ্পের ন্যায় কম্পিত হয়। আর কম্পনেই তেজ বা জ্যোতিঃ উদ্ভূত হয়। মনে তথন আত্মার সমস্ত চিংশক্তি পুঞ্জীভূত হয়। তাই সেই চিং প্রকাশক জ্যোতি ভ্রমধ্যে মানস নয়নে উদ্ভাসিত হয়। তার পর্ট সেই কটিদেশের শক্তি উত্তেজিত হয়; এবং তাহাতে যে আভা আবির্ভাব হয় তাহা মন অমুভব ও দর্শন করিতে পারে। এখন মনকে,

এই তুই জ্যোতি অমুসরণ করিয়া একটা সাধারণ স্থানে স্থিতি লইয়া স্থির হইতে হইলে, তাহাকে উপর হইতে নীচে নামিতে হয় ও নীচ হইতেও উপরে উঠিতে হয় এবং এক মধ্যস্থানে মিলিতে হয়। যাহাকে ইংরেজীতে বলে Meet halfway। আর এই মিলন স্থলই হইল দেহের মধ্যস্থানে নাভির সন্নিকট হদয়স্থিত প্রদেশ। যথন হদয় স্থানে বা দেহের মধ্যস্থানে এই জ্যোতির্ঘয় মিলিত হইল, তথন তাহাদের যেন ক্ষণিকের জন্য তিরোভাবের সঙ্গে সঙ্গেই, আর একটা স্বপ্রকাশ জ্যোতি নিজ বিভাতে দেই স্থানকে বিভাসিত করিয়া প্রকাশিত হইল। ইহাই আত্মসদিজ্যোতির প্রকাশ। এই স্বপ্রকাশ জ্যোতিঃ ক্রমে বর্দ্ধমান হয়। মনস্থির ক্রিলে, মন ইহাতেই একাগ্র হইয়া ক্রমে ইহাতেই লীন হয়। ইহা কুম্বক অবস্থাতে সাধিত হয়। যেমন কুম্বের অভান্তরে বদ্ধবাষ্প স্থির হইলে আর কুম্ব নড়েনা তেমনি এই দেহের অভ্যন্তরে ক্ষন বায়ু স্থির হইলে এই দেহরূপ কুম্বও স্থির হয়, মনও স্থির হয়। তাই हैरात नाम कुछक। ज्थन म्हार (शावनार्थ य वायू वनावन करत. তাহা মনের অজ্ঞাতেই হয়। কেননা মন তথন ঐ জ্যোতিতেই একাগ্র হয়। তথন আর তাহার দেহজ্ঞানও থাকে না। সে তথন ্র জ্যোতি দর্শনেই তন্ময়। তাহার দেহজ্ঞান থাকিলে, তাহার নিশ্বসিত বায়ুর বহির্গমন না হইলে বিশেষ অম্বন্তি অমুভূত হয়। এইরূপ অব্যক্তি হইলে মন সেইদিকে আকৃষ্ট হয়, জ্যোতিও তাহার নিকট হইতে অন্তর্হিত হয়। ভ্রমধ্যে দেই দৃষ্ট জ্যোতি অনুসরণ করিয়া, ভাহাতে একাগ্র না হইতে পারিলে কৃষ্ণক সাধনও হয় না। তাই পরমহংস রামক্রফদেবের ভ্রমধ্যে লোহ শলাকা আঘাত করিয়া আত্মজানী মহাপুৰুষ তোতাপুৱী বলিয়াছিলেন "আবো ক্যা মা মা ক্বতা হায়, হিঁয়া দেখো।" ইহা আমি আমার কোন অতিবৃদ্ধ আত্মীয়, যিনি

ঠাকুরের নিকট প্রায় তাঁহার প্রথম সাধনাবস্থার কাল হইতেই সর্ব্বদা উপস্থিত থাকিয়া তাঁহার শেষাবস্থাও প্রত্যক্ষ করিয়াছিলেন, তাঁহারই নিকট শুনিয়াছি।*

ইহাই দেহধন্থর সহিত রামক্ষত ভগ্ন ধন্থর, যথাযথ সোঁসাদৃশ্য।

এক ধন্থতকের উপমা ভিন্ন আর কোন উপমা হারা ইহা প্রদর্শন
করান যায় না। ধন্থরই দণ্ডের মধ্যভাগ ও গুণের মধ্যভাগ সজোরে

বিস্তীণ করিলে তাহার প্রান্ত ভাগদ্বরও, সেই ধন্থর্ধারীর বক্ষঃস্থলের
মধ্যেই যথাক্রমে নিম্ন হইতে উপরে উঠিয়া ও উপর হইতে নিম্নে
নামিয়া, এক স্থানে মিলিত হয়়। আবার যথন সমস্ত শক্তি প্রয়োগে
হত্তবারা উর্দ্ধপ্রান্ত ও পদ হারা নিম্নপ্রান্ত সংযত করিতে হয়, তথন
এই উভয় অকই কম্পিত হয়, ও মনকেও এই উভয় স্থলেই
সমিবিই করিয়া তাহাতে একাগ্র ক্রিতে হয়। শক্তি সমস্ত শরীরেই
থাকে। কিন্তু মনের সাহায়েই তাহাকে য়থা-স্থানে বা অক্ষে প্রয়োগ
করিতে হয়। জনকের এই ধন্থর নাম স্থনাভ ধন্থ। বিশামিক
রামকে বলিয়াছিলেন, "চল, মিথিলাতে জনক রাজার স্থনাভ ধন্থ
তোমাকে দর্শন করাইব"। ইহাকে স্থনাভ বলিবার তাৎপর্যা
কি ? যে ধন্থর নাভি স্থ বা শ্রেমন্তর তাহাই—স্থনাভ। ধন্থর

^{*} ইনি প্রমহংসদেবের গৃহত্ব শিশ্ব ৺কিশোরীলাল বার, বনহুগলিতে ৪।৫
বংসর পূর্ব্বে প্রায় ৯৫ বংসর প্রলোক গমন করিরাছেন। আমার গুরুদেব
তিব্বতী বাবাও আমাকে প্রথমে এই উপদেশ দিরা মনের একাঞ্রতা সাধন করিতে
বলিয়াছিলেন। তারপর তিনি প্রাণের উপাসনার উপদেশ দিয়াছিলেন। প্রাণের
উপাসনা অর্থাং মনকে প্রাণে হির করা। প্রাণ অর্থে হাদর। অর্থাং মনকে সেই
ইন্দারে একাঞ্চ হইয়া হির করিতে হয়। এই হাদরে প্রাণকে হির করিতে হইলে, সেই
জ্যোতি হরের অনুসরণ করিরা, আর তাহাকেই লক্ষ্য করিয়া হাদরে প্রেটিতে হয়।

মধ্যভাগেই তাহার শক্তি নিহিত। যে ধরু সহজে বক্র হয় না তাহারই শক্তি বেশী। আর তাহাতে যে শক্তি সঞ্চারিত হয় তাহাতেই বেশী দুরের লক্ষ্য ভেদ হয়। যাহার মধ্যভাগ সহজে নমনীয় তাহা দ্বারা কি দুরস্থ পদার্থ বিদ্ধ হয় ? স্থতরাং সেইরূপ ধফু ব্যবহারই শ্রেমন্কর। এইরূপ ধনুতে টকার দিতে হইলে অসাধারণ শক্তি প্রয়োগের প্রয়োজন। ইতঃপূর্বের আমরা বলিয়াছি নাভি প্রদেশেই আত্মার স্থিতি স্থান জ্ঞানীদের দ্বারা নির্দিষ্ট হইয়াছে। যে এই নাভি প্রদেশে আত্মজ্যোতি দর্শন করিতে সমর্থ হয়, তাহারই দেহদও স্থ হয় বা স্থনাভ হয়। তাহারই শ্রেয়: লাভ। আর এই আত্মজ্ঞান লাভই নিশ্রেয়দ:-যোগিগণের প্রাপ্য লক্ষ্য। মেরুদণ্ডের সম্মুখ ভাগেই, মধ্যস্থলে স্থিত এই নাভি। টক্কত ধমুর মধ্যস্থলেই যেন তাহার নাভি। আর সেই মধ্যস্থলেই শর যোজিত হইলে, সেই শরের লক্ষ্য বিদ্ধ করিবার শক্তি হয়। তাহার এই নাভিতে বা মধ্যম্বলে শক্তি সঞ্চার করিতে হইলে, তাহার প্রান্তন্বয়কে শক্তি সহকারে নমিত করিয়া ধন্তকে বক্র করিতে হয়। তেমনি দেহদওরপ ধন্তর ছুই প্রান্ত যেন নমিত হইয়াই তাহার মধ্যস্থলে বা নাভিতে মিলিত হয়।

বিখামিত রামকে ইতঃ প্রে বিশেষ পরীক্ষা করিয়া যথন ব্রিতে পারিলেন তাহার মনের একাগ্রতা দিদ্ধ হইয়াছে, তথন তাঁহাকে আত্মজান লাভের অধিকারী হইবার উপযুক্ত মনে করিয়া সেই বিশ্রুত বংশপরম্পরায় সাংখ্য যোগে-দিদ্ধ, আত্মজানী রাজ্যি জনকের নিকট উপদিষ্ট হইবার জন্ম লইয়া যাইলেন। তিনি নিজেও যথন ইহা লাভ করিয়াছিলেন তথন তিনিও এ উপদেশ রামকে দিতে পারিতেন! কিল্ক তিনি যে রামের সাহায়েই নিজে দিদ্ধ হইয়াছেন, স্কতরাং সেই সহায়কেই পুনঃ তাহা শিক্ষা দিতে শ্রেষ্ট্রর মনে করিলেন

না। আর তাঁহার দে জ্ঞানও সভাপ্রাপ্ত, কেননা মাত্র পর্ব্ব দিবদেই তিনি দিদ্ধ হইয়া রামকে বলিয়াছিলেন তোমার দাহাযোই আমি সিদ্ধ হইয়াছি। তিনি কি সিদ্ধি লাভ করিয়াছেন রাম তাহা জানেন না। আর তিনি তথনও তাহাতে দৃঢ় অভ্যস্ত হন নাই। তাই বহুকালে •অভ্যন্ত পারদর্শী রাজর্ষি জনকের নিকটেই লইয়া গেলেন। বিশ্বামিত্রের অমুরোধে নিজকে কুতার্থ মনে করিয়া, জনক রামকে অধিকারী বিবেচনা করিয়াই তাঁহাকে (রামকে) সেই ধমু প্রদর্শন করাইলেন। অর্থাং আত্মজ্ঞানলাভের প্রণালীর উপদেশ দিলেন। উপযুক্ত গুরু, উপযুক্ত অধিকারী শিশুকেই, সেই প্রণালীর, উপদেশ দান করেন। শিশু তাহা নিজে চেষ্টা ও অভ্যাস দারাই কার্য্যে প্ররিণত করিতে পারেন। প্রকৃত পক্ষে আত্মদর্শী কোন গুরুই শিষ্যকে আত্মদর্শন করাইতে পারেন না। তাঁহারা মাত্র নিজ অভিজ্ঞতা দ্বারা লব্ধ প্রণালীই বলিয়া দেন। এই আতাদর্শন একবার লাভ করিলেই তাহা যে আমরণ চিরস্থায়ী থাকে না তাহার দৃষ্টান্তও ঐ জনকের মুথেই বিবৃত হইয়াছে। তিনি বলিলেন তিনি রিপুরাজাদের পীড়নে এক বৎসর পীড়িত হইয়া, সাধনাচ্যুত হইয়াছিলেন। পুনরায় বংসরাবধি তপস্থা ও সাধনা দারা যথন যোগোচিত চতুরক্ষ বল প্রাপ্ত হইলেন তথনই তাঁহার পূর্ব রাজ্যবিত্বপদ প্রাপ্ত হইলেন। ইহা যে রামের জীবনেও সজ্ফটিত হইতে পারে তাহারই ইন্ধিত দিয়া গেলেন। রামের পক্ষেও যে তাহা ঘটিয়াছিল তাহাও বাল্মীকি দেখাইয়াছেন। তিনি মারীচকে বাঁচাইয়া, তাহার পথ করিয়া রাখিলেন। বিশামিত এই জনকগৃতে রামের সিদ্ধির পর, তপশ্চরণার্থ হিমালয় প্রাদেশে চিরতরে নিজকার্য্য সাধনে অন্তহিত হইলেন। রামায়ণে আর তাঁহার কোন উল্লেখ নাই। বাল্মীকি বিশ্বমিত্র সাহায়েই রামের সাধনা শিক্ষা দেখাইলেন।

এই জনক প্রদর্শিত যোগ সাধন প্রণালীকে সাংখাযোগ নামে অভিহিত করিবার কোন হেতু বা স্থত্ত এই বাল্মীকি রামায়ণে কোথাও আছে কি ? ইতঃপূর্বেকে কোন স্থানে তিনি আদিজ্ঞানী মহর্ষি কপিলের উল্লেখ করিয়াছেন এবং স্থানে স্থানে অগস্ত্য ঋষির কথাও বলিয়াছেন এবং রাজ্যি দেবরাতের উল্লেখও আছে। কপিল ঋষির আবির্ভাবের সময় নির্ণীত হয় নাই। ঋগবেদের দশম মণ্ডলের শেষের দিকেই পুরুষ স্কুত্ত ও দেবীসূক্তেই তাংকালিক সেই বক্তা ঋষিদের আত্মজ্ঞান উদয়ের পরিচয় পাওয়া যায়। স্থতরাং ঋগবেদের বক্তা ঋষিদের মধ্যে প্রথম অগ্নি ইত্যাদি উপাসক হইতে শেষে আত্মা উপাসক রূপ পরিবর্ত্তন ও পরিণতি হইতে যে কত শত বংসর লাগিয়াছিল তাহা কেইই নির্ণয় করিতে পারে নাই। শেষোক্ত আত্মতত্তজানী ঋষিরাই পাকত আদিজ্ঞানী। আবু মৃহ্যি কপিলও আদিজ্ঞানী অর্থাৎ কাছাব্রও নিকট উপদেশ প্রাপ্ত না হইয়াই স্বীয় অন্তভতি বলেই জ্ঞানী। তাই এই বোধ হয় তিনিও ঐ ঋগবেদের আত্মজ্ঞান প্রকাশক বাকোর বক্তা ঋষিদের সমসাময়িক। মহর্ষি কপিলকত সাংখ্য হত। তিনি যে যোগপন্থা দেখাইয়াছেন, তাহাই আবার মহর্ষি পতঞ্জলি যোগদর্শনে বিশদরূপ বর্ণন করিয়াছেন। তারপর বাল্মীকি এই ধ্রুর্ভঙ্গ উপাথানে একটা ইঙ্গিত দিয়াছেন ঐ অষ্টচক্র সমন্বিত মঞ্জ্যার উল্লেখ করিয়া। রাবণের শক্তিশেলকে অষ্ট্রঘটা সমন্ত্রিত বলিয়াছেন। রাম চতর্দ্ধশ সহস্র রাক্ষম বধ করিয়াছিলেন। ইত্যাদি বর্ণনা পড়িলে ইহাই অনুমিত হয় य निष्ठि मः था। छनि উল্লেখ করিবার কোন বিশেষ উদ্দেশ্য আছে। এই সংখ্যাগুলি উল্লেখের গুরুত্ব উপলব্ধি ও তাহার যথাযোগ্য সমন্বয় করিতে পারিলেই আমরা সাংখ্যযোগ সম্বন্ধে নিঃসন্দেহ হইতে পারিব।

এই অষ্ট্রচক্রের কথা বলিয়া তিনি অষ্ট্রধা প্রকৃতিকেই লক্ষ্য

ক্রিয়াছেন। স্থতরাং যে সমস্ত পাঠক সাংখ্যশাস্ত্র বিষয়ে অনভিজ্ঞ, কেবল তাঁহাদিগের জন্মই আমরা সাংখ্যমতের সংক্ষিপ্ত তাৎপ্র্যা এই স্থানে বলিতে বাধা হইলাম। যথন অধুনাতন প্রায় প্রত্যেক গুহেই নারী পুরুষ গীতার নানারূপ ভাষ্যাদি সমন্বিত ব্যাখ্যা পাঠ করিয়া থাকেন. তথন তাঁহারা তাহাতে উল্লিখিত প্রকৃতি পুরুষ সম্বন্ধে একটা মোটামুটি ধারণা করিতে সমর্থ হইয়াছেন তাহাতে সন্দেহ নাই। কিন্তু প্রকৃত পক্ষে অনেকের গীতা পাঠের ফল হইয়াছে তাঁহাদের কৃষ্ণ ভগবানের মুর্ত্তিকে ফল, পুষ্প তোয় দানে পূজার পরিণতি রূপে। তাঁহাদের ভগবানোক্ত মে, মাম, মহুং শব্দের মর্ম্মও ঐ শ্রীক্তফের মৃত্তির চরণেই পর্যাবদিত হইয়াছে। স্বতরাং তাহাদিগের নিকট, এই সীংখ্যোক্ত প্রকৃতি পুরুষের মর্মাও অন্ধকারে ঢিল ছু ডিবার আয়ুই চিরতম্সাচ্ছন্ন থাকার্ই সম্ভব। প্রকৃতপক্ষে গীতা পাঠে তাহার মর্ম অনেকেই যে উপলব্ধি ক্রিতে পারিয়াছেন, বা তাহার সমাধান ক্রিতে সমর্থ হইয়াছেন এরপ পরিচয় পাওয়া যায় না। এরপ বলাতে আমাদের ধুইতা হইতে পারে. কিন্ত স্বয়ং বিবেকানন্দ বলিয়াছেন কোন বিষয়ের সতাতা সম্বন্ধে তাহা উপলব্ধি না করিলে, তাহার যথার্থ জ্ঞান হয় না। বেদ বেদাস্ক, গীতা প্রভৃতির শ্রবণে, তাহা কার্য্যে পরিণত করিতে পারিলে, সত্যের সন্ধান পাওয়া যাইতে পারে আর তাহা উদ্গীরণ বা তাহার তর্ক বিতর্ক আলোচনা শুধু পাণ্ডিত্যের নিদর্শন মাত্রেই পর্যাবদিত হয়। নিজে উপলব্ধি না করিলে কেবলমাত্র পরের উপদেশে কোন বিষয়েব সত্যতা বিষয়ে কেহ কি নিশ্চিত হইতে পারে ? একজন এইরূপ বলিল, পরক্ষণেই আর একজন অন্তর্মণ বলিল। মহযি কপিলও चानिकानी चाजनगी, महर्षि गामल त्वन উপनियनानि भार्छ ७ श्रीय অধাবসায় ও সাধনা ছারা জ্ঞানী। এই ছই জ্ঞানী ব্যক্তি যদি ছুই

প্রকার বলেন তাহা হইলে কাহার কথা বিশ্বাস করিব ? মহর্ষি কপিলের সাংখ্য মতের কোনও পরিবর্ত্তন হয় নাই। কিন্তু মহর্ষি ক্ষুফু দ্বৈপায়নের অংহিত বেদান্তমতের পরিবর্ত্তন হইয়া হৈত ভাগবত ধর্ম বা ভগবং পূজায় পরিবর্ত্তিত হইয়াছে। স্থতরাং কোন পথ শ্রেয়স্কর তাহা কিরুপে বিচার করিতে সমর্থ হওয়া যাইতে পারে ? এই দ্বিধা বা সন্দেহ উপস্থিত হইলেই তথন মনে বিচার শক্তির আবির্ভাব হয়। তথন তাহার যাথার্থ্য সম্বন্ধে অনুসন্ধিংস্থ ইইয়া মন সেই সভাবস্করও উপলব্ধি করিতে ক্লভকার্যা হয়। যে মহাত্মা প্রকৃতই আত্মসন্তা উপলব্ধি করিয়াছেন তিনি সেই এক আত্মার কথাই বলিবেন, শিষ্যের তাহা উপলব্ধি হউক বা না হউক। উপযুক্ত অধিকারীকেই এইরূপ মহাত্মারা শিয়ারূপে গ্রহণ করেন। আর তাহাদেরই দিধা-ভঞ্জন হইয়া য়য় – সেই আত্মজ্ঞানী গুরুর মর্মস্পর্শী উপদেশ বলে। কেহ তাঁহার শিশু হউক বা না হউক তাহাতে তাঁহার দকপাত নাই। আমার গুরুদেব তিব্বতীবাবা এই শ্রেণীরই মহাপুরুষ ছিলেন। তিনি শিয়ের উন্নতির কিছু লক্ষণ দেখিলে তাহাকে তাঁহার পাদস্পর্শ পর্যান্ত করিতে দিতেন না বা কেহ তাঁহার প্রসাদ চাহিলে বলিতেন. 'প্রসাদ কাহার ? তুমি আবার কাহার প্রসাদপ্রার্থী হইবে ? তোমাতে আমাতে তো সেই একই আত্মা বিরাজমান, স্বতরাং তোমাতে আমাতে উচ্চ-নীচ ভেদ থাকিলেই তো একজন উচ্চের প্রসাদ একজন নীচের প্রার্থিত বস্তু হইতে পারে ?"

বেদাস্তমতে স্বষ্টি মনের কার্যা। স্থতরাং মন লয়ে স্বাষ্টির অন্তিত্ব নাই। তাঁহারা পারমার্থিক ও ব্যবহারিক এই তুই শব্দ ব্যবহার করেন। অর্থাৎ মনের ব্যবহারেই স্বাষ্টি দৃশ্যতঃ বর্ত্তমান। আর সেই ব্যবহারের নিরাশেই স্বাষ্টি অদৃশ্য; তথন শুধু পরমার্থ বা পরমাত্বাই থাকেন। স্থান্তও, মনের নাশেই বিনাশ প্রাপ্ত হয়, স্থতরাং তাহার কোন পারমার্থিক সন্থা নাই। আর মায়ার অধ্যাসেই, মক্তে মরীচিকার আয়, রজ্জুতে দর্প ভ্রান্তির আয়, এই বিশ্ব পরিলক্ষিত হয়। বেদে বা উপনিবদে কোথাও ঠিক বৈদান্তিকের মায়ার আয় মায়া শক্ষের ব্যবহার নাই। বেদে আছে—"ইল্রো মায়াভিঃ পুরুদ্ধপ ইয়তে" (য়, ৬।৪৭।১৮)

এ মায়া বিশ্বস্থান্তির কর্ত্রী মায়া নহে। ইহা ইন্দ্রেই নানারূপ রূপ পরিবর্ত্তনের হেতুরূপ মায়া। ইন্দ্র তথন কেবল দিবিতেই সর্ব্ধশ্রেষ্ঠ দেবতারূপে উপাসিত হইতেন এবং তাঁহারই নানারূপ বিভৃতি, অগ্নি, রৃষ্টি, বিদ্যুৎ ইত্যাদি রূপে প্রকাশই তাঁহার মায়া। তৎপরে সেই বৈদিক ঋষিদেরই কেহ জ্ঞানের উচ্চমার্গে আরোহণ করিয়া বলিলেন

ন মৃত্যুরাসীদমৃতং ন তর্হি ন রাত্র্যাত্মহু আসীং প্রকেতঃ।

আনীদবাতং স্বধয়াতদেকং তম্মাদ্ধান্তরপরঃ কিঞ্চনাস ॥"

অর্থ = তথন মৃত্যু অর্থাং মৃত্যুগ্রস্ত নশ্ব জগং স্ফ ই হয় নাই। সেইজন্য (অন্য) অমৃত অর্থাং অবিনাশী নিত্যু পদার্থ এই ভেদও ছিল না। বাত্রি ও দিনের ভেদ জানিবার কোনও সাধন (প্রকেত) ছিল না। (যাংগ ছিল) তাহা একমাত্র আপন শক্তি (স্বধা) দ্বারাই বায়ু বিনা শ্বাসাচ্ছ্রাস কবিত অর্থাং ফুর্তিমান্ হইত। তাহা ব্যতীত কিঘা তাহার বাহিরে অন্য কিছুই ছিল না। এই স্বধা শন্দের অনেক অর্থ হয়। স্বং দ্বাতি ইতি স্বধা অর্থাং তিনি নিজেই নিজকে ধারণ করিয়াছিলেন। তারপর আর এক অর্থ হয় স্বাং দ্বাতি। এখানে স্থীলিন্দ আর একটা পদার্থ ধারণ করা ব্রায়। এই অর্থে মায়ার উদ্ভব হইয়াছে। কিন্তু তিনি একই ছিলেন। তাঁর কোন লিন্দ ছিল না। আর একটা কিছু সন্থা ধারণ করিলে তিনি দ্বিধা

হইবেন। আবার স্থাদয়েতি অনেন ইতি স্থাও করা হইয়াছে। অর্থাং যাতা দারা আন্ধাদ করা তয় তাতাই স্বধা অর্থাং মায়া দারা তিনি সৃষ্টি করিয়া আম্বাদ করিতেন। ইহার মধ্যে কোন্টা মুখ্য ও কোনটা গোণ অর্থ তাহা সহজেই বঝিতে পারা যায় না কি? তাহা হইলে মায়া কোথা হইতে আদিল ? মোট কথা তিনি একাকীই ছিলেন। বহু হইতে ইচ্ছা হইল। "একোহ হং বহু স্থাম।" আমি একা আছি বহু হইব। তাহা হইলে যথন আরু দিতীয় কিছু ছিল না তথন তিনিই নিজ সন্তা হইতে বহু স্কুন করিয়াই স্প্রিরপে বিকশিত হইলেন। তিনি যে আছেন, তথন তাঁহার অন্তিম্ব বিষয়ে কোন সন্দেহ থাকিতে পারে না, কেন না এই দৃশ্যমান অন্তিত্ব বিশিষ্ট বিশ্ব, যাহা তাঁহা হইতেই সৃষ্ট হইয়াছে, বিজমান আছে এবং সকলেরই প্রতাক্ষ হইতেছে। আমি আছি ইহাতো আমি উপস্থিত প্রত্যক্ষ করিতেছি। আমার মৃত্যুর পর আমার অন্তিত্ব থাকে কি না তাহা তো আমি বলিতে পারি না। অন্তের মৃত্যু দেখিয়াই আমার বিশাদ হয় যে মৃত্যুর দক্ষে দক্ষে আমারও অন্তিও থাকিবে না। টাম গাড়ীর চাকার ঘর্ষণে বিত্রাৎ চমকাইতেছে। আমরা আকাশে এরপ বিঘাং চমকাইতে দেখিয়াছি বলিয়াই বলিতে পারি উহাও বিঘাং। যিনি এই বিতাতকে ধরায় আনিয়া তাহা দারা সমস্ত কার্যা করাইতেছেন. তিনি আকাশে বিত্যাং অদৃশ্য হইলেও তাহার অস্থিম আছে জানিয়াই তাঁহার গ্রেষণার দারা এতদুর প্র্যন্ত সম্পন্ন করিতে সমর্থ হইয়াছেন-যে এখন আমরা সমন্ত কার্যাই প্রায় বিজ্ঞলি সাহায়ো করিতে পারি। স্থুতরাং আমার যদি অন্তিরই না থাকিল, আমি যদি মায়ার অধ্যাসে लाखिरे रहेनाम, जाहा रहेरन आमात अखित अखरून (ह्रों अ तथा। তাই সাংখ্য মত প্রবর্ত্তক মহর্ষি কপিল নিজের অভিত্য এবং স্কর্ বিশের অন্তিত্ত তাহা ক্ষণস্বায়ী হইলেও তাহা যে তংক্ষণে অন্তি বা আছে, তাহাকেই অবলম্বন করিয়া, তাঁহার অনুভতি দাবা বিশ্লেষণ করতঃ যাহা জানিতে পারিয়াছিলেন তাহাই প্রকাশ করিলেন। বৃদ্ধি দ্বারাই এই স্থল দেই কিরপ স্তরে স্থারে পরিণত হইয়া শেষে বৃদ্ধিরপেই পরিণতি প্রাপ্ত হয় তাহাই, তিনি নিজ অকুভৃতি সাহাযো সংখ্যা করিয়া ব্যক্ত করিয়াছেন তাই ইহার নাম সাংখ্য। এই বদ্ধি দারা যে পর্যান্ত দর্শন সম্ভব তাহাই বক্তবা হইতে পারে। তার পর যে অবস্থা তাহা অবর্ণনীয়। আবার বেদান্ত মতে সৃষ্টির বা বিশ্বের রচনা সম্বন্ধে বিশ্লেষণ করিতে যাইয়া এই সাংখ্য মতেরই আশ্রয় লইতে হইয়াছে। এ সম্বন্ধে তাঁহারা কপিল ঋষির নিকট ঋণী। তাঁহাদের আর গত্যন্তর নাই। স্থতরাং কপিল ঋষি যে প্রণালীতে তাঁহার অমুভূতির সীমায় উপনীত হইয়াছিলেন তাহাই সতা, এবং মনুষ্যুত্ত সেই প্রণালী অবলম্বনে সাধনা করিলে তাহাতে সিদ্ধিলাভ করিয়াও তাহার সতাতা উপলব্ধি করিতে পারে। আর সেই প্রণালীই সাংখ্য যোগ। এখন এই সাংখ্য যোগে কি প্রয়ন্ত সিদ্ধি লাভ হয়, তাহাই আমরা সংক্ষেপে বলিব। কিন্তু তাহার শেষ কোথায় তাহা মহর্ষি কপিল ব্যক্ত করেন নাই।

সাংখ্যমতে পুরুষ ও প্রকৃতি উভয়েই জগতের মূল কারণ ও উপাদান। উভয়েই স্বয়স্তু ও জনাদি। প্রকৃতি দত্ম, রজঃ ও তমো গুণের দাম্যাবস্থা। প্রকৃতি এই ত্রিগুণাত্মিকা। এই তিন গুণের সাম্যাবস্থায় স্বষ্টি থাকে না। তথন প্রকৃতি অব্যক্তা ও অপ্রকাশিতা। এই তিন গুণের অসাম্যাবস্থা হইলেই তথন স্বাষ্টি আরম্ভ হয়। প্রকৃতি জড় অচেতনা। জড় পদার্থের ক্যায় তাহার কার্য্য করিবার ক্ষমতা নাই। দে পুরুষের চিংশক্তিতেই ক্রিয়াক্ষমা হইয়া আবার পুরুষকেই ভাহার

সহিত লিপ্ত হইতে আকর্ষণ করে। যেমন রঙ্গমঞ্চে নটী নানারূপ স্ববেশ ধারণ করিয়া, দর্শকগণকে, তাহার হাবভাবে, নতা গীতাদি দারা বা করুণ রুসাদি আগ্রত বাক্যচ্ছটায় মোহিত ও তত্তংভাবাপন্ন করে, তেমনি প্রকৃতিও পুরুষকে তাহার সত্ব, রক্ষা তমো গুণাদি উদ্ভত নানারপ বিচিত্র কার্যা দারা মোহিত ও তত্ত্বংভাবাপন্ন করে। যতক্ষণ প্রকৃতির এই আকর্ষণ সমভাবে থাকে, ততক্ষণ পুরুষ সেই ভাবাপন্ন অবস্থাতে থাকা প্রযুক্ত যেন নিজেই স্কুখ, তুঃখ তাপ ভোগ করে। তথন দে রঙ্গমঞ্চের দর্শকের ভাষে মুগ্ধ অবস্থাতে থাকে। অনেকে প্রত্যক্ষ করিয়াছেন রঙ্গমঞ্চের অভিনেতার বক্তৃতায় উত্তেজিত হইয়া কোন কোন দর্শক অঞ্জপাত বা অন্ত বিসদৃশ পাতৃকা নিক্ষেপাদি করিয়া থাকে। তাহার। সেই ভাবাপন্ন না হইলে এরপ কার্য্য করা তাহাদের পক্ষে সম্ভব হইত না। পুরুষেরও তদ্রপ অবস্থা হয়। প্রকৃতি তাহার তিনগুণের সাহায্যে অই প্রকারে বিক্লত হইয়া ব্যক্ত হয়। তাহার এই ব্যক্তির বা প্রকাশ হইবার ধারা অষ্টপ্রকার। যথা বৃদ্ধি, অহমার, মন ও পঞ্তুরাত। পঞ্তুরাত অ্থাৎ রূপ, রুস, গৃদ্ধ, শক, স্পর্শ রূপ সুক্ষাগুণ। ইহা হইতেই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় উৎপন্ন হয়।

"শব্দবাগাং শ্রোতমস্ত জায়তে ভাবিতাত্মনঃ।

রূপরাগাংতথাচকু: ঘাণং গদ্ধজিগ্নন্ধা।"

অর্থাং প্রাণীর আত্মার শব্দ শুনিবার ইচ্ছা হইলে পর কর্ণ, রূপ
দেখিবার ইচ্ছায় চকু, গদ্ধ আঘাণ করিবার ইচ্ছা হইলে নাসিকা
উংপদ্ধ হয়। এই অন্ত উপায়েই প্রকৃতি পুরুষকে অভিভৃত করে।
পুরুষ এই অভিভৃত অবস্থায় চিরকাল থাকিলে তাহার মৃক্তি হয়
না। কিন্তু সেই রঙ্গালয় হইতে, মৃগ্ধ দর্শক, নিদ্ধাশিত ইইয়া যথন
নটীর স্বরূপ বৃঝিতে পারে এবং নিজে যে ক্ষণতরে মৃগ্ধ হইয়াছিল

জানিয়া তাহার আত্মগানি হয়, তথন তাহার আত্মনির্ভরতা ফিরিয়া আদাতে দে প্রকৃতিস্থ বা আত্মস্বভাব প্রাপ্ত হয়, এবং নিজকে স্বাধীন মনে করে, তেমনি পুরুষ যথন ব্রিতে পারে সে প্রকৃতি হইতে পথক এবং প্রকৃতি কর্ত্তক মুগ্ধ হইয়াই, তাহারই প্রভাবে স্বুখ, দুঃখ ও তাপে মোহিত হইয়াছিল, তথন তাহার এই প্রকৃতির বন্ধন হইতে মুক্ত হইবার চেষ্টা হয়। আর সেই চেষ্টা বা ইচ্ছাকে মমক্ষু অবস্থা বলে। পুরুষের নিজের স্বরূপ প্রাপ্তিই এবং তাহাতে স্থিতিই তাহার মুক্তি, কৈবল্য বা একাকিস্ব। আমরা ইহা বেশ জানি যে এই দেহ ক্ষণভঙ্গুর এবং প্রকৃত আমি এই দেহাত্মক আমি নহি। কেননা শবদেহ তো 'আমি' বলিতে পারে না! কিন্তু যতক্ষণ এই দেহে জীবাত্মা থাকাতে ইহা জীবিত থাকে ততক্ষণ দেই বাল্য হইতে মৃত্যুর পূর্ব্ব পর্যান্ত লোকে বলে "আমি ইহা করিতেছি, আমার দেহটা ভাল নাই" ইত্যাদি। স্থতরাং সেই আমি যে বলায়, সেই আমি যতক্ষণ দেহে বিদ্যুমান থাকে ততক্ষণই দেহ আমার দেহ থাকে। এই "আমি"ই সেই জীবাত্মা বা পুরুষ, —কেননা দেহ পুরেই সে শয়ন করিয়া থাকে। তাই লোকে সাধারণতঃ বলে 'দেহ হইতে আত্মা পুরুষ চলিয়া গিয়াছে'। মৃতদেহ পোড়াইলে কেহ 'আমি' বলেনা; কিন্তু জীবিত দেহে অগ্নি সংযোগ हरेलारे वर्तन "छ: शुर्फ मत्रालम।" ऋख्ताः **এरे एमर एय श**मार्थ জীবিত থাকে সেই জীবই ইহার কর্তা। আর জীবরূপী আগ্নাই এই দেহস্থিত পুরুষ। পুর+শী+ড। শী ধাতুর অর্থ শয়ন করা। যেমন গিরিতে যে শয়ন করে সে গিরিশ।

এই পুরুষেরও যে সময় সময় মুক্ত হইবার ইচ্ছা হয়, তাহা এই দেহ ঘারাই মহয়ের অহভৃতি হয়। যেমন বদ্ধ আরুত

ভাতে, অন্নদিদ্ধ হইবার সময় তাহার অভ্যন্তরস্থ রুদ্ধ বাষ্প, যতই আকারে বর্দ্ধিত হয় ততই বহির্গমনের জন্ম সেই ভাণ্ডের উপরিস্থিত আবরণকে মধ্যে মধ্যে উত্তোলন করিয়া নিম্নাশিত হয়, তেমনি আমাদের আত্মা পুরুষও সময়ে সময়ে এই দেহ ভাওরপ বন্ধন হইতে মুক্ত হইতে আমাদিগকে প্রেরণা দেয়। ভাও জড় পদার্থ, সে তাহার অভ্যস্তরের বাষ্প চাপ (Pressure) অহুভব করিতে পারে না; আমরা বৃদ্ধি ইন্দ্রিয়াদি সম্পন্ন অত্ভবক্ষম প্রাণী, আমাদের সে চাপ সময় সময় উপলব্ধি হয়। যাহার বৃদ্ধি সুক্ষ বা যাহার কিছু বিবেক জ্ঞানের উদয় হইয়াছে, সেই তাহা অহুভব করিতে বা সোজা কথায় ধরিতে পারে—যেমন ঋষি ষ্টিভেন্দন বাম্পের চাপ সম্বন্ধে অন্তুভৃতি প্ৰাপ্ত হইয়া এত বড় একটা অভুত ধিমএন্জিন রূপ বাষ্পীয় রথ আবিষ্কার করিলেন। সেই বাষ্পের ক্ষমতা বা শক্তি যে কতদুর তাহা তিনি বুঝিতে পারিয়াছিলেন। আমরাও যদি আমাদের অভ্যন্তরে স্থিত কোন শক্তিধারীর শক্তিতেই যে আমাদের এই দেহ চালিত হইতেছে ইহা বুঝিতে পারি, তাহা इटेल তाहात अव्यवन आमार्तित मुक्ष উर्फण इटें लाति। একটা স্প্রিং বিহনে সমন্ত ঘড়িটা সমন্ত আতুসঙ্গিক যন্ত্রাদি সহ অক্রিয় বা অকেজো হয়। যদি সেই প্রিংটী প্রাপ্তব্য পদার্থের শীমার মধ্যে থাকে, তবে তাহা সংগ্রহ করিয়া, সেই ঘড়িটাকে পুনরায় পূর্ববাবস্থ করিতে পারি। কিন্তু দেহরূপ ঘড়ির স্প্রিংরূপ আত্মাটী একবার এই দেহ ছাড়িয়া গেলে, ঐ স্প্রিং প্রাপ্তির অভাবে সেই অকেজো ঘডির ন্যায়ই তাহা পরিতাক্ত হয়।

সাংখ্যমতে এই দেহ, প্রকৃতির উপাদানে নিম্মিত, আর সেই প্রকৃতিতেই অধিষ্ঠিত হইয়া পুরুষ তাহাকে চিংশক্তি দানে কার্য্যকরী

করিতেছেন—অর্থাৎ তাহাকে যেন চেতাইয়া দিতেছেন—যেন অচল গাড়ীর চাকাকে ঠেলিয়া দিতেছেন। যে পুরুষ এই প্রকৃতির বেষ্ট্রনী হইতে, স্বীয় মহিমা উপলব্ধি করিয়া, স্বীয় কর্তত্ত স্থাপন করতঃ, নিজে মৃক্ত হন সেই পুরুষই পাতঞ্জনীর ক্লেশ, কর্ম বিপাকাশয় রহিত নিরতিশয় সর্বজ্ঞতা বীজসম্পন্ন পুরুষ। এই পুরুষের দর্শন লাভই আত্মদর্শন বা স্বরূপদিদ্ধি। ইহাই সাংখ্যদর্শনোক্ত পুরুষের কৈবল্য বা স্বাধীনতা লাভ। সাংখ্যশাস্ত্রে, এই অবস্থাতে পরিণতি লাভ করিতে যে পর পর অবস্থা হয়, তাহাই সংখ্যা করিয়া বা গণনা করিয়া বিবৃত করিয়াছেন। সংখ্যা কথা হইতেই সাংখ্য শব্দ উৎপন্ন। প্রথমে পঞ্চ ইন্দ্রিয়কে নিরুদ্ধ করিয়া অর্থাৎ চক্ষকে যেন অম্বই. কর্ণকে বধিরই. নাসিকাকে ভোঁতাই. জিহ্বাকে অক্রচিই, চর্মকে যেন গণ্ডারের চামড়া করিয়াই, ইন্দ্রিয়গুলির বোধশক্তি রোধ করিতে হয়। ইহাদিগকে রুদ্ধ করিতে হইলে মনকে অন্ত বিষয়ে লিপ্ত করিতে হয়। কিন্তু চঞ্চল মন বাহিরের কোন পদার্থের সংস্পর্শে না আসিতে পারিলে, তাহার অন্তর্মপ নানা চিন্তা উপস্থিত হয়, তথন তাহাকে বৃদ্ধির সাহায্যেই তাহা হইতে নিরস্ত করিয়া ধ্যেয় বিষয়ে বার বার লিপ্ত করিবার চেষ্টা করিতে হয়। এখন ধ্যেয় বিষয় একটা জ্ঞাত বিষয় না হইলে মন তাহার ধারণা করিতে সমর্থ হয় না। অজ্ঞাত বিষয়ে মন লিপ্ত হইতে পারে না। তাই • পতঞ্জলি বলেন—"ঈশ্বর প্রণিধানাং বা।" অন্তান্ত বিষয় উল্লেখ করিয়া এই ঈশ্বর প্রণিধানরূপ একটি উপায়ও বলিয়াছেন। এই ঈশ্বর প্রণিধান অর্থে ঈশ্বরের উপাসনা বা তাহার পূজা করা নহে-তাহার দর্ব অবস্থা বিশেষরূপে জ্ঞাত হওয়া। ঈশর কি, তাহাই জানা নাই। তাহার প্রণিধান কির্নপে করা সম্ভব? তার্পর বলা

হইল এই ঈশ্বর ক্লেশ কর্ম বিপাকাশয় হইতে মুক্ত পুরুষ বিশেষ। আর তাহাতে নিরতিশয় সর্বজ্ঞতার বীজ আছে। অর্থাৎ তিনি নিরতিশয় সর্বজ্ঞ। বঝা গেলনা সর্বজ্ঞ কিরূপ অবস্থা। আমাদের সীমাবদ্ধ জ্ঞানে তাহার উপল্পি অসম্ভব। তাহা হইলে এখনও ঈশ্বের সন্ধান পাওয়া গেল না। তারপর বলা হইল "তম্ম বাচকঃ প্রণবঃ।" প্রণব অর্থাং ওঁ শব্দ তাঁহার বাচক বা সংজ্ঞাজ্ঞাপক। বেশ, ওঁ ওঁ করিয়া তাহাকে ডাঁকা গেল-কিন্ত তাঁহার সাডা পাওয়া গেল না। স্থৃতরাং তাহার প্রণিধান্ও হইল না। এখন পুরাণকার বলিলেন অ-উ-ম, এইরপে ডাক। অ-উ-ম জপ করিয়া গলা ভাঙ্গিল কিন্তু ঈশবের সাড়া গাওয়া গেল না। অ-উ-ম তিন অক্ষরে ব্রহ্মা, বিষ্ণু মহেশ্বর ধারণা করিয়া তাঁহাদিগকে ডাক। বলা গেল ব্রহ্মা, বিষ্ণু মহেশ্বর কে, তাহাও তো জানা নাই, স্বতরাং এই তিন অক্ষরে তাঁহাদিগকে কিরুপে ধারণা করা যাইবে ? কেন বাপুহে। তুমি তো চিত্রে বা বর্ণনায় তাঁহাদের তিনজনের পথক-পথক রূপ দেথিয়াছ বা অবগত আছু সেইরূপই ধারণা করন৷ কেন ? তাঁহাদের রূপ যে এরূপ বর্ণিত রূপই তাহাই বা স্বীকার করিতে ঘাইব কেন ? আবার তাঁহাদের তিনজনকে গ্যান করিলে তিনজন ঈশ্বরের গ্যান করা হইল। তাহা হইলে তো তাঁহারা তিনজন বিভিন্ন পুরুষ হইলেন, এবং তাঁহাদের রূপ ও আকৃতি ও দেহ বিভিন্ন হওয়াতে তাঁহারা পথক স্থান ব্যাপিয়া স্থিত। স্থতরাং একের স্থিতিস্থান অন্তোর অপরিজ্ঞাত হওয়াতে তাঁহাদের কাহারও সর্বজ্ঞতা দিদ্ধ হইল না। যে সর্বজ্ঞ হইবে সে একাই হইলে এবং একাকীই সর্বস্থান অধিকার করিয়া সর্বব্যত হইলে তবেই তাহার সর্বজ্ঞতা সিদ্ধ হয়। স্বতরাং পাতঞ্জলীর ঈশ্বর ইহাদের কেহ নহেন। এমতাবস্থায় তাঁহার প্রণিধানও বিফল। ইহার পর আর উত্তর আচে কি ? পুরাণকার এইখানেই নিন্তন। তারপর উপনিষদ বলিলেন অ-উ-ম बादार देवत প্রণিধান হইবে এবং তাহার উপায় আছে। আত্মা তিন অবস্থাতে দেহপুরে বাস করেন—জাগ্রত ম্বপ্ন ও স্বৃধ্য তাঁহার এই তিন অবস্থা। অ-জাগ্রত অবস্থা, উ-স্বপ্লাবস্থা ও ম-স্কৃষ্প্তি অবস্থা। বুঝা গেল না-এই তিন অক্ষরের পরিবর্ত্তে অন্য তিন অক্ষরেই বা তাঁহার সেই তিন অবস্থা ব্যক্ত হুইবে না কেন ? বাপুহে। অ-উ-ম যথাযথভাবে উচ্চারণ করিতে শিক্ষা কর, তখন নিজেই ইহার উত্তর পাইবে। যথন যথাযথভাবে উচ্চারণ করিতে অভান্ত হওয়া গেল, তথন দেখা গেল 'অ' উচ্চারণ করিতে ওঠ চুইটা বিক্ষারিত হয় আর তাহা জাগীরিত অবস্থাতেই হয়। নিদ্রিত ব্যক্তিকে আঘাত করিলে দে জাগ্রত হইয়াই 'অ' উচ্চারণ করে। তারপর সেই 'অ'র সহিতই 'উ' উচ্চারণ করিলে ওষ্ঠ তুইটী সন্ধৃতিত হয়--েযেন শব্দ ভিতরের দিকেই টানিয়া লওয়া হইতেছে। আর সেই সময় জাগ্রতের বিক্ষারিত নয়নও যেন ভিতরের দিকেই আকর্ষিত হয়। শিশু উচ্চৈঃম্বরে রোদন করিতে করিতে রোদনের শব্দ ঘথন ক্রমে মৃত্র হইয়া তাহার তন্ত্রার আবেশ হয়, তথন ঐ 'অ' শব্দ 'উ'র তায় পরিণত হয়, ও ক্রমে 'মৃ' শব্দে পরিণত হইলে শিশু নিদ্রাভিত্ত হয়। একটানা 'উ' শব্দ করিয়া 'ম' শব্দ করিলে, সেই উভয়শব্দ যেন অভ্যস্তরের দিকেই যায়, এবং মুখ বন্ধ হইলেও এই ম অভ্যন্তর হইতেই উখিত হয়। তাহা হইলে যে শব্দ প্রথমে বাহিরে যাইতেছিল তাহাই ক্রমে দঞ্চিত হইয়া 'উ' হইয়া শেষে 'ম'এ পরিণত হইল। 'উ' উচ্চারণ সময়ে অধ্বজাগ্রত অর্দ্ধনিদ্রিত অবস্থা-ইন্দ্রিয় নিদ্রিত হয় কিন্তু মন জাগ্রত থাকে। এই জাগ্রত ও নিজার মধ্য অবস্থাই স্বপ্লাবস্থা। আবার নিজা বা স্বৃত্তির পূর্ব্ব পর্যন্ত সেই 'মৃ' শব্দই যেন শোনা যায়। মৃ শেষ হইলেই গভীর নিদ্রা, ইহা হয়তো অনেকেই লক্ষ্য করিয়াছেন। অ-উ-মৃ শব্দ যথন অভ্যন্তর হইতেই আদিতেছে ও যাইতেছে তথন এই শব্দকারীর সেই অভ্যন্তর ভিন্ন আর কোথায় থাকা সম্ভব?

বিজ্ঞান বলিবে, যে বায় নিশ্বসিত হইয়াছিল তাহাই বাহিরে আদিবার সময় কণ্ঠসংলগ্ন পদান্বয়ে (vocal chord) আঘাতপ্রাপ্ত হইয়া 'অ' শব্দরূপে পরিণত হয়, আবার নিখসিত বায়ু অভ্যন্তরে যাইবার সময় সেই ছই সন্ধৃচিত পর্দাতে আঘাতপ্রাপ্ত হইলেই 'উ' শব্দ উত্থিত হয়। এই নিখাস ক্রিয়ার সময় বায়ুর গতি মুথ ও नाक উভয়পথেই চলাচল করে। মুথ বন্ধ করিলে যে ম শব্দ হয়, তাহা নাক বন্ধ করিলে, বন্ধ হয়। স্বতরাং ইহা বায়ু দারাই সাধিত হইতেছে। আত্মা দারাই বা তাহার কর্ত্তমে ইহা হইতেছে সে সিদ্ধান্ত টি কিল কোথায় ? গুৰ্ভ ইইতে স্মৃত্মিষ্ঠ শিশু আপাতদৃষ্টিতে স্পন্দহীন, স্বতরাং মৃত, অথচ তাহার দেহে কোন পূর্বে মৃত্যুর চিহ্ন নাই। শিশু কাঁদে না স্থতরাং মৃত। অনেক চেষ্টার পর শিশু "উয়া" করিয়া উঠিল। আর তথনই তাহার নিশাস ও প্রশাস আরম্ভ হইল। নৃতন জীব কি তাহাতে চিকিৎসক দ্বারা প্রবিষ্ট করান হইল ? ু ইহা কি সম্ভব ? স্থতবাং তাহাতে জীবাত্মা ছিলেন—যেন নিদ্রিতই ছিলেন। সেই শিশুর দেহে আঘাত করাতেই যেন তিনি জাগরিত হুইয়া 'উয়া' বলিয়া প্রকাশ হুইয়াই, যেন বলিলেন "আমি আছি' 'আমি আছি"—এই দেহে যেন স্থপ্ত অবস্থাতেই ছিলাম: আমার মন. আমাতেই লয় হইয়াছিল—বেন উমিবিহীন স্থির সমুদ্রের ভায়; এখন সেই আঘাতে আমা হইতে, বাত্যাতাড়িত তরকের তায়, সেই মনই জাগ্রত হইল।" আত্মার গতি অবস্থাই—এই তরকাকারে চঞ্চলতা

রপ-মন। এথানে কিন্তু দেখা গেল সেই অ-উ-ম্ শব্দ বিপরীতভাবে ম্-উ-অ রপে উৎপন্ন হইল। এখনও কি সন্দেহ থাকিতে পারে যে এই আত্মাই, ঐ শব্দ উচ্চারণের কর্ত্তা? উপনিষদের ঋষি যাহা স্বীয় অন্তভ্তিতে সত্য বলিয়া উপলব্ধি করিয়াছিলেন তাহাই ব্যক্ত করিয়াছেন, পুরাণকারদের মত তাঁহারা কল্পনার আশ্রয় লন নাই। তাহ'লে অ-উ-ম্ উচ্চারণকারী—আত্মাই।

এখন এই শব্দ উচ্চারণকারীকে, তাহার ক্বত শব্দ অনুসরণ করিয়াই ধরিতে হইবে। নিবিড অন্ধকারে, মন্তুয়োর শব্দ শুনিয়া, তাহা অনুসরণ কবিষা একাগ্রচিত্তে তাহা শুনিতে শুনিতে যাইতে পারিলেই তবে শব্দ উচ্চাবণকারীকে ধরিতে পারা যায়। সেই শব্দ ভিত্র আমার কর্ণে কিছুই প্রবেশ করিতেছে না—যেন সেই শব্দেই আমি তন্ময়। স্বতরাং মনকে দৰ্বনাই জাগরিত রাখিয়া তাহার জ্ঞান শক্তি অটুট রাখিতে হটবে। স্বপ্নাবস্থায় মন জাগ্ৰত থাকে, কিন্তু তথন তাহা দেহজ্ঞান শুলা। মন তথন স্বাধীন, ইচ্ছামত বিচরণ করে; তথন তাহাকে ইন্দ্রিয় দ্বারের সাহায্যে বাহির হইতে হয় না ় সে তথন সর্বব্যাপী হয় : নিজেই নির্মাণ করে নিজেই ভাঙ্গে। তারপর যথন স্বয়প্তি অবস্থা আদে তথন মনও অচেতন হয়, আর তাহার কোনও জ্ঞান শক্তি থাকে না। স্থতরাং সে অবস্থার কথা তাহার অরণ থাকে না। এখন এই মনকে শাসনে আনিয়া, তাহাকে দচেতন বা জাগ্রত রাখিয়া নিদ্রার অবস্থা প্রাপ্ত হইলে যে অবস্থা হয় তাহাই আত্মদর্শন। এই মনের শাসন, বৃদ্ধি দারাই হয়। निमार्क मत्नद नय हम। এই अवसार्क, जाहा हरेल मत्नद नय हरेल. আত্মদর্শন করে কে? মন লয় হইলে থাকে বৃদ্ধি; এই বৃদ্ধিতেই আত্মস্বরূপ প্রতিবিধিত হয় আর দেই বৃদ্ধিই আত্মদর্শন করে। তাহা হইলে এইরূপ বুঝিতে হইবে যে এই অবস্থায় প্রকৃতির প্রধান বা প্রথম

বিকার বৃদ্ধি ও আত্মা উভয়েই তথন থাকে। তাহা হইলেই দেখা গেল বৃদ্ধিরূপ প্রকৃতি বিকার ও আত্মারূপ পুরুষ উভয়ই পৃথক। এই বৃদ্ধি নির্মাল সভগুণ সম্পন্ন হইলেই নির্মাণ আত্মাতে মিশাইয়া যায়, যেমন স্বচ্ছক্ষটিকে কোন প্রতিবিদ্ব প্রতিফলিত হয় না। স্বচ্ছক্ষটিকের উপরে জ্যোতি পড়িলে তাহা ফটিক ভেদ করিয়া যথন তাহার অপর পার্ষেও প্রসারিত হয়, তথন ফটিকের অন্তিত্ব লক্ষিত হয় না সমস্তটাই যেন জ্যোতিশ্য। জ্যোতি ও ফটিক অভেদাকারেই বোধ হয়। স্বতরাং এই বৃদ্ধিও স্বচ্ছ হইলে তাহাও আত্মার জ্যোতিতেই মিলিয়া যায়—যেন প্রকৃতির বিকৃত অবস্থা বা তাহার গুণের কিছু বিরূপপ্রাপ্ত প্রথম ব্যক্ত অবস্থা বৃদ্ধি, পুনরায় প্রকৃতির স্বরূপ অবিকৃত অবস্থা বা স্বচ্ছ অবস্থাপ্রাপ্ত হইয়া প্রকৃতিতেই মিলিয়া যায়। এই অবস্থায় প্রকৃতি পুরুষেরও ভেদ থাকে না। একথানি কাচ যেন প্রকৃতির বৃদ্ধি বিকারের ফুল্মাবস্থা। এই কাচে যদি অন্ত কোনও পদার্থ সংলগ্ন না থাকে তাহা হইলে তাহাতে কোন প্রতিবিদ্ধ ফলিত হয় না। অন্ত পদার্থের সংযোগ সাহায্যেই কাচ প্রতিবিদ্ধ গ্রহণ করিতে পারে। একখানি অতিবৃহৎ কাচের দেই দিতীয় গুণযুক্ত পদার্থ দারা লিপ্ত অংশটুকুই বৃহৎ প্রকৃতির দত্ব, রজঃ ও তুমোগুণারিত প্রথম বিকৃত অবস্থার ব্যক্তি—এই বুদ্ধিরপে। বুদ্ধি সত্তপারিত হইলে, তাহার অংশ পরিমাণ তথনও থাকে, স্বতরাং দেই অংশপরিমাণ আত্মাকেই, দে অনুভব করিতে পারে। অর্থাৎ দেহ পরিমিত বুদ্ধি, দেহ পরিমিত আত্মারই উপলদ্ধি করিতে পারে। কিন্তু দেই বুদ্ধি, যখন তাহার দেই সত্তগুণও শুন্ত হয়, তথন সে অব্যক্ত বৃহৎ ভূমা প্রকৃতিতে পরিণত হয়, আর আত্মাও তথন সেই বৃদ্ধি দ্বারা পরিমিত না হওয়াতে তাহার ভূমা অবস্থাই প্রাপ্ত হয়। প্রকৃতির যে শেষ বন্ধন বন্ধি তাহাও তাহার থাকে না। তথন বন্ধ

বাষ্পের বিস্তীর্ণাকাশে ব্যাপ্তির হায়, আত্মাও বিস্তীর্ণ আকাশরূপেই বিস্তীৰ্হয়। এই অবস্থায় বৃদ্ধি মন কিছুই না থাকায়, তাহার স্থতি, কে লইয়া ফিবিয়া আসিবে ? তাই এই অবস্থা অনুসূত্রনীয়-যোগিব সমাধি অবস্থা, বৃদ্ধের নির্ব্বাণ অবস্থা।--তাই মহর্ষি কপিল এই অবস্থার কথা কিছু বলেন নাই। তাঁহার শেষ অনুভবনীয় অবস্থা—এ প্রকৃতির প্রথম ব্যক্তি-বৃদ্ধি একদিকে, আর আত্মা আর এক দিকে। এই পর্যান্ত ভোদের শেষ দীমা দংখ্যা করিয়া তিনি ব্যক্ত করিয়াছেন। এই পর্যান্তই যোগীরও অভাবে অত্তবনীয় অবস্থা—যাহা অধ্যবসায় সহকারে. যোগোচিত আচরণ ও সাধনা দারা কঠোর অভ্যাদের ফলে, আরণাক সন্মাসী ও পক্ষান্তরে রাজ্যিদের বা বশিষ্ট যাজ্ঞবন্ধ্যাদি গার্চস্থাশ্রমাবলম্বী ঋষিদের ক্রায়, এই কলিযুগের সন্ন্যাদী বা গৃহস্কেরও প্রাপ্য হইতে পারে। তাই আমাদের গুরুদেব গৃহস্থ শিশুদিগকে তাঁহার উপদেশদানে বঞ্চিত করেন নাই। ইহার ফলপ্রাপ্তি বা দিদ্ধি লাভ দেই শিষ্কের আচরণ ও অভ্যাদ এবং অধাবদায়ের উপরই নির্ভর করে। তিনি বলিতেন "মনকে হাতে রাথিয়া, জাগ্রত ও নিদ্রার সন্ধিস্থানে লক্ষ্য রাথিও। জ্ঞানের অবস্থাতেই নিদ্রার অবস্থা উপলব্ধি করিতে চেষ্টা ও অভ্যাস করিও।" हेहा अपूना উপদেশ। এইরূপ অভাাস বা সাধনাতে সিদ্ধ इहेट পারিলেই যোগী আত্মদর্শনে দিদ্ধকাম হয়। সাংখ্যযোগ শাদ্ধ পাতঞ্জলীতে প্রস্কৃটিত হইয়াছে। বাল্মীকিও এই গার্ছসাশ্রমী রামের সাধন পন্থাই তাঁহার রামায়ণে দেথাইয়াছেন। আমরা অনধীত সাধারণ পাঠকের জন্তই, এই সাংখ্য যোগশান্তের প্রয়োজনীয় অংশমাত্র আলোচনা করিলাম। অধীত পাঠকের হয়তো ইহা বিরক্তিকর হইতে পারে।

এক্ষণে আমরা সাংখ্যোক্ত প্রকৃতি ও পুরুষের স্বরূপ দেখাইয়া, রামের

এই ধয়র্ভক্ষের সহিত তাহার কি সম্বন্ধ তাহাই দেখাইতে চেষ্টা করিব। বাল্মীকি বলিয়াছেন—

> "নৃণাং শতানি পঞ্চাশদ্যায়তানাং মহাত্মনাম্। মঞ্চামষ্টচক্রাং তাং সমূহুত্তে কথঞ্চন।"

অতি দীর্ঘ মহাবলশালী পঞ্চাশত শত লোক অতিকটে যে অষ্টচক্র সমন্বিতা মঞ্জ্বাতে সেই ধন্ত ছিল, সেই মঞ্জ্বা বহন করিল। এথানে বাল্মীকি পঞ্চ সহস্র না বলিয়া পঞ্চাশত শত বলিলেন। তিনি তাঁহার চিরাচরিত এককে এক সহস্র বলিবার ধারা কেন পরিত্যাগ করিলেন ? পঞ্চাশত বা পঞ্চাশ, পঞ্চবিংশতি বা পাঁচিশের দ্বিগুণ। তাহারা চক্র সমন্তিত মঞ্জা টানিয়া না আনিয়া স্কন্ধে বহন করিয়া আনিল, কেন না তাহাকে নডাইতে পারিল না। তাহার এক এক দিকে ২৫০০ পঁচিশ শত লোক তাহাকে বহন করিয়াছিল। স্বতরাং এই পঁচিশ কথাটীই এখানে প্রয়োজনীয়। সাংখামতে প্রকৃতির ২৪ তত্ত্ব হইতেই বিশ্বের স্ষ্টি। সেই ২৪তত্ত্বথা প্রকৃতি, বদ্ধি, অহন্ধার, মন, পঞ্চজানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চন্মাত্র ও পঞ্চ মহাভূত এই একুনে ২৪। আর পুরুষ ১। এই পঁচিশতত্ব। পুরুষ নিজ্ঞিয় অবস্থায় জড় প্রকৃতির সহিত একস্থানেই অবস্থিত, কেননা তাহারা উভয়েই অনাদি ও স্বয়স্ত। যেমন পিতা ও মাতার কোষাণু একত্রিত হইয়া থাকে। তাহাতে ক্রিয়া উৎপন্ন হইয়া বহু কোষাণু উৎপাদনে ক্রমে বর্দ্ধিত হয়; নিজ্জিয় হইলে অণ্ড স্পষ্ট হইত না। পিতার কোষাণু ও মাতার কোষাণু উভয়েই পঞ্চতের উপাদান রূপ প্রকৃতি ও জীবাত্মা রূপে আত্মাসন্নিবিষ্ট থাকে। উভয়েরই কারণ ও উপাদান একই রূপ। একটা জীবিত একটী মৃত থাকিলে ক্রিয়া উৎপাদন হইতে না পারায় ক্রণ গঠিত হয় না। স্থতরাং এই উভয় কোষাণুতেই প্রকৃতি ও পুরুষ সামাাবস্থায় থাকে। তাহারা উভয়ে মিলিত হইয়া যদি আর ক্রিয়া না করে তাহা হইলে তাহাদের সাম্যাবস্থায়স্থিতি হয়। এই প্রকৃতি ও পুরুষের একত্রে সাম্যাবস্থায় অবস্থিতির প্রতিকৃতি ঐ মঞ্জ্যাটী। আবার সেই অবস্থাতে পুরুষের চিৎশক্তি প্রাপ্ত হইয়া ক্রিয়াবতী হইলে প্রকৃতির গুণের অসামঞ্জস্তে স্প্রের উদ্ভব হয়। আর একটা দ্রান্ত দারা প্রকৃতির জড়ত্ব বেশ বুঝা যায়। মাতার কোষাণু তাহার আধারেই (Ovary) তাহার উপরিভাগে অবস্থিতি করে, তাহার নিজের চলিবার যেন শক্তি থাকে না। জরায়ুর উভয়পার্শ্বে তাহার হত্তস্বরূপ যে কোমল নলম্বয় আছে, তাহাই বক্র হইয়া তাহাদের যেন অঞ্জলিসমষ্টিযুক্ত প্রাষ্ঠ দারাই, সেই কোষকে গ্রাস করিয়া তাহার (নলের) অভ্যন্তরের ছিল্রে প্রবেশ করাইয়া, নিজ শক্তিতেই তাহাকে জরায়ুর অভ্যন্তরে পৌছাইয়া দেয়। কিন্তু পিতার কোষাণু নিজ শক্তিতেই জরায়ুর ছিদ্রাভান্তর দ্বারা তাহার অভ্যন্তরে প্রবেশ করিয়া সেই পূর্ব্বেস্থিত মাতৃকোষাণুর সহিত মিলিত হইয়া তাহার কার্য্য আরম্ভ করে, আর তার ক্রমবর্দ্ধন জন্ত দেই মাতৃদ্ধপী প্রকৃতিই উপাদান প্রদান করে। এই মঞ্ধার অষ্ট অচল চক্র তাহার অষ্ট বিকারের অব্যক্ত অবস্থার স্চক। পুরুষ নিজ্ঞিয় বিধায়, তাহার চিংশক্তিতে চেতিত হইয়া সচল না হওয়াতে তাহারা যেন জড়পদার্থের ন্যায়ই প্রতীয়মান। চক্র षाठन रहेरन প্রকৃতিও षाठन। চক্র চল হইলেই গাড়ী চলে। কেননা প্রকৃতি জড়। একটা চক্রের ঘূর্ণন কার্যা প্রকাশ হয় অন্ত কোন শক্তির দ্বারা—সেই ঘূর্ণনই তাহার কার্য্যের ব্যক্ত অবস্থা বা বিক্লতি। গোল কোন পদার্থ যতক্ষণ ঘূর্ণিত না হয় ততক্ষণ তাহার চক্ৰত্ব উপলব্ধি হয় না। এই মঞ্জ্যারূপ প্রকৃতির এক এক পার্ম্বে চারি চক্র থাকাতে তাহা অষ্টচক্রা। স্বতরাং এই পাঁচিশ তত্ত্ব সমন্বিত ২৫ রূপ তৃই পার্শ্ব যুক্ত পদার্থ টীকে টানিতে হইলে বা বহন করিতে হইলে ২৫×২ বা তাহার দ্বিগুণ লোকের প্রয়োজন। এই পাঁচিশ তত্ব অষ্ট প্রকারেই বিক্ষত হয় তাহা আমরা পূর্ব্বে উল্লেখ করিয়াছি। এই অষ্টপ্রকার বিক্ষতিই যেন ইহার অষ্টচক্র। একমণ ওজনের একটা পদার্থের যদি তৃইদিকে তৃইটা চাকা থাকে আর তাহা বহন করিতে যদি তৃইদিকে তৃইজন লোকের প্রয়োজন হয় তাহা হইলে ২৫ মণ ওজনের পদার্থটো বহন করিতে ২৫×২=৫০ জন লোকের প্রয়োজন হয়। এই পঞ্চাশত সংখ্যার নির্দেশ থাকাতেই এই মঞ্জুষাটা যে ২৫এরই প্রতিক্ষতি তাহাই অভিব্যক্ত হইয়াছে।

দেই প্রকৃতির অব্যক্ত বিকারকে ব্যক্ত করিতে হইলে পুক্ষের চিংশক্তির প্রয়োজন। কিন্তু পুক্ষ নিজ্জিয়, বা নিজিতবশতঃ তাহার চিংরপ শক্তিও নিজ্জিয়। কাজেই দেই মঞ্জ্যার চক্র ঘুরাইতে না পারিয়া, এই পঞ্চাশত শত লোক তাহাকে তদবস্থাতেই বহন করিয়া লইয়া আদিল। তাহারা তাহার ছই পার্ঘে সমানভাবে বিভক্ত হয়য় তাহাকে ক্ষেন্দ করিয়া আনিল। মোটরগাড়ীর চক্র যথন তাহার অক্ষের সহিত দৃঢ় সম্বন্ধ হইয়া ঘুরিতে পারে না, তথন তাহা ঠেলিয়া না আনিয়া বহু লোকের স্কন্ধে বা অত্য বহুং গাড়ীতে স্থানিত করিয়া সানান্তরিত করিতে হয়। এথানেও তক্রপ অবস্থাই হইয়াছিল। সেই ২৫ রূপ মঞ্জ্যা যেন ২৫ তত্ত্ব সমন্বিত প্রকৃতির মুর্ভ প্রতীক ইহাই এই বর্ণনার তাংপর্যা। যথন সেই মঞ্জ্যা সভাস্থলে আনা হইল তথন রাম, বিশ্বামিত্রের নির্দ্দেশ অফুসারে সেই মঞ্জ্যা হইতে ধয়ু উত্তোলন করিলেন। প্রকৃতিই যদি ঐ মঞ্জ্যা হয়, তাহা হইলে গুণ সমন্থিত ধয়ুটী কি গু ধয়ু অর্থে গুণু

তাহার দণ্ডই নহে। দণ্ড ও তাহার গুণ একত অবস্থাতেই ধনু নামে কথিত হয়। তাই বলা হয় ধনুর গুণ। সেই মঞ্জ্বাতে এই ধকুদণ্ড সরলভাবে তাহার শিথিল গুণ সংযুক্ত হইয়া শায়িত অবস্থায় ছিল-যেমন রজ্জ কোন স্থানে পড়িয়া থাকিলে শিথিল বা 'এলমেল' ভাবে থাকে। ধত্বব নিমপ্রান্তে প্রথম গুণসংযোগ করিয়া তাহা পদদারা স্থির করিয়া, দেই গুণকে টানিয়া ধন্তর অন্ত প্রাস্ত ন্মন করিয়া তাহাতে সংযুক্ত করিতে হয়—যেন শিথিল গুণকে টানিয়া তাহাকে ক্রিয়াশীল করা হয়। তারপর সেই গুণকে আরও আকর্ষণ করিয়া তাহা ছাডিয়া দিলে বা তাহাতে আঘাত করিলে টং শব্দ হয়। ঐ টং শব্দ উত্থিত হইলেই ব্রিতে পারা যায় যে তাহাতে শক্তির সঞ্চার হইয়াছে,। দীর্ঘদিবদ পীর্টিত রোগী কথা বলিতে পারে না, তাহার কিছু 'শক্তির' সঞ্চার হইলেই সে কথা বলিতে সমর্থ হয়। সেইরূপ এই গুণ যেন টং শব্দ করিয়াই জানাইল তাহার যথেষ্ট শক্তির সঞ্চার হইয়াছে। এখন ধ্রুটা কি ? শিশু ভূমিষ্ঠ হইলে তাহাকে মৃতকল্প অবস্থায় দেখিলে ধাত্রী বা চিকিংসক তাহার পর্ষ্ণে বা মেরুদত্তে আঘাত করে। সেই মেরুদত্তে আঘাত প্রাপ্ত হইয়াই শিশু রোদন করে। তাহা হইলে এ মেরুদণ্ড হইতেই তাহার রোদনের শক্তি উত্তেজিত হইয়াছে। দেহের এই মেক্লণ্ড হইতেই তাহার সর্বস্থানে শক্তি সঞ্চালিত হয়। সেই মেকদণ্ডের মধ্যেস্থিত পুঞ্জীভূত রজ্জুর ন্যায় স্নায়্সমণ্টি হইতে অসংখ্য শাথা প্রশাথা নির্গত হইয়া সমস্ত দেহে, ত্বক ইইতে আন্থাগ্র বিকীর্ণ হইয়াছে এবং তাহাদের সাহায্যেই প্রত্যেক স্থানে অনুভতিরও কার্য্য করিবার শক্তির সঞ্চার হয়। এই ধনুর দণ্ডই যেন প্রকৃতির মেরুদণ্ড। যেন তাহাই প্রকৃতির দেহরূপ মঞ্জ্যার

অভান্তরে তাহার মধ্যস্থানে ছিল। আমাদের শরীরেরও মধ্যস্থানে এই মেরুদণ্ড স্থিত। ধমুর বক্রাকারে তুই প্রান্তে গুণ সংযুক্ত করিয়া তাহা আরও আকর্ষণ করিলে, তাহা হইতে নিক্ষিপ্ত শর যে শক্তি প্রাপ্ত হয় তাহা ঐ অণেরই শক্তি। অণের আকর্ষণেই অণের শক্তিসঞ্চার হয়। তেমনি প্রকৃতির গুণসমূহও নাড়াচাড়া খাইয়া অসামঞ্জস্ত প্রাপ্ত না হইলে তাহাদের কোন কার্য্য করিবার শক্তি থাকে না। এই গুণই যেন তাহাকে তাহার স্বাভাবিক অবস্থা হইতে বিচলিত করিয়া যেন তাহাকে নমন করিয়াই কার্যো প্রবুত্ত করায়। যেমন বল্লার চালনে অস্থ গতিশীল হয় তেমনি এই গুণগুলি দারা প্রকৃতি চালিত হয়। একটা লোকের প্রকৃতি বা তাহার স্বভাব কি তাহা জানা নাই। তাহাকে আঘাত করিলেই যদি তাহার ক্রোধের উদয় হয় তাহা হইলে বঝা যায় সে রজপ্রকৃতির লোক। সে আঘাত পাইয়া প্রতিআঘাত দিতে উন্নত হয়। বালিরাশি একস্থানে পড়িয়া আছে, তাহাতে কিছ দারা আঘাত করিলে সেই বালিরাশিই চারিদিকে উংকীর্ণ হইয়া আঘাতকারীকে বিব্রত করে। আঘাত দারা পাপোষ ঝাডিবার সময় ইহা প্রত্যক্ষ হয়। সেই বালিই ঘনীভত অবস্থাতে তমআকারে ছিল, অথাং নিজ্ঞিয় ছিল, তাহাই আবার রজ্ঞাকারে চলচ্ছক্তি সম্পন্ন হইল। তাই রজ বা ধূলিকণার দৃষ্টান্তে এই গুণকে রজ বলা হইয়াছে অর্থাৎ যাহা চলে। জল তরল অবস্থায় নিশ্চল, তম বা ঘনীভূত অবস্থায় তাহা পাষাণ দদৃশ কঠিন শিলা বা প্রস্তর। আবার তাহাই বাপাকারে চলচ্ছক্তিসম্পন্ন। এখন সেই পূর্ব্বোক্ত ব্যক্তি यमि जाघाठ প্রাপ্ত হইয়া প্রতিহিংসার বশবর্তী না হইয়া প্রত্যাঘাতের পরিবর্ত্তে ক্ষমা করে, তাহা হইলে তাহার প্রকৃতি

সত্ত্রণান্বিত. কেননা তাহাকে সংলোক বলা হয়। আবার সে যদি সেই আঘাতকারীকে হত্যা করিয়া প্রতিশোধ লয় তাহা হইলে তাহাকে অত্যন্ত তমোগুণান্বিত বলা হয়। তাহার কি পাযাণ হদয় ! পাষাণ হদয় না হইলে একটা জীব কারণ বা বিনা কারণে হত্যা করা যায় না। আক্রমণকারী ব্যান্তকে হত্যা করা তমোগুণ নহে. কিন্তু ভয়ে পলায়িত বা শাবককে স্বস্তাননে রত ব্যাঘ্র হত্য। করা পাষাণ হৃদয়ের পরিচয়। পাষাণ বা প্রস্তারের রং কাল, আর তম অর্থেও অন্ধকার বা কাল। তাই যে গুণে লোক পাষাণ হৃদ্য হয়, তাহাকেই তমোগুণ বলা হয়। যাহার অতিনিদ্রার স্বভাব, সম্পূর্ণ নিজ্ঞিয় হইয়া যে কেবল নিদ্রাই উপভোগ করে, তাহাকেও তমোগুণান্বিত বলে। পাষাণে আঘাত করিলে যেমন তাহা সহজেঁ ভগ্ন করা যায় না. তেমনি অতি নিদ্রাগ্রন্থ লোককে জাগরিত করা গুরুহ। লোকটা পাহাড়ের মত ঘুমুচ্ছে বলা হয়। তাহা হইলে দেখা গেল এই গুণগুলি যেমন লোকের প্রকৃতি অর্থাৎ প্র-সম্যক প্রকারে কুতি বা কার্য্য-করণ উদ্রিক্ত করে, এবং তাহাদের স্বভাব প্রকাশ করে, তেমনি স্টির মূল উপাদান রূপ পদার্থকে এই গুণগুলিই উদ্রিক্ত করিয়া তাহার কার্য্যকরণ প্রকাশ করে। তাই সেই মূল উপাদানকেই প্রকৃতি নামে অভিহিত করা হইয়াছে। সেই মূল সন্থাটীই প্রকৃতি। শুধু উপাদান দারা কোনও পদার্থ নির্দ্মিত হইতে পারে না। তাহাকে বিবিধর্মপে পরিবর্ত্তিত করিতে হইলে একটা শক্তিরূপ কারণের প্রয়োজন। সেই শক্তিই হইল পুরুষের চিৎশক্তি। এই চিৎশক্তি দারা যেন চেতিত হইয়াই প্রকৃতি কার্য্য করে।

আমরা এক্ষণে ব্ঝিতে পারিলাম এই মঞ্ছ্যাটী তাহারা অষ্টচক্রসহ যেন অষ্ট্রধা প্রকৃতি, আর তাহার মধ্যস্থলে স্থিতধস্থটী তাহার মেরুদণ্ড ও তৎসহ সংশ্লিষ্ট গুণ তাহার সাম্যাবস্থ একত্রীভূত গুণত্রয়। পুরুষ সেই প্রকৃতির ধন্ততে শক্তিপ্রদান করিয়া তাহাকে কার্য্যকরী করিয়া থাকে। বাল্মীকি বলিলেন,

> পশ্যতাং নুসহস্রাণাং বহুনাং রঘুনন্দনঃ। আরোপয়ং স ধর্মাত্মা সলীল মিব তদ্ধসুঃ॥ আরোপয়িতা মৌকীঞ্চ পুরয়ামাস তদ্ধসুঃ। তদ্বভঞ্জ ধন্ধুর্মিধ্য নরপ্রেক্ষাে মহাযশাঃ॥"

<u>সেই ধর্মাত্রা অর্থাৎ সাধন দারা তাহার ফলরূপ আত্রাধারণকারী</u> (আত্মদর্শী) রাম যেন তাঁহার দেহস্থ পুরুষের লীলার ন্যায়ই, সেই ধহুতে জ্ঞা রোপণ করতঃ তাহাকে পূর্ণভাবে আকর্ষণ করিয়া শুধু ট্রারই দিলেন না, তাহাকে ভাঙ্গিয়া ফেলিলেন। অর্থাৎ রাম সেই প্রকৃতির ধন্নতেই যেন গুণ সংযোগ করিয়া সেই গুণকে টানিয়া তাহাকে উত্তক্ত করিলেন: পরে তাহাকে ট্রম্বার দিয়া তাহাতে যেন তাঁহার চিৎশক্তি প্রদান করিয়াই তাহাকে কার্যাকরণোনুখী করিলেন, এবং তাহার কার্য্যে নিজে অভিভূত না হইয়া, তাহার মেরুদগুরূপ ধমুর্ভঙ্গ করতঃ তাহাকে আবার নিষ্ক্রিয় করিয়া, একাকীই রহিলেন। রাম, ২৫ তত্ত্বের পরিণারে উৎপন্ন এই দেহরূপ প্রকৃতিতে স্থিত তাঁহার নিজদেহের—ধল্পরূপ মেরুদতে, যোগস্থিত হইয়া, চিত্তের একাগ্রতা সাধন করতঃ, সেই দেহের মেরুদণ্ড রূপধত্ব ভাঙ্গিয়া, দেহরূপ প্রকৃতির কার্যা হরণ করিয়া অর্থাৎ দেহজ্ঞানশুভ হইয়া, সেই মেরুদুপ্রের মধ্যস্থিত আত্মহাদি জ্যোতিতে চিত্ত লয় করিলেন এবং নিজেকেই সেই পুরুষরূপে উপলব্ধি করিলেন-প্রকৃতিকে যেন পরিত্যাগ করিয়াই, তাহার বন্ধন মোচন করিয়া, কেবল বা স্বাধীন হইলেন। এই ধন্ম বে তাঁহার দেহস্থিত ধন্ম তাহা আমরা পর্কো দেখাইয়াছি। তিনি দিলীলমিব' যেন লীলা করিবার মতই সাধন করিলেন। পুরুষ লীলা করিবার ইচ্ছাতেই এই প্রকৃতিকে চিংশক্তি ছারা ক্রিয়াশীল করিয়া, এই স্প্টিরূপ লীলা থেলা কিছুক্ষণ করেন; আবার সেই ক্রিয়াতেই কিছুকাল মোহাচ্ছন্ন থাকিয়া, তাঁহার মোহ অপনীত হইলে, সেই লীলা থেলা ভাঙ্গিয়া, স্বরূপে যাইয়া পুনরায় একাকীই বিভ্যমান থাকেন— যেমন শিশু একটা মুক্তিকা পিণ্ড হইতে পুত্ল নির্মাণ করিয়া, সেই পুতুলের বিবাহ দিয়া, তাহাদের মিলন স্থে স্থুখী এবং বিচ্ছেদে, মোহাক্ত্রনশতঃ স্থুখ ছংখ কিছুকালের জন্ম অনুভব করে, আবার ভাহারই যথন নিজ গুহের কথা শ্বরণ হয়, তথন সেই থেলা অলীক মনে করিয়া তাহা ভাঙ্গিয়া চুড়িয়া গুহে যাইয়া শান্তি প্রাপ্ত হয়। বাল্লীকি এই ধন্তুর দৃষ্টান্তেই রামের আত্মদর্শন প্রণাণী বর্ণনা করিলেন। এই স্থান্টিরূপ লীলা পুরুষ নিজ ইচ্ছাতেই করেন। তাই উপনিষদের শ্ব্যবিলতেছেন, "দ ক্রন্ধত," "দ অকাময়ত" "একাহ হং বহু স্থাম্।"

আর বৈদিক ঋষি বলিলেন তাঁহার উগ্র তপস্থার ফলে সঙ্করের উৎপত্তি হইতে স্থান্ধির উদ্ভব। পুরাণও তাহাই অন্থসরণ করিয়া তাহার শিবরূপ পুরুষ ও পার্ববতী রূপ প্রকৃতির মিলনে এক বৃহৎ উপাখ্যানের স্থান্ধি করিয়াছে। যথন পার্ববতী বেশ-ভ্যায় বিভ্ষিত হইয়া মদন ও বদন্ত সহকারে শিবের যোগভঙ্গ করিয়া তাহার দহিত মিলিত হইতে যাইলেন তখন তিনি (শিব) নিজ তেজে, তাহার লীলা করিবার অনিচ্ছা বশতঃই মদন ভত্ম করিলেন। আবার দেই পার্ববতীই যথন যোগিনী হইয়া তপস্থা করিলেন তখন তাহার দহিত মিলিত হইলেন। এ মিলন তাহাদের দেই পূর্ববিস্থায় নিজ্ঞিয় অবস্থার মিলন। যথন তুইজনই মূল ও অনাদি বশতঃ এক জাতীয় অবস্থা হইলেন তখনই উাহাদের মিলন হইল। এ মিলন সেই অনাদি অবস্থার মিলন না

হইলে পার্কতীর গর্ভে সস্তান উৎপদ্ধ হইত। কুমার পার্কতীর গর্ভ সম্ভূত নহে। এ মিলন তাঁহাদের স্বাভাবিক মিলন—যে অবস্থায় তাঁহারা উভয়ে স্বয়্রভূ হইয়া প্রকৃতি ও পুরুষ রূপে অনাদিকাল হইতে মিলিত ছিলেন। হিমালয় রূপ অচল মৃতবং হিম বা শীতল, নিজ্ঞিয় অসীম পরব্রহ্ম হইতে, একদিকে কৈলাদে, (হিমালয়ের শৃঙ্গকে—জলে, লসতি যাহা বিভাসিত হয়—উজ্জল স্বচ্ছ মিলি। শিবরূপ শুভ্র জ্যোতির্ময় পুরুষ, অক্সদিকে হিরণ্যগর্ভা, হিরণ্য বা হেমবর্ণা উমা প্রকৃতি রূপে, যেন তাহার (পরব্রেশ্বর বা হিমালয়ের) কল্যারূপে—(যাহারা উভয়েই এক স্থানেই হিমালয়েই অনাদিকাল হইতে বিল্পমান ছিল)—যেন সেথান হইতেই পৃথকীভূত হইয়া উথিত হইল। আবার তাহারা সেই একজানে হিমালয় গৃহহেই মিলিত হইল। কৈলাস হিমালয়েরই একটা শিথর। হিমালয় গৃহহেই মিলিত হইল। জলও শিলাকারে হিম এবং অচল, আবার পর্কতে ও অচল। ছই অচল একস্থানে মিলিয়া হিমালয় পর্কত।

বাল্মীকিও ইহা পুরুষের লীলাইব লীলার ন্থায়ই বলিয়াছেন। রাম ইতঃপূর্ব্বে যোগের অঙ্গীভূত সমস্ত সাধন করিয়া, নিজকে প্রকৃতির মোহজনিত সমস্ত কামনা প্রলোভনাদি আকর্ষণ হইতে মুক্ত করিতে সামর্থ্য লাভ করিয়াছিলেন। এখন সেই প্রকৃতির মেরুদণ্ড ভঙ্গ করিয়া যেন তাহাকেই ভঙ্গ করিয়া, তাহার বেষ্টনি বা বন্ধন হইতা কিরুপে মুক্ত হইলেন তাহা ঐ ধন্ম ইন্ধন্ধ দৃষ্টাস্তে দেখান হইয়াছে। আর সেধস্থ যে তাঁহার দেহস্থিত ধন্ম তাহা পূর্বেই দেখান হইয়াছে। যে দেহস্থিত পুরুষ, প্রকৃতির ধন্ম ভঙ্গ করিতে পারে, সেই পুরুষ বা আত্মাই পরমাত্মস্বরূপ প্রাপ্ত হয়। রামও, দেহরূপ প্রকৃতির ধন্মতে দেহস্থ পুরুষের সীতারূপ জ্যোতি যথন দর্শন করিলেন, তথন তাঁহার

দেহরূপ প্রকৃতি (দেহ প্রকৃতিরই সমস্ত উপাদানে নির্দ্মিত তাই প্রকৃতিরই প্রতিকৃতি) অন্তর্হিত হইয়া সেই জ্যোতিই কেবল বিল্লমান রহিল। স্বতরাং সেই জ্যোতি যেন তাঁহারই জ্যোতি রূপে প্রকাশিত হইল, কেননা তথন তাঁহার দেহাত্মকজ্ঞান তিরোহিত হইয়াছিল: অর্থাং তিনি সেই জ্যোতি প্রকাশক প্রক্ষরপেই পরিণত হইলেন-তিনি আত্মস্তরপ প্রাপ্ত হইলেন। তাই এই মঞ্জ্যাটি, দেহরপ প্রকৃতিতে তাহার মেরুদগুরুপ ধন্ম ও সেই দেহরূপ পুরে শায়িত পুরুষ বা আত্মারই.—প্রতিকৃতি রূপে বর্ণিত হইয়াছে। এই জ্যোতি যাহা হদয়প্রদেশে স্বপ্রকাশিত হয়, তাহা একবার স্থির হইয়া ক্রমে বন্ধিত হইলে, তথন দেহের কোন আকৃতি ইত্যাদির অন্তিত্ব থাকে না, আর তাহা দেহকে অন্তহিত করিয়া ক্রমে বিস্তৃতি লাভ করিয়া বিরাট্য প্রাপ্ত হয়, তথন যেন সমস্ত বিশ্বটাই ঐ জ্যোতিতে লয় হইয়া যায়—ইহাই যোগীর বিরাটরূপে আত্মোপল্রি। কিন্তু রামের এরপ অবস্থাপ্রাপ্তি তথনও সিদ্ধ হয় নাই। এই জ্যোতি একদিকে স্বপ্রকাশ অবস্থায় বিভ্যমান থাকা সত্ত্বেও মন অভ বিষয়চিন্তায় ক্ষণে ক্ষণে নিমগ্ন হয়, সেই সময়টা জ্যোতিটাও ক্ষীণভাবে দৃশ্য হয়। তথন বৃদ্ধিই মনকে ফিরাইয়া ঐ জ্যোতির দিকেই লইয়া যাইতে চেষ্টা করে। স্বতরাং মন জ্যোতিতে লয় হইলেও, বৃদ্ধির অন্তিত্ব তথনও থাকে। এইরূপ অবস্থায় এক স্থানেই স্বপ্রকাশিত জ্যোতিরূপে. আত্মার ও বুদ্ধিরূপে প্রথমবিকারপ্রাপ্ত প্রকৃতি উভয়েই বিজমান থাকিয়া, পৃথক ভাবেই থাকে। সাংখ্যাযোগে এই পর্যান্তই মন্তুয়ের অহুভৃতি হয়। ইহার পরে জ্যোতি ও বৃদ্ধি উভয়েরই সন্থালোপে যে অবস্থা হয় তাহা এই গ্রন্থেরই শেষে আছে।

এই প্রকৃতির স্বরূপ দেখাইবার জন্ম বাল্মীকি এই অষ্টচক্রা

মঞ্জ্যার অবতারণা করিয়াছেন। এই প্রকৃতি অতি মহং। তাহার বৃহত্ব দেখাইবার জন্মই এই অতি দীর্ঘ মহাবলশালী পঞ্চাশ শত বা পঞ্চ সহস্রলোক কর্ত্তক যে ইহা বাহিত হইয়াছিল, তাহাই দেখান হইয়াছে। এই মঞ্জ্যার এক এক পার্শ্বে চুইদিকে সমান চুইভাগে পঁচিশ শত লোক ছিল। প্রকৃতির স্থল বিকারগুলি সবই পঞ্চ-সংখ্যক-পঞ্চ জ্ঞানে শ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র ও পঞ্চ মহাভত। তাই এই পাঁচেরই গুণবৃদ্ধিতে ২৫ পাঁচিশ দেখাইবার জন্ম তাহারও দিওণ পঞাশত শব্দ দিয়াছেন। ইহা ভিন্ন অভা সংখ্যা যাহার **দিভাগ হয় তাহাই বা দিলেন না কেন অথবা পঞ্সহস্র দিলেন** না কেন ? তাহার কারণ আমরা দেখাইতেছি পঞ্চিংশ দিলে শ্লোকটা এইরূপ হইত "নুণাংশতানি পঞ্বিংশ ব্যায়তানাং মহাঅনাম।" এইরূপ হইলে অকর বৃদ্ধি হওয়াতে ছন্দভন্গ হইত। কাজেই "নৃণাংশতানি পঞ্চাশল্বায়তানাং মহাজ্বনাম।" আর প্রকৃতই যদি দেই ধরু সহ মঙ্ধা, তুই শ্রেণীতে ২৫০০ শত লোক দারা বাহিত হইয়া থাকিত, তাহা হইলে সেই ধন্তর দৈর্ঘা কত বড হয় তাহাও অনুমান করা ঘাইতে পারে। এই ২৫০০ লোক যদি এক হস্ত পরিমিত দুরেও দণ্ডায়মান হয় তাহা হইলে তাহার। ২৫০০ হন্ত অর্থাং প্রায় অন্ধক্রোশ ব্যাপিয়া ছিল। স্থতরাং এই অন্ধিকোশ দীর্ঘধন্ন উত্তোলন বা তাহাতে টন্ধার দেওয়া মনুষ্য রামের পক্ষে কিরূপ সম্ভব, তাহা ধীর ও স্থির মন্তিফ বিশিষ্ট সকলেই অনুমান করিতে পারেন। ইহা এক বিষ্ণু অবতার রামের বিরাট বিষ্ণুর কায়া পরিগ্রহেই হইতে পারে। কিন্তু এথানে বাল্মীকি. প্রম নন্দ্র হনুমানের প্রতাকার গ্রহণের ভাষ্য, রামেরও সেইরূপ বিরাটাকার ধারণের কথার উল্লেখ করেন নাই। রাম যদি মহুয়া-রূপে আত্ম বিশ্বত বিষ্ণুই হন তাহা হইলে এখানেও তিনি আত্মবিশ্বত মানবই ছিলেন। কেননা লহায় সীতার অগ্নিপরীক্ষার সময়, রাম বলিয়াই জানেন এবং তাঁহার আর কোন দিতীয় দক্ষা আছে তাহা তিনি জানেন না। তথন ব্রহ্মাই তাঁহাকে বলিয়াছিলেন তিনি বিষ্ণুই, মহয়ারপে অবতীর্ণ ইইয়াছেন। স্থতরাং তংকাল পর্যন্ত তিনি যে সকল কার্য্য করিয়াছেন তাহা মহয় সাধ্য শক্তিতে করাই প্রতিপন্ন হয়। কেবল এই রূপই যদি তাঁহার বর্ণনার উদ্দেশ্য ইইত তাহা ইইলে "নৃণাং সহম্রাণি পঞ্চব্যায়তানাং মহাত্মনাং।" এইরূপ বলিলে ছলভঙ্গ ইইত না আর তাঁহার প্রথামত লোকেও ব্রিত ইহা পাচজন লোকই। পাঁচজন লোক সেই লোহচক্র সমন্বিত মঞ্বার ছইদিকে চারিজন আর মধান্থলে একজন তাহা মন্তকে বহন করিয়া আনিয়াছিল। পঞ্চাশং শতর অর্থন্ত পঞ্চমহন্ত। কিন্তু তংপরিবর্ত্তে তাঁহার 'নৃণাং শতানি পঞ্চাশান্তানাম্' বলাতে উপরোল্লিখিত সেই পঞ্চবিংশ তত্ত্রপ মর্ম্ম ভিন্ন আর ইহার অন্য কি মর্ম হইতে পারে তাহা আমাদের বোধের অগ্ন্য। বিচার ও যুক্তিভারা এই ধন্তক্ষের ছুই অর্থ হয়:—

(২) তাৎকালিক মহন্ত যত দীর্ঘই হউন, রাম, তাঁহার নিজ হত্তের সাদ্ধিত্রিহন্ত পরিমিত ছিলেন। স্থতরাং সেই ধহুও তাৎকালিক মহন্ত সাধারণের ব্যবহারোপযোগী অপেক্ষা বেশী দীর্ঘ ছিল, তাই সাধারণ ক্ষমতাশালী লোকে তাহাতে টকার দিতে পারে নাই। রাম সাধারণ রাজাদের অপেক্ষা রুহৎকায়, আজামুল্ছিত বাহু ও অমিত-শক্তিশালী ছিলেন। কিন্ত সেই সময়ে যে, অতি রুহৎকায় মহুন্ত ছিল, তাহার প্রমাণ স্বরূপ কোন ক্রমপ্রতর—অবহাপ্রাপ্ত ককাল এ পর্যান্ত আবিদ্ধৃত হয় নাই, যদিও প্রায়ুত্তবিদেরা অনেক বৃহৎকায় জন্তুর ককালাদির নিদর্শন পাইয়াছেন। স্থতরাং মহন্ত রামই এই

অতিমহয়ত দেবরাতের ব্যবহৃত ধহুতে টন্ধার দিয়া সেই দেবরাতেরই ক্যায় তাঁহার বীর্যবভা দেখাইলেন।

(২) এক মন্থ্যই যে সাধনাবলে প্রকৃতি পুক্ষের ভেদ ব্রিতে পারিয়া, প্রকৃতিকে নিজ্ঞিয় করিয়া, আত্মজ্যোতি দর্শনে নিজ পুক্ষ জ্ঞান বা আত্মজ্ঞান লাভ করিতে পারে এবং দেবতা গদ্ধর্কেরা এবং সাধারণ মন্থ্য তাহা পারে না, তাহাও ইহা দ্বারা প্রদর্শিত হইল। দেবতা, গদ্ধর্কেরা কাল্পনিক স্পষ্ট। এই তুইরূপ অর্থের মধ্যে প্রথমটা বিদ্বান্ বিচারশক্তিসম্পন্ন লোকের, এবং দ্বিতীয়টা বিবেকী সাধকের পক্ষে গ্রহণোপ্যোগী করিয়া তাঁহার ভঙ্গিমাম্য রচনাতে বর্ণন করিয়াছেন। আর সাধারণ সরল অদ্ধবিখাসী লোকের পক্ষেতিনি, রামের বিষ্ণু অবতার প্রতিষ্ঠার জন্ম, শ্রুতিমধুর বর্ণনারও ক্রটি করেন নাই।

তাই এই ধহু মহাদেব দক্ষয়জ্ঞ ধ্বংসের* পর দেবতাদিগকে প্রদান করিলে, তাঁহারা আবার তাহা দেবরাতকে দিলেন। এই অসামায় অভূত ধহু প্রায় অর্দ্ধকোশ পরিমিতস্থানবাাপী। এই ধহুতে দেবতা, গন্ধর্ব, রাক্ষ্য প্রভৃতি কেহই জ্যারোপণ করিতে পারে না, মহুয় তো নগণ্য। এই ধহুর টক্ষারে, সভাস্থ সহস্র সহস্র লোক মুর্দ্ধাপ্রাপ্ত হইয়াছিল ইত্যাদি। স্বতরাং মহাদেব কর্ত্বক ব্যবহৃত ধহু এক তাঁহারই সমকক্ষ দেবতা বিষ্ণু ভিন্ন আর কে ব্যবহার করিতে সমর্থ হইবেন ? তাই রাম যথন এই ধহু শুধু ব্যবহারই নয় তাহা ভাঙ্গিয়াও ফেলিলেন তথন তিনি বিষ্ণু না হইয়াই যান না।

^{*} এই দক্ষযত্ত সম্বন্ধে আমি কগ্বেদ, মহাভারত ও শ্রীমন্তাগবতে বর্ণিত বিবরণের আলোচনা করিয়া প্রবন্ধ লিখিয়াছি, ভবিয়তে প্রকাশ করিবায় ইচ্ছা আছে ।

রাজর্ষি জনক সাংখ্যযোগদিজ সাধক ছিলেন। তিনি বিশ্বামিত্রের সাধনার ও তপস্তার ফলে তাঁহার কিরপে উরতি হইয়াছিল, তাহা দেই সভাতে শতানন্দ মুনির মুথে বিশ্বামিত্রের যোগৈশ্ব্য লাভ ও বিভূতি প্রদর্শনের কথাই বলিয়াছিলেন। তাই জনক যথন ব্ঝিলেন যে বিশ্বামিত্রের ন্তায় ঋষিরাও আত্মদর্শন করিতে সমর্থ হন নাই, এবং ইহা তাঁহাদের বংশের রাজ্যিদেরই উপলব্ধির বিষয় ছিল, তথন যেন একটু গর্কের সহিতই বলিলেন-যে অন্ত কোন মহন্তা এই কার্য্য করিতে সমর্থ হয় নাই। আর তথন তিনি তাঁহারই স্ববংশীয় ইক্লুক্লসম্ভূত স্ক্র্মারমতি ব্রক্ষচ্ব্যবলম্ভিত দশর্থনন্দন রামকে সেই সাংখ্যোগের উপদেশ দিলেন।

ষ্ট পরিচ্ছেদ

রাম-পরশুরাম-দৃদ্

মিথিলাপুরীতে চারিপুত্রের বিবাহ ক্রিয়া সম্পন্ন করিয়া রাজা দশর্থ যথন অযোধ্যায় প্রত্যাগমন করিতেছেন, তথন ক্ষত্রিয়ান্তকারী, জটামগুলধারী, ভয়ন্ধরাকার ভার্গব জামদগ্য পরশুরাম, স্বন্ধে পরশু এবং হত্তে বিচাংপুঞ্জসমপ্রভঃ ধরু ও একটা ভীষণ শর ধারণ করিয়া. তাঁহাদের পথরোধ করিলেন। তাঁহাকে দেখিয়া রাজা অতিশয় ভীত হইলেন এবং বশিষ্ঠাদি ঋষি তাঁহাকে অর্ঘ্য প্রদান করিলেন। তথন পরশুরাম রামকে কহিলেন "বীর দশর্থনন্দন রাম! ভোমার অভুত বীর্যোর কথা এবং ধতুর্ভঙ্গের কথা আমি শুনিয়াছি। দেইরূপে দেই ধকুর্ভঙ্গ করা অন্তত ও অচিন্তা ব্যাপারও, স্থতরাং আমি তাহা শুনিয়া আর একটা ধরু লইয়া এখানে আসিয়াছি। তুমি এই মদীয় পিতা জমদগ্লির নিকট লব্ধ ভীষণাকার মহাধন্থ আকর্ষণপূর্বক ইহাতে শর সংযোগ করিয়া স্বীয় বল প্রদর্শন করাও। তুমি এই ধন্তু আকর্ষণ করিতে পারিলে, আমি তোমার বল জ্ঞাত হইয়া, তোমার সহিত বীর্গণের প্রশংসনীয় দ্দ-যুদ্ধে প্রবৃত্ত হইব। তথন রাজা দশর্থ তাঁহাকে অনেক কাকুতি মিনতি করিলেও, পুনরায় তিনি রামকে বলিলেন:-"বিশ্বকর্মা, প্রয়ত্ম সহকারে সর্বলোকাভিপজিত, শক্রদমন সামর্থা-সমন্বিত দৃঢ় উৎকৃষ্ট হুইটী দিবা ধরু নির্মাণ করেন। স্তব্যণ তন্মধ্যে একটা ধহু ত্রিপুর নিধনার্থ যুদ্ধোগুত ত্রাম্বক মহাদেবকে

দিয়াছিলেন। সেই ধমু, যাহা ত্রিপুর বধ করিয়াছিল, তাহা তুমি ভগ্ন করিয়াছ। এই চুর্দ্ধর্ব বৈষণৰ ধন্ম তাঁহারা বিষ্ণুকে দিয়াছিলেন। এই বৈষ্ণব ধকু পরপুর বিজয়ী এবং শৈব ধকুর তুল্যই সারবং। দেবতারা তথ্ন মহাদেব ও বিষ্ণুর বলাবলের সম্বন্ধে ব্রন্ধাকে জিজ্ঞাসা করেন। ব্রহ্মা তথন তাঁহাদের উভয়ের মধ্যে বিরোধ ঘটাইয়া দেন। তাঁহাদের বিরোধ উপস্থিত হইলে, তাঁহারা পরস্পরকে পরাজয়ের জন্ম রোমহর্ষণ মহাযুদ্ধ করেন। তথন বিফুর হঙ্কারে মহাদেব শুরু হইয়া পড়েন, এবং তাঁহার সেই ভীম পরাক্রম ধনুটীও শিথিল হইয়া যায়। পরে দেবতারা ঋষিগণের সহিত যাইয়া সেই তুই স্করোত্তমকে প্রার্থনা করিয়া শান্ত করেন, এবং বিষ্ণুর পরাক্রমে সেই শৈব ধন্ত স্থালিত হইতে দেখিয়া বিফুকে সমধিক বলবান বোধ করেন। মহাদেব এইরূপে প্রদল্ল হইয়া বাণের সহিত দেই ধন্ন, বৈদেহ রাজর্ষি দেবরাতের হত্তে সমর্পণ করেন এবং বিষ্ণুও সেই বৈষণ্ বধু ন্থাস স্বরূপ ভার্গব ঋচিককে দেন। ঋচিক সেই ধরু স্বীয় পুত্র জমদগ্লিকে দেন। ইহাই দেই বৈষ্ণব ধরু। দেই জমদগ্নি আমার পিতা। আমার পিতা শস্ত্র পরিত্যাগ করিয়া অনবরত তপস্থানিরত থাকেন। একদা কার্ত্তবীষ্য অর্জ্জন নীচবুদ্ধি অবলম্বন করিয়া তাঁহাকে বধ করে। আমি সেই অসকত পিতৃবধ শ্রবণে তাহার প্রতিশোধ লইতে অনেকবার ক্ষত্রিয়জাতি উৎসন্ন করিয়াছি: এমন কি, সভোজাত ও গর্ভস্থ শিশু পর্য্যন্ত বধ করিয়াছি। এইরূপে আমি সমগ্র ভূমগুল অধিকার করিয়াছিলাম। তৎপরে যজ্ঞ করিয়া ক্রাপকে সমগ্র পৃথিবী দক্ষিণা স্বরূপ প্রদানকরত: মাহেন্দ্র পর্বতে তপোবল সমন্বিত হইয়া বাস করিতেছি। তুমি সেই হরধত্রভঙ্গ করিয়াছ শুনিয়া ক্রতপদে এথানে আসিয়াছি। ক্লাত্রধর্ম অন্থ্লারে তুমি এই বৈষ্ণব

খিয় গ্রহণ করিয়া ইহাতে এই পরপুর-বিনাশ-সমর্থ বাণ যোজনা কর। যদি তাহা করিতে পার, আমি তোমার সহিত হন্দযুদ্ধ করিব।"

ইহা শুনিয়া রাম তাঁহাকে কহিলেন "তুমি পিতার নিকট অঋণী হইবার জন্ত যে কাজ করিয়াছ তাহা শুনিয়াছি। আমাকে যে হীনবীর্ঘা ক্ষাত্রধর্ম-অসক্ত মনে করিতেছ তাহা অসহ। এক্ষণে তুমি আমার তেজ ও পরাক্রম দেখ।" রাম, তথন পরভারামের হস্ত হইতে. সেই বৈষ্ণব ধন্ন ও শর অল্প বলেই গ্রহণ করিয়া, তাহাতে জ্যারোপণ পর্ব্বক শর সন্ধান করতঃ সক্রোধে জামদগ্লা রামকে কহিলেন—রাম। একে তো তুমি বান্ধণ, তাহে আমার গুরু বিশ্বামিত্রের ভগিনীর পৌত্র, স্নতরাং আমার পজনীয়, এজন্ম তোমার প্রাণবিনাশকর শর ত্যাগ করিতে পারিলাম না: সেইজন্ম তোমার গতিশক্তি কিম্বা তোমার স্বকর্মাজ্জিত লোক সকল বিনাশ করি, কেননা এই প্রপুর বিজয়ীশ্র ক্থন্ত বার্থ হয় না।" তথন রাম পরভরামের তেজ হরণ করিয়া তাঁহাকে জডের ন্থায় পরিণত করিলেন। তথন পরশুরাম কহিলেন, "আমি কশুপকে পৃথিবী দান করতঃ, আমার প্রতিজ্ঞা রক্ষার্থ পৃথিবীতে রাত্রি যাপন করি না। আমাকে দ্রুত সেই মাহেন্দ্র পর্বতে যাইতে হইবে; স্বতরাং আপনি আমার বল হরণ না করিয়া আমার তপস্থালর ফল হরণ করুন। অতএব আপনি ঐ শর ত্যাগ করুন।" রাম তাহাই করিলেন। তখন তিনিও রামকে প্রদক্ষিণপূর্বক বলিলেন, "আপনিই স্বয়ং বিষ্ণু তাহা বৃঝিয়াছি"; এবং ক্রত প্রস্থান করিলেন।

এই উপাখ্যানে আমরা প্রথম দৃষ্টিতে দেখিতে পাইলাম, বাল্মীকি রামের বিষ্ণুহই প্রতিষ্ঠিত করিলেন। কিন্তু বিষ্ণুর দশ অবতারের মধ্যে পরশুরামও এক অবতার এরূপ পুরাণে কথিত আছে। একই সময়ে তুই অবতারের আবিতাব সম্ভব হইলেও, তাঁহারা উভরেই যখন

করিয়াছিলেন, যাহা বিষ্ণু ছাড়া আর কেহ ব্যবহার করিতে পারিত না। কিন্তু

"ইমে দ্বে ধন্থবী শ্রেষ্ঠে দিব্যে লোকাভিপূজিতে।
দৃঢ়ে বলবতী মুখ্যে স্ককতে বিশ্বকর্মণা॥
অন্নস্টং স্থবৈরেকং ত্রান্তকায় যুষ্ৎসবে।…
ইদং দ্বিতীয়ং দুর্দ্ধবং বিষ্ণোর্দত্তং স্থবোত্তমৈঃ॥

বিশ্বকর্মা তইটা ধতু নির্মাণ করিয়া একটা ত্রাম্বককে দিয়াছিলেন যাহা রাম ভঙ্গ করিলেন, আর এই ধরু বিফুকে দিয়াছিলেন। তাহা হইলে বিফর ধনু শৃঙ্গ নির্মিত আর শৈব ধনু বংশ নির্মিত। স্বতরাং ব্রাহ্মণ ঋচিকের বৈষ্ণব ধন্ম শৃঙ্গ নিশ্মিত আর ক্ষত্রিয় দেবরাতের শৈবধন্ম বংশ নিশ্বিত। বাঁশের তিন গাঁইট, পাঁচ গাঁইট বা সাত গাঁইটে নিশ্বিত একটা ধন্দুদণ্ড ২৪ আন্থল হস্তের ৪ হাত পরিমাণ দীর্ঘ হইত। আর ছইটী শঙ্ক জোডা দিয়া একটী শাঙ্ক ধিমু নির্মিত হইত। আর্য্যাবর্ত্তের উত্তর পশ্চিম প্রদেশে যেথানে ভার্গব ঋচিক ও বিশ্বামিত্র বাদ করিতেন সেথানে বৃহৎ বংশ জন্মে না বলিয়া তাঁহারা মহিষের শৃক্ষ ঘারা ধতু নির্মাণ করিতেন। আর সেই আর্যাবর্ত্তের পূর্ব্ব দক্ষিণ প্রান্তে স্থিত মিথিলা নগরী তথন অপেক্ষাকৃত সমূদ্রের নিকটবর্ত্তী থাকাতে, সমূদ্রতীরস্থ বৃহৎ বংশ তথায় অপ্রতুল ছিল না। পূর্বের ব্রাহ্মণেরা অস্ত্র ব্যবহার করিতেন না, তাঁহারা নিজেদের এবং ক্ষতিয়দের যাগ্যজ্ঞ লইয়াই বাস্ক থাকিতেন, আর তাঁহাদের রক্ষণাদি কার্য্য ক্ষত্রিয়েরাই করিতেন। ঋচিকের সময় হইতে ক্ষত্রিয়েরা বাহ্মণদের উপর অত্যাচার করাতে এই ঋচিক ব্রাহ্মণই প্রথমে এই শার্ক ধয়ু আবিষ্কার করেন বা ব্যবহার করেন। আর তাঁহার পুত্র জমদগ্নি পিতার নিকট তাহা শিথিয়া নিজ পুত্র পরশুরামকে সেই ধফু দিয়াছিলেন।

পরশুরামের প্রধান অন্ত ছিল কুঠার। তিনি নিজেও দীর্ঘকায়, মহাবলশালী ছিলেন। স্থতরাং তাঁহার এই কুঠারও অতি বৃহৎ ছিল। এই কুঠার দ্বারাই তিনি ক্ষত্রিয় নিধন করিয়াছিলেন। আমরা এখনও যেমন দেখিতে পাই, বৃহৎ লাঠি, হস্তে জ্রুত ও কৌশলে ঘুরাইতে পারিলে, তরবারি, শূল বা অন্তকোন অস্ত্র সেই অস্ত্রধারীর অঙ্গে আঘাত করিতে পারে না, তেমনি পরশুরাম দেই ক্ষত্রিয়দের ধহু নিক্ষিপ্তশরে বিশেষ বাধাপ্রাপ্ত না হওয়াতে এইরূপ ক্ষত্রিয় কুল নির্মান করিতে সমর্থ হইয়াছিলেন। তাংকালিক দেই কুঠারকে এখন টাঙ্গী বলে। তিনি নিজকে. ক্ষত্রিয় সমাজে যতবড়ই বলবান পুরুষ জন্মগ্রহণ করুক না কেন, তাহা অপেকা শ্রেষ্ঠ বলবান মনে করিতেন। তাই এই পৃথিবীতে তাঁহা অপেকা বলবান কেহ নাই মনে করিয়াই যেন পৃথিবী তাঁহার এবং কশ্যপ ব্রাহ্মণের বংশসম্ভূত ব্রাহ্মণদেরই করতলগত মনে করিতেন। ইহাই তাঁহার কশ্রপকে পৃথিবী দানের তাংপর্য। এখন যথন তিনি ভনিলেন পূর্বতন ক্ষত্রিয় বংশ সম্ভূত মহাবলশালী দেবরাতের বৃহৎ বংশ নির্মিত ধফু রাম আয়ত্ত করিয়া ভগ্ন করিয়াছেন, তথন তাঁহার মনে হইল ক্ষত্রিয় রাজবংশে আবার একজন মহাবলশালী পুরুষের আবিতাৰ হইয়াছে, যিনি এত বড় বুহুৎ ধন্ম আয়ত্ত করিবার শক্তি ধরেন। স্থতরাং আবার ক্ষত্রিয় জাতির উত্থানে ব্রাহ্মণ জাতির প্রাধান্ত লোপ হইবার আশ্বায় তিনি এই দশর্থ নন্দনের পরাক্রমের পরীক্ষা লইতে আসিলেন। তাঁহার বিশ্বাস ছিল রাম বংশনির্দ্মিত ধরু আয়ত্ত করিতে পারিলেও এই শার্দ্ধত্ব তদপেক্ষা চুর্নমনীয় হওয়াতে ইহাতে শর যোজনা করিতে সমর্থ হইবে না। ইহা তাঁহাদের বংশীয় দীর্ঘকায় ও মহাবলশালী তাঁহার পিতামহ ঋচিক ও তাঁহারই ব্যবহারো-প্রোগী। বিশ্বামিত্র ঋষি রামকে অনেক চুর্লভ্রমন্ত্র শিক্ষা দিয়াছিলেন।

তিনি ঋচিকের (তাঁহার ভগ্নীপতির) নিকট, তাঁহার যৌবনে রাজ্যকালে এই শার্ক্ধত্ব ব্যবহার করিতে নিশ্চয় শিক্ষা করিয়াছিলেন, কেননা বশিষ্ঠ বলিয়াছিলেন বিশ্বামিত্রের ক্যায় সর্ব্ব অন্তে ও ধফুর্বিতায় পারদর্শী তথন আর্য্যাবর্ত্তে কেইই ছিল না। স্থতরাং রাম তাঁহার নিকটেই এই শাঙ্গধিত ব্যবহার করিতে শিক্ষালাভ করিয়াছিলেন। তাই যথন পরভরাম গর্ব্ব করিয়া তাঁহাকে সেই বৃহৎ শাঙ্ক্ ধহুতে শর যোজনা করিতে বলিলেন তথন তিনি তাহা অনায়াসে সাধন করিয়া পর্ভরামকে দেখাইলেন তিনি কত শক্তি ধরেন। বৃদ্ধ পরগুরাম বছকাল তপস্থানিরত থাকাতে আর সেই ধরু ব্যবহার করেন নাই, তাই বুঝিতে পারিলেন রাম তাঁহা অপেকা অধিক শক্তিধারী। যেন তিনি রামের নিকট হীনবীষ্ট প্রতিপন্ন হইলেন। ইহাই পরশুরামের শক্তিহরণের তাৎপর্য। এই ভৃগুবংশীয় ব্রাহ্মণেরা বিষ্ণু উপাসক ছিলেন। কেননা আমরা ভাগবতে দেখিয়াছি ভৃগুঋষি, মহাদেব শিবের নিন্দা করিয়া, দক্ষযজ্ঞে বিফুকেই যজ্ঞেশ্বর বলিয়া আরাধনা করিয়াছিলেন। স্থতরাং বংশপরম্পরায় এই ভার্গব পরশুরামও বিষ্ণু উপাসক ছিলেন। তিনি পর্বাপুরুষদের মুখে শ্রুত হইয়াছিলেন যে একমাত্র বিষ্ণুই এই শান্ধ-ধন্ধ ব্যবহার করিতেন, এবং এই শাহ্ব থিমু তাঁহার পূর্ববপুরুষ, বিষ্ণুর নিকট হইতেই প্রাপ্ত হইয়াছিলেন। স্বতরাং অন্ত মানবের আয়ত্ত-অসাধ্য এই শাঙ্কধিত যখন রাম আয়ত্ত করিয়াছেন, তখন রামই বিফুর অবতার অথবা বিফুর ন্যায় পরাক্রমশালী। তাই তিনি রামকে বিষ্ণু বলিয়া অভিনন্দন করিয়া প্রস্থান করিলেন।

তথাকথিত ব্যাদদেবরচিত ভাগবতে * বর্ণিত আছে যে—

 ^{*} ভাগবত যে মহর্ষি কৃক্টবেশায়ন রচিত তাহা অনেকেই বিশ্বাস করেন না ৷

ভৃগু ঋষি বিষ্ণু উপাসক ছিলেন এবং তিনি আবার বিষ্ণুর বক্ষে
পদাঘাতও করিয়াছিলেন এরূপ কোনও পুরাণেও উল্লিখিত আছে
"ভৃগুপদলাঞ্চিত বক্ষ" রূপে বিষ্ণুর বর্ণনা আছে। এই বৈদিক ভৃগু
ঋষিই প্রথমে অগ্নিপূজার প্রবর্ত্তক ছিলেন এবং পরে বিষ্ণুরূপ সন্তুণ

ভাহার কারণ আমরা যাহা ব্রিতে পারি ভাহা এইরপ—এই ভাগবত প্রথমে ব্যাসপুত্র শুকদেব ব্রহ্মশাপে মৃত্যভয়ে ভীত রাজা পরীক্ষিতকে শ্রবণ করাইয়াছিলেন। মহাভারতে, প্রীক্ষিতের ব্রহ্মশাপে মৃত্য অপেক্ষায় যে ক্য়দিন অভিবাহিত হইয়াছিল, তাহাতে যে সমস্ত ঘটনা হইয়াছিল, তাহা বাাস প্রামুপুর্রপে বর্ণনা করিয়াছেন,---কিরূপে ছলবেশী তক্ষক, কাশ্যুপ ব্রাহ্মণ যথম মন্ত্রবলে, তাহা দারা দট্ট ও দার্ম বৃক্ষকে পুনজ্জীবিত করিলেন দেখিয়া, তাহার কাধ্য বিফল হইবে মূলে করিয়া, তাহাকে (কাশ্রপকে) ধনরত্ন দানে, রাজসমীপে যাইতে প্রতিনিবৃত্ত করতঃ, সুম্ম্রকীটরপে ফলমধ্যে প্রবেশ করিল এবং সেই ব্রাহ্মণদত ফল ভক্ষণোতত রাজা, তদ্বারা দষ্ট হইয়াছিল, তাহাও বিশদভাবে বণিত আছে। কিন্তু তাঁহাকে সাম্বনাপ্রদানার্থ তাঁহারই পত্র শুকদেব যে তাঁহাকে, (রাজাকে) তাঁহারই রচিত ভাগবত শ্রবণ করাইয়াছিলেন, এত বড একটা প্রয়োজনীয় ঘটনার কোনও উল্লেখ, সেই ব্যাসদেবেরই রচিত মহাভারতের কোন স্থানে দৃষ্ট হয় না ইহা আশ্চয়া নয় কি ? তারপর সর্বাপেকা আপত্তির কারণ হইতেছে শুকদেবের জন্ম ও প্রয়াণ—মাহা ব্যাস ক্রক্ষেত্র যুদ্ধক্ষেত্রে, শ্রশ্যায় শায়িত ভীম্মূথে যুধিন্তিরকে শ্রবণ করাইয়াছেন। তাহাতে মুতাচি অঞ্চরাদর্শনে কামমোহিত ব্রহ্মচারী উর্দ্ধরেতা ব্যাদের বীধ্য তাঁহার হস্তপ্তিত অন্ত্রণিতে পতিত ও তাহার ধর্ষণে ম্থিত হইয়া, কিরূপে রক্তমাংস্থারী জটাজুট-কমওলুধারী শুকের জন্ম হইয়াছিল, এবং দেই শুকই রাজ্যি জনকের নিকট আত্মজ্ঞান প্রাপ্ত হইয়া যোগবলে দেহত্যাগ করিয়া সর্বাগত ও ব্রহ্মপদে লীন হইলে, পুত্রশোকাতুর পিতাকে পিনাকী শঙ্কর প্রবোধ দিয়া বলিয়াছিলেন, তিনি (ব্যাস) ইচ্ছা করিলেই পত্রের ছারা দর্শন করিতে পারিবেন, এইরূপ বিশদ বর্ণনা আছে। স্বতরাং ইহাই প্রশ্ন হয় যে সেই বিদেহ কৈবল্যপ্রাপ্ত শুক কিরূপে প্রায় ৬০ বংসর পরে পরীক্ষিতের সভায় পুনরায় সদেহে আবিভূতি হইয়া, তাঁহাকে ভাগবত প্রবণ করাইয়াছিলেন ?

ব্রম্বের উপলব্ধি করেন—যখন বৈদিক ঋষি, পুরুষ হুক্তে ব্রম্বের বিশ্বরূপে বিবর্ত্তন বর্ণনা করিলেন "সহস্র শীর্ষা পুরুষঃ সহস্রাক্ষ সহস্রপাং। সভূমিং বিশ্বতো বৃত্তাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥" তারপর সেই বৈদিক ঋষিই পরমায়ভূত হইয়া বলিলেন "অহং ক্রেডেবিস্থভিচরাম্যহম্ ইত্যাদি।" আবার আমরা দেখিতে পাই তৈত্তেরীয় উপনিষদে এই ভৃত্তই পিতা বরুণের নিকট জিজ্ঞাসা করিলেন "অধীহিভগবো ব্রম্বেতি।" অর্থাৎ আমাকে ব্রদ্বিত্তা উপদেশ করুন। তথন বরুণ বলিলেন—"যতো বা ইমানি ভৃতানি জারস্তে। যেন জাতানি জীবস্তি। যথ প্রযন্তাভিসংবিশক্তি। তথিজিঞ্জাসম্ব তদ ব্রম্বেতি।"

অর্থ:— বাঁহা হইতে ব্রহ্মা প্রভৃতি সমস্ত ভূতবর্গ উৎপন্ন হয়, উৎপন্ন হইয়া বাঁহা দ্বাবা জীবিত থাকে, এবং বিনাশ সময়েও যাহাতে বিলীন হয়, তাঁহাকে বিশেষরূপে জানিতে ইচ্ছা কর। তাহাই ব্রহ্ম। তথন ভৃগু তপস্থা করিলেন। পুনঃ পুনঃ দশবার তপস্থা করিয়া যথন তাঁহার আগ্রজ্ঞান উপজিত হইল তথন বলিলেন "অহমন্নং। অহমনিদা। অহমন্দি প্রথমজা ঋতা। প্রবং দেবেভাাংমুতস্থানা ভাষি। অহং বিশাং ভূবনমভ্যভ্বাম॥"

অর্থ:—আমিই অন্ন এবং আমি অন্নাদ বা অন্নভোকা। আমিই প্রথমোংপন্ন ফুল ফ্ল্ম জগতের এবং দেবগণেরও পূর্কবর্ত্তী, এবং আমিই অমৃতবের নাভিষরপ অর্থাং অমৃতব নামক মোক্ষ আমাতেই প্রতিষ্ঠিত। আদিত্যের গ্রায় জ্যোতিংম্বরপ আমিই সমন্ত জগদাকারে অভিব্যক্ত আছি। বহুকাল তপস্তা ও সাধনার পর ভৃত্ত ঋষি ব্রহ্মজ্ঞান প্রাপ্ত ইইলেন। এই নিগুণ ব্রহ্মই সন্তণ বিষ্কুরূপে বা বিশ্বরূপে প্রকাশিত। নিগুণ ব্রহ্মের উপলব্ধি হইলে তথন সন্তণ ব্রহ্ম অন্তর্হিত হয়, বা তাহার যেন কোন মুলাই তথন থাকে না। তাই

শাখত: নিগুণ ব্রম্বে প্রবেশ করিয়া ভুগু ঋষি সগুণ ব্রহ্ম বিষ্ণুর বক্ষে যেন পদাঘাত করিয়াই তাহার অসারতা বা নশ্বতা প্রতিপন্ন করিলেন। এখন তাঁহারই বংশীয় পরভ্রাম সেই স্ভূণ বিষ্ণুর फॅलनिक वर्षास्त्र कित्राक वार्तिया जिल्ला । जारे जारात रिकार धरुरे তাঁহার নিকট শ্রেষ্ঠ ছিল। তিনি হরের বা নিগুণ এক্ষের জ্ঞান লাভ করিতে পারেন নাই। প্রথম যৌবনে তিনি রক্ষ: ও তমো গুণাত্মক প্রকৃতির বশীভত হইয়া বছকাল নিষ্ঠর হত্যাকার্য্যের পরাকাষ্ঠার দষ্টান্ত দেখাইয়াছিলেন। তারপর তিনি তাঁহার পাপ-কার্য্যের প্রায়শ্চিত্তের জ্বন্স, ও পরলোকে স্বর্গ বা বৈকুণ্ঠলাভের জ্বন্স তপস্থার্থ মাহেন্দ্রপর্বতে প্রস্থান করিয়া তথায় বাদ, করিতেছিলেন। তিনি তাঁহার উপাস্ত বিঞ্রই তপস্তা করিতেছিলেন। মাহেল্রপর্বত কোন স্থানে স্থিত ছিল, তাহার স্থিরনিশ্চয় করা যায় না। তবে তাহা মিথিলার নিকটবর্ত্তীই ছিল ইহা অমুমান করা ঘাইতে পারে। স্বতরাং সেই মাহেন্দ্রপর্বতে বাসকালে তিনি জনক রাজর্ষিদের বংশীয় দেবরাতের, মহর্ষি কপিলশিয়া পঞ্শিপের নিকট আত্মজান লাভের, প্রতীক হরধম্ব সম্বন্ধীয় কিম্বদন্তীর বিষয় যে অবগত ছিলেন না এমন বোধ হয় না, কেন না বিফউপাদক বিশ্বামিত আর্য্যাবর্তের পশ্চিম দক্ষিণ প্রান্তে স্থিত বিষ্ণুর দিদ্ধাশ্রমে, বিষ্ণুর প্রতি ভক্তিবশতঃই, যথন বাস করিয়া তপস্থা করিতেন, তথন তিনিও এই জনকগৃহে রক্ষিত স্থনাভ ধ্যুর কথা জানিতেন বলিয়াই রামকে তাহা দর্শনার্থ মিথিলাতে লইয়া গিয়াছিলেন। পরশুরামের পূর্ব্বপুরুষ ভৃগু আত্মজ্ঞান লাভ করিলেও বংশপরম্পরায় তাহা, তাহাদের বংশে উপদিষ্ট ও রক্ষিত হয় নাই, কেননা ঋচিক, দেবতাদিগের নিকট ঐ বিষ্ণুর ধছুই প্রাপ্ত হইয়াছিলেন এবং তাহাই স্বত্তে বক্ষা করিয়া উত্তরাধিকারীদিগকে প্রদান

ক্রিয়াছিলেন, অর্থাৎ তাঁহার স্গুণব্রহ্মরূপ বিষ্ণুর জ্ঞানই তাঁহার পরবর্ত্তী ভার্গবর্গণ প্রাপ্ত হইয়াছিল—তাহা পরশুরাম কর্ত্তক উল্লিখিত ঐ শিব ও বিষ্ণুর মধ্যে, দেবগণ কর্ত্তক প্ররোচিত ব্রহ্মা দারা সভ্যটিত ছন্দ্রযন্ত্রের ব্রান্তেই অবগত হওয়া যায়। দেবতাদের মনে সন্দেহ উপস্থিত হয়—ব্রহ্ম সপ্তণ কি নিগুণি, তাই যেন ব্রহ্মাই ব্রহ্মারূপে তাঁহাদের মনের সন্দেহ, উভয়ের এই ছন্দুরূপে দেখাইলেন। দেবতাদের ष्णकु छित मौमा के मुख्य बन्न छेपलिक प्रशास विकालशाती, ত্রিলোকহারী, জাগ্রত, স্বপ্ন, স্ব্রপ্তিরূপে আত্মার দেহে-স্থিতির-ত্রিপুরহারী হরের বা নিওঁণ ব্রন্ধের উপলব্ধি তাঁহাদের হইল না। কেনোপনিষদে দেখান হইয়াছে দেবতারা ফকরপী ব্রন্ধাকে চিনিতে পারেন নাই। স্কতরাং নিগুণ ত্রন্ধ ত্রিপুরহারী দেবাদিদেব, মহাদেব হর তাঁহাদের দৃষ্টিতে সগুণ ব্রহ্ম বিষ্ণুর নিকট যেন পরাজিত হইয়াই অন্তহিত হইলেন। * পরভ্রামও তপস্থাদারা ঐ সঞ্চ ব্রন্ধজ্ঞানই লাভ করিতে সমর্থ হইয়াছিলেন। এখন. যথন পরভ্রাম ভনিলেন আর একজন ক্ষত্রিয়-রাজবংশসম্ভূত যুবক দেবরাত-জনকবংশে রক্ষিত এই ধমুর্ভঞ্চরপ সাধনা দ্বারা আত্মজ্ঞান লাভ করিয়াছেন, তথন যেন তাঁহার নিজের হীনতাই, তাঁহার মর্মে কশাঘাত করিয়া তাঁহাকে সেই ক্ষত্রিয় কুমার রামের উৎকর্মতা প্রীক্ষার জ্বাই চালিত কবিল। তিনি চির্কাল তাঁহার প্রশুতেই আনন উপলব্ধি করিতেন, 'রমতে,' তাই তাঁহার নাম পরভ্রাম। প্রকৃত আত্মতে রমণ উপলব্ধি করিয়া আত্মারাম অবস্থার প্রতীকই त्राम। विख्नुहै, मधुरकिष्ठेख, मूत्र, हित्रशाक, हित्रशकिश्रू हेजानि व्यत्नक

ইন্দ্র পর্বায়ক্রনে ৯৬ বৎদর ব্রক্ষচর্ব্য আচরণের পর ব্রহ্মার মিকট ব্রক্ষজানের উপদেশ পাইয়াছিলেল। উপনিষদে এই সম্বন্ধে একটা আব্যায়িকা আছে।

ক্ষত বা অনিষ্টকারী দৈতাবধ করিয়াছেন; স্বতরাং তিনি ক্ষৎ+ত্রা + ড = ক্ষত্রিয়েরই প্রতীক। তাই বিষ্ণুর যত মন্তুয়াকত প্রতিপন্ন মনুষ্মরূপে অবতার হইয়াছে তাহা এই ক্ষতিয়বংশেই হইয়াছে—যথা— রাম, বলরাম বা ক্লফ, বৃদ্ধ। পরশুরামও ক্ষত্রিয় বিশ্বামিত্রের ভাগিনেয় পুত্র, এবং তাঁহার সর্ববপ্রথম পূর্বব পুরুষ ভৃত্তক্ষ্বি, বরুণের পুত্রবশাং, তাঁহার কোন ব্রাহ্মণ বংশ হইতে উৎপত্তির কথাও স্বীকৃত হয় না। আর এই বিষ্ণুঅবতারগুলি, কেইই সেই আদি বিষ্ণুর পদাত্মসূরণ করিয়া দৈত্য রাক্ষ্য বধে নান ছিলেন না। কেবল একমাত্র তথাগত (তথা = নিগুণ ব্রন্ধ হইতে আগত) বৃদ্ধই আবার তাঁহার সেই তথাস্থানে যাইতে সমর্থ হইয়াছিলেন। এই দশর্থ পুত্র রামও সেই তথা পথে বা অয়ণে যাইবার অধিকার লাভ করিয়া প্রকৃতই রামে পরিণতিপ্রাপ্ত হইবেন, তাহারই বীজ যে ভাহাতে অস্কৃত্রিত হইয়াছে ইহা প্রণিধান করিবার শক্তি, পরশুরামের দৃষ্টিতে আবিভূতি হইয়া, তাঁহার চক্ষ্র কুল্লাটিকা রূপ আবরণ উন্মোচিত করিয়া দিল। তাই তিনি বলিলেন "তুমিই অনাদিকারণ নারায়ণ হইতে বিষ্ণুরূপে উদ্ভত হইয়া মধুকৈটভ বধ করিয়াছিলে।"

> "অক্ষয়ং মধুহস্তারং জানামি খাং স্থারেশ্বম্। ন চেয়ং মম কারুস্থ ব্রীড়া ভবিতৃ মর্হতি। অ্যা ত্রৈলোক্যনাথেন যদহং বিম্থীক্লতঃ॥"

এখন দেই ত্রৈলোক্যনাথ তোমা কর্ত্তক আমি যে বিমুখীকৃত হইলাম তাহাতে আমার কোন লজ্জার কারণ নাই। আমি এতকাল তপস্থা করিয়া যে অসার ফল লাভ করিয়াছি, তাহা তুমি আমার মন হইতে হরণ করিয়া আমাকে তোমার স্বরূপত্ব উপলব্ধি করিতে সমর্থ হইতে দাও। তাহা লাভ করিতে আমার অত্যধিক বলের প্রয়োজন হইবে। স্তরাং আমার সেই বল যাহাতে নই না হয় তৃমি তাহাই কর।" এই বলিয়া পরশুরাম রামকে প্রদক্ষিণ করতঃ পূজা করিয়া, আত্মগতি অর্থাৎ আত্মজ্ঞান লাভ করিবার জন্ম প্রস্থান করিলেন।

"রামং দাশরথিং রামো জামদগ্যঃ প্রপৃজিতঃ। ততঃ প্রদক্ষিণীক্বত্য জগামাত্মগতিং প্রভুঃ॥"

প্রথমে যথন পরশুরাম রামের নিকট আসিয়াছিলেন, তথন যেন তিনি তমো গুণেরই মূর্ত্তিমান প্রতীক হইয়া আবিভূতি হইয়াছিলেন; তাই তাঁহার দেই ভীষণ আকৃতির বর্ণনা আছে এবং তমরূপ অন্ধকার দিক আচ্ছন্ন করিয়াছিল "তম্পা সংবৃতঃ সূর্যাঃ সর্বে নাবেদিষু দিশাঃ॥" আবার সেই পর্ভরামই যথন রামের উপলব্ধিতে সত্তগুণান্বিত হইয়া প্রস্থান করিলেন তথন "ততো বিভিমিরা সর্বা দিশশ্চোপদিশক্তথা।" সমস্ত দিক অন্ধকার হীন হইয়া আলোকোন্তাসিত হইল। আত্মজানী ব্রহ্মবিদ্ ভৃগুঞ্চরির বংশে জন্মগ্রহণ করিয়াও ব্রাহ্মণ পরশুরাম আত্মজ্ঞান লাভ করিতে পারেন নাই, কিন্তু তাঁহারই নির্মূলীকৃত ক্ষতিয় বংশোদ্ভব দাশুর্থি রামের নিকট হইতেই তাহা তিনি প্রাপ্ত হইলেন। স্থতরাং ব্রাহ্মণ বংশে জন্ম লাভ করিলেই যে প্রকৃত ব্রাহ্মণ বা ব্রহ্মবিদ হইতে পারিবে তাহার কোন স্থিরতা নাই। ব্রাহ্মণবংশীয়ই হউক বা ক্ষত্রিয়বংশীয়ই হউক, তাহাকে দাধনা দারাই তাহা লাভ করিতে হইবে। ব্রাহ্মণও ক্ষত্রিয়ের নিকট আত্মজ্ঞানের উপদেশ প্রাপ্ত হইয়াছেন, তাহা উপনিষদের অনেক আখ্যায়িকাতেই আছে। অজাতশত্রু গার্গ্যকে, জনক শুককে উপদেশ দিয়াছিলেন। আর তাহারও বহুপূর্বে বাল্মীকিও, তাহার রামায়ণে এই পরশুরাম উপাখ্যানে তাহা দেখাইলেন।

সপ্তম পরিচ্ছেদ

ভরদ্বাজের অতিথি সংকার

সীতা লাভ করিয়া, রাম পিতার সহিত **অ**যোধ্যাতে রাজাশাসন কার্য্যে ব্যাপুত থাকিয়া দাদশবর্ষ অতিবাহিত করিলেন। তথন রাজা দশর্থ প্রায় ৭২ বয়দে বার্দ্ধকা বশতঃ, রামকে ঘৌবরাজ্যে অভিষিক্ত করিবার আয়োজন করিলেন। তাঁহার মহিষী কৈকেয়ী তাহার কুটিলমতি দাসী মন্থরার প্রবোচনায়, দশরথের নিকট, তাঁহার (দশরথের) পূর্ব্ব প্রতিজ্ঞাত বর্ষয় পূর্ণ করিয়া, রামের চতুর্দশ বংদর বনবাদ ও ভরতের রাজ্যাভিষেক প্রার্থনা করিলেন। রাম, সেই পিতৃসত্য পালনার্থ সীতা ও লক্ষণ সমভিব্যাহারে বনবাসের জন্ম জটাবন্ধল পরিধান করতঃ অযোধ্যা পরিত্যাগ করিলেন। যাইবার পূর্ব্বে তিনি সমস্ত ধন সম্পদ নির্বিশেষে দান করিয়া গেলেন। তাঁহারা সেই রাত্রি গুহকের বনে বুক্ষতলে পর্ণশ্যায় ফলমূলাহারে যাপন করিয়া তৎপর দিন গঙ্গা পার হইয়া ভরম্বাজাশ্রমে উপনীত হইলেন। তথায় একদিন বাস করিয়া ভরদ্বাজ ঋষির নির্দেশ অমুসারে চিত্রকৃট পর্কতে যাইয়া পর্ণশালা নির্মাণ করিয়া বাস করিতে লাগিলেন। এই চিত্রকুটে তাঁহারা মহর্ষি বাল্মীকির আশ্রমে ঘাইয়া তাঁহাকে দর্শন করিয়া নিজেদের পরিচয় ও বনে আগমনের কারণ সমস্তই বলিয়াছিলেন।

ইত্যবদরে ভরত পিতার মৃত্যু সংবাদ পাইয়া মাতুলালয় হইতে অযোধ্যায় আগমন করিয়া সমস্ত বৃত্তাস্ত প্রবণ করতঃ পিতৃপ্রাদ্ধান্তে

রাজ্যভার গ্রহণ না করিয়া, রামকে ফিরাইয়া আনিবার জন্ম, সমস্ত অযোধ্যার পৌরজন ও হন্তী অখাদি সমন্বিত বৃহৎ সৈতা কটক লইয়া, তদমুদরণে ভরদান্ত আশ্রমে উপনীত হইলেন। তিনি আশ্রমের বহুদুরে সকলকে রাথিয়া কেবল বশিষ্ঠের সহিত আশ্রমে প্রবেশ করিয়া ভরম্বাজ ঋষির পদবন্দনা করিলেন। তথন ঋষি ভরতকে বলিলেন "তোমার ভ্রাতা রাম চিত্রকুটে বাস করিতেছেন। তুমি কলা সেই স্থানে গমন করিও, অদ্য মন্ত্রিগণ সহ আমার আশ্রমে থাক।" তথন ভরত কহিলেন "পাদ্য অর্ঘ্য প্রভৃতি বনে যাহা সম্ভব হয়, তথারা তো আপনি অতিথি সংকার করিয়াছেন।" "আমাকে বনবাদী ও দরিদ্র এবং তজ্জ্য সকলের যথায়থ অতিথি সংকারে অসমর্থ মনে করিয়াই ভরত এইরূপ বলিলেন' ইহাই মনে ভাবিয়া তিনি ভরতকে বলিলেন, "তুমি অল্লতেই সম্ভুষ্ট হও, তাহা আমি জানি, কিন্তু আমি তোমার সমন্ত বাহিনীকে ভোজন করাইতে ইচ্ছা করি, স্বতরাং তুমি তাহাদিগকে এইস্থানে আনয়ন কর"। তথন মহর্ষির আদেশ অবহেলা করিতে না পারিয়া ভরত তাহাদিগকে আনয়ন কবিলেন।

তথন ভরদান্ধ ঋষি অগ্নি-গৃহে প্রবেশ করিলেন এবং ধ্যানস্থ হইয়া বিশ্বকর্মাকে এইরূপে আহ্বান করিলেন "আমি অতিথি সংকারার্থ ইচ্ছা করিয়া, স্বাষ্টি-শক্তি-সম্পন্ন বিশ্বকর্মাকে আহ্বান করিতেছি, আমার সে সমৃদয় সমাক্ বিহিত হউক্। আমি অতিথি কামনা করিল্লা ইন্দ্র, বরুণ, কুবের এই লোকপালত্রয়কে আহ্বান করিতেছি, তাহাতে আমার সমাক সিদ্ধি লাভ হউক। পৃথিবীতে ও আকাশে যে স্কল নদী আছে, তাহারা স্কলে অন্থ এহানে আগমন করুক। কতকগুলি নদী মৈরেন্ন মন্ত, কতকগুলি স্থনিশাদিত স্থ্রা, অপর নদী দকল ইক্ষাকুরস সহ শীতল জল করণ করুক। কুবেরের উন্থান তাহার দিব্য বস্ত্রালক্ষার সম্পন্ন পত্র ও দিব্যরমণীগণ রূপ ফল স্বরূপ বৃক্ষাদি ঘারা শোভিত হইয়া এখানে আহ্বন। দেবতা ও গন্ধর্বগণের সহিত অপ্সরাগণকে এখানে আহ্বান করিতেছি। ভগবান সোমদেব আমার এই আশ্রমে প্রচুর পরিমাণে ভক্ষ্য, ভোষ্য, লেহ্ প্রভৃতি উত্তম অন্ন প্রস্তুত করুন, এবং বৃক্ষ হইতে স্বয়ংজ্যত মালা, স্থপেয় স্বরা ও নানা প্রকার মাংস বিধান করুন।" সমাধি ও অপ্রতিম তেজ সম্পন্ন মূনি, এইরূপে সকলকে তথায় আহ্বান করিলেন এবং তিনি ধান করিতে লাগিলেন।"

"এবং সমাধিনা যুক্ত তেজদাপ্রতিমেন চ। শিক্ষাস্থর সমাযুক্তং স্বব্রতাশ্চাব্রবীমূনিঃ॥ মনসা ধ্যায়ততত্ত্ব প্রাধ্যুব্ত ক্রতাঞ্জলেঃ॥"

তথন সেই সকল দেবতারা সেই আশ্রমে আসিলেন, এবং যেরূপ সক্ষটিত হইয়াছিল তাহার সংক্ষেপে বর্ণনা এইরূপ—পায়স সরোবরে ড্বিয়া আকঠভোজন, স্থপেয় পানীয় ও মহাপানে উন্মন্ত হওন, গন্ধর্কাদির নৃতাগীতশ্রবণ, স্বর্ণরোপ্য নির্দ্মিত অট্টালিকায় ছ্মফেননিভ শয়ায় শয়ন, অপ্সরা কর্তৃক পাদ সেবন, স্বর্ণ রোপ্য পাত্রে স্লথাহ্য নানাবিধ আহার ভোজন, গন্ধ সরোবরে অবগাহন, হত্তী অশ্ব প্রভৃতি সমস্ত প্রাণীর স্থখান্য ভূণভোজন। এইরূপ উপভোগ করিয়া সমস্ত সৈত্র সামস্ত সেই রাত্রি যাপন করিয়াছিল এবং পরদিন প্রাতে নিজেদের মধ্যে পরস্পর বলাবলি করিয়াছিল কে কিরুপ উপভোগ করিয়াছিল, যদিও তথন সেই আশ্রমে তাহার কোন চিছই পরিলক্ষিত হয় নাই।

এই রহস্ত সমন্বিত অত্যজ্জ ঘটনা কিরপে সজ্যটিত হইতে পারে তাহার আলোচনা করিলে প্রথমেই মনে হয় যে ইহা যেন একটি

ইন্দ্রজালের ব্যাপার। ইন্দ্রজাল বা ভোজবিদ্যা দ্বারা অনেক যাতৃকর এইরপ অনেক অত্যাশ্র্যা কাণ্ড দেখায় তাহা অনেকেই প্রতাক্ষ করিয়াছেন। এমন কি একজন দৈল্লাল দংশ্লিষ্ট উচ্চ ইংরেজ কর্মচারী মেজর (major) অনেক দিন পর্বের সংবাদপত্তে ঘোষণা করিয়াছিলেন যে, ভারতবর্ষে অবস্থান কালে একবার, কোন সময়ে, যে রজ্জ্বারা শুন্তে আরোহণ ব্যাপার তিনি দেখিয়াছিলেন, তাহার কোন সন্ধান কেহ বলিয়া দিলে, একটি বৃহৎ পুরস্কার দিবেন। তাহার বিবরণ এইরপ—যাতুকর একগাছি রজ্জুর একপ্রান্ত হন্তে ধরিয়া অপর প্রান্ত উপরে নিকেপ করিলে, তাহা ঠিক সরল ভাবে শুন্তে যেন কার্চ বা বংশ দণ্ডের ভাষ স্থির থাকে, আর তাহাই অবলম্বন করিয়া একটা বালক শৃত্যে আবোহণ করিয়া অদৃশ্য হয়। কিছুক্ষণ পরে দেই বালকের রক্তাক্ত কর্ত্তিত ভিন্ন ভিন্ন অঙ্গপ্রতাঙ্গ শৃত্য হইতে ভূমিতে পতিত হইয়া, দর্শকদিগকে রোমাঞ্চিত করে। পরে যাতকর যথন তাহাকে নাম ধরিয়া ডাকে, তথন দেই বালকই অক্ষত দেহে সেই শুম্ভিত দর্শকমণ্ডলীর মধা হইতেই, যেন কোথা হইতে আবিভৃতি হয়। ইহাই ইন্দ্রজাল বলিয়া কথিত হয়। ভরদাজ ঋষির এই আতিথ্য সংকার যদি এক্রজালিক ব্যাপারই হয়, তাহা হইলে সেই সমন্ত সৈত্যদলের দৃষ্টিশক্তি মাত্রই ক্ষণমোহে অভিভূত হইত এবং তাহার। বলিতে পারিত না যে তাহারা তপ্তির সহিত ভোজন ও অক্তান্ত উপভোগাদিও করিয়াছিল—কেননা ইন্দ্রজালে আপাতদক্তে উৎপন্ন পদার্থের কোন যথার্থ অন্তিম্ব না থাকাতে তাহা ভক্ষিত বা ভূঞ্জিত হইতে পারে না।

তাহা হইলে ইহা কি যোগ বিভৃতি প্রদর্শন অনেকেই এইরূপ যোগ বিভৃতি, হঠযোগিদের ঘারা প্রদর্শিত হইতে দেখিয়াছেন। তুই এক জন বহুপুজিত গুরু স্থানীয় বয়োবদ্ধ আনন্দনামধারী ব্যক্তিও প্রিয়শিয়দিগকে, তাহাদের ইচ্ছামত পুষ্পের ভ্রাণ যেন স্কুন করিয়াই এবং তলাকে হীরকাকারে পরিণত করিয়া তাহাদিগের বিশাস উৎপন্ন করিয়াছেন তাহাও সংবাদপত্রের সাহায্যে এবং লোকম্থে অনেকেই শুনিয়াছেন। তাঁহারা যোগী নামে বিখ্যাত হইলেও তাঁহাদের যোগদিদ্ধি ঐ পর্যান্তই হইয়াছে বোধ হয়, কেননা তাঁহাদের স্থরম্য অট্টালিকারান্ধি শোভিত আশ্রমে নানারপ উপাস্ত দেবতার প্রতিমৃত্তি প্রতিষ্ঠিত ও ভোগরাগাদি দারা পূজিত হইতে দেখা যায়। তাহাতেই বোধ হয় তাঁহাদের শিয়োরাও সেই সেই উপাস্থ ইষ্টদেবতার আরাধনা সম্বন্ধেই উপদেশ প্রাপ্ত হইয়া তাঁহাদিপের দাবা দীক্ষিত হন। পাতঞ্জলী যোগশান্ত্রে কথিত হইয়াছে ইহা (যোগ বিভৃতিসিদ্ধি) যোগের শ্রেষ্ঠ লক্ষা স্বরূপসিদ্ধি বা সমাধি লাভের প্রধান অন্তরায়। যোগিশ্রেষ্ঠ তিব্বতী বাবা বলিতেন যাহারা এইরূপ যোগ বিভৃতি প্রদর্শন করিয়া থাকেন তাঁহারা কস্মিনকালেও স্বরূপ সিদ্ধি লাভ করিতে পারেন না। ভরদ্বাজ ঋষি যদি এইরূপ যোগ বিভৃতি প্রদর্শন করিয়া আতিথ্য সংকার সম্পন্ন করিয়া থাকেন তাহা হইলে তিনি আত্মজ্ঞান লাভ করেন নাই, এবং সমাধির স্বাদ্ভ প্রাপ্ত হন নাই। কিন্তু বাল্মীকি বলিয়াছেন "এবং সমাধিনা যুক্তন্তেজসাপ্রতিমেন" অর্থাৎ সমাধিযুক্ত তেজে অপ্রতিম ছিলেন। এই ভরম্বান্ধ, যদি বাল্মীকির ভূমিকা লিখিত তাঁহার শিশ্য ভরদান্ধ হন, তাহা হইলে তিনি তাঁহার শিশ্তের সাধনা ও সিদ্ধি সম্বন্ধে যে বিশেষ অবগত ছিলেন তাহাতে সন্দেহ নাই। এখন ভরদাজ অগ্নি গৃহে প্রবেশ করিয়া ধ্যানম্ব ইইয়া পূর্ব্বর্ণিতরূপে আতিথ্য সাধন করিলেন।

বৈদিক ঋষিরা প্রথমে অগ্নির উপাসনা প্রবর্ত্তন করেন। সেই

আদিম মহয়গদমাজের মধ্যে কিরূপে এই অগ্নির পূজা প্রবর্তিত হইয়া তাহার ক্রম পরিবর্ত্তনের সহিত তপস্থাও পরিবর্ত্তিত হইয়া শেষে অনেক আত্মজানী ঋষির আবিভাব হইয়াছিল তাহার একটা ধারাবাহিক স্থত্তের অনুমান করা যাইতে পারে। প্রথম সৃষ্ট মুন্নুয়া, তাহার আহারের জন্ম পাইল বুক্ষের ফলমূলাদি, পানের জন্ম নদীর জল এবং আশ্রায়ের জন্ম তরুছায়া আর শ্যাার জন্ম তৃণগুল্মাচ্ছাদিত ভমিতল। ক্রমে দৈববশাং দেখিতে পাইল কাঠে কাঠে ঘর্ষণের ফলে একটী নৃতন পদার্থ আবিভৃতি হইয়া, তাহার উজ্জ্ল আভাতে অন্ধকার নাশ করে এবং তাহার তাপে শৈত্যও দূর করে; আবার তাহাই কোন বুকে সংযুক্ত হইলে তাহার ফলেরও রূপান্তরবশতঃ তাহা অপক অবস্থায় তিক্ত ও ক্ষায় বিধায় অভক্ষা হইলেও, এই রূপান্তরিত অবস্থায় স্থবাহ ও ভক্ষা হয়। এই পর্যাবেক্ষণের ফলে তাহারা বন্ধনকার্য্য শিক্ষা করিল এবং এই দীপ্ত অজ্ঞাত পদার্থের উপকারিতা বঝিতে পারিয়া তাহার উপাদনাও করিতে লাগিল। আবার যথন তাহারা দেখিতে পাইল আরও একটা বহু উর্দ্ধে শৃত্তে উদ্ভত দীপুশিখা দিগবিভাসিত করিয়া কোন বক্ষের উপর পতিত হইয়া তাহা দগ্ধ করতঃ, দেই পূর্বদৃষ্ট ভূমিতলে উংপন্ন বিভাশালী পদার্থের আঘুই কার্যা করে, তথন তাহারা ইহার অবস্থান দিবে বা আকাশে নির্দারণ করিয়া ইহাকে দেবতা আখ্যায় অভিহিত করিল। এই মহুষ্যসমাজের মধ্যে অপেক্ষাকৃত মেধাশক্তিসম্পন্ন স্কাদশী ভৃগু, অঙ্গিরাদি ঋষিরাই প্রথমে ইহা পর্যাবেক্ষণ ও অনুধাবন করিতে সমর্থ হইয়াছিলেন, তাই তাঁহারাই এই অগ্নি উপাদনার প্রবর্ত্তক। এ যুগেও এইরূপ অনেক ঋষি এইরূপ পর্যাবেক্ষণের ফলেই অনেক বৈজ্ঞানিক তত্ত্ব আবিষ্কার করিতেছেন। মতুগুঙ্গাতির পূর্ব্বপুরুষদের

মধ্যে তথনও বিবাহপ্রথা প্রচলিত না হওয়াতে এই সমস্ক অষ্ঠিদের পিতার নির্দারণ না হওয়াবশত: কেহ ব্লার মানসপুত্র, কেহ বরুণের পুত্র ইত্যাদি নামে অভিহিত হইয়াছেন। ভুগু, বশিষ্ঠ, অগন্ত্য বৰুণের পুত্র, আবার বাল্মীকি ঋষিও নিজকে প্রচেতার দশম পুত্র বলিয়া অভিহিত করিয়াছেন। ভগু কিরূপে বরুণবীর্ষো জন্মপ্রাপ্ত হইয়াছিলেন তাহার কোনও বিশেষ উল্লেখ কোথাও না পাইলেও, অগন্তা ও বশিষ্ঠের জন্ম যে উর্বসীর উদ্দেশ্যে নিক্ষিপ্ত বরুণ ও মিত্রের বীর্ঘ্য কুম্বে পতিত হুইয়া, তাহা হুইতে তাঁহাদের উদ্ভব হইয়াছিল, তাহা পুরাণের উপাখ্যানরূপে রামায়ণে বর্ণিত হইয়াছে। মিত্র বরুণাদি কাল্পনিক দেবতা। ঐতরেফ ব্রাহ্মণের মতে (৪।১০) "অহর্বৈ মিত্রো রাত্রিব্যক্রণ" ইতি শ্রুতে:। শ্রুতিতে অহঃ মিত্র কেননা দিবাভাগে সমস্ত কার্য্য স্থমম্পন্ন হয় এই জন্ত দিবা মিত্র: পক্ষান্তরে রাত্রির অন্ধকারে সমস্ত আবৃত থাকাতে দৃষ্টির অভাবে তাহা দিদ্ধ হয় না; তাই বু ধাতু আবরণ অর্থে সাধিত বরুণ অর্থে রাত্র। ভৃগু প্রভৃতি ঋষির জন্ম সম্বন্ধে কোন সন্ধান পাওয়া যায় না বলিয়া যেন তাহা অন্ধকারে আচ্ছাদিত। এই ভগু ঋষিই প্রথমে অন্ধকাররূপ আবরণে দিবাদৃষ্টিসম্পন্ন অগ্নি উপাসক, তংপরে তাহার কিঞ্চিং অপসরণে দিবিরও উপরিস্থিত বৈকুণ্ঠদৃষ্টি-সম্পন্ন বিষ্ণু উপাসক, আবার সেই পিতা বরুণ কর্তুকই যেন সেই অজ্ঞান আবরণ উন্মোচনে জ্ঞানচক্ষু উন্মীলনে আত্মদৃষ্টিসম্পন্ন আত্মা উপাসক আত্মজানী সত্যদর্শী মহর্ষি—আত্মজানের পথপ্রদর্শকরপে উপনিষদে উক্ত হইয়াছেন।

এখন এই উপাসনার ক্রম অভ্যুখান বৈদিক ঋষি সমাজে কিরুপে সংগঠিত হইয়াছিল—কিরুপে অগ্নির জ্ঞান হইতে তাঁহারা আত্মজ্ঞান

লাভ করিয়াছিলেন তাহার একটা আফুমানিক প্রণালী চিস্তা করিলে তাহার ধারা এরপও হইতে পারে। অগ্নির দাহ করিবার এবং তেজ দারা উত্তাপ প্রদানের শক্তি সকলেরই প্রতাক্ষ। একটা ক্ষুলিক্ষাকার অন্নি বৰ্দ্ধমান হইয়া কত বড় একটী দেহ ও তৎসহিত ৪া৫ মণ কাৰ্ম দাহন করিলে তাহার চিহ্নম্বরূপ পড়িয়া থাকে কিঞ্চিৎ ভস্ম। ইহার সহিতই যদি আমরা তুলনা করিয়া দেখি, যে প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া যে রাশি রাশি আহার্যা পদার্থ আমাদের জঠরে প্রবিষ্ট হয়, তাহার পরিণতি দিনমধ্যে একবার সময়বিশেষে মলত্যাগ, (চিকিৎসকেরা বলেন যাহার মল অল্প ও নাতিকঠিনাকারে নিয়মিত প্রাতঃকালে পরিত্যক্ত হয়, তাহার অগ্নি স্বাভাবিক গুণশালী ও প্রকৃতিস্থ) আবার সেইরূপই যে পরিমাণ পানীয় গৃহীত হয়, তাহারও পরিণতি অপেক্ষারত কম পরিমাণ মৃত্র ত্যাগ, তাহা হইলে ইহাই অমুমিত হয় যে আমাদের জঠরে অগ্নির ন্তায়ই কোন শক্তি আছে যাহা দ্বারা এইরূপ পরিবর্ত্তন সাধিত হয়. নত্বা বাল্যাবিধি বাৰ্দ্ধকা ও মরণ পর্যান্ত এই গৃহীত আহার্যা ও পানীয় একস্থানে বাশীকৃত হইয়া সঞ্চিত হইলে তাহা যথাক্রমে একটা ক্ষুদ্র পাহাড়াকারে বা সরোবরাকারে পরিণত হইত। আবার সেই অগ্নি मनुग পদার্থ যতক্ষণ আহার্য্য পাইয়া প্রজ্জলিত থাকে, ততক্ষণ তাহারই আয় এই বিশাল দেহ আনখাগ্র তাহার তাপ রক্ষা করে। আর তাহার অন্তর্ধানেই দেহ শবে পরিণত হয়।

অত্যন্ত ক্ধার উত্তেক হইলে শিশু হইতে বৃদ্ধ পর্যন্ত বলে "পেট জ'লে গেল"। স্বতরাং বাল্যকাল হইতে বার্দ্ধক্য পর্যন্ত সেই জালা সমভাবেই অয়ভূত হয়। অগ্নিতে কোন অক দগ্ধ হইলে লোকে বলে জ'লে গেল। এই অগ্নির গুণকার্য্য আমরা, দৃষ্ট অগ্নি

হুইতেই উপলব্ধি করিয়া তাহাকে 'জলা' বলি। অভ্যন্তরের সেই পদার্থ যাতার গুণে এই 'জলা'রূপ অমুভৃতি হয়, তাহা দেখিতে না পাইলেও, একইরূপ পদার্থের একইরূপ গুণ হয়, ইহাই স্থির ক্রবিয়া আম্বা কি বলিতে পারি না যে পেটেও তাহ'লে অগ্নি আছে ? আর সেই অগ্নিই, পার্থিব অগ্নি যেরপ সমস্ত পদার্থকে ভ্যাকারে পরিণত করে, সেইরূপ তাহাতে প্রদত্ত আহার্য্যরূপ পদার্থকে মলাকারে পরিণত করে এবং নিজ তাপ সমস্ত দেহে বিকীর্ণ করিয়া তাহার তাপ সমভাবে রক্ষা করে। পাথিব অগ্নি অতি আয়াদে কাঠে কাঠে দংঘর্ষণে একবার উৎপন্ন হইলে, তাহাকে সমভাবে ইন্ধন দারা প্রজ্জলিত রাথিবার জন্মই তথন গ্রহে গ্রহে নিতা যজ্ঞ আচরিত হইত এবং যে গুহে সেই অগ্নি রক্ষিত হইত তাহাকেই অগ্নিগৃহ বলা হইত। বৈদিক ঋষিদের যথন এই বাহ অগ্নির দুষ্টান্তে অভ্যন্তরের অগ্নিরও উপলব্ধি হইল তথন তাঁহারা তাহাতেই তাঁহাদের মনরূপ ইন্ধন প্রদান করিয়া মন দারাই তাহার তেজ ও দীপ্তি অমুভব করিলেন—যেন দেই ইন্ধনরূপ মনই অগ্নি সংস্পর্শে প্রজ্ঞানিত হইল। এক কথায় তাঁহাদের দেহাভান্তরের অগ্নি-দৃষ্টি হইল। তথন তাঁহারা ধ্যানস্থ হইয়া, প্রথমে পাথিব অগ্নির ন্সায়ই, তাহারও হিরণা আভা দেখিলেন। পার্থিব অগ্নি কোন দাহাপদার্থ সংযুক্ত হইলেই, তাহা হিরণ্যাভরূপে প্রতিভাত হয়। কিন্তু প্রকৃতপক্ষে তাহা বিত্যুৎরূপে ঈষং লাল-আভা শুভ্রজ্যোতিশালী। মন স্কু পদার্থ বিধায় তাহা দাহ নহে। স্তরাং স্কু মনে সেই বিদ্যাতেরই সুন্ধ শুভ্র জ্যোতি প্রতিভাত হওয়াতে, তাঁহারা এই সুন্ধ শুভ্র জ্যোতিই, ইন্দ্রিয় নিরুদ্ধ করতঃ মনকে স্ক্রাকারে পরিণত করিয়া ধাানস্থ হইয়া. দেখিতে পাইয়াছিলেন। প্রক্লত অগ্নির স্বরূপ দেই

বিচ্যংবর্ণ এবং তাহা ক্ষণে ক্ষণে আভা প্রদান করিয়া যেন নির্কাপিত হইয়াই অদুশু হয়। তাঁহারা এই অগ্নিকে দেহের সংযোগচ্যুত করিবার জন্ম সাধনা করিতে আরম্ভ করিলেন। ইন্দ্রিয় সংযোগে মন দারাই দেহজ্ঞান সর্বাদা অপ্রতিহত থাকে। স্বতরাং ইন্দ্রিয়রপ দার বন্ধ করিয়া মনকে তৎস্থানচাত করিতে পারিলেই দেহজ্ঞান-শূক্ততার অবস্থা উপজিত হয়। আর সেই অবস্থা আদিবার সময়ই সেই হির্ণা বা লালবর্ণজ্যোতিই দেখিতে পাওয়া যায়। লালবর্ণজ্যোতিই প্রত্যক্ষ অগ্নির জ্যোতি, তাই তাঁহারা স্থির করিলেন দেহাভাস্তরেই অগ্রিরপজ্যোতি আছে, কেননা ইহা বাহির হইতে প্রাপ্ত নহে। চক্ষ বন্ধ স্নতরাং ইহা বাহির হইতে আইদে নাই। তারপর আরও সাধনায় অগ্রসর হইয়া তাঁহারা সেই অগ্নির লাল জ্যোতিতেই ক্মে বিদ্যাতের ন্যায় ঈষং লালআভজ্যোতি দেখিলেন তাহা বিদ্যাতের ন্তায়ই সময়ে প্রকাশ সময়ে অপ্রকাশ হইয়া থাকে। ক্রমে সাধনায় অগ্রসর হইয়া একাগ্রতা সিদ্ধি হইলে এই ক্ষণদৃশ্যমান বিহাতের ভাষ জ্যোতিই স্থির সৌদামিনীরূপে পরিণত হয়। তিবাতী বাবা এই স্থির সৌদামিনীর কথাই বলিতেন। তথন আর কিছুরই অমুভূতি থাকে না—যেন দেহথানিই জ্যোতিশ্বয় হইয়া তাহার আকারাদি অদৃশ্ হয়। আর ইহাই আত্মার জ্যোতি। তথন সাধক উপলব্ধি করে-আমিই আত্মময় আর ইহা আমারই জ্যোতি। তারপর যথন সেই জ্যোতি দেহ প্রজ্জনিত করিয়া যেন তাহাকে জালাইয়া. দর্কাব্যাপ্ত হয়, তথন সাধক উপলব্ধি করেন আমারই জ্যোতিতে বিশ্ববিভাসিত, যেন আমিই বিখের স্ষ্টিকর্তা-বিশ্বকর্মা। সেই জ্যোতি দর্শনকারী মনও তাহার এই ক্ষুদ্র দেহরূপ পঞ্জর হইতে মুক্ত হইয়া দর্কব্যাপ্ত হয় এবং তাহারও নিজের বিশ্বসৃষ্টিরপ শক্তির অফুভব হয়। তথন

(मठे विश्ववाधि मनटे विश्वकर्मा इस, एनवे इस, नमी इस, जावेद জন্ম হয় এবং তাহার আদেশেই যেন এই সমস্ত তাহার স্কাশে উপস্থিত হয়। আর সেই সমষ্টি মনই বাষ্টি হইয়া প্রত্যেক প্রাণীদেহে প্রবিষ্ট হইয়াও ভুমা অবস্থাতে থাকে যেমন মোটরের কেন্দ্রীভুত সমষ্টি শক্তি ব্যষ্টি ইইয়া চক্র ও যন্ত্রকে নিয়ন্ত্রিত করিয়া নিজশক্তি অব্যাহত রাখে। সেই মটরের শক্তি অপহত বা ব্যাহত হইলে সেই সমস্ত চক্র ও যন্ত্রও হতশক্তি হয়। যেমন সমষ্টি জলের উংস্প্রস্ত্রবণ হইতে অতি ক্ষুদ্র ক্ষুদ্র জলবিন্দু উৎসারিত হইয়া সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র স্থান সিঞ্চিত করে, তেমনি এই সমষ্টি মন হইতে ক্ষুদ্র ক্ষুদ্র ব্যষ্টি মন উংস্থট হইয়া সমস্ত দেহের সমস্ত মনকে অভিভূত করিয়া, সেই সমষ্টিমনে যাহা কামনা করে তাহাঁই সেই সমস্ত মনে সঞ্চালিত করে। সেই সমষ্টিমনে যে কামনা সিদ্ধ হয় তাহাই সমস্ত দেহস্ত মনেও যেন সিদ্ধ হয়। তারপর এই মনের লয়েই সমাধি-- যেন মনেরই সমাধি সাধিত হয়। তথন সমন্ত শুকাকার। স্ষ্টিই যেন তথন সেই শুন্তে লীন হইয়াছে। পুনরায় সেই সমাধি হইতে ব্যাথিত যোগি ক্রম অবতরণে সেই সর্বব্যাপ্ত শুভ্রজ্যোতি দর্শন করিতে করিতে ক্ষুদ্র জ্যোতি দর্শন করিয়া, তাহা অগ্নিরূপে দর্শনকরতঃ পুনরায় ইন্দ্রিয় জ্ঞানে লিপ্ত হইয়া জাগরণ অবস্থাপ্রাপ্ত হয়। তথন আর সেই পূর্ব্বদৃষ্ট অসাধারণ দর্শনের কোন নিদর্শন থাকে না।

এখন "সমাধিযুক্ত অপ্রতিমতেজ সম্পন্ন যোগী ভরষাজ যদি ধ্যানস্থ হইয়া নিজ দেহস্থ অগ্নিতে প্রবেশ করিয়া তংপরে উপরে বর্ণিত প্রণালীতে কার্য্য করেন এবং সমষ্টি মনের প্রভাবে ক্ষুক্ত ক্ষুদ্র ব্যষ্টি মন প্রত্যেক সৈনিকের দেহে সঞ্চালিত করিয়া নিজের কল্পিত কামনা সিদ্ধ করেন, তাহা হইলে সেই সমস্ত সৈল্যদের মনেও সেইরূপ ভোগ

কামনা দিদ্ধ না হইবার কোন হেতু নাই। নিজের মনে চিন্তিত বিষয় অন্তমনে সংক্রামিত করিবার দ্বান্ত আধনিককালেও বিরল নহে। স্বতরাং ইহা যোগ বিভৃতি নহে। ইহা আত্মক্ত সমাধিজ্ঞানসম্পন্ন যোগির আত্মার প্রসার মাত্র। আর এই স্বান্থভতি বাল্মীকির নিজস্ব ছিল, এবং তাহাই তিনি রূপকাকারে এই রহস্থায়িত অন্তত কাহিনীতে वर्गना कवित्तन। ইशावरे अञ्चकवर्ग, वाामरमव मशाखावराज जीममी কর্ত্তক ছব্বাসার পারণ বর্ণনা করিয়া যাহা দেখাইয়াছেন, তাহাতে ক্লফকে আত্মার স্থানে স্থিত করিলেই তাহার সমন্বয় হয়। দ্রোপদীর আত্মা তথন কৃষ্ণময় হইয়াছিল আর সেই কৃষ্ণময় আত্মাই সেই সশিম্ম মুর্বাসাকে ভোজন করাইয়াছিল—যেন ক্লফ্ট তাহা করিলেন। এখন এই অগ্নি: যে জঠবেই আছে তাহার জ্ঞান কোণা হইতে আসিল ? সাধারণতঃ দেখিতে পাওয়া যায় লোকের দেহের তাপ অপেক্ষা মুখাভ্যন্তরে তাপ বেশী। তাপমান থারমমিটার যন্ত্রেই তাহা প্রমাণিত হয়। এই মুখ হইতে আরম্ভ করিয়া কণ্ঠনালী বাহিয়া, তাহার অন্তে যে একটা আধার আছে, তাহাতেই আহার্য্য পদার্থ গ্রাসিত হইয়া স্থিত হয়, এবং তথাতে তাহা ভদ্মের আকারে আরও চ্বিত হইয়া বালুকাকারে পরিণত হয়, তাই বৃহদারণ্যকে বলা इटेग्नाट्ड य अन्यत्मरधत अत्नत छेन्दत खीर्ग य छेन्धाः ठाटाटे সিকতা অর্থাৎ বালিরাশি। ভরদ্বাজ ঋষির আতিথা সংকার যে এইরপই হইয়াছিল তাহা অমুমান করা কি কষ্ট-সাধ্য বলিয়া এথনও বোধ হইতে পারে ?

অষ্টম পরিচ্ছেদ

রাম কর্তৃক জাবালি ভর্ৎ সনা

ভরত চিত্রকৃট পর্বতে গমন করিয়া, রামকে অনেক কাকুতি মিনতি করতঃ অযোধ্যায় প্রত্যাবর্ত্তন করিতে প্রার্থনা করিলে, রাম তাঁহাকে বঝাইয়া বলিলেন তিনি পিতার সত্যরক্ষার্থ রাজ্য পরিত্যাগ করিয়া বনবাস গ্রহণে যে দৃঢ় পণ করিয়াছেন তাহাই পালুন করা তাঁহার সর্বশ্রেষ্ঠ কর্ত্তবা। তথন দিজবর জাবালি "জাবালি বান্ধণোত্তম" রামকে এই কথা বলিলেন "ভাল রাম ! তুমি স্থবৃদ্ধি ও তপস্বী, অতএব সামাত মাতুষের তায় তোমার পিতৃবাক্য পালন বিষয়ক এইরপ নির্থক বৃদ্ধি হওয়া উচিত নহে। দেখ। এই জগতে কে কাহার বন্ধ? কাহার নিকট কোন ব্যক্তি কি পাইয়া থাকে? জীব একাকীই জন্ম লয়, আর একাকীই বিনষ্ট হয়: অতএব ইনি মাতা, ইনি পিতা এইরূপ সম্বন্ধ স্থাপন পূর্বক যে ব্যক্তি তাহাতে আসক্ত হয়, তাহাকে বাতুল জ্ঞান কর; বস্ততঃ কেহই কারও নয়। যেমন লোক গ্রামান্তরে যাইয়া কোন গৃহের বহির্ভাগে বাস করে, পরের দিন দেই বাড়ী পরিত্যাগ করিয়া চলিয়া ধায়, তেমনি পিতা, মাতা গৃহ ও ধনসম্পত্তি মমুক্তগণের আবাদ মাতা। এজন্য দাধরা বিষয়ে আসক্ত হন না। নবোত্তম! পৈত্রিক রাজ্য ছাড়িয়া তুঃখময় কণ্টকাকীর্ণ বিষম কুপথে বাস করা তোমার উচিত হয় না। তৃমি সমৃদ্ধিশালিনী অযোধ্যাতে রাজ্পদে অভিষিক্ত হও, বিরহিণীর ক্রায়

একবেণীধরা নগরী তোমারই প্রতীক্ষা করিতেছে। দশর্থ তোমার কেহই নহেন, রাজা স্বতন্ত্র, তুমিও স্বতন্ত্র ব্যক্তি; অতএব আমি যাহা বলিতেছি তাহাই কর। পিতা জীবনের বীজ অর্থাং নিমিত কারণ মাত্র। ঋতমতী মাতার গর্ভে একত্র মিলিত শুক্র ও শোণিতই উপাদান কারণ, অর্থাৎ তাহাতেই ইহলোকে মহয়ের জন্ম হয়। সেই নুপতি যে স্থানে গিয়াছেন, তোমাকেও দেই স্থানে যাইতে হইবে। স্থতরাং তোমার সহিত তাহার সম্বন্ধ কি । ভূতস্কলের স্বভাবই এইরূপ। কিন্তু তুমি পুরুষার্থ ভোগে বীতপ্রহ হইয়া বৃথা নষ্ট হইতেছ। যাহারা: প্রতাক্ষসিদ্ধ রাজ্যাদিরূপ পুরুষার্থ পরিত্যাগ করিয়া অপ্রত্যক্ষ পার-লৌকিক ধর্ম আশ্রয় করিতে উৎস্থক হয় আমি তাহাদিগের জন্ম ছঃথ প্রকাশ করি, অন্তের জন্ত শোক করিনা, কেননা তাহারা ইহলোকে তুঃথভোগ করিয়া পরলোকে অভিল্যিত ধর্মফলও পায় না। কারণ ফলভোক্তারই সন্থা নাই। অষ্টকা প্রভৃতি পিতৃদৈবত্য শ্রাদ্ধ করাতে কেবল নিজ ভোগদাধন অল্লাদিরই বিনাশ হয়. কেননা মৃতব্যক্তি কি ভোজন করিবে ? এই স্থানে ভোজন করিলে সেই ভক্ত অন্ন যদি অপরের উদরে যায়, তবে প্রবাদস্বব্যক্তির উদ্দেশে শ্রাদ্ধ করিয়া অন্ধান করুক। কৈ এরপ করিলে তাহা পথিকের পাথেয় হয় না। দেবপূজা কর, অল্লান কর, যজ্ঞদীক্ষা গ্রহণ কর, তপস্তাকর এবং সন্নাস গ্রহণ কর, এই সকল দানের বশীকরণোপায় স্বরূপ বেদাগমাদি গ্রন্থ মেধাবী ধৃর্ত্তগণ স্বার্থ সম্পাদন কারণ ও পামর-গণকে প্রবঞ্চনা করিবার জন্ম প্রস্তুত করিয়াছে। মহামতি। ইহলোকের পর পারলোকিক ধর্মাদি কিছু নাই, তুমি নিজ বৃদ্ধি বলে ইহা অবগত হও। যাহা প্রতাক্ষ তাহারই অফুঠান কর, আর অফুমানগ্রাহ্ম পরোক্ষকে পরিত্যাগ কর। প্রত্যক্ষবাদী সাধুগণের

সর্বলোকসমত বৃদ্ধিকে সাদরে গ্রহণ করিয়া তৃমি রাজ্যশাসন কর"।

রাম কহিলেন "আপনার উপদেশামুসারে আমি সতা প্রতিপালনে প্রতিজ্ঞাহীন হইলে পিতৃবাক্য রক্ষা করিতে অক্ষম হইয়া কিরুপে স্বৰ্গপ্ৰাপ্ত হইব ? মুনিগণ ও দেবগণ সত্যকেই সন্মান কৰিয়া থাকেন। ইহলোকে যিনি সত্যবাদী হন, পরলোকে তিনি অক্ষয় ব্রন্ধলোকে গমন করেন। লোকে সভাই ঈশ্বর অর্থাৎ ঈশ্বর সতা-পদ বাচা। ধর্ম সতত সত্যেই আপ্রিত বহিয়াছে। দান, যজ্ঞ, হোম ও তপস্থা প্রভৃতি ক্রিয়া সকল, যে বেদে বিহিত হইয়াছে. সেই বেদই সতো প্রতিষ্ঠিত, অর্থাৎ সতাম্বরূপ্প ঈশ্বরের শাস প্রশাসের ন্যায়, ঈশ্বর হইতে বেদ আবিভূতি হইয়াছে। আপনি আমাকে রাজ্য গ্রহণ করিয়া নিজের হিত্যাধন করিতে যে উপদেশ দিলেন ইহা আমার নিকট অন্যায়। বোধ হইতেছে। আমি ফলমল ও পুস্পদারা পিতৃগণ ও দেবগণের তৃথি সাধন পূর্বক তাহাই ভোজন কবিয়া পঞ্চলিয়েরও সজোষ বিধান করতঃ শ্রন্ধাবান ও কার্যাকার্যা বিচক্ষণ হইয়া, পিতার সতা পালন পূর্বক জীবন-যাত্রা নির্কাহ করিব। এই কর্ম ভূমিতে জন্মলাভ করিয়া কল্যাণকর কর্ম অফুষ্ঠানই কর্ত্বা। কারণ অগ্নি, বায় ও সোম এই দেবতাত্রয় কর্মের ফলভাগী অর্থাৎ স্বীয় কর্মামুসারে ঐ তিন দেবলোকই পাওয়া যায়। দেবরাজ ইন্দ্র শত অখনেধ যজ্ঞ করিয়া স্বর্গরাজ্য লাভ করিয়াছেন এবং মহর্ষিগণ উগ্রতপস্থা করিয়াই দেবলোক প্রাপ্ত হইয়াছেন। সত্য, ধর্ম, চান্দ্রায়নাদি তপস্থা, দর্বজীবে দয়া, প্রিয়বাদিতা এবং দেব, দ্বিজ ও অতিথি সংকারকেই সাধুগণ স্বর্গের পথ বলিয়া থাকেন। আমার এই কথা অমুদারে অপ্রমন্ত ব্রাহ্মণগণ অমুকূল তত্ত্ব অবলম্বন

করিয়া যথাবিধি ধর্ম আচরণ করিয়া বেদবাক্য প্রতিপালন করত:, অভিপ্রেত লোকাদি প্রাপ্তি বিষয়ে আকাক্ষা করিবেন। আপনি এইমাত্র যে বিষম বন্ধি প্রাপ্ত হইয়া ধর্মপথের বিরুদ্ধে নাস্তিকের মত কথা বলিলেন তাহার জন্ম আমি, আমার পিতা যে আপনাকে যজ্ঞ-কার্যো বরণ করিয়াছিলেন. তজ্জন্য আমার পিতার সেই ক্লুত কার্য্যের নিন্দা করিতেছি। চোর যেমন দণ্ডার্হ, বৃদ্ধ তথাগত নাস্তিক ও আপনিও সেইরপ দণ্ডার্হ জানিবেন। প্রজাগণের বৃদ্ধি পরিশুদ্ধির জন্ত নান্তিক ব্যক্তিকে দণ্ডিত করা রাজার কর্ত্তব্য। পণ্ডিত ব্যক্তি অধার্মিক নান্তিক ব্যক্তির সহিত বাক্যালাপও করে না। আমি সত্য প্রতিপালনে প্রতিজ্ঞাবদ্ধ আছি, অতএব লোভ, মোহ বা অজ্ঞতাবশতঃ মুশ্ধচিত্ত না হইয়া পিতার সতাম্বরূপ নির্দেশ পালন করিয়া, আমি ক্ষাত্র ধর্ম পরিত্যাপ করিব না।" মহাতেজা রাম সক্রোধে এইরূপ বলিতে থাকিলে, দ্বিজ্বর জাবালি তথন আন্তিকা যুক্ত স্থপথ্য সত্যবাক্য বলিলেন "আমি নান্তিকদের কথা বলিতেছি না আমি নিজেও নান্তিক নহি। নান্তিক বলিয়াও কিছু নাই "ন চ নান্তি কিঞ্ন'। সময়ক্রমে আমি আন্তিক হইলাম। সময় বশতঃ কথন নান্তিক ও হই। যে সময় নান্তিকের লায় কথা বলিয়াছিলাম, সে শময় ক্রমশঃ গত হইয়াছে। রাম। তোমাকে বনবাস হইতে নিবৃত্ত হইবার জন্তই আমি এইরূপ কথা বলিয়াছিলাম।"

পরে রামকে জুদ্ধ বিবেচনা করিয়া বশিষ্ঠ কহিলেন "রাম! জাবালি নান্তিক নহেন। ইনিও লোকালোকে গতাগতির বিষয় সম্যক অবগত আছেন। কেবল তোমাকে বনবাস হইতে নিবৃত্ত করিবার মানসেই তিনি ঐসব কথা বলিয়াছেন।" বশিষ্ঠ তথন বলিলেন "কারণোপধি পরবৃদ্ধ হুইতে আপেক্ষিক নিতাত্বাদি গুণযুক্ত

শাশত ও অবায় ব্ৰহ্মা সমন্তত হন; ব্ৰহ্মা হইতে ম্বীচি। ম্বীচি পুত্র কশ্রপ, তৎপুত্র বিবস্থান, তৎপুত্র মন্থ এবং মন্থর পুত্র ইক্ষাকু প্রথমে অবোধাার রাজা হন। আর সেই ইক্ষাকু বংশেই তুমি জন্ম গ্রহণ করিয়াছ। এই বংশে অগ্রজ সন্তানই রাজা হন। জ্যেষ্ঠ বর্ত্তমান থাকিতে কনিষ্ঠ কথন রাজ্যাভিষিক্ত হয় না। স্থতরাং তোমার এক্ষণে স্নাতন কুলধর্ম বিনষ্ট করা কর্ত্তব্য নহে। তুমি পিতার ভাষ, বহু রাজাশালী এই পৃথিবী পালন কর। পুরুষ জন্ম গ্রহণ করিলে, আচার্য্য, পিতা ও মাতা এই তিনজন তাহার গুরু হন। পিতা পুরুষকে জন্ম দেন, আচার্য্য তাহাকে জ্ঞান দান করেন। এজন্ম তিনি গুরুপদ বাচ্য। আমি তোমার পিতারও সেই আচার্য্য, অতএব তুমি আমার বাক্য প্রতিপালন করিলে কদাচ সদৃগতি হইতে ভ্রষ্ট হইবে না। রাম কহিলেন "পিতামাতা নিয়ত সস্তানের জ্ঞ তাহার জন্মাব্ধি তাহাকে লালন পালন করিয়া থৈরপ ব্যবহার করেন, তাহার প্রতিদান কথনই সম্ভব নহে। সেই রাজা দশর্থ আমার জন্মদাতা পিতা, তিনি আমাকে যাহা আদেশ করিয়াছেন তাঁহার দে বাক্য মিথা। হইবে না।"

জাবালি ব্রাহ্মণোত্তম, দশরণের ষজ্ঞের ঋজিক। তাঁহার কর্ত্ক এই নান্তিকোচিত বাক্য যেন চার্ক্রাকম্প নিঃস্ত নান্তিকোরই উদলীরণ বলিয়া বোধ হয়। স্করাং বুঝা যায় তথন বা তৎপূর্ব্ব হইতেই চার্ক্রাক্ত দর্শনের আবির্জাব হইয়াছিল। কিন্তু তথাগত বুদ্ধ তথন কোথা হইতে দেখা দিলেন ? বৃদ্ধদেব তো, তাহার প্রায় তুই সহত্র বৎসর পরে জন্মগ্রহণ করিয়া তাঁহার তথাক্ষিত শৃত্যবাদও নির্ক্রাণ্ট্রিক বিষয় প্রচার করিয়াছিলেন। তিনি যে নান্তিক ছিলেন না তাহা পাঠক মনীয়ী পণ্ডিত হারেক্রনাথ দক্ত মহাশয়ের বহু গ্রেষ্ণাপূর্ণ

"বুদ্ধের নান্তিকতা" শীর্ষক গ্রন্থে বেশ দেখিতে পাইবেন। আমাদেরও সেই মত। বুদ্ধের শৃতাই উপনিষদের ব্রহ্ম "যৎ শৃতাবাদিনাং শৃতা उक्ष उक्षवािनाः" हेश উপনিষদেই আছে। আমরা এই গ্রন্থে স্থানে স্থানে ব্রন্ধকে শুতাকারেই উল্লেখ করিয়াছি। তৈত্তিরীয় উপনিষদের ঋষিও তাহা হইলে শুলুবাদী, কেন না তিনি বলিয়াছেন "তুমাৎ বা এতস্মাৎ আত্মনঃ আকাশঃ সম্ভূতঃ।" আকাশও শূন্য। স্ত্রাং আকাশ যাহা হইতে দস্তুত হইয়াছে, দেই জন্মদাতা আত্মাও শুন্ত। আবার বৈদিক ঋষিও জলদ গম্ভীর স্বরে বলিলেন,—"অহং স্থবেপিতরমস্ত মুর্দ্ধন।" আমি এই পিতরং রূপ আকাশের প্রস্বয়িতা ও তাহারও শীর্ষোপরি। একটা কিছু না থাকিলে তাহা হইতে আর একটা কিছু জনিতে পারে না। বীজ না থাকিলে তাহা হইতে অঙ্গুর হয় না। "অসতো সদজায়তঃ"। যদি একটা কিছু ছিলই, তাহা হইলে তাহা শূতাকারেই ছিল। শূতরূপ আঁকাশ হইতে পর পর বায়, জল ও পৃথিবী হইল। স্বতরাং আকাশ শৃত্ত হইলেও একটা বস্তঃ আমরা তাহা প্রতাক্ষ করিতে পারি না, কাজেই তাহার সন্থাও উপলব্ধি করিতে পারি না। গণিতেও বলে শুধু শুন্তের পর যাহা থাকে তাহার মূল্যও শূন। কিন্তু শূন্ত আকাশ হইতে যাহা হইয়াছে তাহার মূল্য আছে। এই আকাশ ইন্দ্রিয় দ্বারা দ্রষ্টব্য নহে। কাজেই আপাত-দৃশ্য শৃত্য। আকাশকে নীলবর্ণ কটাহাকারে দৃষ্ট হয়। তাহা আমাদের ভ্রান্ত দৃষ্টি। আমরাও সেই শূন্তের সন্থা উপলব্ধি করিতে পারি না, তাই বলি শূন্ত আকাশ---সত্বাহীন। বুদ্ধ ও জাবালি এই শৃত্যের সত্বা উপলব্ধি করিয়াছিলেন। স্থতরাং জাবালির উপদেশকে নান্তিকতা অভিহিত করিয়া, তাঁহাকে চার্কাকের প্র্যায়ে ফেলিয়া, আবার তাহার সহিত বুদ্ধেরও নান্তিকতা উল্লেখ করিয়া একটা সমভাবের সমাবেশ করা তইয়াছে। তাই বোধ হয় ইহা পরবর্ত্তী, বৌদ্ধর্মের উৎসন্ন করিয়া. নিৰ্বাপিত প্ৰায় তথাকথিত ব্ৰাহ্মণ্য-ধৰ্মের কন্ধালসার বৈদিক যাগ-যজাদির পুনঃ প্রচলন জন্ম, মধ্যযুগে বৌদ্ধধর্মাবলম্বীরূপপাষগুদলনকারী ব্রাহ্মণগণ কর্ত্তক, বিশেষ চাতুর্য্যের সহিত এইস্থানে প্রক্ষিপ্ত হইয়াছে। আর তাহাই মূল বাল্মীকি রামায়ণে সন্নিবেশিত হওয়ায়, ইহা যে রালীকিবই উক্তি তাহাই প্রমাণিত করা হইতেছে।

জাবালি কি প্রকৃতই নান্তিক ছিলেন ? তিনি নিজেই বলিয়াছেন তিনি যুথন নান্তিক ছিলেন, সেই সময় ক্রমশং অতিবাহিত হইয়া এখন ধীরে আন্তিকতার কালই আসিতেছে। তিনিও প্রয়োজন বোধে কখনও নান্তিক আবার কখনও আন্তিক সাজেন।

"নিলামাহং কর্মকৃতং পিতৃন্তদ্ ন নান্তিকানাং বচনং ব্রবীমাহং যংত্বামগৃহাদ্বিষমস্থ বৃদ্ধিম্। বদ্ধ্যানয়ৈবং বিধয়া চরন্তং স্থনান্তিকং ধর্মপথাদপেতম ॥ যথা হি চৌরঃ স তথাহি বুদ্ধ স্বথাগতং নাস্কিকমত্র বিদ্ধি॥ ...উবাচ পথাং পুনরাস্তিকঞ্চ নিবর্ত্তনার্থং তব রাম কারণাৎ সত্যং বচঃ দাতুনয়ঞ্ বিপ্রঃ ॥ প্রসাদনার্থক ময়ৈতদীরিতম ॥"

ন নান্তিকোইহং ন চ নান্তি কিঞ্চন। সমীক্ষা কালং পুনরান্তিকোহভবম্ তবেয় কালে পুনরেব নান্ডিক:॥ স চাপি কালোহয়মুপাগতঃ শনৈ-র্যথা ময়া নান্তিক বাগুদীরিতা।

অর্থাং তিনি উপস্থিত ক্ষেত্রে দশরথের যজ্ঞভূমিতে ঋত্বিকরণে ব্রতী হইয়া যজ্ঞফলে বিশ্বাদী, স্থতরাং আন্তিক রূপে সমাদত। তথনকার রাজারা প্রায় অধিকাংশই অখনেধাদি যাগষজ্ঞ সম্পন্ন করিয়া স্বর্গলাভ প্রয়াসী ছিলেন। বেদেও কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড চুই প্রকারই আছে। জ্ঞানকাণ্ডে সাধনা ও তপস্থা দ্বারা নিশ্রেয়সঃ বা, ব্রহ্মজ্ঞান লাভ, আর কর্মকাথে যাগয়জ্ঞাদির ফলে অগ্নি, বরুণ ও সোমের লোক বা স্বর্গলাভ।

জ্ঞানকাণ্ডে সমস্ত সাংসারিক স্থথভোগাদি পরিত্যাগ করিয়া, অধিকাংশ অবস্থায় লোকালয় বা জনপদ হইতে দুরে থাকিয়া নির্জ্জনে বাস করিয়া সাধনাই মুখাপম্বা। তাই তাহাকে আরণাক উপনিষদের জ্ঞান কহে। এই তত্তজান, রাজ্যভোগ বিলাদের মধ্যে থাকিয়া অজ্জন করা অসম্ভব। স্থতরাং রাজারা এই জ্ঞান মার্গের আচরণ করিতে অধিকারী হইতে পারিতেন না। তাই ব্রাহ্মণগণ তাঁহাদিগকে কর্ম মার্গে প্রবৃত্ত করাইয়া, স্বর্গাদিলাভের প্রলোভনে, এই যজ্ঞাদি কন্মের প্রচলন করিয়াছিলেন। জাবালি ঋষি ব্রান্ধণোত্তম অর্থাৎ একজন শ্রেষ্ঠ ব্রাহ্মণ ছিলেন। তিনি জ্বালা নামী কোন ব্রাহ্মণেত্র নাবীর গর্ভে অজ্ঞাত পিত ঔরসে জন্মগ্রহণ করিয়া মাতুনামেই জাবালি নামে পরিচিত। তিনিই পরে ব্রান্ধণোত্তমগণ কর্ত্ব ব্রান্ধণপদে উন্নীত হইয়া সত্যকাম নামে অভিহিত হইয়াছিলেন। অর্থাং তাঁহার ব্রহ্মজ্ঞান লাভেই, তিনি জাতিগত বান্ধণাপদ প্রাপ্ত না হইয়াও প্রকৃত বান্ধণ-পদবাচ্য হওয়াতেই, সমস্ত ব্রাহ্মণোত্তমগণ সহিত রাজা দশরথের গতে ঋত্বিপদে বৃত হইয়া, বশিষ্ঠাদি কর্ত্বও সমাদত হইতেন। তাঁহার নান্তিকা, তাহা হইলে তাঁহার ব্রহ্মজ্ঞানই প্রমাণিত হয়। এই আত্মজানী ও বন্ধবাদী মহাপুরুষদিগ্রেও সাধারণতঃ নান্তিকই বলা হয়। তাই বেদান্তভায়কারী আচার্য্য শঙ্করও গুপ্তনান্তিক বা প্রক্তন্ন বন্ধ নামে অভিহিত হইয়াছেন। ইহাই দেখাইবার জন্ম আমরা. অবৈতবাদী ব্রহ্মবিদ ঋষি যাজ্ঞবন্ধ্য, তাঁহার পত্নীকে অমৃতপ্রাপ্তির উপায় বলিতে ঘাইয়া যে উপদেশ দিয়াছিলেন তাহাই, জাবালির উক্তির সহিত তুলনার জন্ম, অনধীত পাঠকবর্গের বিদিতার্থ, সংক্ষেপে সরল ভাষায় উল্লেখ করিতেছি। ইহা বুহদারণাক উপনিষদে ৰণিত আছে।

যে যাজ্ঞবন্ধা ঋষি রাজ্ঞষি জনককে ব্রহ্মজ্ঞানের উপদেশ দিয়াছিলেন তিনি প্রজ্ঞা বা সন্ন্যাসগ্রহণের পূর্কে তাঁহার স্তীদ্বয় মৈত্রেয়ী ও কাত্যায়নীকে তাঁহার ধন-সম্পত্তি বিভাগ করিয়া দিলে, মৈত্রেয়ী বলিলেন "এই ধন-দম্পত্তি তে। ধ্বংদশীল, ইহা হইতে কি অমৃত পাইব ? তথন যাজ্ঞবন্ধা বলিলেন, "তুমি আমার প্রিয় কথাই বলিয়াছ। ইহা তো সামান্ত, তুমি সমন্ত পৃথিবীর বিভব পাইলেও অমৃতের সন্ধান পাইবে না যেহেতু এই পৃথিবীটাও বিনাশশীল। তথন মৈত্রেয়ী বলিলেন, "আমি এই তৃচ্ছ ধনসম্পত্তি লইয়া কি করিব, আমাকে সেই অমতের সন্ধান দিন।" তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন, "অরে মৈত্রেয়ী। পতির কামের (প্রীতির) জন্ত পতি কথনই পত্নীর প্রিয় হয়না; পরস্ত আত্ম-প্রীতির জন্ম পত্নী পত্তির প্রিয়া হইয়া থাকে। পতি যে পত্নীকে ভালবাদে দে নিজের স্বার্থের জন্মই-তাহার বংশরক্ষা করিতে হইবে, সেই স্নভানকে লালন-পালন করিতে इहेर्द, शाईन्डा ममन्ड कांधा स्मृद्धानाग्र मुल्लामन कतिएछ इहेर्द, ইন্দ্রিয় প্রবৃত্তি চরিতার্থ করিতে হইবে, আর জরাবস্থায় দেবাও চাই-এই সমস্ত কামনা সিদ্ধির জন্ম। পক্ষান্তরে পত্নী স্বামীকে ভালবাসে নিজের স্বার্থ সিদ্ধির জন্ম—তাহার স্বামী তাহার অল্ল বস্ত্রদাতা ভয়ত্রাতা ও ইন্দ্রিয় ভোগের সহায়। পিতা তাহাকে বিদায় করিয়া বাঁচিয়াছেন, তিনি নিজ সম্পত্তি নিংশেষে পুত্রগণকে দিয়া তাহাকে তাহাতেও বঞ্চিত করিয়াছেন: তাহার দাঁড়াইবার স্থান কোথায়? তাই স্বামীর প্রিয়ই হউক আর অপ্রিয়ই হউক, তাহার একমাত্র আশ্রয় স্থানই স্বামীপদতল। পিতা পুত্ৰকে ভালবাদে, পুত্ৰ পিতাকে ভালবাদে এইরপেই নিজ নিজ কামনা সিদ্ধির জন্ম। দরিত্র পিতা, সন্তানকে মাহুষের মত করিবার জন্ত, নিজে আধপেটা থাইয়াও তাহার চেষ্টা

করে—ভবিশ্বতে তাহার বুদ্ধাবস্থায় তাহাকে ভরণপোষণ করিবে। আর বিজ্ঞালী পিতা বা পেনসনভোগী পিতা অতি দীর্ঘজীবী হইলে সম্ভানের নিকট সেবা পাইবার জন্ম এবং নিজের বংশগৌরব রক্ষার জন্ম, পত্র পৌত্রের জন্ম, বিত্ত সঞ্চয় করিয়া রাথেন। পেনসন ভোগী পিতার না কতই আদর। পুত্তও পিতার নিকট কড়ায় গণ্ডায় আদায় করিয়া নিজের স্বার্থ সাধন করে: বিজ্ঞালী পিতার দীর্ঘপরমায় হইলে, তাহার মত্যকামনাও করে। মাতাও পুত্রের লালন পালন করে-পুত্রের নিকট ভবিষ্যং প্রতিদান প্রাপ্তির কামনায়। নিয়মিত রাজস্ব প্রাপ্ত হইলেই. প্রজা প্রিয় হয়, রাজাও প্রজারঞ্জক হয়। রাজাও প্রজার হিতার্থ অর্থবায় করিলে 'রামবাজা' হয়। প্রবাসের ভোগস্তথ বিলাদে প্রমত্ত বাজা তাহার প্রজার প্রিয় হন কি ? নিজের প্রীতি ও মঙ্গল সাধনের জন্তই দেবতার পূজা করা হয়, আবার সেই দেবতাই যথন বারমাসে তের পার্বণে পূজাভোগাদি থাইয়াও, একটা প্রিয় পত্রের জীবন রক্ষা করিতে পারেন না, তখন অকুতজ্ঞ বোধে পরিত্যক্ত হন। দেবতাও যদি সত্য পজা ভোগ গ্রহণ করিয়া তপ্ত হন, তাহা হইলে সেই মামুলি সেবা পাইবার আকাজ্যাতেই, তাঁহার পুজককে প্রিয় মনে করেন। বস্তুতঃ পক্ষে "অপরের জন্য কাঁদে হেন জন আছে কি ধরায় ?" তাহা হইলে দেখা যাইতেছে জাবালি ঋষি ও যাজ্ঞবান্ধা একই রূপ উক্তি করিয়াছেন। জীব যে একলা নিঃসম্বল আসে আবার একলা নিঃসম্বল যায়, ইহা তো লোকের সর্ব্বদাই প্রত্যক্ষণোচর হইতেছে। তুদিনের জ্ব্যু আসিয়া লীলাখেলা বইতো নয়? তাই কবি অমৃতলাল বলিয়াছেন "হেদে নাও ছদিন বইতো নয়, কে জানে কবে কার সন্ধ্যা হয়": গিরিশচন্দ্র গাহিলেন

"মন আমার দিন কাটা'লি, মূল খোষালি' ভাল ব্যাসাদ ক'র্লি ভবে। একলা এ'লে একলা যা'বে, মুখচেয়ে কার আছ ত'বে। কে তুমি ? বলছ কারে! দেখ্ ভেবে আর ভাব বি কবে তোর ভান্ধবে মেলা, ভবের খেলা, চিতার ছাই নিশানা রবে॥"

শান্তে বলে যজ্ঞাদি ধর্ম কর্ম সম্পাদনে পরলোকে স্বর্গস্থ ভোগ হয়। কে কবে মৃত্যুর পরপার হইতে ফিরিয়া আদিয়া তাহার স্মৃতি পুনজন্ম অব্যাহত রাখিয়া দেই অবস্থার কথা বলিতে পারিয়াছে? বড় জোর শুনিতে পাওয়া যায় কোন কোন শিশু তাহার পূর্বজন্মের কথা কিছু স্মরণ রাখিয়া তাহা বলিতে পারে। তাহার মৃত্যু হইতে পুনর্জনা গ্রহণের মধ্যভাগে যে সময় অতিবাহিত হইয়াছে তাহার কথা কেহই বলিতে পারে না। যদি উপনিষদের মতে, জীব জলৌকার (জোঁকের) মত একই সময়ে একদেহ পরিত্যাগ করিয়া দ্বিতীয় দেহ আশ্রয় করে তাহা হইলে আর মধ্যবত্তী কোন কাল থাকে না এবং শ্রাদ্ধাদি কার্য্য দ্বারা পিতৃপিওদানেরও কোনও সার্থকতা থাকেনা। অধুনাতন উত্তরাধিকারস্থকে পিতৃর্ত্তি প্রাপ্ত বা দারিত্র্য হইতে স্বীয় পৌরুষবলে উপার্জিত ধনে বিত্তশালী ব্যক্তিরা, যে মহা আডম্বরে পিতপ্রাদ্ধাদি করেন তাহার অধিকাংশই নিজদের ধনগর্কা প্রকাশের বা যশাকাজ্ঞা প্রকাশেরই প্রতীক নহে কি ? কেই ইয়তো তাহাদের এই অবস্থা প্রাপ্তির জন্ম পিতার প্রতি কৃতজ্ঞতা বশতঃও তাহা করিয়া থাকেন। শান্ত বিশাসীরাই এই প্রাদ্ধাদিকার্য্য বিনা আডম্বরেই অফুষ্ঠান করেন। তাই বোধ হয় ইহাই অব্যাহত রাথিবার প্রয়োজন বোধে, আবার দেই উপনিষদকারই বলিয়াছেন এই মধ্যবত্তী সময়ে কোন কোন জীবাঝা তাহার লিঙ্কশরীর সহ প্রেত বা ফুল্ম শরীরে থাকে এবং যতদিন তাহার ধর্মাধর্ম বা কর্মাকর্মের

ভোগের জন্ম উপযুক্ত আশ্রয়স্থান না প্রাপ্ত হয়, ততদিন স্থূল দেহ ধারণ করে না। লোকের সদাচরণে ও ধর্ম প্রবৃত্তি লওয়াইবার জন্ম এই উক্তি বিশেষ দহায়, অগুথা সমাজে উচ্ছুঞ্লতা ও অধর্ম বুদ্ধি হইলে সমাজবন্ধন ছিল্ল ভিল্ল হইয়া জনসমাজ ধ্বংসের পথে যাইবার সম্ভব। যদি এই উক্তি সতা হয়, তাহা হইলে এ লিম্ন দেহে মন থাকাতেই ঐ জাতিশারগুলি তাহাদের পূর্বজন্মের শ্বতি বহন করিয়া আনিয়াছিল। যদি মনই ছিল, তাহা হইলে কেন তাহারা এই মধ্যবর্ত্তী অবস্থার কথা বলিতে পারে না ? লিঞ্চদেহে মন, বন্ধি, অহঙ্কার, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চকর্মেন্দ্রিয় ও পঞ্চন্মাত্র এই আঠার ১৮ তত্ত্ব সৃষ্মভাবে থাকে ইহাই সাংখ্যমত। যদি লিঞ্চদেহ পিতৃ, বরুণ, চন্দ্র লোকাদি বা স্বর্গাদি স্থানে যথায়থ ভোগ করিয়াও ধর্মাধর্ম ও কর্মাকর্মের ফলাত্রযায়ী, শাস্ত্রকারদের মতে, পুনরায় মতুষ্য দেহ ধারণ করে, তাহা হইলে জাতিশারদের সে শ্বতিও অব্যাহত থাকিত। কিন্তু এরপ কেহ কথনও শুনিয়াছেন কি ? স্থতরাং প্রমাণাভাবে শাস্ত্রকারদের সহিত এ বিষয়ে অনেকেই একমত না হইতে পারে। হয় জীব লিঙ্গদেহে শ্রেই, কিছুকাল তাহার আশ্রয়ন্থান নির্ণয় না হওয়া পর্যান্ত থাকে, অথবা সে লিঞ্চদেহ বৰ্জিত হইয়া মুক্ত হয়। তাই সেই শুন্ত অবস্থায় মনের কিছু দৃষ্ট না হওয়ায় দে স্থানের অবস্থারও কোন স্মৃতি থাকে না। লিঙ্গদেহ বর্জিত হইতে হইলে তাহার মনে যে কামনার বা ভোগের সংস্কার বা বন্দ্রের ছাপের ত্যায় দাগ বা গন্ধ দারা সংশ্লিষ্ট হওয়ার ত্যায় ভাব থাকে তাহাও পরিতাক্ত হওয়া চাই। দাগশুল শুল্রবস্তু বা গন্ধশৃত বিশুদ্ধ বস্ত্র, অনেক ধোপের পরই হয়। সেই রূপ এই মনকেও শুদ্ধ করিতে হইলে বা তাহাকে দমন্ত কামনা বাদনার ছাপ, দাগ বা গন্ধভাব হইতে মুক্ত করিতে হইলে, তাহাকে অনেক ধোপ খাওয়াইতে হয় এবং তাহা নিজেই করিতে হয়। সেই আচরণ সাধনা ও অভ্যাস ছারা ক্বত হয়। উপযুক্ত গুরু, সেই ধৌত করার উপাদান বা মালমসল্লাও তাহার প্রণালীর উপদেশ দিতে পারেন। রজকের ন্থায় কায়িক ও মানসিক পরিশ্রমটা নিজকেই করিতে হয়। এইরূপ অনেক 'আছড়ানে' ধোপ খাইলে সেই বস্ত্রের লিপ্ত ছাপ বা দাগ বা গন্ধ ভাব রূপ অক্লিন্ন পদার্থ হইতে মনও মুক্ত হইয়া শুদ্ধসন্থ হয় এবং মনও লয় হয়। কেননা মন, নির্মাল নিশ্চল স্থির সমুদ্রের ন্থায় পরমায়ায়, তাহাতে (সমুদ্রে) বাত্যা বিতাড়িত ক্ষ্ম তরঙ্গের উখানের ন্থায়, চঞ্চলতারূপে উথিত হয়। এই বাত্যাই পরমান্থার কল্পনা বা ক্ষমনা বা ক্যমনা বা ক্ষমনা বা

তাহা হইলে দেখা যাইতেছে জীবের এই ছই পরিণাম। হয় তরক্ষের পর তরঙ্গের হায় পুন:পুন: জন্মগ্রহণ, অথবা তাহারই মত একবারে সমৃত্রজনে বিলীন হইবার পর পরমাত্মার দহিত অবিচ্ছেন্ত মিলন বা তাহাতেই বিনাশপ্রাথ্য হওন। মনের এই বিনাশপ্রাপ্তিকেই নির্বাণ কহে। আর এই অবস্থাই জীবের মৃক্ত অবস্থা। এই অবস্থায় মন না থাকাতে তাহার স্মৃতিও থাকে না। স্কৃতরাং সে অবস্থা হইতে ফিরিয়া আদিলেও সে অবস্থার কথা বলিবার অসামর্থা হেতুই তাহা অবর্ণনীয়। মৃত্যুর পরের অবস্থার কথা, মৃত্যুপ্রাপ্ত হইয়া যে মৃত্যুতে স্থিতি হয়, সেই মৃত্যুই বলিতে পারে। যমই এই মৃত্যুর প্রতীক। তাই কঠোপনিষদে আছে যমের দ্বারস্থ হইয়াই নচিকেতা মৃত্যু বা যমকেই জিজ্ঞানা করিয়াছিলেন মৃত্যুর পর জীবের কি অবস্থা হয়। মৃত্যুরূপী যম তাঁহাকে বলিলেন—

"যোনিমত্তো প্রপান্ততে ইত্যাদি।" নিজ নিজ কর্ম ও জ্ঞান অন্নারে কোন কোন দেহী শরীর গ্রহণার্থ ঘোনিষার প্রাপ্ত হয়, অর্থাৎ শুক্রশোণিত সংঘোগে উৎপন্ন হয়। অপর কোন কোন দেহী স্থান্থ অর্থাং বৃক্ষ শাষাণাদি দেহ লাভ করে। তারপরে বলিলেন অগ্নির্যথকো ভূবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপোর্বভূব। একস্তথা সর্বভূতান্তরাত্মার রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ।"

এই অগ্নি যেরপ জগতে প্রবেশপূর্বক বিভিন্ন দাহাপদার্থ সংযোগে তদমূরপ প্রতীয়মান হইয়া থাকে, সেইরপ সর্বভৃতের অভ্যন্তরন্থ আত্মা এক হইয়াও ভিন্ন ভিন্ন দেহরূপ উপাধি অন্তর্রূপ বলিয়া প্রতীয়মান হন। এইরূপে বায়ুর সহিত উপমাদির পর বলিলেন—

"সূর্যো যথা দর্বলোকস্ত চক্ষ্ নিলিপাতে চ চাক্ষ্ট্য বাহ্য দোষৈঃ। একস্তথা দর্বজ্জাস্তরাত্মা ন লিপাতে লোক ত্বংখেন বাহাঃ॥"

অর্থাং যেমন একই সূর্য্য সর্বলোকের চক্ষু অর্থাং নিয়ন্ত্রণে চক্ষ্র অভ্যন্তরন্থ হইয়াও চক্ষ্মসন্ধীয় বাহ্য পদার্থের দোষে লিপ্ত হন্ না, তেমনি সর্বভৃতের অন্তরাত্মা এক হইয়াও লোক ছঃথে লিপ্ত হন্ না, কারণ তিনি চক্ষ্র অধিষ্ঠাতা হইয়াও বাহ্য অর্থাং সর্বতোভাবে অসঙ্গ। শেষে বলিলেন—

"একো বনী দৰ্বভৃতান্তরাত্মা একং রূপং বহুধা য করোতি। তমাত্মস্থং যেহমুপশ্রন্তি ধীরা স্তেষাং স্বধং শাখতং নেতরেষাম্॥"

বনী (সর্বনিয়ন্তা) ও সর্বভৃতের অন্তরাত্মা স্বরূপ যিনি এক হইয়াও
স্বীয় একটী রূপকে দেব, তির্যাক ও মহায়াদি ভেদে বহু প্রকার করিয়া
থাকেন। নিজ নিজ বৃদ্ধিতে প্রকাশমান দেই আত্মাকে যে সকল
বিবেকিগ্ণ সাক্ষাৎ অন্থভব করেন, তাঁহাদেরই নিত্যস্থ লাভ হয়,
অপরের হয় না।

শামরা বৃহজ্জাবাল্যোপনিষদে দিতীয় রান্ধণে নিম্নলিখিত শ্লোকটা পাই। ভৃষণ্ড: নামক কাক কালাগ্নিকদকে ভন্মসানবিধি জিজ্ঞাসা কবিলে তিনি বলিয়াছিলেন "অগ্নিযথৈকো—এবং ভন্ম সর্কর্মান্ডরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিন্দ।" ইহা সেই কঠোপনিষদের শ্লোকটা সম্যক্ উদ্ধৃত, কেবল একন্তথা স্থানে ভন্ম বলা হইয়াছে। এই ভন্মের রূপই ইহাতে নানাপ্রকারে দেখান হইয়াছে। ইহার প্রথম ব্যান্ধণে ঋণ্বেদের সেই প্রসিদ্ধ স্কের পুনকল্লেখ করা হইয়াছে

> "কামন্তদগ্রে সমবর্ত্তাধি মনদোরেতঃ প্রথমং যদাদীৎ। সতো বন্ধুমদতি নিরবিন্দন্ হৃদি প্রতীয়া কবয়োম্পীধো॥"

অর্থাৎ ইহার মনে যে রেত অর্থাৎ বীজ প্রথমে নিংসত হইয়ছিল, তাহাই আরন্তে কাম (অর্থাৎ জগং সৃষ্টি করিবার প্রবৃত্তি কিয়া শক্তি) হইয়াছে। জ্ঞানীরা অস্তঃকরণে বিচার করিয়া বৃদ্ধির দ্বারা নির্দ্ধান করিয়াছেন যে ইহাই অসতের মধ্যে অর্থাৎ মৃল পরব্রহেম্বর মধ্যে সংএর অর্থাৎ নশ্বর দৃষ্ঠা জগতের প্রথম সম্বন্ধ। এথন যদি ইহা জাবালির বাক্যই হয়, তাহা হইলে প্রায় ৪০০ বংসর পর কঠ ঋষিকর্তৃক রচিত এই শ্লোক এম্বানে জাবালি বাক্যরূপে স্থান পাইল কিরপে? কঠঝিষ মহাভারতের কালে বর্তমান ছিলেন ইহা মহাভারতেই দেখিতে পাওয়া যায়। স্বতরাং ইহাই প্রতিপন্ন হয় যে জাবালিও যাহা বলিয়াছিলেন কঠও তাহাই বলিয়াছেন। উভয়েই আয়েজ্ঞানী ছিলেন। স্বতরাং উভয়ের বাক্য যে একরূপ হইতে পারে তাহাতে আর্দ্ধায় হইবার কি আছে । এরপ অবস্থায় জাবালি কিরপে নাত্তিক প্রতিপন্ন হইলেন ? বিবেকচক্ষ্তে দেখিলে জাবালির কথাগুলি আয়েজ্ঞানীরই উক্তি। স্বতরাং রাম তাহা বৃঝিতে পারেন নাই, তাই তিনি পিতৃসত্যপালনে ক্ষাত্রধর্ম প্রতিপালনই শ্লেষ্ঠ ইহাই

বলিয়াছিলেন। অহৈতবাদী প্রজ্ঞাপ্রাপ্ত হইয়াই বলেন "অহং বন্ধান্ম" "সোহহং"। তিনি আত্মজ্ঞ। আত্মার অন্তিত্ব অস্বীকার করিলে নিজেরও অন্তিত্ব অস্বীকার করিতেন। যথন আত্মারপী অহং বলিয়াছেন. তথনই আত্মারও অন্তিত্ব স্বীকার করিয়াছেন। স্থতরাং এই বাক্যবাদী আতিক নহেন কোন বিচারে ? এই আত্মারূপী আমিই ব্রহ্ম এইরূপ বলাতে ব্রহ্মেরও অন্তিত্ব স্বীকার করিয়াছেন। প্রভেদ এই তিনি দৈতবাদীর আয় নিজকে দাস ভাবিয়া 'তিনিই ইহা করিতেছেন,' 'তাঁহারই ইচ্ছায় ইহা হইতেছে' বলিয়া দ্বিতীয় ঈশবের অভিন স্বীকার করেন না। এই সমস্য আতাজ্ঞানী ঋষিদিগকে নান্তিক বলিলে "অহং ক্লন্তেভিবস্থভিশ্চরাম্যহরুতবিশ্বদেবেঃ ইত্যাদি" বাক্য বক্তা ঋগ বেদের ঋষি হইতে আরম্ভ করিয়া সমস্ত উপনিষদকার ঋষিদিগকেও নান্তিক বলিতে হয়। তাহা হইলে বেদ বেদান্ত উপনিষদ সমন্তকে মিথা। বলিয়া দেব দেবতা বিশ্বাসী ও তাহাদের পূজা উপাসনা প্রবর্ত্তক এবং যজ্ঞাদি অমুষ্ঠান প্রচারক পৌরাণিক ঋষিদের বাকাই একমাত্র সত্য বলিয়া স্বীকার করিতে হয়। এরপ অবস্থায় উক্ত আত্মজ্ঞানী ঋষির বাকা, বেদে স্থান প্রাপ্ত হওয়াতে বেদবাকাও মিথাা হয়, স্বতরাং বেদবাক্যান্ত্রসারী শ্রুতিগ্রন্থগুলিও অসার প্রতিপন্ন হয়। ইহার বিচার इसी পाঠकरमत विदवकविक बाता विठादतत छेपत्रे निर्जंत करता। আবার জাবালিই বলিয়াছেন "আমি নান্তিক ছিলাম, আবার সময় বিশেষে আন্তিকও হই"। অর্থাৎ জ্ঞানী সমাজে আমি আত্মবিশ্বাসী আন্তিকরূপে নান্তিক, আর দশরথের ন্যায় যজ্ঞফল বিশ্বাসীর যজ্ঞে ব্ৰতী হইয়া আমি এখন তথাক্থিত আন্তিক্ও হইয়াছি। কাজেই তংপুত্র তোমার নিকটে আবার আমার আন্তিক্য স্বীকার করিতেছি। সেই আত্মজ্ঞানের সত্যযুগ এখন তিরোহিত হইয়া এখন যাগ্যজ্ঞাদির প্রসার ক্রমে বাডিয়া চলিতেছে (যাহার ধারাবাহিক বিবরণ মহাভারতে জনমেজয়ের যজ্ঞ পর্যান্ত প্রাপ্ত হওয়া যায়) অর্থাং সেই আদিজ্ঞানী কপিল ঋষির ও বৈদিক ঋষিদের আত্মজানসম্ভূত জ্ঞানরাশি তথন প্রজ্ঞলিত থাকাতে তাহা মূনি সমাজের অনেকেরই আত্মজ্ঞান লাভের কারণ হইয়াছিল। এখন তাহা নির্বাপিত প্রায় হওয়াতে, তাঁহাদেরই বংশধরেরা দেই পরমশ্রেয়দঃ জ্ঞান হারাইয়া রাজপ্রসাদলাভার্থ রাজাদের যজ্ঞে যজ্ঞামুষ্ঠানের ঋত্বিকরূপে পরাধীন হইয়া তাঁহাদেরই তৃষ্টি সাধন করিতেছেন। কাজেই এখন যে কাল ক্রমে আদিতেছে তাহাতে আত্মজানের নিদর্শনও ক্রমে অন্তর্হিত হইতেছে। তাই তিনি বলিলেন সে নান্তিকতার কাল গিয়াছে, এখন আন্তিকতারই প্রাত্মতাব বেশি হইয়াছে। তিনি নান্তিক হইলে ব্রহ্মর্ষি বশিষ্ঠ তাঁহাকে আন্তিক ব্রাহ্মণোত্তম বলিয়া তাঁহার বাক্যের অমুমোদন করিতেন না।

ব্রান্ধণোত্তম আত্মজ্ঞানী জাবালির মুখে এই কথা বলাইবার বালীকির একটা উদ্দেশ্য ছিল। তিনি প্রথমে বিশ্বামিত্র কর্ত্তক দীক্ষিত রামকে মনদংযম শিক্ষা দেওয়াইয়া, তাঁহার দারাই, দেই কপিলোক্ত আত্মজ্ঞান লাভের জন্ম, রাজ্যি জনকের নিকট উপদিষ্ট করাইলেন। আত্মজ্ঞোতিদর্শন একবার হইলেই আত্মজ্ঞান চিরকাল সমভাবে অটুট থাকেনা। একজন লোককে বহুবংসর পূর্বে দেথিলেই যে তাহার স্থতি মনে চিরস্তন জাগ্রত থাকে ইহা কোথায়ও দেখা যায়না। তাহাকে যদি মধ্যে মধ্যে দেখা যায় তাহা হইলে তাহার স্থৃতি জাগরুক থাকে এবং তাহার রূপের ক্রম পরিবর্তনেও তাহার ব্যত্যয় हम्रना। এইজন্ম निष्कामन नाजरात्रिक औत्रान व्यानकरक এইরূপ সমস্তার সম্মুখীন হইতে হইয়াছে। ভাওয়ালের সন্ন্যাসী তাহার প্রকৃষ্ট দৃষ্টান্ত। স্বতরাং এই বিহ্যাদাকারে দৃষ্ট আত্মজ্যোতি দর্শনেই যে

আত্মজান প্রকৃষ্টরূপে লাভ হয় তাহা নহে। সমভাবে দীর্ঘকাল কঠোর অভাাস করিলেই তাহা স্থির সৌদামিনী হয়। তিব্বতী বাবা ইহাই বলিতেন, এবং আরও বলিতেন "ভারবাহী কুলির ন্ত্যায় যত মোট বহন করিতে পারিবে ততবেশি উপার্জ্জনও সঞ্চয় হইবে"। আর এই সৌদামিনী স্থিরা হইলেই আত্মান্তভতিও স্থির इय । चान्सवर्य चर्याधा बाज्यामार जानकी बारमब महत्वी हिल्लन. কিন্তু আতাজ্যোতিরপা বৈদেহী সীতাও কি তাঁহার মানসন্যনে তজপ বিজ্ঞানা ছিলেন ? যদি প্রকৃত সেই বৈদেহী তাঁহার হৃদয়ে সতত জাগৰুক খাকিত তাহা হইলে স্বেচ্ছায় বনবাস যাত্ৰাকালে তিনিই অগ্রে তাঁহাকে বলিতেন "তুমিই আমার চিরসঙ্গিনী, রাজ্য পরিত্যাগ করিতে পারি, কিন্তু তোমাকে পরিত্যাগ করিতে পারিনা।" কিন্ত যখন রাম একাকী যাইতে উদাত হইলেন, তখন সীতাই তাঁহাকে প্রার্থনা করিয়া তাঁহার সঙ্গে যাইলেন। আর যদি আত্মজানলাভই তাঁহার মুখ্য উদ্দেশ্য থাকিত তাহা হইলে তিনি বলিতেন তাঁহার এখন সাধনার প্রয়োজন। যতদিন পিতা তাঁহাকে নয়নান্তরাল করিতে পারেন নাই, তত্দিন তাঁহার দেকার্যা স্থ্রপুরূপে আচ্রিত হয় নাই, এখন পিতার এই সত্য পালনরূপ বনবাদে, দে স্থযোগ উপস্থিত হওয়াতে তাঁহার ष्यভीष्टे निष्कित भरथत वाधा पृत इहेल। জावालित मिहे नात्रगर्ड উপদেশে যদি রাম উপরোক্তরূপ বলিয়া স্বেচ্ছায়ত্যক্ত রাজ্পদ গ্রহণে স্বীকৃত না হইতেন তাহা হইলে আঅ্জানী রামের পক্ষে শোভন হইত। কিন্ধ তংপরিবর্ত্তে তিনি কুপিত হইয়া বলিলেন পিতার প্রতি কুতজ্ঞতা প্রদর্শনার্থ কৈকেয়ীকে দত্ত তাঁহার (পিতার) প্রতিশ্রুতি পালনের সাহায্যের জন্ম, ক্ষাত্রধর্ম পালন উদ্দেশ্যে তিনি বনে আগমন করিয়াছেন। তিনি ফলমূল পুষ্পদ্বারা পিতৃগণ ও দেবগণের তুপ্তি সাধন পূর্বক

তাহাই ভোজন করিয়া পঞ্চ ক্রিয়েরও সন্তোষ বিধান করতঃ শ্রন্ধানার ও কার্য্যান্ধার্য বিচক্ষণ হইয়া পিতার সত্যপালন পূর্বক জীবনযাত্রা নির্বাহ করিবেন এবং অশ্বমেধাদি যাগযজ্ঞাদি ঘারা যে দেবলোক প্রাপ্ত হওয়া যায় (ইহাতে যেন ইন্ধিত করিয়া বলিলেন) তিনি ভাহাই শ্রেম্বর মনে করেন। আত্মজ্ঞানী ইন্ধ্রিমনিগ্রহ এবং স্বর্গাদি কাম্য ভোগ উপেক্ষা করিয়াই তবে আত্মজ্ঞানলাভে সিদ্ধ হন। তাই দেখা যাইতেছে রাম জাবালি কৃত উক্ত আত্মজ্ঞান সমন্বিত বাক্যশ্রবণে তাহার সার মর্ম্ম অত্মধাবনে অসমর্থ হইয়া তাহার বাহ্যিক ছন্মবেশ রূপ আবরণটাই দেখিতে পাইলেন। রামের যে আত্মদর্শন ক্ষণস্থায়ী এবং দৃঢ় হয় নাই তাহাপরে বাল্মীকি দেখাইয়াছেন। আবার বিশিষ্ঠ শ্বমি তাহাকে ইক্ষাকুকুলোচিত রাজ্বর্ধ্ম প্রতিপালন করিতে উপদেশ দিলেও তিনি তাহা গ্রাহ্ম করিলেন না। এই সত্য পালনের মর্য্যাদাও তিনি সমভাবে তাঁহার শেষ জীবন পর্যান্ত অক্ষ্ম রাথিতে পারিয়াছিলেন কিনা তাহাও পরে দেখা যাইবে।

নবম পরিচ্ছেদ

বিরাধ রাক্ষস বধ

বিফলমনোরথে ভরতের অযোধ্যা প্রত্যাগমনের পর রাম কিছু কাল চিত্রকুট পর্বতে বাদ করিলেন। একদিন দেই স্থানস্থ আশ্রম वानी मृनिमिरावर मर्था ठाक्षना प्रविद्या जिनि जांशामिशरक जांशाप्तव উদ্বেগের কারণ জিজ্ঞাদা করিলেন। তথন তাঁহারা বলিলেন "আমরা এই বনে বাদ করিতেছি। এখন এখানে তোমার আদার পর হইতে অত্যন্ত রাক্ষদের উপদ্রব বাড়িয়াছে। থর ও দূষণ নামে রাবণ ভাতা তুই রাক্ষস, তাহাদের অতুচরগণ সহ এই আশ্রমস্থ তাপদদিগকে বড়ই নিপীড়ন করিতেছে। এই বন মধ্যে যে কোন ধর্মাচারী তপস্বী অশুচি অথবা অসাবধান থাকেন, তাহারা তাঁহাকে ভক্ষণ করে। সেই অসাধু নিশাচরগণ পুরোবর্তী মৃত্তস্বভাব মুনিগণকে পীড়ন করিবার জন্ম সতত প্রস্তুত রহিয়াছে; আশ্রমাভান্তরে অজ্ঞাত-সারে প্রবেশ পূর্বক নিদ্রিত ও অচেতন তাপসগণকে বিনষ্ট করিয়া প্রীতিপ্রকাশ করিতেছে। তাই আমরা এই আশ্রম পরিত্যাগ করিয়া নিরাপদ স্থানে যাইতে উদ্যত হইয়াছি তুমি এই পথদ্বারাই তুর্গম বনে প্রবেশ করিতে পারিবে। পরে রাম তথা হইতে প্রস্থান করিয়া দণ্ডকারণ্য নামে মহাবনে প্রবেশ করিলে, সেই বনস্থিত আশ্রমস্থ ঋষিরা তাঁহাকে বলিলেন "রঘুনন্দন! আপনি নগরেই থাকুন বা বনেই থাকুন, আপনিই আমাদের রাজা, আমরা আপনার রাজ্যেই বাস

করিতেছি স্থতরাং আমাদিগকে রক্ষা কর্মন। আমরা সতত ইন্দ্রিয় সকল ও ক্রোধদমন করিয়া তপস্তাচরণে ব্যাপৃত থাকি। আমরা সেইজন্ত সম্পূর্ণরূপে দণ্ড পরিত্যাগ করিয়া গর্ভস্থ ভ্রূণের ন্যায় আত্মরক্ষায় অপটু; এই কারণে আমাদিগকে রক্ষা করা আপনার সর্কতোভাবে কর্ত্তর।" তৎপর্বদিন তাঁহারা ক্রমশং গভীর বনে প্রবেশ করিলেন।

কিয়দ্র অগ্রসর হইয়া তাঁহারা এক ভীষণ দর্শন বিকটাকার মহাকায় রাক্ষসকে দেখিতে পাইলেন। তথন সেই রাক্ষস মুখ বাাদান করিয়া তাহাদিগের প্রতি ধাবমান হইয়া বলিল, "আমার নাম বিরাধ। আমি ঋষিদের মাংস ভক্ষণ করিয়া এই বনে অবাধে ভ্রমণ করিয়া থাকি। তুইজন তাপদের একটি রমণীর সহিত এরপ বাদ অদৃষ্ঠত হওয়ায়, তোদের দংশ্রবে আদিয়া মূনিচরিত্র দৃষিত হইতেছে। এই প্রমান্ত্রনরী নারী আমার ভার্যা হইবে। তোরা পাপাচারী, আমি যুদ্ধে নিহত করিয়া তোদের রক্ত পান করিব।" তথন সে সীতাকে তাহার ক্রোডে স্থাপিত করিলে, সীতা ভয়ব্যাকুলিতা হইয়া কাঁপিতে লাগিলেন। রাম তদবন্ত সীতাকে দেখিয়া বলিলেন "লক্ষণ। কৈকেয়ী দেবী ভরতের জন্ম রাজ্য লাভ করিয়া তথ্য না হইয়া, আমাকে বনে প্রেরণ করিয়া নিগৃহীত করিবার যে অভিপ্রায় করিয়াছিলেন, তাহা পূর্ণরূপে দিদ্ধ হইল। সীতার অঙ্গেও পরপুরুষের হন্ত স্পর্শ হইল, আর আমার নিগ্রহের কি বাকি রহিল ?" তখন লক্ষ্মণ কহিলেন "আপনি কেন অধীর হইতেছেন: আমার কায় ভতা আপনার সতত সহায় থাকিতে আপনি অধীর হইতেছেন কেন ? আমি এখনই এই রাক্ষসকে বধ করিতেছি"। তাঁহাদিগকে যুদ্ধোতত দেখিয়া সেই রাক্ষ্য কহিল, "আমি তপস্তাদারা বন্ধার নিকট বর পাইয়াছি যে আমি অন্তদারা অচ্ছেন্ত ও অভেন্ত হইব, অতএব তোরা যুদ্ধের চেষ্টা না করিয়াই এই

প্রমদাকে ছাড়িয়া পলায়ন কর।" রাম তাহার প্রতি শর নিক্ষেপ প্রব্বক তাহাকে জ্জারিত করিলে, সে অবাধে তাহার গাত্রকম্পন করতঃ, সেই সমস্ত শর গাত্র হইতে নিক্ষেপ করিল এবং সীতাকে ভমিতলে রাথিয়া, তাহাদের হুই লাতাকে ধৃত করিয়া স্কন্ধোপরি স্থাপন করতঃ, ভীষণ বনে প্রবেশ করিতে লাগিল। তথন রাম লক্ষণকে বলিলেন "লক্ষণ। এই রাক্ষ্য আমাদিগকে লইয়া এই পথ দিয়া গমন করুক। এই রাক্ষদ আমাদিগকে যেথানে লইয়া যাইতে हेक्का कतिराज्य, मारेशारारे नहेशा गाउँक, कार्यन एवं पर प्रिया व যাইতেছে. তাহা আমাদিগেরও গন্তব্যপথ।" তথন তাঁহাদিগের কর্ত্তক পবিত্যক্রা সীতা, বাহুষয় উত্তোলন করিয়া, উচ্চৈঃম্বরে বিলাপ করতঃ বলিলেন "রাক্ষ্পশ্রেষ্ঠ। আমি তোমাকে নমস্কার করিতেছি, তুমি ঐ ছুই ভ্রাতাকে ছাড়িয়া আমাকে হরণ কর।" তথন সীতার সেই বিলাপ শুনিয়া তাঁহারা সেই রাক্ষ্যকে বধ করিতে উত্যোগী হইলেন। তাঁহারা চইজনে দেই রাক্ষদের হুই বাহু ভাঙ্গিয়া দিলেন, এবং রাক্ষদ মর্চ্ছিত হইয়া ভূপতিত হইলে, তাহাকে মৃষ্টি ও পদদারা প্রহার করিতে লাগিলেন। তাহাতেও তাহার মৃত্যু না হওয়াতে, তাঁহারা গর্ত্ত করিয়া তাহাকে ভূতলে প্রোথিত করিলেন। তথন সেই রাক্ষ্স তাঁহাদিগকে বলিল "আমি তুম্বরু নামক গন্ধর্ক, কুবেরের অফুচর ছিলাম। কোন সময়ে রম্ভার প্রতি আসক্তিবশতঃ, তাঁহার নিকট সময়ে উপস্থিত হইতে না পারায়, তিনি আমাকে শাপ দিয়া বলিলেন 'তৃই রাক্ষদ হইয়া জন্মগ্রহণ করিবি এবং যথন রাম তোকে বধ করিবে, তথন তুই পুনর্কার গন্ধকশরীর প্রাপ্ত হইবি।" আপনার রূপায় আমি উদ্ধার পাইলাম। আপনি এই স্থান হইতে অৰ্দ্ধযোজন দূৱে মহাতেজম্বী শৱভঙ্গ নামক তপস্বীকে দেখিতে

পাইবেন। তিনি আপনার মঞ্চলবিধান করিবেন"। তখন তাঁহারা দেই বিশালকায় রাক্ষসকে উত্তোলন করিয়া দেই গর্ত্তে নিক্ষেপ করিলেন।

এই বিরাধ রাক্ষদের তাৎপর্যা কি? বিরাধ যথন সীতাকে তাহার ক্রোডস্থ করিল, তথন রাম হীনবীগ্য কাপুরুষের ন্যায়ই, বিরাধের ভীষণদর্শন মৃত্তিতে ভীত হইয়া, সীতার উদ্ধারের কোন প্রযন্থ বা চেষ্টা না করিয়া নিজের অদ্প্রকেই ধিকার দিতেছিলেন, এবং কৈকেয়ীর অভিলাষ পূর্ণ হইয়াছে বলিয়া বিলাপ করিতেছিলেন। তথন তাঁহার ভাতা সৌমিত্রি, স্থ-মিত্রের ন্যায়ই তাঁহাকে আশাস দিয়াছিলেন যে এই বিশালকায় রাক্ষসকে তিনি স্বীয় বীর্যান্বারাই বধ কবিয়া সীতাকে মুক্ত করিবেন। এই প্রথম লক্ষণের কার্যোর পরিচয় পাওয়া গেল। এই লক্ষাই রামের পৌরুষম্বরূপ—তাহার মূর্ত্তপ্রতীক, এবং তিনি যে তাহাই, তাহা পর পর ঘটনাবলীতে বাল্মীকি স্পষ্টভাবেই দেখাইয়াছেন। তাই লক্ষ্মণ স্থমিত্রানন্দন সৌমিত্র—স্থ বা প্রম বন্ধুরই প্রতীক। লোকের পৌরুষই তাহাদের স্থমিত্র। যথন ছুদ্দিন প্রাপ্ত হইলে আত্মীয় বন্ধু স্বজন সকলেই পরিত্যাগ করে, তথন লোকের এই স্থমিত্র পৌরুষের সাহায্যেই পুনরভাগান হয়। লক্ষ্মণ রামের বাহ্যপ্রাণ সদশ। বাহ্যপ্রাণ অর্থে-যে প্রাণের সাহায়ে বাহ্যিক দেহ তাহার কার্যা করে অর্থাৎ দেহের শক্তি। আর অন্তঃপ্রাণ অর্থে দেই শক্তির আধার আত্মা—যাহা হইতে এই শক্তি নিঃসত ও প্রকাশিত হয়। যাহা প্রকাশিত হইলে লোকে প্রকৃত পুরুষের যোগ্য কর্ম করে, তাহাই তাহার পৌরুষ। আত্মার শক্তি পৌরুষ রপেই প্রকাশিত হয়। পুরুষ হইতে প্রাপ্ত বলিয়া এই শক্তির নাম পৌরুষ। যতক্ষণ পুরুষ দেহে থাকে ততক্ষণ তাহার শক্তিরূপ পৌরুষও

বিভামান থাকে। মনের অবস্থার সহিত এই পৌরুষের প্রকাশের সম্বন্ধ আছে। তাই তুর্বল বা মলিন মন দারা আচ্ছন্ন হইলে কথন কথন এই পৌরুষ তাহার স্বরূপ প্রকাশ করিতে পারে না। জীবের আত্মরক্ষাই সতত মুখ্য লক্ষ্য। তাই লোকে নিজকেই, আসন্ন বিপদ বা মৃত্যু হইতে রক্ষা করিতে সর্বাগ্রে চেষ্টা করে। গুহে অগ্নি সংযোগ হইলে, ভূমিকম্প হইলে, জলে ডবিলে, জীব স্ক্রাগ্রে নিজেকেই রক্ষা করিতে চেষ্টা করে। নিজে অপেক্ষাকৃত নিরাপদ স্থানে, যেন তাহার অজ্ঞাত-সারেই কাহারও কর্ত্ব প্ররোচিত হইয়াই, উপস্থিত হইলে, তথন তাহার মমত্বের আবির্ভাব হয় অর্থাৎ "আমার পুত্র কলত্রের" কথা মনে হয়। এবং সে নিজেকে বাঁচাইয়া যতদূর সাধ্য ভাহাদের উদ্ধারের চেষ্টা করে। যাহার সাহায্যে বা যাহার প্রেরণায় সেই জীব নিজকে প্রথম বাঁচাইতে চেষ্টা করে—তাহা পুরুষেরই অর্থাৎ দেহস্থিত আত্মারই কার্যা এবং প্রেরণা। স্কুতরাং এই পৌরুষ, সূর্য্যের ভাতির স্থায় আত্মারই ভাতি। তাই বলা হয় "আত্মানং সততং রক্ষেৎ"; "আপনি বাঁচলে বাপের নাম।" আবার বিশ্বামিত্র ঋষিও এই আত্মানং এর রক্ষার্থই ঘোর চুভিক্ষের সময় অনাহারক্লিই হইয়া, চণ্ডালের গৃহে কুরুরের মাংস অপহরণ করিয়া নিজ প্রাণ রক্ষা করিয়াছিলেন। তাই রামের দেহস্থ পুরুষই তাঁহার ভাতি বা পৌরুষ প্রকাশ করিয়া যেন লক্ষণব্ধপেই রামকে দীতা বা তাঁহার জ্যোতিকে মুক্ত করিতে সচেষ্ট হইতে প্রেরণা দিলেন। অস্ত্র যুদ্ধে বিমুখ হইয়া বিরাধের করতলগত হইলে, আবার লক্ষণ প্রদর্শিত পথেই তাহার বাহুদ্বয়ভঙ্গ করিয়া তাঁহারা মুক্ত হইলেন। এখানে বিরাধস্কন্ধে স্থাপিত ও বাহিত হইয়া রাম কি বলিয়াছিলেন তাহা দ্রষ্টবা। তিনি विलालन :--

"বহত্ত্য-মলং তাবং পথানেন তু রাক্ষসঃ। যথা চেচ্ছতি সৌমিত্রে তথা বহতু রাক্ষসঃ। অয়মেব হি নঃ পদ্ধাঃ যেন যাতি নিশাচরঃ।"

আমরা যে পথে বনে প্রবেশ করিব, রাক্ষস সেই পথেই আমাদিগকে বহন করিয়া লইয়া যাইতেছে। স্নতরাং যথা ইচ্ছা আমাদিগকে লইয়া যাউক। ইহাতে যেন তাঁহাদের সাহায্যই হইবে এইরূপ অভিপ্রায়। সীতা যে পরিত্যক্তা হইয়া অসহায়া বন্মধ্যে পড়িয়া রহিল তাহা তাঁহার মনেই হইল না। এখানে তিনি সীতার (আত্মজ্যোতির) কথা বিশ্বত হইয়া তাঁহার সত্য রক্ষার্থ বনগমনরপ ক্ষাত্রধর্ম পালনার্থ ই যে তাঁহার শ্রেষ ও মুখ্য উদ্দেশ্য ইহাই প্রকাশ করিলেন। তথন পরিত্যক্তা দীতা, রাক্ষসকে, ভাতৃদ্বয়কে মোচন করিয়া তাঁহাকেই লইয়া যাইতে অনুরোধ করিলেন। এই পরিত্যক্তা দীতার করুণ অমুনয় ও তাঁহার স্বেচ্ছায় আত্মদানের কথা শুনিয়াই যেন রামের হৃতজ্ঞান ফিরিয়া আসিল। তথন তাঁহার সীতার কথা মনে হইল। যেন রামের হৃদয়স্থ পুরুষই তাঁহার জ্যোতিরূপ শীতার মূথে বলাইলেন যে, যে শীতারূপ আত্মাপ্রকাশক জ্যোতির দ্বারা তাঁহাকে সে উপলব্ধি করিতে সক্ষম হইয়াছিল এবং যাহা তাহার দর্বতোভাবে রক্ষণীয় ছিল জানিয়াও এখন তাহাকে ত্যাগ করিয়া যথন তাহার বনগমনরপ কাত্রধর্ম প্রতিপালনই তাহার শ্রেয়: মনে করিল, তথন দীতার রাক্ষ্য কবলে যাওয়াই শ্রেয়:। দেহস্থ পুরুষ, দেহীকে সততই তাঁহার দেহস্থ বৃদ্ধি দ্বারা তাহার শ্রেয়ঃ অশ্রেয়পণ প্রদর্শন করাইয়া থাকেন। বিবেকবিচারসম্পন্ন দেহী তাহার শ্রেয়ঃ পথই অন্নুসরণ করে। এখানেও রামের বিবেকবৃদ্ধি পুনক্ষণীপিত হওয়াতে পুরুষ পুনরায় তাঁহার পৌরুষ স্থাপিত করিলেন এবং সেই

উদীপ্ত পৌরুষরূপ লক্ষণই যেন রাক্ষণের হস্তভঙ্গ করিয়া তাঁহার সাধনার স্থলন হইতে তাঁহাকে উদ্ধার করিলেন।

তাহা হইলে বিরাধ রাক্ষদের স্বরূপ কি? বিরাধ=বি+রাধ। রাধ ধাতু হইতে আরাধনা। বেদেও ইহার এইরূপ অর্থেই রাধ শব্দ ব্যবহৃত হইয়াছে। বি অর্থে শৃত্য বা নাই অর্থাৎ কোন বিষয় হইতে চ্যত হওয়া যেমন বিদেহ অর্থে দেহশুন্ত, বিফল - ফলশুন্ত ইত্যাদি। তেমনি আরাধনাশৃত্ত অবস্থা বিরাধ। যে বিরূদ্ধ শক্তির প্রভাবে আরাধনা হইতে চ্যতি হয়, তাহাই বিরাধ আর তাহারই মুর্তপ্রতীক এই বিরাধ রাক্ষ্য। আরাধনার একটা লক্ষ্য থাকে-একটা আরাধ্য থাকে যাহার প্রাপ্তির জন্ম আরাধনা করা হয়। এথানে রামের আরাধ্য তাঁহার আত্মা এবং তাহার জ্যোতিরূপ দীতার প্রকাশই সতত মনশ্চকে রকা করাই এই আরাধনার ধারা। আর এই আরাধনার ধারাই বৈফবদের রাধানামে—তাহার মূর্তপ্রতীক। এই আরাধনার ধারাকে যে শক্তি হরণ করে--সেই বিরুদ্ধ শক্তিই তাহার শক্র বিরাধ। তাই বিরাধ রাক্ষ্য সীতারূপ সেই রামের আরাধনার সাধন-সহায় জ্যোতিটীকে হরণ করিতে চেষ্টা করিয়াছিল। বৈষ্ণবের রাধা Positive phase আর বিরাধ তাহার Negative phase-অর্থাৎ একটা অগ্রসর হইবার সহায় আর একটা তাহার বাধা। ' বাল্মীকি দেখাইলেন যতদিন লক্ষণরূপ পৌরুষ বামের অঙ্গান্সীভাবে থাকিবে ততদিন কোন বিরাধশক্তিই তাঁহাকে তাঁহার সাধনা হইতে চ্যুত করিতে পারিবে না। কখন কখন পদস্থলনের আশকা হইলেও বা তাহা আসন্ন হইলেও সাধক তাহা নিজ পৌক্ষ সাহায্যে পুনস্থাপন কবিতে পারে। নির্বাপিত-প্রায়-পৌরুষ রাম অস্ত্রদারা বিরাধকে বধ জো করিতেই পারেন নাই বরং তাহার কবলম্ব পর্যান্ত হইয়াছিলেন: আবার উদ্দীপিতপৌরুষ রাম সেই বিরাধকে ভূপাতিত করিয়া তাহার দেহ উত্তোলন করতঃ তাহাকে গর্প্তে প্রোধিত করিয়াছিলেন। বিরাধ রাক্ষ্য কেন? রাক্ষ্য সমগ্ত জীবজন্ত গ্রাস করে। রক্ষ ধাতৃর অর্থে রক্ষণ করা। কোন পদার্থ মুথে গ্রাস করিয়া তাহা রক্ষা করে। রানর পকেট হইতে টাকা পয়সা লইয়া মুথে গ্রাস করিয়া রক্ষা করে। বানর পকেট হইতে টাকা পয়সা লইয়া মুথে গ্রাস করিয়া রক্ষা করে ইহা আমার প্রত্যক্ষ। তাই গ্রাস বা রক্ষণ একইবিধক্রিয়া। গ্রাস বা রক্ষণের মুর্দ্গপ্রতীক রাক্ষ্য। রামায়ণের রাক্ষ্যগণ সেইভাবেই বা sense-এই ব্যবহৃত হইয়াছে। তাই বিরাধন্ধপী বিরুদ্ধ শক্তি রামের সাধনার লক্ষ্য সীতাকে যেন গ্রাসই করিয়াছিল।

যথন রাম অত্তিঋষির আশ্রম হইতে দণ্ডকারণ্যে প্রবেশ করেন তথন মুনিরা বলিয়াছিলেন—

> "রক্ষাংসি পুরুষাদানি নানারূপানি রাঘব। বসস্ত্যন্মিন মহারণ্যে ব্যালাশ্চ ক্ষধিরাশনাঃ॥ উচ্ছিষ্টং বা প্রমন্তং বা তাপসং ধর্মচারিণম্। অদস্ত্যন্মিন মহারণ্যে তান নিবারয় রাঘব॥"

রাঘব! এই বনপ্রদেশে রাক্ষদগণ অভিশয় উপদ্রব করে। নরমাংস-ভক্ষক নানারূপ রাক্ষদগণ এই মহারণ্যে বাদ করিয়া থাকে। এই বন মধ্যে যে সকল ধর্মাচারী তাপদ অশুচি বা প্রমন্ত থাকেন, তাহারা তাহাদিগকে ভক্ষণ করে। ইহাতে ইহাই বুঝায় যে, যে দকল শিক্ষা-নবিশ (novice) তাপদ মনশুদ্ধি করিতে পারে না বা ভোগে প্রমন্ত থাকে তাহাদিগকেই এই দকল রাক্ষদ ভক্ষণ করে। এথানেও দেখা যাইতেছে এই দকল মনের বলশৃত্য তাপদদের দাধনাই, এই দকল বিক্ষদ্ধ শক্তিরূপ রাক্ষদ যেন গ্রাদ করিয়াই তাহাদিগকে দাধনার্যা হইতে শ্বলিত করে। তাপসদিগের পক্ষে ইহা মৃত্যুরই তুল্য। এথানেও এই বিরাধশক্তি রাক্ষসাকারেই তাহার ভীষণ মুখব্যাদান করিয়া রামের সাধনা গ্রাস করিতে বা তাঁহার পদশ্বলন করাইতে ভীতি প্রদর্শন করিয়াছিল। বৃদ্ধদেব ও সাধক গ্রুবও এই ভীতি প্রদর্শন রূপ ব্যাঘাতকে জয় করিয়া সিদ্ধ হইয়াছিলেন। এই বিরাধ উপাধ্যানের ইহাই তাৎপর্যা।

দশম পরিচ্ছেদ

রামের রাক্ষস বধ প্রতিজ্ঞায় সীতার উক্তি

অতঃপর তাঁহারা ক্রমে অগ্রসর হইয়া শরভঙ্গ মুনির আশ্রমে যাইলেন। তিনি তাঁহাকে অনেক উপদেশ দিয়া তাঁহার নিজতপস্থা প্রভাবে লব্ধ অক্ষয় স্বথপ্রদ স্বর্গলোকও ব্রহ্মলোক গ্রহণ করিতে বলায়, রাম বলিলেন তিনি নিজ তপ প্রভাবে সেই সকল লোক উপার্জ্জন করিবেন। তারপর তাঁহার। শরভঙ্গ ঋষির নির্দেশ মত স্বতীক্ষ মুনির আশ্রমাভিমুখে প্রস্থানোতত হইলেন। তথন সেখানে সমস্ত মুনিগণ উপস্থিত হইয়া রামকে কহিলেন "মুনিরা ফলমূলভোজী হইয়া যে পরম ধর্ম উপার্জ্জন করেন, ধর্মাতুসারে প্রজাপালক রাজা তাহার চতুর্থাংশ লাভ করেন। আপনি উপস্থিত থাকিতেও, রক্ষাকর্ত্তা থাকিতেও সেই মহান বাণপ্রস্থাবলম্বী ব্রাহ্মণগণ অনাথের ক্রায় রাক্ষ্স কর্ত্তক বিনষ্ট হইতেছে। রাম। আমরা রাক্ষদগণ কর্ত্তক উৎপীড়িত **ट्टें**टिं ; आपनि आर्यामिशं कि क्या करून।" उथन दां कि क्टिलन "আপনারা আমাকে অনুরোধ না করিয়া বরং আদেশ করুন। কেবল পিতার আদেশ পালনের জন্ম আমাকে যথন বনে আসিতে হইয়াছে তথন আপনাদিগের প্রতি রাক্ষসগণ কর্ত্তক উৎপীড়ন আমি অবশ্রুই দমন করিব। আমি পিতৃ আজ্ঞা পালন জন্মই এইবনে প্রবেশ করিয়াছি: আমার এই বনপ্রবেশ আপনাদিগেরও স্বার্থ সাধক হইয়া উঠিয়াছে। স্বতরাং আমার বনবাস অতিশয় ফলজনক হইবে।

"তন্ত্র মেহয়ংবনে বাসো ভবিষ্যতি মহাফল। তপস্থিনাং রণে শক্রন্ হস্তু মিচ্ছামি রাক্ষ্যান্। পশুস্কু বীর্যামুষয়ঃ সভাত্মে তপোধনাঃ॥

আমি আপনাদিগের শত্রু রাক্ষ্সদিগকে নিধন করিতে ইচ্ছা করিয়াছি: আপনারা আমার এবং আমার ভাতার বলবীগ্য দেখন।" রাম এইরূপে তাঁহাদিগকে আখাস দিয়া তাঁহাদিগের সহিত স্থতীক্ষ মুনির আশ্রমে বাইলেন। তৎপরদিন প্রাতে রাম সেই মুনিদের সহিত দণ্ডকারণ্য অভিমুখে অগ্রসর হইলেন। তথন সীতাদেবী ভাতৃদ্যকে ছুইটা উত্তম তুল, ধরু ও বিমল থড়া দিলে, তাঁহারা তাহা ধারণ করিয়া যাইতে লাগিলেন। পরে যখন রাম স্থতীক্ষ মুনির আক্রামুসারে দণ্ডকারণ্যাভিমুর্থে যাইতেছিলেন তখন সীতা তাঁহাকে স্থমধুর বাক্যে বলিলেন, স্বামিন্! অভিস্কু বিচার করিয়া দেখিলে তুমি মহাত্মা হইয়াও অধর্ম সঞ্চয় করিতেছ; কিন্তু যদি কামজন্ম বাসনে পরাজ্বথ হও, তবে আর তোমার কোন অধর্ম হয় না। "নিবুত্তেন চ শক্যোহয়ং বাসনাং কামজাদিহ।" ইহলোকে কামজন্ম তিন প্রকার ব্যসন হইয়া থাকে; প্রথম মিথ্যা কথা, দ্বিতীয় পরস্থীগমন, তৃতীয় বিনা শক্রতায় প্রাণীহিংসা। প্রথম ব্যসন উৎকট দোষাবহ সত্য কিন্ধ দ্বিতীয় ও তৃতীয় ব্যসন তাহা অপেকাও উৎকট। রঘুনন্দন। কোন কারণেই তুমি মিথ্যা কথা বল নাই, এবং ভবিষ্যতেও বলিবে না। অধর্মজনক পরদারগমনও তোমার নাই; পূর্বেও তাহা হয় নাই, এবং পরেও হইবেনা। তুমি নিয়তই নিজ পত্নীর প্রতি আসক্ত; তোমার মনেও পরকলত্র বিষয়ক অভিলাষ নাই। তুমি জিতেন্দ্রিয় এ কথা সকলেই জানে। কিন্ধ শক্রতা ব্যতিরেকে মোহবশতঃ পর-প্রাণ হিংসারপ অতি ভয়ানক তৃতীয় ব্যসন এক্ষণে তোমার উপস্থিত

হইয়াছে। বীর। তুমি দণ্ডকারণ্যম্বিত ঋষিদিগের রক্ষার জন্ম যুদ্ধে রাক্ষসদিগকে বধ করিব এইরূপ প্রতিজ্ঞা করিয়া এই কারণেই ধমুর্ব্বাণ হন্তে তথায় যাইতেছ। সেইজন্ম তোমার প্রতিজ্ঞা পালন রূপ ত্রত জানিয়া তোমার ইহকাল ও পরকালের কল্যাণ চিস্তা করিয়া আমি চিস্তাকুল হইয়াছি। তোমার দণ্ডকারণ্যে যাওয়া আমার অভিপ্রেত হইতেছে না। কারণ ল্রাতার দহিত তথাতে যাইয়া যদি তুমি সমস্ত বন্চরদিগকে দেখিয়া বাণ ক্ষয় কর, তাহা হইলে তুর্বল হইয়া পড়িবে। যেমন তৃণ কাষ্ঠাদি দাহ্য বস্তু অগ্নির নিকটস্থ হইয়া তাহাদিগের তেজ বুদ্ধি করে, তেমনই ধমু ও অস্ত্রশস্ত্র, ক্ষত্রিয়দিগের নিকটবর্ত্তী হইয়া তাহাদিপের তেজ বৃদ্ধি করিয়া থাকে। তাই পণ্ডিতেরা, শস্ত্র সংযোগ, অগ্নি সংযোগের তায় বিকার হেতু বলিয়া থাকেন। আমি তোমাকে মাত্র স্মরণ করাইয়া দিতেছি. শিক্ষা দিতেছি না। তুমি কোন কারণে বিনা শত্রুতায় ধক্ষ ধারণ করিয়া দশুকারণাস্থ রাক্ষসগণকে বিনষ্ট করিবার চেষ্টা করিও না, কেননা কাহাকেও বিনা অপরাধে বধ করা ত্যায়সঙ্গত নহে। ক্ষাত্রধর্ম পরায়ণ বীর্যাবান্ ক্ষত্রিয়গণের আর্গুদিগকে রক্ষার জন্মই ধরু ধারণ করিয়া বনে বিচরণ করা উচিত। কোথায় শস্ত্র আর কোথায় বন, কোথায় ক্ষাত্রধর্ম আর কোথায় তপস্থা ? অতএব আমাদের অন্তর্গানের বিষয় পরস্পরবিরোধী হইয়াছে। স্থতরাং তপোবনামুষ্ঠানের ধর্ম্মেরই অমুষ্ঠান • করা উচিত। নিয়ত শত্ম ব্যবহার করিলে, সকলেরই নীচ ব্যক্তিদের বৃদ্ধির ন্থায় ধর্মবিরোধিনী বৃদ্ধি জন্মে। অতএব তৃমি অবোধ্যায় যাইয়া পুনরায় ক্ষাত্রধর্ম-প্রতিপালন করিও। তুমি রাজ্য ছাড়িয়া বনবাসী হইয়াছ, একণে যদি মুনিদিগের পালনীয় ধর্ম প্রতিপালন কর, তাহা হইলে আমার খণ্ডরেরও খশ্রর অক্ষয় আনন্দ হয়। সুদক্ষ মানবেরা

অতিশয় যত্ন সহকারে নানারপ নিয়ম দ্বারা শরীর কর্ষণ করিয়া ধর্ম লাভ করেন, কারণ শারীরিক স্থালায়ক উপায় দ্বারা স্থাহেতু ধর্মলাভ করা যায় না। অতএব তুমি সর্বালা পবিত্রচিত্তে তপোবনার্ম্নানের ধর্ম আচরণ কর। তুমি ত্রিলোক সম্বন্ধ তাবং বিষয়ই জান। ভাতার সহিতে বিচার করিয়া যাহা উপযুক্ত হয় তুমি অবিলম্বে তাহাই কর।"

"অপরাধং বিনা হস্তং লোকো বীর ন মংস্থাতে।

ক চ শস্তং ক চ বনং ক চ ক্ষাত্রং তপঃ ক চ।
ব্যাবিদ্ধমিদমস্মাভিদেশধর্মস্ত পূজাতাম্।

—পুনর্গত্বা স্বযোধ্যায়াং ক্ষত্তধর্মং চরিষ্যাসি॥

—আত্মানং নিয়মৈ তৈত্তিঃ কর্ষম্বিত্বা প্রযন্ততঃ।
প্রাপ্যতে নিপুণে ধর্ম্মোন স্থধাল্লভতে স্থধ্॥

নিতেং শুচিমতিঃ সৌমা চব ধর্মং তপোবনে।"

রাম সীতার সেই সারগর্ভ বাক্য শ্রবণ করিয়া বলিলেন, "এই দশুকারণাবাসী মুনিগণ রাক্ষসদিগের কর্ত্ত্বক নিতান্ত প্রপীড়িত হইয়াছেন জন্তুই, আর্ত্ত হইয়াই আমার নিকট উপস্থিত হইয়া তাঁহাদিগকে রক্ষা করিতে প্রার্থনা করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন তাঁহারা তপ প্রভাবে নিজেরাই নিশাচরগণকে বিনাশ করিতে পারেন, কিন্তু দীর্ঘকাল সঞ্চিত তপস্থার ক্ষয় করিতে তাঁহাদের ইচ্ছা নাই, কেননা একেতো তপস্থার অন্তর্ভানই অতি কঠোর; তাহার উপর তাহাতে অনেকানেক বিন্ন ঘটিয়া থাকে এবং তজ্জন্তই রাক্ষসেরা তাঁহাদিগকে ভক্ষণ করিতে আসিলেও তাঁহারা তাহাদিগকে অভিশাপ দেন না। তাই আমাকে বলিয়াছেন তুমিই আমাদের রক্ষক; আমরা তোমারই শক্তি প্রভাবে অরণ্যে অবস্থান করিয়া থাকি। তুমি এ বিপদ হইতে আমাদিগকে রক্ষা করিব তাঁহাদের ঐ কথা শুনিয়া আমি তাঁহাদিগকে সম্যকপ্রকারে রক্ষা করিব

এইরপ প্রতিজ্ঞা করিয়াছি। আর তুমি বলিয়াছ আর্ত্তদিগকে রক্ষা করাই ক্ষত্রিয়ের ধর্ম। প্রতিজ্ঞা পালনই আমার ধর্ম। আমি তোমাকে. লক্ষণকে, অধিক কি প্রাণ পর্যান্ত বিসর্জ্জন দিতে পারি, কিন্ত কাহারও নিকটে বিশেষতঃ ব্রাহ্মণদিগের নিকট প্রতিজ্ঞা করিয়া তাহার অন্যথা করিতে পারি না।" রামের এই কথা শুনিয়া সীতা আর দ্বিরুক্তি কবিলেন না।

ঠিক উপযুক্ত সময়ে দীতার এই উক্তি, যেন রামের প্রতি তাঁহার সতকীকরণ উদ্দেশ্যেই উক্ত হইয়াছিল। আমরা পরবর্তী অধ্যায়ে দেখাইব রাম সীতার এই উক্তির কিরূপ মর্যাদা রাথিয়াছিলেন। পরে যে ঘটনাবলী সভ্যটিত হইবে তাহার বীক্ষ যে এইখানেই রোপিত হইল তাহাই বাল্মীকি আভাসে এখানে বলিয়া গেলেন।

একাদশ পরিচ্ছেদ

রামের অগস্ত্যাশ্রম দর্শন

অতঃপর তাঁহারা দণ্ডকারণ্যে অনেক মুনি ঋষিদের আশ্রমে বাস করিয়া প্রায় দশ বংসর অতিবাহিত করিয়া পুনরায় স্থতীক্ষ্ণ মূনির আশ্রমে ফিরিয়া আদিলেন। তথাতে কিছুকাল বাদের পর রাম মুনিকে জিজ্ঞাসা করিলেন মহর্ষি অগস্ত্য এই দণ্ডকারণ্যের কোন স্থানে বাস করেন, তাঁহার একান্ত ইচ্ছা তাঁহাকে দর্শন করেন। তথন স্থতীক্ষ ঋষি অগন্ত্য ঋষির অভুত কর্মের বিষয় সমন্ত রামকে বলিয়া তাঁহার আশ্রমের স্থানের নির্দেশ করিয়া দিলেন এবং বলিলেন "এই আশ্রম হইতে দক্ষিণাভিমুথে চারি যোজন পথ অতিবাহিত করিলে অগস্তা ভাতার আশ্রম, এবং তাহারও এক যোজন দক্ষিণে অগন্তা ঋষির আশ্রম'। রাম তাঁহার নির্দেশ অমুদারে দক্ষিণাভিমুথে অগ্রসর হইয়া অগন্তাভাতার আশ্রমে উপনীত হইলেন। পথিমধ্যে রাম লক্ষণকে বলিলেন তিনি স্থতীকু মুনির নিকট শুনিয়াছেন যে অগস্তা ঋষি মানবগণের হিত কামনায় যমতুল্য অস্থরকে বলপূর্বক নিগৃহীত করিয়া, এই দিক্কে সকলের বাসযোগ্য করিয়াছেন। "একদা এই প্রদেশে 'বাতাপি' 'ইলল' নামে বান্ধণদাতী অতিক্রুর মহাস্কর ছুই ভাতা চিল। সেই নির্দ্ধয় ইখল আহ্মণরূপ গ্রহণ করিয়া সংস্কৃত বাক্য উচ্চারণ করতঃ প্রান্ধের ছলে ব্রাহ্মণদিগকে নিমন্ত্রণ করিত, পরে সে মেষরপুধারী ভ্রাতাকে যথাবিহিত সংস্কৃত করিয়া প্রান্ধবিহিত বিধান

ক্রমে, ব্রাহ্মণদিগকে তাহার মাংদ আহার করাইত। পরে দেই দকল ব্রাহ্মণগণ আহার করিয়া উঠিলে সেই ইন্থল অতি উচ্চৈঃম্বরে 'বাতাপে দ তুমি বাহির হও' ইহা বলিত। তাহার আহ্বান শুনিয়া মেঘের ধ্বনির আয়ু শব্দ করিয়া বাতাপি, ব্রাহ্মণদিগের শরীর ভেদ করিয়া বাহির হইত। সেই কামরূপী মাংসভোজী অস্করেরা এইরূপে নিয়তই বল ব্রাহ্মণের প্রাণ নষ্ট করিত। তৎপরে দেবতাগণ মহর্ষি অগস্থ্যের নিকট প্রার্থনা করিলে, তিনি প্রান্ধকালে প্রান্ধ ব্যাপার মনে করিয়া সেই মহাদৈতাকে ভক্ষণ করিয়াছিলেন। পরে ইবল তাঁহার হাতে জল দিয়া ভাতাকে 'নিৰ্গত হও' বলিয়াছিল। ইম্বল ভাতাকে এরপ বলিলে অগন্তা হাসিতে হাসিতে বলিলেন 'আমি মেষরূপধারী তোর ভাতাকে জীর্ণ করিয়া ফেলিয়াছি, সে যমালয়ে গিয়াছৈ, তাহার আর বাহির হইবার শক্তি কোথায় ?' তথন ইল্ল তাঁহাকে ধর্ষণ করিতে উত্তত হইলে, জ্বন্ততেজা মুনি অগ্নিতুলা নেত্রে দৃষ্টি করিয়া তাহাকে দশ্ধ করিলেন। ব্রাহ্মণগণের প্রতি দয়া প্রকাশ করিয়া তিনি এই ত্বন্ধর কর্মা করিয়াছিলেন। এই দক্ষিণ দিক সেই ভগবান অগস্তা ঋষির প্রভাবে ক্রুরমতি রাক্ষ্সদিগের অধর্ষণীয় ও বাস্যোগ্য ইইয়াছে। পর্বতশ্রেষ্ঠ বিদ্ধা তাঁহার আজ্ঞা প্রতিপালন পূর্বক সূর্য্যের পথ অবরোধ করিতে আর বর্দ্ধিত হইতেছে না। আমরা এই অগস্তা ঋষির আশ্রমেই বনবাদের শেষ পর্যান্ত বাস করিব।"

তাঁহারা ঋষির আশ্রমে প্রবেশ করিয়া সংবাদ প্রেরণ করিলে, তাঁহার আদেশে তৎ সমীপে উপনীত হইয়া তাঁহার পদবন্দনা করিলেন। তিনি তাঁহাকে অর্ঘ্য ও ফলমূলাদি দিয়া উপবেশন করিতে বলিয়া তাঁহাদের কুশলাদি প্রশ্নের পর বলিলেন "পুরুষসিংহ রাম! দেবরাজ ইন্দ্র আমাকে বিশ্বকর্মা নির্মিত স্বর্গ ও বজ্রমণিধারা ভৃষিত দিব্য মহৎ এই বৈষ্ণব ধয়, স্থাতুলা প্রভাবশালী অমোঘ ব্রহ্মনত নামক উৎকৃষ্ট স্থবর্ণ নির্দ্মিত হেমবিভূষিত শর এবং অগ্রির তায় দীপ্তিশালী তীক্ষবালন্ম্ পরিপূর্ণ অক্ষয় সায়ক তুণদ্বয় প্রদান করিয়াছেন। পূর্ব্ধে বিষ্ণৃক দাম্ম্ ক দাম্ম্ ক ভ্রমির অস্তরদিগকে বধ করিয়া দীপ্তিমতী লক্ষ্মীকে লাভ করিয়াছিলেন। তুমিও জয়ের নিমিত্ত এই অস্তর্গুলি গ্রহণ কর।"

"ইদং দিব্যং মহাচাপং হেমবজ্রবিভ্বিতম্।
বৈশ্ববং পুরুষব্যান্ত নিশ্মিতং বিশ্বকর্মণা ॥
জমোবং স্থ্যসন্ধাশো ব্রহ্মদত্ত শরোত্তমঃ।
দত্তো মম মহেল্রেণ তুণী চাক্ষয়সায়কৌ ॥
সম্পূর্ণে নিশ্চিতৈবাণৈ জ্লিম্ভিরিব পাবকৈঃ।
মহারজ্ঞতকোশোহয়মসিহে্মবিভ্বিতঃ॥"

মহাতেজস্বী অগন্ত্য সেই সকল অস্ত্র রামকে প্রদান করিয়া কহিলেন "রাম! তোমার এই সীতা বনেও তোমার দিন্দনী হইয়া অতিশয় হংসাধ্য কার্য্য করিয়াছেন। এক্ষণে বাহাতে ইহার চিত্ত প্রসন্ধ থাকে তুমি সেইরূপ কার্য্য কর। নারীগণ বিদ্যুতের চপলতা, অস্ত্রের তীক্ষতা এবং বায়ুর জ্বতগামীতার অন্তকরণ করে, কিন্তু তোমার এই পদ্নীতে সে সকল দোষ নাই। ইনি দেবতাগণের মধ্যে অক্ষন্ধতীর তায় পতিব্রতাগণের অগ্রগণ্যা ও প্রশংসনীয়া। এই প্রদেশ অলঙ্কত হইল, কেননা তুমি বিদেহনন্দিনী ও স্থমিজানন্দন্যহ এখানে বস্তি করিবে।"

অলঙ্কতোহয়ং দেশক যত্ত্ৰ সৌমিত্ৰিণা সহ। বৈদেহ্যা চানয়া রাম বংস্থসি ত্বমরিন্দম॥"

রাম কহিলেন "আপনি আমাদিগের গুরু। আপনি স্থান নির্দেশ করিয়া দিন, আমরা তথাতে আশ্রম নির্মাণ করিয়া বাস করিব।" অগন্তা বলিলেন, "এই স্থান হইতে ছই যোজন দ্বে পঞ্চবটী নামে বিখ্যাত প্রদেশ আছে, তথাতে কুটির নির্মাণ করিয়া বাস কর। কিন্তু তুমি আমার সহিত এই তপোবনে বাস করিতে প্রতিজ্ঞা করিয়া এক্ষণে যে জন্ম স্থানান্তরে বাস করিতে চাহিতেছ, আমি ধ্যানে তোমার সেই মনোগতভাবও জানিতে পারিয়াছি। তজ্জাই বলিতেছি যে তুমি পঞ্চবটীতে গমন কর। গোদাবরীর নিকটস্থ সেই প্রদেশ এখান হইতে অধিকদ্ব নহে।" পরে বাম সেই মুনির অন্থমতি পাইয়া পঞ্চবটী নামক স্থানের উদ্দেশে যাত্রা করিলেন।

অগন্ত্যঋষির কতকগুলি অত্যন্তত ও অলৌকিক কার্য্যের বিষয় স্থতীক্ষ খবি রামকে বলিয়াছিলেন। এই সকল বিষয় এই দেশীয হিন্দুরা বাল্যকাল হইতেই শুনিয়া আসিতেছেন। অন্ততঃ অগস্ভোর সমুদ্রশোষণ ও বিদ্ধাপর্কত ষথন ক্রমে মন্তক উন্নত করিয়া সূর্য্যের গতিরোধ করিতে উন্মত হইয়াছিল, তখন তিনি তাহাকে প্রণত অবস্থায় 'তিষ্ঠ' বলিয়া তাহার উত্থান বন্ধ করতঃ সূর্য্যের চলাচলের পথ বাধাশৃত্য করিয়া দিয়াছিলেন ইহা প্রায় সকল হিন্দুই জানেন, এবং তাহাদের কতকাংশ ইহা যে বিশ্বাস না করেন তাহাও বলা যায় না। কিন্তু এই রূপকে-বর্ণিত বিবরণের অন্তরালে কি প্রচ্ছন্ন রহস্য নিহিত আছে তাহা হয়তো অনেকেরই অবগতি নাই। প্রথমে । বাতাপি ও ইবল শব্দের বৃত্পত্তি অর্থে কি বুঝায় ? বাত+অপি —বাত অর্থে বায়, বাতাস এবং অপি অর্থে সমুচ্যয়। বাতাপি = वाय ममुक्त्य। हेल + वलक = हेबल। हेल थाफु गंजार्थ--हेल--गंभता। ইল্ল - যাহা বলের সহিত গমন করে। এই বাতাপি মেষরূপ ধারণ করিলে প্রাদ্ধের সময় ব্রাহ্মণেরা ভক্ষণ করিতেন, আবার তাহাই ইল্লের আহ্বানে তাহাদের দেহ ভেদ করিয়া বাহির হইত। যদি

তাহা প্রকৃতিজ প্রাণী মেষ হইত, তাহা হইলে থণ্ডিত ও অগ্নিসংযোগে পক হইয়া পুনরায় জঠবানলেও রূপান্তরিত হইয়া, পূর্ববং শরীর গ্রহণকরতঃ নির্গত হইতে পারিত না এবং ইবলের আহ্বানও শুনিতে পাইত না। তাহা হইলে ইহা অন্ত কিছু। আবার মেষ শব্দ মিষ ধাতু হইতে সাধিত। মিষ — স্পর্কা। স্থতরাং ইহার অর্থ এইরূপ:— সমস্ত বাহিরের বায়ু স্পর্কা সহকারে সংগ্রহ করিয়া নিশ্বাস দ্বারা অভ্যন্তরে টানিয়া লইলে তাহাই আবার বলের সহিত বাহিরে আসে। এই বায়ু অভ্যন্তরে কিছুকাল রাখিলে দেহের কম্পন করিয়া ইহা বাহির হয়। এইরূপে বায়ু অভ্যন্তরে রুদ্ধ করিবার চেষ্টা করিলে সময়ে সময়ে চেতনা লোপও হইতে পারে। তাহাই মৃত্যু সদৃশ। অন্ত আহ্বানদের এইরূপ দশা হইলেও অগন্তা ঋষি তাহা জীর্ণ করিয়াছিলেন। স্থতরাং অগন্তা ঋষির ও সেই সকল বিনাশপ্রাপ্ত আহ্বানদের শক্তির পার্থক্য ছিল। তাহা কিরূপ গ

অগন্ত্য ঋষি ব্ৰহ্মষি ছিলেন এবং তাৎকালিক সমন্ত ঋষিদের
শীর্ষোপরি ছিলেন, তাহা বাল্মীকিই তাঁহাকে ভগবান বলিয়া উল্লেখ
করিয়া প্রকাশ করিয়াছেন। এই অগন্তাঋষি তাহা ইইলে যোগসিদ্ধ
ছিলেন। যোগসিদ্ধ না হইলে স্বন্ধপসিদ্ধি হয় না। এই যোগের
প্রণালী কিরুপ পু প্রথমে প্রাণায়ামে বাহির হইতে সমন্ত বায়ু (বাতাপি)
নিশাসের ছারা অভ্যন্তরে টানিয়া লইয়া তাহাকেই ক্লম্ক করিয়া স্থির
করিতে হয়। তখন কুন্তক হয়, যেন বাতাপিকে জীর্ণ করাই হইল।
কুন্তকে স্থিতির সমন্ত্র আক্রান্তরার মৃত্ মৃদ্ধ শাস প্রশাস চলিয়া দেহের
কার্যা চলে। কিন্তু এই কুন্তক সাধন করিতে হইলে মনকে কোন
নিদ্ধিষ্ট বিষয়ে আক্রান্ট করিয়া রাখিতে হয়। নতুবা মন যদি কেবল
বায়ুর চলাচলই লক্ষ্য রাখিয়া তাহাই রোধ করিবার চেষ্টা করে,

তাহা হইলে প্রকৃতির বিরুদ্ধ কার্য্য জন্ম তাহা সাধন করিতে পারে না. বরং তাহার ফলে একটা শাসরোধ জন্ম অস্বস্থি ও কট উপস্থিত হয়, আর তথনই দেই কদ্ধ বায়ু সজোরে বাহির হয়। ইহাই ইলল। যেমন মহুয়া যথন দৌডাইতে থাকে ততক্ষণ অনেকটা বায় রুদ্ধ অবস্থায় থাকে, তারপর থামিয়াই জোরে শ্বাস ত্যাগ করে বা স্থাপায়। প্রায় দেখিতে পাওয়া যায় বা শুনিতে পাওয়া যায় যাহারা গুরু উপদেশ বা প্রদর্শিত প্রণালী অনুসরণ না করিয়া যোগসাধনার্থ প্রাণায়াম করে. তাহারা অনেকসময় কঠিন পীড়াক্রাস্ত হয়, এবং পরিণামে মৃত্যুমুখেও পতিত হয়। ধ্যেয় বিষয়ে মনের একাগ্রতা সাধন করিতে পারিলে, মন যথন আর খাদ-প্রখাদ দম্বন্ধে লিপ্ত ইইতে পারে না তথনই এই বাতাপিরূপ নিখসিত বায়ু ইল্ল হইয়া বেগে বাহির হইতে পারে না। তারপর পরিমিত বা অল্লাহারও যোগের একটা অঞ্চ। উদরপূর্ত্তি করিয়া আাদ্ধের নিমন্ত্রণে যে সকল ব্রাহ্মণ মেষের মাংস 'আকণ্ঠ ভোজন' করতঃ যোগ সাধনের জন্ম প্রাণায়াম করিতে চেষ্টা করিত, তাহাদেরই বাহির হইতে সংগৃহীত সমুদ্রুয় বায়ুরূপ বাতাপি অভান্তরে যাইয়া তাহাদের 'হাসফাস'রপ একটা খাসরোধ জন্ম অন্বস্থি ও কষ্ট উৎপন্ন করিত। তথন প্রাণরক্ষার জন্ম তাহাকে স্বেগে সশব্দে ইবলরূপে বাহির করিয়া তাহারা স্বস্তিবোধ করিত। তাহাদের প্রাণায়াম ঘারা যোগসিদ্ধ হইত না এবং তাহাদের সংকল্পও নাশ হুইত। অভ্যন্ত যোগসিদ্ধ উপযুক্ত গুরুর উপদেশ না পাইয়া যাহারা স্বাধীনভাবে ঐরপ আচরণ করিত, তাহারাই ঐরপ দশা প্রাপ্ত হইত। যাহারা যোগ অভ্যাস জন্ম প্রাণায়ামে শাসরোধের চেষ্টা করিয়াছেন, ডাঁহারা ইহা বেশ বুঝিতে পারিবেন। কিছুক্ষণ একটী ধ্যেয় বিষয়ে তন্ময় হইয়া থাকা সময়ে যেন আর খাস চলাচল হয় না বোধহয়, কিন্তু যে মৃহুর্ত্তে মন তার ধ্যের বিষয় হইতে অগ্যত্র ধাবিত হয়, তথনই একটা প্রশাস নাসিকার উচ্চশন ঘারা বহির্গত হয়—য়েমন নাকের ক্লেদ বাহির করিবার সময় শন্দ হয়। ইহাই ইলল। তাই মহাযোগী অগন্ত্য ঋষি, নবীন ব্রাহ্মণ তাপস যাহারা ঐরূপ অবস্থাপ্রাপ্ত হইয়া হতমনোরথে তপস্থা পরিত্যাগ করিবার জন্ম উন্মুথ হইয়াছিল, তাহাদিগকে ঐরূপ বাতাপি ভক্ষণে তাহা জীর্ণ করিয়া ইয়্বলরূপে তাহার বহির্গমন বন্ধ করিবার দৃষ্টাস্ত ও উপদেশ দান করিয়া দেখাইয়াছিলেন—কিরূপে এবং কি উপায়ে মনঃময়ম করিয়া প্রাণায়াম ঘারা যোগমার্গের সোপান আরোহণ করা যায়। ইহাই বাতাপি ইলল বর্ধের তাৎপর্যা। শরভঙ্গ মূনি রামকে বলিয়াছিলেন স্বতীক্ষ মূনির আশ্রমে যাইলে তাহার মঙ্গল হইবে। এই স্বতীক্ষ মূনির নিক্রটই রাম অগন্তা ঋষির অভুত কর্মের কথা শুনিয়া তাহাকে দেখিতে গিয়াছিলেন। অগন্তাদর্শনে যে রামের মঙ্গল হইয়াছিল তাহা রামের মৃথেই ব্যক্ত হইয়াছিল—যথন তিনি বলিয়াছিলেন, "আপনি আমাদের শুরু"। সেই মঙ্গলটী রামের কিরূপে সাধন হইল ?

ইতিপূর্বেরাম বিশামিত্রের নিকট আধ্যাত্মিক ও শস্ত্র বিষয়ে উপদিষ্ট হইরা তাঁহাকেও গুরুসধ্যোধন করিয়াছিলেন। তিনি শরভঙ্গ শ্বিকে সগর্বের বলিয়াছিলেন "আমি নিজেই তপস্তা ও সাধনাদ্বারা আমার প্রাপ্যালোক অর্জ্জন করিব।" এখন সেই প্রাপ্য ব্রন্ধলোকের জন্ম কিরপ সাধনা করিতে হইবে তাহাই অগন্তা ঋষি তাঁহাকে উপদেশ দিলেন। ঋষি তাঁহাকে হেমবজ্ঞ বিভূষিত বৈষ্ণবধ্য দিলেন। এই বৈষ্ণবধ্য স্বদ্ধে ইতিপূর্বের্ক কিছু বলা হইয়াছে, এখানে আরও কিছু বলিলেই ষথেষ্ট হইবে। এই বৈষ্ণবধ্য অর্থে প্রমাত্মাকে বিশ্বরূপে প্রণিধান। তিনি প্রকাশিত অবস্থায় যেন এই অথণ্ড অসীম

বিশ্বপ্রতীকে বিশ্বমান। তাই বৈদিক ঋষি বলিয়াছেন—(ঋগ ১০।৯০ স্কু)—

> "সহত্ৰ শীৰ্ষা পুৰুষঃ সহস্ৰাক্ষ সহত্ৰপাৎ। সভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদশাঙ্গুলম্॥"

অর্থাং দর্ব্ধপ্রাণী সমষ্টিরূপ ব্রন্ধাণ্ডদেহং বিরাডাখ্যা যা পুরুষং। তাঁহার সহস্র অর্থে অনস্ত মন্তক, অনস্ত চক্ষু, অনস্ত পদ। তিনি ব্রন্ধাণ্ডগোলকরূপ বিশ্ব পরিবেষ্টন করিয়া থাকিয়াও দশঅস্থূলি (উপমা জয়) বাহিরে আছেন। অর্থাং তিনি ব্রন্ধাণ্ডময় হইয়াও তাহা হইতে অতিরিক্ত।

"পুরুষ এবেদং সর্কং ষ্ডুতং যচ্চভব্যম্। • উতামৃতত্বস্থোশানো যদল্লেনাতিরোহতি॥"

যাহা এই বর্ত্তমান জগৎ তাহা সবই পুরুষ, যাহা ছিল, যাহা হইবে তাহাও এই পুরুষই। অমৃতত্বের প্রভুও তিনি। অমৃতলাভের অধিকারী। স্থতরাং যিনি সেই ব্রহ্মভূত হইতে পারেন তিনিই অমৃতত্ব পাইতে পারেন। এই বেদের পুরুষই পুরাণের ও রামায়ণের বিষ্ণু। আর বৈদিক ঋষিরা এইরূপেই প্রত্যক্ষদৃষ্টিতে পরমাত্মার সগুণরূপে—তাঁহার একটা বিরাট আকারের রূপে উপলব্ধি করিয়াছিলেন। তার পর তাঁহারা সাধনমার্গের আরও উচ্চ বা শেষ সোপানে আরেহণ করিয়া তথন পরমাত্মভূত হইয়া বলিলেন—

"অহং রুদ্রেভির্বস্থভিশ্বাম্যথমাদিত্যৈরুতবিশ্বদেবৈ:।
অহংমিত্রাবরুণোভা বিভর্ম্যহ্মিক্রায়ী অহমশ্বিনোভা॥
...অহমেব বাত ইব প্রবাম্যারভমানাভূবনানি বিশা।" ইত্যাদি

((मरी एक)

অর্থাৎ এই রুদ্র, বরুণ, ইন্দ্র, অগ্নি প্রাস্কৃতি সমস্ত দেবতাসহ সমস্ত

বিশ্বদেবতাকে আমিই ধারণ করিয়া আছি। আমি তাবৎ বিশ্বভ্বনে বায়র ন্যায় প্রবাহিত হইয়া আবত করিয়া রাথিয়াছি। যে পুরুষকে ভূত্বিস্বঃ ব্যাপিয়া ব্রহ্মাগুরূপে প্রত্যক্ষ করিয়াছিলেন এখন তাহাকেই বলিলেন সে আমি অহং। সমন্ত দেহে অর্থাং সমন্ত ভূতজাত পদার্থরূপ পুরে শায়িত যে আমি বা অহংরূপ পুরুষ আছি, সেই আমারই প্রতীক এই বিশ্বভ্বন। এই বিশ্বভ্বনরূপ দেহ লইয়া যে অহং বা আমি বা পরমাতা বিরাট অবস্থায় বিভয়ান বৈদিক পুরুষ সহস্রাক্ষ ইত্যাদি, তাঁহারই ক্ষুদ্রাদপি ক্ষুদ্র প্রতিকৃতিরূপে এই দেহ ও আত্মাসমন্বিত আমিও একটা পুরুষ। বিরাট বিশ্বরূপ দর্পণে তাঁহার যে প্রতিকৃতি প্রকাশিত ঠিক তাহারই ক্ষুদ্র প্রতিকৃতি এই ক্ষুদ্র দেহরূপ দর্পণে প্রকাশিত। সেই বিরাট বিশ্বরূপ দর্পণ অদৃশ্য হইলেও এবং ক্ষুদ্র দেহরূপ দর্পণ অদৃশ্য হইলেও সেই একই বিরাট অহং পুরুষ বিভ্যমান থাকেন, কেননা অমৃতত্ত্বের ঈশান বা প্রভ তিনি। এই ক্ষুদ্র দেহপুরে শয়ন করিয়া যে পুরুষ ক্ষণতরে নিজকে ক্ষুদ্র মনে করেন তিনিও একজন ক্ষুদ্র বিষ্ণ। আর এই ব্রহ্মাণ্ড বিশ্ব ব্যাপ্ত হইয়া যিনি সেই বৃহৎ পরে ওতপ্রোতভাবে শয়ন করিয়া আছেন সেই পুরুষই বিরাট বিষ্ণ। এই বিরাট ব্রহ্মাণ্ডের অন্তর্গত সর্ব্বপ্রাণীর দেহরূপ পুরে, সর্ব্ব স্থাবর জন্ধমরূপ সর্ব্বপুরে তিনি একইভাবে ওতঃপ্রোতভাবে বিল্পমান অহং রূপে আছেন। অহং বা আমিও যথন সেই বিশ্ববন্ধাণ্ডেরই অন্তর্গত তথন আমাতেও তিনি দেই অহংরপেই আছেন ইহাই স্বতঃসিদ্ধ হয়। অনন্তরূপে অনন্ত আকারে এই বিশ্ব প্রকাশিত, স্বতরাং অনন্ত রূপ ও অনন্ত আকারের প্রত্যেকটীতেই সেই আত্মা বা পুরুষ বিখ্যমান। তিনি সর্ব্বগত, সর্বস্থান ব্যাপ্ত তাই সর্বজ্ঞ। এই প্রত্যেক পদার্থের মধ্যে যে

অবকাশ বা ফাঁক আছে তাহাতেও তিনি ব্যাপ্ত, কেননা সেই পুরুষই এই ব্রহ্মাণ্ডরূপে ব্যক্ত। তাহা হইলে এই প্রত্যেক পদার্থের রপ বা আকারটি নষ্ট বা অদৃশ্য হইলেও তাহার অধিকৃত স্থানটীও ফাঁকা হইল। এরপ অবস্থায় পরস্পর পূথক রাখিবার যে ফাঁকা স্থান, তাহার সহিত এই নূতন্ত্রপে পরিণত ফাঁকা স্থানও এক হইয়াই অভেদ হইল। তথন দেই অদশ্য পদার্থের স্থিতির ফাঁকা স্থানটা কি আর নির্দেশ করিয়া বলিতে পারে কোন স্থানটী তাহার অধিকৃত ছিল ? কিম্বা তাহার সীমানির্দেশ করিতে পারে কি ? সে তথন निकरक अभीम अवशास्त्र हित्य। को बाक्रांत करन परिवाणिशूर्व कन, সেই ঘটিবাটী ভগ্ন হইলে বলিতে পারে কি আমি ঘটির জল, আমি বাটীর জল ? শৃত্য অভ্যন্তর কলসি বা ঘট ভাঙ্গিয়া গেলে, তাহার অভান্তরে যে সীমাবদ্ধ আকাশ বা অবকাশ চিল তাহাকে কেই নির্দ্দেশ করিয়া বলিতে পারে কি এইটা কলসি এইটা ঘটির আকাশ বা শৃক্তস্থান ? আর কলসি ও ঘটের আকাশও তথন অনস্ত আকাশে মিলিয়াই যেন বলে আমি তো অনস্ত অসীম। তেমনি এই অসংখ্য দেহস্থ পুরুষ বা আত্মার যথন তাহাদের দেহরূপ কলদ ও ঘটরূপ পুর, ভগ্ন হয় বা বিনাশ হয় তথন দেই ফাঁকা অবস্থা প্রাপ্তি হইলেই বা শৃ্যাকার হইলেই, শৃক্তরূপী পরমাত্মার সহিত মিলিয়া এক হইয়া, তাহার নিজত্ব जुनिया, कृत आभिष शादाहेया, এकটी विदार्गिकाद উপলব্ধি হয়। অবশ্য আত্মার সেই শুক্তত্ব অবস্থা প্রাপ্ত হওয়া চাই; তাহার মন যে ছাপ বা দাগরূপ সংস্কার বহন করে তাহারও নাশ হইয়া শুদ্ধ নির্মল হওয়া চাই, তাহার বৃদ্ধি, অহঙ্কারের লোপ হওয়া চাই, শুধু দেহ হইতে मुक्त इहेरलहे यरपष्टे नग्न। এहे मारश्चात जमःशा भूकवहे ज्यन मृज হইয়া, মুক্ত হইয়া এক বিরাট শৃত্যাকারে পরিণত হয়। এই শৃত্যাকারে

যে সন্থা বা অন্তিম্ববিশিষ্ট সং অবস্থা তাহাই বেদান্তের ব্রহ্ম, তাহাই বৈদিক ঋষির প্রমাত্মা।

এতক্ষণে সম্ভবতঃ আমরা বিষ্ণু ও ব্রন্ধের যে কতটুকু পারমার্থিক ভেদ তাহা কথঞ্চিং ব্ঝিতে সমর্থ হইলাম। অগস্তা ঋষির এই বৈষ্ণবধমুই সেই বিরাট পুরুষের অন্নভৃতি প্রাপ্তির জ্ঞান। তিনি রামকে এই বিফ্রুপ সগুণ ব্রন্মের উপদেশ দিয়া তারপর তাঁহাকে निःश्चर्ग उत्कार উপদেশ দিলেন। সেই উপদেশই उञ्चलख-শ**र या**टा ব্রন্ধের নিকট হইতেই আসিয়াছে। এই ব্রন্ধ হইতে নিক্ষিপ্ত শর্মই ব্রহ্মের, পুরুষ বা আত্মারূপে এক একটা পুথকভাবে স্থিতি। এই ব্রহ্মদত্ত শর ব্রহ্ম ইইতেই আসিয়াছে আবার তাহাতেই প্রত্যাবর্তন করে। এই ব্রহ্মদত্ত শর যেন ব্রহ্মেরই বা প্রমাতারই নিজ দেহ হইতে নিক্ষিপ্ত বা দত্ত একটা একটা আত্মা বা পুরুষ-পরমাত্মারই অংশ। এই বৈষ্ণব ধমতে যোজন করিয়া লক্ষ্য ঠিক রাখিয়া সন্ধান করিয়া সেই শর পুনরায় নিক্ষেপ করিতে প্রারিলে, ত্রন্ধের শর ত্রন্ধের নিকটেই যায়। অর্থাৎ সেই শররপত্রন্মের অংশ নিজদেহস্থ পুরুষকে প্রথমে চিনিয়া বা উপলব্ধি করিয়া যখন তাহাকে ব্রহ্ম বলিয়া অমুভূত করা যায়, তথন দেই আত্মারূপ পুরুষেরই ব্রহ্মাকার বা প্রমাত্মারূপে উপল্কি হয়—যেন ব্রহ্ম বা প্রমাত্মার অংশ তাহার স্ত্তিত মিশিয়াই যায়। প্রথমে ব্রহ্মকে তাহার স্পুণ বিষ্ণুরূপ বা বিষ্ণুরূপে দাধনা বলে উপলব্ধি করিতে হয়, অর্থাৎ আমিই যেন এই বিশ্বরূপে প্রকাশিত। তারপর সেই শরের তায়ই, সেই লক্ষ্যস্থান ব্রন্ধে যাইতে হয়। তথন বিশ্বও অদৃশ্য আর আমিও সেই নিগুণ ব্রহ্ম সন্তাতেই যেন সেই শর্রপেই উপনীত হইয়াছি। শর যেথান হইতে আসিয়াছিল সেইখানেই গেল, আর অহংরপ আমিও যেথান

হইতে আসিয়াছিলাম সেইখানেই আমার শাখত স্থানে স্থিতি প্রাপ্ত হইলাম। এই ব্রহ্ম, ব্রহ্মবিদগুরুও, শিশুকে প্রদর্শন করাইতে পারেন না। শিষ্য নিজ সাধনাতেই, স্বামুভতিতেই এই ব্রহ্মপদ প্রাপ্ত হয়। তাই অগন্তা ঋষি ধন্ন দিয়া তাহা দারা শর নিক্ষেপের ভার রামের উপরেই লাস্ত করিলেন। 'ক্ষমতা হয় শর সন্ধানে লক্ষাভেদ কর।' বিষ্ণুর একটা আবাসস্থান নির্ণয়, পুরাণ কন্তারা বৈকুঠে স্থির করিয়াছেন। যিনি কোন আবাদে বাস করেন তিনি সেই আবাদেরই পরিমিত অথবা তদপেকা ছোট কাজেই সীমাবদ্ধ। ব্ৰহ্মের কোন আবাস সম্বন্ধে বেদ বা শ্রুতিতে উল্লিখিত হয় নাই। কেননা তাঁহার আবাসও তিনিই—যেহেতু তিনি অসীম ও দর্বগত। অগন্তা ঋষি আত্মারূপে দেহপুরে স্থিত অহং উপলব্ধি করিয়া, যথন সেই অহংকেই দর্বজ স্কভিতে স্থিতক্রপে উপলব্ধি করিলেন তথনই তিনি নিজে বৃদ্ধপদ লাভ করিয়া বলিয়াছিলেন সোহহং। এই সর্বভৃতে যে অহংরূপী আবা 'দ' রূপে আছেন দেই 'দ' আর অহংরূপী আমিও একই। বাল্মীকি ঋষিও এইরূপেই উপলব্ধি করিয়াছিলেন, তাই জিনি অগস্তা ঋষির উপলব্ধি যেন নিজেরই উপলব্ধির প্রতিরূপ ভাবেই রূপকে. বর্ণন করিয়াছেন। আর বর্ত্তমান কালে যেন সেই অগস্তা বাল্মীকি রপেই মহাযোগী ঋষি তিন্দতী বাবা তাহা উপলব্ধি করিয়া, গুরুগন্তীর স্বরে ভারতকে শুনাইলেন দো২হম।

ইতিপূর্বের রাজর্ষি জনক উপদেশে রাম দেহরূপ পুরেস্থিত পুরুররূপ ক্ষুদ্র বিষ্ণুর উপলব্ধি লাভ করিয়াছিলেন—দেই দেহরূপ ধয়তে টলার দিয়া সীতারূপ আত্মজ্যোতি দর্শন দারা। এখন অগন্তাথ্যবি তাঁহাকে দেই ক্ষুদ্র বিষ্ণুর উপলব্ধি হইতে বিরাট বিষ্ণুরূপ বিরাট পুরুষের উপলব্ধি লাভের উপদেশ দিয়া ও পদ্বা দেখাইয়া বলিলেন "এই সীতা বিদ্যুতের

ষ্ঠায় চপলা অন্ত স্ত্রীলোকের ন্তায় নহে।" অর্থাৎ ইনি চপলা বিত্যুতের ন্তায় প্রথমে প্রতিভাত হইলেও সাধনা ও অভ্যাস বলে এই সীতারূপ জ্যোতি স্থিরা সৌদামিনীরূপে পরিণতা হইতে পারেন, "অতএব তুমি ইহাতে রত হইয়া সতত ইহার প্রীতি সম্পাদন করিবে। অর্থাৎ সততঃ এই আয়ুহদি জ্যোতিরূপ সীতাকে তোমার মানসনয়নে রাখিলে ইনি ষেন স্থিরাই হইবেন, তথন ইনিই তোমাকে পথ প্রদর্শন করাইয়া সেই জ্যোতি প্রকাশক পুরুষের স্থানে লইয়া যাইবেন। এক কথায় তুমি এই জ্যোতিকে স্থির করিতে পারিলে, তাহারই অন্থসরণে পুরুষের উপলব্ধি করিতে পারিবে।" তাই বলিলেন:—

"অলক্কতোহয়ং দেশক যত্র সৌমিত্রিণা সহ। বৈদেহা চানয়া রাম বংশুসি অমরিন্দম॥"

এখানে অগন্ত্যশ্বষি সীতাকে বৈদেহী বলিয়াছেন এবং লক্ষ্ণকে স্থমিত্ররপ তাঁহার পৌরুষ রূপেই উল্লেখ করিয়াছেন। ইহার পরও রাম যথন বলিলেন দণ্ডকারণ্যে আমাদের বাসের জন্ম একটা ভাল স্থানের নির্দেশ করিয়া দিন, আমি সেখানে পর্ণকৃটির রচনা করিয়া বনবাসের অবশিষ্ট সময় অতিবাহিত করিব," তথন শ্বষি বলিলেন "তৃমিই না বলিলে অবশিষ্ট সময় তৃমি আমার আশ্রমে কাটাইবে প্রতিজ্ঞা করিয়াছ, এখন আবার অন্যত্র যাইতে চাহিতেছ, ইহাতে তোমার অন্য অভিপ্রায় আছে তাহা আমি ধ্যান যোগে বৃঝিতে পারিতেছি।"

"দেশো বহুমৃগঃ শ্রীমান্ পঞ্চবট্যভিবিশ্রুতঃ ॥
তত্র গতাপ্রমপদং ক্রতা সৌমিত্রিণা সহ।
রমস্ব তং পিতুর্বাক্যং যথোক্তমমূপালয়ন্॥
বিদিতো হেষ বৃত্তাক্যো মম সর্বান্তবান্ত।

তপদশ্চ প্রভাবেণ স্নেহাদশরথস্তচ। হৃদয়স্থঞ্চ তে ছন্দো বিজ্ঞাতং তপদা ময়া। ইহ বাদং প্রতিজ্ঞায় ময়া দহ তপোবনে॥"

আমি ধ্যানে তোমার পিতৃসত্য পালনার্থ বনে আগ্রমন ইত্যাদি তোমার ও দশর্থের বুভাস্ত অবগত আছি, তোমার হৃদ্যের ছন্দও আমি জানিতে পারিয়াছি অতএব তুমি এখান হইতে চুই যোজন দুরে পঞ্চবটী নামে বন আছে দেখানে যাইয়া আশ্রম নির্মাণ করিয়া পিতৃসত্য পালন কর এবং মুগমাংস আহারাদি করিয়া তৃপ্তি লাভ কর। আরও তোমার মনে যে কি আছে তাহাও আমি জানিতে পারিয়াছি। অর্থাৎ রাম যে রাক্ষ্স বধ করিতে প্রতিজ্ঞা করিয়া নিজ বীগ্য প্রদর্শন করিবেন তাঁহার দে মনের অভিপ্রায়ও তিনি ব্ঝিতে পারিয়াছিলেন। তাই যেখানে প্রচুর বধামুগ ও রাক্ষস আছে দশুকারণ্যের সেই প্রাদেশের, তিনি নির্দেশ করিয়া[।] দিয়াছিলেন। তিনি বুঝিয়াছিলেন রামের বনে আগমন কেবল পিতৃসত্য পালনার্থ। তাঁহার সাধনা দ্বারা আত্মোন্নতি লাভের জন্ম তিনি সেখানে আসিলে তিনি তাঁহার (অগস্থ্যের) আশ্রমেই থাকিয়া তাহা সাধন করিতেঁন। ইহাতে রামের সাধনায় শিথিলতা পক্ষান্তরে তাঁহার ক্ষাত্র ধর্ম প্রতিপালন রূপ রাক্ষ্সবধের আকাজ্ফাই যে বলবতী হইয়াছে তাহাই বাল্মীকি দেখাইলেন। সীতার ভবিষ্যদ্বাণী সিদ্ধ হওয়ার এই প্রথম সোপান।

আমরা অগন্তা ঋষির ব্রক্ষজ্ঞানের দিক দিয়া তাঁহার স্থান যে কত উচ্চে বাল্মীকি নির্দেশ করিয়াছেন তাহা দেখাইলাম। এখন তাঁহার পর্যাবেক্ষণশীলতা ও ভূয়োদৃষ্টির সম্বন্ধে দেখাইব। রামায়ণে ইহার সামান্ত উল্লেখ আছে, যথাঃ—

"भार्गः निरताकुः मठकः ভाञ्चतः । मरमभः भानग्रः सम्म विकारेगरना न वर्करक ॥"

বিদ্ধাচল ক্রমে উর্দ্ধম্থে উথিত হইয়া হুর্ঘ্যের শ্রমণপথ রোধ করিতেছিল। অগত্য ঋষিকে দেখিয়া বিদ্ধ্য মন্তক অবনত করিয়া প্রণাম করিলে তিনি আদেশ করিলেন "আমি যাবৎ দাক্ষিণাত্য হইতে প্রতাবর্ত্তন না করি তাবৎ তুমি এই প্রণত অবস্থায় থাকিবে।" অগত্যও দাক্ষিণাত্য হইতে প্রত্যাবর্ত্তন করেন নাই আর বিদ্ধাচলও তদবধি মত্তক উন্ধত করে নাই। এইরূপ পুরাণে কথিত হইয়াছে। কিন্তু আমরা রামায়ণের উত্তরাকাণ্ডে দেখিতে পাই রাম অযোধ্যায় প্রত্যাগমন করিলে অগত্য, ঋষি তাঁহাকে দেখিতে গিয়াছিলেন। হয়তো তিনি বিদ্ধাকে এড়াইয়া অত্য পথে অযোধ্যায় গিয়াছিলেন। এই আখ্যায়িকার তাৎপর্য্য আমরা পাইয়াছি। কিছুদিন পূর্ব্বে হায়্র্র্রাবাদে একটা নিথিল ভারতীয় বৈজ্ঞানিক সন্মিলন হয়। তাহাতে তাহার সভাপতি মিঃ ওয়েই যাহা বলিয়াছিলেন তাহা এইরূপ।

The Presidential address (speech) of Mr. W. D. West of the Geological Survey of India discussing the origin of Earthquake in India:—"The Origin of Earthquake—The Occurrence of Earthquake in India, was a legacy of the great Earth movements that had convulsed the northern flanks of India during Tertiary and Quaternary times, when a belt of mountain including the Alps, the Himalayas was thrown up on the site of what had been previously an extensive sea. It is significant that earthquakes are mainly confined to areas of

recent or present day mountain formation, and there is no doubt that they originate when the rocks of the crust fracture as they are compressed to form the mountains. In Peninsular India mountain formation has long ceased and the Aravallee, Vindhya and Satpura mountains are in the last stages of decay and so free from earthquakes. But the Himalayas and the mountains of Beluchisthan and Burmah are of recent formation and still throbbing in the later stages of their growth. Consequently it is in the vicinity of these mountains that earthquakes are now occurring. They are in fact, almost entirely confined to the north of a line joining Bombay to Delhi and Delhi to Calcutta and this area may be termed the danger-zone of India. The rest of India south of this line is an area of comparative safety in which minor shocks occur. During the present century earthquake has been confined merely to Beluchistan, Assam and Burmah, Assam Earthquake of 1897, Kangra, 1905, North Behar, 1934, Quetta, 1935.

তিনি বলিয়াছেন পৃথিবীর মহাস্পন্দনের সময় ভারতের উত্তরাংশে একটা মহা আলোড়ন হইয়াছিল, সেই সময় ইয়োরোপস্থ আল্প পর্বত হইতে আরম্ভ করিয়া হিমালয় পর্যন্ত একটা পর্বতশ্রেণী পৃথিবীর মেখলার ক্যায়, পূর্ব্বে যাহা বিশাল সমুদ্র ছিল তাহারই বক্ষ হইতে যেন উপরে নিক্ষিপ্ত হইয়াছিল। ইহা পৃথিবার উত্থানের ভৃতীয় ও

চতুর্থ স্তরের সময়ে সংঘটিত হয়। ইহা বেশ বুঝতে পারা যায় যে যে ভূথণ্ডে অধুনা পর্বত নির্মিত হইতেছে, তাহারই সমীপবতী স্থানেই এই ভূমিকম্পের প্রকোপ বেশী এবং প্রায় সেখানেই ইহা সীমাবদ্ধ। কঠিন প্রস্তরময় পর্বত নিশ্বিত হইবার সময়, শৈল উপাদান দঢ়ভাবে ঘনীভূত হইবার সময় ফাটিয়া যায়, এবং তাহার শক্তিতে তত্ত্বস্থ ভূপণ্ড আন্দোলিত হইয়া কম্পিত হইয়াই ভূমিকম্প হয়। দাক্ষিণাত্যে বহুকাল হইতে পর্বত নির্মাণ বন্ধ হইয়াছে। আরাবলি, বিদ্ধা এবং সাতপুরা গিরি সকল বরং এখন তাহাদের জরা অবস্থায় আদিয়াছে এবং সেইজন্মই ভারতবর্ষের দক্ষিণ অংশে আর কোন ভূমিকম্পের প্রকোপ নাই। পক্ষান্তরে হিমালয়, বেলুচিস্থানের পর্বতশ্রেণী এবং ব্রহ্মদেশের পর্বত সকল যেন তাহাদের শেষ বন্ধনাকাজ্ঞায় ফুলিয়া ফুলিয়া উঠিতেছে। সেইজন্ম এই পর্বতগুলির নিকটবত্তী ভূখণ্ডেই ভূমিকম্পের আবির্ভাব হইতেছে। বলিতে গেলে, যদি একটা রেখা দারা বোম্বাইকে দিল্লীর সহিত ও দিল্লীকে কলিকাতার সহিত সংযুক্ত করা যায়, তাহা হইলে এই রেখার উত্তরাংশেই ভূমিকম্পের স্থান নির্দিষ্ট হয় এবং এই স্থানেই ভূমিকম্পের আশস্কা বেশী। ইহার দক্ষিণাংশে অপেকাক্বত ভূমিকম্পের কম আশঙ্কা বশতঃ নিরাপদ। আসামের ভূমিকম্প ১৮৯৭, কাঙ্ডা উপত্যকায় ১৯০৫, উত্তর বিহারে ১৯৩৪ ও কোয়েটাতে ১৯৩৫ খ্বঃ অব্দে।

তাহা হইলে দেখা ষাইতেছে বিদ্যাগিরিতে, বহু সহস্র বৎসর
প্রেই যে তাহার উত্থান বন্ধ হইয়াছিল, তাহার নিদর্শন পরিলক্ষিত
হইয়াছিল। স্থতরাং বহুদশী পর্যবেক্ষণক্ষম অগত্য ঋষি, যিনি
দাক্ষিণাত্য আবিদ্ধার করিয়াছেন বলিয়া খ্যাত, এই বিদ্যাগিরি
পদত্রবেক্ষ্ট উল্লেখন করিয়াছিলেন এবং তাঁহার স্ক্র দৃষ্টিতেই তিনি ইহা

পর্যাবেক্ষণ করিয়াছিলেন যে এই বহু পুরাতন গিরিশ্রেণী তথন তাহার পতন অবস্থায় উপনীত হইয়াছে অর্থাৎ তাহার নৃতন নির্মাণোপযোগী উপাদান অভাবে তাহার উত্থান বন্ধ হইয়াছে এবং তথ্ন তাহার ক্ষয়ের লক্ষণই পরিদৃষ্ট হইয়াছিল। তাঁহার সেই বহুদর্শিতার বিষয় তথন সর্বত্র প্রচারিত হইয়াছিল, আর তাহাই রূপকাকারে বিদ্ধা-পর্বতের, গুরু অগস্ত্যের আদেশে চিরপ্রণত অবস্থায়, স্থিতিরূপে পুরাণে বর্ণিত হইয়াছে। বাল্মীকিরও এইরূপ একটী পর্যাবেক্ষণ কুশলতার উদাহরণ পরে এই রামায়ণেই আমরা দেখাইব। সর্ব্ব উচ্চ গিরিশুঙ্গ এভারেষ্ট বা কাঞ্চনজ্জ্মা ২৯০২ ফিট উচ্চ আর সূর্য্যের দূরত্ব পৃথিবী হইতে কত তাহা এখন বালকেরাও জানে। স্থতরাং বিদ্ধাপর্কত কর্ত্তক সূর্য্যের ভ্রমণপথ অবরোধ যেন বাতুলেরই উক্তি। আবার পৌরাণিক গল্প আছে অগন্ত্য ঋষি গণ্ডুষে সমুদ্র শোষণ করিয়াছিলেন। ইহার এক আধ্যাত্মিক ব্যাখ্যাই সম্ভব। অর্থাৎ তিনি আত্মজ্ঞানী ছিলেন। মনরূপ সমুদ্র যাহাতে কেবলই চাঞ্চল্যরূপ তরঙ্গ উঠিয়া তাহাকে উদ্বেদিত ও বিচলিত করে, অগস্থ্য ঋষি সেই তরঙ্গ সহিত সমুচ্চয় মনটাকেই যেন গণ্ডুষে উদরস্থ করিয়া তাহার লয় সাধন করিয়াছিলেন। মনের একবারে লয় না হইলে পরমপদ প্রাপ্ত হওয়া যায় না।

হাদশ পরিচ্ছেদ

শূর্পণথার নাসা কর্ণ ছেদ ও চতুর্দ্দশ সহস্র রাক্ষস বধ।

্রাম অগস্ত্যাশ্রম হইতে নির্গত হইয়া পঞ্চবটীবনের উদ্দেশে গমন করিলেন। তাঁহারা সেই বনের সন্নিকট হইলে পথিমধ্যে ভীষণ পরাক্রমশালী বৃহৎকায় এক গৃঙের নিকটবতী হইলেন। তাঁহার। তাকে রাক্ষ্য বোধে জিজ্ঞাসা করিলেন, 'তুমি কে ?' তথন দেই পক্ষী তাঁহাদিগকে বলিলেন, "আমাকে তোমার পিতার বয়স্থ জটায় বলিয়া জানিও।" তথন রাম তাহাকে পিতার স্থা জানিয়া তাহার কুল ও নাম জিজ্ঞাসা করিলেন। তথন সেই পক্ষী প্রসঙ্গক্রমে সমন্তপ্রাণীর উংপত্তি প্রকরণ কীর্ত্তন করিয়া নিজের নাম ও কুলের পরিচয় দিল। তৎপরে রাম বনে প্রবেশ করিয়া তথায় কৃটির নির্মাণ করতঃ বাস করিতে লাগিলেন। ইত্যবদরে একদিন রাবণভগ্নী শূর্পণখা নাম্মী রাক্ষণী দেই আশ্রমে উপস্থিত হইল। দেই মহোদরী, তুমুখা, विक्रभाको, ष्रश्चियमर्गना वृक्षा वाक्रमी म्पट स्मूथ, कौगरकारि, विभान-নয়ন, প্রিয়দর্শন, যৌবনসম্পন্ন রামকে দেখিয়া কাম-মোহিত হইয়া তাঁহাকে বলিল, "তুমি ধহুর্জাণ হল্ডে সন্ত্রীক এই রাক্ষসদেবিত দেশে আসিয়াছ কেন ?" রাম তাঁহার নিজের পরিচয় ও আসিবার কারণ বলিয়া তাহাকে জিজ্ঞাসা করিলেন "তুমি কে, কাহার ক্যা, কাহার স্ত্রী ? তোমার এই 'মনোজ্ঞ' অঙ্গ-সোষ্ঠব দেখিয়া বোধ হইতেছে, তুমি

কোন রাক্ষদী তুমি এথানে কেন আসিয়াছ যথার্থ বল।" তথন সেই कामाजुता (मनम्मिंजा) ताकनी विनन, "आमि कामज्ञिनी ताकनी, রাবণের ভগ্নী, দর্বভয়ন্ধরা শূর্পণথা। আমি তোমাকে প্রথম দর্শনেই মনে মনে পতিজে বরণ করিয়া, তাহাদিগের মত না লইয়া তোমার নিকট আদিয়াছি। আমি বীর্যাবতী, বলপ্রবক স্বেচ্ছায় সর্বত যাইতে পারি। তুমি চিরকাল আমার স্বামী হও। সীতাকে লইয়া তুমি কি করিবে? দে কদাকার এবং কুরূপা, স্বতরাং তোমার যোগ্য নহে। আমিই তোমার উপযুক্ত ভার্যা। আমি তোমার ভাতা এবং এই মাহুষী বিরূপা, করালা ও নতোদরী অসতী নারীকে ভক্ষণ করিব। তংপর তুমি কামভোগী (কামী) হইয়া পর্বত শিখরে ও বনে বিচরণ করিবে। তখন রাম সহাত্যে সেই কামার্ত্তা শূর্পণখাকে কহিলেন, "ইনি (সীতা) আমার বিবাহিতা পত্নী, স্থতরাং তোমার সপত্নী থাকা অত্যন্ত ক্লেশ-দায়ক হইবে। তংপরিবর্ত্তে আমার এই প্রিয়দর্শন অবিবাহিত ভাতা লক্ষণই তোমার উপযুক্ত পতি হইবার যোগ্য। তুমি সপত্মীশূন্তা হইয়া আমার এই ভাতাকে ভজনা কর।" তথন সেই কামমোহিতা রাক্ষ্যী রামকে পরিত্যাগ করিয়া লক্ষণকে তাহার স্বামী হইতে অমুরোধ করিল। তথন লক্ষণ ঈষং হাস্ত করিয়া বলিলেন, "কমলবর্ণে। আমি আমার জ্যেষ্ঠের দাস, স্থতরাং আমার ভার্য্যা হইয়া দাসী হইবার ইচ্ছা কেন করিতেছ ? হে বিশালাকি! তোমার বর্ণে মালিন্তের লেশ মাত্রও নাই। তমি আমার জোঠের কনিষ্ঠা পত্নী হইয়া প্রীতা হও, তাহা হইলে, তিনি ঐ নতোদরা কুরূপা, বিক্লতকায়া ও বৃদ্ধা পত্নীকে পরিত্যাগ করিয়া তোমাকেই ভজনা করিবেন। বরবণিনি! কোন বদ্ধিমান, শ্রেষ্ঠরূপ পরিত্যাগ করিয়া মানবগর্ভজাত রমণীতে প্রণয় স্থাপন করে ?" তথন সেই পরিহাস বিষয়ে অনভিজ্ঞা মদনাতুরা বিক্বতাকারা রাক্ষনী পর্ণকুটির মধ্যে দীতাসহ উপবিষ্ট অধর্ষণীয় রামের নিকট যাইয়া বলিল, "তুমি এই কুরূপা স্ত্রীর প্রতি আসক্ত হইয়া আমাকে ঘুণা করিতেছ। আমি এক্ষণে তোমার সমুখেই এই মান্থবীকে ভক্ষণ করিব।" এই কথা বলিয়া সে দীতার প্রতি ধাবিতা হইল। তথন রাক্ষদীকে দীতার দিকে আদিতে দেখিয়া রাম লক্ষণকে বলিলেন, "নিষ্ঠর স্বভাব অনার্য্যাদিগের সহিত কোনমতেই পরিহাস করা উচিত নহে। তুমি এই কামাতুরা রাক্ষদীকে বিক্রতরূপা কর।" তথন লক্ষণ অসি বাহির করিয়া তাঁহার সমক্ষেই সেই রাক্ষদীর নাসিকা ও কর্ণ ছেদন করিয়া ফেলিলেন। সেই বিক্রতরূপা রাক্ষদী ক্ষিরাপ্রতা দেহে গর্জ্জন করিতে করিতে মহাবনে প্রবেশ করিল এবং জনস্থানে রাক্ষ্পগণ পরিরত অতি তেজস্বী লাতা ধরকে তাহার এই নিগ্রহের ও লাঞ্চনার কথা সবিতারে বলিল।

তথন বাক্ষসাধিপতি ধর তাহার ভগিনীর সেই বিক্নতরূপ দেখিয়া ক্রোধে কম্পিত হইয়া তাহাকে বলিল, "তুমি ঈদূলী রূপবতী, * কে তোমাকে এরূপ কুংদিতা করিয়াছে? তুমি কামরূপিনী, ইচ্ছামত সকল স্থানে যাইতে সমর্থা। তুমি কাহাদ্বারা এরূপ নিগৃহীতা হইয়াছ তাহা আমাকে বল, আমি অবিলম্বে তাহার প্রাণবিনাশে শান্তি বিধান করিব।" তথন শূর্পণথা অশ্রুমোচন করিয়া রাম, লক্ষ্মণ ও সীতার কথা বলিয়া তাহাকে কহিল, "তুমি যুদ্ধ করিয়া তাহাদিগকে বধ করিলে, আমি তাহাদের ফেন্যুক্ত রক্তপানে তৃপ্ত হইব"। তথন ধর অত্যন্ত কুদ্ধ হইয়া ক্লতান্ত তুলা মহাবলশালী চতুর্দ্ধশ

^{*} এথানে দেখা হাইতেছে সে অনার্য্য রাক্ষনদের দৃষ্টিতে (Standard) রূপবতীই ছিল, এবং নিজকে দেইরূপই ভাবিত, তাই আর্য্যা সীতার রূপ তাহার নিকট বিসদৃশ বোধ হওয়াতেই তাহার রূপের নিক্ষা সে করিয়াছিল।

শুর্পণখার নাসা কর্ণ ছেদ ও চতুদ্দিশ সহস্র রাক্ষস বধ ২০৭

রাক্ষদকে আজ্ঞা করিল "জটাবজলধারী শস্ত্র সময়িত ত্ইজন মহয় রমণীর সহিত ভীষণ দণ্ডকারণো আসিয়াছে, তোমরা তাহাদিগকে দেই কামিনীর সহিত বিনাশ করিয়া আইস।"

"ইতি তত্থাং ক্রবাণায়াং চতুর্দশ মহাবলান্।
ব্যাদিদেশ ধরঃ কুদ্ধো রাক্ষ্যানস্তকোপমান্॥"
সেই চতুর্দশ রাক্ষ্য শূর্পণধার সহিত সেই আশ্রমের উদ্দেশে ধাবিত
হইল। তথ্ন রাম বলিলেন,

"মৃহুৰ্ত্তং ভব সৌমিত্ৰে দীতায়াং প্ৰত্যনস্তরঃ। ইমানস্থা বধিয়ামি পদবীমাগতানিহ। বাক্যমেতৎ ততঃ শ্ৰুষা রামস্থা বিদিতাত্মানঃ।"

স্থমিত্রানন্দন! যাবং আমি এই রাক্ষসীর পক্ষপাতী এই সমস্ত রাক্ষসদিগকে বধ না করি তাবং মৃহ্র্ত্তকাল তুমি সীতার নিকট থাক।" আত্মজ্ঞ রামের সেই কথা শুনিয়া লক্ষ্মণ "তাহাই হইবে" বলিলেন। তথন রাম সেই রাক্ষসগণকে বলিলেন আমরা দশুকারণ্যে আসিয়া ইন্দ্রিয়নিগ্রহপূর্বক ফলমূলাহার করিয়া তপস্থাচরণ করতঃ ধর্ম্মচারী হইয়া বাস করিতেছি; তোরা কেন আমাদিগের হিংসা করিতেছিস; তোরা পাপাত্মা ও ঋষিগণের অপকারী; আমি ঋষিগণের আদেশ মত তোমাদিগকে সংহার করিতে ধহুর্ধারণ করিয়া এই মহারণ্যে প্রবেশ করিয়াছি। যদি তোদের জীবনে ভয় থাকে তবে পলায়ন কর্।" তথন সেই রাক্ষসেরা রামের প্রতি শুল নিক্ষেপ করিলে রাম ধন্থ হইতে শর নিক্ষেপ করিয়া সেই চতুর্দ্দশ রাক্ষসকে বধ করিলেন।

থর প্রেরিত চতুর্দশ রাক্ষ্য নিহত হইলে শূর্পণথা তাহার আতার নিকট ঘাইয়া তাহাকে তিরস্কার করিলে সেই থর তথন সেনাপতি দ্যণকে তাহার অন্থচর চতুর্দশ সহস্র বাক্ষসকে যুদ্ধে উচ্ছোগী করিল। তথন ধ্সরবর্ণ মহাভয়ন্ধর মেঘ, সেই যুদ্ধগামী সৈত্যের উপর ঘোর রবে রক্তমিশ্রিত জলবর্ষণ করিতে লাগিল; রক্তমিশ্রিত জল সহিত আকাশ আবৃত করিয়া ঘোর অন্ধকার করিল; অসময়ে সন্ধ্যাকাল উপস্থিত হইল। রাহ অকালে স্থ্যকে গ্রাস করিল; প্রচণ্ড বেগে বায়্ বহিতে লাগিল; বিনা বায়তেও মেঘের গ্রাম ধ্সরবর্ণ রেণু উঠিল; এইরূপ আরও অনেক অস্বাভাবিক ঘটনা হইল। তৎপরে রাম সেই ধরদ্যণ পরিচালিত চতুর্দশ সহস্র রাক্ষস বধ করিলেন। তথন স্বর্গ হইতে দেবগণ রামের উপর পুস্পর্টি করিয়া বলিলেন, "রাম এই মহামুদ্ধে থর দূষণ যাহাদের মধ্যে প্রধান, সেই চতুর্দশ সহস্র কামরূপী রাক্ষসকে সার্ধ্ধ মৃত্তের্ত নিধন করিলেন। কি আশ্চর্যা! আত্মতন্ত্রদশী রামের এই কার্যা কত মহৎ।"

"অদ্ধাধিক মুহুর্তেন রামেন নিশিতৈঃ শর্তিঃ।
চতুর্দ্দশ সহস্রাণি রক্ষসাং কামরূপিণাম্।
ধরদূষণ-মুখ্যানাং নিহতানি মহামুধে॥
অহোবত মহংকর্ম রামস্য বিদিতাখনঃ।

দেবতারা অন্তর্হিত হইলে অগন্ত্য সহিত সমন্ত ঋষিমগুলী তথায় সমবেত হইয়া রামকে অভিনন্দন করিয়া কহিলেন "এই সকল পাপকর্মরত রাক্ষসদিগের বধ সাধনার্থ ই মুনিগণ কৌশল করিয়া তোমাকে এ প্রদেশে আনয়ন করিয়াছেন। তুমি আমাদের সেই মহৎকার্য্য সম্পাদন করিলে। ঋষিগণ অন্ত অবধি দণ্ডকারণাে নিরাপদে ধর্মকার্য্য করিবেন।"

সমন্ত রাক্ষদ নিধনপ্রাপ্ত হইলে একমাত্র অকম্পন কোনরূপে পলাইয়া লকায় ঘাইয়া রাবণকে সমন্ত বিবরণ বলিল। সে রামলক্ষণের অমাতুষিক বীর্যবভা ও সীতার অনন্তসাধারণ সৌন্দর্য্যের কথা বলিয়া

শৃর্পণখার নাসা কর্ণ ছেদ ও চতুদ্দশ সহস্র রাক্ষস বধ ২০৯

রাবণকে সেই সীতাকে হরণ করিয়া আনিবার জন্য বলিল। তথন রাবণ মারীচের নিকট যাইয়া সীতাহরণ কার্য্যে তাহাকে সাহায্য করিবার জন্ম অন্মরোধ করিলে মারীচ তাহার পূর্ব্বাবস্থার কথা স্মরণ করিয়া তাহাকে রামের সহিত শক্রতা করিতে নিষেধ করিল। বারণ সেই সময়ের জন্ম নিশ্চেষ্ট হইয়া প্রত্যাগমন করিল। ইহার পরেই শূর্পণথা লঙ্কায় রাবণের রাজসভায় উপস্থিত হইয়া তাহাকে তাহার তুর্দশার অবস্থা দেখাইয়া ভর্মনা করিয়া বলিল "তুমি এখানে নিদ্রাস্থ্য ভোগ করিতেছ, আর তোমার রাজা জনস্থানের সমস্ত রাক্ষ্স রাম নামে এক মহাবীর্ঘাশালী ধন্ত্রপারী মন্ত্রেয়ের হন্তে নিহত হইয়াছে। তাহার এক পরমাম্বন্দরী ভার্যা। আছে। আমি তোমার জন্ম দেই পরম-রমণীয় নারীরত্ত সংগ্রহ করিবার জন্ত নানারপ কৌশল করিয়াছিলাম। প্রথমে সেই রামকে প্রলোভনে বশীভত করিবার চেষ্টা করিয়াছিলাম: তাহাতে অকতকার্যা হইয়া সেই সীতাকে ধর্ষণ করিবার ভয় দেখাইলে. তাহার ভ্রাতা অতি বীর্ঘ্যান লক্ষ্য আমার নাসিকাকর্ণচ্ছেদন করিয়া আমাকে এইরূপে বিরূপা করিয়াছে, আমার নিগ্রহের প্রতিশোধ লইবার জন্ত চতুর্দ্দশ সহস্র রাক্ষস সহ খর ও দৃষ্ণ রামকে আক্রমণ कतिल तम भागि रहेशा भार्क-पृष्ट् जिंदा निभक् मुग्ल निधन করিয়াছে।

> "রক্ষসাং ভীমবীর্য্যানাং সহস্রাণি চতুর্দ্ধণ। নিহতানি শবৈ স্তীক্ষৈতেনৈকেন পদাভিনা। অদ্ধাধিক মুহুর্ত্তেন খরশ্চ সহদূষণঃ।"

অতএব আপনি অবিলম্বে যাইয়া সেই রামকে জয় করিয়া তাহার সেই পত্নীকে লইয়া আসিয়া আপনার ক্রোড় শোভিত করুন। রাক্ষসদের নিধনে আপনার যাহা কর্ত্তব্য তাহাই করুন। উপরি উক্ত বর্ণনা হইতে ব্ঝিতে পারা যায় যে শূর্পণথা অনার্যা।
সেও লম্বাদীপের আদিন নিবাদী জাতীয়া নারী এবং সেই জাতির
রাজা বা প্রধানের ভয়ী। স্থতরাং সে নিজেকে তাহাদের মাপকাঠিতে
সেই জাতীয়া খ্রীলোকদের মধ্যে সর্ব্বাপেকা স্থানরী বলিয়াই মনে
করিত। তাই সে যুবক ও সৌন্দর্যান আর্যাজাতীয় রামকে দেখিয়া
তাহাকে পতিরূপে পাইতে কামনা করিয়াছিল। সে প্রকৃত নিজমৃত্তিতেই গিয়াছিল, মায়াদারা কোন মোহিনীমৃত্তি ধারণ করে নাই, তাহা
বাল্মীকির উভয়ের রূপের তুলনামূলক বর্ণনাতেই উপলব্ধি হয়।

"স্মৃথং দম্থী রামং বৃত্তমধ্যং মহোদরী॥ বিশালাক্ষং বিদ্ধপাকী স্থকেশং তামস্কিজা। প্রিয়ন্ত্রপং বিদ্ধপা সা স্থকাং ভৈরবস্থনা॥ তক্ষণম্ দাকণা বৃদ্ধা দক্ষিণস্ বামভাষিনী। গ্রায়বৃত্তম্ স্থত্বৰ্ত্তা প্রিয়মপ্রিয়দর্শনা॥"

রাম তাহাকে উপহাসচ্ছলেই বলিয়াছিলেন "দংহি তাবমনোজ্ঞান্ধী রাক্ষদী প্রতিভাদি মে।" তুই ল্রাতার নিকটই প্রত্যাথ্যাত হইয়া সীতাকে ধর্ষণ করিতে উন্নত হইলে তথন লক্ষণ তাহার নাদিকা কর্ণ ছেদন করিয়া তাহাকে বিরূপা করিয়াছিলেন। তাহার অবমাননার প্রতিশোধ লইতে চৌদ্দ জন রাক্ষণ আদিলে ক্ষিপ্রহন্ত রাম চৌদ্দটী শর দ্বারা তাহাদিগকে নিধন করিলেন, কেননা তাহারা ধয়্মংশর ব্যবহার করিতে জানিত না। এ পর্যান্ত রামের কোন অমায়্র্যিক শক্তির পরিচয় পাওয়া যায় না। কিন্তু তৎপরে চতুর্দশ সহস্র রাক্ষস আদিলে রাম লক্ষণকে কুটিরাভান্তরে সীতাকে রক্ষা করিতে বলিয়া একাকীই যুদ্ধার্থে অগ্রসর হইয়া তাহাদিগকে দার্দ্ধ মূহুর্ত্তে বিনাশ করিলেন। ইহা কিন্তু মন্তন্ম রামের মানবীয় শক্তির দ্বারা সাধন, সম্পূর্ণ অসন্তব বলিয়া বোধ

হয়। ইহা বিষ্ণু অবতার রামের বিষ্ণুত্ব-প্রাপ্তি অবস্থাতে সম্ভব হইতে পারে, স্বতরাং সে দম্বন্ধে কোন বক্তব্যও নাই। আর একটা লক্ষ্যের বিষয় বাল্মীকি ছই স্থানেই চতুর্দশ ও চতুর্দশ সহস্র একই নিদিষ্ট সংখ্যার উল্লেখ করিয়াছেন। অন্ত কোন সংখ্যাও তো বলিতে পারিতেন! যাহাদের নিকট অর্থাৎ রাম লক্ষ্য ও সীতার নিকট তিনি এই রাক্ষসদের সহিত যুদ্ধের বিবরণ শুনিয়াছিলেন, তাঁহাদের কেইই এই নিদিষ্ট চতুর্দশ সহস্র রাক্ষসের সংখ্যা গণনা করিবার অবসর পান নাই। রামের অস্তের মধ্যে ধন্থুংশরই তাঁহার প্রধান অস্ত্র ছিল। তিনি যতই ক্ষিপ্রহন্ত হউন না কেন এই চৌদ্দ হাজার রাক্ষ্য বধ করিতে তাঁহাকে তত সংখ্যক শর নিক্ষেপ করিতে ইইয়াছিল। তাহা কি মহন্তের পক্ষে মুহূর্ত্তে সম্ভব হয় ? স্বতরাং এই চতুর্দশ সংখ্যাতে অত্য কিছু রহস্য নিহিত আছে ইহাই অনুমান করিতে হইবে। আবার তাহারা থর ও দৃষ্ণ কর্ত্বক চালিত হইয়াছিল। এই ছুইটা শন্ধের প্রকৃত অর্থ কি হয় তাহাই দেখা যাউক।

খর বা প্রথর। খরংক্লীং (খায় অস্তরিক্রিয়ায় খন্স বা তীব্রতারপগুণং রাতীতি খ+বা+কঃ) তীব্রম্, তীক্ষম্। খরঃ পুং = গর্দভঃ।
দ্যণং (দ্যয়তীতি দ্যি+লাঃ) ক্লীবলিকে দোষে। দ্য ধাতু হইতে
সম্পন্ন—ছট বা বিক্রত হওন। তাহা হইলে এই চতুর্দশ সহস্র রাক্ষস
দ্যিত বিক্রত বা অশুদ্ধ হইয়াছিল—তাহাদের সেনাপতি দ্যণ কর্ত্বক
চালিত বা উত্তেজিত হইয়া। আবার তাহারাই তাহাদের প্রভৃ খর
কর্ত্বক অতিতীক্ষ বা তীব্ররূপে ছট হইয়াছিল। যেমন একাদশক্ষ্ম,
অষ্টবস্থ, ঘাদশ আদিতা, নবগ্রহ তেমনই এমন একটা আরও কিছু আছে
যাহার সংখ্যা চতুর্দ্দশ পরিমিত। এই চতুর্দশ সংখ্যাতে তাহারই নির্দেশ
হইয়াছে। তাহা ইইতেছে চতুর্দ্দশ করণ। করণ—ক্রিয়তে অনেন—

যাহ। দ্বারা কার্য্য করা হয় = ক্রিয়ানিম্পত্তিকারণম। আমাদের দেহের ক্রিয়ানিষ্পত্তিকারণও চতুর্দশটী। অস্তঃ বা অভ্যস্তরে ক্রিয়া নিষ্পত্তি-কারণ-মন, বৃদ্ধি, অহন্ধার ও চিত্ত এই চারিটী একত্রে অস্তঃকরণ। আর পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় দশ্টী-একুনে চতুর্দ্দশ করণ। আত্মা এই চতুর্দশ করণ দ্বারাই কার্য্য করেন। যথা সর্ব্বসার উপনিষদে:-"মন আদি চতুর্দশ করণৈ পুর্দলৈ আদিত্যালন্ত্রগৃহীতেঃ শ্রাদীন্ বিষয়ান স্থুলান যথা উপলভতে তদ আত্মনোঃ জাগরণম" তথা "চতুদিশকরণোপরমাদ্ বিশেষ বিজ্ঞানাভাবাৎ যদা শকাদীন্ নোপলভতে তদ্ আত্মনো স্ব্পুম্॥" অর্থাৎ যথন পুষ্টিপ্রাপ্ত মন আদি চতুর্দশকরণ সহায়ে আদিত্যাদির ক্রিয়া দারা অমুগৃহীত হইয়া বা তাহাদের সাহায্যে শবাদি সূল বিষয় উপলব্ধ হয় তথন আত্মার জাগরণ অবস্থা। আবার তাহাদেরই উপরম হইলে বিশেষ জ্ঞানের অভাব জন্ম যথন শ্রাদি বিষয় উপলব্ধি হয় না তাহাই আত্মার স্বয়ুপ্তি অবস্থা। চতুর্দশ সহস্র রাক্ষ্স যদি চতুর্দশকরণই হয় তাহা হইলে তাহা বামের কিন্ধপ অবস্থায় প্রযোজ্য হইতে পারে তাহাই আমরা তাঁহার পর্ব্বাপর আচরণ হইতে দেখাইতে চেষ্টা করিব। যোগসাধনে উত্তোগী রামের পক্ষেই ইহার প্রযোজ্যতা সম্ভব। রাম অগস্ত্য ঋষির নিকট উপদেশ পাইলেন—"সীতাতে সতত রত থাকিয়া তাহাকে প্রীত করিয়া, বিদ্যাতের ন্যায় চপলস্বভাবা-নারীরূপাজ্যোতি শীতাকে স্থিরা সৌদামিনীরূপে উপলব্ধি করিবে"। রাম সেই উপদেশ পালনে দুঢ়ব্রত হইয়া সীতারপা আত্মহদি-জ্যোতিকে সতত মানসনয়নে রাখিতে অভ্যাস করিতেছেন, এমন সময়ে আসিল সে তাঁহাকে প্রলোভিত করিতে—তাহার নিজের দৃষ্টি অমুযায়ী তাহার সৌন্দর্য্যাভিমানে। শূর্পণথা কামরূপী রাক্ষ্সী, তাই যেন রামের মান্সনয়নে কোন

শুর্পণখার নাসা কর্ণ ছেদ ও চতুর্দ্দশ সহস্র রাক্ষস বধ ২১৩

'মনোজ্ঞাদ্বী'-রমণী মূর্দ্তি উদিত হইয়া তাঁহাকে তাহার সহিত উপভোগ কামনারূপ প্রলোভন প্রদর্শনে তাঁহার মনের বিক্ষেপ সাধন করিতে চেষ্টা করিতেছিল; তাহাতে সিদ্ধ না হইয়া সে ভয়দ্বরা মূর্দ্তিতে ভয় দেখাইয়া তাঁহার সেই দৃষ্ট সীতাজ্যোতিকেই গ্রাস করিতে যাইতেছিল। তাই রাম তাঁহার পৌক্ষ রূপ 'সৌমিত্রি'কে বলিলেন 'উহাকে নিবৃত্ত কর'।

"कृरेत्रत्रनारेग्रः मोभिरव· ।"

रयन ताम निरक्त भोक्षवरला राष्ट्र लक्कातिनी मरनाख्यकी मानमनगरन ক্ষণোদিতা রমণী মূর্ত্তির বিরূপতা সাধন করিলেন, যেন আর তাহা তাঁহার মনকে আকর্ষণ না করিতে পারে। প্রলোভন ও ভীতিরপ তুই বিরুদ্ধ শক্তির বিরুদ্ধেও তিনি মনের স্থৈর্য অটুট রাখিতে পারিলেন। এই শূর্পণখারপ কামরূপিণী রাক্ষ্ণীকে তিনি তংকালের জন্ম বিরূপা করিয়া তাহাকে নিরুত্ত করিলেন। তাহাকে উপহাস ছলেই যেন তাচ্ছিলা করিয়াই তাহা করিলেন। যেন মারীচের মতই তাহাকে তৎসময় শীতল বা ঠাণ্ডা করিয়া রাখিলেন। তিনি যদি মারীচ ও এই শূর্পণখাকে বধ করিতেন তাহা হইলে আর কোনও অনর্থই হইত না। ইহা যেন দেই সাময়িক 'রাগ ঠাঞা করার আয়।' তাই তাহারা চিরতরে দমিত হইল না। যেমন কোন শত্রুকে চিরতরে বধ না করিলে শুধু ঠাণ্ডা করিলে সে আবার শক্রতা করে, যেমন বিষধর সর্প এক 'ঘা' যষ্টি প্রহারে দাময়িক নিবৃত্ত হইলেও পরে উপযুক্ত অবদর পাইলেই দংশন করে, তেমনি এই রিপুগুলিও ভুধু শীতল হইলেই চিরতরে নিরুত্ত হয় না, ফাঁক পাইলেই সাধককে বিপর্যান্ত করিতে চেষ্টা करत। এই मूर्लनशाक्रम कामक्रमीविश्र, मिट क्रनाज्य विकनाञ्च मर्लिव ন্থায় নিবৃত্ত হইলেও পুনরায় দংশন করিতে আসিল—সেই চতুর্দশ সহস্র রাক্ষ্স রূপ চতুর্দশ করণকে প্রথর ও দূষণীয় করিয়া, তাহাদের বলে

বিপুল শক্তি সঞ্চয় করিয়া। প্রথমে এই চতুর্দ্দশকরণ, অর্থাৎ তাহাদের স্বাভাবিক অবস্থাতেই যেন মাত্র চতুর্দশ রাক্ষ্য রূপেই রামকে বিধ্বস্ত করিতে আসিল। তিনি তাহাদিগকে দমন করিয়া নিরস্ক করিলেন। অর্থাৎ স্বাভাবিক ভাবে এই ইন্দ্রিয়ের ব্তিগুলি তাঁহার অনিষ্ট করিতে পারে নাই। কিন্তু তার পরেই আসিল তাহারা চতুর্দশ সহস্রের তায় শক্তিশালী হইয়া, অশুদ্ধ হইয়া, তুট হইয়া, খর বা তীত্র ও তীক্ষ হইয়া রামের পুরুষকেই আক্রমণ করিতে। তাই তিনি তাঁহার পৌরুষরূপ লক্ষণকে (সৌমিত্রি) দীতাতেই যেন রত রাখিয়া অর্থাং লক্ষণকে দীতার রক্ষার্থ কুটিরে থাকিয়া অবহিত হইতে বলিয়া, তাহাদের সহিত যুদ্ধার্থ প্রস্তুত হইলেন। প্রকৃতি যথন বিকারপ্রাপ্তা হয় না, তথন সে শাস্ত এবং সাম্যভাবাপন্না অবস্থায়, পুরুষের সহিত যেন মৈত্রীসূত্রেই যমজ-সস্তানের ন্যায় একমাতৃক্রোড়ে অবস্থিতা থাকে। কিন্তু তাহার বিকৃতি বা তাহাতে বিকার উৎপন্ন হইলেই সে তখন পুরুষকে অভিভত করিবার জন্ম সমস্ত শক্তি প্রকাশ করে। ঐ চতুর্দশ করণ, প্রকৃতিরই চতুর্দশ প্রকার বিকৃতি। দূষণ অর্থে বিকারপ্রাপ্তি। তাই যেন বিকারপ্রাপ্তা প্রকৃতি প্রথর ও চুষ্ট হইয়া রামের পুরুষ বা আত্মাকেই বিধ্বন্ত করিতে আক্রমণ করিল। সমস্ত প্রকৃতি বিকৃত হইয়া আলোড়িতা হইলে, যেরূপ তুর্দ্দিব হয় ঠিক দেইরূপই প্রাকৃতিক বিপ্রায়ের লক্ষণ সেই চতুর্দশ সহস্র রাক্ষসের আগমন সময়ে দৃষ্ট হইয়াছিল। যথা মহাভয়ন্ধর মেঘ ঘোররবে রক্তমিশ্রিত বারি বর্ষণ क्तिएक नाभिन, प्रामखाल अङ्गातहक मन्न এक পরিবেষ হইन,

"ভামং রুধিরপর্য্যস্তং বভূব পরিবেষণম্। অলাতচক্রপ্রতিমং প্রতিগৃহ দিবাকরম্।" অসময়ে সন্ধ্যা উপস্থিত হইয়া সমস্ত দিক অন্ধকার হইল। ভয়ত্কর পশুপক্ষী দকল ভীষণ চীৎকারে দিঙ্মগুল প্রতিধানিত করিল। এই সমস্তই প্রকৃতির বিপর্যায়ের লক্ষণ। এই ধর দূষণ পরিচালিত চতুর্দ্দশ সহস্র রাক্ষ্য বধ করিতে রামকে কত বেগ পাইতে হইয়াছিল. বাল্মীকি তাহা অতি দীর্ঘ বিস্তারিত যুদ্ধের বিবরণে তাহা বিরুত করিয়াছেন। স্থতরাং ইহা সেই প্রথর দূষিত চতুর্দ্ধশ করণের সহিত রামের পুরুষের যুদ্ধ বা নিজকে অব্যাহত রাখিয়া প্রকৃতি কর্ত্তক অভিভূত না হইবার চেষ্টা। রাম তথন আত্মহদিজ্যোতিতে মগ্ন। যতই তাঁহার বুদ্ধি, মন ইন্দ্রিয়াদি প্রথর ও দৃষিত হইয়া তাঁহাকে সেই জ্যোতি হইতে খালিত করিবার চেষ্টা করিতেছে ততই তিনি আত্মবলে তাহাদিগকে দুরে নিক্ষেপ করিতেছেন। তাই খর যেন মরিয়াও মরিতেছেনা। শেষে রাম ব্রহ্মদণ্ড সদশ বাণে যেন ব্রহ্মের শাসনেই তাহাকে বধ করিলেন। যেন ব্রহ্মই তাঁহার দণ্ড প্রেরণ করিলেন। রাজা দণ্ডাদেশ দেন। অধীন কর্মচারী তাহা কার্য্যে পরিণত করে। পরমাত্মা রূপ সার্ব্বভৌম রাজার দণ্ডাদেশে তাঁহারই অংশ আত্মারূপ কর্মচারী সেই দণ্ড কার্য্যকরী করিল। এইরূপ চতুর্দশকরণসহই, রামের কিরূপ যুদ্ধ হইয়াছিল তাহাই বাল্মীকি রূপকাকারে বর্ণন করিয়াছেন। আর ইহাই তাঁহার রহস্ত প্রকাশ। এইরূপ তাৎপর্য্য না হইলে রামের ঐতিহাসিকত্ব প্রতিষ্ঠিত হয় না।

এই কামরূপী রাক্ষণীর নাম কেন বাল্লীকি শূর্পণথা রাখিলেন ?
শূর্পাইব নথা যক্তাঃ। যাহার নথ শূর্পের ন্তায় সেই শূর্পণথা =
পরিমাণ করা যেমন শূর্পয়তি ধান্তঃ গৃহী। গৃহী ধান্ত মাপ করে।
যদা শূ-হিংসায়াম্ হিংসার প্রতীক শূর্প = হিন্দীতে কুলাকে শূর্প বলে
= কুলাঃ, কুলা ইতি ভাষা। তাহা হইলে কুলার ন্তায় নথ যাহার সেই
শূর্পণথা। আদিম মহন্তেরা নথ কাটিতে জানিত না, তাহা কুলার তায়

বিদ্ধিত হইত। এই নথই তাহাদের প্রধান অন্ত ছিল। তথন বৃক্ষ ফলমূলাদি তাহাদের আহার্যা ছিল। এই নথ দারা তাহারা মাপ বা নির্ণয় করিতে পারিত কোন ফল বা মূলটী ভেল্প বা আহারযোগ্য। যেমন লোকে নথ দারা আমু, লিচু, কাঁটাল ইত্যাদি অপেক্ষাকৃত নরম ফলের আবরণ ভেদ করিয়া তাহার কোমলত্ব মাপ বা নির্ণয় করে। তেমনই শূর্পণথারূপ কামরূপী রাক্ষ্সী রামকে মাপ করিতে আসিয়াছিল তিনি কিরপ আক্রমণে ভেত। অর্থাৎ সে প্রথমে নিজকে, নিজ অন্নমানান্ন্যায়ী স্থন্দরী নারী মনে করিয়া, রামের কামপ্রবৃত্তির উদ্রেক করিতে চেষ্টা করিল, তাহাতে বিফল হইয়া তাহার হিংসা প্রবৃত্তিতে দীতাকে তাহা অপেক্ষা কত নিকুটা বলিল, তাহাতেও অকুতকার্য্যা হইয়া শেষে ভয়প্রদর্শন করিয়া রামের নিকট হইতে যেন সীতারূপী জ্যোতিকে গ্রাস করিতে অগ্রসর হইল। কোনরূপ প্রয়াদেই যথন দে কুতকার্য্য হইলনা তথন সেই প্রকৃতিজ কাম্রূপিণী রাক্ষ্মী প্রকৃতিরই সমন্ত ক্রিয়ার যন্ত্ররূপ করণগুলিকে লইয়া রামের শক্তি পরীক্ষা করিতে আসিল। তারপর তাহাতেও বিফল হইয়া সে গেল তাহার সর্বাপেক্ষা শক্তিশালী ভাতা রাবণের নিকট। তাহাকে যাইয়া বলিল যে, সে রামকে মাপ বা পরিমাণ করিয়া আসিয়াছে; রাম সহজে প্রলোভন, হিংসা বা ভীতিপ্রদর্শনে ভেছ নহে . স্বতরাং এবার তাহার (রাবণের) নিজের যাওয়াই প্রয়োজন, যেহেতু যেরূপে হউক তাহাকে (রামকে) সীতাচ্যুত করিতে হইবে। ইতিপূৰ্বে একস্থানে মুনিরা বলিয়াছিলেন যে রাবণ যাহাকে তুচ্ছ জ্ঞান করে তাহাকে ধর্ষণ করিতে তাহার অহুচরদিগকে পাঠায়; আর যেখানে দূঢ়ব্রত পুরুষকে সাধনাচ্যুত করিতে বিশেষ প্রয়াদের প্রয়োজন হয়, দেখানেই দে নিজে যায়। অর্থাৎ যে দকল তপস্বীরা

শূর্পণখার নাসা কর্ণ ছেদ ও চতুর্দ্দশ সহস্র রাক্ষস বধ ২১৭

সাধনাপথে মন সংযম করিয়া দৃঢ়ব্রত হইতে পারে না, তাহারা অল্পাধিক কামনা বাসনাতেই বা প্রলোভনে অভিভূত হইয়া, সাধনা পথঅন্ত হয় —তাহাদিগকেই রাবণ তুচ্ছজ্ঞান করিয়া তাহার অন্তচরগণকে পাঠায় অর্থাং সাধারণ বৃত্তিগুলিই তাহাদের যথেষ্ট অনিষ্ট সাধন করিতে পারে। ইহাই শূর্পণথার স্বরূপ এবং তাহার কার্য্যেই তাহা প্রতিপাদিত হইয়াছে। ইহার যে তাংপর্য্য এইরূপই তাহা বাল্মীকি দেবতাদের মুথেই প্রকাশ করাইয়াছেন "রাম চতুর্দ্দশ সহস্র রাক্ষ্যকে সার্দ্ধ মুহুর্ত্তেই নিধন করিয়াছেন। আত্মদশী রামের এই কার্য্য কত মহং।" ইহা বাল্মীকির নিজেরই কথা দেবতাবণে বাক্ত করিয়াছেন। দেবতাদের পক্ষেও ইহা আশ্চর্য্য। কেননা মহুন্য ভিন্ন এরূপ সাধনা দ্বারা আত্মদর্শনলাভ দেবতাদেরও হয় নাই। তাই ইহা তাহাদের পক্ষে আশ্বর্যের বিষয়।

ত্রসোদশ পরিচ্ছেদ

মারীচবধ ও সীতাহরণ

লম্বাধিপতি রাবণ এইরূপে শূর্পণথা কর্তৃক র্ভংসিত হইয়া সীতা হরণ করিয়া রামকে বধ করিবার জন্ম উপায় চিন্তা করিতে লাগিলেন। তথন তাহার মনে মারীচের কথা স্মরণ হওয়াতে, সে অবিলম্বে তাহার অন্বেষণে প্রস্তান করিয়া মারীচের সাক্ষাৎ পাইলে সে শূর্পণথার নিকট যেরূপ শুনিয়াছিল তাহা আত্যোপান্ত বলিয়া তাহার সাহায্য চাহিল এবং মারীচকে বলিল, "তুমি রজতবিন্দুসমূহে চিত্রিত স্বর্ণমূগ হইয়া সেই রামের আশ্রমে যাইয়া সীতার সম্মুখে বিচরণ কর; দীতা মায়াবলে মুগরুপী তোমাকে দেখিয়া, পতি রাম ও দেবর লক্ষণকে 'উহাকে ধর' বলিবে তাহাতে সন্দেহ নাই। পরে তাহারা স্থানান্তরে গমন করিলে আমি শূন্ত আশ্রমে যাইয়া বিনা বাধায় যথাস্থথে সীতাকে হরণ করিব। পরে রাম সীতাহরণ জন্ম কাতর হইলে, আমি কুতকুতাচিত্তে স্থথে তাহাকে দৃঢ়রূপে প্রহার করিব।" রামের পরাক্রম বিষয়ে সমাক অভিজ্ঞ মারীচ রাবণের সেই কথা শুনিয়া অত্যন্ত ভীত হইয়া বাবণকে অনেক হিতকথা বলিয়া একার্য্য হইতে নিবৃত্ত হইতে অহুরোধ করিল। কিন্তু রাবণ ক্রোধান্তি হইয়া যথন তাহার উপর বলপ্রকাশে উন্নত হইল, তথন অগত্যা দে তাহাকে তাহার কথামত দাহায্য করিতে স্বীকৃত হইল। তৎপরে তাহারা উভয়ে দণ্ডকারণ্যে রামের আশ্রমের নিকট উপনীত হইলে, মারীচ অত্যন্ত অপূর্ব্ব দশু মুগরূপ ধারণ করতঃ, রামের আশ্রমের অদূরে বিচরণ করিতে লাগিল এবং নানারপ অঙ্গসঞ্চালন করিয়া, দীতার দৃষ্টি আকর্ষণ করিবার জন্ম আশ্রমের নিকটস্থ হইয়া ক্রীড়া করিতে লাগিল। সেই সময়ে সীতা ইতস্ততঃ কুস্থমচয়ন করিতে করিতে সেই মুগের দিকে দৃষ্টি নিক্ষেপ করিলেন। সেই রজতবর্ণ রোমযুক্ত পদ্মকেশরের ভাষ গাত্র রং বিশিষ্ট মনোহর মুগকে তিনি সম্মেহে দেখিতে লাগিলেন। তথন তিনি রাম ও লক্ষণকে সেইস্থানে षाझान कतिरानन । जांशांत्रा উভয়ে সেই হরিণকে দেখিতে পাইলে, লক্ষ্মণ রামকে কহিলেন, "এমন রত্নচিত্রিত মুগ পৃথিবীতে নাই। আমার বোধ হইতেছে ইহা দেই কামরূপী রাক্ষ্য মারীচ, মায়াদারা এইরূপ মনোহর মুগরূপ ধারণ করিয়াছে।" সীতা লক্ষণকে নিবারণ করিয়া রামকে কহিলেন "এই হরিণ অতি স্থন্দর, আমার মন হরণ করিয়াছে: আপনি ইহাকে গত করিয়া আত্মন. এ আমাদের ক্রীড়ার নিমিত্ত হইবে; যদি আপনি ইহাকে জীবিত ধরিতে পারেন, তবে আমরা বনবাসান্তে অযোধ্যায় যাইলে এ আমাদিগের অন্তঃপুরের শোভাবর্দ্ধন করিবে। যদি ইহাকে জীবিত ধরিতে না পারেন, তাহা হইলে ইহার স্বর্ণচর্ম কুশাসনের উপর বিস্তীর্ণ করিয়া, আমরা উভয়ে উপবেশন করতঃ প্রীত হইব।" রাম দীতার অন্থরোধক্রমে ও ঐ মুগের সৌন্দর্য্যে প্রলোভিত হইয়া লক্ষণকে বলিলেন "দীতার এই হরিণটী পাইবার জন্ম কিরুপ বলবতী কামনা হইয়াছে তাহা তুমি বুঝিয়া দেখ; এই হরিণকে এমন স্থলর দেহ লইয়া আজ আর ফিরিয়া যাইতে হইবে না। এই অপরপ মুগ কাহার মন না ল্ব করিতে পারে? আর এ যদি তোমার কথামত মারীচেরই মায়া হয়, তাহা হইলে উহাকে আমি বধ করিব। আমি ইহাকে ধরিব বা বধ করিব। কিন্তু যতক্ষণ পর্যান্ত আমি উহাকে ধরিয়া ফিরিয়া না আদি ততক্ষণ তুমি দীতাকে রক্ষা করিবে। যেহেতু ইহাকে রক্ষা করাই আমাদের প্রধান কার্যা।"

লক্ষণকে এইরপ উপদেশ দিয়া রাম ধরুর্বাণ ও অসিহতে সেই মুগকে ধরিতে ধাবমান হইলে, সে ভয়প্রযুক্ত একবার অন্তর্হিত হইয়া আবার তাঁহার দৃষ্টিপথে আবিভূতি হইল। এইরূপে দে পুনঃ পুনঃ দুষ্ট ও অদুশ্য হইয়া রামকে আশ্রম হইতে বহুদুরে লইয়া গেল। তথন রাম সেই মুগকর্ত্তক মোহিত ও ক্লান্ত হইয়া বক্ষতলে উপবেশন করিলেন। পরক্ষণেই সেই মুগরূপী মারীচ তাঁহার দৃষ্টিপথবর্ত্তী হইয়া তাঁহাকে উন্মনা করিল "দ তন্মুদয়ামাদ" এবং তাঁহাকে ধরিতে উন্নত দেখিয়া পুনরায় পলায়ন করিল। আবার তনুহুর্ত্তেই তাহাকে বৃক্ষান্তবাল হইতে বাহিব হইতে দেখিয়া বাম তাহাকে বধ করিবার জন্ম শরত্যাগ করিলে, সেই শরে আহত হইয়া, রাবণের উপদেশমত তাহার উপকারার্থ রামের স্বর অমুকরণ করিয়া "হা লক্ষ্মণ, হা সীতে" এইরূপ উচ্চৈঃম্বরে চীৎকার করিয়া প্রাণত্যাগ করিল। তথন রাম সীতার বিষয় চিন্তা করতঃ লক্ষণের সতর্কবাণীর কথা স্মরণ করিয়া শঙ্কিত হইলেন। পরে অন্য এক মুগ হননপূর্কক তাহার মাংদ দংগ্রহ করিয়া জনস্থানের দিকে বরায় প্রত্যাবর্ত্তন কবিলেন।

এদিকে দীতা স্বামীর কণ্ঠস্বরের ন্থায় দেই আর্ত্তম্বর শুনিয়া তাঁহার সাহায্যার্থ লক্ষণকে শীদ্র ঘাইতে আদেশ করিলেন। কিন্তু তাহা শুনিয়াও লক্ষণ যথন রামের আদেশ শ্বরণ করিয়া ঘাইতে অস্বীকৃত হইলেন, তথন দীতা তাঁহাকে অম্থোচিত তিরস্কার করিতে লাগিলেন এবং গোদাবরীতে প্রাণত্যাগ করিতে উন্নত ইংলেন।
লক্ষ্মণ অনত্যোপায় হইয়া বিমর্থমনে, দীতাকে পরিত্যাগ করিতে
বাধ্য ইইয়া, রামের উদ্দেশে মহাবনে, যেদিক হইতে শব্দ আদিয়াছিল,
দেই দিকে প্রস্থান করিলেন। ইত্যবকাশে দশানন রাবণ গৈরিক
বদন পরিহিত হইয়া কমণ্ডলুহন্তে দয়্যাদীর বেশে দেই অরক্ষিতা
দীতার দমীপে উপস্থিত হইল "অভিচক্রাম বৈদেহীং পরিব্রাজকর্মপধৃক্।"
দীতা তাহাকে ব্রাহ্মণ অতিথি মনে করিয়া পাছ্ম অর্থ্য দিয়া ভোজনার্থ
দিন্ধ-অন্ধ প্রদান করিলেন। রাবণ তাঁহার পরিচয় জিজ্ঞাদা করিলে
তিনি বলিলেন—

"দীতা নামাশ্মি ভব্রং তে রামশু মহিষী প্রিয়া।
উষিত্বা বাদশদমা ইক্ষাকুনাং নিবেশনে।
তক্র এরোদশে বর্ষে রাজামন্ত্রয়ত প্রভূঃ।
অভিষেচয়িতুং রামং সমেতো রাজমন্ত্রিভিঃ ॥

মম ভর্ত্তা মহাতেজা বয়দা পঞ্চবিংশকঃ।
অস্তাদশ হি বর্ষাণি মম জন্মনি গণতে॥

"

আমি রামের প্রেয়দী মহিষী সীতা; আমি মহুগুভোগ্য বস্তুসকল ভোগ করিয়া সফলমনোরথ হইয়া হাদশবর্ষ ইক্ষ্বাক্রংশীয়দিগের গৃহে বাস করিয়াছিলাম। পরে এয়োদশবর্ষে রামের রাজ্যাভিষেকের জন্ম, রাজা দশরথ সমস্ত অনুষ্ঠান করিলে, কৈকেয়ীর বরপ্রার্থনান্ত্সারে, আমার পতি বনবাস গ্রহণ করিয়া, লাতা লক্ষ্মণ ও আমার সহিত এই বনে আদিলেন। তথন আমার বয়স অস্ত্রাদশ বর্ষ ও আমার স্বামীর পঞ্চবিংশতি বর্ষ। * আপনি ক্ষণকাল অপেক্ষা করুন তাঁহারা

<sup>এখানে রামের বয়দ সম্বন্ধে বাল্মীকির পূর্ববর্ণনা অনুদারে কিছু গয়মিল হয়।

দশর্থ বিশ্বামিত্রকে বলিরাছিলেন, রামের বয়দ তথন পঞ্চদশ বর্ধ। দীতা বলিতেছেন</sup>

তুই ল্রাতা বনজাত বহু খাজদ্বা এবং অনেক কক, গোধা ও বরাহ বধ করিয়া প্রচুর মাংস লইয়া আসিবেন। ব্রাহ্মণ ! আপনি কে এবং কোন বংশে জন্মগ্রহণ করিয়াছেন ?"

তথন রাবণ তীব্রবাক্যে কহিল "দেব, অস্তর ও মানুষদেবিত সমস্ত লোক যাহার ভয়ে ভীত হইয়াছে, আমি সেই রাক্ষ্যাধিপতি রাবণ। আমি নানাস্থান হইতে অনেক স্থন্দরী স্থী আনয়ন করিয়াছি: তমি আমার মহিষী হইয়া সকলের প্রধানা হও। সমূদ্রপরিবেষ্টিতা পর্বতশিথরোপরি আমার মহানগরীতে তুমি আমার সহিত ঘাইয়া সমস্ত প্রকার স্থপদভোগে স্থা হইবে।" তথন দীতা কোধে ও ভয়ে কম্পিতা হইয়া তাহাকে বলিলেন "তুই শুগাল, আমি সিংহী: তই আমাকে পাইবার যোগ্য নহিদ; তুই আমাকে কথনই স্পর্শ করিতে পারিবি না; তুই আমাকে হরণ করিয়া জীর্ণ করিতে পারিবি না-মরিবি।" তথন রাবণ নিজের বলবীর্ঘা ও পরাক্রমের পরিচয় দিয়া কহিল "আমি বৈশ্রবণ কুবেরের বৈমাত্রেয় ভাই দশগ্রীব রাবণ: দেবতা, গন্ধর্ক, পিশাচ প্রভৃতি সতত আমা হইতে ভীত হইয়া দশদিকে পলায়ন করে। আমি কোন কারণে কুপিত হইয়া নরবাহন কুবেরকে পরাজিত করিলে সে তাহার সমৃদ্ধিশালী বাসস্থান লঙ্কা ত্যাগ করিয়া কৈলাদে বাদ করিতেছে। আমি বাছবলে তাহার বিমানগামী পুষ্পকরথ কাড়িয়া লইয়াছি। আমার ক্রন্ধ বদন দেখিয়া ইন্দ্র প্রভৃতি দেবগণও ভয়ে পলায়ন করে। সূর্য্যও আমাকে দেথিয়া ভীত হয়। তুমি আমার সহিত যাইয়া আমার অমরাবতীর ত্যায় পুরী লঙ্কাতে বাস করিলে আর মহয়জাতীয়া নারীদিগকে স্মরণ

ছাদশ বর্গ উহোরা বিবাহের পর রাজ্যভোগ করিলাছিলেন, সেই হিসাবে রামের বরস এখন সংগ্রিংশতি বর্গ হয়। করিবে না। তোমার স্বামী সেই মহন্ত রাম যুদ্ধে আমার অঙ্গুলিরও তুলা হইবে না।" তথন সীতা কুদ্ধা হইয়া বলিলেন "রাক্ষ্য! তুই বজ্রর ইল্রের পত্নী শচীকে ধর্ষণ করিয়াও যদি জীবিত থাকিস তথাপি রামপত্নী আমাকে ধর্ষণ করিলে, অমৃতপান করিয়াও মৃত্যুর কবল হইতে মৃক্তিলাভ করিতে পারিবি না।" তথন সেই পাপাত্মা রাবণ বামহন্তে সীতার কেশও দক্ষিণহন্তে তাঁহার উক্ষয় ধারণ করিয়া ক্রোড্মধ্যে স্থাপন করতঃ রথে উঠিলে, সেই রথ উদ্ধে উঠিল। রাবণ-ক্রোড্ম্ সীতা আর্ত্তরে রোদন করিতে করিতে ব্লোপেরি-উপবিট গুধরাজ জ্যায়কে দেখিয়া বলিলেন "আর্য্য জ্যায়ো! এই নির্দ্ধর রাক্ষ্যরাজ রাবণ আমাকে হরণ করিয়া লইয়া যাইতেছে। আপনি নিবারণ করিতে পারিবেন না। রাম ও লক্ষণের নিকট আমার ইরণ সমাচার অবশ্ব দিবেন।"

ইতিহাদের সামঞ্জ রক্ষার জন্ম আমরা প্রথমে রাবণ কর্ত্তক সীতা হরণের আলোচনা করিব। রাম শূর্পণথাকে অনাধ্য বিলিয়ছিলেন; ক্ষতরাং দে অনাধ্যমন্থ্যজ্ঞাতীয়াই ছিল। তাই অন্নমান হয় সমুদ্রবক্ষে উথিত কোন দ্বীপবাসী আদিম মন্থ্যজ্ঞাতি বিশেষের নেতা বা রাজা এই রাবণ ছিল। তাহার আবাসন্থান এ দ্বীপে স্থিত এবং তাহার নাম লক্ষা। তাৎকালিক দ্বীপজাত প্রথম আদিম মন্থ্যজ্ঞাতি কদাকার ও ভীষণাক্ষতি ছিল, তাহা সমুদ্রমধ্যস্থ অনেক দ্বীপবাসী আদিম অসভ্য মন্থ্যজ্ঞাতির সাদৃশ্য দেখিলেই বৃঝিতে পারা যায়। ইহাদের মধ্যে এখনও অনেক নরমাংস থাদক জাতির কথা উল্লিখিত আছে। এই লক্ষাবাসী মন্থ্যজ্ঞাতির সংখ্যা ক্রমে বৃদ্ধি পাওয়াতে, তাহারা তথাতে প্রচুব আহার্য্য ও মাংসাদি সংগ্রহ করিতে না পারিয়্যা ক্রমে সমুন্ত্রপার হইয়া ভারতউপকূলে উপনিবেশ স্থাপন করে। তৎপরে

ক্রমে তাহারা অগ্রদর হইয়া বছপ্রাণী নিবসিত দণ্ডকারণ্যে জনস্থাননামক উপনিবেশ স্থাপিত করে। ইহার নাম জনস্থান দেওয়াতেই ব্রিতে পারা যায় যে তাহারা ময়য়ৢজাতীয় প্রাণীই ছিল। এখানে তাহারা তাহাদের প্রচুর আহায়্য প্রাপ্ত হইল—দেই বিশাল অরণ্যবাসী প্রাণীবৃদ্দনিধন দ্বারা। তাহারা হয় সম্ভরণে অথবা রক্ষকাও হইতে নির্মিত ভেলা দ্বারা সম্প্রপার হইত। কেননা সম্প্রতীর হইতে সেই দ্বীপ পর্যন্ত অগভীর জলই ছিল। তাহার প্রমাণ আমরা রামায়ণের অম্যন্ত পাইয়াছি।

"দক্ষিণস্যোদধে স্তীরে ত্রিকুটো নাম পর্বতঃ।

তস্তাত্রে তু বিশালা সা মহেন্দ্রস্থ পুরী যথা।" (উ: কা: ৩।২৫) অর্থাং দক্ষিণ সমুদ্রের তীরে ত্রিকুট নামে পর্কত আছে। তাহার শিথরের উপর ইল্রের পুরীর তুলা পুরী লকা। তাহা হইতে ব্বা যাইতেছে যে সমুদ্র তীরেন্থিত ত্রিকুট পর্কত সমুদ্রের কুল হইতে খুব বেশী দ্বে স্থিত ছিল না। পুরীতে সমুদ্রমানকারীরা দেখিয়াছেন কতদূর পর্যন্ত হাঁটিয়া সমুদ্রগর্ভে যাওয়া যায় এবং অনেক সময় সমুদ্রগামী জাহাজও দ্বে দৃষ্টিগোচর হয়। যদি জল অগভীর না হইত তাহা হইলে সেই সকল জাহাজ পুরী উপকৃলে আদিতে পারিত। এই ত্রিকুট পর্কত সমুদ্র উপকৃল হইতে নিকটবর্তী ছিল বিলিয়াই বলা হইয়াছে "উদধেন্ডীরে।" এই দণ্ডকারণাস্থিত জনস্থানের বাসীগণ রাবণেরই আত্মীয়বর্গ ছিল, এবং তাহারই অধীন ছিল। দণ্ডকারণা শুধু শ্বমি ও তপস্বীরাই বাস করিতেন। এই সকল তপস্থীরা সভ্য আর্যাজাতি সন্থত এবং আর্যাবর্ত্ত হইয়াছে তপস্থার জন্ম সমাগত হইয়াছিলেন। রামায়নে কথিত হইয়াছে মহর্ষি-অগন্তা দাক্ষিণাত্য আবিদ্ধার করিয়াছিলেন। স্বভরাং আর্যাবর্ত্ত-

বাসী কোনও রাজার রাজত্ব তথনও সেই দণ্ডকারণা পর্যান্ত বিস্তত্ত হয় নাই। অগস্তা ঋষি তাঁহার শিষ্য তাপদদিগের দহিত এক একটা আশ্রম স্থাপন করিতে করিতে ক্রমে দক্ষিণাভিমুখে অগ্রসর হইয়া দুওকারণো আশ্রম স্থাপন করিয়াছিলেন; এবং তাঁহার শেষ আশ্রম হইতে কয়েক যোজন দূরে এই জনস্থানরূপ রাক্ষ্যবস্তি ছিল। অগস্তাঋষি এস্থানের সম্বন্ধে পরিচিত ছিলেন এবং ইহার নাম পঞ্চবটী বলিয়া রামকে নির্দেশ করিয়াছিলেন, এবং এখানে যে রাক্ষ্সবসতি রপ জনস্থান ছিল তাহাও তিনি জানিতেন, কেননা রামের রাক্ষস বধের প্রতিজ্ঞার বিষয় জানিতে পারিয়া তিনি এই রাক্ষসসেবিত चारनवर निर्दर्भ नियां छिलन। यथन এই नवशानक वाक्षमणन আধ্যাবর্ত্তবাসী নিরস্ত তাপসগণকে দেখিতে পাইত, তথন তাহাদিগকে আক্রমণ করিয়া হত করিত এবং হয়তো তাহাদের মাংদে উদরপ্রতি করিত। যথন ধন্তর্বাণ ও অসি হত্তে রামলক্ষ্মণ তথাতে উপস্থিত হইলেন, তথন রাক্ষসভগ্নী শূর্পণথা নিজজাতীয় নারীদের মধ্যে আপনাকে সর্বাপেক্ষা স্থনরী মনে করিয়া স্থপুরুষ রামের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে পতিরূপে পাইতে তাহার কামনা জানাইল। সে ভাবিয়াছিল তাহার রূপে রাম মুগ্ন হইবে, কেন না দে জানিত তাহার স্বজাতীয় মহুয়াদের মধ্যে অনেকেই এই বরবর্ণিনী রাজভগ্নীর উপর লোলুপদৃষ্টি নিক্ষেপ করিত। রামের নিকট প্রত্যাখ্যাতা হইয়া বিফলমনোরথে সে সীতাকে আক্রমণ করিবার ভয় দেখাইল। তারপর বিরূপা হইয়া প্রতিহিংদা লইবার জন্ম ভ্রাতাদের সহিত তাঁহাদিগকে আক্রমণ করিতে আসিল। তাহাদের সমূল বিনাশের পর সে লঙ্কায় যাইয়া রাবণকে বলিল যেমন করিয়াই হউক সীতাকে হরণ করিতে হইবে, এবং রাবণকে শীতার সৌন্দর্য্যের প্রলোভন দেখাইল। প্রলব্ধ রাবণ

তথন তাহার পোষা স্থদশু মুগটীকে লইয়া জনস্থানে গমন করত: ভাহাকে রামের আশ্রমের নিকট ছাড়িয়া দিয়া, অন্তরালে কদলীবনে অপেক্ষা করিয়া উপযুক্ত অবদর খুঁজিতেছিল। রাম লক্ষণ মৃগমাংদ ভক্ষণ করিতেন এবং মুগচর্মও দেই আশ্রমে ছিল, স্থতরাং কোন বক্তমুগ প্রাণভয়ে তাহাদিগের আশ্রমের দিকে আসিত না। এই পোষা পালিত মুগটী তাহা জানিত না। পশুদেরও একটা স্বভাবজ বৃদ্ধি (Instinct) আছে যাহাদারা তাহারা শিকারীকে চিনিতে পারে। সেই পালিত মুগটী রামের সেই মুগশিকার কার্য্য কথনও দেখে নাই। তাই নির্ভয়ে অদুরে স্থিত তাহার প্রভুকেও নিকটে দেখিতে পাইয়া, মুগম্বলভ চপলতা বশতঃ ইতন্ততঃ ক্রীড়া করিতেছিল। তথন সীতার ইচ্ছা হইল এই স্থন্দর মুগটীকে জীবিত ধরিয়া পালন করিবেন এবং রামকে তাহাকে জীবিত ধরিতেই অমুরোধ করিলেন। রাম সেই মূগের নিকটস্থ হইলে, সে অপরিচিত ব্যক্তি मिथिया क्रिक्शनायनभव रहेन। जाहारक क्रीविक ध्रिएक रहेरव. স্থতরাং রামও তাহার পশ্চাদ্ধাবন করিলেন। এইরূপে দেই মূগের পশ্চাদ্ধাবন করিতে করিতে তিনি গভীর অরণ্যে প্রবেশ করিলেন। যথন বহু সময় অতীত হওয়াতে রাবণ বুঝিতে পারিল রামের শীঘ্র প্রত্যাবর্তনের সম্ভব নাই, তথন সে রামের গলার স্বর অত্নকরণ করিয়া আর্ত্তম্বরে উচ্চ চীৎকার করিল। সে ইতিপুর্বের সীতার সহিত রামের কথোপকথন শুনিয়াছিল। এই স্বর অফুকরণকে (Ventriloquism) বলে। ইহা অভাসে ঘারা হয়। ইহা অনেকেই প্রত্যক্ষ করিয়াছেন। স্থতরাং রাবণ যে তাহা করিতে পারিবে তাহাতে আশ্রুষ্য কি? সে সেই কদলীবনের অন্তরাল হইতে রামের স্বর অনুকরণ করিয়া করুণ আর্ত্তনাদ করিল।

সীতার কর্ণে তাহা যেন ঠিক রামের স্বরই বলিয়া বোধ হইল. তাই তিনি লক্ষণকে তাঁহার সাহায্যার্থ যাইতে আদেশ করিলেন। লক্ষ্য উভয় সন্ধটে পড়িয়া ইতিকর্ত্তব্যবিষ্ট হইয়া ইতন্ততঃ করিতে লাগিলেন দেখিয়া, দীতা তাঁহাকে বলিলেন "তুমি মনে করিতেছ রাম মরিলে তুমি আমাকে উপভোগ করিবে, কিন্তু তাহা হইবে না আমি এখনই গোদাবরীতে প্রাণত্যাগ করিতেছি।" লক্ষ্মণ সীতার সেই বিসদৃশ বাক্য শ্রবণ করিয়া ও তাঁহাকে প্রাণত্যাগে উত্তত দেখিয়া অনভোপায় হইয়া, রামের অন্বেষণে গভীর বনে প্রস্থান করিলেন। এদিকে রাবণ এই শুভমুহুর্ত্ত বিবেচনা করিয়া আশ্রমে প্রবেশ করিল। রাবণ একানন সন্ন্যাসীবেশেই সীতার সন্মুথে উপস্থিত হুইয়াছিল। এই তপস্থীর বেশ সে সেই দণ্ডকারণ্যের কোন মুনিদের আশ্রম হইতে দংগ্রহ করিয়াছিল, কেননা তাহার উলঙ্গ বা অর্দ্ধ উলঙ্গ অথবা চর্মাবৃত অসভা বেশ দেখিলে সীতা ভয় পাইতে পারেন। সম্ভবতঃ সে সেই জাতির রাজা হওয়াতে অপেক্ষাকৃত স্থাদর্শন ছিল। ইহাই বাবণ কর্ত্তক দীতাহরণের ঐতিহাদিক বিবরণ, আর এইরূপ হইলেই রামের ঐতিহাসিক্ত প্রতিষ্ঠিত হয়। এই রাবণ রাজার রাজধানী লঙ্কাপুরীর স্বর্ণরোপ্যময় অট্টালিকারাজি যে আফ্রিকার আদিমজাতিদের তুণাচ্ছাদিত কুটিরের গ্রায়ই ছিল তাহারও প্রমাণ পাওয়া যায় হতুমান কর্ত্তক লন্ধানগরীর দহনে। স্বর্ণ রোপ্য নির্দ্দিত অট্রালিকানিচয় একটা বানরের লাঙ্গুলস্থিত অগ্নিতে দগ্ধ হইয়া ভশ্মীভূত হওয়া কতদুর সম্ভব তাহা বুঝিতে কাহারও বিশেষ বেগ পাইতে হয় না। এই অট্টালিকাগুলিও আফ্রিকার (Krael)এর তায়ই মৃত্তিকার দেওয়াল ও তৃণাচ্ছাদিত ছিল বলিয়াই শীঘ্র ভশীভত হইয়াছিল। তারপর রাবণের পুষ্পক রথও যে মহন্তানিষ্মিত দ্বিচক্রবাহী অধ বা ধরচালিত যান ছিল তাহার প্রমাণও পরবর্ত্তী অধ্যায়ে দেখা যাইবে। তবে ইহা বুঝিতে পারা যায় যে এই আদিমজাতির মধ্যেও তাহাদের জাতিগত সভ্যতার বিকাশ হইতেছিল কেননা তাহারা রথসদৃশ তাৎকালিক ধরবাহী যান কোথায় পাইল ? তাহাদের অস্ত্রশস্ত্রাদিও ছিল তন্মধ্যে শূল ও ধন্ধুর্কাণের উল্লেখ রামায়ণে প্রাপ্ত হওয়া যায়।

যদি রাবণ এই আদিম মহুয়জাতীয় কোন বল্শালী জাতির নেতা ছিল, তাহা হইলে বাল্মীকি কেন তাহার দখলে এইরূপ সমস্ত উদভট বর্ণনা করিলেন—তাহার দশটী মাথা ও গলা, বিশটী হাত, দে ব্রহ্মার মানসপুত্র পুলস্ত্যঋষির পুত্র, বিশ্রবা মুনির পুত্র, কুরুপ যক্ষ কুবেরের বৈমাত্রেয় ভ্রাতা; ইন্দ্রাদি সমস্ত দেবগণ তাহার ভয়ে বিত্রাসিত; স্বর্ণাট্রালিকাশোভিত ইন্দ্রের অমরাপুরী হইতেও শ্রেষ্ঠ লম্বাপুরীতে তাহার বাদস্থান; তাহার বিমানগামী পুষ্পকর্থ ইত্যাদি। অবশ্য বিষ্ণু অবতার রামের সহিত তাঁহার সমকক্ষ প্রতিদ্বনী করিবার জন্ম এইরপই একটা অন্তত আকার-বিশিষ্ট অন্ততকর্মা প্রাণীর স্বষ্ট করিবার প্রয়োজন হইতে পারে, নতবা রামরূপকায়াধারী বিষ্ণুর অলৌকিক শক্তিত্বের প্রকাশ হয় না। রাবণ যথন স্বর্গমন্ত্রাপাতাল ত্রিলোকবাসীকেই বিধ্বন্ত ও বিত্তাসিত করিতেছিল, তথন ত্রিবিক্রম বিষ্ণ তাঁহার চতুর্জ-সমন্বিত দেহেই তাহার বিনাশ সাধন করিতে পারিতেন। তাঁহার দিভুজ মহুখন্তপে অবতরণের কোন প্রয়োজন ছিল কি? ত্রন্ধা সৃষ্টি করেন, বিষ্ণু পালন করেন আর শিব বা রুদ্র সংহার করিয়া স্প্রীর সামঞ্জন্ম রক্ষা করেন-এইরূপ পুরাণে বর্ণিত আছে, এবং এইরপ নিয়মই চলিয়া আসিতেছে। রাবণ ব্রন্ধার স্বষ্ট পদার্থের অন্তর্ভুক্ত হইলেও একটা কিছুত কিমাকার

জীব। যত্তরপ প্রতাক্ষ ও কাল্পনিক সৃষ্টি আছে যেমন দেবতা, গন্ধর্ক, রাক্ষ্স ইত্যাদি হইতে আরম্ভ করিয়া পৃথিবীস্থ প্রাণীজগণ, তাহার মধ্যে এরপ বর্ণিত জীবের নিদর্শন পাওয়া যায় না। এই রাবণ য্থন স্বর্গেও যায়, তথন বিষ্ণু তাহাকে স্বর্গেই বধ করিতে পারিতেন, তাঁহার মনুষ্য হইয়া জন্ম লইবার কোন প্রয়োজন ছিল না। অথবা তিনি যথন ত্রিবিক্রম হওয়াতে তিনলোকেই বিচরণ করেন, তথন ্যে কোন স্থানেই ইহাকে বধ করিয়া স্বাষ্টর শান্তিরক্ষা করিয়া. পালন করিতে পারিতেন। কিন্তু সে ব্রহ্মার নিকট বর লইয়াছে যে মহুয় ব্যতীত সমস্ত দেবতা ও প্রাণীর অবধ্য হইবে, কেননা মহয়ত্ত অল্পবীষ্য বলিয়া তাচ্ছিল্য করিত। স্থতরাং দে মহয়ত নহে,— কিন্তু এমন একটা পদার্থ যাহাকে বধ করা মন্তুল্লেরই শক্তিসাধ্য, দেবতাগণের নহে। বিষ্ণুও দেবতারূপে তাহাকে বধ করিতে পারিবেন না জানিয়াই মহয়ারপে জন্ম লইলেন—এই বামরপে; কেননা বন্ধার অধিকারের উপর তাঁহার হস্তক্ষেপ করিবার কোন ক্ষমতা নাই। তাঁহাদের তিনজনের উপরও তা'হ'লে আর একজন কর্তা আছেন-যিনি একমাত্র এই তিনজনের বিভিন্ন অধিকারের নিয়ন্তা। তিনি পুরাণের নারায়ণ--বেদের ও উপনিষদের ত্রহ্ম বা পরমাত্মা এবং আদি বৈদিক ঋষিদের ইন্দ্র। মহয়ারূপে অবতীর্ণ বিফুরও এই নারায়ণত বা ব্রহ্মত পদপ্রাপ্তিলাভে ত্রিলোকের সর্বময়কর্ত্তত অধিগত না হইলে, এই ত্রিলোক বিজয়ী রাবণকে বধ করাও সম্ভবপর নহে। ত্রন্ধ বা নারায়ণের কোন আকার বা রূপ নাই। তাই শালগ্রামশিলাকে নারায়ণের প্রতীকরূপে উপাসনা করা হয়—যেহেতু শালগ্রামও নোলাকার এবং তাহার বাহ্ন ও অভ্যম্ভর একই পদার্থে পরিপূর্ণ শিলারপ, আর ব্রহ্মও, এই দুখুমান গোলাকার ব্রহ্মাণ্ড, ওতপ্রোতভাবে

মেন শিলার গ্রায়ই সর্বর্গত হইয়া, প্রিয়া আছেন। নিরাকার ব্রহ্মা যেন দশদিক পূর্ণ করিয়া যেন তাঁহার বিংশ হস্ত দ্বারা তাহা ধারণ করিয়া আছেন। কোন বৃহৎ বস্ত ধারণ করিতে হইলে তাহা ছুই হস্ত দ্বারাই করিতে হয়। স্থতরাং তিনি ত্রিলোক ধারণ করিয়া আছেন বলিয়া ত্রিলোকবিজ্ঞয়ী। পক্ষাস্তরে আমরা বাল্মীকির বর্ণনাঃ অন্নারে পাইতেছি রাবণেরও দশম্থ ও বিংশতি হস্ত এবং দেও ত্রিলোকবিজ্ঞয়ী—

"যম্মালোকত্রয়ং চৈতস্রাবিতং ভয়মাগ্তম্।

তত্মারং রাবণো নাম নামা বীবো ভবিষতি॥" যাহার রব ত্রিলোকে ব্যাপ্ত হইয়া ভয় উৎপাদন করে সেই রাবণ নামে বীর জন্মিবে। ত্রিলোক দশদিক ব্যাপ্ত তাই দশমথে শব্দ হইলেই তাহা ত্রিলোক ব্যাপ্ত হইবে। আর দশদিক জয় করিতে হইলেই বিশটী হাতেক প্রয়োজন তাই রাবণের দশ মুথ ও বিংশতি হন্ত। ঋষি এই পদার্থ টীর নাম দিয়াছেন রাবণ। ব্রহ্মও ত্রিলোকব্যাপী, এই রাবণও ত্রিলোকব্যাপী। কিন্তু তুই পদার্থ একই স্থানে একই সময়ে অধিকার করিয়া থাকিতে পারে না। স্থতরাং এই রাবণ এমন একটা পদার্থ যাহার আকার নাই অথচ ত্রিলোকব্যাপ্ত। স্বতরাং রাবণ কোনও নিরাকার পদার্থের স্বরূপ এবং তাহার কল্লিত মূর্ত্ত প্রতীকই রাবণ। রাবণ শব্দের ব্যুৎপত্তি অর্থ হইতেই তাহার স্বরূপ বা প্রকৃত পরিচয় পাওয়া যায়। রাবঃ পুং (রবণমিতি। ফল ধ্বনৌ + ভাবে ঘঞ) শব্দ:। রাবণ: পুং - (রবণস্থাপত্যমিতি। ববণ + "শিবাদিভ্যোহণ্।" ইতি অণ্। যদা বাবয়তি ভীষয়তি সর্কানিতি। রু+নিচ্+ল্যুঃ।) রবণ শব্দ অর্থে ধ্বনি—রু ধাতু হইতে সাধিত। সেই ধ্বনি বা শব্দের পুত্র রাবণ। যে শব্দে

ত্রিলোক ত্রাসিত হয় সেই রবেরই মৃর্তপ্রতীক রাবণ। আমরা ইহার পরে স্থানাস্তবে বাল্মীকি ক্বত রাবণের জন্মবৃত্তান্ত হইতেও দেখাইব যে রাবণ, শব্দ বা রবেরই প্রতীক।

বেদ ও উপনিষ্দের মতে ব্রহ্মের প্রথম বিবর্ত্তন হুইল হির্ণাগর্ভক্রপে তাই বৈদিক ঋষি বলিলেন "হিরণাগর্ভসমবর্ততাগ্রে, ভতস্ত জাতঃ পতিরেক আদীং। দ দাধার পৃথিবীমৃত্তাম।" হিরণাগর্ভই সমস্ত ভতের পতি হইয়া সর্বাগ্রে উদ্বত হইলেন। তিনি পথিব্যাদি ত্রিলোক ধারণ করিয়াছেন। অর্থাং ত্রিলোক বাাপ্ত। আর এই রব বা শব্দেরও প্রথম উৎবর্ত্তন হইল সেই হিরণ্যগর্ভ হইতেই—যেন তাহার কর্ণ হইতে শব্দ ত্য়াত্র রূপে পুলস্ত্য বা মহান রূপে-ত্রিলোক ব্যাপ্ত করিয়া। যেমন হিরণাগর্ভের ক্রম বিবর্তনে মহুয়ের উদ্ভব. তেমনি তাঁহারই শবরপ বিবর্ত্তনে পুলন্ত্য হইতে তাহার পুত্র বিশ্রবা, আবার বিশ্রবা হইতে রাবণ। ব্রহ্মই এই হিরণাগর্ভে মহয়ের বীজ ও শব্দেরও বীজ নিহিত করিয়াছিলেন। স্থতরাং এই চুইএর পুনরায় সংহরণ তিনিই করিতে পারেন। হিরণ্যপর্ত, যেন মহয়া ও শক উভয়েরই মধ্যস্থ। তাই ব্রহ্মা রূপে বণিত হিরণাগর্ভ মনুয়োরও পিতামহ ও রবেরও পিতামহ। দেইজন্ম একই পিতামহ হইতে উৎপন্ন রবরূপ রাবণ, তাহার ভাতারূপ মহুয় দারা যে কথনও বধা হইতে পারে ইহার সম্ভাবনা না করিয়াই তাঁহার নিকট ত্রিলোকের অবধ্য হইবার বর লইবার সময় মন্ত্রোর নাম উল্লেখ করে নাই। এই রামায়ণের শেষ ভাগে আমরা দেখাইব কিরূপে এই মহুয় ও রবের সংহরণ, ব্রহ্মকর্ত্তক সম্পন্ন হইয়াছিল।

ইতিপূর্বে আমরা দেখাইতে চেষ্টা করিয়াছি যে সীতা, পুরুষের জ্যোতি বা আত্মছদি জ্যোতি, আর এখন দেখান হইল রাব্দ

রবের প্রতীক বা রবই। স্থতরাং রব জ্যোতিকে হরণ করিল। অর্থাৎ রব কর্ত্তক যেন হত হইয়াই জ্যোতি অদুশু হইল। যাঁহারা যোগ সাধনে অভ্যাস করিয়া কিছু কৃতকার্য্য হইতে সক্ষম হইয়াছেন, তাঁহার। ইহার মর্ম উপলব্ধি করিতে পারিবেন এরপ আশা করা যায়। তদ্বাতিরিক্ত অত্য পাঠকের বোধদৌক্যার্থে ইহার কিছু ব্যাখ্যার প্রয়োজন। গুরুদেব তিব্বতী বাবার নিকট যোগের উপদেশ প্রাপ্তির সময় তাঁহার মুখে ভ্রিয়াছিলাম সেই অমূল্য বাণী, যাহার অমুসরণে সেই চর্লভ সভ্যের সন্ধান, অভ্যাস দারা পাওয়া যাইতে পারে। তিনি যোগবলে স্বয়ংসিদ্ধ পুরুষ ছিলেন, সংস্কৃত ভাষায় তাঁহার অধিকার ছিলনা। সেই বাণীটী এই "শব্দরস্থর্গতজ্যোতি জ্যোতিরস্থর্গতঃ মনঃ তন্মনং বিলয় প্রাপ্তে তদ্বিফোর্পরমং পদং।" অর্থাৎ জ্যোতি শব্দের অন্তর্গত, জ্যোতির অন্তর্গত মন, সেই মন বিলয় প্রাপ্ত হইলে পরমপদ প্রাপ্তি হয়। এই বাকাটী অনেকের মুখেই শুনিতে পাওয়া যায়; কিন্তু সাধনা দ্বারা ইহার উপলব্ধি হইলেই ইহার সভ্যতা প্রমাণ হয়। স্থৃতরাং যে সাধক যোগী ইহার উপলব্ধি করিয়াছেন তাঁহার নিকট ইহা ধ্রুব স্তা। যোগী বিবেকানন্দও বলিয়াছেন সাধনা দারাই স্তা বা ধর্ম উপলব্ধ হয়। আমরা এখন এই সাধন প্রণালীতে যেরূপ যেরূপ স্তর আছে তাহাই পাঠকদিগের অবগতির জন্ম বলিব মাত্র। আদর্শগুরুর উপদেশ প্রাপ্ত সাধক প্রথমে দশানন রাবণের দশগ্রীব হইতে উথিত দশমুখে ব্যক্ত অর্থাৎ দশদিক হইতে আগত শব্দ যাহাতে কর্ণে শ্রুত না হয় তজ্জন্য কর্ণরন্ধ অঙ্গুলি দারা বন্ধ করে। এই দশ দিকই রাবণের দশমুখ। অঙ্গুলি ছারা নাসারন্ধ বন্ধকরে, যাহাতে ভ্রাণ না পায়, চক্ষু বন্ধ করে, বাহ্ম দৃশ্ম হইতে মনকে প্রত্যাকর্ষণ করিবার চেষ্টায়। তৎপূর্বে বাতাপি রূপ বায়ু সমুচ্চয় নিশাস দ্বারা অভ্যন্তর পূর্ণ করিয়া

যাহাতে তাহা 'ইৰল' হইয়া বহিৰ্গত হইতে না পাৱে.—তাহাকে ক্লদ্ধ করিতে হয়। এই সময়ে জ্রমধ্যে একটা জ্যোতির আবির্ভাব ত্তয় যাতার সম্বন্ধে আমরা পর্বে উল্লেখ করিয়াছি। ইতাও একরূপ বাহ্য জ্যোতিরই প্রতিকৃতি, বন্ধচক্ষতে বিভাসিত হয়। বহু অভাাসের পর বাহিরের শব্দ কর্ণে শ্রুত না হইলেও আর একটা শব্দ যেন অভ্যন্তর হইতে কর্ণেশ্রুত হয়। এই শব্দের অনেক মাত্রা আছে। কথনও নাদের মত, কখনও মৃত্যুধাম, কখনও অতিমৃত কথনও বংশীয় শন্দের ভাষ শ্রুত হয়। এই নাদকেই রাবণ কহে। এই শব্দ যেন অভ্যন্তর হইতেই উথিত হয় বলিয়া বোধ হয়। আমাদের শির হইতে পদ পর্যান্ত বিস্তৃত দেহে যে সমস্ত ধমনি ও শিরা আছে তাহাতে অফুক্ষণ রক্তপ্রবাহ চলাচল করিতেছে। হাদয় যন্ত্র হইতে আঘাত প্রাপ্ত হইয়া যে বায়ুপ্রবাহ সঞ্চারিত হয়, তাহাই এই সমস্ত শিরা ও ধমনির অভাস্তরত্ব রক্তকে চালিত করিয়া, তাহাতে যেন নদীবক্ষে বাত্যাতাডিত তরক্ষের তায় একটা ধারাবাহিক শ্রোত উৎপন্ন করে। তরকায়িত নদীতে যেমন কুল কুল শব্দ বা নাদ উথিত হয় তেমনি ধমনি ও শিরার অভান্তরেও সেইরূপ একটী নাদ সমুখিত হয়। নদতে ইতি নদী, এই নাদ সেই জলে আছে বলিয়াই তাহার নাম নদী। আমরা বক্ষান্তলে হদযন্ত্রের উপর কাণ দিলে সেই আঘাতের শব্দ শুনিতে পাই। আবার কথনও শয়ন অবস্থায় কোন অঙ্গের উপর কান পড়িলে সেই অঙ্গের অভ্যন্তরম্ব শিরার রক্তচলাচলের শব্দও শুনিতে পাওয়া যায়। এই শব্দই কর্ণ-পটহের অভ্যন্তর দিক হইতে ধ্বনিত হইয়া যেন ভিতর হইতেই উখিত হইয়া শ্রুত হয়। স্বতরাং বাহির হইতে আগত শব্দ রুদ্ধ-কর্ণেশ্রত না হইলেও এই অন্তম্বল হইতে উথিত শব্দের হস্ত হইতে

নিষ্কৃতি পাওয়া বড়ই হুরুই। তাই রাবণ যোগীদের ত্রাসকারী শক্ত এবং তুর্দমনীয়। এই তুর্দান্ত শক্রকে বশ করিয়া তাহার রব বা শব্দ বন্ধ করিতে পারিলেই, তবে মেঘমুক্ত সূর্য্যের জ্যোতির ভাষে, সীতারপ জ্যোতি স্বপ্রকাশিত হয়। সাধকের মন যেন কর্ণ ও চক্ষর ছন্দের কারণ হয়। কর্ণ জয় লাভ করিলে সে মনকে বশ করে, তথন মন যেন সেই শব্দই প্রবণ ও মনন করে; পক্ষান্তরে চক্ষু জয় লাভ করিলে মন চক্ষর বশীভত হইয়ারপ দর্শন করে। শব্দ শুনিলে চক্ষ্ रमरथना, आवात कक्कु रमिथित्न कांग स्मारनना। रकान मुष्टे विषय मन একাগ্র হইলে তথন কাণে কিছ শোনা যায় না। পক্ষান্তরে সঙ্গীত রসজ্ঞ যখন ভাল সঙ্গীত শুনিতে শুনিতে তাহাতেই তন্ময় হয় তথন অতি স্থন্দরী গায়িকারও মোহিনী মৃত্তি তাহার চক্ষুর অদৃশ্য হয়। স্থাতরাং এই মানস চক্ষ ও মানস কর্ণের সহিত অবিরল হন্দ্র যোগিদের অভ্যাদ কালীন দৰ্মদাই হয়। তাই এই ভ্ৰমধ্যস্থ জ্যোতিতেই প্রথমে মনের একাগ্রতা সাধন করিতে হয়। তারপরে মনকে সেই জ্রমধ্যস্থ স্থান হইতে চাত করিয়া হাদয়-দেশে স্থাপিত করিতে চেষ্টা করিতে হয়। সেখানে তাহার স্থিতির অভ্যাস হইলে তথন আত্মহদিজ্যোতি স্বপ্রকাশিত হয়। এখন এই জ্যোতি মধ্যে মধ্যে আসিতেছে, আবার শব্দও মধ্যে মধ্যে আসায়, তাহা অন্তহিত হইতেছে; এরপ অবস্থায় যথন মনে অন্ত কোন চিন্তার উদয় হয়, তথন তাহাতেই আকর্ষিত হইয়া সে যেন জ্যোতি দেখিতে ভূলিয়া যায়। কেননা মনের স্বভাবই অতি চঞ্চল। তাহার সেই অন্ত বিষয়ে চিন্তার সময় শব্দ বা বব তাহার কাণের দারে আঘাত করে, তথন সে সেই চিস্তিত বিষয় বিশ্বত হইয়া সেই শব্দ বা ববেই আকুট হইয়া, তাহাই শুনিতে বা মনন করিতে থাকে। তখন সেই পূর্ব্বদৃষ্ট সীতারূপ জ্যোতি

অদৃশ্য হয়। যেন রব বা শব্দ কর্তৃকই তাহা অপহত হয়। কেননা চোখে দেখা ও কাণে শোনা একই কালীন সম্ভব হয় না। আমরা. চক্ষু ইচ্ছা করিয়া বন্ধ করিয়া বাহ্যবস্তু দর্শন রহিত করিতে পারি, কিন্তু উন্মুক্ত কর্ণদার দারা শব্দ কর্ণে প্রবেশ, বন্ধ করিতে পারিনা—যতক্ষণ তাহা অঙ্গুলি দ্বারা দূচ্বদ্ধ না করি। চক্ষুর কোন বিষয়ে দৃষ্টি নিবদ্ধ থাকিলেও শব্দ শ্রবণ হয় কিন্তু তাহা কোন অজ্ঞাত স্বরূপ শব্দরূপেই থাকে।—যতক্ষণ তাহার মনন না হয়, অর্থাৎ সেই শকশ্রুত হইলেও মন যতক্ষণ তাহা গ্রহণ না করে ততক্ষণ সেই শব্দের স্বরূপ উপলব্ধি হয় না। এই স্বস্তঃস্থল হইতে উথিত শব্দ সর্বদাই বিভামান আছে, কেননা ইহা দেহাভান্তরন্থ শিরা ধমন্যাদি যতক্ষণ সচল থাকিবে ততক্ষণ সমভাবেই থাকিবে। তাই ইহা দেবতা, গন্ধর্ব, মন্তুম্ম ইত্যাদি সর্বদেহধারীর দেহাভ্যন্তরে থাকিয়া---অমর। দেহের বিনাশেই ইহার মৃত্যু। স্থতরাং দেহের বিনাশরপ অবস্থা সাধন করিতে পারিলে তবে এই রাবণের হত্তে নিঙ্গতি প্রাপ্ত হইতে পারা যায়। অর্থাং যোগ সাধনে মনকে দেহ জ্ঞান হইতে চ্যুত করিতে পারিলে এই শব্দরূপ রাবণেরও বিনাশ বা অন্তর্ধান হয়। ইহাই বাবণ কর্ত্তক দীতা হরণ। তাই বাবণ হর্জিয়; দেব দেবতাদেরও অপরাজেয়, আর তাহার রাব যোগিদের ভীষণ ভীতি উৎপাদক সিদ্ধিলাভের প্রধান বিশ্বকারী শক্র, এবং সমস্ত যোগবিদ্বকারী বিরন্ধশক্তিরূপ রাক্ষ্যদের শ্রেষ্ঠ এবং প্রধান ও রাজাস্থানীয়। যোগীদের সাধনার সময়ে এই রাবণের সহিত যুদ্ধ অবিরতই চলে।

এই রাবণ যে রব বা শব্দেরই প্রতীক তাহা বাল্মীকি পরে উত্তরাকাণ্ডে অব্যন্তঃ ঋষির মূখে তাহার জন্ম বিবরণে বিশদভাবে

বর্ণন করিয়াছেন। অগস্তা ঋষি যে তাৎকালিক যোগীদের মধ্যে ্শ্রেষ্ঠ ছিলেন, তাহা তথন সর্ববাদীসমত ছিল। শরভঙ্গ ঋষিও স্থতীক্ষ ঋষি তাহা জানিতেন বলিয়াই রামকে তাঁহার নিকট যাইবার জন্ম উপদেশ দিয়াছিলেন। এই অগন্তা ঋষিই বাতাপি ইবল ভক্ষণ করিয়া যোগ সাধন প্রণালীর উপদেশ দিতেন। তাই সেই ্সত্যদর্শী ঋষির মুখেই বাল্মীকি প্রচ্ছন্নভাবে তাঁহার নিজের অভিজ্ঞতাই প্রকাশ করিয়াছেন। অগন্ত্য বলিয়াছেন ব্রহ্মার মানসপুত্র পুলন্ত্য, মরীচি আদি ঋষিগণ। মরীচি হইতে উত্তরকালে মানবের আদি-পুরুষ মতু জ্যোন। মতু হইতে জন্ম বলিয়া মানব। এই পুলস্তা বন্ধার কর্ণ হইতে জাত, "স বন্ধাঃ কর্ণাভ্যাং জাতঃ"। পুল শব্দের অর্থ বিপুল, মহৎ। পুলস্ত্য-বিপুল ভাবে যে থাকে। ব্রহ্মার কর্ণ হইতে জাত হইলে তাহা শব্দেরই প্রতীক। মহাভারতের শান্তি পর্ব্বে (২১৩)১৬) আছে "শব্দরাগাং শ্রোতমস্ত জায়তে ভাবিতাত্মনঃ। রপরাগাথ তথা চক্ষঃ ভ্রাণং গন্ধজিঘুক্ষয়া"। অর্থাৎ প্রাণীর আত্মার শব্দ শুনিবার ভাবনা হইলে পর কাণ, রূপ দেখিবার ইচ্ছায় চক্ষ, পদ্ধ আদ্রাণের ইচ্ছায় নাসিকা উৎপন্ন হয় ইত্যাদি। তাহা হইলে সমন্ত বিশ্বের একীকৃত বিপুল শব্দের প্রতীক এই পুলস্তা। তারপর সেই অবিশেষ অভিন্ন শব্দ যথন বিশেষ বিশেষ শব্দরূপে বিশেষ বিশেষ প্রাণীর কণ্ঠ হইতে নির্গত হইবে তথন তাহা বিভিন্নরূপে विलय विलय इटेगा विधावा अधीर विलयकाल धावन इटेरव। ्रभूनत्सात भूव विश्ववारे मिरे विर्मय गत्मत প্রতীক। সেই विश्ववात প্রথমা পত্নী ইড়বিড়ার গর্ভে কুবেরের জন্ম, আর কৈকদা নামী পত্নীর গর্ভে, রাবণ, কুম্ভকর্ণ ও বিভীষণের জন্ম। এই কুবেরের স্বরূপ ্রিক ? কুবের = কু কুৎসিতং বেরং শরীরমস্ত। কুবেরং = কুৎসিতং বেরং কেপণং দানাদিকং গতিবা यশ্ = ধন্যক্ষ্, উত্তর্মিশাং পতিঃ নরবাহন। বায়্মার্কণ্ডেয় পুরাণে "কুৎসায়াং কিতি শক্ষোহয়ং শরীরং বেরমূচ্যতে। কুবেরঃ কুশরীরত্বাৎ নামা তেনৈব সোহস্কিতঃ। ধন্যক্ষ, নরবাহন। কুবের যক্ষ হইল কেন? যক্ষ-যক্ষতে পূজাত। अगरताम यक गरमत शृका वर्ष तात्रात वाहा। धनयक वर्ष य ধনের পূজা করে। যে ধনের পূজা করে তাহার অর্থগৃগ্গ তা বশতঃ শরীরের, আহারের বা বেশভ্ষার দিকে দৃষ্টি থাকে না জন্ত তাহার শরীর কুংসিং দষ্ট হয়। তাহার ক্ষেপণও কুংসিং হয়, কেননা সেই ধন, হয় বর্তমান কালে লোহ সিন্ধুকে আর পুরাকালে মুজিকানিমে তাহার গতি করাইয়া, তবে সে নিশ্চিম্ভ হইতে পারে। কুবের শব্দে আর একটা অর্থ এইরূপ=কুম্বতি ইতি। কুব ই কি আচ্ছাদনে। কুব কি স্তৃতো কুম্বতি। যাহা আচ্ছাদিত থাকে। এই কুবের উত্তরদিশাধিপতি বা কৈলাস পর্বতের রাজা। উত্তর দেশের পর্বতের মধ্যেই ধনের আকর। যুধিষ্ঠির সেই উত্তর দেশের পর্বত হইতেই রাজস্য যজের ধন সংগ্রহ করিয়াছিলেন। কুবের নরবাহন। মহুয়ের শ্রেষ্ঠ অভিলম্বিত পদার্থ ধন, যাহা: দে স্কল্পে বহন করে। তাই কুবের ধনেরই প্রতীক। থনি হইতে যথন স্বৰ্ণ রৌপ্যাদি ধাতৃ উত্তোলিত হয় তথন তাহারা মলিন আচ্ছাদন বশতঃ যক্ষের ন্যায়ই দেখিতে কুৎসিৎ। তাহাই মাজিলে घिराल यथन छेड्डल इग्न ज्थन जाहात मृला उद्यान हम। এই सर्व রৌপ্যাদি ধাতুর শব্দ মধুর ও শ্রবণের তৃপ্তিকর। প্রথম খনি হইতে উখিত অবস্থাতে তাহা দেখিতে কুৎদিৎ হইলেও, তাহাতে আঘাত कतित्व यथन हिः वा हैः भक्त इत्र ज्थनहे जाहात जामत हत्। সেই শব্দেই তাহা মূল্যবান্ ধাতু বলিয়া পরিচিত হয়। কুবের: বিশ্রবার পূত্র বৈশ্রবণ। বিশ্রবা বিশেষরপ শব্দের প্রতীক্।
ইড্বিড়াও ইড্বিড় শব্দের প্রতীক, ষেমন লোকে বলে কি ইড্
বিড় বক্ছে'। স্বতরাং শব্দের ওরসে শব্দের গর্ভে যাহার উদ্ভব
তাহাও শব্দ ভিন্ন আর কি হইতে পারে, তাই কুবেরও শব্দের
প্রতীক অর্থাৎ ধাতুরূপ ধনের শব্দের প্রতীক। পৃথিবী হন্ট হন্টবার
পরে জীব হন্ট হন্টল। তাই পৃথিবী গর্ভে নিহিত ধাতু, বিশ্রবার
প্রথমা জী ইড্বিড়ার গর্ভে প্রথম উৎপন্ন, কুবের রাবণের বৈমাত্রেয়
ভাই। রাবণ ইত্যাদি তাঁহার দ্বিতীয়া জী কৈকসার গর্ভে উদ্ভব।
কৈ-শব্দে। কৈকসাও শব্দের প্রতীক।

অতঃপর রাবণের পুরী লক্ষার স্বরূপ দেখা যাউক। লক্ষাপুরী কেবলই স্বর্ণ রৌপ্য নির্মিত মণিরত্ব থচিত অট্টালিকা শ্রেণীতে শোভিত; কেননা ইহা পূর্বের ধনযক্ষ কুবেরের জন্ম বিশ্বকর্মা কর্ত্বক নির্মিত হইয়াছিল, পরে রাবণ কুবেরকে তথা হইতে দুরীভূত করিয়া তাহা অধিকার করে। কুবের কৈলাদে বাস করিত, স্থতরাং তাহার রত্বের অভাব ছিলনা। কৈলাস অর্থে-কে-জলে-লসতি – সমুদ্র পর্ভাত রত্বমণি। কৈলাস উত্তর দেশস্থ পর্বত। বর্ত্তমান-কালে উত্তর মেক্ষর নিকটস্থ আমেরিকার আলাক্ষা প্রদেশে প্রভূত স্বর্ণথনির আবিকার হইয়াছে। লক্ষা দক্ষিণ সমুদ্র ধীপস্থ পর্বত শৃঙ্গে নির্মিত পুরী। দক্ষিণ সমুদ্র দ্বীপ অট্টেলিয়ার স্বর্ণথনি হইতে স্বর্ণ সংগ্রহ করিতে স্বন্ধ ইংলও হইতে কত লোক সেই দ্বীপে যাইয়া উপনিবেশ স্থাপন করিয়াছে। আর দক্ষিণ সমুদ্র গর্ভ হইতে রাশি রাশি মুক্তাও বর্ত্তমানকালে উত্তোলিত হইতেছে। স্বতরাং তংকালের লক্ষাদীপস্থ পুরী যে এক্রপ বর্ণতি বিভবে মণ্ডিত ছিল, তাহাতে কিছুই আশ্বর্ণ্যের বিষয় নাই। এখন দেখিতে হইবে লক্ষা ভারত

উপকূলের নিকট কোন স্থানে সমুদ্র মধ্যে স্থিত ছিল। লক্ষা শব্দের অর্থ কি ? লহা রমন্তে অস্থাম্। রম + বাহুলকাৎ কঃ। রস্থা লত্ম-ইত্যুজ্জলঃ অর্থাৎ উজ্জল। ব্যাকরণমতে র স্থানে ল হইল, একটা ক এর যোজনা করিয়া রম ধাতু হইতে তাহা নিষ্পন্ন হইয়াছে। রম ধাতুর অর্থ তৃথ্যি বা আরাম প্রাপ্তি। যেখানে লোকে তৃথ্যি প্রাপ্ত হয়। জ্যোতিষ শান্ত্রমতে "সা চ পৃথিব্যা মধ্যভাগে তিষ্ঠতি"। যথা "যল্লকোজ্মনী পুরোপরি কুরুক্তেতাদি দেশান্ স্পৃশন্ সূত্রং মেরুগতং বুধৈ নিগদিতা দা মধ্যবেথা ভূব:।" জ্যোতিষ শাস্ত্রমতে ইহা পৃথিবীর মধ্যরেখা। যে আহুমানিক কল্পিত হুত্র, লঙ্কা হইতে উজ্জানী পুরীর উপর দিয়া কুরুক্ষেত্র স্পর্শ করিয়া মেরুতে যায়, তাহাই পৃথিবীর মধ্যরেখা। ভারতের মানচিত্তে এইরূপে এই রেখাটা অন্ধিত করিলে দেখিতে পাওয়া যায়, এই রেখার দক্ষিণ ভাগ যাহা লঙ্কার উপর দিয়া গিয়াছে তাহা মাদ্রাজ প্রেসিডেন্সির ভারত উপকৃলস্থ গোদাবরী নদীর সঙ্গমস্থানের অদূরবর্তী সমুদ্রবক্ষে কোনস্থানে পতিত হয়। স্বতরাং লকা এইরপই কোন স্থানে ছিল। লক্ষা শব্দের আর একটা ব্যংপত্তি এইরূপেও হইতে পারে যথা লীয়তেহত্তেতি-লী+ড - नः - পृथिवी वीषः। পृथिवीत वीष, वृत्कत वीष्कत ग्राप्त পृथिवीत মধ্যস্থানে বা কেন্দ্রেই থাকে। লকা-লং+ক। লং শব্দের অর্থ যেখানে লীন হয়, আর কং শব্দের অর্থ (কায়তি শব্দো নিগচ্ছতি ঘতঃ ্যন্মিন) কৈ-শব্দে। অর্থাৎ যেথানে শব্দ লীন হয় ও যেথান হইতে নির্গত হয়। লং পৃথিবীর বীজ বা পার্থিব বিন্দু। স্থতরাং গোলাকার পৃথিবীর মধ্যরেখা, তাহার মধ্যস্থ বীজ, বিন্দু বা কেন্দ্রকে ভেদ করিয়াই উভয় পার্ষে বিস্থৃত হইবে। এছলে রম ধাতু হইতে টানিয়া বুনিয়া লকা নিশ্র না করিয়া যদি লং ও ক হইতে তাহা সাধিত হয় ভাহা

হইলে কি আপত্তি হইতে পারে। আর রাবণ অর্থে যদি শব্দই প্রতিপন্ন হয়, তাহা হইলে শব্দরপ রাবণ এই লয় করিবার স্থান হইতেই নির্গত হইত এবং তাহাতেই লীন হইত এবং সীতারপ জ্যোতিকেও তথাতে লীন করিয়াছিল। সীতার উজ্জ্বল জ্যোতিও সেধানে লীন হইয়া মলিন হইয়াছিল।

ইতিপূর্বের আমরা দেহের মেরুদণ্ডকে একটা ধন্থর সহিত তুলনা করিয়াছি। এই মেরুদত্তে তিনটী কট আছে। কটশবের অর্থ কলস, কোটঃ গড়। যাহার অভ্যন্তরে বা যাহাতে কোনও পদার্থ থাকে তাহাই কুট। যেমন কুটস্থ চৈততা। চৈততা প্রকাশক সংজ্ঞা-তাহার জ্যোতি। এই মেরুদণ্ডেও তিন স্থানে জ্যোতি প্রকাশ হয় তাহা আমরা পূর্ব্বে উল্লেখ করিয়াছি। "দক্ষিণস্থোদধেন্তীরে" স্থিত এই ত্রিকূট পর্বতেই যেন এই মেরুদণ্ড। মেরুদণ্ডের মধ্যভাগে যেখানে হৃদয় স্থিত, তাহা কিছু বক্রভাবাপন্ন, স্বতরাং উচ্চতা বশতঃ তাহাই তাহার অগ্র বা শিথর। ত্রিকট পর্বতের শিথরেই লঙ্কান্থিত। মেরুদণ্ড অস্থি নির্মিত স্থাতরাং প্রস্তর দদশ কঠিন। এই ত্রিকুট সমন্বিত তিনটী কলদের জলের ন্যায়ই সেই তিন জ্যোতি তাহাতে থাকিয়া, কথনও উচ্ছসিত জলের ন্তায় ক্ষণতবে দৃষ্টিগোচর হয় আবার তাহাতেই লীন হয়। হদয়স্থ আত্মা হইতেই জ্যোতি বিকশিত হয় আবার তাহাতেই লীন হয়। তাই দীতারূপ জ্যোতি রাবণ কর্ত্তকই যেন অপদারিত হইয়া দেই লয়ের স্থান লঙ্কাতেই লীন হয়। রাবণ যথন শব্দ বা রব তথন তাহার উৎপত্তিস্থানও ঐ বক্ষঃস্থলের অভ্যন্তরেই যেখানে হদয়েরও স্থান। নিশাস দারা বক্ষাস্থলের অভ্যস্তরে গৃহীত বায়ু, যাহা তথাতেস্থিত কৃটে বা কলদে রুদ্ধ হয়, তাহাই প্রস্থাদের সময় বহির্গমন কালে, কর্গনালীতে-স্থিত পর্দা হয়ে আঘাত করাতে, রব বা শব্দের উৎপত্তি হয়। স্বর বা শব্দ যেন দেহের অভ্যন্তর হইতেই উথিত হয়। তাই স্বর বা শব্দ বা রব দেই লক্ষারূপ কুটেই যেন লীন অবস্থাতে থাকে। তাহা হইলে ইহাই বুঝা যায় যে শব্দ ও জ্যোতি উভয়েই বক্ষঃস্থলের অভ্যন্তরস্থ কোন স্থান হইতে উভূত হইয়া পুনরায় তথাতেই লীন হয়। তাই রব বা শব্দরূপী রাবণ জ্যোতিরপিণী সীতাকে যেন হরণ করিয়াই উভয়ে তাহাদের এক সাধারণ (Common place) লীন হইবার স্থানেই গমন করিল। এই সীতাকে উদ্ধার করিতে হইলে শত্ষোজন রূপ ফুর্লজ্যা পথই অতিক্রম করিতে হয়। তাহা পৌরুষ বলে, কঠোর যোগ সাধানে ও দীর্ঘকাল অভ্যাসেই সিদ্ধ হয়।

ত্রিক্টপর্বত দেহের মেকলগু হইলে উদধি কি হইবে। উদধি
শব্দের বৃংপত্তি অর্থ এইরপ পাওয়া যায়। উদ (জল)+ধা+কি
— উদধি। উদং — জলং হইল কেন ? ভাগবতে এইরপ একটা শ্লোক
আছে "জগত্রয়াস্থোদধিসংপ্রবোদে নারায়ণ্যো উদরনাভি-নালাং"
ইত্যাদি। ত্রিজগতের সলিলরূপে অন্ত হইলে, তাহার জলে সংপ্রবমান
নারায়ণের উদর নাভিনল হইতে ব্রহ্লার উদ্ভব হইয়াছিল। নারায়ণ
নিরাকার। তিনি জলরূপে প্রথমে পরিণত হইলেন—তাই নারে
বা জলে অয়ন বা গমন। সেই জলের মধ্যে যেখান হইতে সেই
নালটী হইল সেইটা তাঁহার নাভি, আর সেই নাভি উদরেই স্থিত—
যেমন স্ব্যুপ্রস্থত শিশুর উদরে নাভিনল সংযুক্ত থাকে। গর্ভে শিশু
সেই জলেই ভুবিয়া থাকে, তার উদর তথনও থোলা নৌকার মতই
জলে পরিপূর্ণ থাকে, তারপর বহু পরে যেন সেই নৌকাটীর ছই
ধার একস্থানে আসিয়া জোড়া লাগিলে তাহাই উদরের গহরর হয়।
স্থতবাং উদরও জলে পূর্ণ জন্ম প্রকারান্তরে উদধি। সম্ভবতঃ এইজন্মই
উদ শব্দের অর্থ জল হইয়াছে। উদং+বাভি-রা+ভ। বাতি অর্থে

আহার যেমন বানং—বনজাত ফলং + রাতি থাওয়া = বানর এইরূপ অভিধানে ব্যুৎপত্তি থাকিলে উদর শব্দেরও উক্তর্রপ ব্যুৎপত্তি কেন ना रहेरत? তাহা रहेरल याहा जल थाय, ठाटे छेमत। छेमरत य জল থাকে তাহার প্রমাণ বমনের সহিত জলই বেশীভাগ উদ্গীরণ হয়। আবার পাতলা মলও জলই—তাহা উদর হইতে আসে। মৃত্রও উদরের নিম্নদেশে স্থিত আধার হইতে নিঃস্থত হয়। তাহা হইলে উদধি ও উদর প্রায় একার্থবোধকই হইল। আমাদের দেহের যে স্থান জল ধারণ করে তাহাই উদ্ধি। মুখ দিয়াও বমনে জল নিৰ্গত হয়, লালা নিৰ্গত হয় আবার মলদার ও মৃত্রদার দিয়াও জল নির্গত হয়; স্কুতরাং এই উদরব্ধপ উদধি প্রায় মুখ হইতে মলদার পর্যান্ত বিস্তৃত। আর এই উদর, দেহের সম্মুখভাগেই অবস্থিত— ভাই দক্ষিণ। আমরা সম্মুখের পদার্থকেই প্রদক্ষিণ করি বা দর্শন করি। তাই আমাদের সম্মথই আমাদের দক্ষিণ। স্বতরাং "দক্ষিণস্য উদধে" আর্থে সম্মুথস্থ উদর বা পেট। এখন উদর বা উদধির তীর তাহা হুইলে দেহের মেরুদণ্ড যাহা মুখের পশ্চাৎদিক হুইতে মলদার পর্য্যস্ত বিস্তত রহিয়াছে তাহাই হয়না কি ? এবং ইহাদারাই উদররূপ উদধি সীমাবদ্ধ হইল না কি? এতক্ষণে বাল্মীকির রহস্তান্থিত শ্লোকের

"দক্ষিণস্যোদধেস্তীরে ত্রিকৃটো নাম পর্বতঃ।

তস্তাত্রে তু বিশালা সা মহেক্সস্ত পুরী যথা।

অর্থ হইল কি ? সম্থদিকস্থ উদধি বা সমুজরূপ উদরের তীররূপ যে মেরুদণ্ড আছে তাহার অগ্র বা শিথররূপ উদস্থানে লন্ধাপুরী।

অতঃপর দেখিতে হইবে রামের কি বিদদৃশ বা অতায় কার্য্যের জন্ম এই দীতা অদৃত্যা হইলেন। রাম বাণপ্রস্থ ধর্ম অবলম্বন করিয়াছিলেন অনেকটা স্বেচ্ছাতে। স্টে দীতারূপ জ্যোতি দর্শনের

সাহায়ে তিনি অনেকটা অভ্যাসের দারা সিদ্ধির পথে অগ্রসর হইতে-ছিলেন এবং বাণপ্রস্থ আশ্রম অবলম্বন, এই কার্য্যে তাঁহার সহায়ক হইবে. তাই পিতার অনিচ্ছাক্ত সত্যপালন করিবার জন্ম স্বতঃই উন্মধ হইলেন। যদিও তাহার মনে রাজ্যভোগ লাল্যার আকাজ্যা শিথিল হইয়া আসিতেছিল, কিন্তু মধ্যে মধ্যে তাঁহার মনে যে সেই কামনা উদিত না হইত তাহা নয়। বন প্রবেশের সময় বিরাধ রাক্ষসরূপে ক্রমণ একটা কামনারূপী বিক্ষেপশক্তি তাঁহার পদখলন করিতে চেষ্টা করিয়াছিল। যথন তিনি বিরাধ কর্ত্তক স্কন্ধে নীত হইয়া বনমধ্যে বাহিত হইতেছিলেন, তথন দীতাকে পরিত্যাগ করিয়াই য়াইতেছিলেন এবং বলিয়াছিলেন যে কৈকেয়ীর অভিলাষ পূর্ণ করিতেই যেন তিনি বনে আসিয়াছেন, স্থতরাং রাক্ষ্য তাহাদিগকে এইকপে বহন করিয়া বনমধ্যে লইয়া গেলে বরং তাঁহার ভ্রমণের অনেকটা সাহায়া হইবে ও তজ্জনিত ক্লেশেরও লাঘব হইবে। সীতার কথা তথন তাঁহার মন হইতে তিরোহিত হইয়াছিল। তারপর সীতার ক্ষীণ স্মৃতিই যেন তাঁহার (সীতার) করুণ আর্ত্তনাদ রূপে তাঁহার মনে উদয় হইল। তথন আবার তাঁহার আত্মপৌরুষ উদ্দীপিত হইয়া তাঁহাকে বিরাধবধে সমর্থ করিল, এবং তিনি সেই লুপ্তপ্রায় সীতাজ্যোতিরই যেন উদ্ধার করিলেন। ইহার পর রাম অগন্ত্যাশ্রমে. ঋষির উপদেশ প্রাপ্তির পর দেখানে থাকিতে প্রতিজ্ঞা করিয়াও তাহা পরিত্যাগ করিয়া অন্তত্ত যাইবার ইচ্চা প্রকাশ করিলেন কেন? তাঁহার ক্ষাত্রধর্মোচিত রাক্ষ্পবধর্ম প্রতিজ্ঞা পালন, যাহা তাঁহার মনে মাঝে মাঝে উকি ঝুঁকি দিতেছিল, তাহাই প্রবল হওয়াতে তাঁহার এই সংকল্প ভঙ্গ হইল। কেননা অগস্মান্ত্রাম থাকিলে রাক্ষ্যবধ হইবেনা। তথ্ন তাঁহার এই সংকল্পচ্যতি ও বাণপ্রস্থের বিরুদ্ধ ধর্ম অহিংসায় জীববধরূপ অন্তায় কার্য্য হইতে তাঁহাকে নিবৃত্ত করিবার জন্ম, তাঁহার বিবেক বৃদ্ধিরই বিচার, যেন সীতার মুখেই ব্যক্ত হইল। তাঁহার মনে হইল তিনি তো বাণপ্রস্থ অবলম্বন করিয়াছেন একরপ স্বেচ্ছাতেই সাধনপথে অগ্রসর ইইবার জন্ম। বানপ্রস্থীর তো অহিংদাই ধর্ম। তাহাতো মুনিরাই বলিয়া-ছিলেন, তাঁহারা নিজেদের তপস্থার হানি হইবে বলিয়াই, শাপ দিয়া এই সকল রাক্ষ্য বধ করিতে চাহেন না। বাণপ্রস্তের ধর্ম সাধনা ও তপস্তাই মুখ্য। আবার তিনিতো এখন রাজ্য শাসনের জন্মও দায়ী নহেন, কেননা তিনি রাজ্যের সঙ্গে সমস্ত সম্বন্ধত্যাগ করিয়া বনে আসিয়াছেন। ক্ষাত্রধর্ম প্রতিপালন করিয়া বিনা হিংসায় জীব বধ করা তপস্থার পরিপম্বী কার্য্য হয়। সীতার উক্তি এই-রূপই ছিল। সীতার বাক্য অবহেলা করা, যেন সীতারূপ জ্যোতিরই উপর ক্রমে আন্তার শিথিলতার নিদর্শন। রাম যদি সেই বিবেক। বুদ্ধি দ্বারা পরিচালিত হইতেন, তাহা হইলে তিনি পরিহাসচ্চলে শূর্পণিথার নাসিকা কর্ণ ছেদন করিতেন না। তাঁহার সেই অল্প পদ্খলনের স্থযোগ পাইয়া তাঁহার চতুর্দশকরণ দূষিত হইল। কিন্তু রাম দেই চতুর্দশকরণের দোষ হইতে নিজকে তংকালের মত মাৰ্জ্জিত করিয়াই যেন বিশুদ্ধ হইলেন, তাহা যেন ঝাডিয়া ফেলিয়া দিলেন। সেই ঝাড়াতে সেই চতুর্দ্দশসহস্রের মধ্যে একজন কম্পিত হইলনা—দেই অকম্পানই রাবণকে সংবাদ দিল। ঘতদিন সাধক বিদেহ কৈবলা বা জীবনুক্তি লাভ না করিতে পারে, তত দিন এই দেহ থাকাবশতঃই এই চতুর্দশকরণও সাধকের সহিত বর্ত্তমান থাকিবে। দেহের বিনাশেই এই করণগুলির বিনাশ হইবে। তাই আত্মজ্ঞান লাভ করিয়া যতদিন প্রারন্ধ শেষ না হওয়া পর্যান্ত

माधक (मृश त्रका) करत्रन, उछिमिन छिनि शृर्वक्रीवराक नरशन, अर्फ-জীবন মুক্ত বলিয়া কথিত হয়েন। ^{যথন} সাধক আত্মভূত বা আত্মময় অবস্থায় থাকেন ততক্ষণই তিনি চতুর্দশকরণ হইতেও মুক্ত থাকেন। রাম চতুর্দশ বংসর বনবাসকালে সেই চতুর্দশকরণ সহ निश्रहे ছिल्न। य मिन जिनि बाजाकृठ हहेलन, त्महे मिनहें এই বিদেহ কৈবলা লাভ করিয়া তিনি এই চতুর্দশকরণের বেষ্টনি হইতে তংক্ষণস্থায়ী মুক্তিলাভ করিলেন—আর সেইদিনই তাঁহার চতুর্দশ বংসর বনবাদেরও শেষ হইল। তাই বাল্মীকি তাঁহার বনবাদের কালও এই নির্দিষ্ট চতুদিশ সংখ্যা দ্বারাই পরিমাণ করিয়াছেন। পাওবেরা দ্বাদশবর্ষ বনবাদের জন্ম নির্বাসিত হইয়াছিল। আর किरकग़ैरे वा किन पूरे अकवर्ष तिभी कम ना विनिश अरे निर्मिष्ठे চতুদ্দশ বংসরের জন্মই তাঁহাকে নির্বাসিত করিলেন ৷ স্বতরাং বাল্মীকি কর্ত্তক এই চতুর্দ্দশবর্ষ নির্দিষ্ট হওয়ার কোন বিশেষ উদ্দেশ্য ছিল, আর অনুমান করা যায় উপরিউক্ত মর্মেই তাহা হইয়াছিল। অর্থাং এই ১চতুর্দ্ধশ বংসর যেন সেই চতুর্দ্দশকরণেরই স্থিতির পরিমাপক সংজ্ঞা। এই চতুদ্দশকরণকে বিশুদ্ধ করিয়া যেন তিনি কতকটা আত্মন্থ হইলেন। তথন আসিল আবার সেই ঘোর কামরূপী শক্র বুত্তবাহু সমন্বিত মারীচ, যাহাকে তিনি পূর্বে শীতল বা ঠাণ্ডা করিয়া দূরে নিক্ষেপ করিয়াছিলেন—দে ঘেন নিক্ষিপ্ত হইয়া বুত্তের ন্যায়ই ঘুরিতে ঘুরিতে শীতল হইয়াছিল। পাপ বা অধর্ম মনে আচ্বিত হইলেও মন কল্বিত হয় তাহা মানস্পাপ, তাহাই একদিন না একদিন মনের সাহায়ে ইন্দ্রিয় দারা আচরিত হইয়া স্ফুটিত হয়, তথন তাহা দৈহিক পাপ হয়। মানসিক পাপের প্রায়শ্চিত্ত হয় অমুতাপানলে দগ্ধ হইয়া, আর শারীরিক প্রায়শ্চিত হয় তাহার তদন্ত্যায়ী দণ্ড প্রাপ্তিতে তুঃধ ও ক্লেশ ভোগ করিয়া। তুই অবস্থাতেই মনই তাহা ভোগ করে। বিনা হিংসায় জীবহত্যারপ ক্ষাত্রধর্ম পালনের কলুষ রামের মনকে পূর্বেই কলুষিত করিয়াছিল, কিন্তু তাহা এতদিন ভশ্মাচ্ছাদিত অগ্নির স্থায় ধিকি ধিকি জ্বলিতেছিল। এই শূর্পণথার উপহাসচ্ছলে নিগ্রহরূপ কার্য্যে তাহা যেন একটু প্রদীপ্ত হইল। অনাগ্যানারীর প্রতি এই নিষ্ঠুর আচরণ রামের পক্ষে পরিহাদ তুলা হইলেও ইহা দেই নারীর নিকট তাহার মৃত্যুবৎই হইয়াছিল। নারীর বিরূপতা তাহার মৃত্যু তুলাই। মন বিশুদ্ধ থাকিলেই আত্মহদিজ্যোতি তাহাতে প্রতিভাসিত হয়। জার মন যতুই মলিন হয় দেই জ্যোতিও ক্রমে ততুই সান হইতে হইতে শেষে অদৃশ্য হয়। যেমন দর্পণ যতই পরিকার হয় প্রতিবিদ্ধ ততই স্টুতর হয়, কিন্তু মলিন দর্পণের প্রতিবিদ্ধ শ্লানই হয়। তাই সীতারপ জ্যোতিও ক্রমে রামের মানস দর্পণে স্লান ইইয়া আসিতেছিল। কোন স্থানে ময়লা জমিয়া থাকিলে তাহা যদি পরিষ্কৃত না হয় তাহা হুইলে অন্যান্য লোকেও সেই স্থানে ময়লা নিক্ষেপ করে, তেমনি মনের ময়লা যদি পরিষ্কৃত না হইয়া তাহাতে আবদ্ধই থাকে তথন নানাদিক হইতে আরও ময়লা সেই কলুষিত মনকে আক্রমণ করিতে চেষ্টা করে। বুদ্ধিই এই মনের মল পরিষ্কার করে। তাই যথন বামের কলুষিত মনকে আরও কলুষিত করিবার জত্ত কামরূপী মারীচের আবির্ভাব হুইল তথন দীতাই রামকে বলিলেন উহাকে ধ্রিয়া আনিয়া পালন কর। অর্থাৎ যেন দেই আত্মজ্যোতিই রামের পরীক্ষার জন্মই যেন বলিলেন ঐ মনের লোভনীয় পদার্থটী ধর—উদ্দেশ্য রামের মনে ঐ লোভনীয় পদার্থটীর আকর্ষণ কার্য্যকরী হয় কিনা তাহাই দেখিবার জন্ম। রামের মন সেই আকর্ষণ জ্ঞালে জড়িত হইয়া পড়িল। সেই আকর্ষণ যত্ত প্রবল হইতে লাগিল, তত্ই রামের মন দীতারূপ জ্যোতি হইতে দরে যাইতে লাগিল। কিন্তু বৃদ্ধি একবার পর্বেই রামের মনকে দেই আকর্ষণকারী বৃত্তির স্বরূপ দেখাইয়া দিয়াছিল-মথন লক্ষণরূপ তাঁহার স্থমিত্র সেই মুগের স্বরূপ অর্থাৎ সে যে মারীচরূপী কামনারাশির বৃত্ত তাহাই বলিয়া তাঁহাকে সতর্ক করিয়া দিয়াছিলেন। রাম দেই বৃদ্ধির বিবেক বাণী অবহেলা করিয়াই, তাহার জালে পড়িলেন। এস্থানে সেই মারীচরূপী কামনা, সেই স্থন্দর মুগটী দ্বারা প্রলোভিত হইয়া তাহাকে ধরিবার কামনা। তাই মারীচ মুগরূপ ধারণ করিয়া আসিয়াছিল। কিন্তু তাহাকে জীবিত ধরিতে না পারিয়া তাহাকে যথন বিনা হিংসায় অকারণ বধ করিলেন, তথনই তাঁহার সেই সীতা কথিত ব্যসন বা পাপ হইল। তপন তিনি নিজের যে কতদুর পত্ন হইল তাহাই উপলব্ধি করিয়া অফুশোচনার উদয় হওয়াতেই 'হা লক্ষ্ণ' 'হা সীতা' বলিয়া আর্ত্তনাদ করিলেন। তথন তাঁহার মনে হইল যে এত সাধনা করিয়া যে সীতা তিনি প্রাপ্ত হইয়াছিলেন, তাহা তিনি হারাইলেন। কিন্তু পৌক্ষ বলেই তিনি দীতাকে পাইয়াছিলেন। তাই দীতারূপে, পুরুষই যেন তাঁহার লক্ষণ রূপ পৌরুষ লক্ষ্মণকে, তাঁহার নিকট পাঠাইলেন যেন লক্ষ্মণ বা লক্ষ্মণের সাহায্যেই তিনি সীতারূপে তাঁহাকে (পুরুষকে) প্রাপ্ত হইতে পারেন।

চতুর্দ্দশ পরিচ্ছেদ

জটায়ু বধ

অতিশয় আশস্থিতিচিত্তে রাম যথন মারীচকে বধ করিয়া আশ্রমে প্রত্যাগমন করিতেছিলেন, তথন পথিমধ্যে লক্ষ্ণকে দেখিয়া তাঁহার সীতার জন্ম অত্যন্ত চিন্তা হইল। লক্ষ্ণ, কেন সীতাকে একাকী পরিত্যাগ করিয়া আদিল, জিজ্ঞাসা করাতে তিনি রামকে সীতা কিরপ কঠোর মর্ম্মভেদী অসঙ্গত বাক্য প্রয়োগে তাঁহাকে ভর্ৎসনা করিয়া, তাঁহার সাহায্যার্থ আসিতে বাধ্য করিয়াছেন, তাহা আহুপ্র্কিক বলিলেন। তথন তাঁহারা ক্রত আশ্রমাভিম্থে গমন করিয়া তথাতে সীতাকে অন্বেষণ করিয়া দেখিতে না পাইয়া, রাম মনে মনে "আমার এই পত্নী বিয়োগ অবশ্রন্থাবী" স্থির করিয়া রোমাঞ্চিত ও ব্যথিত হইলেন,

"এতং তদিতোব নিবাসভূমৌ প্রস্থারোমা ব্যথিতো বভূব॥"
তথন রাম পাগলপ্রায় হইয়া বিলাপ করিতে করিতে বন মধ্যে প্রবেশ
করিলেন। লক্ষণ রামকে শোকোন্সত্ত অবস্থায় বিলাপ করিতে দেখিয়া
বলিলেন, "আপনি অনর্থক শোককাতর হইবেন না, আহ্বন আমরা
সমস্ত বনে অস্বেষণ করি"। তথন উভয়ে বনে অস্বেষণ করিয়াও যথন
সীতাকে দেখিতে না পাইয়া রাম হতচেতন হইলেন, তথন লক্ষণ রামকে
পুনরায় প্রবোধ বাক্যে সাস্থনা করিতে লাগিলেন,

উবাচ সৌমিত্রিরদীন সন্তো। ত্যায়ে স্থিতঃ কালযুতঞ্চ বাক্যম॥ শোকং বিশ্বজ্ঞান্ত ধৃতিং ভজস্ব।
সোৎসাহতা চাস্ত বিমার্গণেহস্তাঃ ॥
উৎসাহবস্তো হি নরা ন লোকে।
সীদস্তি কর্মস্বতিত্বস্করের্ ॥
ইতীব সোমিত্রী মৃগ্রপৌরুষম্।
ক্রবস্ত মার্ভং রঘুবংশসভ্যঃ ॥"

তথন অদীন-চিত্ত স্থায় পথে স্থিত স্থমিত্রানন্দন শোকাকুল রামকে তংকালোচিত বাকা বলিলেন "এক্ষণে আপনি শোক ত্যাগকরত: ধৈর্যাধারণ করিয়া তাঁহার অন্বেষণে উৎসাহী হউন : কারণ উৎসাহশীল মন্তুরোরা ইহলোকে অতি চন্ধর কার্য্যেও অবসন্ন হয় না।" উগ্রপৌরুষ সৌমিত্রি আর্ত্রজনের সাভনাদায়ক এইরূপ বাক্য বলিলেও রাম পুনরায় শোকে বিমোহিত হইলেন। রাম শোকাবেগে মুগদিগকে জিজ্ঞাসা করিলেন "সীতা কোথায় ?" তথন সেই মুগসকলকে দক্ষিণাভিমুখে যাইতে দেখিয়া ধীমান লক্ষ্মণ তাহা লক্ষ্য করিয়া তাহাদের সেই ইঙ্গিতই যেন তাহাদের প্রত্যুত্তর মনে করিয়া রামকে বলিলেন, "আপনার প্রশ্নের উত্তর দিয়াই যেন মুগগণ উত্থিত হইয়া দক্ষিণদিকে যাইয়া আমাদিগের পথ দেখাইতেছে। স্থতরাং চলুন আমরা দক্ষিণাভিমুখেই অগ্রসর হই।" সেই দক্ষিণদিক ধরিয়া যাইতে যাইতে তাঁহারা একস্থানে একথানি ভগ্ন রথ ও তাহাতে যোজিত থর (গৰ্দ্ধভ) ও তাহার সার্থিকে হত অবস্থায় পতিত দেখিলেন: সেখানে ইতস্ততঃ বিক্ষিপ্ত অস্ত্র সমূহ ও ভূমিতল কৃধিররঞ্জিত দেখিতে পাইলেন। তাহারই নিকটে বৃহৎ ও ক্ষুদ্র বক্তরঞ্জিত পদচিহ্ন ও সীতার অলঙ্কারাদি বিক্ষিপ্ত দেথিয়া তিনি বুঝিতে পারিলেন কোন রাক্ষ্য সীতাকে ভক্ষণ করিয়াছে। সেই, অন্ত কোন রাক্ষদের দহিত যুদ্ধ করিয়াছে। তথন রাম অত্যস্ত

ক্রোধোন্দীপ্ত হইয়া ধছুর্বাণ হন্তে করিয়া বলিলেন, "যদি দেবতারা এক্ষণেই আমার সীতাকে না দেন, তাহা হইলে আমি দেবতা, গন্ধর্ব, মাহুষ, নাগ ও পর্বতগণ সহিত সমস্ত জগৎ বিমন্দিত করিব। আমি শর সমৃহ দ্বারা সচরাচর ত্রৈলোক্য, অধিক কি সমস্ত জগৎ সন্তাপিত ও বিনষ্ট করিব।" তথন লক্ষণ রামকে প্রবোধ দিয়া বলিলেন "শুভদশী ব্যক্তিগণ ঘোরতর বিপদ্পাতেও শোক করেননা; আপনি বৃদ্ধিদারা প্রকৃতরূপে শুভাশুভ বিবেচনা করুন"।

তি বিধা ন হি শোচন্তি সততং সর্বদর্শনাং॥
তত্তা হি নরপ্রেষ্ঠ বৃদ্ধাসমনচিত্তর।
বৃদ্ধাযুক্তা মহাপ্রাক্তা বিজানন্তি শুভাশুভে॥
দিবাঞ্চ মান্নবকৈব-মাত্মনশ্চ পরাক্রমম্।
ইক্ষাকুর্যভাবেক্ষ্য যতন্ত্র দিযতাং বধে॥"

আপনি স্বীয় দিবা ও মান্ত্র পরাক্রম শ্বরণ করিয়া শক্রবধের জন্তর্যান হউন। তথন রাম লক্ষণকে কহিলেন "তাহ'লে আমরা এখন কি করিব?" লক্ষণ কহিলেন গিরি, তুর্গ ও ভীষণ বনসঙ্গল এই জনস্থান অন্থেষণ করাই কর্ত্তবা; আপনি আমার সহিত সমাহিত চিত্তে সেই সকল অন্থেষণ করুন।" "তানি যুক্তো ময়া সার্দ্ধং সমরেষিত্মইসি॥" তথন রাম লক্ষণের সহিত অগ্রসর হইয়া পর্বতশিথরতুলা রুধিরাক্ত পক্ষিরাজ জটায়ুকে ভূপতিত দেখিলেন। ভাহাকে দেখিয়া রাম লক্ষণকে কহিলেন "এ নিশ্চয়ই রাক্ষ্ম, গৃধরূপ ধারণ করতঃ বনমধ্যে বিচরণ করে; এই, সীতাকে ভক্ষণ করিয়া মনের স্থেথ বিশ্রাম করিতেছে—"ভক্ষিত্বা বিশালাক্ষীমান্তে সীতাং যথাস্থম্ম।" তথন রাম তাহাকে বধ করিতে ধাবিত হইলেন। তথন জটায়ু কহিল "তোমার ও লক্ষণের অসাক্ষাতে বলবান্ রাবণ

সীতাকে হরণ করিয়া লইয়া যাইতেছে দেখিয়া আমি সীতার উদ্ধারের জত্য তাহার সহিত যুদ্ধ করিলাম। আমি তাহার রথ ভগ্ন করিলে দে ভূতলে পতিত হইল। উহার সারথিও আমা কর্ত্তক নিহত হইয়াছে। শেষে আমি ক্লান্ত হইলে রাবণ থড়গাঘাতে আমার পক্ষদ্ধ ছেদন করিয়া বিদেহনন্দিনী সীতাকে লইয়া আকাশপথে গিয়াছে।" "সীতামাদায় বৈদেহনিদ্দিনী সীতাকে লইয়া আকাশপথে গিয়াছে।" "গীতামাদায় বৈদেহীম্ৎপপাত বিহায়সম্।" তথন রাম লক্ষ্ণকে কহিলেন "আমার পিতার বয়্ম এই বিহগরাজ জটায় আমারই ছর্ভাগ্যবশতঃ আহত হইয়া ভূতলে মৃত্যুশ্যায় পতিত হইয়াছে।" তথন জটায়ৢর মৃথ হইতে মাংস্বৃক্ত রক্ত নির্গত হইতে লাগিল। পরে "রাবণ বিশ্রবার পুত্র এবং ক্রেরের ভ্রাতা" এইমাত্র বলিয়াই জটায় প্রাণত্যাগ করিল। ধর্মাজা রাম স্বীয় বয়ুর ত্যায় জটায়ুকে চিতায়িতে দম্ব করিলেন। তৎপরে তাঁহারা সীতাকে অয়েয়ণকরতঃ পশ্চিমদিক অভিমুথে যাইতে লাগিলেন। পরে তাঁহারা সেইদিক হইতে দক্ষিণ দিক অভিমুথে গমন করিলেন।

বিষ্ণু অবতার রামের পক্ষে এই জটায়ু সম্বন্ধীয় সমস্ত বর্ণনাই সম্ভব। রাম যথন বনমধ্যে সীতার অন্বেষণ করিয়া তাঁহাকে পাইলেন না এবং রক্ত ও যুদ্বের চিহ্ন দেখিয়া অহমান করিলেন সীতা কোন রাক্ষস কর্তৃক ভক্ষিত হইয়াছেন তথন তিনি তাঁহার বিষ্ণুত্ব প্রাপ্ত হইয়াই ধয়্মুর্কাণ হত্তে ত্রিলোক ধ্বংস করিতে উত্যত ইইয়াছিলেন। নতুবা দশরথাত্মজ্ব মহয় রামের পক্ষে ইহা বাতুলোচিত কার্যাই বলিয়া প্রতিপন্ন হয়। আর তাহা না হইলে জটায়ুও তাঁহার সহিত কথা বলিত না। এই জটায়ু গৃধ, দশরথ শহর অন্তরের সহিত যুক্ষ করিতে ঘাইয়া আহত হইলে, তাঁহাকে রক্ষা করিয়া তাঁহার বয়ত্ব হইয়াছিল। তাই রাম, তাহাকে পিতৃবয়ত্ব জানিয়া

অতিশয় শ্রনা প্রদর্শন করিয়া, তাহার দাহ ও শ্রাদ্ধও করিয়াছিলেন। এখন সেই পিতার বন্ধ তাঁহারও উপকার করিবার জন্ম রাবণের কবল হইতে দীতাকে উদ্ধাব করিতে যাইয়া তাহার দহিত যুদ্ধে প্রাণত্যাগ করিল এবং রামকে বলিল যে বিশ্রবার পুত্র রাবণ সীতাকে হরণ করিয়াছে। আমরা অতঃপর মনুয় রাম কি প্রকারে এই ঘটনা হইতে সীতার তথা সংগ্রহ করিতে সমর্থ হইয়াছিলেন তাহাই দেখাইব, কেননা জটাযুর মনুয়োচিত ভাষায় কথা বলিবার এবং রামেরও তাহা বোধগম্য হইবার সম্ভব এরপ অবস্থায় হয় না। রাম যথন শোকে অধীর হইলেন তথন তাঁহার কাওজ্ঞান হারাইয়া ছিলেন। তারপর যথন লক্ষণের প্রবোধ বাকো ধীর মন্তিকে সমস্ত বিষয় পর্যাবেক্ষণ করিলেন তথন দেখিতে পাইলেন একটা বৃহৎ শকুনি পক্ষী দ্বিখণ্ডিত পক্ষ হইয়া ভতলে পতিত আছে, আর সেখানেই রক্তাক্ত ভূমিতে হুইটী মহুযাজাতীয় প্রাণীর পদচিহ্নও আছে। সীতার অলঙ্কারাদিরও কিছু কিছু দেখানে পতিত হইয়াছিল। তাই তিনি বুঝিলেন যে কোন বৃহৎকায় মহুশুজাতীয় প্রাণী সীতাকে হরণ করিয়াছে। মনুয়া না হইলে, তরবারি দারা সে পাখীর পক্ষও দ্বিথগু করিতে পারিত না। অহা প্রাণীর পক্ষে তরবারি ব্যবহার অসম্ভব। এই জটায়ুই বা রাবণকে আক্রমণ করিতে গেল কেন? তর্করত্ব মহাশয় অনুবাদ করিয়াছেন দীতাকে উদ্ধার করিতে। এথন আম্বা চেষ্টা কবিব তাহার ঠিক বিপরীতটা দেখাইতে – তাঁহারই বৰ্ণনা হইতে।

ইহার জটায়ুনাম রাধা হইল কেন? জটায়ু—জটাং যাতি প্রাপ্নোতীতি। যা+কু—জটং সংহতং আয়ুর্যন্ত। যাহার আয়ু জটার ন্তায় দৃঢ়। কেশগুচ্ছ জটাকারে পরিণত হইলে শীল্প পনিত হয় না, দীর্ঘকাল স্থায়ী হয়। এই গুধ নিজমুখেই বলিয়াছিল তাহার বয়স যাষ্ট্র সহস্র বংসর অর্থাং ৬০ বংসর। গুর পক্ষীরাও এইরূপ দীর্ঘজীবি হয়। এখানে জটায়ু শব্দের অর্থ অতি বৃদ্ধ। তাই সে বৃক্ষ কোটরেই বাস করিত। গুধ = গুধ + ক্রন-গুধাতি অভিকাজ্ফতি = গুধিনী, শকুনি, मृत्रमर्भनः। भक्ति शक्षी भाष्माभी ও मृत्रमर्भनक्षम, তाहारमत आकात्रअ ষ্মতি বৃহৎ হয়। কয়েক বংসর পূর্ব্বে ষ্টেটস্ম্যান (Statesman) কাগজে একটা ফটোগ্রাফের ছবি বাহির হইয়াছিল। চক্রাতা সেনানিবাসের একটা গোরা সৈনিকপুরুষ পাহাড় হইতে একটা বৃহৎ শকুনি ধৃত করিয়া তাহাকে তাহার পশ্চাৎদিকে দণ্ডায়মান অবস্থায় রাখায়, সেই শকুনির মন্তক সেই ৬ ফিট দীর্ঘ সৈনিকের মাথার উপরে প্রায় ছই হস্ত পরিমিত অবস্থায় এবং তাহার ছুইটা রুহৎ পক্ষ তুই পার্ধে বহুদুর পর্যান্ত বিস্তৃত হইয়া ভূমি স্পর্শ করতঃ, তাহাদের উভয়ের আকারের তারতমা প্রদর্শন করাইয়াছিল। অনেকে কৌশাম্বীর রাজা উদায়নের গল্পও পড়িয়াছেন-কিরূপে তাঁহার গভাবস্থায় শায়িতা মাতা, এইরূপ একটা বৃহৎ পক্ষী কর্তৃক গৃত হইয়া পর্বতশিথরে নীতা হইয়াছিলেন, এবং ভাগ্যক্রমে সেই শৈলবাসী কতকগুলি মুসুষ্যের দৃষ্টিগোচর। হওয়াতে তাঁহার জীবন রক্ষা হইয়াছিল। (महे रेमनावात्म উদায়ন জন্মগ্রহণ করিয়া বদ্ধিত হইয়া, পরে হতরাজা পুনরুদ্ধার করিতে সমর্থ হইয়াছিলেন। ইয়ুরোপের আল্লুস পর্বতের নিকটবর্ত্তী কোন কোন ভথতে এইরূপ বৃহৎ পক্ষী মহয় পশাদি ধত করিয়া আহারার্থ পর্বতশিখরে লইয়া যায়—এরপ গল্প আছে।

এই জটায়ু যদি এইরূপই বৃহদাকার মাংসাশী শকুনি জাতীয় পক্ষী হয়, তাহা হইলে বাবণের সহিত তাহার যুদ্ধের তাৎপধ্য কি ? বাবণ একথানি ধর বা গর্দভবাহী ক্ষুদ্র দিচক্র রধে একটা

मञ्ज ४० कतिया नहेगा याहेरा हिन। त्रमाकात क्राव्यत्, त्र--मञ्ज সমন্বিত, ব্যাদিত আনন, মহুয়াকার প্রাণীর ক্রোড়ে ক্ষুদ্রাবয়বা সীতা. मुक्तित ज्ञ रुखभन मक्षानाम ७ कक्ष्म ही १ कारत, छाँ रात मुक्तित প্রয়াসই দেখাইতেছিলেন। গুধ তাহার স্বভাবজ বৃদ্ধিতে ইহাই মনে করিয়াছিল সেই কদাকার বৃহৎ প্রাণীটী ঐ ক্ষুদ্রাকার লোভনীয় কোমলদেহ প্রাণীটীকে বলপূর্বক ধৃত করিয়া, তাহার আহারের জন্মই লইয়া যাইতেছে। তথন তাহারও লোভ হইল সেই প্রাণীটীকে তাহার আহার্য্যার্থ সংগ্রহ করিবার জন্ম। তাই সে রাবণের অনাবৃত রথের উপর উড়িয়া ছোঁ মারিবার অবসর খুঁজিতে খুঁজিতে তাহার পশ্চাদ্ধাবন করিতেছিল। বাবণ তাহাকে দ্রীভত করিবার চেষ্টা করিতেছিল। যথন দে তাহার তীক্ষ্ণ ও নথপ্রহারে রাবণের রথের সার্থী ও খরকে হতাা করিল, তথন রাবণ সীতাকে ক্রোডে করিয়া ভতলে অবতীর্ণ হইল। তারপর তাহার শিরোপরি উজ্ঞীয়মান সেই শকুনির পক্ষছেদন করিয়া তাহাকে ভূপাতিত করিয়া পদব্রজেই সীতাকে লইয়া প্রস্থান করিল। সে শৃত্যে চলিয়া যাইলে অনেকদুর পর্যান্ত ভূমিতে তাহার রক্তাক্ত পদচিহ্ন রাম দেখিতে পাইতেন না। শকুনি যে সীতাকেই গুত করিতে গিয়াছিল ইহা কটুকল্পিত নহে। ইহার আভাস বাল্মীকি অন্তত্ত দিয়াছেন। যথন রাবণ সীতাকে ধরিয়া লইয়া যাইতেছিল তথন ৫১ সর্গের ৪২ স্লোকে বলিয়াছেন.

> "তন্ত্রব্যাধচ্ছমানসন্ত রামন্তার্থে স রাবণ:। পক্ষৌ পালৌ চ পার্থেটি চ থজামুদ্ধত্য সোহচ্ছিলং॥"

রামস্তার্থে – রামের অর্থে। অর্থ – যাচনে – বিষয়ং, যাচ্ঞা, ধনং, কারণং, বস্তু, প্রয়োজনং। রামের যাচ্ঞা, বস্তু, ধন, বিষয় ডো সেই সীতাই। রামের অর্থ – রামের সীতা। আর সেই ধনের প্রতি ব্যাবচ্ছমান গুধ। ব্যাধ, যেমন বধের ইচ্ছায় তাহার শিকারের প্রতি ধাবিত হয়, তেমনি এই গুঞ্জ সীতাকে তাহার শিকার (Prey) রূপে ধরিতে ইচ্ছমান হইয়া, তাহার প্রতি ধাবিত इट्टेग्नाहिल। त्राधः = विधाि मृत्रामीन, त्राध + गः। विधाि = किष्ठ বিদ্ধ করা। বিদ্ধ করিতে যে ইচ্ছক সেই ব্যাধচ্ছমান। বামের বিষয় বা ধনরূপ সীতাকে বিদ্ধ করিতে ইচ্ছক যে গ্র. তাহার পক্ষছেদন করিয়া রাবণ তাহাকে বধ করিল। ইহার আরও প্রমাণ অন্তত্র আছে,—যাহা বাল্মীকি সম্পাতির মুখে বর্ণন করিয়াছেন। সম্পাতি জটায়র অগ্রজ। ইন্দ্রের বজাঘাতে দগ্ধপক্ষ বৃদ্ধ সম্পাতি নিজ আহার সংগ্রহে অসমর্থবশাৎ, তাহার পুত্র স্থপার্থ তাহার জন্ত আহার সংগ্রহার্থ সমুদ্রতীরে বৃহৎ পক্ষ বিস্তার করিয়া শুন্তে অপেক্ষা করিবার সময়, সে রাবণক্রোডে সীতাকে দেখিয়া সেই সীতাকে তাহার পিতার ভক্ষণার্থ ধত করিতে চেষ্টা করে। কিন্তু রাবণ শাম দাম দারা নিরস্ত করিলে সে সীতাকে গ্রহণ না করিয়া, রিক্তইন্ডে সন্ধ্যাকালে তাহার পিতার নিকট উপস্থিত হইলে, তাহার পিতা তাহাকে ভংসনা করে। তথন দে তাহার পিতাকে বলে যে তথন দেবতারা তাহাকে বলিয়াছিল "তুমি যে সীতাকে বধ কর নাই, তজ্জ্য তোমার বহু পুণা সঞ্চয় হইবে।" এখানে বাল্মীকি শকুনির স্বভাবজ প্রবৃত্তির সত্যব্ধপ প্রকাশ করিলেন। স্বতরাং জটায় যে সীতাকে নিজ আহারার্থ ই ধরিতে ইচ্ছা করিয়াছিল ইহাই প্রমাণিত হয়। এতদিন সে সীতাকে ধরিবার স্থবিধা পায় নাই, কেননা তিনি कृष्टिता छारु द था किरजन এবং मर्त्रमा छूटे जाजा बाता बक्किजा হইতেন। এই সকল মাংসাশী প্রাণী অন্ত কোন প্রাণীকে ধরিতে হইলে শুলু হইতে বেগে আপতিত হইয়া তাহার মধ্যদেশে চঞ্চ ও পদন্ধ ঘারা গ্রহণ করে। মহুগুজাতীয় প্রাণীকে দপ্তায়মান অবস্থায় ধরিতে সক্ষম হয় না। তাই যথন রাবণকোড়ে দীতা ধৃতা হইমা রথোপরি ছিলেন, তথন তাঁহার করুণরোদনে দে আরুই ইইয়া বাহির হইয়া আসিয়া ব্ঝিতে পারিল, যে রাবণও তাঁহাকে তাহার আহারের জন্তই ধৃত করিয়াছে। শুনিতে পাওয়া যায় শকুনিরা মৃত্যুকালীন রোদন শুনিয়া অনেকসময় শবের প্রতীক্ষায় শ্নে আবিভূতি হয়। রাবণকর্তৃক ধৃতা দীতা অনেক ধ্বস্তাধ্বন্তির পর ক্লান্ত হইয়া অনেকটা নিজীবও ইইয়াছিলেন। স্বতরাং দে তাহার স্বভাবজ তীক্ষ ও দুরদর্শনে দীতাকে পাইবার এই উত্তম স্বযোগ মনে করিয়াছিল।

অতান্ত শোকাবেপে রাম পৃথিবী ধ্বংস করিতে উগত হইয়াছিলেন। পরে লক্ষণ কড়ক প্রবৃদ্ধ হওয়ায়, তাঁহার স্থবৃদ্ধির উদয় হইলে পয়্যবেক্ষণ ও বিচার ছারা এখন ব্রিতে পারিলেন যে সীতা কোন বয়ৢজয় বা মাংসাশী রাক্ষদের ছারা ভক্ষিত হন্ নাই। সেই বিভিন্নাকারের পদচিহ্বয় দেখিয়া অহুমান করিলেন একটা রহদাকার ময়ৢয় য়খন সীতাকে হরণ করিয়া লইয়া য়াইতেছিল, তখন এই শকুনিও তাঁহাকে শিকাররূপে ধরিবার জয়ৢ চেষ্টা করিতে য়াইয়া, সেও আততায়ীর হত্তয়ত খড়গছারা হিখন্তিত পক্ষ হইয়া মৃতাবস্থায় পড়িয়া আছে, আর সে ব্যক্তি রথাভাবে পদব্রজেই সীতাকে লইয়া গমন করিয়াছে। তখন তাঁহারা অনেকটা আখন্ত হইয়া সীতা অয়েষবণে, সেই পদচিহ্ন অফুসরণে দক্ষিণাভিমুখে অগ্রসর হইলেন।

এই জটায়কে রাম তাঁহার পিতৃবয়স্তা বলিলেন কেন? অন্তক্র বর্ণিত আছে, দণ্ডকারণাে যখন রাজা দশরথ শহর অস্তর বধার্থ উত্যােগী হইয়া ইন্দ্রের সাহায্য করিতে গিয়াছিলেন, তখন তিনি আহত হইয়া মৃতপ্রায় হইয়াছিলেন এবং জটায় গুঙাই তাঁহার প্রাণ্রকার সহায় হইয়াছিল। এই শম্বর অস্তব্ব, একবার ইন্দ্রবধ করিয়াছিলেন, আবার ক্লম্বন্ত বধ করিয়াছিলেন। স্থতরাং ইহা কাল্পনিক। শহর শक अनु त्वरम चारह। यथा "जबक्राया जिथि वायमध्यमः" हेराव অর্থ আমাদের কৃদ্রবৃদ্ধির অগম্য। তবে পুরাণদার। প্রভাবাধিত সায়নাচার্য্য তাঁহার ভাষ্যে বলিয়াছেন শম্বরং এতলামানমস্বুরু। যদি ইহা শম্বর বা শবর জাতি হয়, তাহা হইলে বৈদিক্যুগে একবার তাহাদিগকে ইক্র বধ করিয়াছিলেন আবার তাহার ৩৪ সহস্র বংসর পরে রুফও সেই জাতীয় লোক বধ করিয়াছিলেন। কিন্তু বৈদিক্যুগে, যে ইন্দ্র বৈদিক ঋষির স্তৃতিহারা আরাধ্য ছিলেন তিনিই কি আবার ত্রেতায় দশরথের সময় শম্বর বধ করিয়াছিলেন ? স্থতরাং শমর অস্থরই যুগে যুগে পুনঃপুনঃ বধ হইতেছে ইহাই প্রমাণ হয়। শম্বর শব্দের অর্থ শম্বরং = সলিলং, মেঘঃ যথা ঋগবেদে "অদর্দ্ধর্মসাশম্বরাণি।" "শম্বরাণি মেঘ নামৈতং মেঘান ব্যাদর্দ্ধঃ বর্ষণার্থং বিদারিতবান" (সায়নভায়)। বেদে সায়নভায়ে ছুই স্থানে তুই অর্থে সায়নাচার্য্য ভাষ্ট্রে বলিয়াছেন। শমর অর্থে মেঘ হইলে— ইন্দ্রের বজ্রপাতে মেঘ বিদীর্ণ হয়। তাই ইন্দ্র শম্বরাস্থর বধ कतिशाष्ट्रिलन-- श्रुतात्व क्रथरक। धावात भन्नतः = मृशविरमधः। অনেকে বৃহৎ শৃঙ্কধারী বৃহদাকার হরিণ শিকার করিতে যাইয়া তাহার শৃকাঘাতে আহত হইয়াছে এরপ অনেক গল্প শুনিতে পাওয়া যায়। দশুকারণ্যে রাজা দশর্থ কৈকেয়ীর সহিত, শম্বর মুগু বধ করিতে যাইয়া আহত হইয়া অচেতন হইয়াছিলেন। মুগ অমুসরণে তিনি অমুচরগণকে वह भकार किनिया धकाकौर वनमस्या खाराम कतियाहितन। यथन অস্থরের অস্তাঘাতে আহত হইয়াছিলেন বলিয়া বর্ণিত আছে, তথন তিনি সম্ভবতঃ মুগশুৰে আহত হইয়াছিলেন। তাঁহাকে একাকী

বনমধ্যে মৃতপ্রায় পড়িয়া থাকিতে দেখিয়া কোন শকুনি তাঁহাকে তাহার চঞ্চারা বিদ্ধ করে। তথন সংজ্ঞালপ্ত রাজার চেতনা ফিরিয়া আসাতে তিনি চীংকার করেন, এবং সেই চীংকার প্রবণে তাঁহার অন্তরেরা তাঁহাকে অন্ধকারে দেখিতে পায়। এই শকুনিই যেন রাজার জীবনরক্ষার কারণ হইয়াছিল তাই শকুনিজাতীয় পক্ষী রাজা দশরথের বন্ধ। মহিষী কৈকেয়ী রাজাকে সেই সময় শুশ্রষা করেন। তিনি অমুচরদিগের নিকট এই শকুনিঘটিত ব্ত্তান্ত শ্রবণ করেন, এবং রাম, বনবাদের পূর্বে যখন পিতার সত্যরক্ষার কথা কৈকেয়ীর নিকট, শুনিয়াছিলেন তথন তিনি (কৈকেয়ী) রামকে ইহা বিস্তারিত বর্ণনা করেন। তাই রাম এই দণ্ডকারণোস্থিত বৃদ্ধ শকুনিই, যেন সেই দীর্ঘকাল পূর্বের পিতার উপকার করিয়াছিল ইহাই মনে করিয়া, তাহাকে পিতৃবয়স্ত মনে করিয়াছিলেন। শকুনি জাতি ষাট বংসরেরও বেশী বাঁচে এরপ শুনিতে পাওয়া যায়। এখন এই জটায়ু যেন তাঁহারও বন্ধু হইল, কেননা সে যদি বাবণকে আক্রমণ করিতে যাইয়া হত না হইত, এবং রাবণ নির্বাধায় সীতাকে লইয়া চলিয়া যাইত, তাহা হইলে তাহার এই র্থাদির চিক্ত ও পদচিহ্নও রাম দেখিতে না পাইয়া সীতা যে কোন বন্তজন্ত ছারা ভক্ষিত হইয়াছেন ইহাই স্থির করিতেন।

শংর বধ করিবার জন্ত ইন্দ্রকে সাহায্য করিবার রাজা দশরথের কি প্রয়োজন ছিল? এই জটায়ুর ভ্রাতা অন্তত্ত অঙ্গদকে বলিয়াছে, "আমি (সম্পাতি) ও জটায়ু পূর্বকালে বৃত্র বধ করিতে উদ্যত ইন্দ্রকে জয় করিবার জন্ত স্বর্গাভিমুগে যাই, তথন ইন্দ্রের বজ্ঞে আমার পক্ষন্ত দগ্ধ হয়।" (এ সম্বন্ধে আমরা পরে আরও বলিব)। এই উপাধ্যান হইতে ইহাই বোধ হয় যে রাজা দশরথ দগুকারণাে মুগুমার্থ

পমন করিলে আকাশ মেঘাচ্ছন্ন হইয়া অবিরল বারিধারা বর্ষণ হইতেছিল। তথন অফুচরবিহীন রাজা কোন বৃক্ষতলে আশ্রয় গ্রহণ করেন। সেই সময় মেঘকে যেন বিদীর্ণ করিয়াই বজ্র সেই বক্ষের উপর পতিত হয়। সেই বুক্ষের উপর তুইটী শকুনি পক্ষবিস্তৃত করিয়া চিল এবং রাজার মন্তকও কতকটা সেই পক্ষীদ্বের পক্ষ্ণারা বারিধারা হইতে রক্ষিত হইতেছিল। এমন সময় সেই বুক্ষের উপর বজ্র পতিত হইল। দেই বজ্র দেই পক্ষীর পক্ষই দগ্ধ করায় রাজা রক্ষা পাইলেন। স্তম্ভিত রাজা বজ্র দারা আঘাতপ্রাপ্ত না হইলেও অচেতন হইয়া মৃতপ্রায় পড়িয়া বহিলেন। ইতাবদরে অফুচরেরা তথায় উপস্থিত হইয়া তাঁহাকে তদবস্থ দেখিতে পাইল। উপরের দিকে চাহিয়া তাহারা দেখিল পক্ষীর পক্ষ দগ্ধ করিয়াই বজ্র অন্তর্হিত হইয়াছে সেই জন্মই রাজা বাঁচিয়া গিয়াছেন। তুলা এবং পক্ষীর পক্ষপালক একই জাতীয়। বিচাৎ তাহার ভিতর দিয়া সঞ্চালন হয় না। এই পক্ষীৰয়ের পক্ষই বাজাকে বক্ষা করাতে তাহারা রাজা দশরথের বন্ধু। ইহাই ই<u>ল্রু</u> কর্তৃক শম্বর বধের তাৎপর্য। এই জটায় বধের রহস্তান্বিত তাৎপর্য্য আমরা যথাস্থানে দেখাইব।

প্ৰকৃদ্ধ পরিচ্ছেদ

কবন্ধ রাক্ষস বধ

অতঃপর রাম ও লক্ষণ দীতার অরেষণে, পশ্চিম দিক অভিমুখে যাইতে লাগিলেন। পবে তাঁহারা দক্ষিণাভিমুখে গমনকরতঃ এক ভীষণ জনসমাগমশূতা বন অতিক্রম করিয়া আরও দক্ষিণ দিকে যাইয়া জনস্থান হইতে তিন ক্রোশ দূরে ক্রোঞ্চবনে প্রবেশ করিলেন। পরে সেই অরণ্য অতিক্রম করিয়া পূর্ব্বদিকে যাইয়া মতঙ্গমূনির আশ্রমের নিকট এক পর্বত ও তর্মধ্যে পাতালবং গভীর চিরঅন্ধকারময় গহার দেখিতে পাইলেন : সেই গুহার নিকট অয়োমুখী নামী এক রাক্ষ্মীকে দেখিতে পাইলেন। দে লক্ষ্যাকে তাহার সহিত বিহার করিতে যাচঞা করিলে লক্ষণ তাহার নাসাকর্ণ ছেদন করিলেন। সে চীংকার করিতে করিতে পলায়ন করিল। তাঁহারা কিয়দূর অগ্রসর হইলে এক বিকট শব্দ শুনিতে পাইলেন, এবং সঙ্গে সঙ্গে সেই বিজ্ঞন প্রদেশ বায়গার বিচলিত হইয়া উঠিল ও সমস্ত বন প্রতিধ্বনিত করিয়া একটা শব্দ উত্থিত হইল। তাঁহারা দেই শব্দের উৎপত্তিস্থান নির্ণয়ার্থে অগ্রসর হইয়া এক বিপুলবক্ষা, বৃহৎকায় রাক্ষদের নিকটবর্তী হইলেন। সেই রাক্ষ্য কবন্ধ, স্থতীক্ষাগ্র রোমসমূহে আচ্ছাদিত, নীল মেঘের গ্রায় नौनवर्ग. वृष्त. प्राप्तत ज्ञाप भक्काती; जाहात मछक ७ धौवा नाहे কেবল উদরে একটা মুখ আছে; সেই মুখে একটা মাত্র চক্ষু অগ্নিলিখার ন্থায় জলিতেছে; সে দেই চক্ষ্ব সাহায্যে দূরবত্তী পদার্থ সম্যকরূপে দেখিতে পায়। সে স্বীয় যোজনবিস্তত হস্তদ্য বিভার করিয়া বল্লজ্জ মৃগ প্রভৃতি ও পক্ষীদিগকে ভক্ষণ করিতেছিল এবং উভয় হস্তদ্বারা সেই সকল প্রাণীদিগকে আকর্ষণ করিতেছিল। তাঁহারা এক ক্রোশ মাত্র পথ অতিক্রম করিয়া তাহাকে উত্তমরূপে দেখিতে পাইলেন। তথন সেই মহাবল কবন্ধ, বাহু দাবা বাম ও লক্ষ্মণকৈ পীড়ন করিয়া একবারে ধরিল। তাঁহারা দেই রাক্ষ্য কর্ত্তক আরুষ্ট হইয়া অবসন্ন হইলেন। তথন কবন্ধ তাহার বাছপাশে বন্ধ রাম-লক্ষণকে বলিল. "তোর। দৈরক্রমে প্রমত্ত হইয়া আমার আহাররূপে উপস্থিত হইয়াছিল।" লক্ষণ তাহার কথা শুনিয়া বিক্রম প্রকাশে কৃত-দংকল হইয়া রামকে তংকালোচিত হিতকর বাক্য বলিলেন, "এই রাক্ষসাধ্য আমাদের উভয়কেই ভক্ষণ করিবে। আস্তন, আমরা ইতিমধ্যে অসির আঘাতে উহার প্রকাণ্ড হন্তম্বয় ছেদন করি। নিশ্চেষ্ট থাকিয়া যজ্জীয় পশুর ভাষ প্রাণ-ত্যাগ করা অতীব গঠিত। তথন তাঁহারা উভয়ে তাহার বাছদ্য ছেদন করিলেন। তথন সেই কবন্ধ কহিল "পূর্ব্বে আমার মহাপরাক্রম সম্পন্ন ত্রিভ্বনবিখ্যাত কমনীয় রূপ ছিল। আমি স্থলশিরা নামক মহর্ষিকে ভয় দেখাইলে তাঁহার শাপে আমার এইরূপ হইয়াছে। পরে আমি ব্রহ্মার নিকট বর লইয়া দীর্ঘ আয় প্রাপ্ত হইলাম। আমি ইন্দ্রকে যুদ্ধে পরাস্ত করিতে গেলাম। তথন ইন্দ্রের বজ্র নিক্ষেপে আমার জজ্যাদ্ব ভগ্ন হইল ও মন্তক শরীর মধ্যে প্রবেশিত হইল। তথন আমি ইন্দ্রকে বলিলাম, 'আমি কিরুপে অনাহারে স্থদীর্ঘকাল বাঁচিব ? তথন ইন্দ্র আমার এই যোজন বিস্তৃত হত্তম্ম ও কুন্সিমধ্যে এই ভয়ন্বর দস্তযুক্ত মুখ সৃষ্টি করিয়া দিলেন। তৎকালে ইন্দ্র আমাকে বলিয়াছিলেন যুদ্ধে রাম ও লক্ষণ যখন তোমার হস্ত ছেদন করিবেন, তথন তুমি স্বর্গে যাইবে। আপনারা আমাকে অগ্নিতে সংকার করুন, আমি আপনাদের কর্ত্তব্য বিষয়ে সাহায্য করিব; এবং এক্ষণে আপনাদের যাহার সহিত মিত্রতা করা কর্ত্তব্য তাহা বলিব।"

রাম বলিলেন, "আমরা জনস্থানে বাসকালে রাবণ আমার ভার্যাকে হরণ করিয়া লইয়া গিয়াছে। আমরা সেই রাক্ষসদের নাম জানি; তাহার রূপ, বাসস্থান বা পরাক্রম কিছুই জানিনা। আমরা কাষ্ঠ সংগ্রহ করিয়া স্থকল্পিত গর্ত্তমধ্যে তোমাকে দাহ করিব, তুমি আমাদের উপকার করিয়া সেই অপহারীর প্রকৃত রূপ ইত্যাদি যদি বলিতে পার।" তথন সেই রাক্ষ্য বলিল "আমি এখন কিছুই বলিতে স্ক্ষ্ম নহি, কেননা আমার দিব্যজ্ঞান নাই, আপনারা আমাকে দাহ করিলে ষ্থন আমি নিজের সেই দিবারূপ প্রাপ্ত হইব, তথন সেই রাক্ষ্যের বিষয় যিনি জানেন এবং আপনাকে সীতার সংবাদ বলিতে পারিবেন তাঁহার বিষয় আপনাকে বলিতে সক্ষম হইব। যে পর্যান্ত সূর্য্য অন্তাচলে না যান, তন্মধ্যেই আপনি আমাকে গর্ভে নিক্ষিপ্ত করিয়া দাহ করুন, তথন যিনি সেই রাক্ষসকে অবগত হইবেন তাহার নাম আপনাকে বলিব। স্লাচারীর সহিত আপনাকে মিত্রতা করিতে হইবে, তিনি আপনার সহায়তা করিবেন।" পরে তাঁহারা এক পর্বত গুহার মধ্যে অগ্নি সংযোগ করিলেন। সেই প্রজ্জলিত অগ্নি সংযোগে মেদ পরিপূর্ণ কবন্ধের শরীর অল্পে অল্পে দগ্ধ হইতে লাগিল। পরে মহাবল কবন্ধ শীঘ্র চিতা কম্পিত করিয়া নির্মাল বসন পরিধান পূর্ব্বক প্রভাশালী হইয়া সেই চিতা হইতে উত্থিত হইল। তথন উত্থিত সেই দিব্যদেহ রামকে বলিল, "আমি চিস্তা করিয়া দেখিলাম যে, বিশুদ্ধাত্মা বীর বানরশ্রেষ্ঠ স্থগ্রীব তাহার ভাতা ইন্দ্র-নন্দন ক্রন্ধ বাদী কর্তৃক দরীভত হইয়া, চারিটা বানরের সহিত পম্পা সরোবরের অস্কভাগে বিরাজিত ঋষ্মৃক নামক শ্রেষ্ঠ পর্বতে বাদ করিতেছে। তাহার

সহিত মিত্রতা করা ব্যতীত আপনার উদ্দেশ্য সিদ্ধির অন্য উপায় দেখিতেছি না।

> "তদবশ্যং ত্রা কার্য্য: স স্বন্ধং স্বন্ধদাংবর। অক্তবান হিতে সিদ্ধিমহং পশামি চিন্তয়ন॥ শ্রুয়তাং রাম বক্ষামি স্থগ্রীবো নাম বানর:। ভ্রাতা নিরন্তঃ ক্রুদ্ধেন বালিনা শক্রস্থা। ঋষ্মকে গিরিবরে পম্পা পর্যান্ত শোভিতে। নিবসত্যাত্মবানবীর চতুভিঃসহ বানরে:॥ বানবেলে। মহাবীর্যক্ষেক্সরী চামিত প্রভঃ। দক্ষঃ প্রগলভো চ্যাতিমান মহাবলঃ পরাক্রমঃ ॥ ···স তে সহায়ো মিত্রঞ্চ সীতায়া পরিমার্গণে। ভবিষাতি হিতে বাম মা চ শোকে মন: কথা ॥"

রাম ! আপনি এই পথ দিয়া সহজে পম্পা নাম পুন্ধরিণীর পশ্চিম-मिग् वर्जी ये প্রদেশে ঘাইতে পারিবেন।

> "ততঃ পুষ্করিণীং বীরৌ পম্পাং নাম গমিয়ুথং। অশর্করামবিভ্রংশাং সমতীর্থামশৈবলাম। রাম সঞ্জাত বালুকাং কমলোৎপলশোভিতাম ॥"

সেই পম্পা কল্পরশূলা, সমতীর্থা, পতনস্ভাবনারহিতা, বালুকাপরিবৃতা এবং শৈবালশূন্ত। ও কমল ও নীল পদ্মমৃহে শোভিতা। সেই পম্পাতীরে অনেক স্থলকায় বনচারী বানরকে বারিপান করিতে আসিতে দেখিতে পাইবেন। ব্রহ্মা কর্তৃক নির্মিত বিশাল দুরা-রোহনীয় ঋণ্ডমূক পর্বত দেই পম্পার তীরে অবস্থিত। ধার্মিক পুরুষ সেই পর্বত শিখরে শয়ন করিয়া স্বপ্নে যে ধন লাভ করেন, জাগরিত হইয়া নিশ্চয় সেই ধন পাইয়া থাকেন। পাপকর্মা পুরুষ তথায় আরোহণ করিয়া নিজিত হইলে রাক্ষসেরা তাহাকে ধরিয়া প্রহার করিয়া থাকে। সেই ঋষ্যমৃক পর্বতের উপরিভাগে এক স্বর্হৎ প্রস্তরে আর্ত গুহা আছে, তর্মাধ্য প্রবেশ করা অতীব কইসাধ্য। ধর্মাত্মা স্থগ্রীব, বানরদিগের সহিত সেই গুহায় বাস করেন। কখন কথন পর্বতের শিথর দেশেও থাকেন।" কবন্ধ তাহার পূর্বরূপ প্রাপ্ত হইয়া রামকে পথ প্রদর্শন করতঃ বলিন, "স্থগ্রীবের সহিত বন্ধুত্ম করুন।" তৎপরে সে অন্তর্হিত হইলে, তাঁহারাও সেই প্রদর্শিত পথে পম্পা অভিমধে অগ্রসর হইলেন।

এই উপাথাানে ঐতিহাসিক সত্যের কিরূপে মর্যাদা রক্ষা হইতে পারে আমরা তাহাই দেখাইতে চেষ্টা করিব। কবন্ধ রাক্ষ্স, তাহার শির নাই এবং জামুদ্বয় ভঙ্গ বশতঃ চলচ্ছক্তিহীন অচল। কবন্ধ শব্দের অর্থ কংমুখং বধ্যতে রুধ্যতে হুস্মাং। রক্ষ বিশেষ—যাহার মুখ নাই। স্থতরাং দে রামের সহিত বাক্যালাপ করিল কিরুপে ? কবন্ধের আকার, তাহার কার্য্য, স্থিতিস্থান, সর্ব্বোপরি তাহার ঐরূপ দেহ প্রাপ্তির বিবরণ যাহা নিজেই বলিয়াছিল, তাহার যথায়থ সামঞ্জুন্ত করিলে আমরা দেখিতে পাই ইহা একটা প্রাকৃতিক ঘটনা (physical phenomena)। আমাদের পূর্বতন ঋষিরাও যে অনেকে অনেক প্রাকৃতিক ঘটনার কার্য্যকারণ জানিতেন, তাহারই প্রমাণ এই কবন্ধ রাক্ষ্য। ইহা কিরূপ ঘটনা ? রাম ও লক্ষণ বনমধ্যে যাইতে যাইতে দুরে এক পর্বত ও তন্মধ্যে গভীর অন্ধকারময় গহবর দেখিলেন। আরও কিছু দূর অগ্রসর হইয়া এক বিকটশব্দ শুনিলেন এবং সঙ্গে সঙ্গে সেই প্রদেশ প্রচণ্ড বায়ু দ্বারা বিচলিত হইল। সেই শব্দ লক্ষ্য করিয়া তাঁহারা অগ্রসর হইয়া কবন্ধের সম্মুখীন হইলেন। এই কবন্ধ একটী পর্বতস্থ গুহার সম্মুখভাগ ও উপরিভাগের আবরণ। পাঠক। একটা রেলরান্ডার পার্ব্বতীয়

স্থরক্ষের (tunnel যেমন জামালপুরের নিকট আছে) কিরপভাবে নিশ্বিত হইয়াছে তাহাই মনে মনে অন্ধিত করুন। তুই পার্শ্বস্থ পাহাড় সমতল ভূমি হইতে ক্রমোচ্চে উত্তিত হইয়া সেই স্বরক্লের উপরস্থ পাহাডের সহিত মিশিয়া গিয়াছে। তাহারা যেন সেই স্থরক্লের জুই বাছর লায় আর সেই পর্বত তাহার দেহ। স্বরন্ধটী যেন তাহার বক্ষস্থ মুখ। রাম যে পর্বতন্ত গুহা দেখিয়াছিলেন তাহা পাতালবৎ অর্থাৎ সেই ভূমির নিমন্তানে। এই স্থান্ত যে পর্বতের অভান্তর দিয়া গিয়াছে সেই পর্বতের মধাভাগ, যাহা ছুই পার্যন্ত পর্বত হুইতে খোদিত হইয়াছে তাহাই সীমাবদ্ধাবন্থা প্রযুক্ত প্রথম দৃষ্টিপথে পতিত হইয়া, বোধহয় ইহা যেন সেই পর্বতের দেহ, আর ইহাই কবন্ধের আকার। আর এই স্থরক্ষের ভিতর যথন গাড়ী যাইয়া অদৃশ্য হয় তথন যেন বোধহয় তাহা যেন ইহা কর্ত্বক গ্রাসিত হইয়াছে। রাক্ষমও গ্রাস করে তাই উভয়ের সৌসাদৃশ্য। ইন্দ্রের বজ্রাঘাতে কবন্ধ শিরচ্যুত হইয়াছিল এবং তাহার জামুভার হওয়াতে সে অচল হইয়াছিল। কোনও সময়ে এই গুহার উপরিস্থ আবরণে বজ্রপাত হয়, তাহাতেই বিদীর্ণ বা ভিন্ন হইয়া যে গর্ত্ত বা স্থবক্ষ সেই পর্বতের গায়ে হয় তাহাই তাহার মুথ। বজ্রপাত হইলে শক্ত মাটি যেমন চারিদিকে ফাটিয়া যায় . তেমনি এই শুহার গাত্রস্থ অপেক্ষাকৃত পাতলা প্রস্তর দেওয়াল ফাটিয়া যাওয়াতে চারিদিকের ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তর থণ্ডের অগ্রভাগ সেই স্থরক্ষের মধাভাগের দিকেই বিস্তীর্ণ থাকাতে, সেগুলি কবন্ধের দাঁতের মতই বোধ হইতেছিল। তাহার গাত্রে যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র বুক্ষ গুল্মাদি জনিয়াছিল তাহাই তাহার দীর্ঘ রোমরাশির আয় দেখাইতেছিল। বজাগ্নি এই স্থবন্ধারা গুহাভেদ করিয়া, সেই গুহার নীচস্থ দাফ ও জলনশীল (Inflammable) ধাত বা উপাদানের থনিতে প্রবেশ করিয়াছিল। তাহাতেই অগ্নিসংযোগে যে অগ্নিশিখা নির্গত হইতেছিল, তাহাই সেই স্থবন্ধ দারাই বহির্দেশ হইতে দৃষ্ট হইতেছিল। এই অগ্নিশিখাই কবন্ধের মুখাভ্যস্তবস্থ একটীমাত্র দীপ্তচক্ষ্ব।

পাঠক! কখনও ধুলারাশিব্যাপ্ত বিন্তীর্ণ প্রান্তরে ঘুর্ণীবায়ুর আবির্ভাব দেখিয়াছেন কি ০ তাহা হইলে তাহা একবার স্মরণ পথে আনিয়া পরবর্ত্তী ঘটনার সহিত তুলনা করুন। এই প্রান্তরের কোন স্থানে যথন প্রথব রৌদ্রতাপে ভূমিস্থল অতিশয় তপ্ত হইয়া দেখানকার বায়ুকে অত্যস্ত উষ্ণ করে, তথন তাহা লঘু হইয়া উর্দ্ধে উঠিলে, সেই স্থান প্রায় বায়ুশুন্ত অবস্থা (Vacuum) প্রাপ্ত হয়, তখন চারিদিক হইতে অপেক্ষাকৃত শীতলতাবশতঃ গুরুবায়ু, সেই স্থানের দিকে বেগে প্রবাহিত হইয়া সেই শৃত্তস্থান অধিকার করিবার জ্তুই ষেন ধাবিত হয়। বায়ু অতিশয় উষ্ণ হইলেই তাহা উদ্ধে উঠে এবং চারিপার্শ্বের ভমিতলম্ব শীতল বায় অপেক্ষাকৃত ঘনীভূত অবস্থাতে থাকাতে, চারিদিক হইতে সেই শুলু স্থানের দিকে ধাবিত হয়। প্রকৃতির নিয়মবশতঃ কোন স্থান বায়ুশুল থাকিতে পারে না। পাথা দ্বারা যে বাতাস উৎপন্ন হইয়া আমাদিগের দেহ শীতল করে, তাহাও এই কারণেই হয়। টানাপাথা টানিলে সেইস্থানের বায়ু দুরীভূত হওয়াতে, সেই শূগ্রস্থান অধিকার করিতে যে বায়ু ধাবিত হয় তাহাই আমাদের দেহ স্পর্শ করে। বিজলী পাথা চক্রাকারে ঘুরাতে তাহার বাতাসও গোলাকার। এখন এই গুহার মাত্র একটা প্রবেশ ঘার—তাহার মুখের ন্যায় সেই বজ্রভিন্ন স্থবন্ধ। গুহার অভান্তরের নীচভাগ বিদীর্ণ করিয়া, বজ্র পর্বতের অভ্যন্তরে প্রবেশ করিয়া, কয়লার খনির স্থরক্ষের ক্যায়, একটা অপ্রশন্ত স্থার করিয়াছিল। সেই পর্বতগুহাতলে নিহিত কয়লা গন্ধক ইত্যাদি জাতীয় দাহ ও জলনশীল পদার্থ, সেই বজ্রাগ্নির সংস্পর্শে

জ্ঞানিত হওয়াতে, তাহারই শিখা ঐ ভূমিস্থিত স্থান্ধ দ্বারে ঐ গুহা গহবরে উত্থিত হইত। এই অগ্নিশিখা কখন কখন প্রচণ্ড হইয়া সেই বৃহৎ গহ্ববে স্থিত বাতাসকে উত্তপ্ত করিলে তাহা তরল ও লঘু হইয়া উর্দ্ধে উথিত হইলে, সেই শৃত্যস্থান অধিকার করিতে গুহার বাহির হইতে শীতল ও ঘনীভত গুরুবায় সেই গুহাভান্তরে প্রবলবেগে প্রবাহিত হইত। তই পার্বে উচ্চ পাহাডশ্রেণী (ridge) ক্রমে উচ্চ হইতে নিমু হইয়া ভমির দিকে আসাতে সেই স্করক্ষের প্রবেশ পথ একটা আচ্চাদিত গিরি পথের মতই ছিল। স্বতরাং বাহির হইতে প্রবাহিত বিস্তীর্ণ বায় যখন সেই গুহার দিকে প্রবাহিত হইত তথন সেই উভয় পার্শ্বের ক্রমোচ্চ পাহাড দ্বয়ে বাধা প্রাপ্ত হইয়া নদী স্রোতের স্থায়. বেগবতী হইয়া সবেগে সেই গুহার দিকে ধাবিত হইত এবং বায়ুর বেগও (Velocity) ক্রমে বন্ধিত হইত। যেমন একটা শৃশ্র গর্ত্তের মধ্যে চারিদিক হইতে জলপ্রবেশের সময় সেই গর্ত্তের চারিদিকের কিনারায় বেগে স্রোত প্রবাহিত হয়, তেমনি এই স্থরকে প্রবেশের সময় বায়্য্রোতেরও, সেই তুই পার্ষের কিনারার ন্তায় পাহাডে, সেইরপ প্রবল বেগ হইয়াছিল। একটী গ্রামোফোনের শিক্ষার অভ্যন্তরে যদি সজোরে বায় প্রবেশ করান যায় তাহা হইলে তাহারও এইরপ হয়। নদীর জলের ম্রোত প্রশন্ত স্থানে প্রথমে তত বেগশালী হয়না, কিন্তু তাহা যত অপ্রশস্ত স্থানে যায়, ততই তাহার বেগবৃদ্ধি হয় এবং দেইজ্মই নদীতীবস্থ ভূমি ভগ্ন হয়। এই বায়ুরাশি সেই স্থরত্ব প্রবেশের সময়, গর্ত্তে জলপ্রবেশের শব্দের ন্যায়ই, ভীষণ শব্দ করিতেছিল। তাই রাম সেই শব্দ শুনিতে পাইয়াছিলেন এবং ঝড় উঠিয়াছে এইরূপ বলিয়াছিলেন। সেই প্রবল বাত্যাপ্রবাহে সমস্ত প্রাণী ধৃত হইয়া সেই গহরর মুখে নীত হইতেছিল। আর

রামলক্ষণও সেই শব্দ ও ঝডের কারণ নির্ণয় করিতে অগ্রসর হইয়া, দেই ঘূণীব্যাতায় আক্ষিত হইলেন। তাঁহারা ক্রমে সেইদিকে আক্ষিত হইতে হইতে, দেই চুই পার্শ্বের ক্রমোচ্চে উথিত পাহাড়ের দিকেই নীত হইতেছিলেন। এই ত্বই পার্শ্বের পাহাড়ের গাত্র অবলম্বনে প্রবাহিত বায়ুই সেই কবন্ধের হস্তদ্বয়রূপে বণিত হইয়াছে। এইরূপে আকর্ষিত হইয়া. যদি তাঁহারা ঐ গুহার স্করঞ্চের মধ্য দিয়া সেই গুহাভান্তরে নিক্ষিপ্ত হন, তাহা হইলে যে তাঁহাদের নিশ্চয় মৃত্যু ইহা তাঁহারা অন্নমান করিয়া ভীতিবিহ্বল চিত্তে উদ্ধারের উপায় চিস্তা করিতে লাগিলেন। তথন লক্ষণের বুদ্ধিমতে তাঁহারা তুই হস্ত, এবং পরিহিত চর্ম বা বন্ধল দারা সেই বায়ুপ্রবাহকে আঘাত করিতে লাগিলেন, – যেমন লোকে ধুলিরাশিসমন্বিত ঘূণীবায়ুর মধ্যে পড়িয়া হুই হস্ত বা বসন দ্বারা সেই বায়ুকে অপসারিত করিতে চেষ্টা করে। ইহাই তাঁহাদের কর্ত্তক অসিদ্বারা রাক্ষদের বাহু ছেদনরূপে বর্ণিত হইয়াছে। এইরূপ করিতে করিতে তাঁহারা সেই পার্যস্থ পাহাড়ের গাত্র প্রাপ্ত হইয়া, তাহার উপরে উঠিলেন। তথন মুক্তস্থানে আসিয়া তাঁহারা নিরাপদ হইলেন। এই ভৌতিক কাণ্ডে অনেক পশু পক্ষীর নিধন যেন বলিদান রূপেই দেই রাক্ষ্ম কর্ত্তক গ্রাসিত হইতেছে দেখিয়া, তাঁহারা এই পশুবলিদান চিরতরে রোধ করিবার জন্ম মনস্থ করিয়া, চিন্তা করিতে লাগিলেন। তথন তাঁহাদের বন্ধিই যেন রাক্ষদের ভাষনে তাঁহাদিগকে বলিল এই গুহার নীচে অগ্নি সংযোগ করিলে, এই গুহাস্থ ভূগর্ভে নিহিত খনিজ পদার্থ সমস্ত জলিয়া নিঃশেষিত হইলে, আর এইরূপ প্রাণীবধকর প্রাকৃতিক উৎপাত হইবে না। তথন তাঁহারা হন্তীকর্ত্তক ভন্ন বহু শুক্ষকার্চ সংগ্রহ করিয়া সেই গুহার পাতালের দিকে বা ভূমির নীচের দিকে যে

গহার ছিল তাহাই পূর্ণ করিয়া তাহাতে অগ্নিসংযোগ করিলেন— যেন বাক্ষদের দেহটাই পোডাইলেন। তথন সেই প্রজ্জলিত কার্চের অধ্যের সহায়ে সেই থনিজ পদার্থগুলি প্রজ্জলিত হওয়াতে দীপ অগ্নিশিখা ভীষণবেগে উপরেবদিকে উত্থিত হইয়া, সেইগুহাকে কম্পিক করিয়া তাহার উপরের আবরণ ভেদ করতঃ শৃত্যে প্রকাশিত হইল —যেমন পর্বতিগাত্তে নিহিত বাক্ষদ, অগ্নিসংযোগে পাহাডগাত্র বিদীর্ণ করে। সেই গুহার উপরিস্থিত আবরণ বিদীর্ণ করিয়া সেই দীপ্ত অগ্নিশিথা যথন শতো উত্থিত হইল তথন যেন তাহা দেই জহারপ কবদ্ধের গ্রীবা বা গলার আয়ই প্রতীয়মান হইয়াছিল। তাঁহারা তই ভাতা সন্ধার প্রাকালে তথন সেই গুহার পার্যন্ত পর্বতশিখরে উঠিয়া, সেই প্রজ্জলিত অগ্নিশিখার সাহায্যে বিভাসিত বছ দর পর্যান্ত দেখিতে সমর্থ হইলেন। তাঁহারা দেখিলেন অদূরে একটী পুষ্করিণী এবং সেই সরোবরে বলশালী বানরেরা জলপান করিতেছে, আবার তাহারই পশ্চিম তীরবর্ত্তী পর্বতের শিখরে, চারিটী বানর সহিত যেন তাহাদেরই নেতা বৃহৎকায় বলশালী বানর সমাসীন আছে। সেই বানরগণকে দেখিয়া তাঁহারা বিশেষ উৎসাহাদ্বিত হইলেন, কেননা এপর্যান্ত তাঁহারা দীতা অবেষণ করিবার সময় এক জটায় ভিন্ন অন্ত কোনও প্রাণীর সাহায্য প্রাপ্ত হয়েন নাই। এখন যখন রাম দেই বানর্দিগকে দেখিতে পাইলেন, তথন তাঁহার মনে হইল এই বানরজাতি অপেকারত বৃদ্ধিমান কুতৃহলপ্রিয়। সীতাপহারী যদি এই পথ দিয়া যাইয়া থাকে, তাহাহইলে ইহারা তাঁহাকে নিশ্চয় দেখিয়াছে এবং হয়তো দীতাও ইহাদিগকে দেখিয়া কোন নিদর্শন নিক্ষেপ করিয়া থাকিলে ইহারা কৌতৃহলী হইয়া তাহা কুডাইয়াও রাখিতে পারে। স্থতবাং ইহাদের সহিত মিত্রতা করিয়া

ইহাদের বিশ্বাসভাজন হইলে ইহাদের সাহায্যেও সীতা অন্নেষণের স্থবিধা হইতে পারে। যথন কবন্ধের গ্রীবারূপে গুহা হইতে উত্থিত তাহার গ্রীবার খ্যায় প্রজ্জলিত অগ্নিশিখার সাহায়ে এই বানুররাজকে দেখিতে পাইলাম, তখন এই গ্রীবারূপ অগ্নিশিখাই আমার 'স্থাীব'। আর সেই অগ্নিশিখা যথন বানরপতিকে দেখাইয়াছে তখন সেই আমার স্থাীব বা বিন্ধু হইবে। বিপদে দাহায্য পাইয়া উদ্ধার হইলে. লোকে সেই সাহায্যকারীর গ্রীবা বা গলা জড়াইয়া ধরিয়া বলে "বন্ধ। তুমি আমার বড়ই উপকার করিয়াছ!" তাহার স্থ বা শুভ হইয়াছে জন্মই তাহার গ্রীবা জডাইয়া ধরিয়া তাহাকে আপ্যায়িত করে। পক্ষান্তরে অপকারীকে গলাধাকা দিয়া দুরীভূত করা হয়। তাই উপকারকারী স্থগীবা সদৃশ অগ্নিশিখার প্রদর্শিত এই বানর পতির সহিত মিত্রতা করিলে সে-ও তাঁহার স্বগ্রীব হইবে-এইরূপ রামের মনে উদয় হইল। নতুবা কবন্ধের বা তাহার দিব্যদেহ রূপ অগ্নিশিথার কথা বলিবার কি সম্ভব হয় ? তাহা অস্বাভাবিকই। যেমন মহর্ষি অগস্তাঋষি বিন্ধা পর্বতে সম্বন্ধে পর্যাবেক্ষণ ফলে তাঁহার তাংকালিক অবস্থা অবগত হইয়াছিলেন তেমনি বাল্মীকি ঋষিও এই প্রাকৃতিক অন্তত ঘটনা তাঁহার পর্য্যবেক্ষণ ফলে অবগত হইয়া, তাহাই রূপকে বর্ণনা করিয়াছেন।

রাম যদি এই প্রাকৃতিক ঘটনা রূপ কবন্ধের সম্থীন না হইতেন, তাহা হইলে তাঁহার স্থাীব সাক্ষাৎকার হইত না। তাঁহারা সমতল ভূমিতেই বনের মধ্যে দিয়া অগ্রসর হইতেছিলেন। পর্বত শৃদ্ধে শ্রমস্বীকার করিয়া উঠিবার তাঁহাদের কোন প্রয়োজন ছিল না, বিশেষতঃ যথন সীতাপহারী পদরজেই পথ অতিক্রম করিয়াছে ইহা জানিতে পারিয়াছিলেন। এই পর্বত শৃদ্ধে, ঘটনা চক্রে না উঠিলে তাঁহারা

পম্পা ও তত্ত্বীরস্থ ঋষ্তমূক পর্ব্বতম্থ বানরগণকে লৈখিতে পাইতেন না। আবার দেই গুহাতে অগ্নি সংযোগ না করিলেও তাহার প্রজ্ঞানিত উর্ন্নামী শিখার সাহায্য ভিন্ন, দূরস্থ ঐ সকল দৃশ্য তাঁহাদের দষ্টিগোচর হইত না, আর কবন্ধ ও তাঁহাদিগকে তাহার দেহ ভশ্ম না করিতে বলিলে তাঁহারা সেই গুহাতে অগ্নি সংযোগ করিতেন না। সেই বনা ্মগদিগের সহিত তাঁহারাও সেই ঘুর্ণাবর্ত্তে পতিত না হইলে, যজাহতিতে পশু বলিদানের ত্যায় সেই পশুদের অসহায় অবস্থায় বিনাশ প্রাপ্তি দেখিয়া তাঁহাদের কর্ষণার উদ্রেক হইত না। বাল্মীকি যেরপ রূপকে তাঁহার নিপুণ হস্তে, তুলিকা দারা এই চিত্রটী অন্ধিত করিয়াছেন, তাহা বড়ই উপভোগা নহে কি । তিনি নিজে স্বচক্ষে এইরূপ কোন প্রাকৃতিক ঘটনা প্রত্যক্ষ করিয়া তাহার কারণ অবধারণ করিতেও যে সক্ষম হইয়াছিলেন তাহা পুঞ্জারুপুঞ্জরপে এই ঘটনা বর্ণনে দেখাইয়াছেন। ক্বঞ্চবর্ণ কবন্ধ দেহ যেন সেই ক্বঞ্বর্ণ-প্রস্তর নির্শ্মিত গুহারই প্রতিমৃর্টি। আর কবন্ধকে ভশ্ম করিবার প্রেরণা যেন কবন্ধের মূথে রামের নিজ বুদ্ধিরই প্রেরণা। এই কবন্ধের যে অন্ত গৃঢ় তাৎপর্য্য আছে তাহা আমরা যথাস্তানে দেখাইব।



ষোড়শ পরিচ্ছেদ

বানর সন্মিলন ও বালিবধ

অতঃপর তাঁহারা দেই দীপ্ত কবন্ধ দেহ প্রদর্শিত পথ অতুসরণ করিয়া পম্পার তীরে উপস্থিত হইলেন। পরে পম্পা পার হইয়া তাহার অপরপারস্থিত ঋষ্মৃক পর্কাতের সামুদেশে উপস্থিত হইলেন। তাঁহাদিগকে সেই অগম্য বনে ভ্রমণ করিতে দেখিয়া, পর্ব্বতশিধরোপরি উপবিষ্ট স্থাীব, তাহারা বালি প্রেরিত চর মনে করিয়া, ভীত হইয়া অন্তত্ত প্রস্থান করিল। সেই চারিজন অমাত্যসহ স্থগীব বালিভয়ে অতাস্ত উৎকণ্ঠিত হইলে, হন্নমান তাহাকে সান্থনা দিলে, স্থাীব বলিল. "ধমুর্বাণ ও তরবারীধারী, বিশাল নেত্র, দীর্ঘবাছ পুরুষশ্রেষ্ঠ-দ্যুকে দেখিয়া কাহার না ভয় জন্মে ? আমার আশকা হইতেছে ইহারা বালি কর্ত্তক প্রেরিত হইয়াছেন। অতএব বানর শ্রেষ্ঠ হতুমান। তুমি উদাদীন বেশে তথায় ঘাইয়া, আকার, ইন্ধিত ও উক্তি প্রক্রাক্তিমারা উহাদিগের অভিপ্রায় অবগত হও। এবং উহাদের এস্থানে আগমনের উদ্দেশ্য কি তাহাও জানিয়া আইদ।" তথন হত্তমান, বানবরূপ পরিত্যাগ পূর্বক ভিক্ষু সন্ম্যাসীর রূপ ধারণ করিয়া বিনীতভাবে সেই ছুই ভ্রাতার নিকট গমন করিল।

"কপিরপং পরিত্যজ্ঞ হয়ুমান মঞ্চাত্মজঃ। ভিক্ষুরপং ততো ভেজে শঠবৃদ্ধিত্যা কপিঃ ॥" হয়ুমান অতি মধুর বাক্যে তাঁহাদের প্রশংসা করিয়া বলিল, "বোধ

হইতেছে আপানারা তপস্থারত বন্ধচারী প্রধান অথচ বলবান। স্বুগ্রীব নামক কোন ধর্মাত্মা বীষ্যবানশ্রেষ্ঠ বানরশ্রেষ্ঠ, অগ্রজ কর্ত্তক রাজ্য হইতে দূরীভূত হইয়া, তুঃথিত চিত্তে বনমধ্যে ভ্রমণ করিতেছে; আমি বানর, আমার নাম হতুমান; আমি সেই বানর রাজ স্থাীব কর্ত্তক প্রেরিত হইয়াই এখানে আদিয়াছি। তিনি আপনাদের সহিত মিত্রতা করিতে ইচ্ছা করিয়াছেন।" তথন রাম লক্ষ্ণকে বলিলেন "আমি যাহাদের দর্শনলাভ আকাজ্ঞা করিতেছি দেই বানরশ্রেষ্ঠ স্থগীবের অমাতা এই কপিবর আমাদিগের নিকট আসিয়াছে, স্বতরাং তুমি ইহার সহিত কথোপকথন কর।" তথন লক্ষ্মণ তাহাকে বলিলেন "আমরাও সেই স্বগ্রীবকেই অমুসন্ধান করিতেছি এবং তাহার সহিত মিত্রতা করিব। রামের পত্নী সীতাকে যে রাক্ষ্স হরণ করিয়াছে আমরা তাহাকে দ্বিশেষ রূপে অবগত নহি। তাই আমরা স্থ্রীবের সাহায্য প্রার্থনা করিতেছি। তথন হতুমান তাঁহাদিগকে স্কল্পে বহন করিয়া ঋষ্যমৃক পর্ব্বতে আরোহণ করতঃ, তাহার একদেশস্থিত মলয় নামে বিখ্যাত পর্বতে যাইয়া স্বগ্রীবের নিকট উপস্থিত হইল। তখন স্থগ্রীব তাঁহাদিগকে দেখিয়া বলিলেন "আমি হন্তমানের নিকট বিস্তারিত শুনিলাম এবং এই হস্তদ্ব প্রসারণ করিলাম; যদি আপনি এই বানরের সহিত মিত্রতা করিতে ইচ্ছা করিয়া থাকেন, তবে আপনার হস্তদারা আমার হস্ত ধারন করুন।" তথন রাম তাহাকে গাঢরুপে আলিঙ্গন করিলে, স্থগ্রীব বলিল "কয়েক দিবস পূর্বের এক ভীমকর্মা রাক্ষ্য এক রমণীকে হরণ করিয়া শৃত্যপথে লইয়া যাইতেছিল, আমি দেখিয়াছি। আমার বোধ হইতেছে তিনিই দীতা। তৎকালে আমরা এই পাঁচজনে শিলাতলে বিদ্যাছিলাম। সেই রুমণী चामामिशक तमिया छेखबीय वमन ও चनकात এथान निक्क করিয়াছিলেন। আমরা তাহা সংগ্রহ করিয়া রাথিয়াছি।" তথন স্থগ্রীব সেই বসন ও আভরণ রামকে দেখাইলে, রাম তাহা চিনিতে পারিলেন। রাম লক্ষণকে জিজ্ঞাসা করিলে, তিনি বলিলেন "আমি প্রতিদিন দীতার চরণ বন্দনা করিতাম, স্বতরাং এই ছুইটা মুপুর মাত্র দেখিয়া চিনিলাম, কিন্তু কেয়ুর ও কুণ্ডল চিনিতে পারিলাম না। কেননা আমি সীতার চরণ ভিন্ন অন্ত কোন অবয়ব দেখি নাই।" তৎপরে রাম স্থাীবকে তাঁহার বীর্যাবভার পরিচয় দেখাইবার জন্ত সপ্ততাল বুক্ষ শ্রদ্বারা ভেদ করিলে, স্থগ্রীব আশত হইয়া তাঁহাদিগকে সঙ্গে লইয়া তাহার ভ্রাতা বালীর বাসস্থান কিঞ্চিন্ধাতে হুঙ্কার দিল। তখন বালী বাহির হইয়া আসিয়া তাহাকে যুদ্ধে পরাভূত করিলে, স্থাব আহত হইয়া পলায়ন করতঃ পুনঃ ঋষ্যমৃক পর্কতে আশ্রয় গ্রহণ করিল। রাম বালী বধের জন্ত বুক্ষের অন্তরালে থাকিয়া, যথন ছুই বানর যুদ্ধ করিতেছিল তখন তাহাদের সৌদাদুখ বশতঃ পাছে ভলক্রমে স্বগ্রীবকে বধ করেন, এই আশব্ধায় শর ত্যাগ করিতে ইতন্ততঃ করিলেন। স্বগ্রীব ফিরিয়া আসিয়া তাঁহাকে ভর্মনা করিলে, তাহাকে বঝাইয়া তাহার গলে একটা লতা ও পুষ্পের মালা পরাইয়া, তাহাকে পুনরায় বালীর দহিত যুদ্ধার্থ লইয়া গেলেন। বালীও পুনরায় স্থগীবের হুদার শুনিয়া বাহির হুইয়া আদিয়া তাহার দহিত যুদ্ধে ব্যাপত হইল। ইত্যবদরে বুক্ষের অন্তরালে অদৃশ্য থাকিয়া রাম শর ত্যাগ করিলেন, আর তাহাতেই বালী ভূপতিত হইল। এই বালী মরিবার সময় রামকে অনেক ভং সনা করিয়াছিল, তল্পধ্যে কিছু অংশ উদ্ধৃত করা হইল। বালী বলিল, "আমি অন্তের সহিত যুদ্ধে ব্যাপুত ছিলাম, তথন তুমি অদৃশ্য থাকিয়া আমাকে নিহত করিয়াছ; তুমি যুদ্ধে পরাম্মুথ ব্যক্তিকে বধ করিয়া কি যশলাভ করিলে ? জগতে সকলেই

তোমার ষশকীর্ত্তন করিয়া বলে যে তৃমি বলশালী, তেজন্ত্রী, বন্ধচারী, সকল জীবের হিতকারী, দয়াপ্রকাশে স্থদক্ষ, দৃঢ়প্রতিজ্ঞ এবং কোন সময়ে কি করা উচিত তদ্বিয়ে অভিজ্ঞ। অপরাধী ব্যক্তিকে সম্চিত দণ্ডপ্রদান রাজাদিগের ধর্ম। তোমার এই অন্থচিত কার্য্যে আমি জানিতে পারিলাম যে তৃমি যথার্থ অধার্মিক, ধার্মিকের ভাগকারী, পাপাচারী ও তৃণাচ্ছাদিত কূপের তায় গুগুভাবে অহিতকারী। আমি তোমাকে অবমাননা করি নাই, তোমার রাজ্যে বাস করিনা, কোন পাপাচরণ করি নাই, এবং তোমার সহিত যুদ্ধ করিতেও যাই নাই; অত্যের সহিত যুদ্ধ করিতেভিলাম, তবে তৃমি বিনাদোয়ে কেন আমার হিংসা করিলে? আমি এরপ পঞ্চনথ পশু যাহার মাংস অভক্ষ্য, তথাপি তৃমি কেন আমাকে হত্যা করিলে? তুমি অলক্ষ্যে থাকিয়া আমাকে বধ করিয়াছ; কিন্তু প্রকাশুভাবে আমার নিকটেও আসিতে পারিতে না। তৃমি স্থ্রীবের রাজ্য লাভার্থ অধর্মান্থসারে আমাকে বধ করিলে।"

তথন রাম তাহাকে বলিলেন "এক্ষণে ধর্মাত্মা সভ্যনিরত ভরত এই পৃথিবীতে রাজত্ব করিতেছেন; হুটের দমন এবং শিটের পালন করত: তিনি পৃথিবী শাসন করিতেছেন। কোন প্রদেশই কেই ধর্মবিক্লম কাজ করিতে পারেনা। আমি ও অতাত্ম অনেক রাজা সেই ধার্মিক রাজা ভরতের আদেশক্রমে ধর্ম প্রচারে অভিলাষী হইয়া সমগ্র ভূমগুল মধ্যে বিচরণ করিতেছি। ভরতের আদেশাম্নারে ধর্মচ্যুত ব্যক্তিকে যথাবিধি দণ্ড দিয়া থাকি। তুমিও, রাজার কর্ত্তব্য ধর্মপথে অবস্থিত নও। যিনি ধর্মপথে থাকেন তাঁহার, পিতা জেষ্ঠল্লাতা ও বিভাপ্রদাতা এই তিনজনকেই, পিতার তাম মনে করা এবং পুত্র, কনিষ্ঠ লাতা ও সদৃশুণশালী শিশ্য এই তিনজনকেও পুত্রবং

বিবেচনা করা উচিত। কিন্তু তুমি সনাতন ধর্ম পরিত্যাগ করিয়া কনিষ্ঠলাতার পত্নীতে অভিগমন করিয়াছ। স্থগ্রীব তোমার কনিষ্ঠ-লাতা, স্তরাং ইহার পত্নী তোমার পুত্রবধূ তুল্যা। কিন্তু তুমি কামপরায়ণ হইয়া ইহার জীবিতাবস্থাতেই ইহার স্ত্রীতে উপরত হইয়াছ: স্বতরাং তুমি পাপাচারী হইয়াছ! তোমার কনিষ্ঠলাত ভার্য্যাগমনের অপরাধে আমি তোমার এরপ দণ্ড বিধান করিয়াছি। যে ব্যক্তি কামপ্রতঃ সহোদ্রা ভগ্নী এবং ক্রিষ্ঠ ল্রাত্জায়াতে গ্রুন করে. স্মৃতিশান্ত্রের বিধানে সে প্রাণদণ্ডার্হ। মাংসপ্রিয় মহয়াগণ তৃণ লতাদি দারা গুপ্তভাবে থাকিয়াই হউক আর প্রকাশভাবেই হউক পরাবর্ত্তিত, ধাবিত, আম্বস্থ, দণ্ডায়মান, সতর্ক অস্তর্ক বা বিমুখ মুগ সকলকে বাগুরা এবং পাশ প্রভৃতি উপায় দ্বারা বধ করিয়া থাকে। এই জন্ম গুপ্তভাবে তোমাকে বধ করিয়া আমার মনের গ্লানি হয় নাই; এবং ধর্মজ্ঞ রাজর্ষিরাও এক্কপ মৃগ্যা করিয়া থাকেন; স্থতরাং ইহাতে কোন দোষ মনে করিনা। তুমি বানর, এজন্য তোমার সহিত যুদ্ধ করিয়াই হউক, যুদ্ধ না করিয়াই হউক, বাণদ্বারা তোমাকে নিহত করিয়াছি। "অযুধান প্রতিযুধান বা যশাচ্ছাথা मुशाक्ति॥" তथन वाली विलल, "आमि अधार्मिकितिशत अधान, স্থতরাং ধর্মসঙ্গত বাক্যে আমাকে পরিত্রাণ করুন।"

তথন বালীর মৃত্যুসংবাদ পাইয়া তংপদ্বী তারা শোকাতৃরা হইয়া ভ্তলে পতিত স্বামীকে দেখিয়া তাহাকে বলিল "তৃমি পূর্ব্বে স্থাীবের পত্নী হরণ করিয়া তাহাকে যে নির্বাদিত করিয়াছিলে, অন্ত মৃত্যুরূপে তাহার পরিণাম ফল পাইলে। রাম যে অন্তের সহিত যুদ্ধেরত বালীকে অন্তায়রূপে বধ করিয়া নিন্দিতকার্য্য করিয়াও ভজ্জন্ত সন্তাপিত ইইতেছেন না ইহা নিতান্ত নিন্দনীয়। রাম তোমাকে

বধ করিয়া অতি মহং কার্য্য করিয়াছেন; কারণ স্থগীবের সহিত প্রতিশ্রুতিরপ ঋণ হইতে মুক্ত হইয়াছেন।" তৎপরে বালির দেহ সংকার হইলে স্থগীব রামকর্ত্ব কিন্ধিদ্ধার রাজপদে প্রতিষ্ঠিত হইয়া, নিজপত্নী ক্রমা ও তারার সহিত রাজ্য করিতে লাগিল। এদিকে বর্যাকাল উপস্থিত হওয়াতে সীতা অয়েষণ কার্য্য তথন স্থগিত থাকিল এবং রামও লক্ষণ, পর্ব্বত গুহায় আশ্রম লইয়া বর্ষাকাল অতিবাহিত করিতে লাগিলেন। স্থগীবও ছুই পত্নীসহ নিজপুরী কিন্ধিদ্ধাতে, ভ্রাতৃপুত্র অন্ধদকে যৌবরাজ্যে অভিষক্ত করিয়া সমস্ত অমাত্যাদি সহ রাজসম্পদ ভোগে মত্ত হইল।

রামায়ণের এই বানর সম্বন্ধীয় ঘটনাবলী অতীব কুহেলিকাপূর্ণ। এই বানরগণই রামের সীতা অরেষণের ও উদ্ধারের প্রধান সহায়স্বরূপ হওয়াতে, বাল্মীকি তাহাদের সম্বন্ধে এরপ বর্ণনা করিয়াছেন যে, তাহারা যেন দাক্ষিণাত্যবাসী মহন্যজাতীয়ই ছিল। তাহাদের রাজ্য সম্পদের বিস্তৃত বিবরণ, তাহাদের মুথে বিজ্ঞোচিত বাক্য ভাষণ, তাহাদের ধর্মাধর্মে বিচার, তাহাদের বৃদ্ধিমতা ও শৌর্য বীর্য সম্বন্ধে, বাল্মীকি যেরূপ নিপুণ তুলিকায় তাহাদের চিত্র অন্ধিত করিয়াছেন, তাহাতে তাহারা যে সত্যই দাক্ষিণাত্যবাসী সভ্য মহন্যজাতি ছিল, তাহাই দৃঢ় প্রতীতি হয়, এবং তাহারই ভিত্তি অবলম্বনে এখন অনেক মনীর্যী ইহাই স্থির করিয়াছেন যে এই দাক্ষিণাত্যবাসী আদিম মহন্যজাতি বাস্তবিক বানর ছিল না, অন্থণা তাহাদের মধ্যে উক্তরূপবর্ণিত সভ্যতার বিকাশ হইত না। আবার তথাকথিত বানরজাতি যে পুরাতন (Dravidian) দ্রাবিড্বাসীই ছিল, তাহার প্রমাণও এখন স্কম্পাইরূপে পাওয়া যাইতেছে। এই সেদিনে হরপ্লা ও মাহেঞ্দারো নামক পার্কত্যে প্রাদেশ্য স্থানবিশেষ খনন শ্বারা যে, পূর্কতন ৫০০০ পাঁচ হাজার

বৎসরের পূর্বের সভ্যতার নিদর্শন প্রাপ্ত হওয়া গিয়াছে, তাহার সহিত দাক্ষিণাত্যের দ্রাবিডদেশে প্রাপ্ত অনেক পুরাতন পদার্থের সহিত, বিশেষ সৌসাদশ্য আছে। স্বতরাং এই বিলুপ্তপ্রায় জাতিও এক সময়ে নিজেদের সভাতার গর্কে গৌরবান্বিত হইয়া. ভারতের কুমারিকা হইতে পাঞ্জাব পর্যান্ত, তাহা প্রচার করিতে সমর্থ হইয়াছিল। আর ইহারাই বাল্মীকিবর্ণিত বানর, এবং ইহারা যে ভাষায় বাক্যালাপ করিত তাহা রাম শীঘ্রই আয়ত্ত করিতে সক্ষম হইয়াছিলেন। তাহাদের মধ্যে আবার শিক্ষারও অভাব ছিল না, কেননা হতুমান যথন রামের সহিত প্রথম বাক্যালাপ করিয়াছিল তাহা রামের সহজেই বোধগম্য হওয়াতে প্রমাণ হয় যে, সে আর্য্যাবর্ত্তের তৎকালিন প্রচলিত সংস্কৃত ভাষাতেও অভিজ্ঞ ছিল; তাই রাম তাহার বাক্যশ্রবণে প্রীত হইয়া তাহার বাগ্মীতার প্রশংসা করিয়াছিলেন। এই সমস্ত অকাট্য যুক্তিতেই আধুনিক পণ্ডিতেরা তাহাদের মহুগ্রত প্রতিষ্ঠিত করিতে চেষ্টা করিতেছেন। পক্ষান্তরে সংস্কারী অন্ধবিশাসী বিষ্ণুর অবতারজ্ঞানে-রাম-উপাদক হিন্দরা, তাহাদের দরলজ্ঞানে ও বিশ্বাদে এই বানরদের বানরবেই বিশ্বাসী, কেননা দেবতাবংশীয় হওয়াতে তাহারা মহুয়েব ভাষাতেই স্থশংস্কৃত বাক্যে যে কথোপকথন করিবে, তাহাতে আশ্চর্য্য হইবার কি আছে ? আর বিষ্ণুও মর্ত্ত্যে মাতুষরূপে জন্মগ্রহণ করিয়া তাঁহারই সাঙ্গোপাঙ্গ স্বর্গস্থ দেবতাদের উরসে উদ্ভূত বানররূপী জীবের সহিত, ত্রিভূবন বিধ্বস্তকারী রাবণ রাক্ষসকে নিধন করিবার জন্মই যেন লীলাছলে অবতীর্ণ হইয়াছিলেন। স্থতরাং এসংশ্বে আমাদের বিশেষ বক্তব্য কিছু নাই। পক্ষান্তরে রামের ইতিহাদের সত্যতা রক্ষা করিতে হইলে ঐরপ মহয়জনোচিত চিত্রে তাহাদিগকে অন্ধিত না করিলে বানরের মুকত্ব বিধায়, রামের এরূপ তুরুহ কার্য্য সম্পন্ন করা সম্পূর্ণ অসম্ভব বলিয়া বোধ হইতে পারে, ইহাও সত্য। কিন্তু এই বানবজাতি যদি প্রকৃতই তাংকালিক আদিম মনুযাজাতিই হয়, তাহা হইলে তাহাদের লাঙ্গুল থাকিতে পারে না। বানর হইতে কুমবিবর্ত্তনে যদি মানুষ হইয়া থাকে তাহা হইলে তাহাদের লাঙ্গুলের তিরোধানেই তাহা হওয়া সম্ভব। এই অসঙ্গতি কি বাল্মীকির মনে উদয় হয় নাই, নতুবা কেন তিনি এই বানরের লাঙ্গুলের কথা এত দৃঢ়তার সহিত উল্লেখ করিয়াছেন এবং বানর-জাতিকে বরাবর পশু-জাতীয়ই বলিয়া গিয়াছেন। এই বানরের পশুত্ব তিনি অতি স্পষ্টভাবেই বানরের উক্তিতেই দেখাইয়াছেন—"বয়ং বনচরা রাম মুগা মূলফলাশিন:। এষা প্রকৃতিরস্মাকং পুরুষস্থং নরেশর।" আমরা ফলমূলভোজী বনচর পশু। আমাদের প্রকৃতি এইরূপ, আপনি মহয়ের পতি পুরুষ। "পঞ্চনথাভক্ষ্য ব্রহ্মক্ষত্রেণ রাঘব:। অভক্ষ্যাণি চ মাংসানি সোহহং পঞ্চনখো হতঃ।" পঞ্চনখী প্রাণী ব্রাহ্মণ ক্ষত্রিয়ের ভক্ষ্য। আমি এরপ পঞ্চনথী পশু যে আমার মাংস অভক্ষ্য। আমরা পরেও দেখাইব যে লক্ষ্মণকে দেখিয়া বানরেরা ভয়ে কিল্ কিল্ শব্দ করিতে করিতে পলায়ন করিয়াছিল "তত কিল কিলাং চক্রু র্লন্মণং প্রেক্ষ্য বানরাঃ।" তাহার। মনুয়াজনোচিত বাক্য উচ্চারণ করিতে না পারিয়া কিল্ কিল্ শব্দে তাহাদের ভীতি প্রকাশ করিয়াছিল। ইহা তাহাদের বানরোচিত ভাষাই ছিল। স্থতরাং এই বানরকে বানরক্ষপে প্রতিষ্ঠিত রাথাই বাল্মীকিরও উদ্দেশ্য তাহা স্পষ্টই প্রতীয়মান হয়। তাই আমাদিগকে দেখাইতে হইবে কিরুপে এই পশুবানরোচিত কার্য্যকলাপের সাহায্যে রাম তাঁহার কার্যা সিদ্ধ করিয়াছিলেন।

বানরজাতি অতিশয় অত্করণপ্রিয়, চতুর ও কৌতৃহলী। তাহার প্রমাণ পাওয়া যায় নিয়লিথিত একটা সত্য ঘটনায়—যাহা সংবাদপত্রে

প্রকাশিত হইয়া, হয়তো অনেকেরই দৃষ্টি আকর্ষণ করিয়া থাকিতে পারে। একটা লোক তাহার পোষা শিক্ষিত বানর নাচাইয়া নিজের ও বানরের ভরণপোষণ করিত। একদিন সে সন্ধ্যার প্রাকালে গ্রামান্তর হইতে তাহার তাংকালিক বাসস্থানে প্রত্যাগমন সময় একটী জন্ধলাকীর্ণ প্রান্তর মধ্যে উপস্থিত হয়। সেই সময় একটী দস্তা তাহাকে হত্যা করিয়া মুত্তিকাতে তাহার মৃতদেহ প্রোথিত করিয়া, তচপরি কতকগুলি তণ্গুচ্ছ বিছাইয়া রাথিয়া, তাহার সময় উপাজিত অর্থ হরণকরতঃ চলিয়া যায়। দে যথন তাহাকে আক্রমণ করিয়া হত্যা করিবার চেষ্টা করিতেছিল, তথন বানরটা বন্ধনরজ্জ্-মুক্ত ইইয়া নিক্টস্থ বুক্ষোপরি উপবিষ্ট হইয়া দেই হত্যাকারীর কার্য্য পর্যাবেক্ষণ করে। দম্রা চলিয়া গেলে বানরটা দেই স্থাংপ্রোথিত প্রভুর ক্রব্রের উপর তাহার বংশ্যষ্টিথানি প্রোথিত ক্রিয়া দেই হত্যাকারীর পশ্চাং পশ্চাং অতি সন্তর্পণে অফুসরণ করতঃ তাহার বাসস্থান দেখিয়া আদিয়া পরিচিত নিজ প্রভুর বাসস্থানে চলিয়া যায়। পরদিন প্রাত্যকালে গ্রামস্থলোক দেই বানরটীকে একাকী দেখিতে পাইয়া তাহার প্রভুর অমুসন্ধান করে। তথন সে তাহাদিগের বন্ত ধরিয়া আকর্ষণ করতঃ এমন হাবভাব দেখায় যাহাতে সেই সমাগত গ্রামবাসীরা অনুমান করিতে পারিল যে এই বানর যেন তাহাদিগকে কোথাও লইয়া যাইতে চাহিতেছে। তথন তাহারা কুতৃহলের বশবর্তী হইয়া সেই বানরের ইন্ধিত মত সেই প্রান্তরে উপস্থিত হয়। তথন বানর সেই ষ্টিথানি উঠাইয়া তথাকার মৃত্তিকা হাত দিয়া সরাইতে চেষ্টা ক্রিটেড্ছে দেখিয়া তাহারাও সেই স্তঃখনিত ও পূরিত স্থানের মৃত্তিকা অপুসারিত করিয়া দেখিতে পাইল সেই মৃত বানরপালকের শবদেই। তাহার বন্ধাদি অন্বেষণ করিয়া যথন দেখিতে পাইল যে

তাহাতে কোন অর্থাদি নাই তথন তাহাদের ধারণা হইল যে, কোন দম্ভা কর্ত্তকই এ ব্যক্তি অপহত ও হত হইয়াছে। তারপরে সেই বানবই তাহাদিগকে সেই হত্যাকারীর বাদখানের নিকট লইয়া গেল। তথন তাহারা পুলিসে সংবাদ দিলে পুলিস কর্মচারী তথায় উপস্থিত হইলে, সেই বানরটী সেই হত্যাকারীর স্কন্ধে লক্ষপ্রদানে উঠিয়া, তাহাকে কামড়াইবার চেষ্টা করিতে লাগিল। পুলিস তাহাকে ধৃত করিয়া বিচারালয়ে উপস্থিত করিলে, বিচারপতি, দেই বানরের দেই নাট্যাভিনয়ের ভায় হত্যার দ**ে**ভর কার্য্যাবলী দেথিয়া যেন তাহার সাক্ষ্যেই, অপরাধীর দণ্ড দিয়াছিলেন। আমার একটা আত্মীয়ের বাড়ীতে একটা বানর আছে। আমি তাহার নিকটে যাইয়া যথন আমার য়ষ্ট্রর নিমভাগ তাহার গায়ে দিই, তখন সে তাহা ধবিয়া উঠিলে, আমি তাহাকে দোলাইলে সে বেশ ক্রিয়ামোদ উপভোগ করে, কিন্তু যথনই তাহা ঘুরাইয়া তাহার বক্র অগ্রভাগ তাহার নিকট দেখাই. তথনই দে দাঁত খিঁচাইয়া আমাকে আক্রমণ করিতে আদে বা তাহার উচ্চ আশ্রয়স্থানে পলাইয়া যায়। আমার শান্তভাব দেখিলে সে আমার গায়ে উঠিয়া আমার অলক্ষ্যে জামার পকেটে হস্ত দিয়া টাকা পয়সা অতি সম্ভর্পণে লইয়া তাহার মুথের মধ্যে পুরিয়া ফেলে, পরে থাছদ্রব্য দেখাইয়া তাহার মুখের ভিতর আঙ্গুল দিয়া তাহা বাহির করিয়া লইতে পারি। অনেক পাঠক সংবাদপত্তের ফটোগ্রাফ চিত্তে দেখিয়াছেন শিক্ষিত বানর (ape) ও সিম্পাঞ্জী কিরূপ মহুয়ের ভায় কার্য্যাদি করিতে পারে। একে বানরজাতি সভাবত:ই চতুর ও কৌতুকপ্রিয় এবং বৃদ্ধিমান, তাহার উপর শিক্ষাপ্রাপ্ত হইলে তাহারা মহম্মোচিত অনেক কার্যাই করিছে সমর্থ হয়। যদি এইরপ সভব হয় তাহা হইলে রামুও খেই এই শ্রেণীর বানর সাহায্যেই, তাঁহার সীতা উদ্ধার করিতে সমর্থ হইয়াছিলেন তাহাই বা সম্ভব হইবে না কেন ? আমরা এখন যথায়থ রামের সেই আচরণ ও কার্য্যপ্রণালী দেখাইবার চেষ্টা করিব।

রাম যথন ঋষ্যমৃক পর্বতের সাহুদেশে উপস্থিত হইলেন, তথন স্থানি কর্ত্ত্বক প্রেরিত হয়মান, ভিন্তু সন্ন্যাসীর বেশে তাঁহার নিকটে ধীরে খীরে আদিল। স্থানি হয়মানকে বলিয়াছিল "তৌ হয় প্রাক্ততেনেব গহা জ্ঞেরো প্রবন্ধ ॥" এই প্রাক্তত শন্ধের অর্থ কি ? অমুবাদে আছে ছন্নবেশ। প্রাক্তত সচ সংস্কৃতপ্রকৃতিক:। প্রাকৃত্তং ক্রীং লপ্রকৃতিঃ সংস্কৃতং তত্র ভবং তত্ত আগতং বা প্রাকৃত্য্ । সংস্কৃত্ত প্রকৃতি। "প্রকৃতিঃ সংস্কৃতং তত্র ভবহাং প্রাকৃতং স্থাং।" অর্থাং স্থানি বলিলেন তোমার বানর প্রকৃতি সংস্কৃত করিয়া রাম লক্ষ্মণের নিকট যাইয়া তাহাদিগের অভিপ্রায় অবগত হইয়া আইস। এথানে স্কুপ বা আকার পরিবর্ত্তন করিয়া মহুদ্মবেশ ধারণের কোন সন্ধান প্রাওয়া যায় না। আবার হয়মানও

"কপিরপং পরিতাজা হত্মান্ মকতাত্মজঃ। ভিক্রুরপং ততো ভেজে শঠবৃদ্ধিতয়া কপিঃ॥"

অর্থাৎ হন্তমান তাহার স্বভাবজ বানরস্থলত মুথের চেহারা (appearance) পরিত্যাগ করিয়া শঠতা করিয়া ভিক্র চেহারা বা (appearance) অন্তবন করিয়াছিল। তাহার ছ্র্দান্ত প্রকৃতির পরিচায়ক আকারকে ভিক্র ন্থায় নম্ভাবাপন্ন আবেশে পরিবর্ত্তন করিয়াছিল। প্রকৃতপক্ষে সে বানরআকৃতিতেই তাহার নম্রস্থাব প্রকাশ করিয়াই রামের সন্ধিগানে অগ্রস্কাই হাছিল। রামও তাহার শান্তমূর্ত্তি দেখিয়া আত্মরক্ষার্থ প্রয়াস না করিয়া তাহার স্কন্ধে আর্বার্কার্থ করিয়ান না করিয়া তাহার স্কন্ধে করিয়ান না করিয়া তাহার স্কন্ধ করিয়ান না করিয়া তাহার স্কৃতি করিয়ান

তাহাদের জায়্ছয়ের মধ্যে তাহার মন্তক প্রবেশ করাইয়া দিল, তথন হয়্মান তাঁহাদিগকে লইয়া স্থগীবের নিকট উপস্থিত হইল। বালী ও স্থগীব তুইজনই অতিশয় পরাক্রমশালী হওয়াতে, তাহারা তুইজনই বানরদলের য়ৄথপতি ছিল। তাহাদের মধ্যে সৌহাদ্যাই ছিল এবং যতদিন তাহারা নিজ নিজ নির্দিষ্ট বানরীর সহিতই তাহাদের উপভোগ সীমাবদ্ধ রাধিয়াছিল, ততদিন বিরোধের কোন কারণও হয় নাই। কিছ বালী সেই সীমা লজ্মন করিয়া স্থগীবের সহচরী বানরী উপভোগ করাতে, তুইজনের মধ্যে এই বানরীয়াটত বিরোধ হইল; তথন স্থগীব অপেক্ষাকৃত বলবান বালীর নিকট পরাজিত হইয়া পলায়ন করিল। বানর ও বানরীরা বালীকেই বেশী শক্তিশালী দেখিয়া তাহারই অধীনে বাস করিতে লাগিল। বানর তুই পক্ষের মধ্যে এরূপ য়ুদ্ধ অনেকেই দেখিয়াছেন। তথন মাত্র হয়্মান, জাছ্বান-ঝক্ষ, মৈন্দ ও দ্বিবিধ এই চারিটা বানর যাহারা স্থগীবের বিশ্বত অন্নতর ও প্রিয় ছিল তাহারাই স্থগীবের নিকট বহিল। এইরূপেই সম্ভবতঃ তাহাদের মধ্যে বিবাদ হইয়াছিল।

ষ্থন হয়্মান তাঁহাদিগকে স্থগ্রীবের সম্মুখে ক্ষম হইতে নামাইল তথন স্থাীবকে দেখিয়া রাম তাহাকে বাহপাশে বদ্ধ করিয়া যেন তাহার সহিত তাঁহার মৈত্রীভাব দেখাইলেন। ইতিপূর্ব্বে এই পঞ্চ বানর যথন পর্বতসাম্পদেশে বসিয়াছিল, তথন তাহারা এক ভীষণাকার ফুর্দান্ত মন্ত্র্যাজ্ঞাতীয় প্রাণীকে অন্ত একটা ক্ষুদ্রাবয়বা নারীকে বলপূর্বক লইয়া যাইতে দেখিয়াছিল, কেননা স্থগ্রীবের সহচরী বানরীকে যথন বালী এইরপে লইয়া গিয়াছিল, তথন সে তাহাতে বাধা দিবার জন্ত তাহার যেরপ অক্সপ্রত্যকের সঞ্চালনে তাহার অনিজ্ঞা প্রকাশ করিয়াছিল তাহা তাহারা প্রত্যক্ষ করিয়াছিল এবং সীতাকেও সেইরপ

করিতে তাহারা দেখিয়াছিল। সীতা যে নারী জাতীয়া তাহা তাহারা তাঁহার বক্ষঃস্থল দ্ষ্টেই ব্ঝিতে পারিয়াছিল। বানর কর্ত্তক মানুষী নারীর প্রতি আক্রমণের গল্প কথন কথন শুনিতে পাওয়া যায়। সীতা তথন তাঁহার কোষেয় উত্তরীয় ও অলম্বার নিক্ষেপ করিয়া তাহাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন—অভিপ্রায় যে এই কৌতকপ্রিয় বানরগণ সেইগুলি কৌতৃহলী হইয়া কুড়াইয়া রাখিবে এবং রাম যদি তাঁহার অন্বেষণে এইদিকে আসেন তাহা হুইলে এই বানুবদিগের নিকট তাহা দেখিতে পাইলে, তাঁহার গমনের পথ ও দিক নির্দেশ হইতে পারিবে। স্থগীবের প্রিয় সহচরী বানরীও এইরূপে বালি কর্ত্তক তাহার অনিচ্ছাদত্তেও বলপূর্বক নীতা হইয়াছিল, ইহা স্থগীবের একটী মহামনঃক্টের কারণ ছিল। বানর ও বানরীরা এক সঙ্গে বছকাল বাস করিলে তাহাদের পরস্পরের প্রতি একটা অন্তরাগ সঞ্চার হয়। যদি বাল্মীকিদৃষ্ট ক্রৌঞ্চ মিথুনের মধ্যে ইহা দষ্ট হইয়া থাকে তবে মনুয়েরই ঠিক পূর্ববর্ত্তী প্রাণীর মধ্যেই বা ইহা সম্ভব হইবে না কেন ? তথন রাম, লক্ষ্ণ ও শীতা যে একই মনুষ্মজাতীয় এবং হয়তো তাহাদেরই সহচরী এই নারীটীকে, সেই বহদাকার তুর্দান্ত মতুষ্ঠাটী বলপুর্বক হরণ করিয়া লইয়া যাওয়াতে, তাঁহারই অন্বেষণে ইহারা বনে বনে ঘুরিতেছে, ইহাই স্বগ্রীবের বন্ধিতে আসিল। তথন সে গুহা হইতে সীতার সেই নিক্ষিপ্ত বস্ত্র ও অলহারগুলি বাহির করিয়া তাঁহাদের সম্মুখে স্থাপিত করিল। যথন সীতার সেই পরিধেয় বন্ধ ও অলম্ভার দেখিয়া রাম অশ্রুসিক্ত নয়নে করুণ রোদন করিতে লাগিলেন তথন স্থাীবের আর ববিতে বাঁকি বহিল না। রাম সেই বানবদিগের সহিত সেই পর্বতে বাস করিতে লাগিলেন এবং দেই বানবদিগের হাবভাব ও ইন্ধিত ইত্যাদি পর্যাবেক্ষণ क्रिंटिक लाशित्नन । अथन वाली भर्पा भर्पा, कथन कथन महत्न वानदी

পরিবৃত হইয়া সেই ৠয়মৃক পর্কতের দিকে আসিলে, যথন স্থানীব সেই সহচরী বানবীর দিকে সতৃষ্ণনয়নে চাহিয়া থাকিয়া অশ্রুসিক্ত নয়নে করুণ রোদন করিত, তথন রাম বৃঝিতে পারিলেন কেন এই পর্ব্বক্তস্থ বানর দলের মধ্যে একটাও বানরী সমাগম দেখিতে পাইলেন না, আবার যখনই বালী স্থানীবের দৃষ্টিপথে আসিত, তথনই স্থানীব যেন কোন জ্বজাত কারণে ভীতিবিহ্বলচিতে লুকায়িত হইবার চেষ্টা করিত। রাম বৃঝিলেন এই অন্ত পরাক্রমশালী বানর, স্থানকে তাহার সহচরীর সক্ষয়ত করিয়া বলপূর্ব্বক তাহাকে দল হইতে তাড়াইয়া দিয়াছে। তথন রাম তাহাকে সঙ্গে করিয়া পম্পা তীরে লইয়া যাইয়া সেই স্রোবর্ষ্থিত একটা রহং কঠিন প্রণাচ্ছাদিত শাল মংস্তের প্রতি তীর নিক্ষেপ করিয়া তাহাকে বধ করিলেন। বহু পুরাতন পুক্রিণীতে এইরূপ রহং শাল মংস্ত দৃষ্টিগোচর হয়। তাহাদের অনে কঠিন 'আইস' থাকাতে তাহা ভেদ করা বহু বলদাপেক। বাল্লীকি এথানে বলিতেছেন—

"স গৃহীঝা ধছর্মোবং শরমেকঞ্ মানদ:। সালমুদ্দিশু চিক্ষেপ প্রয়ন্ স রবৈর্দিশ:॥ স বিস্তটো বলবতা বাণ: স্বর্ণপরিষ্কৃত:। ভিত্বা তালান্ গিরিপ্রস্থ: সপ্ত ভূমিং বিবেশ হ॥"

"রাম স্থগ্রীবের বিখাস জন্মাইবার জন্ম ধহু এবং এক ভয়ন্বর শর লইরা উদ্ধেরে চতুর্দ্দিক্ প্রতিধ্বনিত করিয়া শাল রক্ষের উদ্দেশে সেই বাণ নিক্ষেপ করিলেন। তথন তাঁহার নিক্ষিপ্ত সেই স্বর্ণভ্ষিত বাণ সাতটী শালবৃক্ষ ও গিরিপ্রস্থ ভেদ করিয়া পাতালে প্রবেশ করিল। সেই বাণ শালবৃক্ষ সকল ভেদ করিয়া মূহূর্ত্তকাল মধ্যে অতি জ্রুত বেগে প্রতিনিবৃত্ত হইয়া তুণ মধ্যে প্রবেশ করিল।" (তর্করত্ব)। ইহা বিষ্ণু অবতার রামের বিষ্ণুত্ব দেখাইবার জন্ম সম্ভব হইলেও মহয়

বামের পক্ষে প্রযোজ্য হইতে পারে কি ? একটা বাণ সাতটা তালবুক্ষ ভেদ করিয়া দপ্ত ভূমি প্রবেশ করিয়া আবার তাহা রামের তুণের মধ্যেই ফিরিয়া আসিল। এথানে সাল শব্দ আছে। সালঃ পুং শল্যতে ইতি। শলগতো + ঘঞ = শাল মংস্তা। ইতামরটীকায়াং ভরতঃ। ইহা গতি বোধক শল ধাতু হইতে নিষ্পত্তি জনিত গতিশীল হওয়া উচিত। সাল ও শাল একই শল ধাতু হইতে সাধিত। উভয়ের অর্থই মৎস্ত विरम्य। वृक्ष विरम्य। এই मान मश्त्युव नाम वाक्रना ভाষाय 'গজাড়' অর্থাৎ অতি বৃহৎ মংস্ত। পরের শ্লোকে আছে 'তালান'। যদি শাল বক্ষের প্রতি শর নিক্ষেপ করিয়া থাকেন, তাহা হইলে তাহা 'তাল' বৃক্ষ ভেদ করিল কি করিয়া ? প্রথম সাল একটী, আর তালান অনেকগুলি। সালও তাল বুক্ষে কত প্রভেদ। তর্করত্ব মহাশয়ের মতে ইহা সপ্ততাল বুক্ষ, কিন্তু সপ্ত শব্দ, ভূমির পূর্ব্বে থাকাতে ইহা ভূমির বিশেষণ। এখানে বিষ্ণু অবতার রামের শরের শক্তিই দেখান হইয়াছে। অর্থাৎ সেই বাণ ভুগু সাল বৃক্ষ ও গিরিপ্রস্থই ভেদ করিল না তাহা সাত পাতাল ভেদ করিয়া পুনরায় তুণে ফিরিয়া আসিল। পক্ষান্তরে মাতুষ রাম তাঁহার শরে চলন্ত বৃহৎ কঠিন গাঁত্রচর্ম আবৃত সাল মংস্থা ভেদ করিয়া তাঁহার শক্তির পরিচয় দিয়াছিলেন বাল্মীকি একই বর্ণনায় তাহাও দেখাইলেন—ইহা শুধু বিভিন্ন দৃষ্টি সাপেক্ষ।

তথন স্থগ্রীব, রামের শরের শক্তি ব্ঝিতে পারিয়া, রাম কর্তৃক চালিত হইয়া বালীর আবাসস্থানের নিকট ছক্ষার দিল। বালী তাহার গর্জ্জন শুনিয়া বাহিরে আসিয়া তাহাকে আক্রমণ করিলে, রাম বৃক্ষান্তরালে থাকিয়া তাহাদের একইরূপ আকারবশতঃ চিনিতে না পারিয়া শরনিক্ষেপ করিতে পারিলেন না। তথন পুনরায় পরাজিত ও পলায়িত স্থাীবকে ভয়প্রদর্শনে তাহার গলায় প্রস্থাশনালা দিয়া

সঙ্গে করিয়া বালীর সহিত যুদ্ধার্থ লইয়া গেলেন। বালী স্থানীবকে আক্রমণ করিলে, তিনি বৃক্ষান্তরাল হইতে শর নিক্ষেপ করিয়া তাহাকে বধ করিলেন। তখন সমন্ত বানরদল রামের এই অত্যমূত কার্য্য দেখিয়া, ভয়ে তাঁহারই আশ্রিত স্থানিবর অধীনতা স্থীকার করিল এবং সমন্ত বানরীরাও তাহার নিকট আসিল। স্থানীব রামের ভূত্য হইল। ইত্যবসরে বর্ধাকাল উপস্থিত হইল। স্থতরাং সীতা অধ্যেশ তৎকালে স্থগিত থাকিল।

বাল্মীকি রামকে আদর্শপুরুষ স্থির করিয়াই ভূমিকাতে তাঁহাকে সর্ব্বগুণমণ্ডিত বলিয়া বর্ণনা করিয়া, তাঁহার চরিত্র অন্ধন করিতে মনন করিয়াছিলেন। এখানে তিনি রামের সেই চরিত্রের বৈপরীতা দেখিয়া বালী ও রামের কথোপকথনচ্চলে রামের আচরণে কি অক্সায় হইতে পারে তাহা দেখাইয়া, আবার তাহার উত্তরদানে তাহা যে ন্যায়দদত তাহাও দেখাইয়াছেন। তিনি বালীকে যেন মহয়জাতীয় ও ততুপযোগী যতদ্ব সম্ভব তাহার রাজ্যপাট, পুরী ও ঐশর্যোর সহিত সমাবেশ করিয়া দেখাইয়াছেন। রাম একজনের নিকট উপকার পাইবার প্রত্যাশায়, তাহার বিপক্ষের সহিত, তাহাদের স্বার্থের সংঘর্ষবশতঃ, যুদ্ধে ব্যাপ্ত অবস্থায়, নিজে অদৃশ্য থাকিয়া তাহাকে (বিপক্ষকে) বধ করিলেন। মহুয়পক্ষে—ক্ষাত্রধর্মে ইহা অহুমোদিত নহে। ইহা অধর্ম। রাম দেই বিপক্ষকে যদি ক্ষাত্র-ধর্মামুযায়ী সম্মুথযুদ্ধে আহ্বান করিতেন, তাহা হইলে ইহাতে কোন ন্যায়বিগহিত কার্যা হইত না। ইহা তাঁহার চরিত্রের একটি কলম, যাহা, তাঁহার কার্য্যের নিন্দা করিয়া বালী তাঁহাকে বলিয়াছিল এবং इंटा महूरशाहिल উक्टिं। ताम निष्कृत कार्या एव प्रशास द्य नारे, তক্ষেত্র বালীর কনিষ্ঠ ভ্রাতপত্নীতে উপগত হওয়ার অপরাধের উল্লেখ

করিলেন। এইরূপ বিধান সভা মন্ত্রমুসমাজেই প্রযোজা। স্বতরাং এই যুক্তিতে রামের দোষস্থালন হইতে পারিত, যদি বালী সেই মুম্মুসুমাজেরই অন্তভুক্ত হইত। কিন্তু বালী যথন বলিয়াছিল আমরা বন্ত শাখামগ, আমাদের মাংদ অম্পুর্ভা, স্বতরাং বিনা প্রয়োজনে কেন আমাকে হতা৷ করিলে ৷ তাহার উত্তরে রাম যে উত্তর দিয়াছেন তাহাতে তাঁহার দোষ খালন হয় না। "মাংদাশী মহুয়োরা অন্তরালে অদুখা থাকিয়া মুগ্দকলকে যে কোন অবস্থায় বধ করিলে, তাহাতে অধর্ম হয় না, কেননা ধর্মজ্ঞ রাজ্যিরাও ঐরূপ মুগয়া করিয়া থাকেন।" মাংসাশী ব্যক্তিই এই কার্য্য করে। বানরের মাংস অভক্ষা। স্বতরাং বিনা স্বার্থে ইহা জীবহত্যা। ধর্মজ্ঞ রাজ্যিরা কি এইরপ বিনা কারণে বুথা জীবহত্যা করিতেন ? কাজেই এ উত্তরে রামের এই কার্য্য যে অতায় হয় নাই তাহা যুক্তিদারা সিদ্ধ হয় না। বরং ইহা আধুনিক সভাসমাজের পক্ষে থাটিতে পারে। ইহা তুর্দান্ত বত্যজন্তর শক্তির বিক্লকে নিজের শক্তির পরীক্ষা কিরা क्रभ मृत्रया। यमन मक्ष निकातीता वर्ग निःह, व्याघ, इसी, महिय, গণ্ডার ও গরিলা শিকারের জন্ম আফ্রিকার ভীষণ জঙ্গলে ঘাইয়া থাকেন। ইহা নিজেদের শৌর্যা বীর্যা প্রকাশের জন্ম। রাজর্ষিরা যদি এই হিদাবে জীব বধ করিতেন তাহা হইলে তাহা ধন্মানুমোদিত হইত। অনেকে আফ্রিকার জন্মলে গরিলা শিকারের কাহিনী পড়িয়াছেন। সেই গরিলা বধ করিতে হইলে অস্তরালে অদৃশ্য থাকিয়াই করিতে হয়। যদি শিকারীকে সে একটও দেখিতে পায়, তাহা হইলে চক্ষ্র নিমেষে তাহার দাবধান হইবার পূর্বেই তাহাকে অতর্কিতে আক্রমণ করিয়া তাহার প্রাণ নাশ করে—এরূপ ঘটনা ঘটিয়াছে। গরিলা একটা বন্দুক লইয়া তাহার মধ্যস্থানে ভগ্ন করিতে

পারে। স্বতরাং এইরূপ অতি ভীষণ হর্দান্ত বগুঙ্গন্তকে বধ করিতে হইলে, অদৃশ্য থাকিয়া অতর্কিতে তাহাকে আক্রমণ করিতে পারিলেই নিজের প্রাণরক্ষা হয়। বালীর শক্তি ও পরাক্রমের বর্ণনায় বোধ হয় সে সেই গরিলারই সহোদর ভাতার ন্থায় ছিল। স্বতরাং এইরূপ অদৃশ্য থাকিয়া অন্তরাল হইতে তাহাকে বধ করাতে রামের অন্তায় কার্যা হয় নাই ইহা প্রতিপন্ন হয়। কিন্তু ইহা আর একস্থানে বাধে। বালী বলিল "তুমি নিজ স্বার্থসিদ্ধি হেতু স্থ্রীবের সহিত মিত্রতা করিবার জন্ম তাহার এই উপকার করিলে ?" স্থতরাং ইহা রামের শৌর্যাবীর্য্য প্রদর্শন জন্ম হয় নাই। ইহারও অন্ম যুক্তিদারা সমর্থন হইতে পারে। কাহারও গৃহপালিত বানর বা কুকুর ও তাহাদের সঙ্গিনী আছে। অন্ত কোন বহিরাগত তুর্দান্ত সেই জাতীয় পশু আসিয়া তাহাকে আক্রমণ করিয়া নির্বল করতঃ, যদি সেই সঙ্গিনীটিকে তাড়াইয়া লইয়া যায়, তাহা হইলে তাহার প্রভু কি করেন ? তথন তিনি সেই জন্ধটীকে সঙ্গে লইয়া সেই সন্ধিনীটীকে উদ্ধার করিতে যান এবং যথন সে তাহা নিজ সামর্থো তাহা করিতে সমর্থ হয় না. তথ্য প্রভূ নিজ্পক্তি প্রদর্শন করিয়া অস্ত্রাঘাতে সেই আততায়ী জন্তটীকে হত্যা করিয়াও তাহাকে উদ্ধার করেন। এই আশ্রিত রক্ষা ক্ষাত্রধর্মবিরুদ্ধ নহে। এক্ষেত্রেও স্থগ্রীবের সঙ্গিনীঅপহরণকারী বালীকে দে আক্রমণ করিতে যাইলে প্রথমবারে রাম, দে তাহার নিজশক্তিতে এ কার্য্য করিতে পারে কিনা তাহাই দেখিলেন। স্বগ্রীব পরাজিত হইয়া অতি ক্রত পলায়ন করাতে রাম বালীকে বধ করিতে অবসর পাইলেন না। তথন দিতীয়বার তাহাকে চিহ্নিত করিয়া (যাহাতে পূর্ববারের ভায় তাঁহার ভ্রান্তি না হয়) সঙ্গে লইয়া ষাইলেন, এবং তাহারা পরস্পার দ্বন্দ আরম্ভ করিলে, তথন সেই গরিলার ভাষ ভীষণ জন্ত বালীকে, রাম নিজের প্রাণ বাঁচাইয়াই বধ করিলেন। স্থতরাং এই ছুদ্দান্ত ভীষণ জন্ত বধে রামের কার্য্য জ্ঞায় বলিয়া প্রতীয়মান না হওয়াই সঙ্গত। তাই বাল্মীকি বালীর মুথে বলাইলেন "বয়ং বনচরা রাম মূগা মূলফলাশিনঃ॥" এবং বালী যে বানরই, তাহা প্রতিপন্ন করিলেন। তাঁহার রামের চরিত্রের আদর্শ জ্বাহ্ত রাখিলেন। আমরা যথাস্থানে এই বানরের স্বরূপ দেখাইয়া বাল্মীকির রহস্ত উদ্ঘাটন করিবার চেটা করিব।

যোড়**শ** পরিচ্ছেদ

বানর কর্তৃক সীতা অন্বেষণ

ञ् शीव शृंदर প্রবেশ করিলে, এবং গগনমণ্ডল মেঘবিহীন হইলে, বর্ষারাত্রে অবসাদ ও কামশোক পীড়িত রাম, পাণ্ডুরবর্ণ আকাশ, বিমল চন্দ্রমণ্ডল এবং শারদীয়া জ্যোৎস্নাবিধেতি রজনী দেখিয়া, এবং স্থগ্রীবকে কামাসক্ত হইয়া বানরী উপভোগে প্রমত্ত দৃষ্টে, অতিশয় আতুর হইয়া মোহপ্রাপ্ত হইলেন। তথন লক্ষ্মণ রামকে তদবস্থ দেখিয়া বলিলেন, "আর্যা। আপনি কামবশবর্তী হইয়া জকারণ আপনার বীর্যাহানি করিতেছেন কেন? কাম হইতে শোক জন্মে, তাহা হইতেই সমাধি বিনষ্ট হয়। স্থতরাং আপনার সমাধি অবলম্বনপূর্বক শোক নিবারণে যত্রবান হওয়া কর্ত্ববা। আপনি চিত্তপ্রসাদ এবং শৌচাদি কর্মযোগের অনুষ্ঠানপূর্বক নিরস্তর অক্ষীণচিত্তে সমাধি অবলম্বনকরতঃ নিজের পৌরুষ বৃদ্ধির মূলীভূত সহায় এবং সামর্থ্যপ্রদ দেবপূজা প্রভৃতি কার্য্যের অনুষ্ঠান করুন। আপনার স্নাথা সেই জানকীকে কেইই গ্রহণ করিতে পারিবে না। তথন লক্ষ্মণ স্থাীবের বাসস্থান গুহাতে পমন করিলেন। ধহুর্কাণ হন্তে লক্ষণকে স্থগ্রীবের পুরে প্রবেশ ক্রিতে দেখিয়া, বানরগণ ভয়ে ইতস্ততঃ কিল্ কিল্ শব্দ করতঃ পলায়ন করিতে লাগিল "ততঃ কিল কিলং চকু লক্ষ্মণং প্রেক্ষ্য বানরাঃ ॥" স্থাীব তথন মদমত্ত মদন বিমোহিত অবস্থায় ছিল। "বভূব মদমত্ত" মদনে চ বিমোহিতঃ "" লক্ষণকে ক্রন্ধ অবস্থায় তথায় প্রবেশ করিতে দেখিয়া স্থগ্রীব প্রগাঢ়রূপে ক্ষমাকে আলিঙ্গন করিয়া, ক্নতান্তের তার লক্ষণকে দেখিতে পাইয়া ভয়ে কম্পিত হইল।

দিব্যাভবণমালাভিঃ প্রমদাভিঃ সমস্কতঃ। কুমান্ত বীরঃ পরিরভাগাচম বরাসনস্থো বরহেমবর্ণঃ। एएर्स स्मोशितिश्रामीतम्बद्धः विशालस्त्रातः म विशालस्त्रातः ॥" তথন সেই অবস্থায় স্থিত স্থাীবকে দেখিয়া লক্ষ্মণ ক্রোধে প্রজ্জলিত হইয়া, ভীতি প্রদর্শন করতঃ তাহাকে সীতা অম্বেষণের কথা স্মরণ করাইয়া দিলেন। পরে স্থগ্রীব সমস্ত বানর-সেনা সংগ্রহ করিয়া নানাদিকে তাহাদিগকে পাঠাইল। অঙ্গদ ও হতুমান সহ অন্তান্ত অপেক্ষাকৃত বৃদ্ধিমান বানরদিগকে দক্ষিণাভিমুখে প্রেরণ করিল। তাহাদিগকে বলিল "তোমবা দক্ষিণদিকে যাইয়া সমুদ্রতীরে পৌছিলে. শত যোজন দূরে সমুদ্রমধ্যে যে দ্বীপ আছে সেখানে রাবণকে দেখিতে পাইবে।" তৎপরে হন্তমানকেই সীতা অৱেষণে সমর্থ বিবেচনা করিয়া স্থগ্রীব তাহাকে বলিল "হরিপুন্ধব। তোমার গতি, বেগ বল এবং লঘুত্ব তোমার পিতা মহাতেজা প্রনের স্মান।" রাম স্থাীবের কথা শুনিয়া ভাবে বুঝিতে পারিলেন হনুমানই কার্য্য সাধনে সমর্থ। তথন তিনি সীতার প্রত্যয়ের জন্ম নিজের নামান্ধিত অঙ্গরীয় তাহাকে দিলেন। তথন হতুমান নভোদেশে উথিত হইয়া গমন করিল। রাম আকাশমার্গে উত্থিত হন্তমানকে কহিলেন "প্রনতন্য। আমি তোমার উপরই নির্ভর করিয়াছি, স্থতরাং দীতাকে যেরপে পাওয়া যায়, তুমি তাহা কর।"

হত্মান, অঞ্চল প্রভৃতি বানরগণ, স্থানীব কর্তৃক নির্দেশিত হইয়া,
দক্ষিণাভিম্থে যাইয়া, তাহারা বিদ্ধাচলের প্রথমাবধি সমন্ত প্রদেশ
চারিদিকে অরেষণ করিতে লাগিল। "বিদ্ধামেবাদিতঃ কুমা বিচেক্লণ্ড

সমন্ততঃ ॥" তাহারা দক্ষিণদিক অমুসন্ধান করিতে করিতে তথায় এক অনাবৃত দার বৃহৎ বিল দেখিতে পাইল। তাহারা সেই দারে উপস্থিত হইয়া দেখিতে পাইল চক্রবাক, সারস, ক্রেঞ্চি সকল সেই বিলদার হইতে নির্গত হইতেছে। তাহার। তৃঞ্ায় অত্যন্ত কাতর হইয়াছিল, স্বতরাং সেই পক্ষীদিগকে সেই বিল্বার হইতে নির্ণত হইতে দেখিয়া জল প্রাপ্তির আশায় সেই বিলের অভ্যন্তরে প্রবেশ করিল। তথায় চারিদিকে অন্ধকারে আবৃত থাকাতে তাহারা ইতন্তত: ভ্রমণ করিয়া অনাহারে ও তৃষ্ণায় কাতর হইয়া পড়িল। তথন অদূরে তাহারা একটা উজ্জ্বল আলো দেখিয়া তদভিমুখে ষাইয়া স্বয়ংপ্রভা নামে এক তপস্বিনীকে দেখিতে পাইল। সেই তপম্বিনী তাহাদিগকে সেই বিল মধ্যে পথ দেখাইয়া অগ্রে অগ্রে যাইতে যাইতে তাহারা বিল হইতে নির্গত হইল। তখন সেই তেজ্বারা প্রদীপ্তা স্বয়ংপ্রভা তাহাদিগকে বলিলেন, "তোমরা দেই ভয়কর বিল হইতে নিজ্ঞান্ত হইয়াছ। এই সেই শ্রীমান বিদ্যাগিরি। এই প্রস্রবন, পর্বত এবং মহাসাগর দেখ।" এই বলিয়া স্বয়ংপ্রভা অদৃশা হইলেন। তথন দেই বানরেরা অনাহারে ক্লান্ত ও মৃতপ্রায় হইয়া, বিষ্যাগিরির পুষ্পিত বৃক্ষসমন্বিত প্রত্যন্ত পর্বতে উপবেশন করিয়া অতিশয় চিস্তা করিতে লাগিল।

> "বিষ্ণাস্ত তু গিরেঃ পাদে সম্প্র-পুষ্পিতপাদপে। উপবিশ্য মহাত্মানশিক্ষামাপেদিরে তদা " ততঃ পুষ্পাতিভারাগ্রান লতাশতস্মার্তান। জ্মান বাসন্তিকান দৃষ্টা বভুবুর্ভয়শন্ধিতা: ॥"

পরে লতাজালে সমাচ্ছাদিত বসম্ভকালীন ফলবান বৃক্ষসকল পুষ্পভরে অবনত দেখিয়া যারপরনাই শক্কিত হইল, "তে বদস্ত-

মহপ্রাপ্তঃ প্রতিপদ্ম প্রস্পরম্।" এবং বসন্তকাল উপস্থিত প্রায় দেখিয়া স্থাীবের আদিষ্ট নিয়মিতকাল অতীত হইয়াছে ব্রিয়া তাহারা সকলেই ভূতলে পতিত হইল। তথন অঙ্গদ বলিল, "স্থাীবের আদেশ-ক্রমে বাহির হইয়া বিল মধ্যেই বাস করায় আমাদিগের একমাস পূর্ণ হইল। এক মাসমধ্যে ফিরিয়া যাইতে হইবে স্থাীব এইরূপ আদেশ দিয়া যে আখিন মাসে আমাদিগকে প্রেরণ করিয়াছিল তাহাও গত হইয়াছে। সীতার কোন তথ্য পাওয়া পেলনা। স্থতরাং স্থাীব কর্তৃক মৃত্যুদণ্ডে দণ্ডিত যথন হইতে হইবে, তথন আমাদের এই সম্মতীরেই প্রায়োপবেশনে প্রাণত্যাগ শ্রেয়ঃ।" তথন তাহারা তাহাই স্থির করিয়া তাহাদের করুল রোদনে সমুদ্রতীর প্রতিধ্বনিত করিল।

তাহাদের সেই করণ আর্ত্তনাদে আরু ইহয়া জটায় ল্রাতা সম্পাতি গৃধ সেই বিদ্ধাগিরির গুহা হইতে নির্গত হইয়া সেই নির্জীব মৃত-প্রায় বানরদিগকে দেখিয়া মনে মনে হট হইয়া বলিল "এই বানরগণ ক্রমে ক্রমে প্রাণত্যাগ করিলে, আমি ইহাদের এক একটি করিয়া ভক্ষণ করিব।" তথন বানরেরা সেই সম্পাতির বাক্য শুনিয়া অত্যন্ত ভীত হইয়া পরস্পর বলাবলি করিতে করিতে রামকে যে জটায় পক্ষী সাহায্য করিবার জন্ম রাবণের হত্তে নিধন প্রাপ্ত হইয়াছে তাহাও বলিল। তথন সম্পাতি ল্রাতার কথা শুনিয়া তাহাদিগকে বলিল "আমার পক্ষ স্থ্যসন্থাপে দগ্ধ হইয়াছে, সেই জন্ম আমার গতিশক্তি নাই; অত্যব আমি অন্নরোধ করিতেছি আমাকে এই পর্বত হইতে অবতারণ কর, আমি আমার লাতার সহদ্ধে আরও বিস্তারিত শুনিতে চাই।" তথন অন্ধদ পর্বন্ত শিধরে উঠিয়া গৃধরান্ধকে নীচে অবতারিত করিল। অন্ধদ যথন রাম সম্বন্ধে তাবং বৃত্তান্ত তাহাকে বলিল তথন সম্পাতি তাহাকে বলিল

"যথন রাবণ সীতাকে হরণ করিয়া লইয়া যায় তথন আমি তাহাকে দেথিয়াছিলাম। সেই ললনা কাঁপিতেছিলেন এবং তাঁহার অলম্বার নিক্ষেপ করিতেছিলেন। "বিশ্রবার পুত্র বিশ্রবণের ভ্রাতা সেই রাক্ষসরাজ রাবণ লঙ্কা নগরীতে বাস করে। সেই লঙ্কা নগরী এথান হইতে শতযোজন দূরে সমুদ্রের মধ্যস্থ দীপে বিশ্বকর্মা নির্মাণ করিয়াছিলেন।" তথন বানরগণ দগ্ধপক্ষ সম্পাতির নিকট রাবণের সন্ধান পাইয়া আনন্দিত হইল। সম্পাতি তাহাদিগকে আরও বলিল সে দগ্ধপক্ষ ও গতিশক্তিহীন হওয়াতে নিজের আহার সংগ্রহ করিতে পারেনা, সেই জন্ম তাহার পুত্র স্থপার্য নিয়মিত তাহার আহার যোগায়। কোন সময়ে সন্ধ্যাকালে সে আহার না লইয়া আদাতে দে ক্ষুধার্ত্ত হইয়া তাহার পুত্রকে তিরস্কার করে। তথন স্থপার্য বলে যে দে আহার সংগ্রহার্থ পক্ষবিস্তার করিয়া মহেন্দ্র পর্বতের দার রোধ পূর্ব্বক অধোমুখে অপেক্ষা করিতে-ছিল, এমন সময় ভিন্ন অঞ্জন রাশির ভায় কোন পুরুষ একটা দীপ্তিমতী রমণীকে ধরিয়া লইয়া যাইতেছিল। তথন সে আহারার্থ ক্বতনিশ্চয় হইয়া তাহাকে আক্রমণ করিলে সে বিনীত ভাবে সাম উপায় দারা তাহার নিকট পথ চাহিলে সে তাহাদিগকে ছাড়িয়া দিল। তথন আকাশগামী দেবতা ও মহর্ষিগণ তাহাকে বলিয়াছিল যে "সীতা তোমার দৃষ্টিপথে পতিত হইয়া সৌভাগ্যক্রমেই জীবিতা বহিলেন; তুমি যথন তাহাকে ভক্ষণ কর নাই তথন তোমার মঙ্গল হইবে।"

"দিষ্টা জীবতি সীতেতি অব্দবন্ মাং মহৰ্দ্যঃ। কথঞ্চিং সকলত্ৰোহসৌ গততে স্বস্তাসংশয়ম্॥" ইহা বলিয়া সম্পাতি বলিল আমি বহুপূৰ্ব্বে যথন আমার ভ্ৰাতা

জটায়ুর সহিত, ইন্দ্র কর্ত্তক বুত্রাম্মর বিন্ত হইলে, ইন্দ্রবিজয়ে অভিলাষী হইয়া স্বর্গে গমন করি, তথন আমার পক্ষ সূর্য্য কিরণে দগ্ধ হয়।" "পুরাবত্তবধে বুত্তে স চাহঞ্চ জয়ৈষিণো।" আমি দগ্ধ পক্ষ হইয়া এই বিদ্ধাপৰ্কতে পতিত হই। আমি কখনও কখনও অতিকটে নিকটস্থ নিশাকর মুনির আশ্রমে ঘাইতাম। একদিন তিনি আমাকে বলিয়াছিলেন যে তিনি তপোবলে প্রত্যক্ষ করিয়াছেন যে ইক্ষাকু-কুলে রাম জন্মগ্রহণ করিবেন। রামের পত্নী সীতাকে রাক্ষস রাবণ হরণ করিয়া লইয়া ঘাইবে। রাবণ নানারূপ ভক্ষাবস্ত্র তাঁহাকে দিলেও তিনি তাহা ভক্ষণ করিবেন না। পরে দেবরাজ ইন্দ্র তাঁহাকে পরমান্ন প্রদান করিবেন। তথন দীতা দেই পরমান্নের অগ্রভাগ তাঁহার জীবিত অথবা মৃত পতি ও দেবরের উদ্দেশ্যে উৎসর্গ করিয়া ভূতলে স্থাপন করিবেন। পরে রামের দূতগণ দীতার অন্বেষণে এইস্থানে আসিলে তিনি আমাকে তাহাদিগকে সীতার সন্ধান বলিয়া দিতে আদেশ করিয়াছিলেন। এবং আরও বলিয়াছিলেন যে যথন সেই দতেরা আমার নিকট সে বিষয় অবগত হইবে তথনই আমি পুনরায় পক্ষম্বয় লাভ করিব। আমি আমার পুত্রকে তিরস্কার করিয়া विनियाहिलाम, "जुमि यथन महर्षितन्त्र मृत्थ अनियाहित्ल त्य "अछ ताम, সীতা বিরহিত হইলেন" তথন কেন তাঁহার উদ্ধারদাধন কর নাই? অতএব আমার প্রতি দশরথের যেরূপ স্নেহ ছিল, তুমি আমার পুত্র হইয়া তদক্ররপ প্রিয়কার্য্য সম্পাদন কর নাই।" বানরদিগের সহিত এইরপ কথোপকথন করিতে করিতে পুনর্কার সম্পাতির পক্ষয় উদ্গত হুইল, এবং সম্পাতি গিরিশিখর হুইতে উৎপতিত হুইল। তখন বানবেরা হাইচিত্তে উল্লক্ষন পূর্বাক গর্জন করিতে করিতে সমুদ্রতীরা-ভিমুখে যাইতে লাগিল।

পরে বানরগণ কিরূপে দেই শত যোজন সমুদ্র উত্তীর্ণ হইয়া লঙ্কায় যাইবে চিন্তা করিয়া পরস্পারের লম্ফনের সামর্থ্য বিষয়ে বলাবলি করিতে লাগিল। অঙ্কদ বলিল সে একশত যোজন যাইতে পারে কিন্তু প্রজাবর্ত্তন করিতে পারিবে কিনা সে বিষয়ে তাহার সন্দেহ আছে। তথন বুদ্ধ জাম্ববান হন্মমানকে নীরবে থাকিতে দেখিয়া তাহাকে বলিলেন "ত্মি পুঞ্জিকস্থলানামী শাপভ্রষ্টা অঞ্জনা বানরীর গর্ভে পবনের ঔরসে জন্মগ্রহণ করিয়াছ, তোমার পিতার ন্যায় তোমার শক্তি আছে, স্থতরাং তুমিই কেবল এই হস্তর সাগর পার হইয়া সীতার অহসন্ধান করিয়া প্রত্যাবর্ত্তন করিতে সমর্থ। তথন হতুমান পর্বতাকার ধারণ ক্রিয়া সমুদ্র মধ্যস্থ মহেন্দ্রপর্কতের উপর আসীন হইয়া একলন্ফে লঙ্কায় পৌছিয়া সমস্ত অট্রালিকা অমুসদ্ধানের পর যথন শীতার সাক্ষাৎ পাইল না তথ্য অশোক্রনে গ্রম করিয়া ইতন্ততঃ নিরীক্ষণ করিতে করিতে শিংশপা বৃক্ষের নিম্নে একটা মানবীকে দণ্ডায়মান দেখিতে পাইল। হতুমান লঙ্কায় যাইয়া পুনরায় নিজ স্বাভাবিক বানর মৃতিই পরিগ্রহ ক্রিয়াছিল। স্থতরাং সে অনায়াসে সেই বুক্ষোপরি আসিয়া সীতাকে দেখিতে লাগিল। ঋষ্তমৃক পর্বত হইতে সীতাকে দূর হইতে দেখিতে পাইয়াছিল, সেইজন্ম ঠিক চিনিতে না পারিয়া. সেই সীতানিক্ষিপ্ত কোষেয় উত্তরীয়খানি যাহা সে কিন্ধিলা হইতে আনিয়াছিল তাহাই সীতার নিকট নিক্ষেপ করিল। তথন সীতা তাঁহার দেই নিক্ষিপ্ত বস্ত্রথানি চিনিতে পারিয়া রক্ষোপরি উপবিষ্ট বানরকে নীচে ডাকিলেন। হমুমানও তথন তাঁহার গাত্রে অগু কৌষেয় বসন দেখিতে পাইয়া ठाँशांक मौठा विनियारे श्वित कतियां तुक रहेरा व्यवजीर्व रहेन। সীতা বৃঝিতে পারিলেন তিনি যে অভিপ্রায়ে এই উত্তরীয় বানরদের উদ্দেশ্যে নিক্ষেপ করিয়াছিলেন তাহা ফলপ্রস্থ হইয়াছে। রাম তাঁহার অয়েষণ করিতে করিতে এই বানরদিগকে দেখিতে পাইয়া তাহাদিগের সহিত মিত্রতা করিয়া তাঁহার অয়েষণের জন্ম কোঁষের বস্ত্র সহিত এই বানরকে পাঠাইয়াছেন। পরে তাহার অঙ্গুলিতে রামের নামার্কিত অঙ্গুরি দেখিতে পাইয়া সে বিষয়ে ক্লতনিশ্চয় হইয়া সেই অঙ্গুরির পরিবর্ত্তে নিজ শিরোরত্র হছমানকে দিলেন। হছমান তথা হইতে প্রস্থান করিয়া রাবণকে দেখিবার জন্ম স্থানে স্থানে অয়েষণ করিতে লাগিল। তথন লক্ষাবাসী রাক্ষসেরা তাহাকে ধরিয়া রাবণ সকাশে লইয়া গেল। রাবণ তাহার লাঙ্গুলে তৈলসিক্ত কার্পাস বস্ত্র জড়াইয়া তাহাতে অয়িসংযোগ করিলে হছমান লক্ষপ্রদানে লক্ষার গৃহে গৃতে পতিত হওয়াতে সমন্ত লক্ষাপুরীর স্বর্ণ অট্টালিকাদি দম্বীভূত হইল, পরে হয়্মান সমৃদ্র আসিয়া সমৃদ্র মধ্য দিয়া প্রত্যাবর্ত্তন করিল।

"দর্শয়িত্ব। বলং ঘোরং বৈদেহীমভিবাদ্য চ। প্রতিগন্তং মনশ্চক্রে পুনর্শ্বধ্যেন সাগরম্॥"

সমুত্রতীরে উপস্থিত হইয়। সমস্ত বানর সহ হয়্মান কিছিদ্ধায় প্রত্যাবর্ত্তন করিলে রাম হয়্মানের নিকট সেই সীতাদন্ত শিবোরত্ব মণি দেখিয়া তাহ। চিনিতে পারিলেন, এবং ব্রিলেন এই ব্দিমান্ বানর হয়্মান সীতার দর্শন পাইয়াছে। পরে য়্থীব সমস্ত বানরসেনা সংগ্রহ করিলে, তাঁহারা সেই বানর কটক সহ সমুত্রতীরে উপস্থিত হয়য়া সেই ছন্তর সাগর অতিক্রমের চিন্তা করিতে লাগিলেন।

অতঃপর আমরা মৃক বানর কর্তৃক মহুয়বোধ্য কথা বলা অসম্ভব ব্ঝিয়াই শুধু তাহাদের কাধ্যকলাপের প্রণালী দেখাইতে চেষ্টা করির। অবশ্য বিষ্ণু অবতার রামের পক্ষে দেবতা বংশীয় বানরদের মহুয়-জনোচিত কেন, দেব-ভাষাতেও কথা বলা সম্ভব এবং বিষণুষ্

জ্ঞানে রামের তাহা অবোধাই বা হইবে কেন? কিন্তু আমরা যথন ঐতিহাসিক মন্ত্রয় রামেরই আলোচনা করিতেছি তখন সে প্রশ্ন উঠিতেই পারেনা। যাহারা রামায়ণের রামকে দেই ভাবেই গ্রহণ क्रियन जाँशाम्बर এই बालाइना व्यवश्रेष्ट मनः शुरू हरेय ना। বর্ষাকালের অপগমে শরংকাল উপস্থিত হইলে, রাম সীতা বিরহে অত্যন্ত অধীর হইয়া যেরূপ বিলাপ করিয়াছিলেন তাহার আদিরসাত্মক বর্ণনা বাল্মীকি মমুদ্র রামের উক্তির যোগ্যরূপেই বিবৃত করিয়াছেন। তথন লক্ষ্মণ তাঁহাকে অনেক্রমে প্রবোধ দিলে, রাম তাঁহাকে স্থগীবের वामुद्धारम পাঠाইলেন। স্থशीय তথন মদোন্মত হইয়া বানরীদের স্থিত বিহার করিতেছিল। সেই সময় লক্ষ্মণকে ক্রুদ্ধাবস্থায় ধ্রুক্রাণ হন্তে অতর্কিতে তথায় উপস্থিত হইতে দেখিয়া, স্থাীব অতিশয় সম্ভস্ত হইল এবং ভয়ে কাঁপিতে লাগিল। তথন লক্ষ্মণ সেই বানরীকে দেখিয়া তাহার গাত্রে সেই সীতা নিক্ষিপ্ত কৌষের উত্তরীয়খানি জড়াইয়া দিয়া তাহাকে বলপ্রবক টানিয়া লইয়া দূরে কোন অন্তরালে রাথিয়া আসিয়া, হুগ্রীবকে সঙ্গে লইয়া সেই লুকায়িত বানরীর অমুসন্ধান করিবার ভাণ করিয়া দেখাইলেন। তখন স্থাীব বঝিল ভাহাঁকে কি করিতে হইবে। অর্থাং দে যে বানরীর সহিত বিহার করিতেছিল, তাহাকে লক্ষ্মণ বলপূর্ব্বক হরণ করিয়া লইয়া যেন সেই কোষেয় বন্ত্রপরিহিতা নারীর রাবণ কর্তৃক বলপূর্ব্যক হরণই ইঙ্গিতে দেখাইলেন এবং পরে তাঁহাকে খুঁজিয়া বাহির করিবার ছলে সীতার অন্নসন্ধানই যে তাহাকে করিতে হইবে, ইহাই ইন্ধিতে তাহাকে দেখাইলেন। সে তথন তাহার বানর সহচরদিগকে তাহা তাহাদের জাতীয়ভাবে বুঝাইয়া দিল। অঙ্গদ ও হহুমান স্ক্রাপেক্ষা বলশালী বানর হওয়াতে তাহাদিগকেই

সেই বৃহৎকায় পুরুষের (রাবণের) সমকক্ষ প্রতিদ্বদী বিবেচনা করিয়া তাহাদিগকে সেই পূর্ব্বদৃষ্টা বলপূর্ব্বক নীতা কৌষেয় বন্ত্রপরিহিতা নারীর অন্বেষণ জন্ম দক্ষিণদিগাভিম্থে যাইতে ইঙ্গিত করিল। হত্নমান পুর্বের দেই নারীকে দেখিয়াছিল, তাই তাহার নিকট সেই কৌষেয় বস্ত্রখানি দিলে, রাম তাহা তাহার গাত্রে জড়াইয়া দিলেন এবং নিজের নামাঞ্চিত অঙ্গুরি তাহার অঙ্গুলিতে পরাইয়া দিলেন। তাহারা বিদ্যাগিরির নানাস্থানে অবেষণ করিয়া তঞার্ত্ত হইলে জল অন্বেষণ করিতে করিতে দেখিতে পাইল সেই পর্ব্বতের একটা বৃহৎ স্থরন্ধমুখ হইতে বহু জলচর পশী জলাদ হইয়া বাহিরে উড়িয়া আসিতেছিল, কেননা তাহাদের দেহ হইতে বিন্দু বিন্দু জলকণা ইতত্তভঃ নিশ্দিপ্ত হইয়াছিল। তাই তাহারা জলাশয়ের অন্বেষণে সেই স্থবকে প্রবেশ করিল। কিছুদূর যাইয়া তাহারা ঘোর অন্ধ-কারে আচ্ছন্ন দেই স্করন্ধের অভ্যন্তরে পথহারা হইয়া নির্গত হইতে না পারিয়া অনেক দিন কাটাইল। তাহাদের ভাগ্যবশাৎ দূরে তাহারা একটা আলো দেখিতে পাইল। দেই আলোটা গতিশীল ছিল অর্থাৎ যেন চলিয়া যাইতেছিল। তাহাই অহুসরণ করিয়া তাহারা স্বরন্ধের অপরপার্শস্ত স্থানে উপনীত হইয়া বহির্গমন করিয়াই দুরে সম্মুর্থে সমুদ্র দেখিতে পাইল আর পশ্চাতে সেই বিদ্বাগিরি ষাহার অভ্যন্তরে তাহার। স্বরন্ধ-দার দিয়া প্রবেশ করিয়াছিল। এই षालाहे त्नहे खग्नः श्राच्या नामी जनस्मिनी, याहारक बालगा वरल। ভিজে সঁয়াত সঁয়াতে স্থানে, সেই স্থানের পদার্থ পচিত ইইয়া যে গ্যাস বা বায়ু জন্মে তাহা সময় সময় স্বতঃপ্রজ্ঞলিত হওয়াতে এইরূপ পার্ব্বতীয় স্থারকের ভিতরে বা জলসিক্ত কাস্তারে (marshy land) কথন কথন দেখিতে পাওয়া যায়। সেই স্বরন্ধাভান্তরে তাহারা বছদিন অনাহারে ক্ষধার্ত ও জলাভাবে তৃষ্ণার্ত হইয়া হর্বলদেহে মৃতকল্প অবস্থায় সমুদ্র তীরে উপনীত হইল এবং সেই বেলাভূমিতে শয়ন করিয়া করুণ আর্ত্তনাদ করিতেছিল। সেই বানরদের করুণ আর্ত্তনাদ শুনিয়া গিরিশিথরস্থ গুহা হইতে বার্দ্ধকা বশতঃ ঝরিতপক্ষ মাংদাশী বৃদ্ধ শকুনি বাহির হইয়া তাহাদিগকে তদবস্থ দেথিয়া সমূথে নিকটে আহার্য্য পদার্থ প্রাপ্তির সম্ভাবনাতে ও তাহার উডিবার শক্তির অভাবে অসামর্থাবশতঃ, লোলুপ দৃষ্টিতে তাহাদিগকে নিরীক্ষণ করিতেছিল। এদিকে বানরেরাও তাহাকে দেখিয়া অতিশয় ভীত হইল: তাহাদের মনে হইল তাহারা তো দেহের হুর্বলতা বশতঃ উত্থান শক্তি বহিত, এরপ অবস্থায় ঐ মাংসাশী বৃহৎ শকুনি একে একে তাহাদিগকে ভক্ষণ করিবে। তথন তাহারা আর চীৎকার না করিয়া মৃত অবস্থাতেই পড়িয়া রহিল। এইরূপে অনেক সময় কাটিয়া গেল। যথন তাহারা প্রত্যেক মুহর্ত্তেই ভাবিতেছিল এই বুঝি শকুনি তাহাদের উপরে পড়ে, তথন সে কেন আসিতেছেনা, আর তাহারাই বা কতক্ষণ আদন্ন মৃত্যুর অপেক্ষায় এরপ সংশয় চিত্তে থাকিতে পারে, তাই কৌতৃহলী হইয়া তাহাদের মধ্যে সর্কাপেক্ষা অল্পবয়স্ক বানর অঙ্গদ, তাহার অবসন্ন দেহকে চেষ্টা করিয়া কিঞ্চিৎ সবল করত: ধীরে ধীরে সেই পর্বতের শিথরে আরোহণ করিল। অঙ্গদ = অঙ্গং ममाणि ইতি। अझ+मा+७= क्रिशेजि, अङ्गर्राि । अर्थार क्रिशे করিয়া শরীরের গতি করা। সে যুবরাজ অল্লবয়স্ক, তাই তাহার নাম অঙ্গদ দেওয়া হইয়াছে।

যথন অঞ্চদ পর্বাতশিধরে উঠিল তথন সে দেখিতে পাইল সেই শকুনি ঝরিতপক্ষ হওয়াতে উড়িতে অশক্ত, আর তথনই তাহার দৃষ্টি গোচর হইল সমুদ্রের মধ্যে দূরে একটি পর্বতোপরি দ্বীপ। এই গিরি

শিখরে না উঠিলে, ভূমিতল হইতে এই দ্বীপ দৃষ্টিগোচর হইবার সম্ভব ছিলনা। সে আরও দেখিতে পাইল সেই দ্বীপ হইতে আর একটা শকুনি উড়িয়া আদিতেছে। তাহাকে দেখিয়া দে অন্তরালে লুকাইল। কুত্তলপ্রিয় বানর দেখিতে লাগিল সেই উড্ডীয়মান শকুনি সেই বুদ্ধ শকুনির নিকট অবতীর্ণ হইয়া, তাহার মুখের মধ্যে নিজ চঞ্চপ্রবেশ করাইয়া তাহাকে যেন কি আহার প্রদান করিতেছে, আর তাহার মথ হইতে দেই আহার্য্য দ্রব্যের কিছু কিছু অংশ নীচে পড়িতেছে। পাথীরা তাহাদের শাবকদের জন্ম আহার সংগ্রহ করিয়া নিজ কণ্ঠনালীম্ব থলিয়াতে (pouch) জমাইয়া রাথে এবং তাহাই উদ্গীরণ করিয়া শাবকের মুখাভ্যন্তরে নিজ চঞ্চু সাহায্যে প্রবেশ করায়। আহার করান শেষ হইলে, সেই দিতীয় অল্পবয়স্ক শকুনি অন্তত্ত উড়িয়া ঘাইলে, অঙ্গদ কৌতৃহলী হইয়া সেই স্থানে যাইয়া দেখিতে পাইল সেই শকুনির মুখভ্রষ্ট আহার্য্য পদার্থ পক অন্ন। স্থতরাং সে ইহা ব্ঝিতে পারিল যে এই দ্বিতীয় অল্পবয়স্ক শকুনি এই বৃদ্ধ শকুনির শাবক এবং দেই ইহার আহার্য্য সংগ্রহ করে, এবং দে যথন ঐ দ্বীপ হইতেই উডিয়া আসিতেছিল তথন দেখান হইতেই ইহা সংগ্রহ করিয়াছে। এই বানরেরা বহুদুর ভ্রমণ করিত এবং অনেক তপস্বীদের আশ্রমেও ্যাইত। এই তপস্বীদের আশ্রমে তাহারা তপস্বিনীদের কর্তৃক এইরূপ পরুআন প্রস্তুত হইতে দেখিয়াছে এবং সম্ভবতঃ কোন কোন তপস্বিনী তাহাদিগকে স্নেহভরে তাহা আহার করিতেও দিয়াছে। তাই তাহার বৃদ্ধিতে যথন আদিল এ দ্বীপ হইতে এই শকুনি এই অনু সংগ্রহ করিয়াছে, তথন কোন মহুয়াজাতীয়া তপস্থিনী নারী সেথানে অবশ্যই আছে। তাহারা তথন বুঝিতে পারিল, তাহা इंट्रेंटल प्रिटे कॉनवर्ग वृहमोकांत्र शूक्य य नातीरक वनशूर्वक नहेशा

ষাইতেছিল, যাহা তাহার রোদনে ও হস্তপদ স্ঞালনে তাহারা বুঝিতে পারিয়াছিল, দেই নারী ঐ দ্বীপেই আছে। কেন্না তাহারা জানিত রাক্ষসজাতীয় প্রাণীরা মাংদাদিই ভক্ষণ করে, অন্নপ্রস্তুত করিতে জানে না। অঙ্গদ হ্মুমানকেও পর্বতশিখরোপরি ডাকিয়া লইয়া গিয়াছিল এবং হতুমানও এই সমস্ত প্রত্যক্ষ করিয়াছিল। তথন তাহারা প্রস্রবণের জলে তৃষ্ণানিবারণ করতঃ বনজাত ফলমূলে ক্ষধার শান্তি করিয়া দেই দীপে কিরূপে সম্ভরণ দ্বারা যাওয়া যাইতে পারে এবং কে কতদুর পর্যান্ত সন্তরণে গমনক্ষম তাহাই নিজেদের মধ্যে পরীক্ষা করিতে লাগিল। সমুত্রমধ্যে কিয়দ্র পর্যান্ত সন্তরণে গমন করিয়াই দমত বানর ফিরিয়া আদিয়া তাহাদের অদামর্থ্য ८ एथारेल। उथन रुप्यान मुख्यर्ग भात रहेगा स्मेर चौर्भ भी छिल। **শে**থানে সে তল্প করিয়া কুটিরে কুটিরে সীতার অল্লেষণ করিয়া শেষে অশোকবনে সীতার দেখা পাইল। তথন সীতাকে, তাহার হস্তম্ব কৌষেয় বন্দ্র দেখিয়া ও শীতার পরিহিত বন্দ্রের সহিত তাহার সৌসাদ্র দেখিয়া, সে চিনিতে পারিল। তারপর সীতা তাহার হস্তাঙ্গুলিতে রামপ্রদত্ত অঙ্গুরি দেখিয়া নিজের নিদর্শনস্বরূপ শিরের অলঙ্কার মণি দিলেন। হতুমান কুতূহলবশতঃ সেই কালবর্ণের वृष्ट्रमाकात शूक्ररषत मन्नान कतिए याहेशा ताक्रमरामत हरछ धृष्ठ हहेरल, তাহারা তাহার লাঙ্গলে কিছু দাহ পদার্থ বাঁধিয়া তাহাতে অগ্নিসংযোগ করিল। তথন দেই অগ্নির জলনে কাতর হইয়া হতুমান সমুদ্রের জলের উদ্দেশে এক কুটিরের চাল হইতে অগু কুটিরের চালে লক্ষপ্রদানে গমন করিবার সময় লঙ্কার সেই তুণাচ্ছাদিত স্বর্ণাট্রালিকা সমস্ত দগ্ধ হইল। হতুমান সমুদ্রজলে পতিত হইলে তাহার লাঙ্গুলাগ্নিও নিৰ্কাপিত হইল।

সেই শাবক শক্নিটী যথন আহার সংগ্রহার্থ অধােমুখে শুন্তে উড়ীয়ুমান অবস্থায় অপেক্ষা করিতেছিল তথন সে রাবণক্রোড়ে সেই ক্ষুদ্র মনুয়জাতীয় কোমলদেহ প্রাণীটিকে দেখিয়া তাহাকে ভক্ষণার্থ লইবার জন্ম তাহার (রাবণের) পশ্চাৎ পশ্চাৎ উড়িয়া ষাইতেছিল। রাবণ, হয় সম্ভরণে দীতাকে ধরিয়া লইয়া যাইতেছিল অথবা বৃহৎ কাৰ্চখণ্ডে খোদিত জল্মানে (ডোঙ্গা বা Canoe) সীতাকে স্থাপিত করিয়া লইয়া যাইতেছিল। এখনও সমুদ্রমধ্যে দ্বীপবাদীরা ঐব্ধপ নৌকাই ব্যবহার করে। রাবণের হস্তস্থিত নৌকাচালন করিবার দীর্ঘ বংশ (নগি) পুনঃ পুনঃ দঞালিত হওয়াতে সেই শকুনিশাবক সীতাকে ছোঁ মারিয়া লইবার স্থবিধা পাইতেছিল না। তারপর রাবণ যথন সীতাকে লন্ধার কুটিরাভ্যন্তরে লইয়া গেল তথন আর তাঁহাকে ধরিবার কোন স্থযোগ না পাইয়া সে বিফলমনোরথে যেন রিক্তহন্তেই ফিরিয়া আদিয়া যেন বাপকর্তক তিরস্কতই হইল। রাবণ যথন দীতাকে লইয়া দেই স্থরঙ্গের অভান্তর হইতে বিশ্বাগিরির নিমদেশে উপস্থিত হইয়াছিল তথন সম্পাতিও তাহার ক্রোডে সীতাকে দেখিতে পাইয়া আশা কবিয়াছিল তাহার শাবক নিশ্চয়ই সেই কোমলদেহ প্রাণীটীকে ধরিয়া তাহার আহারার্থ লইয়া আদিবে. তাই বলা হইয়াছে সম্পাতিও রাবণক্রোডে দীতাকে নীতা হইতে দেখিয়াছিল। রাবণ দেই বিদ্ধা-পর্বতের স্বরন্ধের অভান্তর দিয়াই তাহার অপর পার্শ্বে যাতায়াত কবিত। সেই লক্ষাদ্বীপবাসীরা ঐ পথ জানিত এবং আলো বা অগ্নি জ্ঞালাইয়া তাহাদের পথ দেখিয়া লইত। সেদিন নিরাশ হইয়া ফিরিয়া আসিলেও সেই শাবকশকৃনি সীতাকে ধরিবার লোভে তৎপর দিনও সেই দ্বীপে যাইয়া স্বযোগ অন্বেষণ করিতে লাগিল। সীতা

কুটির পরিত্যাগ করিয়া বৃক্ষতলে বৃদিয়া আহারার্থ অন্ন দিদ্ধ করিয়া তাহার কতক পরিমাণ স্বামী ও দেবরের উদ্দেশে নিক্ষেপ করিয়াছিলেন। ভমিতলস্পাশী নিম্নাথায় আচ্ছাদিত থাকা বশতঃ শকুনি তাঁহাকে ছোঁ মারিয়া এহণ করিতে সমর্থ না ইইয়া সেই নিক্ষিপ্ত **অন্ন**ই সংগ্রহ করিয়া তাহার পিতার জন্ম লইয়া গেল। বুদ্ধ শকুনি সেই উপাদের থাত, মাংদের পরিবর্তে, পাইয়া যেন তাহার হর্ষই প্রকাশ করিল। তাই তাহার শাবক দিনের পর দিন সেই দ্বীপ হইতে তাহার পিতার জন্ম আরু সংগ্রহ করিয়া লইয়া আসিত। এদিনও যথন সে ঐ দ্বীপ হইতে আসিতেছিল তথন অঙ্কদ তাহাকে দেখিতে পাইল, তারপর যাহা হইল তাহা উপরে বর্ণিত হইয়াছে। জটায়ও বুদ্ধ, তাহার ভাতাও বুদ্ধ। তাহারা উভয়ে, ইন্দ্র বুত্র বধ করিলে তাঁহাকে জয় করিতে স্বর্গে ঘাইয়া দগ্ধ হইয়া দগ্ধপক্ষ হইয়াছিল। ইতিপর্কের আমরা যে, জটায়র রাজা দশরথের বন্ধ হইবার কারণ দেখাইয়াছিলাম, যে তাহাদের পক্ষে বজ্রপাত হইবার জ্ঞ রাজার জীবন রক্ষা হইয়াছিল, এখানে তাহা প্রমাণিত হইল। আবার সম্পাতিও বলিল সে রাজা দশরথের বন্ধ। জটায়ূরপ দূরদর্শনে রাম সীতার তথ্য অবগত হইয়াছিলেন আবার সম্পাতিরূপ দুরদর্শনে বানরেরাও সীতার তথা জানিবার স্থ্র প্রাপ্ত হইল। তাই সম্পাতিও প্রকারান্তরে রামের উপকার করিল। এই পাথীর নাম সম্পাতি দেওয়া হইল কেন ? সম্পাতি—পত ধাতু পতনে সং সমাক্ প্রকারে যাহার পতন হইয়াছে। পক্ষী থেচর, শুলেও উড়ে আবার ভূমিতলেও পতিত হয়। এই বৃদ্ধ জরাগ্রন্থ গুধের পক্ষম্বয় পালকশৃত্য হওয়াতে সে উড়িতে পারিত না। সে উড়িতে পারিতেছে না কেন তাহাই দেখিবার জন্ম যদি অঙ্গদ পর্বতশিখরে না উঠিত তাহা হইলে

তাহারা সমুদ্রমধ্যে দ্বীপও দেখিতে পাইত না। তাই সম্পাতি নাম দেওয়ার উদ্দেশ্য। আবার স্থপার্য অর্থাৎ যাহার পার্য বা পক্ষদ্ব স্থ বা শক্তিশালী। নতুবা সে প্রতাহ সেই দূর সমুদ্রন্থিত দ্বীপ হইতে উড়িয়া আসিতে পারিত না। আর সম্পাতি যে ইন্দ্রন্থ পর্মান্নের কথা বলিয়াছিল তাহাও সে আনিতে না পারিলে অঙ্গদের দৃষ্টিতে তাহা আসিত না। তাই বাল্মীকি এই 'ঘোরান ফেরান' (round about) আখ্যায়িকায় পশুপক্ষীর ভাষণে প্রকৃত কার্য্য, যে কিরূপ স্বাভাবিকভাবেই সাধিত হইয়াছিল তাহাই দেখাইলেন।

বানরেরা বলিয়াছিল স্থগ্রীব দত্ত মেয়াদ আধিন মাস তাহাদের গত হইয়াছে এবং বদন্ত কালের আগমনের চিহ্ন সকল দেখা যাইতেছে। তাহা হইলে ইহাই প্রতিপন্ন হয় যে শরংকালে লন্ধার যুদ্ধ ও রাবণ বধ হয় নাই। কেননা বানবেরা জ্বতগামী হইয়াও একমাদে সমুদ্রতীরে আসিয়াছিল। তাহাদের প্রত্যাবর্ত্তন করিতেও প্রায় সেইরূপ সময় কাটিয়াছিল, তারপর রাম পদবজে আবার এই পথ অতিক্রম করিয়াছিলেন। এই যুদ্ধ কোন সময়ে হইবার সম্ভব তাহা আমরা পরে বিশেষরূপে আলোচনা করিব। বলবান যুবক অঙ্গদ কেন সমুদ্র লজ্যন করিতে সমর্থ হইল না। আর হতুমান <u>সেই সমুদ্র সম্ভরণে পার হইল তাহার প্রকৃত রহস্থ আমরা পরে</u> ভেদ করিব। উপস্থিত বানর হত্তমান, কেন এত শক্তিশালী ও তাহার নামই বা বাল্মীকি হতুমান রাখিলেন কেন তাহাই আমরা तिथारेव। याहात रह आएइ तिरे रहामान। रह अपर्थ উक्त कांग्रालवा, নাদিকার তুই পার্শ্বে তুইটী-উচ্চ অস্থি আছে তাহারই নাম হতু। অন্ত বানরজাতীয় প্রাণীর এই হতু নাই। এই হতুদ্ব মতুয়েই আছে। তাই মহুয়া, বাকা নানারূপে উচ্চারণ করিতে পারে।

অর্থাৎ মুথের অভ্যন্তরের উপরিভাগে এই উচ্চ চোয়াল থাকাতেই তাহা প্রশন্ত ও গোলাকার এবং তাহারই জন্ম, মনুয়ের বাকোর নানারূপ উচ্চার্ণ বশতঃ বিবিধরূপ শব্দের বিন্যাস হয়। বানরদের এই উচ্চ চোয়াল না থাকাতে তাহারা মাত্র কিল কিল কিচকিচ শব্দ করিতে পারে। যদি ভারউইনের (Darwin) ক্রম বিবর্তনে নানারপ ক্রমোলত জীবের উদ্ববাদ সত্য হয়, তাহা হইলে বানরের পরেই এই উচ্চ চোয়াল্ছয় সম্পন্ন জাতীয় প্রাণী বানর ও মহয়জাতির মধাবতী অবস্থা প্রকাশক বিবর্ত্তিত জীব, যাহার কোনরপ জীবিত বা কন্ধালের নিদর্শন এখনও প্রত্তত্বিদেরা আবিদার করিতে পারেন নাই। এই হতুমানই দেই অমিল ধারা বা missing link between ape and man. বানর ও মহয়ের মধাবজী জীব। ইহা যে রামায়ণের যুগে ছিল তাহা এই বাল্মীকির বর্ণনাতেই বুঝিতে পারা যায় এবং তাংকালিক দূরদশী ঋষিদের এই বিবর্তন সম্বন্ধে যে জ্ঞান ছিল তাহাই প্রমাণিত হয়। এখন যে বানরজাতিকে তাহাদের কালমুখ দেখিয়া লঙ্কাদগ্ধকারী মুখপোড়া হতুমানের বংশধর বলা হয়, তাহাদের হল বা চোয়াল না থাকাতে তাহারা হলুমানের বংশধারা নহে। ইহা কীর্ত্তিবাদ আদি অত্যাত্ত বাল্মীকির মূল রামায়ণের বিক্বতিকারক কবিদের কল্পনাপ্রস্ত, কেননা হতুমানের লাঙ্গুলের প্রজ্জলিত অগ্নি মূথে পুরিয়া তাহা নির্বাপিত করিবার কথা বালাীকি রামায়ণে কোথাও উল্লিখিত হয় নাই। এই মুখপোড়া, সাধারণ বানবেরই অন্ত প্রকার জাতি। অগ্লিদগ্ধ পোড়ামুথ একটা জাতিতে সংক্রমিত হইতে পারেনা। এই হুমুদ্র যাহার মহান দেই পুরুষ অত্যস্ত বলশালী হয়। তাই বাল্মীকি, রামকেও 'মহাহতু' বলিয়াছেন। এই বানর হতুমানও

অত্যন্ত পরাক্রমশালী ছিল, এবং রামের সহিত যে প্রথম বাক্যালাপ করিয়াছিল তাহাকে রাম সংস্কৃত বা উল্লুত ভাষাই বলিয়াছিলেন, আর এই হন্তমানের কার্যাবলীও প্রায় এরপ ভাবে আচরিত হইয়া-ছিল, যাহাতে তাহাকে প্রায় মহুয়োর তুলাই বলা যাইতে পারে। রাম স্থাীব বানরকেই তাঁহার বন্ধুন্ধপে গ্রহণ করিয়াছিলেন, কেননা দে দেই বানর দলের যুথপতি ছিল। উপকারী বন্ধুরই গলা জড়াইয়া আমরা তাহাকে বন্ধ সম্ভাষণ করি। তুর্বলপদ ব্যক্তি চলিতে অশক্ত হইলে অন্ত কাহারও গলা জড়াইয়া ধরিয়া—তাহার সাহায্যে চলিতে সমর্থ হয়। তথন তাহার সাহায্যকারীর গ্রীবা বা গলা তাহার নিকট স্থ হয়। তাই স্থগ্রীব অর্থে বিপদে সাহায্যকারী বন্ধ। স্বাহ্রীব দীতা অন্বেষণের ও উদ্ধারের প্রধান সহায়—যেন তাহার গলা জড়াইয়া ধরিয়াই রাম এই হুন্ধর কার্য্য করিতে সমর্থ হইয়াছিলেন। এই স্থগ্রীব নামের যে অন্ত আর একটা উদ্দেশ্য আছে তাহা ও বালীর নামের রহস্ত আমরা ষ্থাস্থানে দেখাইবার চেষ্টা করিব। আমরা রামের এই ঐতিহাদিক চরিত্রে বাল্মীকির রচনাচাতুর্য্যের দৃষ্টান্ত :মাত্র এথানে দেখাইলাম। সমুদ্র বন্ধন পর্যান্ত এই রূপই দেখাইব, তংপরে জটায়ু হইতে আরম্ভ করিয়া সমুদ্রে সেতৃ বন্ধনের যে অন্ত কি তাৎপর্য্য ও রহস্ত আছে তাহা পরে দেখাইব।

সপ্তদশ পরিচ্ছেদ

সমুদ্র বন্ধন

হতুমান লক্ষা হইতে ফিরিয়া আসিয়া বানরগণসহ কিছিলায় রামের নিকট আসিয়া দেই সীতাদত্ত আভরণ প্রদর্শন করিলে রাম বঝিতে পারিলেন সে শীতাকে দেখিয়া আসিয়াছে। তথন স্থগ্রীবের দহিত সমস্ত বানর কটক লইয়া হতুমান প্রদর্শিত পথে তাঁহারা দক্ষিণাভিমুখে গমন করতঃ সহা ও মলয় পর্বত অতিক্রম করিয়া মহেল পর্বতের শিখরদেশে আরোহণ করিলেন, এবং দমুথে মহাদমুদ্র দেখিতে পাইলেন। তথা হইতে অবতরণ করিয়া দেই বেলা-বনপ্রাপ্ত সমুদ্রতটে বানর দেনাগণকে দলিবেশিত করিয়া দমুদ্র পার হইবার উপায় চিন্তা করিতে লাগিলেন। সমুদ্রতীরস্থিত বানরদের ভীষণ কোলাহলে সমুদ্রতট প্রতিধ্বনিত হইয়া উঠিল। এদিকে রাবণ বুঝিতে পারিল যে রামই হন্তমানকে দীতার দন্ধান জন্ম প্রেরণ করিয়াছিলেন, এবং তিনিই বানর সৈত লইয়া সমুদ্রতীরে উপস্থিত ইইয়াছেন। তথন তাহার ভাতা বিভীষণ তাহাকে অনেক ব্যাইয়া বলিল যে রামের সহিত বিবাদ না করিয়া তাঁহাকে সীতা প্রতার্পণ করাই বিধেয়। বলদর্পিত রাবণ বিভীষণের কথা উপেক্ষা করিয়া তাহাকে লঙ্কা হইতে দূরীভূত করিল। বিভীষণ শূন্তপথে রামের নিকট আসিয়া তাঁহার সহিত মিত্রতা করিল। তৎপরে রাবণ একটা শুকপক্ষী রূপধারী রাক্ষসকে স্থগীবের নিকট প্রেরণ করিল। সে রাবণের শিক্ষিত

মতে তাহাকে বলিল "হুগ্রীব! তুমি রামের সাহায্য করিলে তোমার কোন সম্পদ বৃদ্ধি হইবে না এবং না করিলেও বিপদের আশকা নাই। বানরের তো কথাই নাই, দেবতাগণও মিলিত হইয়া লকায় প্রবেশ করিতে পারে না। স্থতরাং তোমার কিন্ধিন্ধায় ফিরিয়া য়াওয়া উচিত।" এই শুকরপী রাক্ষ্য পরে বানরগণ কর্তৃক নিগৃহীত হইয়া শৃত্যপথে লক্ষায় প্রত্যাবর্ত্তন করিয়া রাবণকে সমস্ত বিবরণ বলে। রাম সমুদ্র লক্ষ্যনের চিন্তা করিয়া য়থন কোনরূপ উপায় উদ্ভাবন করিতে পারিতেছেন না, তথন বিভীষণ স্থগ্রীবকে লক্ষ্য করিয়া রামকে বলিল "আপনি সমুদ্রের শরণাপন্ন হউন্। তাহা হইলে এই অপ্রমেয় মহামতি মহাসমুদ্র নিজের সগর হইতে উংপত্তির কারণে আপনাকে (রামকে) আপনজ্ঞাতি বিবেচনা করিয়া, অবশ্যুই আপনার কায়্য সাধন করিবেন।"

"সমুদ্রং রাঘবো রাজা শরণং গ্রুমইতি।
থানিতঃ সগরেণাগ্যপ্রমেয়ামহোদধিঃ॥
কর্তুমইতি রামস্ত জ্ঞাতেঃ কার্যাং মহামতিঃ॥"
সগর কর্তৃক থনিত মহাসাগ্র নিজ্জ্ঞাতি রামের কার্য্য অবশ্তই সাধন
কবিবেন।

পরে রাম সমুদ্রের বেলাভূমিতে কুশাদন বিন্তীর্ণ করিয়া সমুদ্রের নিকট বর প্রার্থনার্থ কৃতাঞ্জলিপুটে প্র্মুখ হইয়া নিজুবাছকে উপাধান করতঃ সমুদ্রতীরে শয়ন করিয়া মুনিবৃত্তি অবলয়ন করিলেন। তাঁহার এইরপ শয়নাবস্থায় তিন রাত্রি অতিবাহিত হইল। "অঞ্চলিং প্রাত্মবো কৃতা প্রতিশিশ্যে মহোদধেং॥" নীতিজ্ঞ রাম এইরপে ত্রিরাত্র বাসকরতঃ সমুদ্রের উপাদনা করিলেন। কিন্তু মন্দ বৃদ্ধি সাগর, ব্রতাবলধী রাম কর্তৃক সমাক পূজিত হইয়াও তাঁহাকে দর্শন না দেওয়ায়, তিনি সমুদ্রের উপর বিষম ক্রুদ্ধ হইলেন। তৎপরে রক্তবর্ণ চক্ষুতে

তিনি লক্ষণকে বলিলেন "সমুদ্ৰ যথন এতাবৎকাল মধ্যে আমাকে দৰ্শন দিল না, তথন বোধ হয় তাহার গর্ক হইয়াছে। আমি অভ স্বুমহৎ যুদ্ধ করিয়া সমুদ্রকে শোষণ করিয়া ফেলিব"। তৎপরে তিনি ধহুর্ব্বাণ ধারণ করিয়া সমুদ্রের উদ্দেশ্যে শর সকল নিক্ষেপ করিতে লাগিলেন। তথন সৌমিত্রি লক্ষ্মণ তাঁহাকে না না শব্দে নিষেধ করিয়া তাঁহার ধন্ত ধারণপর্কক বলিলেন "আপনার ন্যায় ব্যক্তির ক্রোধপরবশ হওয়া অত্নচিত। স্বতরাং সমুদ্রের প্রাণীসকলকে এইরূপ সংক্ষর না করিয়া স্ক্ষবৃদ্ধি দারা অন্ত কোন উপযুক্ত উপায় স্থির করুন।" "ভবিদ্ধাঃ ক্রোধ বশং ন যান্তি দীর্ঘং ভবান পশুতু সাধুবৃত্তং ॥" লক্ষ্ণের এই কথা শুনিয়া রাম সাগরকে বলিলেন "আমার বাণসমূহ দারা বারিরাণি নির্দক্ষ হইয়া পরিশুদ্ধ হইলে, তোমার প্রত হইতে ধলিপটল উথিত হইতে থাকিবে, তথন এই বানর সকল তোমার উপর দিয়া পদব্রজেই প্রপারে যাইবে। তুমি আমার পৌরুষ বুঝিতে পারিতেছ না।" এই বলিয়া রাম বান্ধমন্ত্রে অভিমন্ত্রিত করিয়া ব্রহ্মদণ্ডনিভ বাণ, ধহুতে যোজনা করিলেন। তথন মহাসাগর উর্মির বেগবশতঃ এত বেগশালী হইল ষে বেলাভূমি অতিক্রম করিয়া এক যোজন প্রয়ন্ত উচ্ছলিত হইয়া উঠিল। তথন দেদীপ্যমান মনিরত্ন বিভ্ষণে বিভ্ষিত আঘুর্ণিত তরঙ্কমালা এবং মেঘবায় সমূহে সঙ্কুল সমূদ্র, জলবাশির মধ্যদেশ হইতে স্বয়ং উথিত হইতেছেন দেখা গেল। তথন সমুদ্র রামকে সম্বোধন করিয়া কতাঞ্জলিপুটে বলিলেন "আপনি যেরূপে সমুদ্র পার হইতে পারিবেন তাহার উপায় বলিতেছি। আমি বানরগণের তরণের জন্ম এরপ কৌশল বাহির করিব যে আপনার দেনাগণ সমুদ্র পার হইবার সময় জলজস্তুগণ তাহাদের উপর উপদ্রব করিতে পারিবেন না। এই বিশ্বকর্মা পুত্র নল, তাহার পিতার নিকট হইতে স্ব্রবস্তু-নির্মাণ, সাম্গ্রপ

বর পাইয়াছে। স্থতরাং পিতার ছায় শক্তিশালী এই মহোৎসাহ
বানর আমার উপর সেতু প্রস্তুত করুক, আমি তাহা ধারণ করিব।"
ইহা বলিয়া সাগর অস্তুহিত হইলেন। তথন নলসহ বানরগণ
মহারণ্যে প্রবেশ করিয়া বৃক্ষ সকলকে ভয় ও উৎপাটিত করিয়া
সম্ভূতীরে আনিতে লাগিল। তথন সেই বৃক্ষদারা সেতৃবন্ধন আরম্ভ করিয়া পঞ্চমদিনে সেই সেতু লঙ্কা নিয়স্থ বেলাভূমিতে সংযোজিত
করিয়া দিল। তথন রাম সেই বানরগণ সহ সেই সেতৃর উপর
দিয়া লঙ্কাভিমুথে যাইতে লাগিলে, বহুসংখ্যক বানর সন্তর্গ করিয়া
যাইতে আরম্ভ করিল। অনেকে সেই শত্যোজন দীর্ঘ ও দশ্যোজন
বিস্তৃত সেতৃর উপর স্থান না পাইয়া তীরেই অবস্থিত বহিল।
তথন বানর সেনা নলনির্মিত সেতৃরদ্বারা মহার্ণব পার হইল,
স্থগীব তাহাদিগকে বহু ফলমূল পূর্ণ তীরে সন্ধিবেশিত করিল।

এই সমুদ্র বন্ধনের বর্ণনায় বিষ্ণু অবতার রামের আত্মবিশ্বতিবশতঃ সমুদ্রের উপাসনা, আবার সেই বিশ্বতি অপগমে নিজের বিষ্ণুই জ্ঞানে, তাহাকে শোষণ করিবার শাসনে, সমুদ্রের রন্থাদি বিভূষিত স্বমৃত্তিতে রামের নিকট ক্ষমা প্রার্থনাস্তর বিশ্বকর্মা পুত্র নলের সেতৃবন্ধন যোগ্যতার উল্লেখ ও তাহার শতযোজন দীর্ঘ ও দশযোজন বিস্তৃত সেতৃবন্ধন ইত্যাদি সংস্কার বন্ধ পাঠকের বেশ প্রবাণ্থীতিকর ও বিশ্বাস্থা হইলেও বিবেকবৃদ্ধিসম্পন্ন ব্যক্তির নিকট ইহা আত্মা প্রাপ্ত হয় না। বাল্মীকি তৃইশ্রেণীর প্রোতারই উপভোগ্য করিয়া ইহা বর্ণনা করিয়াছেন। রাম যে বিষ্ণু অবতার তাহা সম্ভবতঃ লক্ষণের অক্সান্ত ছিল। নতুবা তিনি রামের শর্বারা সমুদ্র শোষণ রূপ বাতৃলের কার্য্য দেখিয়া তাঁহাকে প্রকৃতিত্ব হইয়া স্ক্ষবৃদ্ধি দ্বারা ষেরূপে সমুস্তবন্ধন সম্ভব সেই উপায় উদ্ভাবন

করিতে বলিলেন কেন ? স্তরাং মহয়রাম কর্ত্ক কিরুপ মহয়সাধা কার্যায়ার এই সমূদ্রে সেতৃবন্ধন হইয়াছিল তাহা এই বাল্মীকির বর্ণনা হইতেই দেখাইব।

রাম সমুদ্রতীরে উপস্থিত হইলে তাঁহার সঙ্গী বহু বানরের ঘোর কলরব লন্ধায় পৌছিলে, রাবণ তাহা শুনিতে পাইয়া তাহাদের সহিত রামের আগমন বুঝিতে পারিয়াছিল ৷ শত্যোজন পথ অতিক্রম করিয়া দেবতাজাত বানরের শব্দই লঙ্কাতে যাওয়া সম্ভব হইতে পারে। সাধারণ বানরের কলরব যভই উচ্চ হউক না কেন তাহার পক্ষে ইহা স্ভব হইতে পারে না। স্থতরাং বোঝা যায় এই লক্ষা দক্ষিণ সমুদ্রের তীর হইতে বেশী দূরে ছিলনা। নত্বা একটা শুক পাখী এই শতযোজন ব্যাপী দাগর পার হইয়া পুনরায় লঙ্কায় যাইতে পারিত না। শুক পক্ষীকে যে ভাষা শিক্ষা দেওয়া যায় তাহাই উচ্চারণ করিতে পারে। রাবণ তাহার নিজ ভাষাই তাহাকে শিথাইয়াছিল, তাই দে বানর স্থগীবকে তাহা বলিয়া পাঠাইয়াছিল। নিম্প্রেণীর আদিম মহুযুজাতির ভাষা রামের অবোধ্য হইলেও তাহা হয়তো তাহাদেরই প্রায় সমকক্ষ উন্নতশ্রেণীর বানর জাতিদের কিছু কিছু বোধ্য হইতে পারে। আর এই শুক্পক্ষী পাঠাইয়া রাবণ রামকে জানাইয়াছিল এই সমুদ্রপথ ত্বুরনীয়, কেবল পক্ষীরাই ইহা উত্তীৰ্ণ হইতে পারে—উদ্দেশ ইহাতে যদি রাম ভগ্নোৎসাহ হইয়া প্রত্যাবর্ত্তন করে। তাই যেন রাক্ষ্য, শুক্পক্ষীর রূপ ধারণ করিয়াছিল। যদি কোন রাক্ষস সমুদ্র সম্ভরণে পার হইয়া আসিত, তাহা হইলে রাম এবং তাঁহার দঙ্গী বানর, দেই সমুদ্রপথ যে মহুয়েরও সন্তরণ সাহাযো উত্তরণীয় হইতে পারে, ইহা অনুমান করিয়া সেইরূপ চেষ্টা করিতে পারেন এই আশন্ধাতেই সেই শুকপন্দীকে রাবণ পাঠাইয়াছিল।

বিভীষণ যে শৃত্যপথে রামের নিকট আদিয়াছিল তাহার উল্লেখ আছে।

> "আজগাম মুহূর্তেন যত্ত রামঃ সলক্ষণঃ॥ 'তং মেরুশিধরাকারং দীপ্তামিব শতহুদাম্। গগনস্থং মহীস্থাতে দদুশু বানরাধিপা॥"

বিভীষণ লক্ষা হইতে মুহূর্ত্মধ্যে রামের নিকট আদিল, বানর ষ্থপতিগণ তাহাকে আকাশস্থিত বিদ্যুতের তাম দেখিতে পাইল। এই বিভীষণ সম্বন্ধে আমরা যথাস্তানে ব্যাখ্যা করিয়া তাহার স্বরূপ দেখাইব কেন সে আকাশপথে আসিয়াছিল। বিভীষণ রামের দাক্ষাতে স্থগীবকে বলিল দাগরের উপাদনা করিতে। আদিম মহয়জাতীয় বাবণভাতা বিভীষণ বিতাডিত হইয়া রামের সহিত মিত্রতা করিল। তাহার ভাষা রামের অবোধা হইবে বঝিতে পাবিয়াই যেন স্থাীবকে লক্ষা করিয়া রামকে ইঙ্গিতে জানাইল সমদের উপাসনা করিতে। আদিম জাতিরা তংকালে এবং এখনও অনেক ভৃথণ্ডে এইব্ধপ দেবতার উপাসনা করে। পক্ষান্তরে তাৎকালিক সভা আর্যাজাতির মধেও যে এইরূপ কুসংস্কার ছিল, তাহা রামের সমুদ্র উপাদনাতেই বৃঝিতে পারা যায়। আর্যাবর্ত্তবাদী রাম কথনও সমুদ্র দৃষ্টিগোচর করেন নাই। অযোধ্যার নিকটবত্তী সর্যুতে অবগাহন করিতে ষাইয়া কথঞিং সন্তরণশিক্ষা করা সম্ভব হইলেও, এই বিশাল সমুদ্র দেখিয়া তাহা সম্ভরণে পার হইয়া সেই লঙ্কাদ্বীপে পৌছিবার শক্তি বানর হতুমানের থাকিলেও, যে তাঁহার সাধ্যাতীত তাহা বৃঝিতে পারিয়াই, সেই কুসংস্কারের বশবর্তী হইয়া সমুদ্রকে তাঁহার প্রার্থনা জানাইলেন-তিনরাত্রি কুশাসনে মৌনী হুইয়া শয়ন করিয়া। কেননা তিনি বিশ্বামিত্রের নিকট ইতিপর্কে

শুনিয়াছিলেন তাঁহারই পূর্বপূক্ষ স্থাবংশীয় রাজা দগরের ষ্ঠিসহত্র-পুত্র যে ভূমিতল খনন করিয়াছিলেন তাহাই তাঁহার প্রপৌত্র ভগীরথ কর্ত্ত হিমালয় হইতে আনীতা গন্ধার দলিলে প্লাবিত হুইয়াই সাগরের উৎপত্তি। সগরস্থা অপত্যা—সাগর। ফুতুরাং সাগর তাঁহারই পূর্বপুরুষের জ্ঞাতি। তাই তিনি, প্রেত-লোকেস্থিত মৃত পিতৃ-মাতৃ উদ্দেশে যেমন লোকে কুশাদনে উপবেশন করিয়া তাঁহাদের তপ্তিসাধন উদ্দেশে শ্রাদ্ধতর্পণাদি করে, তেমনই এই পূর্ব্বপুরুষের উদ্দেশে তর্পণাদি উপাদনা করিয়া তাহার (দাগরের) সাহাযা প্রার্থনা করিতেছিলেন। যথন তাঁহার এই কুচ্ছ সাধন দারাও দাগরের আদন টলিল না, তখন আবার রামের বিঞ্ছ আবিভাব হওয়াতে, তিনি সেই জ্ঞাতির কথা বিস্তৃত হইলেন— (কেননা তাঁহার নিজের মুম্মুজ্ঞানেই সাগর তাঁহার জ্ঞাতি ছিল এবং সে জ্ঞাতিবধ, ধার্মিক রামের পক্ষে অধর্মই হইত) তিনি ব্রহ্মদ্ধে-নিভ বান ধন্ততে যোজনা করিয়া সাগরকে শাসন করিতে উগ্নত হইলেন—আর তথনই বিষ্ণু কর্ত্তক শোধন ভয়ে ভীত দাগর নিজ মূর্ত্তি পরিগ্রহ করিয়া রক্লাভরণে ভূষিত হইয়া রামের আজ্ঞাবহ ভূতোর তায় উপস্থিত হইল। পকান্তরে মহুল রাম যথন এই কুদংস্কারের বশবরী হইয়া সমুদ্রের উপাসনা সত্ত্বে তাহার সাহায়্য না পাইয়া ক্রোধোনত হইয়া তাহাকে শাসন করিতে উল্লভ হইলেন, তথন তাঁহার বিবেকবৃদ্ধি উদয় হওয়াতেই, তিনি তাঁহার এই বাতুলোচিত কার্য্যে যেন লজ্জিত হইয়াই চিন্তা করিতে লাগিলেন, কিরূপ মন্ত্যা-সাধ্য কার্য্য দারা এই সমুদ্রে সেতুবন্ধন করা সম্ভব হয়। তাই যেন তাঁহার স্থমিত্র লক্ষণ—তাঁহাকে বলিলেন নিজের বুদ্ধি ও পৌঞ্চের সাহায্যেই এই চুম্বর কার্যাসাধন করিতে প্রয়াস করুন। দুঢ়

অধ্যবসায়দ্হ পৌরুষদহকারে, ধীরবৃদ্ধিতে কাজ করিলে দৈবও সহায় হুইয়া সেই কার্যো সফল হুইবার পথ প্রদর্শন করে। জগতে কত কত বহুং আবিদ্ধার, অধাবদায়ী পৌরুষদম্পন্ন মেধাবী মহাত্মাগণ কর্ত্তক হইয়াছে। রাম যেন একটা কঠিন সমস্তাসাধনে নিমগ্রচিত্ত হুইয়া চিন্তা করিতে লাগিলেন। এইরপ একাগ্রচিতে কোন জটিল সমস্থার চিন্তা করিতে থাকিলে তথন বন্ধিই তাহার সাধন পথ দেখাইয়া দেয়-যেমন অনেকে দেবতার নিকট হত্যা দিয়া স্বপ্নাদেশে অনেক ঔষধের বিষয় জানিতে পারে। রাম যথন এইরূপ অবস্থায় তন্ময় হইয়াছিলেন তথন ঝটিকার আবির্ভাব হওয়াতে সমুদ্রবক্ষে বুহৎ তর্দ্ধ উথিত হইয়া এক যোজন প্রয়ন্ত বেলাভূমি সমুদ্রজলে প্লাবিত হুইল। আর সেই তরঞ্কের শীর্ষে উত্থিত কতকগুলি বংশ বৃক্ষ রামের গাত্রে আঘাত করাতে রামের চমক ভাঙিল, তিনি দেখিলেন সমুদ্র-তীরে পতিত কতকগুলি বংশবৃক্ষ তরঙ্গ কর্ত্তক নীত হইয়া সমুদ্রবক্ষে ভাসমান হইয়া সমুদ্রগর্ভেই যাইতেছে, পুনরায় সেই তরঙ্গেই বাহিত হইয়া বেলাভমিতে আসিতেছে। রামের জটিল সমস্থার সাধন হইল: দেই বাঁশের ভাসমান অবস্থা দট্টে—কিরূপে তিনিও তো তীর্ত্ত বন হইতে বানরের সাহায়ে সেই বংশ উৎপাটন করিয়া তাহা লভা দ্বারা বন্ধন করতঃ ভেলা প্রস্তুত করিলে, তাহা সমুদ্রক্ষে ভাসমান হইতে পারে, এবং সেই সমস্ত ভেলা পরস্পর সংলগ্ন করিয়া সমদ্রে দেতৃবন্ধন করিতে পারেন? ইহাই "মেঘবায়ু স্ফুল আঘুর্ণিত উত্তাল তরঙ্গময় সমুদু" মধা হইতে মূর্ত্ত সমুদ্রের উত্থান ও রামকে শিল্পী বিশ্বকর্মা পত্র নলের বিষয় জ্ঞাত করণের তাংপর্যা। নল শব্দের অর্থ বংশবক্ষ। নলং-বন্ধে-যাহার গাঁইট আছে ও অভ্যস্তরে ছিদ্র আছে-তুৰ্ণবিশেষ: দীৰ্ঘবংশঃ। দীৰ্ঘবাশ। যেন এই বংশই, নল

বানবরপে রামকে বলিল আমি সাগবের উপর সেতু বন্ধন করিব। এখানে অন্য বানরের কথা না বলিয়া নল বানরের কথাই সমুদ্র বলিল। এই বংশ রক্ষের মূল, মৃত্তিকার অভ্যন্তরে না যাইয়া তাহার উপরেই থাকে, স্থতরাং তাহা বলশালী বানরগণ কর্তৃক সহজেই উংপাটিত হইতে পারে। পক্ষাস্তরে অগুরুক সকলের মূল ভূমিতলে দচনিবদ্ধবশাং তাহা উৎপাটন সহজ্বসাধ্য **নহে।** রামের নিকট এক অসি ব্যতীত বৃক্ষ কাটিবার অত্ন কুঠার বা করাত ছিল না। তাই নল বা বংশের উল্লেখ হইয়াছে। তথন রাম সেই সমুদ্র তীর্স্থ বন হইতে বংশ রুক্ষ উত্তোলন করিয়া লতাঘারা তাহা বন্ধন করতঃ ভেলা প্রস্তুত করিলেন। পরে সেই ভেলা পর পর সজ্জিত করিয়া পাঁচ দিনে সেতুবন্ধন করতঃ তাহা লঙ্কার তীরে সংযোজন করিলেন। স্বতরাং এই ভেলা প্রস্তুত ও তাহা সংযোজন করিতে যদি তাঁহাদের মাত্র পাচদিন সময় লাগিয়া থাকে, তাহা হইলে লঙ্কার দূরত্ব শত যোজন হওয়া সম্ভব কিনা তাহা স্থধী ব্যক্তির বিবেচ্য। তারপর বানরগণের অনেকে, সেতুর উপর স্থান সম্ভুলান না হওয়াতে সম্ভুরণে সমুদ্রপার হইয়াছিল। "সলিলং প্রপতস্তান্যে মার্গমন্তে প্রপেদিরে।" এই লঙ্কার অবস্থান সম্বন্ধে আমরা দেখাইয়াছি। আর এই সমুদ্রবন্ধনের রহস্য আমবা দেখাইন।

অষ্টাদশ পরিচ্ছেদ

জটায়ু, কবন্ধ ও বানরদের স্বরূপ

জ্ঞটায়ু বধ হইতে আরম্ভ করিয়া সমুদ্রবন্ধন পর্য্যন্ত পূর্ব্ববর্তী কয়েকটা অধাায়ে আমরা মহয় রামের যেরপ মানব ফলভ কার্যোও চেষ্টায় সীতার অন্নেষণ ও সমুদ্রে সেতৃবন্ধন পর্যান্ত সংঘটিত হইয়াছিল তাহা দেথাইয়াছি। আদিম মনুখজাতীয় রাবণ করুক কিরুপে মানবী সীতা অপহতা হইয়া সমুদ্রদীপস্থ লক্ষায় নীতা হইয়াছিলেন এবং কিরপে রাম বলপ্ত বানবদিগকে, বসন্তকাল হইতে শ্বংকাল প্র্যান্ত শিক্ষা দিয়াও তাহাদের হাবভাব বিষয়ে বিশেষ রূপে অভিজ্ঞতা লাভ করিয়া, তাহাদের সাহায়ো, লন্ধায় উপনীত হইয়াছিলেন তাহা বিশদরূপে দেখান হইয়াছে। কিন্তু আমরা সীতা ও রাবণের যে অন্তরূপ দিয়াছি অর্থাৎ জ্যোতিরূপী দীতা, রবরূপী রাবণ কর্ত্তক হতা হইয়াছিলেন, তাহার স্বপক্ষে এই প্রবি বণিত অধ্যায় সমূহে বণিত বিবরণ হইতে কিরপে সমন্ত্র হইতে পারে, তাহাই দেখাইবার চেলা করিব। অর্থাং যোগাশ্রথী সাধক রাম কিরূপ আচরণ করিয়াছিলেন এবং তাঁহার সেই আচরণে বা সাধনায় কিরপ বিপর্যয় ঘটিয়াছিল, তাহাই দেখাইবার প্রয়োজনে আমরা, প্রথমে রামের বনগমন হইতে আরম্ভ করিয়া সমুদ্র বন্ধন পর্যান্ত, এই অধ্যায়ে দেখাইব।

বিশ্বামিত্রগুরু কর্তৃক প্রদর্শিত পথে সাধন করিয়া মনঃসংঘমে দিদ্ধ হইয়া ও মনের একাগ্রতা লাভে অভ্যন্ত হইয়া, রাম, রাজ্বি

জনকগুরুর প্রদর্শিত অয়ন বা পথে, আত্মজ্যোতি বা নিজ দেহস্থিত আত্মার জ্যোতি উপলব্ধি করিতে সমর্থ হইলেন। তথনও তিনি রাজপদে প্রতিষ্ঠিত হন নাই; স্থতরাং রাজকার্যো ব্যাপ্ত না থাকিয়া, জনকাত্মজা দীতা ও অযোনিজা দীতাদহ দাদশ্বধকাল অযোগ্যাপ্রাদাদে নির্লিপ্ত অবস্থাতেই বাদ করিয়া, পরে স্বেচ্চাতেই বানপ্রস্থ অবলম্বন করিলেন এবং সাধনাতে পূর্ণসিদ্ধি লাভের উদ্দেশ্যেই রাজসম্পদ ও তদফুসন্ধিক ভোগ হইতে নিজকে বিচ্ছিন্ন করতঃ সহাস্থাবদনে সমস্ত অসার ধনসম্পদ বিতরণ করিয়া, নিঃসম্বলে বন্যাতা করিলেন। তিনি ইচ্চা করিলে বন্রাসে না যাইতেও পারিতেন, কেননা ইক্ষাকুকুলে জোষ্ঠপুত্রই রাজ্যলাভে অধিকারী এই চিরন্তনপ্রথা,--বশিষ্ঠ ঋষিই বলিয়াছিলেন। স্বতরাং কৈকেয়ীর এই অভিলাষ, তাঁহার বনগমনের স্থাযোগই করিয়া দিল, অন্তথা পুত্রবংসল বাজা দশর্থ তাঁহাকে নয়নান্তরাল করিতেন না। বনে গমন করিয়া তিনি বরাবরই শ্রেষ্ঠ ঋষিদের সহযোগে থাকিয়াই নিজ সাধনপথে অগ্রসর হইতেছিলেন। যথন অনেকদূর অগ্রসর হইয়া যোগ্য অধিকারী হইলেন, তথন ব্রন্ধবিদ ঋষি অগস্ত্যের আশ্রমে উপস্থিত হইলেন। তাঁহার এই ক্রম-সাধনে-অগ্রসরের সাহায্য হইয়াছিল—ফুতীক্ষ ও শরভঙ্গ ঋষির উপদেশপ্রাপ্তিতে এবং তাঁহারা তাঁচাকে অগন্তা ঋষির আশ্রমের পথ প্রদর্শন করাইয়াছিলেন তথনই. ষ্থন তাঁহার। রামকে উপযুক্ত অধিকারী বলিয়া মনে করিয়াছিলেন। দেই যোগিশ্রেষ্ঠ ভগবান অগস্তা তাঁহাকে অধিকারীর যোগ্য ব্রিয়াই, ব্রহ্মজ্ঞানের উপদেশ দিয়াছিলেন। রাম সেই উপদেশারুযায়ী সাধন ও অভাাস করিলে তাঁহার সাধ্য ও কাম্যবস্তু লাভ করিতে পারিতেন। কিন্তু তাহার বিদ্ন ঘটিল—কতকগুলি স্বার্থপর তাপদের চাটকারের

ত্যায় বাক্যজালে জড়িত হইয়া। এই তপস্বীরা শাপদ্বারা রাক্ষ্যবধে নিজেদের তপস্থার হানি হইবে এই ক্ষতি স্বীকার না করিয়া, প্রজারক্ষক নুপতি রামের সাহায্যে তপস্থার বিম্নকারক রাক্ষসবধের জন্ম তাঁহার শরণাপন্ন হইলে, রামও তাঁহার বানপ্রস্থোচিত দাত্তিক ধর্ম ক্ষণেকের তরে বিশ্বত হইয়া, গৃহস্থাশ্রমে আচরিত ক্ষাত্রধর্মান্তুসারে সেই রাক্ষ্যদিগের বংসাধনে প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। প্রতিজ্ঞাপালনরূপ সতাধর্মকেই আদর্শ ক্ষত্রিয় রাজার। শ্রেষ্ঠ ধর্ম মনে করেন। কাজেই এই সত্যবক্ষারূপ পণ, তাঁহার মনে দুঢ়নিবদ্ধ হওয়াতে তিনি অগতাঋষির আশ্রমে থাকিয়া সাধনায় সিদ্ধিলাভ অপেকণ নিজের স্তাপালনরূপ ধর্মকেই শ্রেষ্ঠ মনে করিয়া, তাঁহার আশ্রম ত্যাগকরতঃ গভীর রাক্ষ্মঅধ্যুষিত দণ্ডকারণ্যে প্রবেশ করিলেন। ইতিপূর্ব্বে তিনি জাবালি ঋষিকেই এই সত্যপালনই শ্রেষ্ঠ ধর্ম তাহা বলিয়াছিলেন। তাঁহার মঙ্গলকামিনী ভাষ্যা সীতা তাঁহার এই পরিবর্ত্তন লক্ষ্য করিয়া, তাঁহাকে উপদেশচ্ছলে যে কথা বলিয়াছিলেন তাহা ইতিপূর্ব্বে উল্লিখিত হইয়াছে। এই সীতার উপদেশ তাঁহারই বিবেকবাণী। দশুকারণো অবস্থানকালে তিনি সেই ব্রাক্ষ্যবধর্ম প্রতিজ্ঞাপালনের অবসর অন্নেষ্ণ করিতেছিলেন, স্নতরাং তাঁহার মনে কলুমের দাগ পড়িবার উপক্রম হইতেছিল। সেই অবস্থায় একদিন তাঁহার মনশ্চকে কোন "মনোজা" রমণীর প্রতিবিধের উদয় হওয়াতে তাঁহার মন কিছু বিচলিত হইবার উপক্রম হইয়াছিল, আর তথনই যেন দীতারপ জ্যোতিও তাঁহার মন হইতে তিরোহিত হয় হয় এইরপ অবস্থা প্রত্যক্ষ করিয়া, তিনি সে যাত্রা দেই কামনারূপিনী শূর্পণথাকে প্রত্যাধ্যান করিতে সমর্থ হইয়াই নিজ পদে প্রতিষ্ঠিত রহিলেন। বিকটাকারা শূর্পণথার বিভংসরপকে "মনোজ্ঞা"

বলিবার তাৎপর্য ইহাই। তাই তাঁহার চতুর্দশকরণ, প্রথররূপে দৃষিত হইয়াও তাঁহার পদস্থলন সাধন করিতে পারিল না; কিন্তু ইহাতে ও তাঁহার অব্যাহতি ইইল না। মনের সেই প্রতিজ্ঞাপালন কপ দাগ বা মল একবারে মছিয়া না যাওয়াতে মন কখন কখন সেই দারে মলিন হইবার উপক্রম হইত, যেমন ভস্মাবৃত অগ্নি অমুকুল দাহ্য পদার্থ পাইলেই প্রদীপ্ত হইয়া উঠে। এই অমুকুল পদার্থ আদিল মারীচরপে—যাহার নিশাল বিনাশ সাধন রাম ইতিপূর্বে করিতে পারেন নাই। কামরূপী মারীচই আদিল দেই অস্বাভাবিক প্রলোভনীয় মুগরূপ পরিগ্রহ করিয়া, তাঁহার পদস্থলনের কারণ হইয়া। রামের মনের এইরূপ ক্ষণচাঞ্চলা ও ক্ষণস্থায়ী স্থৈর্ঘোর অবস্থা দেখিয়া যেন বৈদেবী দীতারূপ জ্যোতিই, তাহার রামহৃদয়ে, স্থিতি বিষয়ে সন্দিহান হইয়া, রাম প্রকৃত তাহাকেই চাহে কিনা, তাই পরীক্ষার জন্ম, জানকীর মুধে বলিল "ঐ অলৌকিক স্থান্য মুগটীকে আমার ক্রীড়ামোদ চরিতার্থ করিবার জন্ম জীবস্ত ধৃত করিয়া আছ্ন"। তাই বাল্মীকিও এস্থানে বলিলেন "পশু লক্ষ্ণ বৈদেহাঃ স্পৃহামুল্লসিতামিমাম্"। সীতার কথা শুনিয়া লক্ষণরপ-রামের পৌরুষ তাঁহাকে মারীচের স্বরূপ দেখাইয়া অর্থাৎ সে, কামনারূপ রাক্ষ্সই, মায়ায় মুগরূপ ধারণ করিয়া আসিয়াছে বলিয়া, তাঁহাকে সতর্ক করিয়া দিয়াছিল—যেন রামের নিজের 'বিবেক বৃদ্ধির উদয়েই, তিনি ক্ষণিকের জন্ম এইরূপ বিবেচনা করিতে সমর্থ হইয়াছিলেন। কিন্তু রাম বলিলেন 'সে মুগ হইলেও মরিবে রাক্ষদ হইলেও মরিবে'। তিনি ভার্যা জানকীর তুচ্ছ আকজ্ঞা পূরণ করিবার জন্ম, একটা নিরীহ প্রাণী তাঁহাদের কোন অনিষ্ট না করিয়া নির্ভয় চিত্রে যুখন ক্রীড়া কবিডেছিল তখন ভাহাকে ধত করিতে সমর্থ না হইয়া বধ করিলেন। রাম জাবালিকে বলিয়াছিলেন তিনি বনবাদে

তপস্বীর ধর্ম আচরণ করিয়া ফলমূলাহারে জীবন যাত্রা নির্ব্বাহ করিয়া, তাঁহার পিতসভা পালন করিবেন। কিন্তু তিনি যে প্রভত জীব হতা। করিয়া তাহার মাংদে ক্ষরিবৃত্তি করিতেন তাহা দীতার উক্তিতেই বাক্ত হইয়াছে এবং বাল্মীকিও বলিয়াছেন যে, রাম মারীচ বধ করিয়া প্রত্যাগমন সময়ে আহারার্থ আর একটী প্রকৃত মুগ বুধ করিয়া তাহার মাংস লইয়া আসিতেছিলেন। স্থতরাং তিনি সীতা কথিত বিনাহিংসায় জীব বধের ক্রটি করেন নাই। এখানেও তিনি বিনা উদ্দেশ্যেই (আহার্যা সংগ্রহের জন্মই মাংসাশী জীব বধ করে) সেই ক্রীডার্ক প্রাণীটী বধ করিলেন। ইহা যেন বাল্মীকির সেই রতিক্রিয়ারত ক্রৌঞ্চ বধের করুণ দক্ষে তাঁহার মুখনিঃস্থত ভবিয়ুদাণী "মা নিষাদ প্রতিষ্ঠাং অমগমঃ শাশতী সমাঃ" রই পুনক্তির ভায় রামের কিরপ প্রতিষ্ঠা নই হইল তাহাই দেখান হইল। ক্রেঞ্জ-অবধীঃ নিষাদের প্রতিষ্ঠালোপের বিষয় তাঁহার অবগতি না থাকিলেও সেইরপ নশংস হত্যার ফলে কিরূপ প্রতিষ্ঠালোপ হয় তাহা রামের কার্যো তিনি দেখাইলেন। রাম সাধন বলে সীতারপ জ্যোতি দর্শন লাভে যে প্রতিষ্ঠা প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহার দেই প্রতিষ্ঠার লোপ হইল সীতার অন্তর্দ্ধানে—এই বিনা হিংসায় প্রাণী হত্যার পরিণাম ফলে। সীতার ভবিষ্যংবাণীও ফলপ্রস্থ হইল, আর বাল্মীকির ভবিষ্যং বাণীও পূর্ণ হটল। রামের মাত্র জ্যোতি দর্শনই হইয়াছিল। আত্মজ্ঞান হয় নাই। আত্মজান উপস্থিত হইলে, অন্ত প্রাণীতেও দেই আত্মার অধিষ্ঠান আছে ইহাও উপলব্ধি হয়, কেন না আত্মা সর্বত্র বিরাজিত। এরপ অবস্থায় অন্য প্রাণী বধ করিতে প্রবৃত্তি হওয়া তো দরের কথা, নিজের আত্মাকে রক্ষা করিতে যে প্রেরণা আসে সেই প্রেরণাতেই লোকে, আসন্ত্র মৃত্যমুখে পতিত অন্ত প্রাণীর উদ্ধার সাধনের জন্ত নিজের

হিজাহিত বিবেচনা না করিয়াই ধাবিত হয়: তথন তাহার নিজের মৃত্যভয়ও থাকে না এবং নিজের প্রাণহানিতে তাহার পোষ্যবর্গের কি অবস্থা হইবে সে চিন্তা করিবারও অবকাশ থাকে না। ইহার দুষ্টান্ত আমরা দেখিতে পাই যথন জলমগ্ন বা অগ্নিসংযুক্ত গৃহাভ্যন্তরস্থ প্রাণীর অক্সন্তুদ করুণ রোদন সহস্রলোকের মর্মে তাহা আঘাত না করিলেও, একটা লোককে আক্রষ্ট করিয়া যেন তাহাকে সেইদিকে টানিয়া লইয়া যায় এবং তাহারই প্রেরণায় সে নিজ শুভাশুভ বিবেচনার অবসর না পাইয়াই, যেন তাহার নিজ আতারই উদ্ধারার্থ জলে বা অগ্নিমধো ঝম্প দিয়া পডে। লোকে দান করে কি উদ্দেশ্যে ? আওঁকে এক পয়সা দিলে ভগবান আমাকে দশ পয়সা দিবেন। যে অন্যকে প্রবঞ্চনা করিয়া বিজ্ঞাপ্তয় করিয়াছে, দে হয় দেবতার পূজা, ভোগ দেয় তাঁহার তৃষ্টিদাধন করিয়া দেই নিজক্বত পাপ হইতে মক্ত হইবার বাসনায়, অথবা কাঞ্চালী ভোজন করাইয়া পুণাসঞ্য করে, আর তাহা যেন দাঁডির পাল্লার একদিকে রাথিয়া অত্যদিকে সেই পাপকার্যাটীকে স্থাপিত করিয়া মাপ করিবার লায় তাহাদের গুরুত্বের মাপ করে। আবার যাহার অগাধ বিত্ত আছে. দে মনে করে ইহলোকে আমার কোনই অভাব নাই, স্বতরাং উষত্ত অর্থ হইতে কিছু দান করিলে ভগবান আমাকে স্বর্গে বা বৈকুঠে স্থান দিবেন। এইরূপ একটা না একটা কামনাতেই লোকে দান করে। কিন্তু যুদ্ধক্ষেত্রে আহত যে তৃষ্ণার্ভ দৈলাধ্যক (Sir Philip Sydney) তাঁহার হতস্থিত জলের পাত্রের দিকে একটা নগণ্য আহত তৃষ্ণাত্র সৈনিকের সতৃষ্ণ নয়নে দৃষ্টি দেখিয়া, সেই জলের পাত্রটী নিজের মুখে না দিয়া তাহার মুখেই ধরিয়াছিলেন, তাঁহার কার্য্য দান নহে। তিনি তাঁহার তৃষ্ণার যন্ত্রণা মর্ম্মে মর্ম্মে অমুভৃতি করিয়া দেই দৈনিকের মুখে তাহা প্রতিফলিত দেখিয়াই নিজের তৃষ্ণা ক্ষণতরে ভূলিয়া, যেন তাঁহারই প্রতি-আত্মাকে তাহা সমর্পণ করিয়াছিলেন। তাহা হইলেই দেখা যাইতেছে দেহত্ব আত্মাই কথন কথন স্থানবিশেষে নিজে খেন প্রকাশিত হইয়াই দেহীকে জাঁহার সর্বাদেতে সম্ভাবে বিজ্ঞানতা দেখাইয়া দেন। বামের এইরপ আত্মান্তভৃতি হইলেও তিনি অকারণে জীব হত্যা করিতে পারিতেন না। এই আত্মাহভৃতি না হইলে বুদ্ধদেবের মুধ হইতে সেই অমূল্য স্ক্জিন্শত বাণী "অহিংসা প্রমধ্ম" নিঃস্ত হইত না। স্তত্রাং ত্রেতার ও কলিয়গের বিষ্ণ অবতারের মধ্যে কত পার্থকা তাহা ইহাতেই উপলব্ধি হয়। আর একজন দাপরের বিষ্ণু অবতার, ক্ষত্রিয় বংশে ধর্ম সংস্থাপনার্থ জন্মগ্রহণ করিয়াও, আর একজন ক্ষত্রিয় রাজা কর্ত্তক ভংসিত হইয়া, ক্ষাত্রধর্মানুসারে তাহাকে অন্তধারণের অবসর না দিয়াই.* তাহার শিরশ্ছেদ করিয়াছিলেন। পক্ষান্তরে ক্ষাত্রথর্মোচিত মুগ্লিকারে অভাত-ক্ষত্রিয় বংশে জন্মগ্রহণ ক্রিয়াও, প্রবাপর চির্ভন অভান্ত এই অহিংসায় জীববধ দেখিয়াই কলিযুগের ক্ষত্রিয় বংশীয় শাক্যসিংহ মর্মাহত হইয়া, এবং জরাব্যাধিগ্রস্ত লোকের মর্মন্ত্রদ করুণ বোদনে বাথিত হইয়া, লোকের ও প্রাণীদের এইরূপ পরিণতির নিরাকরণ জনু, যুবা বয়দে স্ত্রী, পুত্র রাজ্য পরিত্যাগ করতঃ যোগাচরণে 'দিদ্ধার্থ' इहेग्रा, ७४ ज्थागज्हे हहेत्नन ना, পুরাণকর্ত্তাদের রূপাদৃষ্টিতে বিষ্ণু অবতাররপেও প্রতিপন্ন হইলেন। ত্রেতাযুগের বিষ্ণ-অবতারের এইরূপ একটা ধর্মসংস্থাপনার্থ মহায়হত্যার বিবরণ বাল্মীকি তাঁহার উত্তরাকাণ্ডে বর্ণনা করিয়াছেন, পাঠক তাহা যথাস্থানে দেখিতে পাইবেন। তাহা

ইয়োরোপে এথনও কেই কাহারও কর্তৃক ভর্গাত হইলে, তাহাকে ছলয়ুয়ে
য়ায়ায় করিয়া তাহাকে তাহায় শস্ত্র পছল করিয়া লইতে বলে।

হইলে ইহাই অসুমান হয় যে বিষ্ণু প্র্বতন যুগ্সমূহে মহুয়ারপে অবতীর্থ হইলেও সেই সেই মহুয়া অবতারগুলি আজ্যোপলির করিছে পারেন নাই, বা সাধনা দ্বারা পারিলেও তাহা স্থায়ী হয় নাই। তাই তিনি (বিষ্ণু) কলিমুগে মহুয়ারপে অবতীর্থ হইয়া দেখাইলেন—ভাঁহা হইতেই উদ্বভিত বা অবতীর্থ সর্বপ্রেষ্ঠ জাতীয় প্রাণী মহুয়া—যেন তাহারই অবতার, তাহার বৃদ্ধির বিকাশে সাধনাবলে কিরূপে আ্যান্ত্রজানলাভ করিয়া নির্বাণপ্রাপ্ত হইয়া, তাহারই (বিঞ্বই) নিপ্রণস্বারন্ধ 'তথা' হেইতে আগত হইয়া আবার 'তথা'তেই মিশাইয়া যাইতে পারে।

রামের হৃদয় ইইতে এই সীতার অন্তর্ধানে রামের কি অবস্থা হইল তংপরে তিনি কিরপ আচরণ করিয়াছিলেন, আমরা এখন তাহাই দেশাইব। সাধক যদি দীর্ঘ অনভ্যাস বশতঃ, অথবা কোন অধর্মাচরণে তাহার সাধনা পথচ্যত হইয়া লক্ষল হারাইয়া, তাহার পুনঃ প্রাপ্তির অন্ত আর চেটা না করে তাহা ইইলে ক্রমেই তাহা স্থল্ব পরাহত ইইয়া একবারেই চিরতরে অপ্রাপ্য হয়। এরূপ পরেহত ইইয়া একবারেই চিরতরে অপ্রাপ্য হয়। এরূপ অনক সাধকের জীবনে দৃষ্ট হয়। এরূপ অবস্থায় তাহাদের মনে কোন মানি বা কই বা অন্তর্গাপের উদয় হয়না। যদি অন্ত্তাপ বা কই উদয় হয়, তথন তাহারা দ্বিগ উৎসাহে পৌক্রের সহিত তাহার পুনক্ষারের জন্ম অধ্যবসায় সহকারে চেটা করে। সাধক মাত্রেই জানেন কিছুদিন অনভ্যাদের ফলে কিরপ অবস্থা হয়, যেন সমন্তই অন্ধলারে আয়ুত বলিয়া বোধ হয়। অভ্যাদে ও পৌক্রম সাহায়েই আবার জ্যোতি ফুটাইয়া সেই অন্ধলার দ্বীভূত করিতে হয়। তাই রাম সীতারূপ জ্যোতির অদৃশ্রে সমন্তই অন্ধলার দেখিয়া মর্মে যের বে কই অনুভূতি করিয়াছিলেন এবং অন্তর্ভাগনলে

দ্যা হইয়াছিলেন তাহা কবিস্থলভ সরস বর্ণনায় বাল্মীকি সীতার বিরহে রামের করুণ বিলাপেই দেখাইয়াছেন। সেই পূর্ব্বদৃষ্ট জ্যোতি কোথায় এবং কি সাৰে অন্তৰ্ভিত তইল তাতাই তিনি চিকা কবিতে লাগিলেন এবং তাহাই তিনি পুনঃপ্রাপ্ত হইবার জন্ম তাঁহার দঢ আকাজ্জা হইল। সেই অভিকাজ্ঞা সংহত হইয়া জটার ভায়ই দঢ হইল— যেন জটায়র আয়ই হইল। সেই অভিকাজগঠ-গুরুই তাঁহার দূরদর্শন শক্তি। গৃধ--গৃধ্যতে অভিকাজ্ঞতে = গৃধিনী, শকুনি, দ্রদর্শন। গুধের নাংসাহারে অভিকাজ্ঞা ও দূরদর্শন চিরপ্রসিদ্ধ। অভিকাজফা দৃঢ় হইলেই তাহা জটায়ু হয়। জটায়ু জটা জটতি পরস্পর সংলগ্ন ভবতি। জটাং যাতি প্রাপ্নোতি ইতি যা+কু: সংহতমায়ুর্যক্ত। তাঁহার দেই দুরদুর্শনের ফলে পূর্বে সাধনার সময় প্রথম অফুভতির কথা স্মরণ হইল যে, সাধনার প্রথম অবস্থাতে শব্দ শুনিতে পাওয়া যায়। আর তাহার পরেই জ্যোতিদর্শন হয়। আবার শব্দ শুনিতে পাইলেই জ্যোতি অদৃশ্য হয়। স্থতরাং স্থির করিলেন এই রব বা শক্ট জ্যোতির অদৃশ্য হইবার কারণ--্যেন তাহা দারাই জ্যোতি হত হইয়াছে। প্রথমে ক্ষীণশব্দ রূপ বৈশ্রবণ শ্রুত হওয়াতে তাহা অগ্রজ্জ, পরে উচ্চশব্দ রূপ নাদ বা রব শ্রুত ইওয়াতে তাহারা বিশ্রবার পুত্র। তাই যেন জটায়ু মুখেই বলা হইল "পুত্র বিশ্রবসঃ ভাজা বৈশ্রবণস্থাচ"। এখন এই রাব বা রাবণ কোথা হইতে উৎপন্ধ হয় তাহাই অৱেষণ করিতে হইবে। সাধনার প্রথম অবস্থায় এই রাবও শুনিতে পাওয়া যায়না, তাহা কিরূপ দাধনে হয় তাহাই দেখাইবার জন্ত কবন্ধের দৃষ্টান্ত দেখান হইল। কবন্ধের স্বরূপ কি ?

এই কবন্ধরূপ অবস্থাতেই রাম আবার যোগ দাধনের গোড়া পত্তন করিলেন। কবন্ধং—কশু প্রাণবায়ো বন্ধং আশ্রয়। কবন্ধঃ পুংক্লী—

কেন প্রাণবায়না পুনর্বধাতে সম্বধাতে মন্তক্হীনস্থাপি দৈবেন প্রাণাবেশাৎ জীবতো নরস্থেব ক্রিয়াকারিবশক্তিবাত্তথাত্ম। পচীয়মানতাং তথাতং তম্ম চ লোকমুখনাশকতং প্রসিদ্ধং। উদরং ইতি মেদিনী। ক্রিয়া যুক্তাপমুদ্ধকলেবরম ইত্যমরঃ। ক মুধং বধ্যতে কণাতেহস্মাং। ক + বন্ধ + ঘঞ্। অৰ্থাং প্ৰবহ্মাণ বায়ু অভ্যন্তরে উপচয়ন করিয়া কন্ধ করিলে লোকের মুখ নাশ হয়। তাহা হইলে প্রবহমাণ বায়ু নিশাস ছারা সংগ্রহ করিয়া মুখ ও নাসারক, বন্ধ করিয়া তাহাকে উদরে ক্ল করা অবস্থার নাম কবদ। যোগে প্রাণায়াম করিয়া উদরে বা অভ্যন্তরে বায় ক্রদ্ধ করাই যোগসাধনার প্রথম প্রক্রিয়া। যথন এই কবন্ধ অবস্থা স্থিত হইয়া কুন্তক হয় তথন দেহের নিম্ন কটি প্রদেশ হইতে একটা শক্তিসম্পন্ন তেজ মেরুদণ্ড বাহিয়া, দেহ কম্পন করত: উর্দ্ধাধে উথিত হইয়া, গ্রীবা প্রদেশকে বিশেষরূপে কম্পন করিয়া, জ্যোতির্ময় আকার ধারণ করে। তারপর দেই গ্রীবাকে স্থির করিতে পারিলে বা উহা স্থির চইলে. সেই ক্ষণস্থায়ী জ্যোতির অন্তর্ধানের পরেই হৃদয়দেশে স্বতঃপ্রকাশ জ্যোতির আবিভাব হয়। এই ভাবেই যোগীর যোগসাধনের সোপান আবোহণে ক্রমঅমুভৃতি হয়। তাহা হইলে দেগা যাইতেছে কবন্ধ রাক্ষ্স বা গুহা, যেমন বাহির হইতে সমস্ত বায়ু আকর্ষণ করিয়া তাহার মুথ দারা ভিতরে লইতেছিল, তেমনি যোগীকেও প্রবছ বায় উপচয়ন করিয়া অভান্তরে লইতে হয়। সেই গুহার নীচের গহরে অগ্নিসংযোগে, যেমন সেই কবন্ধরণ গুহার দেই কম্পিত করত: তাহার উপরের আবরণ বিদীর্ণ করিয়া, সেই মুখ বা ছিল্র দিয়া, দীপ্ত অগ্নিশিখা নির্গত হইয়া, যেন তাহার গ্রীবার ন্যায়ই দৃষ্ট হইতেছিল— তাহাই এ দাধক যোগীর গ্রীবাদেশে দৃষ্ট জ্যোতি। তাহার পর

সেই দীপ্ত দিব্যদেহ কবন্ধ বলিল 'স্থাীবের সহিত মিত্রতা কর, সেই তোমার সীতা অন্নেষ্ণের সহায় হইবে'।

যোগাচরণে এই গ্রীবা বা গলার সাহাযোই প্রাণায়াম করিতে হয়। কটি হইতে শির পর্যান্ত বিস্তৃত মেরুদণ্ডকে সোজা করিয়া. আসনে উপবিষ্ট হইয়া কৃত্তক করিলে, এই গ্রীবাও বছক্ষণ সোজা ভাবে থাকাতে তাহাতে একটা ক্লেশনায়ক আড়ইতা অনুভূত হওয়ায় বিশেষ অম্বচ্ছনতা আদাতে, যোগির কুম্বক ভঙ্গ হয়। তাই এই গ্রীবা স্থর। শুভদায়ক তথনই হয়, যখন তাহার এই আড়ইতাজনিত ক্লেশ তিরোহিত হয়। ইহাই স্বগ্রীবের সহিত মিত্রতা। আর এই গ্রীবার জ্যোতিই যেন ক্রমে অধোগমন কবিয়া স্বকঃপকাশ সীতারপ আত্মহদিজ্যোতিতে পরিণত হয়। এই গ্রীবার জ্যোতি প্রথমে অগ্রিশিখার নায় পীত বা হিরণা বর্ণেই প্রতিভাত হয়। তাই সীতারপ জ্যোতি হইতে বিচ্ছবিত হিরণাবর্ণ আভাই যেন মানবী সীতার কৌষেম (পীত) বন্ধরূপে গ্রীবারূপ স্থগ্রীবের প্রতি নিক্ষিপ্ত হইয়াছিল। আর গলার অভ্যন্তরম্ব অন্ধকার হইতেই সেই জ্যোতি আবিভতি হওয়াতে যেন ভিন্ন অঞ্জন বর্ণ রাবণ ক্রোডস্ত সীতার ভায়ই প্রতিভাত হইতেছিল। রাবণের রূপও ভিন্ন অঞ্জনবর্ণ এইরূপ স্বগ্রীব বলিয়াছিল তারপর সেই জ্যোতির অন্তর্ধানের পর সমস্ক অন্ধকার হয়, আর তথন অভান্তর হইতে উথিত সেই নাদ বা রাব শ্রুত হওয়াতে যেন বোধ হয় দেই ভিন্ন অঞ্জন বর্ণরূপ অন্ধকারই দেই বাব করিতেছে. আর যেন সেই রাবই জ্যোতি হরণ করিয়াছে। সেই রাব ক্রমেই ভীষণ হয় আর মন তাহাতেই আরুট হয়। এই রাবই সাধকের অতান্ত ভীতিপ্রদ হয়, কেননা সহজে এই নাদশ্রুতি রোধ করিতে পার। যায়না। আর এই নাদ্রশতিরোধ না হইলে সীতারপ জ্যোতি

দর্শনও স্থানুবপরাহত হয়। তথন মনের কর্ণ ও চক্ষুর মধ্যে হন্দ বা যুদ্ধ হয়। যদি মনের কর্ণ সেই শব্দ শুনিয়া তাহাতেই সমভাবে আরুষ্ট থাকে তাহা হইলে তাহার চক্ষুর দৃষ্টিশক্তির আবির্ভাব হয় না। ইহা দকলেই বাহািক ব্যবহারে প্রত্যক্ষ করিয়াছেন। কোন শব্দে বা দলীতে মন লয় হইলে সেই শ্রোতার নয়নে বাহ্যবস্ত প্রতিভাত হয় না। স্থতরাং শব্দকে লয় করিতে, কঠোর পরিশ্রম ও অধ্যবদায় দহ অভ্যাদ করিতে হয়। তাই রাবণ অতি চুৰ্জিয়। স্থগ্রীব রামকে বলিয়াছিল সে রাবণ-ক্রোড়ে সীতাকে দেখিয়াছিল ও সীতা কর্ত্তক নিক্ষিপ্ত কোষেয় উত্তরীয় যাহা সীতার দেহ আবরণ করিয়াছিল, তাহা দে দেখিয়া সংগ্রহ করিয়া রাখিয়াছে। সেই মদীবর্ণ পুরুষ যে রাবণ তাহা স্থগ্রীব কি করিয়া জানিতে পারিল ? সে তাহার রব বা শব্দ না করিলে সে যে রবেরই প্রতীক তাহা জানা যাইতে পারে না। গ্রীবা হইতে যে মুহুর্ত্তে জ্যোতি অদুখ হয়, তথনই গ্রীবা হইতে অভান্তর পর্যাপ্ত সমস্ত অন্ধকার হইয়া, রব বা নাদ যেন সেই অভান্তরত্ব অন্ধকার হইতেই উত্থিত হইয়া শ্রুত হয়, যেন দেই অন্ধকারই রব করিতেছে, তাই দেই রবের রূপ মদীবর্ণ। স্থগ্রীব বলিল "আমিই সীতা অন্বেষণ করিয়া দিব। অর্থাৎ রাম যদি যোগাসনে বসিয়া নিজ গ্রীবাকেই আশ্রয় করতঃ তাহাকেই স্থ করিয়া তাহাতে কোন অক্ষন্তনতা অভতব না করিয়া, ক্স্তুক সাধন দারা দীর্ঘ অভ্যাস করিতে পারেন, তাহা হইলে রাবণের সন্ধান করিতে পারিবেন। গ্রীবা হইতেই ববরূপী রাবণের উৎপত্তি স্থানের নির্ণয় হইতে পারে। গ্রীবাই রবের উৎপত্তি বিষয়ে অবগত হয়। তাহা কিরূপে হয় । যে রব বা শব্দ বাহির হইতে কর্ণদারা শোনা যায়—যেমন একটা প্রাণীর বব, তাহার উৎপত্তি কিরপে হয় ? বাহিরে প্রবাহিত বায় নিশাস

দারা অভান্তরে লইয়া যাইলে তাহা যেন কিঞ্ছিৎকালের জন্ম তথাতে রুদ্ধ হয়, আবার তাহাই যখন আত্তে আত্তে বাহিরে আদিতে থাকে. তথন মনে বাক্যউচ্চারণের ইচ্ছা হইলে, গ্রীবাস্থিত কণ্ঠনালীসন্নিবিষ্ট ছুইটা পদ্দাতে (Vocal Cord) আঘাতপ্রাপ্ত হুইয়া শব্দরূপে পরিণত হওয়ার পর, মুখদার দারা বাহিরে আসিলেই সেই শব্দ শ্রুত হয়। মুথ বন্ধ করিলে, দেই পথে বায়ু আর না আসাতে শব্দও দে পথে নিৰ্গত হয়না, কিন্তু নাসিকা খারা দেই বায় নিৰ্গত হইবার সময় সেই শব্দ হঁহঁহাঁ রবে শ্রুত হয়। মুধ হইতে যথন শব্দ উচ্চারিত হয় তথন উপরের চোয়ালম্বয় অর্থাং হন্ন বিস্ফারিত হইয়া উদ্ধে উত্থিত হয়, এবং শব্দ নানারূপে প্রকাশ কবিতে হইলে জিহবাকে সেই হছম্মের মধ্যবত্তী মুখাভ্যস্তবস্থিত তালুতে বার বার সংলগ্ন করিতে হয়। এই হন্নর সাহায়েই শক নির্গত হয় ও বিভিন্নরপ শক্ত উচ্চারিত হয়। তাই হহুমান, অন্ত হহুবিহীন বানরের ভায়, শুধু কিল কিল করিত না, বিভিন্নরূপে শব্দও উচ্চারণ করিতে পারিত: সেইজভাই বাল্মীকি রামের মুখে বলাইয়াছেন হন্নমানের শব্দবিভাস ও উচ্চারণ অনেকটা স্বস্পষ্ট ও বোধ্য। ভিতর হইতে যে শব্দ উত্থিত হয় তাহা যেন কর্ণেই শ্রুত হয়, সেজন্য তাহার উৎপত্তি স্থান কোথায় তাহা নির্ণয় হয় না। শব্দের নির্গমন এই গ্রীবাও মধ দারাই হয়। স্বতরাং গ্রীবা ও মুখদারেররক্ষী হন্তুমানই এই শব্দের উৎপত্তি স্থান বিষয়ে অভিজ্ঞ। গ্রীবাস্থিত কণ্ঠনালীর পর্দায় আঘাতিত হইয়া বায় ঘারা শব্দের উংপত্তি হইলেও তাহা কোন পথে বহির্গত হয় তাহা ্থীবা জানেনা। হতুর পথেই তাহা বাহির হয়। আবার হতুও জানে গ্রীবা হইতেই শব্দ আসিতেছে। হন্তু, শব্দের নির্গমন পথের বিপরীত দিকে অনুসরণে গ্রীবাতে ধাইয়া ধেন গ্রীবার নিকটেই অবগত হয়

শব্দ কোন পথে আসিতেছিল। তাই স্থগ্রীব হতুমানকে দক্ষিণ দিকে যাইয়া রাবণের বাসস্থান অন্তেষণ করিতে নির্দেশ কবিল। আমাদের মন্তক্ই আমাদের দেহের উত্তর ও পদের দিকেই দক্ষিণ। মন্ত্রেও আছে "উত্তরে শিখরে দেবী ভ্যাাং পর্বতবাসিনী" ইত্যাদি। এখানে শিখরে অর্থে শির। গ্রীবা জানে যে, শব্দ নীচের দিক হইতেই আসিতেছে—অর্থাৎ মন্তুগ্রদেহে শব্দ, দেহের নীচের দিকে বক্ষাভান্তর হইতেই উত্থিত হইয়া পরে উপরের দিকে গলা দিয়া পরে মুখ দিয়া বাহির হয়। তাই স্বুগ্রীব হন্তুমানকে নীচের দিকেই দেখাইয়। বলিল এই নীচের দিকে ঘাইলেই বব বা বাবণের উৎপত্তি বা বাদস্থানের দ্রান পাইবে। এখন হতু যদি মুখ্যার হয় আর স্থীব যদি গলা হয় তাহা হইলে মুখ কি করিয়া গলায় যাইতে পারে ? কিন্তু বর্ণিত আছে হতুমান বায়র নন্দন, তাই সে পিতার ন্তায়ই বায় আকারে অতি বিস্তৃত বিরাট দেহ ধারণ করিয়াই, তবে এক লক্ষে শত যোজন পথ অতিক্রম করিয়াছিল। ক্ষুদ্র মার্জ্জার (বিড়াল) এক লম্ফে যতটুকু দুর যায় তাহা অপেক্ষা তাহারই জাতীয় অতি বৃহৎ ব্যাঘ্ৰ বা সিংহ তাহা অপেক্ষা লক্ষ্ণ প্ৰদানে অনেক অধিকদূর অতিক্রম করে। হতুমান বায়ুর নন্দন, স্কুতরাং বায়ুরই জাতীয়। স্বতরাং এই হন্তমানকে বায় জাতিতে পরিণত হইতে হইলে, তাহাকে তাহার আকারও পরিত্যাগ করিতে হইবে অর্থাৎ তাহার স্থলদেহ পরিত্যাগ করিয়া তাহাকে সুন্ধ বায় আকারে পরিণত হইতে হইবে। তাহা কিরুপ অবস্থায় সম্ভব আমরা তাহাই দেখাইতে চেপ্লা করিব, ভগবান্ তিব্বতীবাবা বলিতেন "নাসাগ্রভাগে দৃষ্টি স্থাপনপূর্বক নিঃখাদের গতি লক্ষা রাথিয়া মনকে তাহাতেই একাগ্র করিতে অভ্যাস করিবে।" অর্থাৎ হতুযুক্ত মুধ ও নাসিকা দারা বায়ুগ্রহণ করিয়া সেই নিখসিত

বায়ু কোন পথে অভ্যন্তরে যায় তাহারই অমুসরণ করিয়া মনকে (मरहत अज्ञास्तत প্রবেশ করাইয়া অম্বর্দর্শন করাইতে হইবে। নাপারক হয় ছই পার্যের হতুর মধ্যেই স্থাপিত। নাপিকাগ্রভাগে দৃষ্টি করিতে করিতে ক্রমে তাহাকে হন্তর সহিত একসঙ্গে মিলিত অবস্থায় দৃষ্ট হয়। তারপর দেই হফুসহিত নাসিকাগ্রভাগও ক্রমে অদৃশ্য হয়, এবং দেই বায়ুর গতির দহিতই হছুযুক্ত মন যেন হছুমান হইয়া ক্রমে অভ্যন্তরে প্রবেশ করে। তাই হনুমানের বানরদেহ, আদশ্য হইয়া তাহার পিতার বায়র দেহের আকারে পরিণত হইয়াছিল। তারপর সেই বায় সেই গ্রীবান্থিত কণ্ঠনালী বাহিয়া কণ্ঠস্থিত পর্দাদয়কে স্পর্শ করিয়া. (যেন হন্তুমান মাহেন্দ্র পর্বতে একট দাঁডাইয়া) বক্ষঃস্থিত নালী বা নল দারা বক্ষের অভাস্তরে প্রবেশ করিয়া ছুই দিকের আধার স্বরূপ তুই ফুসফুসাভ্যন্তরে প্রবেশ করে। পর্বত অর্থে = 'থাক্' বা বিশ্রামের স্থান। ফুস্ফুসের রংও কালবর্ণ। স্থতরাং তথন মন আর আশ্রয় লইবার স্থান পায়না। মনের চকু, সেই হত্ব ও নাসিকাগ্রভাগের অন্তর্ধানের পরে, আর কিছু দেখিতে না পাইয়া দৃষ্ট পদার্থের অভাবে দৃষ্টিহীন হইয়া অক্রিয় হয়। মন তথন কোন দশুমান পদার্থের অভাবে যেন চক্ষ্মীন হইয়া অন্ধকার রূপ সমুদ্রে পড়ে, কিন্তু ঐ বায়ুর অহুভূতিতে নিবদ্ধ থাকাতে, সেই বায়ুর সহিতই কণ্ঠনালী ও তাহারই বিস্তৃতিরূপ (continuation) বক্ষাভ্যন্তর্শ্বিত নালীরূপ সেতৃখারা অভ্যন্তরে পৌছিয়াই, চকুর দৃষ্টি শক্তির অভাবে কর্ণের প্রবণশক্তি প্রাপ্ত হয়: আর তথনই যেন অভ্যন্তর হইতে উথিত শব্দ মনের কর্ণে শ্রুত হয়—যেন সেই বায়ুই রবরূপে বা রাবণরূপে উঠে। সেই অভ্যন্তর ভাগই লঙ্কা— যেখানে এই বব লীন হইয়া থাকে, আবার দেখান হইতেই উত্থিত হয়। (লীয়তে অত্র ইতি লং)। যেন সেই অন্ধকারবাশিকপ সমূত্রমধ্যস্থ লক্ষা নামক দ্বীপেই রব বা রাবণের বাস। সমূত্রের রূপও নীলবর্ণ। তারপর দেই হত্নযুক্ত মন দেই শব্দ শুনিতে শুনিতে দ্য ইচ্ছা করে—কিছু দৃষ্টি করিতে। তথন ক্ষণিকের জন্য হিরণাবর্ণ বা পীতবৰ্ণ আভাযুক্ত জ্যোতি, যেন কৌষেয় বা পীতবৰ্ণ পরিহিতা শীতার ন্যায় একবার মনের চক্ষুর দৃষ্টিতে প্রতিভাত হয়। যোগে অভান্ত সাধকের এইরপেই ক্রমে অন্তর্দ টি হয়। এস্থানে রামই এই সাধক। অর্থাৎ রাম ইতঃপর্বের এইরূপ অভ্যাসদারাই প্রথমে পীতবর্ণ হিরণ্যাভজ্যোতি দর্শন করিয়া পরে আরও অভ্যাদ দারা দেই জ্যোতিকেই শুন্রজ্যোতিরপে (দীতারপে) দেখিয়াছিলেন। সাধন পথ হইতে পদস্থলিত রাম, আবার নিজ পৌরুষবলেই যোগাচরণ করিয়া একবার ক্ষণিকের তরে যেন তাঁহার হতুযুক্ত মনদারা সেই পীতাভজ্যোতি দেখিয়া তাহাকে চিনিতে পারিলেন। তাই হন্তমানই যেন তাহার পূর্ব্বদৃষ্ট পীতবন্ত্র পরিহিতা দীতাকে, তাঁহার পীতবন্ত্র পরিধানেই চিনিতে পারিল। হুরুমান রাবণ কর্তৃক ধৃত হইল এবং তথা হইতে পুনরায় পলায়ন করিল। অর্থাৎ রামের হতুযুক্ত মন আবার তাহার দৃষ্টিশক্তি হারাইয়া শ্রবণশক্তি প্রাপ্ত হইয়া রব শুনিল, বাবণকে আমত্ত করিতে না পারিমা, তাহার (রবের বা রাবণের) উৎপত্তি স্থান জানিয়া, আবার তাঁহার হমুযুক্ত নাসাগ্রভাগে ফিরিয়া আসিল। রামের মন প্রথমে নাসাগ্রসহ হন্নতেই একাগ্র হইয়া হতুর বায়ুরূপে পরিণত হইলে, সেই বায়ুর সহিতই কণ্ঠনালী क्रभ नत्नत्र मादारा अक्रकात्रक्रभ ममूख छेखीर्ग दहेशा, छेखरात्र नीन হটবার একস্থানরূপ লকা দেখিয়া ফিরিয়া আদিয়া, যেন জাগ্রত হট্যাই আবার সেই হমুযুক্ত নাসিকাগ্রভাগই দেখিতে পাইল।

রামের মনই যেন হতুমান অর্থাৎ হতুযুক্ত হইয়া অভান্তরে প্রবেশ করিয়া আবার দেই হমতেই ফিরিয়া আসিল। ইহাই হমুমানের সমুদ্র লজ্যন করিয়া সীতা ও রাবণকে দর্শন করিয়া রামকে সমস্ত বুতান্ত বিদিত করণের তাংপ্রা। সাধনপ্রথালিত রাম তাঁহার পৌরুষরূপ লক্ষ্য কর্ত্তক পুনঃ প্ররোচিত হইয়া আবার যোগাভ্যাস দ্বারা সীতা লাভ করিবেন এইরূপ দৃঢ়প্রতিজ্ঞ হইয়া যোগাসনে বসিয়া, মনকে হন্ন সহিত নাদাগ্রভাগে একাগ্রদৃষ্টি করতঃ, গ্রীবা দোজা করিয়া, নিশ্বদিত প্রাণবায়ু অমুসরণ করিয়া, তাহাকে (মনকে) তাহার প্রিয়ন্তান শির হইতে চ্যত করিয়া, যেন মুখহীন কবন্ধের মত হইয়া, নলরূপ কণ্ঠনালীর সাহায্যে সমুদ্রপারে লক্ষায় যাইয়া, রাবণ ও সীতার লীন হইবার স্থান দেখিয়া, পুনবায় দেই পথে ফিবিয়া আদিয়া, যেন বাম দীতার অভ্নদ্ধানে স্ফলকাম হইলেন। ইহাই সুম্ভ বর্ণনার তাংপ্রা। যথন রাম ব্ঝিতে পারিলেন এই রবই জ্যোতি-দর্শনের ঘোর অন্তরায়, তথন মনকে এই বব হইতে মুক্ত করিবার জন্ম অভ্যাদ করিতে আরম্ভ করিলেন, আর সেই নানারপে রবের সহিত তাহার মনকে যুদ্ধ করিতে হইয়াছিল, তাহা আমরা পরবর্ত্তী অধ্যায় সমূহে দেখাইবার চেই। ক্রবির।

এখন বামের এই সাধনাতে বালীবধের কি প্রয়োজন হইয়াছিল ? স্তরাং বালীর স্বরূপ কি ? বালী পুং বালঃ কেশ উৎপত্তিস্থানত্বন বিহাতে যন্ত। বাল + ইনি

"অমোদ বেতদগুল্ঞ বাদবক্ত মহাত্মন:। বালেষু পতিতং বীজং বালী নাম বভূব স:।" ইল্লের অমোদ বেতঃ বা বীজ কেশে পড়িয়া বালীর জন্ম হইয়াছিল। বালাঃ কেশাঃ দক্তি অক্তা। বাল বিশিষ্ট। অর্থাৎ যাহাতে বাল বা কেশ আছে অর্থাং মন্তক। বালীর পত্নী তারা। তারা—রপ্যতে রূপার মত. মক্তা। আমাদের চক্ষুর মধ্যে যে তারা আছে তাহাও মুক্তার তায় গোল ও উজ্জ্বল, এবং তাহাই রূপ প্রদর্শন করে। তাহাই তাহার নাম নয়নতারা। এই চক্ষুও তাহার তারা সহিত মন্তকেই সন্নিবন্ধ, তাই তারা বালীর পত্নী। বালী রামশরে পতিত হইলে তাহার চক্ষতারা অশ্রুসিক্ত হইয়াছিল, তাই বালীর পত্নী তারাই যেন পতিত স্বামীর জন্ম রোদন করিতেছিল। এই বালীর বাসস্থান কিঞ্চিল্লার গুহাতে। কিছিদ্ধা শব্দের অর্থ কি? কিছিদ্ধা পুং—কিং কিং দ্বাতি ধা+কং। পুর্ববেশ্য কিমো মলোপঃ ষত্ত্বঞ্চ নিপাতনাং - পর্ববেশুহা। যে পর্বতের গুহাভাস্তরে কিং কিং বা কিল্ কিল্ বা কিচ্ কিচ্ শব্প হয়, সেই শব্দ ধারণ করে যাহা, তাহাই কিঙ্কিলা। বানরেরা কিল কিল বা কিচ্ কিচ শব্দ করে। "ততঃ কিল কিলং চক্র: লক্ষ্ণং প্রেক্ষ্য বানরা:। কিচ শব্দের চ কএর সহিত সংযুক্ত হইলে দ্বি হয়। স্থতরাং সেই পর্বত গুহা বানরের কিচ্ কিচ্ শব্দে পূর্ণ জন্ত তাহার নাম কিছিছা। কি জিদ্ধায় বালী বাস কবিয়া কিচ্ কিচ্ শব্দ করে। আর তাহারই নিকটে ঋষ্যমৃক পর্বতে স্থগ্রীব বাদ করে। দেই ঋষ্যমৃক পর্বত কিরূপ? ঋয়-- ঋষি সমূহ: মুকো যতা। ঋষা শব্দে মুগও হয়। মুগ যেথানে মুক হয়। ইহা গ্রীবার পশ্চাদিকস্থ মেরুদণ্ডের উর্দ্ধভাগ ঘাড়। ইহার অস্থি যেন প্রস্তরই। * মুক-মব্যতে২ বধ্যতে, সৌ-বাক্যরহিতঃ বোবা। ঋষিরা মুক বা বাক্যরহিত হইয়াই গ্রীবার আশ্রয় করিয়া যোগাসনে বসিয়া যোগ সাধন করে। পক্ষান্তরে গ্রীবা বা গলা এই ঘাড়েরই সন্মুখভাগ। গলাতেই শব্দ হয়, ঋষিৱা গলাবন্ধ করিয়াই বাকারহিত হয়। আবার গলারপ স্থগীব বানরও বালীর ভয়ে শব্দরহিত হইয়াই এখানে লুকাইয়া

হিন্দুত্বালে ঘাড়কে ঋষিরা বলে।

থাকিত। সে এই স্থানে থাকাবশতং বালী তাহাকে আক্রমণ করিতে পারিত না। মাথা গলাতে নামিয়া আদিতে পারে না। এই গলা হইতেই শব্দ উথিত হয়। এই শব্দ ই স্থাীবের পত্ত্তী রুমা। রু ধাতুর অর্থ শব্দ রব। রু ধাতু হইতেই রব নিশ্রম। রু ধাতু হইতে রোদন। রাম দীতারূপ জ্যোতিহারা হইয়া রোদন করিডেছিলেন—মেন তাহার গলারূপ স্থাীব সেই রোদন শব্দর্য করাকে আলিম্বন করিয়াছিল—মেন মদনোম্মন্ত স্থাীব রূপ গলা শিথিল হইয়াছিল। যথন লক্ষ্ণরূপ পৌরুষ তাহার মনে বল সঞ্চার করিয়া তাহাকে প্রকৃতিস্থ করিল, তথন রাম রোদন বন্ধ করিয়া শিথিল গলা দোজাকরতঃ যোগাদীন হইলেন। তাই যেন লক্ষ্ণ স্থাীবকে ভয় দেখাইয়া তাহাকে ক্রমার আলিম্বন্টাত করিয়া, তাহার কামোম্মন্ত অবশ শিথিল দেহকে দোজা করতঃ আবার স্থায়ীবকে দীতা আ্রেফা ক্রম কাহিলেন। আবার স্থায়ীবকে প্রতিক পরিত তাহার বর্ণনা।

"উদারো ব্রহ্মণাটের পূর্বকালেহভিনির্দ্মিতঃ।
শর্মানঃ পুক্ষো রাম তত্ত্ব শৈলতা মূর্দ্ধনি।
য স্বপ্নে লভতে বিত্তং তৎ প্রবুদ্ধোহধিগচ্ছতি।
যক্তেনং বিষমাচারঃ পাপকর্মাধিরোহতি।
তব্রৈব প্রহরন্থোনং ম্পুধমাদার রাক্ষ্মাঃ॥"

উদার বা ধার্মিক পুরুষ সেই পর্বত শিখরে শয়ন করিয়া স্বপ্নে যে ধনলাভ করে, জাগরিত হইয়া সেই ধন নিশ্চর পাইয়া থাকেন। যদি কোন পাপায়ন্তানরত পাপকর্মা পুরুষ তথায় আরোহণ করে, তবে সে নিজিত হইলে রাক্ষসেরা তাহাকে ধরিয়া প্রহার করিয়া থাকে। অর্থাং যদি কোন উদার সমদম সংযমাদি ঘারা শুদ্ধচিত্ত লোক এই ঘাড়রূপ শুয়ুমৃক পর্বতকে সোজা করিয়া মনস্থিরকরতঃ শাস বন্ধ করিয়া কুঞ্জক করে ভাহা হইলে ধ্যান দ্বারা যে ফল লাভ করে, জাগ্রত হইরাও তাহাতে ভাহার প্রতীতি থাকে। কিন্তু পাপাচারী ব্যক্তি শুভদ্ধ চিত্তে সেই যোগ সাধন করিতে গেলে শাস-কটে অতিশয় কট পায়। তাহা হইলে দেখা বাইতেছে এই স্বয়স্ক পর্বত শবিদের যোগ সাধনের প্রধান ও প্রথম আশ্রয়। আর এই স্বয়স্ক স্থিত গ্রীবাই ব্যন স্থানীব হয়, তথন ভাহারই সাহায়ে যোগাচরণ স্ট্রুপে সাধিত হয়। ভাই এই পর্বত যেন ব্রহ্মা কর্তৃক নির্মিত। ব্রহ্মপ্রাপ্রের প্রধান সহায়ই এই স্বয়স্ক। সেই পর্বতের উপরিভাগে এক বৃহৎ প্রস্তরে আবৃত্ত বৃহৎ গুহা আছে।

"রাম তন্ত্র পু শৈলন্ত মহতী শোভতে গুহা। শিলা পিধানা কাকুংস্থ হঃধঞ্চান্তাঃ প্রবেশনম্॥ তন্ত্রা গুহায়ঃ প্রাগ্রাবে মহাস্থীতোদকো হ্রন্নঃ।… তন্ত্রাং বসতি ধর্মাত্রা স্করীবঃ সহ বানবাঃ॥"

দেই গুহার প্রাগ্রারে মহান্ জলের হ্রদ আছে, দেখানে বানরগণসহ
স্থাীব বাদ করেন। মহয়ের গলার উপরিভাগে একথানা পাথরের
ছায় বিস্তৃত অস্থি আছে এবং তাহার অভ্যন্তর দিয়া বিস্তৃত ছিক্ত
আছে তাহার মধ্য দিয়া মন্তক হইতে স্নায়্দমষ্টি ও শিরাধমনি
নির্গত হইয়াছে। এই কয়স্ক গিরি পর্বত, পম্পার অস্তভাগে শোভিত
এবং তথাতে (দেই পর্বতে) স্থাীব চারিটী বানরের সহিত বাদ করে।

ঋষুমূকে গিরিবরে পম্পা-পর্যান্ত শোভিতে।

নিবসতাাত্মবান্বীর চতুর্ভিঃ সহবানবেঃ।

পশ্পার অবতদেশে শোভিত ঝগুমৃক পর্কতে "দক্ষ: প্রগলভো ছ্যাতিমান মহাবলপরাক্রম: হুগীবো নাম বানবং" বাস করেন। ঝগুমৃক পর্বত যদি বাড় হয় তাহা হুইলে পশ্পা কি হয় ?

"ততঃ পুন্ধরিণীং বীরৌ পম্পাং নাম গমিয়থঃ। অশর্করামবিভ্রংশাং সমতীর্থামশৈবলাম। রাম সঞ্চাতবালুকাং কমলোংপলশোভিতাম ॥ দেই পম্পা পুষরিণী কয়রশূন্তা, সমতীর্থা অর্থাৎ চারিদিকে সমান তীর্থবিশিষ্টা অর্থাৎ গোলাকার, পতনসম্ভাবনারহিতা, পরিবৃতা, শৈবালশূতা এবং কমল ও উৎপলসমূহে শোভিতা। আর এই পম্পার জলে স্থগীবাদি বানরের। তৃষ্ণা নিবারণ করে। পম্পা = श्वीः পाতि तक्कि भश्यामीन श्रीय मिलनमानामिछिः। अर्थाः যাহা জল দান করিয়া পালন বা রক্ষণ করে তাহাই পম্পা। ইতিপূর্কে **একবার ইহাকে** इन বলা হইয়াছে, এখানে বলা হইল ইহা পুষ্কবিণী-স্তরাং ইহা নদী নহে। ঋষুমৃক ঘাড়, স্থগ্রীব গুলার অভ্যন্তর, তাহা হইলে পপা কি মুখের অভ্যন্তর হইল না? মুখের অভ্যন্তর সমতীর্থা গোলাকার, কোন পদার্থ তাহাতে থাকিলে তাহা পড়ে না, তাই পতনসম্ভাবনাশৃতা; মহুণ তাই কল্পকা; চর্বিত থাতা বালুকাকারে পরিণত হইয়া এই মুখের অভ্যন্তরেই থাকে তাই বালুকাপরিরতা; ইহার অভ্যন্তরের বর্ণ পল্লের বর্ণের মতই; স্থানে স্থানে নীল শিরা থাকাতে তাহা নীলোংপল বা নীলপদ্মধারা শোভিত; আর এই মুখনিঃস্থত রসেই বা লালাতে গুড়কণ্ঠ সরস করা হয় বা ভিজান হয়। গলা শুকিয়ে গেলে জলাভাবে বারে বারে এই মুখের লালাই গিলিয়া 'ঢোক' গিলিয়া গলা ভিজাইতে হয়। পক্ষাস্তরে যোগাসীন যোগীর গলা শুক হুইলে এই মুথের রসেই গলা ভিজায়। এই গলার বা গ্রীবার চারিটী দ্বার চারিটী নালীর শেষে আছে। অর্থাৎ ৪টী নালী বা নল এই গলার সহিত মিলিত আছে। তুই কর্ণের অভ্যম্ভর দিয়া নালী কর্ণপটহের

একপার্য দিয়া ছিদ্রের গ্রায় গলার উপর স্থানে তাহার সহিত चितिक इडेशारक यादारक देशतकीरक Eustachian tube वरन। নাদারক্ষ, বাহিরে চুইটী হইলেও তাহারা গলার অভান্তরে এক নালী হইয়াই তাহার সহিত মিলিয়াছে। মুখের অন্তভাগও নালীর আকারেই গলার সহিত মিলিয়াছে। মুখ বাাদান করিলেই তাহার অন্তভাগে পলা দেখিতে পাওয়া যায়। মুখও হতুসংযুক্ত। এই চারিটা নল বা নালীই স্থাীবরূপ গলার অপরিতাজা চিরস্ইচর চারি বানর। ভাছাদের নাম (১) হতুমান, (মুথের উপরে হতু আছে তাই হতুমান) (২) মৈন্দ; মিদ ধাতু হইতে মৈন্দ, যেমন ইদি চইতে ইন্দ্ৰ। মিদ-স্লিহি। স্নেহ নাসিকা হইতে সৰ্বদাই নিৰ্গত হয়-যেমন নাকের দিক্লি মেহ বা তৈলের লায় পদার্থ, তাই মৈন্দ অর্থে নাসিকারন্ধ। (৩) দ্বিবিদ--্যাহা তুইরূপে বিদ হয় বা জ্ঞাত হয়। ছই কৰ্ণরদ্ধ দারা শব্দ জ্ঞাত হওয়া যায়। তাই দ্বিলি অর্থে কর্ণ। (৩) আর দীর্ঘ রোম বিশিষ্ট ভল্লক জান্ববান ঋক্ষ। জন্ম অর্থে জাম ফল, জাম্বান যাহার রোমরাজি জম্মুলের বর্ণের মত। এই জম্বর্ণের রোম নাদিকা, কর্ণ, মুখরদ্ধের ও গ্রীবার আবরণরূপে তাহাদের রক্ষক তাই সে অমাতা। মন্ত্রী যেমন রাজা ও সৈলগণকে পরামর্শ দিয়া রক্ষণ করে তেমনি এই জম্ববর্ণের রোমরাজি নাসিকা. কর্ণ, মুধ ও গ্রীবার প্রহরীম্বরূপ তাহাদের অমাত্য। এই রোম থাকাতে কাণে, মুখে, নাকে কোন কীট পোকা প্রবেশ করিতে পারে না। গুদ্দ বা মোচ রূপে মুখের ছার রক্ষা করে, আর শাশ্র वा नाष्ट्रीकरण देश भनाव जाण बक्का करता भना माथाव नीरह. তাই বালী স্থগ্রীবকে ঋষুমূকে আসিয়া তাড়না করিতে পারে না।

বালী তুলুভি দৈত্যের ঘোর রবে উত্যক্ত হইয়া তাহাকে তাড়না

করিয়া তুন্দুভির গুহায় প্রবেশ করিয়াছিল। কাণে উচ্চশব্দ প্রবেশ করিলে মন্তকও বিব্রত হয়। তথন গলা আড়ষ্ট করিয়া গলার অভ্যন্তরের উপরিভাগে যে কর্ণরন্ধের অপর থোলামুথ আছে তাহা বন্ধ করিলেই সেই শব্দ বন্ধ হয়। সেই নালীঘ্য মন্তক্স্থ অন্থির মধ্যের ছিত্র দিয়াই গলায় মিলিত হইয়াছে। কর্ণপট্হই তুদুভি বা ভেরি। যেমন ভেরির চর্মে আঘাত করিলে হুম হুম্ শব্দ হয় (তাই তাহার নাম তুদুভি) তেমনি কর্ণপট্রে আঘাতপ্রাপ্ত হইয়া এই হুম হুম শব্দ হয়। তাই স্থাীব গুহামধ্যন্থ বালীর প্রবেশহার বন্ধ করিয়াছিল। বালী সেই হুম হুম শব্দ শুনিতে শুনিতে সেই গুহারূপ নলাভ্যস্তরেই প্রবেশ করিয়াছিল। এই ছিদ্রমুধ বন্ধ হইলে চিকিৎসকেরা যন্ত্রসাহায়ে কর্ণাভান্তরে বাতাস প্রবেশ করাইয়া সেই ভিতরের দিকের ছিন্তম্থ, ক্লেদশূত করিয়া দেন, তথন আবার কর্ণে শব্দ শ্রুত হয়। রাবণ ত্রিভূবন বিজয় করিয়া বালীর নিকট যুদ্ধার্থ উপস্থিত হইল। বালী তথন চতুঃসমূদ্রে সন্ধ্যা করিতেছিল। রাবণ মৃত্র পদশন্দ করিয়া বালীর নিকট ঘাইতেছিল। বালী, তাহা একবারমাত্র শুনিতে পাইয়া বাবণকে কক্ষে আবদ্ধ বাথিয়া, তাহার চতুঃসমূত্রে সন্ধা৷ শেষ হইলে, তাহাকে কক্ষ্যুত করিয়া তাহার সহিত মিত্রতা করিল। এথানে চতুঃসমুদ্রের কথা উল্লেখ আছে। ভারতের তিনদিকে সমুদ্র আর একটা সমুদ্র আসিল কোথা হইতে ? বালী যদি মন্তক হয় তাহা হইলেই ইহার সমাধান হয়। অর্থাৎ মন্তক সন্ধ্যাকালে নিদ্রাভিত্ত হইয়া চতুপ্রহর রাত্রি নিদ্রাস্থ্য উপভোগ করিয়া প্রাতে জাগরিত হইয়া প্রাতঃসদ্ধ্যা শেষ করিল! এই নিদ্রাবেশ হইলে সামাগ্য শব্দ গ্রাহাই হয় না, তাই বাবণের মুত্পদক্ষেপশব্দ বালীরূপ মন্তক গ্রাহাই না করিয়া, তাহাতে তাহার নিদ্রার কোন ব্যাঘাত না ঘটাতেই, যেন

সে তাহাকে কক্ষে চাপিয়া রাখিয়াছিল। আবার প্রাতঃকালে মন্তক্ জাগরিত হইলেই, তাহা কণাভ্যন্তরে প্রবিষ্ট শব্দ শুনিতে পায়—তাই যেন মন্তক্ত্রপ বালী রবত্তপ রাবণের সহিত মিত্রতা করিল।

এখন এই বালী রামের সাধনার পক্ষে কিরুপ অন্তরায় হইতে পারে, যে তাহাকে বধ করিবার, রামের প্রয়োজন হইল। যোগাভ্যাদে আসীন সাধক মনস্থির করিবার সময় একটা ধারাবাহিক ঝিল্লীরবের ন্যায় কিং কিং কিল কিল কিচ কিচ শব্দ যেন মন্তকের মধ্যেই হইতেছে, এইব্লপ শুনিতে পায়। ইহা বাহ্যকারণ হইতে আগত শব্দ হইতে বিভিন্ন। ইহার কোন দৃশ্যমান বা অহভূমমান কারণ নির্দেশ করা যায় না। এই শব্দ হইতে মনকে বিচ্ছিন্ন করিতে পারিলেই গ্রীবাতে মন সংশ্লিষ্ট হয়। এই শব্দ যেন মন্তকের মধ্যেই কোন নিহিত কারণ হইতে উদ্ভত হয় বলিয়া বোধ হয়। আর সেই শব্দে আকৃষ্ট হইয়া মন মন্তকেই আবন্ধ থাকে। মন সাধারণতঃ মন্তকে স্থিত ইন্দ্রিগণের নিকটস্থই থাকে। স্থতরাং সেই মন্তক হইতে তাহাকে গ্রীবাতে নিবদ্ধ করিতে হইলে বহু আয়াস করিতে হয়। त्में मछक श्टेरा मन शीवार बाकिष्ठ श्टेरलंडे, त्में मछत्क শ্রুত শ্রের সহিত যেন মন্তকটাই অন্তর্হিত হয়—যেন মন্তকটাই বধ হয়। তারপর গলাতে মন নিবদ্ধ হইলে তাহা যেন গলার সহিত মৈত্রী সূত্রে আবদ্ধ হয়। ইহাই বালীবধের তাৎপর্যা। সেই মন্তকে কিং কিং শন্তকারী কারণই বালী, আর তাহা ঐ মন্তকে থাকাতে কেশযুক্ত মন্তক্ই বালীর প্রতীক্। এখন সম্ভবতঃ বোধগম্য হইল কেন বাল্মীকি এই সমস্ত বানরের উক্তরূপ অর্থবোধক নাম করিয়া আবার তাহাদের বাসস্থানেরও ষ্থাযোগ্য নামকরণ করিয়াছেন। যোগদাধনে কথন কোথায় কিরূপ অমুভূতি হয়, তাহাই যোগদিদ্ধ মহর্ষি বাল্মীকি, নিজ অহুভৃতিই, রূপকে প্রকাশ করিয়াছেন— যেন বাম তাঁহার উপলক্ষা।
রামের ছারাই তাঁহার আচরিত সাধন প্রণালী প্রদর্শন করিয়াছেন।
নতুবা বানরের নামকরণের কি প্রয়োজন ছিল
লাকিবাগ্রভাগ
ইইতে মনকে হৃদয়স্থানে নিবিষ্ট করিতে যে সাধনা ও অধ্যবসায়ও
অভ্যাস করিতে হয়, তাহার পথ শতবোজনের গ্রায়ই তুর্লজ্য।

কুমার ব্রন্ধচারী রামের মনে যখন কামনার বীজ মাত্র অঙ্করিত হইবার উপক্রম হইয়াছিল, তথন বিশামিত্র কর্তৃক উপদেশের ও শিক্ষার ফলে, অল্লায়াদেই তাহা অন্ধরেই শাস্ত হইয়া, তাঁহার (রামের) মনঃসংযম শীঘ্রই হইতে পারিয়াছিল। তাই রাজর্ষি জনকের উপদেশে ধমুর্ভঙ্গ করিয়া হাদিস্থিত আত্মজ্যোতির দর্শনরূপ উপলব্ধিও অল্প সময়ে সিদ্ধ হইয়াছিল। বালক ব্রহ্মচারী, যাহার মন কামনাক্লিষ্ট হয় নাই. কিরুপে কত শীঘ্র উপযুক্ত গুরুর সাহায্যে সাধনাপথে সিদ্ধ হইতে পারে, তাহা বাল্মীকি রামের দৃষ্টান্তে দেখাইলেন। এযুগেও তাহা শহরাচার্য্য, চৈতক্সদেব ও যুবক বিবেকানন স্থামীর জীবনে দেখিতে পাওয়া যায়। আচার্য্য শঙ্কর ষোডশ বর্ষেই উন্নতির সর্ব্বোপরি সোপানে আবোহণ করিতে সমর্থ হইয়াছিলেন। বলা যাইতে পারে তিনি পূর্বজন্মজনান্তরে অনেক সাধনা দারা প্রায় সমস্ত সোপান আরোহণ করিয়া অবশিষ্ট যাহা দামাত ছিল, তাহাই এই জন্মে শেষ করিলেন। রামও সেইরূপ পূর্বজন্মে বিফুরূপে সাধনা দারা তাঁহার (বিষ্ণুর) নিভূণি সভায় উপনীত হইয়াছিলেন যাহা সিদ্ধার্শমের বিবরণে কথিত হইয়াছে। তাই তিনি এজন্মে এত শীঘ্র সিদ্ধি লাভ করিতে সক্ষম হইয়াছিলেন এবং তাহার সময় মাত্র দশ দিন ছিল। বিখামিত্র দশ দিনের জন্ত রামকে সঙ্গে রাথিয়াছিলেন। বান্দণসন্তান উপনীত হইয়া গায়ত্রীমন্ত্রে দীক্ষিত হইবার পর দশ বা

দাদশ বর্ষ ব্রহ্মচর্যা আচরণ করিয়া আচার্য্যের নিকট উপদেশ প্রাপ্ত হন। তারপর আচার্য্য যাহাকে অধিকারীর উপযুক্ত মনে করেন অর্থাৎ যে গার্হস্থাশ্রমে প্রবেশ না করিয়া আত্মোপকর্য সাধনই শ্রেয়: মনে করে, তাহাকেই আত্মজ্ঞানের উপদেশ দিতেন। এই গায়ত্রীময়েই আত্মদর্শনের বা ত্রন্ধোপলন্ধির বীজ নিহিত আছে। এই মন্ত্র যাহারা সম্যক প্রণিধান করিয়া দ্বাদশ বর্ষ সাধনা করিতে পারে, তাহারা ব্রন্ধজানের সমীপত্ব হয়। তাই এই অফুষ্ঠানের नाम উপনয়ন। উপ-नमीरभ-नग्रन-नीधाकु इटेरक-नटेशा याख्या। এই গায়ত্রীমন্ত্রই যেন তাহাদিগের পরিচালক হইয়া তাহাদিগকে ব্রন্দের স্মীপে লইয়া যাইবে। এই গায়তীমন্ত্রের প্রণিধান করিতে হইলে আমাদের সেই মন্ত্রীর অর্থ সমাক্ ব্ঝিতে হইবে। অন্তথা তাহা, প্রত্যহ নিয়মিত কর গুণিয়া টিয়া পাখীর মত, উচ্চারণ করিলে কি কিছু কার্য্য তাহাতে সিদ্ধ হয় ? মন্ত্রটী এখন আবাহ্মণ সকলেরই কণ্ঠন্থ, এবং তাহার নানারূপ অর্থও হইয়াছে। স্বতরাং ति विषय अकि जालाइना कतिल अथात जनक इटेरव ना। "ওঁ ভূভূ বন্ধঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্ণো দেবস্থ ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।" ইহা ২৪ অক্রযুক্ত গায়ত্রীছন্দের ঋগ্রেদীয় অনেক মদ্রের সর্বোর স্ততির একটী মন্ত্র। সেই মূলমন্ত্রে ওঁবা ভূতুবি, স্ব ছিল না। কেননা ঋগবেদের সময়ে ওঁএর কোন উল্লেখ নাই। ইহা উপনিষদের ঋষির কল্পনা। ভ ভূবি স্ব এই তিনটীকে ব্যাহ্নতি বলা হয়। আচার্যা শহর এই বাহিতি শব্দের কোনও ব্যাখ্যা করেন নাই কেননা তাহা উপলব্ধির বিষয়। ব্যাহ্নতি = বি+আ+ছ। আ-সমস্তাৎ চারিদিক হইতে বি-সমাক প্রকারে হ্র-আহরণ, ইহাই ব্যাহ্নতি শব্দে বুঝায়। এই তিনটী শব্দই এক একটা ব্যাহ্নতি।

ইহারা যে ব্যাহ্নতি তাহার তো কোন লক্ষণই ইহাতে বোঝা যায় না। স্থতরাং তাহা উপলব্ধির বিষয়। মন্ত্রজাপক প্রথমেই বলিল ওঁ, তথন তাহার এই ওঁএর সম্বন্ধে প্রণিধান হওয়া প্রয়োজন। এই ওঁ সম্বন্ধে আমরা ইতিপূর্কে বিভূত আলোচনা করিয়াছি। স্বতরাং সেই ওঁএর প্রতিপাল আত্মা বা ব্রন্ধই তাহার প্রাপ্য লক্ষ্য স্থিব করিয়া, 'পৈতে' হতে ধারণ করতঃ মন্ত্র উচ্চারণ করিতে করিতে, পরের শব্দগুলি উচ্চারণ করিয়া তাহাও যথায়থ প্রণিধান করিতে হইবে। পৈতে হত্তে করিবার কি প্রয়োজন ? পৈতে অর্থ কি? পৈ = শোষে। পায়তি ধান্তমাতপেন। এই পৈতে যাহা আমার দেহ বেষ্টন করিয়া আছে তাহা, আমার দেহের মলের ও অবিশুদ্ধতার বন্ধনরপ রজ্জু; এই রজ্জুর সাহায্যেই আমি তাহাদিগকে বন্ধন করিয়া দূরে নিক্ষেপ করিব। রৌল যেমন ধালা শুক্ষ করে তেমনি এই পৈতেও আমার দেহের মলিনতা রূপ আর্দ্রতা শুক করুক। এখন মন্ত্রজাপক আমি, উচ্চারণ করিলাম ভঃ। তখন আমার মনকে চারিদিক হইতে অন্ত বিষয় চিন্তা হইতে আকর্ষণ করিয়া তাহাকে সেই 'ভৃ'তেই নিবদ্ধ করিয়া সেই 'ভূ'র বিরাটত্ব উপলব্ধি করিতে যতদূর সম্ভব চেষ্টা করিলাম—তাই ইহা ব্যাহৃতি। তারপর মনকে ভূ হইতে উপরে ভূবে শৃত্তে লইলাম, তথন মন, 'ভৃ'স্থিত দৃশ্যমান পদার্থ হইতে ক্রমে নিলিপ্ত হইয়া শৃত্তে যাইয়া যেন শৃতাই দেখিল। তারপর যথন তাহারও উর্দ্ধে উখিত হইল তথন মহাশৃত্যে যাইয়া নিবদ্ধ হইল-দেই জগৎ প্রকাশক সবিতাতে। তারপর সেই জগং প্রকাশক সবিতৃরও যে শ্রেষ্ঠ ভর্গ--্যাহা আবার সেই সবিতাকেও প্রসব করিয়াছে তাহাকেই আমি ধ্যান করিতেছি— ধীমহি, আর সেই ধ্যান করিবার যে আমাদের ধীশক্তি তাহারই

প্রচোদন হউক-প্রকাশিত হউর্ক, প্রজ্জনিত হউক। ক্রমে ভূ ও ভবের দৃষ্ঠ বস্তু হইতে নির্লিপ্ত মন 'স্ব'তে সবিতা বা সুর্য্যে লিপ্ত হইল। তারপর সেই সুর্ঘ্য বা আদিত্য মণ্ডলাধিষ্টিত পুরুষ, যাহার ভাতিতে সেই আদিতাও বিভাসিত হইয়াছে সেই ভূগুও পাপা হয়। "তমেব ভাস্তমহভাতি সর্বাং তল্গভাসা সর্বামিদং বিভাতি।" তথনই আবার ওঁ বলিয়া মন্ত্র শেষ হয়। অর্থাৎ সেই ওঁ প্রনিধান হইয়াছে। তাই মল্লের শেষেও ওঁ। স্থতরাং এই মল্লের মূল্য কত। যে জাপক এই মন্ত্ৰ যথায়থ প্ৰাণিধান কবিয়া ইহা সমাক উপলব্ধি করিয়া জপ করিতে পারে, তাহার আর অন্ত কি দাধনার বা উপদেশের প্রয়োজন ? তাই উপযুক্ত আচার্য্য ধারাই উপনীত হইবার বিধি সেই পূর্বকালে ঋষিদের যুগে ছিল। যে ত্রাহ্মণসন্তান প্রকৃতই এই সদাচারের সৃষ্ঠিত দ্বাদশ বর্ষ ব্রহ্মচর্য্য অবলম্বনে এই মস্ত্ৰোক্ত বিষয় উপলব্ধি করিতে পারিতেন, তাহাকেই ব্ৰহ্মজ্ঞ গুরু ব্রাহ্মণ নামে অভিহিত করিয়া "তত্তমদি" বলিতেন। কেননা তিনি তথন গুরুকে বলিতে সক্ষম হইতেন "অহং ব্রন্ধোহন্মি।" তাই কঠোপনিষদের ঋষি বক্তগন্তীর স্বরে বলিলেন "উত্তিষ্ঠত জাগ্রত প্রাণ্য বরান্ নিবোধত।" উঠ, জাগ্রত হও, সদগুরুর আশ্রয় লইয়া প্রবৃদ্ধ হও।

বালীকি আবাল ব্ৰহ্ণচাৰী; তাই তিনি দেখাইলেন আনাসক বাল ব্ৰহ্ণচাৰী কত শীব্ৰ আত্মজ্যাতি দৰ্শন করিতে পারে। রামের সেই দশ দিনের সাধনাও কি কঠোর না ছিল! যেন তাহা দশবংসর বাগী ব্ৰহ্মচাৰ্য্যের ভাষ। সেই সিদ্ধিই তিনি রামের ধফুর্ভদে দেখাইলেন। পরে তাঁহার মনে হইল শুধু কি আবাল ব্ৰহ্মচারীরাই এই আত্মজ্ঞান লাভে সমর্থ হয়, গার্হস্থাশ্রমী বিশুদ্ধাত্মা পুক্ষবেরা তাহা লাভ করিতে পারেন না । কেবলই কি ব্রহ্মি অগ্ন্য এবং

তাঁহার আয় আবাল ব্রন্ধচারীরাই ইহার যোগ্য অধিকারী ? পক্ষান্তরে বন্ধবি বশিষ্ঠ, ভৃগু আদি বৈদিক ঋষিরা পুত্র কলত্র সহ গার্হস্থাশ্রম ধর্ম পালন করিয়াও তো, এই ব্রহ্মপদ লাভ করিতে সমর্থ ইইয়াছেন। আবার আধুনিক যুগেও আমরা দেখিতে পাই তিব্বতী বাবা আচার্য্য শঙ্কর ও বিবেকানন্দস্বামী প্রভৃতি মহাপুরুষেরা যেমন ব্রহ্মচর্য্য ও সম্যাস গ্রহণ করিয়া সেই পদলাভ করিয়াছেন, তেমনি বৃদ্ধদেব, চৈত্রদেব, সোহহংস্বামী রামক্লফ দেবও গার্হস্তাধর্ম পালন করিয়াও উত্তরকালে নির্বাণ পদ বা ব্রহ্মপদ লাভ করিয়াছেন। তাই তিনি বিবাহিত রামের বৈচিত্রাময় জীবনীতে দেখাইলেন গার্হসাপ্রমোচিত ধর্মচারী ব্যক্তিরাও, সাধনা দারা সে পদলাভে অধিকারী হইতে পারে। কিন্তু তাহাদিগকে কিরূপভাবে তাহা আচরণ করিলে, কিরূপ সাধনা দারা তাহাতে সিদ্ধিলাভ করিতে পারা যায়, কিরূপ আচরণে পদস্থলনের সম্ভাবনা, আবার সেই পদস্থলিত অবস্থা হইতে নিজ পৌরুষ বলে কিরূপ সাধনা দারা ক্রমে সাধন সোপানের অত্যচ্চ শিথরে উত্থিত হইয়া, পরিণামে কিরূপে ব্রহ্মপদও লাভ করিতে পারা যায়, তাহাও রামের এই বিচিত্ত আচরণ ও সাধনা ছারা দেখাইলেন। রাম বিশ্বামিত্রের পরিচালনে দশ ইন্দ্রিয় সংযম মাত্রই করিতে পারিয়াছিলেন। যে চতুর্দশকরণ সহযোগে আত্মা, জাগরণ অবস্থায় ক্রিয়া করে, তার বাকি চারিটি অর্থাৎ মন, বৃদ্ধি, অহন্ধারও চিত্তরূপ চারিটা করণ, তথনও তিনি সম্পূর্ণ স্ববশে আনিতে পারেন নাই, কেননা দীতারূপ জ্যোতি দর্শনের পরও তিনি পরশুরামের নিকট নিজের দর্প ও অহকার প্রকাশ করিয়াছিলেন। তারপর পিত সত্য পালনরপ অহন্ধারও তাঁহার ছিল। স্থতরাং এই চতুর্দশ করণ ও লব্ধ সীতারূপ জ্যোতির সহিত তিনি বনে গমন করিলেন। তাই তাঁহার চতুর্দশ বংসর বনবাস। অন্ত সংখ্যানা বলায় এই নির্দিষ্ট চতুর্দশ সংখ্যাতে, ইহাই বুঝায়।

বন্ধচারী ২৫ বংসর বয়সে গার্হস্যাশ্রমে প্রবেশ করিয়া আরও পঁচিশ বংসর তলোচিত ধর্মপালন করিয়া বাণপ্রস্থ অবলম্বন করে। তথন দাংদারিক সমস্ত সম্বন্ধ হইতে বির্ভ হওয়া বশত: মনের আকর্ষণকারী বুত্তিগুলির অভাবে, তাহার মন যেন কেবল বা একাকী হয়। তথন মন বাহিক অবলম্বন ও আশ্রয়বিহীন হইয়া তাহার স্বগৃহরূপ আশ্রয় আত্মাকেই অবলম্বন করে সে যেন এত দিন প্রবাসে থাকিয়া নানারপ স্থথ, তুঃথ শোক তাপ উপভোগ করিয়া, তাহাতে বিরক্ত হইয়া স্ব-আবাদে নিজগুহেই আসিতে উন্মুখ হয়। এই বিরক্তি, বিবেকসম্পন্ন বিচার দারা হয়। যতদিন এই সংসারে 'আমার' বলিয়া কোন বস্তু থাকিবে ততদিন একটা না একটা কর্ত্তব্য কার্য্য করিতেই হইবে। রাম বানপ্রস্থ সন্ন্যাসীর ধর্ম অবলম্বন করিলেন, কিন্তু দমস্ত 'আমার' পরিত্যাগ করেন নাই। তাঁহার সেই 'আমার' পদার্থ তাঁহার ভার্য্যা সীতা, বাঁহাকে তিনি আমরণ রক্ষা করিবার ও প্রীত রাথিবার জন্য অগ্নি সমূথে প্রতিজ্ঞা করিয়া, তাঁহার অদ্ধান্ধিনী করিয়াছিলেন। স্থতরাং তাঁহার কর্ত্তব্য তাঁহার বানপ্রস্থাবস্থাতেও থাকিল। প্রকৃত পক্ষে তিনি এই আশ্রমেও নির্লিপ্ত অবস্থা প্রাপ্ত হন নাই। আবার সীতার প্রতি যে প্রধান কর্ত্তবা তাঁহাকে রক্ষা করা, তাহাতেও তিনি তাঁহার দঢতা দেখান নাই—যথন বিরাধ রাক্ষ্য ক্লে বাহিত হইয়া পরিত্যক্তা অসহায়া রোক্তমানা দীতাকে তাঁহার নয়ন পথেই বিজ্ঞমানা দেখিতে পাইতে-ছিলেন। অগস্ত্যাশ্রমে যাইয়া তাঁহার (অগস্ত্যের) নিকট ব্রন্ধবিতার উপদেশ লাভ করিয়া তথাতেই থাকিবেন প্রতিজ্ঞা করিয়াও, আবার মুনিদিগকে যে রাক্ষসবধের আখাস দিয়াছিলেন—সেই প্রতিশ্রুতির শারণ ও প্রতিজ্ঞা পালনের অহমার, তাহার মনে উদয় হওয়াতে, তাঁহার বুদ্ধিও বিচলিত হইয়া তাঁহার অহন্ধারকে বশীভূত করিতে না পারাতেই তিনি দণ্ডকারণো প্রস্থান করিলেন। বন্ধির রশ্মি (রাশ) ঢিলা হইলেই অহন্ধার উগ্র হইয়া মনকে দুষিত করে, আর সেই দূষিত মন, ইন্দ্রিয়দিগকে দূষণীয় কার্য্যে চালিত করে। মনে কোনও পাপকার্য্য করিবার ইচ্ছা হইলেই মন দূষিত বা অশুদ্ধ হয়, আর ইন্দ্রিয় ছারা সেই কার্যা সাধন করাইলেই সেই পাপ কার্যাটী ক্লত হইয়াই ইন্দ্রিয় ও মন, উভয়েই তাহার ফলভোগ করে। সীতা বলিয়াছিলেন রাম জিতেন্দ্রিয়। অর্থাৎ তিনি দশ ইন্দ্রিয়ই জয় করিয়াছিলেন। স্থতরাং চতুর্দশকরণের অন্য করণ চতুষ্টয় অপরাজিতই ছিল। তাহারাই যথন প্রথর ও দুষণীয় হইয়া চতুর্দশ সহস্র রাক্ষসরপে তাঁহাকে বিধ্বন্ত করিতে উপক্রম করিয়াছিল তথন তিনি সেই অগস্তাঝ্যির নিকট সভঃপ্রাপ্ত উপদেশাহ্রযায়ী সাধনাতে রত হওয়াতে সাময়িক অটলতা রক্ষা করিলেন। কিন্তু অভ্যাদের অভাবে যথন সেই উপদেশের লক্ষ্যবস্তু, তাঁহার মন হইতে ধীরে ধীরে অপসত হইবার উপক্রম হইতেছিল, তথন দেই পূর্ব্ব পরাজিত বা দমিত কামনারাশি যাহা এতদিন যেন স্বপ্তই ছিল, তাহাই ক্রমে ক্রমে জাগরিত হইয়া কামরূপী মারীচরপে, তাহাকে প্রলোভনের জালে জড়িত করিল। রাম তাঁহার ভার্যার অন্পরোধে সেই অহিংসাকারী শক্রভয়হীন, প্রফুল্ল মনে ক্রীড়ারত, নিরীহ মুগটী বধ করতঃ তাহার চর্মাদনে উপবেশন করিবার দীতার একটী তুচ্ছ অভিলাষ পূর্ণ করিয়া, তাঁহার প্রীতিসাধনরূপ কর্ত্তব্য সাধন করিলেন। বানপ্রস্থে তো বটেই. গার্হস্থাশ্রমেও 'অহিংসা পরম ধর্ম' ইহাই সকল ধর্মাবলম্বী মহাপুরুষেরা বলিয়া গিয়াছেন। এই অধর্মই রামের পদখলনের হেতু হইল, ইহা গার্হস্তা ধর্মেরও বিরুদ্ধ আবার বানপ্রস্থেরও বিরুদ্ধ। স্থতরাং সেই গার্হস্থাবিরোধী অধ্ধ্যের ফলে তাঁহার গার্হস্য জীবনের দক্ষিনী প্রাণাপেক্ষা প্রিয়ত্মা ভার্যা সীতাও অপহতা হইলেন, আর বানপ্রস্থীর অবলম্বন আত্মদর্শনের সহায় আত্মজ্যোতিরূপ দীতাও অদ্খা হইলেন। তিনি গার্হস্থার্যত পালন करतन नारे. वानश्रश्रीत धर्मा भागन करतन नारे। वान्नीकि একাধারে একদিকে মহুস্থ রামের মহুস্থোচিত অহুচিত কর্মাকর্মের ফলাফল এবং অক্তদিকে সাধক রামের সাধকোচিত অফুচিত কর্মা-কর্মের ফলাফলও দেখাইলেন। তারপর পতিত মহয়কেও পদখলিত সাধককে, বৃদ্ধির উদয়ে পুনরায় স্বীয় পৌরুষ বলে বহু আয়াস-সাধ্য কার্য্য সাধন করিয়া ও যত্নাভ্যাদে সাধনা পুনকদীপিত করিয়া কিরূপে ছুইপ্রকার হতপদার্থেরই অমুসন্ধান করিতে হয়, তাহাও এই বর্ণনায় বাল্মীকি দেখাইলেন। যাঁহারা কথনও যোগাচরণ করিয়াছেন তাঁহাদের পক্ষে এই রহস্তান্বিত বর্ণনার রহস্ত উদ্ধার, আমাদের এই ব্যাখার সাহায়ে করিতে, বিশেষ বেগ পাইতে হইবে না। সাধারণ পাঠকের ইহা বোধগম্য না হইলেও অনেক ধীশক্তিসম্পন্ন ব্যক্তিরও যদি ইহা কিছু মনঃপুত হয়, তাহা হইলে আমাদের শ্রম দার্থক মনে করিব। সাধারণ পাঠকের নিকট ইহা বিরক্তিকর প্রহেলিকা মনে হইলেও কোন না কোন পাঠকের পক্ষে সামান্ত প্রীতিকরও হইতে পারে, ইহা কি আশা করা অন্যায় হয়? ইহার পর আমরা লন্ধাযুদ্ধে বিভিন্ন নামধারী রাক্ষ্পদের সহিত কবিস্থলভ অতি বর্ণনা দারা রঞ্জিত যুদ্ধ বিবরণ পরিত্যাগ করিয়া আবশুক কয়েকটী যুদ্ধেরই আলোচনা করিব।

উনবিংশ পরিচ্ছেদ

রামলক্ষণের নাগপাশে বন্ধন

রাম, বানববাহিনীসহ লকা অবরোধ করিলে ও বানরেরা লক্ষাপুরীতে নানারপ উৎপীড়ন করিতে আরম্ভ করিলে, ইল্লজিড রাক্ষস দৈশ্যসহ রামের সহিত যুদ্ধ করিতে আসিল। সমস্ত দিন যুদ্ধের পর রাত্রির অন্ধকারেও যুদ্ধ বন্ধ হইল না। ইল্লজিং অঞ্চলের নিকট পরাজিত হইলা ক্রোধে রাম ও লক্ষণের প্রতি ধাবিত হইল এবং অদৃশ্য হইয়া নিশিত বাণ সকল ক্ষেপণ করিতে লাগিল। তৎপরে অভ্যন্ত কুদ্ধ হইয়া নাগমন্ত শরহারা রাম ও লক্ষণকে বিদ্ধ করিতে লাগিল।

"অদৃশ্যো নিশিতান্ বাণন্ মুমোচাশনিসন্নিভান্। রামঞ্চলক্ষণজ্বৈ ঘোরে নাগমারে শাঁরে ॥ বিভেদ সমরে কুদ্ধঃ সর্ব্বগাত্তের্ রাঘরো। মাষ্যা সংবৃতন্তত্ত্ব মোহয়ন্ রাঘরো যুধি॥ অদৃশ্যঃ সর্বভূতানাং কুট্যোধী নিশাচরঃ। ববদ্ধ শ্বব্ধেন ভ্রাত্রো রাম লক্ষ্যো। ""

সেই কৃটবোধী নিশাচর মায়া ছারা অদৃষ্ঠ থাকিয়া অশনিসদৃশ নিশিত বাণসকল নিক্ষেপ করিতে লাগিল, এবং রাম ও লক্ষণের সর্ব্ব শরীর নাগময় শর ছারা ভেদ করিয়া মোহিত করত: শর ছারা বন্ধন করিল। প্রকাশমান থাকিয়া যথন পারিল না, তথন মায়া ছারা অদৃষ্ঠ হইয়া, সেই রাজস্তভ্য়কে বন্ধন করিল। যুদ্ধকালে ইন্দ্রজিং কোথায় থাকিয়া যুদ্ধ করিতেছে তাহা দেখিতে পাইলেন না। বানরেরাও অন্ধকারে আর্ত তাহাকে দেখিতে পাইল না।

> "অন্ধকারে ন দদৃশুর্শেইঘঃ স্থামিবার্তম্।" নিরস্তর শরীরো তু তার্ভো রাম লক্ষণৌ। ক্রন্ধেনন্দ্রজিতা বীরো পর্মগৈ শ্রতাঙ্গতৈঃ॥"

দেই ভ্রাত্যুগল ক্রন্ধ ইন্দ্রজিৎ নিক্ষিপ্ত শররূপী সর্পসমূহ দ্বারা এরূপ বিদ্ধ ্হইলেন যে, তাঁহাদের দেহের কোন স্থান অক্ষত রহিল না। তাঁহারা মর্মস্থানে পীডিত হইয়া ভপতিত হইলেন। লক্ষ্মণ রামকে বীরশয্যায় শয়ন করিতে দেখিয়া জীবনে হতাশ হইলেন এবং বিলাপ করিতে লাগিলেন। বিভীষণ স্থগ্রীবাদিসহ সেই স্থানে উপস্থিত হইলেন। বানরগণ কেই ইন্দ্রজিংকে দেখিতে পাইল না, কিন্তু বিভীষণ দৃষ্টি নিক্ষেপ করিয়াই তাহাকে দেখিতে পাইল। স্থগ্রীব অত্যন্ত শোকে অধীর হইলে, বিভীষণ তথন মন্ত্রপুত জলদ্বারা স্থগীবের নয়ন যুগল মার্জ্জনা করিয়া তাহার মুথ প্রোঞ্চন করিলেন এবং বলিলেন "যে পর্যান্ত রাম লক্ষ্য সংজ্ঞালাভ না করেন, ততক্ষ্য তাহাদিগকে রক্ষা কর। পরে বিভীষণ আর্দ্র হন্তমারা সেই ভ্রাত্যুগলের নয়ন পরিমার্জন করিলেন। তথন স্থাীব বিভীষণকে কহিল "আপনি নিশ্চয় জানিবেন, রাবণ বা ইন্দ্রজিতের বাসনা কথনও পূর্ণ হইবেনা। কারণ গরুড় আসিলেই রামচন্দ্র সংজ্ঞা লাভ করিবেন।" তথন স্থাবেণ কহিল "হমুমান একাকী যাইয়া চক্র ও দ্রোণ নামক গিরির উপরিভাগে 'সঞ্জীবকরণী' ও 'বিশল্যকরণী' নামে যে তুই পরম ঔষধি আছে তাহাই আনয়ন করুক।" তৎক্ষণাৎ বিদ্যাৎমালাশোভিত মেঘসমূহের আবিভাব হইল এবং প্রবল বাত্যা উঠিল। পরে বানরগণ মুহূর্ত্তকাল মধ্যে বিনতানন্দন গরুডকে দেখিত পাইল।

"এত শ্বিষ্ণস্তবে বায়ুর্শেঘাশ্চাপি সবিত্যতঃ।...
ততো মুহুর্তা-দ্গরুড়ং বৈনতেয়ং মহাবলম্।
বানরা দদৃশুঃ সর্বেজনস্তমিব পাবক্ম॥"

যে শবভূত মহাবল নাগসমূহদারা রামলক্ষ্মণ বদ্ধ হইয়াছিলেন, বিনতানন্দনকে সমাগত দেখিয়া তাহারা সকলেই জ্বতবেগে পলায়ন করিল। তৎপরে গরুড় তাঁহাদের গাত্রস্পর্শ করিয়া, হস্তদারা তাঁহাদের মুথচন্দ্র মার্জ্জনা করিতে লাগিলেন। বিনতানন্দন কর্তৃক স্পৃষ্ট হইলে তাঁহাদের দেহ ক্ষতহীন হইয়া পূর্কের আয় সিয় ও শোভাশালী হইল। তথন রামচন্দ্র গরুড়কে বলিলেন "আপনার প্রসাদেই আমরা জীবন লাভ করিয়াছি। আপনি কে? তথন গরুড় কহিলেন "আমি আপনার স্থা বহিশ্বর প্রাণ, আমার নাম গরুড়। আপনাদের সাহায়্যাথেই আমি আসিয়াছি। এই তীক্ষ্ণ দস্ত, তীক্ষ্যবিষ ক্ষ্ণনন্দন নাগগণ, শররুপ হইয়া আপনাদিগকে আশ্রয় করিয়াছিল। এই কথা বলিয়া গরুড় অস্তর্হিত হইল।

এই বর্গনাটী একপক্ষে অতি সহজ্বোধগম্য। কেন না বিষ্ণু অবতার রাম কজনন্দন সর্পগণ কর্তৃক বন্ধন প্রাপ্ত হইয়াছিলেন, স্কৃত্রাং বিষ্ণুর বাহন ও সথা বিনতানন্দন গরুড়, তাঁহাকে সাহায্য করিতে আদিবে তাহাতে আর আশ্চর্যা কি ? কজনন্দন ও বিনতানন্দনগণের মধ্যে তাহাদের পরস্পরের মাতার কারণে শক্রতা বন্ধুন হইয়া আছে এইরূপ পুরাণে কথিত আছে। কিন্তু মানব রামের জ্বল্ল হইয়া আছে এইরূপ আমিল আর তাহায় চিরশক্র সর্পগণ যাহারা মায়াদারা শররূপে, রাম লক্ষ্ণকে বন্ধন করিলাছিল, তাহারা ভয়ে পলায়ন করিল এইরূপ আজ্পুবি গল্প কি শিক্ষিত সমাজের বিশাস্থ্য হয় ? ইহা সেই সংস্কারবন্ধ একদেশদর্শী মহান্থদেরই শ্রবণস্থকর হইয়া থাকে।

স্কতরাং ইহাতে কি সত্য নিহিত আছে তাহা বাল্লীকির রচনাভঙ্গী হইতেই আমাদিগকে বাহির করিতে হইবে। প্রথমে নাগশন্দের বৃংপত্তি অর্থ কি তাহাই দ্রষ্টব্য। নাগং — নগে পর্কতে ভবং। নাগং — পর্কতে ভবং — নগ + অন্। যদা দহত্যশ্মাং বিষাগ্নিনেতি — দহ + দহর্গোলোপো দশ্চনং উণাংগং। অস্তলোপং। দশ্চ নং। বাছলকাং নকারশু না — পর্নগং, হন্তী, ক্রুরচারী, মেঘ। পুনশ্চ ন গছতি ইতি ন + গ = অগ। ন + অগং — নাগ ইতি। এই নাগ শন্দের অর্থ সর্প করিতে যাইয়া মূল দহ শন্দের আমূল পরিবর্ত্তন করিয়া প্রত্যয়রূপ কোশল প্রয়োগে দহ (যাহা বিষ দ্বারা দহন করে) হইতে সর্প অর্থ করা হইয়াছে। কিন্তু ইহার সোজা বৃংপত্তি অর্থ করিলে— নগে পর্কতে উদ্ভব মেঘই ব্রায়। মেঘ, পর্কত হইতেই উদ্ভব হইয়া প্রথম পর্বত গাত্রেই সংশ্লিষ্ট থাকিয়া, বাতাসে উড়িয়া আকাশে ভাসমান অবস্থায় চলাচল করে, তাই ন + অগ অর্থাৎ গতিহীন নহে। স্থতরাং এন্থলে নাগ অর্থে মেঘ, এবং ইহার অর্থ হইলেই বাল্লীকির বর্ণনার ম্বথাথ উদ্দেশ্য পরিফট হয়।

ইক্সজিৎ রাত্রির অন্ধকারে যুদ্ধ করিতেছিল ইহার উল্লেখ আছে। "যুদ্ধতামেব তেষাস্ক তদা বানর রাক্ষসাম্।

ববিরতং গতো বাত্রিং প্রবৃত্তা প্রাণহারিণী॥"

যুদ্ধ করিতে করিতে রাত্রি আগত হইল। স্বতরাং তাহার অদৃশ্য

হইতে, নায়ার প্রয়োজন হয় না। সে অন্ধকারে রাম লক্ষ্মণকে দেখিয়াই
শর নিক্ষেপ করিতেছিল, অথচ তাঁহারা তাহাকে দেখিতে পাইতেছিলেন
না কেন? তাহার গাত্রবর্ণ, রাবণের স্থায়ই এবং সমস্ত আদিম
মন্মুজাতি যাহারা বিষ্বরেখার (Equator) নিকটবর্তী অতি গ্রীম
প্রধান দেশে বাস করে তাহাদেরই স্থায় জাতিস্ক্লভ, কালবর্ণ ছিল।

স্থুতরাং তাহা অন্ধ্রকারের সহিত মিশিয়া ভেদরহিত অবস্থাতে থাকাতে, তাহাকে সেই অন্ধকার রাশি হইতে পৃথকভাবে দেখা যাইতেছিল না। পক্ষান্তরে লক্ষণের আর্যাক্ষাতি ফুলভ গৌর বর্ণ ও রামের উজ্জ্বল খ্যাম বর্ণ, সেই অন্ধকারের মধ্যেও তাঁহাদের পরিহিত শুক্ল বন্ধল ও অন্য বর্ণের চর্ম্মের সহিত, কথঞ্চিৎ দৃষ্ট হইতেছিল। তার উপর এই আদিম জাতির মধ্যে তথন দীপ আদি আলোপ্রকাশক বন্ধ উদ্ধাবিত না হওয়াতে, তাহারা নিশাচর প্রাণীর লায় অন্ধকারেও অনেক কার্য্য করিতে অভ্যন্ত হইয়াছিল। (রাক্ষসদিগকেও নিশাচর বলা হইয়াছে) তাই রামলক্ষণ ও বানরগণ তাহাকে দেখিতে না পাইলেও নিশাচর বিভীষণ নিশাচর ইন্দ্রজিংকে দেখিতে পাইতেছিল।* পক্ষান্তরে আধাজাতিসম্ভূত আর্যাবর্ত্তবাসী রাম দীপান্থিত উজ্জ্ব রাজপ্রাসাদে বাস করিয়া, রাত্রির অন্ধকারে, আলোকের অভাব অহুভব করিতে না পারিয়া অন্ধকারের মূল্য জানিতে পারেন নাই। স্বতরাং তাঁহারা ইলজিংকে দেখিতে পান নাই। তাই ইলজিতের অবিশ্রাম শ্ববর্ষণে আহত হইয়া তাঁহারা মোহপ্রাপ্ত হইয়াছিলেন। তাঁহাদের সংজ্ঞা লুপ্ত হইয়াছিল। সেই সমস্ত বাণ দিবাভাগে নিক্ষিপ্ত হইলে তাহাদের ফলা রবিকরোজ্জন প্রতিফলিত হইয়া ঝকঝক করিতে করিতে আসিবার সময় দৃষ্টিগোচর হয়, কিন্তু রাত্রির অন্ধকারে তাহা যেন মেঘাবৃত সুর্যোর ক্রায়ই দেখা যাইতেছিল না। তাই যেন সেই বাণগুলি

^{*} বিদ্যাচলের যে অন্ধলারময় ফ্রকাভালরে বানরেরা পথহারা হইয়া অনেকদিন আবদ্ধ ছিল, দেই ফ্রক ছারাই রাক্ষদেরা সমুদ্রতীর হইতে জনস্থানে য়াইত। ফ্রকাং তাহারা অন্ধলারে গতিবিধি করিতে পারিত। বিদ্যাচলের অপর পার্থে সমুদ্রতীরের নিকটবর্তী হওয়াবশতঃ লকারীপ যে মান্রাজ উপকৃলে গোদাবরীর সক্ষম ছানের নিকটই ছিল ইহাই প্রমাণ হয়।

মেঘময় বা নাগময় বলিয়াই বর্ণিত হইয়াছে। আর এইরূপ না হইলে বলিতে হইবে ইন্দ্ৰজিৎ প্ৰত্যেক বাণের ফলায় এক একটা সাপ বাঁধিয়া তাহা রামের প্রতি নিক্ষেপ করিয়াছিল এবং সেই সকল সর্প রাম লক্ষণের সমস্তদেহ আবৃত করিয়া তাহাদিগকে যেন পাশের দ্বারা বা রজ্জ্বারা বন্ধন করিয়াছিল। কিন্তু তাহা সন্তব হয় না, কেননা যথন একটী দর্পভূক বৃহৎ পক্ষী দেখানে আদিল, তখন তাহারা পলাইয়া গেল। সেই সমন্ত নিশিত শর রামের সর্ববগাত্র ভেদ করিয়াছিল। যদি শরের সহিত সর্প রজ্জ্বারা বন্ধ থাকিত, তাহা হইলে সে সর্পগুলি সেই বন্ধন মোচন করিয়া পলাইতে পারিত না. কেননা সেই শরগুলিকে দেহ হইতে না উঠাইলে তাহা সম্ভব হয় না। অবশ্য পাইখনের (Python) এর মত বহুংসর্প দারা একার্যা সম্ভব হুইতে পারে। কিন্তু ধনু হইতে দেইরূপ বৃহৎ দর্পবন্ধ শর তন্মহর্ত্তেই দর্শভরে ভূমিতে পতিত হইবে ইহাই স্বাভাবিক। স্থতরাং নাগ এখানে মেঘ অর্থেই ব্যবহৃত হইয়াছে। আমেরিকা প্রভৃতি দেশ-ফেরং ব্যক্তিরা বলিতে পারেন আদিম ইণ্ডিয়ান জাতির ন্যায়. এই লম্বা ও ভারতের দাক্ষিণাতাবাসী আদিম জাতিরা বৃহৎ রজ্জ নিক্ষেপ করিয়া এইরূপে দুরস্থ প্রাণীকে বন্ধন করিতে জানিত, যাহার চিত্র অনেকেই ছায়াচিত্রে দেখিয়াছেন। কিন্তু বাল্মীকি বলিতেছেন অসংখ্য নিশিতবাণ ইন্দ্রজিৎ নিক্ষেপ করিয়াছিল। আর তাহা হইলে সেইজাতীয় বিভীষণ তাহা উন্মুক্ত করিতে পারিত। স্থগ্রীব স্থাবেণকে রামের শুশ্রাষা করিতে বলিল। উভয়েই বানর, স্নতরাং তাহারা কথা না বলিয়াই পরস্পর ইন্ধিত করিয়াছিল। স্থাবেণ ছুইটা ঔষধের কথা বলিয়াছিল। দে তাহাদের স্বভাবজ বুদ্ধিবশতঃ (Instinct) গাছের রুদের উপকারিতা জানে। স্থায়েণ - কর্মর্দ্ধক।

দে কোন গাছের পত্র মর্দ্দন করিয়া হন্তমানকে, পরপারস্থ সেই পাহাড় হইতে তাহাই আনিতে ইঞ্চিত করিয়াছিল। স্থগ্রীব विভीयगरक विनान जामनक्षण मरत नारे। পশুপक्षीता এই मृज्युत অবস্থা জানে। আমি একটা কুকুরীকে দেখিয়াছি, সে মোটর গাড়ীতে চাপা পড়াতে তাহার মৃত শাবকের নিকট যাইয়া জিহ্বা দ্বারা তাহাকে লেহন করিতেছিল। যথন দেখিল সে আর নিঃশাস লইলনা, তথন যেন বিষয় বদনে তাহার দিকে দৃষ্টি করিতে করিতে চলিয়া গেল। স্থাীব গরুড় আসিবার কথা যথন বলিতেছিল, তথনই বিদ্যাৎমালা শোভিত মেঘের আবিভাব হইতেছিল। মেঘ হইলেই ঝটিকাও আদে। তাই মেঘ দেখিয়াই সে ব্রিয়াছিল ঝড় উঠিবে. আর সেই ঝডের হাওয়ায় রামলক্ষণ জ্ঞান লাভ করিবেন। হইলও তাই। মেঘের সঙ্গে সঙ্গেই গরুড়ও আদিল। বিভীষণ সেই রাক্ষস জাতির মধ্যে বিচক্ষণ ছিল। সে রামের পরাক্রম, তাঁহার শরক্ষেপের ক্ষমতা এবং সভা আর্যাবর্ত্তবাসী মহুয়াদের উল্লভ অন্ত্রশিক্ষার সম্বন্ধে শূর্পণথা ও অকম্পনের নিকট বিস্তারিত শুনিয়া বুঝিতে পারিয়াছিল, রাবণ যতই পরাক্রমণালী হউক না কেন, এই সভা মুমুম্বাদের সহিত যুদ্ধে জয়লাভ করিতে পারিবেন না। যথন রাবণকে তাহার হিতার্থে যুদ্ধ না করিতে উপদেশ দিল, তথন রাবণ তাহাকে তিরস্কার করাতে সে নিজের ভবিশ্বৎ চিন্তা করিয়া রামের শরণাগত হুইল। এখন রামের এই মুচ্ছিত অবস্থা দেখিয়া তাহার মুখে জল সিঞ্চন করিল। এ কার্য্য বানর দারা হয় না। বানর অঞ্চলিবদ্ধ করিয়া জল পান করিতে পারে না, তাহারা অন্থলি ভিজাইয়া তাহাই চ্ষিয়া জলপান করে, আর মৃচ্ছা হইলে যে মুথে চোথে জ্ঞল দিতে হয় তাহাও তাহারা জানিতনা, তবে বাতাস আসিলে

্য মৃচ্ছা ভাদে, তাহা তাহাবা জানিত, তাই বলিয়াছিল "গৰুড়াধিষ্টিতাবেতা বুভৌ রাঘব লক্ষণৌ। ত্যক্তা মোহং বধিয়েতে সগণং রাবণং রণে॥"

গরুড আদিলেই উভয়েই সংজ্ঞালাভ করিবেন। স্থভরাং গরুড়ের অর্থ কি তাহাই দেখা প্রয়োজন। গরুড় পুং গরুদ্ধাং পক্ষাভ্যাং উয়তে উড়য়তে। গরুং+ডী+উ=গরুত্মান, পক্ষীমাত্রম। গরুং-গুণাতি শকায়তে বায়বেগ বশাৎ = পক্ষ। অর্থাৎ যে সকল প্রাণী পক্ষ দ্বারা উড়িতে পারে, তাহারাই গরু বিশিষ্ট (গরুত্মান) গরুড়। তারপর গরুড়ও আসিল আর বাতাসও উঠিল: আর তার সঙ্গে সঙ্গেই বাতাস পাইয়া তাঁহাদের মুর্চ্ছা অপনোদনে তাঁহারা সংজ্ঞালাভ করিলেন। মুচ্ছা হইলে মুথে জলসিঞ্চনের পর সাধারণতঃ পাথার বাতাস করা হয়। আদিম মনুয়জাতির মধ্যে তথনও এই পাথার উদ্ভাবন হয় নাই, অন্তথা বিভীষণ তাহা বাবহার করিত। কিন্তু বানরজাতি পাথা ছারা বাতাস সঞ্চালন না জানিলেও, পাথীর পক্ষছারা যে বায় স্ঞালন হয়, তাহা তাহাদের স্বভাবজ বুদ্ধিবলে জানিতে পারিয়াছিল। হয় তো এরূপ একটি ঘটনা স্থগ্রীবের জীবনে ঘটিয়াছিল—কথনও কোন বুক্ষ হইতে পতিত মৃতপ্রায় আত্মীয় বানরকে পডিয়া থাকিতে দেখিয়া, সে তাহার নিকট তাহার মৃত্যুসময় পর্যান্ত অপেকা করিতেছিল, এমন সময় বৃহৎ মাংসাশী শকুনি সেই মৃতপ্রাণীটী দেখিয়া, নিকটস্থ জীবিত প্রাণীর ভয়ে, নীচে নামিতে না পারিয়া, তাহার বৃহৎ পক্ষ সঞ্চালন করতঃ মগুলাকারে সেই শবের উপরে চতুর্দ্দিকে ঘুরিতেছিল; সে তাহার উপরিস্থ সেই বিস্তৃত্বক্ষ পক্ষীর পক্ষ সঞ্চালনে উৎপন্ন বায়ু নিজ গাত্রে লাগাতে উপরের দিকে চাহিয়া তাহার গাত্রস্পশিত বাযুর কারণ বুঝিতে পারিল, আর তাহার গায়ে সেই বায়ুর

ম্পর্শেই, সে যে শোকে মুগ্ধ হইয়াছিল সেই মোহ হইতেই যেন জাগরিত হইল, আবার তাহার পরেই সেই মৃতকল্প বানরটীও চেতনা লাভ করিল। স্থতরাং তাহার বৃদ্ধিতে আসিল যে সেই পক্ষীর বিস্তৃত পক্ষ দঞ্চালনে উৎপন্ন বায় দ্বারাই, সে নিজে যেমন তাহার মুশ্ধাবস্থা হইতে জাগ্রত হইল, তেমনই এই মৃতকল্ল বানরটীও সেই পক্ষ সঞ্চালিত বায় দাবাই জাগ্ৰত ইইয়া উঠিল। সে ইহাও প্ৰত্যক্ষ করিয়াছিল যে পক্ষী পক্ষ কৃঞ্চিত করিয়া একস্থানে বসিয়া থাকিলে কোন বাতাদ হয় না। তাই বানর স্থাীব, তাহার অন্তকরণশীল বৃদ্ধির সাহায্যে, নিকটস্থ কোন বৃক্ষ হইতে অথবা ভূতলে পতিত কোন মৃতপক্ষী আনিয়া, তাহার পক্ষ বিস্তার করিয়া রামের দেহের উপর তাহা ঘুরাইতে লাগিল, আর তাহা দ্বারা যে বায় উৎপন্ন হইল তাহারই সাহায়ে রামলক্ষণের মুজ্যাভদ হইল। তাই বণিত হইয়াছে গরুডও আদিল আর আকাশে মেঘ হইয়া ঝটিকা প্রবাহিত হইল। গরুড বলিয়াছিল সে রামের বহিশ্চর প্রাণ। বহিশ্চর প্রাণ অর্থে বাহিরে প্রবাহিত বায়ু, যাহা নিঃখাদের সহিত অভ্যন্তরে প্রবেশ করিয়া প্রাণের অন্তিম্ব রক্ষা করে ও তদ্বারা সমন্ত দেহের ক্রিয়া করায়। আযুর্কেদীয় শাস্ত্র মতে এই বায়ই সমস্ত শরীরাভান্তরে সমভাবে প্রবাহিত থাকে আর তাহাই অন্তম্ব প্রাণবায়। সদ্যংপ্রস্থৃত শিশু যথন মাতৃজঠরের প্রবল আকুঞ্চনের বেণে মূর্চ্ছিত, মৃতকল্প অবস্থায় ভূমিষ্ঠ হয়, তথন ধাত্রী বা চিকিৎসক তাহার মুখে ফুঁ দিয়া বায়ু প্রবেশ করায়, আর তাহাতেই অনেক মৃতকল্প শিশু যেন পুনজ্জীবিত হয়। তাই এই বহিশ্চর প্রাণই বাহির হইতে প্রবিষ্ট বায়। সেই পক্ষ সঞ্চলিত বায়ু রামের মুখ ও নাসিকা দারা, অভান্তরে প্রবেশ করিলে, তাঁহার মুচ্ছাভঙ্কেই সংজ্ঞা হইলে, তিনি

দেখিলেন দেই পক্ষীর পক্ষ তাঁহার মুখের নিকট সঞ্চালিত হইতেছে। তথন ব্বিলেন এই পক্ষীই আমার প্রাণদান করিয়াছে। তাই বলিলেন ইহাই আমার বহিশ্চর প্রাণ, অক্তথা পক্ষীর মুখে এ ভাষণ অস্বাভাবিক। এ পর্যন্ত আমরা মহুষ্য রামের ইতিহাসে যাহা স্বাভাবিক ঘটনা হইতে পারে এবং রাক্ষ্যরূপী মহুষ্য রাবণের পুত্র রাক্ষ্যরূপী ইন্দ্রজিং ও ভ্রাতা রাক্ষ্যরূপী বিভীষণের মহুষ্যরূপে তাহাদের কার্য্যকলাপ কিরূপ হইতে পারে তাহাই দেখাইলাম।

অতঃপর এই ইন্দ্রজিং ও বিভীষণের অন্য কি রূপ আছে এবং তাহা সাধক রামের সাধনায় কি ব্যাঘাত ও সাহায্য সভ্যটন করিয়াছিল. তাহাই উপরি উক্ত বর্ণনা হইতে দেখাইবার চেষ্টা করিব। আপাততঃ সংক্ষেপে ইন্দ্রজিং ও বিভীষণের বিষয় আলোচনা করিব, কেননা তাহা অন্তত্ত আরও যথায়থ স্থানে করার প্রয়োজন হইবে। তা**হারা** কামরূপী রাক্ষ্য নামে বর্ণিত হইয়াছ। রাবণ, বিশ্রবার পত্র হওয়াতে উত্তরাধিকার সূত্রে রব বা শব্দ। স্থতরাং বিভীষণও সেই একই শব্দরূপী মাতাপিতা হইতে উদ্ভত সন্তান হওয়াতে, দেও বব বা শব্দ ইহাই প্রতিপন্ন হওয়া উচিত। বিভীষণ কিরূপ শব্দের প্রতীকৃ ? বি-শৃন্ত ভীষণতা যাহাতে—যে শব্দের ভীষণতা নাই তাহাই বিভীষণ শব্দ অর্থাৎ মৃত্যধ্যমশব। যেমন দেহ-শৃত্য = বিদেহ, কলশৃত্য = বিকল ইত্যাদি। রাম সাধনাবলে যথন শুরুরপ রাবণকে জয় করিতে মনন করিয়াছেন. তথন সেই শব্দেরই প্রতীক বিভীষণের সহিত তাঁহার মিত্রতা হইল কেন ? এখন আমরা যোগদাধন প্রণালীর একট আভাদ দিব। সাধক সাধনোদ্দেশে যোগাসনে বসিলে প্রথমে বাহির হইতে আগত নানারপশন তাহার কর্ণে প্রবেশ করা বশতঃ, তাহা প্রবণ করে। শক্তাবণ স্বতঃই হয়। কেননা কর্ণরন্ধ খোলা থাকিলেই শব্দ প্রবেশ

করিবে। শব্দশ্রবণ সর্বাদাই হয়, কিন্তু যথন মন সেই শব্দে আক্ষিত হইয়া তাহা গ্রহণ করে, তথনই তাহা মনন করা হয় বা শব্দের প্রকৃত স্বরূপ উপলব্ধি হয়। যদি মনকে অন্ত বস্তুতে লিপ্ত করা যায়, তথন দেই শব্দ কিদের বা তাহা কোথা হইতে আদিতেছে তাহা উপলব্ধি হয় না। এইরপ হইতে হইতে সেই শব্দ শ্রবণ বন্ধ হয়। তথন আর একটা মুদুশব শ্রুত হয়, কিন্তু বেশ বুঝিতে পারা যায় তাহা বাহির হইতে আগত শব্দ নহে। এই শব্দ ভীষণ নহে যেন ভীষণ ও মতুর মধাম অবস্থা—ইহাই বিভীষণ। এই শব্দে সময়ে সময়ে মন এত লীন হয় যে তাহা একরপ অভাাসের মত পরিণত হয়। তথন এই অভ্যাসই যেন মিত্ররূপে আঁকডে ধরে। যথন কোন জ্ঞাত কারণ হইতে এই শব্দের উৎপত্তি স্থির করিতে পারা যায় না, তথন ইহা যেন অজ্ঞাত দেশ হইতে শুৱাপথেই আদে বোধ হয়, কেন্না কর্ণপথে ইহা আদেন। তাই সমুদ্রের পারস্থিত রাম, তাহার অপর পারস্থিত অজ্ঞাত স্থান রাবণের বসতি হইতেই এই মধ্যমরূপশন্দ বিভীষণাকারে শৃত্যপথে আদিল দেখিয়া, ভাহাকে রাবরূপী রাবণেরই জ্ঞাতি চর, অতএব রাবণ অপেক্ষা হীনরব এইরূপ মনে করিয়া সন্দেহচকে দেখিয়াছিলেন। সেই শব্দকে যথন কিছতেই সহজে লয় করিতে পারিলেন না, তথন তাহাকেই রাবণের অগ্রদূত মনে করিয়া তাহারই দাহায়ে রাবণরূপ রবকে জানিতে পারিবেন, এই মনে করিয়া যেন তাহার সহিত মিত্রতাই করিলেন অর্থাৎ তাহাতেই তন্ময় হইলেন। কিন্তু এই মধ্যম শব্দে মন লিপ্ত থাকিলে, ক্রমে তাহা মৃত্ হইতে মৃত্তর হইয়া আসিলে, সাধকের অজ্ঞাতে তন্ত্রাবেশ বা মোহ আসিয়া পড়ে। সাধক নিজের সাধ্য ও কাম্যপদ ভূলিয়া দেই মোহে অভিভূত হয়। এই মোহের

তলনা নিদ্রার সহিত হয়। যেমন বাহিরের শব্দ শুনিতে শুনিতে তাহা যখন ক্রমে মৃত হইয়া একটা ঝিল্লীরবের মৃত্রুকাররূপে শ্রুত হয়, তথন তাহার বিরতির সঙ্গে সঙ্গেই নিদ্রাবেশ হয়। এই যোগের মহাবিল্লরপ মোহই হইল সাধকের মোহ বন্ধন। যে সাধকের দর্বদাই মোহের আবেশ হয়, দে কথনও যোগে দিদ্ধ হইয়া আত্ম দর্শন করিতে পারেনা। সেই মধামরূপ মৃত বিভীষণ শব্দ ক্রমে মৃত্তর হইয়া যে ঝিল্লীরব রূপ ক্ষীণ শব্দে পরিণত হয় তাহাই ইন্দ্রজিৎ। সেই এক একটা নিশিতবাণ আর তাহারই সহিত জড়িত একট্ একট মোহের অন্ধকার মেঘরপে বা নাগরপে ধারাবাহিক ভাবে নিক্ষিপ্ত হইয়া ক্রমে একক হইয়া যেন একটা বৃহৎ অন্ধকার রূপে পরিণত হইয়া, পরিপূর্ণ মোহরূপে মনকে অভিভূত করে, যেমন নিদ্রার পূর্ব্বে একটা শব্দ শুনিতে শুনিতে চারিদিক অন্ধকার হইয়া নিদ্রার আবিভাব হয়। মন তথন সমস্ত বৃত্তি হইতে চ্যুত হওয়ায় যেন সেই সমন্ত বৃত্তির স্থানগুলি অন্ধকার হয়। সেই বৃত্তিগুলি যেন প্রজ্জলিত দীপরূপে মনকে আকর্ষণ করিতেছিল, আর त्मरे मीপগুলি অদৃশ্য रहेग्रारे त्यन त्मरे द्यान अक्षकात्त পরিণত रहेन, আর মন তথন সেই অন্ধকারে আচ্ছন্ন ইইল। সেই নাগ বা মোহ-মেঘের অংশসমন্ত্রত এক একটা ঝিল্লীরব যেন এক একটা তম্ব, আর সেই সমস্ত তন্তু একত্র হইয়াই একটা রজ্জ্বা পাশরূপে পরিণত হইয়া সাধক রামকে মোহাচ্ছন্ন করিয়াছিল। ইহাই সাধক রামের নাগপাশে বন্ধন। এই মোহ, মনেরই হয়। মন, পক্ষীর মতই উডিয়া সর্বস্থানে যায়। তাহার পক্ষ বন্ধ হইলেই সে নিশ্চল হয়। যেন সেই অন্ধকার গুহাতে পড়িয়াই পক্ষবদ্ধ হওয়াতে সে নিশ্চল হইয়াছিল। তারপর যেমন তাহার গরুং বা পক্ষ সঞ্চালন হওয়াতে সে গরুংমান বা গরুড

হইল, অমনি সেই অন্ধকার গুড়া হইতে উড়িয়া বাহিরে আসিয়া তাহার প্রিয়বুত্তি-গুলিতে আক্ষিত হইয়া—যেন জাগরিত হইয়াই এই বিশ্বের জ্ঞান প্রাপ্ত হইল। মোহাবস্থায় রামের গ্রীবা শিথিল হইয়া বক্র হইয়াছিল, মোহঅন্তে তাহা পুনরায় দোজা হইল। তাই স্থাীব বলিয়াছিল গরুড আদিলেই রাম দংজ্ঞালাভ করিবেন, অর্থাৎ তাঁহার মন ফিরিয়া আসাতেই তাঁহার গ্রীবাও সোজা হইল। রাম তাঁহার মনের স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়। নিজের রামরূপ ব্যক্তিছ প্রাপ্ত হইলেন। মোহাচ্ছন্ন ব্যক্তি একটী দীর্ঘনিশ্বাসের পর স্বস্থ হয়। मिर्च नीर्चनिश्वामंद्र विश्व लाग वा वाय । এই মোহ ज्यावात मस्या मस्या ভঙ্গ হয়, তথন মনও ঈষং জাগরিত হয়, তথনই সেই মৃতুশ্ব শ্রুত হয়। তাই যেন বিভীষণ রামের চোথ ও মথে জলসিঞ্চন করিয়াছিল। যেমন আলস্যভরে তন্দ্রাপ্রাপ্তি হইলে লোকে তুই কর মর্দ্দন করিয়া দেই তন্ত্রা দূর করে, তেমনই রামের মোহও একট একট অন্তর্হিত হইবার সময়, তিনি করমর্দন করিয়াই তাহাকে (মোহকে) দূর করিতে চেষ্টা করিলেন। ইহাই স্থায়েণ কর্ত্তক ঔষধ আনয়নের নির্দেশ এবং তাহাতেই যে রাম আরোগ্য হইবেন তাহাই বলিবার উদ্দেশ্য। সাধক জাগ্রত হইয়া তাহার মোহ অবস্থার কথা স্মরণ রাথে এবং পুনরায় যাহাতে সেই মোহ না আসে, তাহার চেষ্টা করে। অনেক ভাস্তযোগী ইহাকেই সমাধি অবস্থা বলিয়া মনে করে এবং তাঁহাদের শিশ্বরাও প্রচার করে তাহাদের গুরু হর্দমই সমাধি প্রাপ্ত হন। কিন্তু প্রকৃত সাধক জানেন ইহা সাধনার কি ভয়ন্বর অহিতকর বাধা।

বিংশ পরিচ্ছেদ

কুম্ভকর্ণ বধ

রাম লক্ষ্ণ নিহত হইয়াছে ভাবিয়া ইন্দ্রজিং লক্ষাপুরীতে প্রবেশ করিয়া সেই সংবাদ দিলে, রাবণ অতান্ত উল্লসিত হইল। তাহার পরেই যথন তাঁহাদিগকে চেতনা প্রাপ্ত হইতে দেখিয়া বানরেরা রাক্ষসদিগকে আক্রমণ করিতে লাগিল, তথন রাবণ সংবাদ পাইল তাঁহারা পুনজ্জীবিত হইয়াছেন। তথন অন্ত অন্ত অনেক পরাক্রমশালী ताकमिनारक करम करम यूरक भाष्ठीवेरन छावाता निव्छ व्वेटन. ভাছার ভাতা কুন্তকর্ণের কথা তাহার স্মরণ হইল, কেননা আর কাহাকেও যুদ্ধ করিবার মত উপযুক্ত দে লন্ধায় দেখিতে পাইলনা। তথন রাক্ষসদিগকে বলিল "নিদ্রাতুর কুম্ভকর্ণকে জাগাও, পিতামহের আদেশ অমুসারে সে ছয়মাস নিদ্রিত থাকিয়া একদিন মাত্র জাগরিত হয়, কিন্তু সম্প্রতি নয় দিবস মাত্র ঘুমাইয়াছে। অতএব তাহাকে यज्ञभूर्यक जागानरे कर्खवा। आमि ताम कर्ज़क भताख रहेगाहि वटि. কিন্তু কুম্বকর্ণ জাগরিত হইলে আমার কোন শোক থাকিবেনা।" নব দপ্ত দশাষ্ট্রৌচ মাদান স্বপিতি বাক্ষদঃ। মন্ত্রংক্কডা প্রস্থপ্তোহয় মিতস্ত নবমে হনি।" বছ আয়াদে কুন্তকর্ণের নিলাভদ হইলে দে রাম লক্ষণের সহিত যুদ্ধ করিতে রণস্থলে উপস্থিত হইল। তাহার সেই ভীষণ মূর্ত্তি দেখিয়া রাম বিভীষণকে জিজ্ঞাদা করিলেন দেই অন্তত প্রাণীটী কে ? তথন বিভীষণ বলিল "ইনি বিশ্রবাপুত্র প্রতাপশালী কুছকণ। পিতামহ ব্রহ্মা বলিয়াছিলেন এ অন্যুন ছয়মাস নিজিত থাকিয়া একদিন মাত্র জাগিবে এবং এই বীর সেইদিন কুধিত হইয়া বহু আহার করিবে। "শয়িতা হেম বয়াসমেকাহং জাগরিয়তি"। বহু আয়াসে রাম কুছকর্ণকে বধ করিলেন। এই কুছকর্ণের সরস বর্ণনা রামায়ণে আছে। তাহা বিফু অবতার রামের পক্ষে বিশেষ প্রয়োজ্য হয়। তাহার সম্বাদ্ধে কিছু বলিবার নাই।

ঐতিহাসিক দৃষ্টিতে দেখিলে এই অনুমান হয়, একটা বিশাল দেহ, বিকৃতাকার রাক্ষ্স জাতীয় মহম্ম যাহার কর্ণছয় কুছের ন্থায় ছিল, যে বেশীর ভাগ সময় নিদ্রিত থাকিত, তাহাকেই বহুকটে জাগ্রত করিয়া যুদ্ধার্থে পাঠান হইয়াছিল। কিন্তু এই কুন্তকর্ণের নিদ্রা সম্বন্ধে যে একটা বৈশিষ্ট্য ছিল, তাহার উল্লেখেরও প্রয়োজন অবশ্য আছে। দে ছয়মাদ নিজিত থাকিয়া একদিন জাগ্রত হইয়া ভূরিভোজনের পর, আবার ছয়মাস নিদ্রিত থাকে। বৎসরে মাত্র তুইদিন ছয়মাস পূর্ণ হইলে জাগরিত হয়। ইহার নিশ্চয় কোনও গুঢ় অর্থ আছে। আমরা প্রায় পঞ্চাশ বৎসবের পঞ্জিকা তলনা করিয়া দেখিয়াছি যে, ৩১শে ভাদ্র ১৭ই বা ১৬ই সেপ্টেম্বর স্থরোর অস্ত কুম্ভরাশিতে শেষ হয় এবং পরবর্ত্তী আশ্বিন মাসে অন্ত রাশিতে উদয় হয়। আবার ৩১শে ফাল্পন ১৬ই।১৭ই মার্চ্চ স্থর্যোর উদয় কুন্তরাশিতেই শেষ হয়। এই চুইটা দিন বিষুব সংক্রমণের দিন। এই ছুই দিন সূর্য্যের উদয় ও অন্ত প্রাতে ও সন্ধায় ঠিক এক সময়ে হয়। অর্থাৎ দিন ও রাত্রি সমান হয়, ইংরাজীতে ইহাকে Equinox বলে। ২১শে দেপ্টেম্বর ও ২১শে মার্চ্চ সূর্য্য ৬টার সময় উদিত হয় ও ৬টার সময় অন্ত যায়। তাহা হইলে দেখিতে পাওয়া যাইতেছে যে রাম ও রাবণের লক্ষায় যুদ্ধ এই সময়েই সঙ্ঘটিত হইয়াছিল। কেন্দা রাবণ বলিয়াছিল কুন্তকর্ণ ছয়মাস

নিদার পর একদিন জাগরিত হইয়া আহারাদি করিয়া, আজ নয় দিন ঘুমাইতেছে। তাই বোধ হয় বাল্মীকি এই কুম্ভরাশির দুষ্টান্তেই লক্ষা যুদ্ধের সময় নির্ণয় করিয়াছেন। রাম বসন্তকালে কিন্ধিন্ধাায় যাইয়া বানরদিগকে শিক্ষা দিতে ও তাহাদের হাবভাব বোধগম্য করিতে প্রায় চারিমাদ অতিবাহিত করেন। তংপরে বর্ষাকাল উপস্থিত হওয়াতে সীতা অন্বেষণ সম্ভব না হওয়াতে, কিদ্দিন্ধ্যা পর্বত গুহায় বর্ষার তুইমাস যাপন করিয়া শরংকালের আগমনের প্রথমেই আশ্বিন মাসে হতুমান প্রভৃতি বানরদিগকে দীতা অন্বেষণে প্রেরণ করেন। তাহারাও যথন বিদ্যাচলের অপর পার্যস্থিত সমুদ্রতীরে উপস্থিত হইয়াছিল, তথন স্থগ্রীব কর্ত্তক নির্দ্দিষ্ট এক মাস অতিবাহিত হইয়াছিল, তাহা বানবের ভাষণে বাল্মীকি বলিয়াছেন। তারপর বানরেরা সীতার অফুসন্ধান করিয়া কিম্বিন্ধায় ফিরিয়া আসিতেও, তাহাদের অন্ততঃ এক্র্যাস লাগিয়াছে। বানর-দেনা সংগ্রহ করিতেও কিছু সময় অতিবাহিত হইয়াছে। তৎপরে বানরদের সহিত পদত্রজে সমুদ্রতীরে পৌচিতেও অন্ততঃ একমাস সময় অতিবাহিত হইয়াছে। অবশ্য বানরেরা ক্রতগামী হইলেও তাহারা যে পথ এক মাদে অতিবাহিত করিয়াছিল, তাহাতে পদব্রজ-গামী রামের পক্ষে এক মাদের বেশী লাগিবারই সম্ভব। সমুদ্রতীরে বন হইতে বাঁশ উৎপাটন করিয়া তাহাতে অনেক ভেলা বাঁধিয়া প্রস্তুত করিতে ও তাহা সমুদ্র-বক্ষে ভাসাইতেও অনেক সময়ের প্রয়োজন হইয়াছিল। স্থগ্রীবের আদেশে স্থমেক হইতে কুমেক প্রয়ন্ত সমস্ত পথিবীর কোটি কোটি বানর না আসিলেও, অন্ততঃ সহস্র বানরও সংগ্রহ করিতে সময় লাগিয়াছিল। বংশ ভেলা, লতা ছার। রাম লক্ষাণকেই স্বহন্তে বন্ধন করিতে হইয়াছিল, কেননা বানর দারা সম্ভব হয় না। সমস্ত ভেলা সমুদ্রতীরে নির্মাণ করিয়া, তাহা

সমুদ্রক্ষে লইয়া পর্পর যোজন করিয়া তাহা লম্বাতীরে সংলগ্ন করিতে পাঁচদিন সময় লাগিয়াছিল। এইরূপ হিসাব করিলে বোধ হয় যে এই যদ্ধ পরবত্তী বিষব সংক্রমণের দিন অর্থাং ৩১শে ফাল্পনের পর বসন্তকালে আরম্ভ হইয়াছিল। বাল্মীকিও কথন বিনা উদ্দেশ্যে কোন সময়ের উল্লেখ করেন নাই। যুদ্ধের সময়টা কুগুরাশির সাহায্যেই নির্দ্দেশিত হইয়াছে। চাই সে শর্থকালেই হউক বা বসন্তকালেই হউক। আবার বানরেরা সমুদ্রতীরে উপস্থিত হইয়া বৃক্ষাদির পুষ্পভার দেখিয়া বলিয়াছিল বসস্তকাল সমাগতপ্রায়। সম্ভবতঃ এই কুম্ভরাশিতে সুর্গোর অন্তকে ভিত্তি করিয়া, বন্ধ দেশীয় পণ্ডিতেরা শরৎকালে তুর্গোৎসবের সময় নির্দ্ধারণ করিয়াছেন, কেননা তাঁহাদের মতে এই তুর্গাপূজা অসময়ে রাম, রাবণ বধে অসমর্থ হইয়া করিয়াছিলেন। তাহারই বিস্তৃত বর্ণনা কবি কুত্তিবাস তাঁহার রামায়ণ কাব্যে নানারূপ সর্ম বর্ণনায় ও অল্ফারে বিব্রু করিয়াছেন। কিন্তু বাল্মীকি তাঁহার রামায়ণে কোথাও এই শক্তি-পূজার উল্লেখ করেন নাই। কিন্তু সেই তীক্ষ্মী পণ্ডিত মহাশয়ের তীক্ষ্মষ্টি এই শ্লোক ছুইটীতে যে নিবদ্ধ হয় নাই ইহা আশ্চর্য্যের বিষয়। "তত পুষ্পাতিভারাগ্রান লতাশত-সমাবৃতান। জ্মান বাস্তিকান দৃষ্টা বভুবুৰ্ভয়শ্কিতাঃ॥ তে বস্তু মহুপ্রাপ্তং প্রতিপত্তপরস্পরম। নষ্ট সন্দেশকালার্থা নিপেত্র্ধরণীতলে।" বসস্তকালীন ফলবান বৃক্ষসকল পুষ্পভাৱে অবনত দেখিয়া. বসন্তকাল উপস্থিত প্রায় দেখিয়া বানরগণ স্থাীবের আদিষ্ট নিয়মিত সময় অতীত হইল বঝিয়া অতিশয় শক্ষিত হইল। "বয়মাশ্বয়জে মাসি কালসংখ্যা ব্যবস্থিতা:। প্রস্থিতা: সোহপিচাতীতংকিমত: কার্যামুন্তরম্ "। এক মাদের মধ্যে ফিরিতে হইবে এইরূপ সময় অবধারণ করিয়া স্থগ্রীব যে আশ্বিন মাসে প্রেরণ করিয়াছিল, তাহাও গত হইল।

এখন এই কুম্ভকর্ণ বধে রাম, সাধনার পথে কিরূপ অগ্রসর হইলেন তাহাই দেখান হইয়াছে। যোগাচারী সাধক প্রথমে অঙ্গুলি घाता कर्न, हक्क अ नामिकातक तक कतिया थे मकल हे सिरायत कार्या ক্লম্ব করতঃ মনকে তত্তবিষয়ক বৃত্তি হইতে নিবৃত্তি করিতে চেষ্টা করিয়া, তাহাকে একাকী করিবার প্রয়াস পায়। আমার গুরুদেব তিৰুতী বাবা প্ৰথম শিক্ষাৰ্থীকে এইরূপ সরল প্রণালীতেই অভ্যাস করিতে উপদেশ দিতেন। এইরূপে কর্ণরন্ধ বন্ধ করিলে একটা ঘোর শব্দ শ্রুত হয় ঠিক যেরূপ কল হইতে জল লইয়া কুন্ত বা কলসী পূর্ণ করিবার সময় হয়। এই শব্দ তথন অত্য সমস্ত শব্দকে যেন গ্রাসই করে। কর্ণ হইতে অঙ্গুলি অপস্তত হইলে এই শব্দ শোনা যায় না বটে, তথন আবার বাহির হইতে শব্দ আসিয়া মনকে লিপ্ত করে। তথন উভয় বিপদের মধ্যে পডিয়া সাধকের উপায় কি থাকে। তথন মনকে কর্ণ হইতে আকর্ষণ করিয়া জ্রমধ্যে যে জ্যোতি চক্ষ বন্ধের পরই ক্ষণিক দট্ট হয় তাহাতেই লিপ্ত করিতে হয়। এই জ্যোতিতে মন দৃঢ় আরু ্ট হইলে তথন আর সেই কুন্তকর্ণরূপ শব্দ শ্রুত হয় না। আবার এই কর্ণরন্ধ বন্ধ করিয়া যে কুন্তপুরণের ন্যায় শব্দ উত্থিত হয় তাহা শুনিতে শুনিতে মধ্যে মধ্যে কথনও কথনও একটা মৃত্যু মধ্যম শব্দও শুনিতে পাওয়া যায়। তথন বোধ হয় যেন এ ঘোর শব্দই মধ্যে মধ্যে মৃত মধ্যমরূপে পরিণত হইতেছে। সমন্ত শব্দুই প্রথমে উচ্চরূপে শ্রুত হইলেও তাহা শেষের দিকে মৃত্ব মধ্যম হইয়া আদে অর্থাৎ ঘাহাকে भर्कित दिन वरल, हैश मिट्ट फेंक्र भरकित क्विनिक विदासि है है। আবার তাহার পর উচ্চ শব্দ হইলেই তাহা আর শ্রুত হয় না। কুন্তে জল পড়িবার সময় জল যথন একটু আন্তে আন্তে পড়ে তথন শব্দও মৃত্যধাম হয়। কুপ্তকর্ণ বিভীষণের প্রাতা উভয়েই শব্দের প্রতীক। বিভীষণরেপ শব্দ সম্বন্ধে তাঁহার ইতিপূর্বেই অবগতি হইয়ছিল, এখন কুপ্তকর্ণরূপ শব্দ শুনিতে শুনিতেই যথন বিভীষণ রূপ মৃত্যধাম শব্দও শুনিলেন তথন তাহারা উভয়েই শব্দের প্রতীক। তাই রামের নিকট বিভীষণ কুপ্তকণের পরিচয় দিল—যে সেও বিশ্রমার পুত্র ও তাহারই সহোদর। দশানন রাবণ স্বর্বাই জাগ্রত, কেননা স্বর্বাসময়েই দশদিকের শব্দ কর্ণরিদ্ধে প্রবেশ করিয়া শ্রুত হয়। কর্ণরিদ্ধু প্রবেশ করিয়া শ্রুত হয়। কর্ণরিদ্ধু বন্ধ করিলেই হয়। তাই সে ঘোর শব্দ যেন নিশ্রিতই থাকে, তাহাকে অঙ্কুলি ঘারা উত্যক্ত করিয়া যেন রাক্ষসগণ কর্তৃক উত্যক্ত করিয়া কুপ্তকর্ণর জাগরণের ভারই উথিত করা হয়।

বাম ইতিপূর্ব্বে যে যোগাচরণ করিয়াছিলেন, তাহাতে কর্ণরদ্ধ অঙ্গুলি বারা বন্ধ না করিয়াই যোগাদনে বদিয়া মনকে নিরুদ্ধ করিতে অভ্যাদ করিয়াছিলেন। দেই অভ্যাদের শ্বৃতি অবলধনেই তিনি পুনরায় দাধনা আরম্ভ করিলেন, কিন্তু তাহাতে ব্যাঘাত হইল। তিনি দেই মৃত্ শব্দ হইতে তাঁহার মনকে বিচ্ছিন্ন করিতে পারিলেন না, আর দেই ইন্দ্রজিৎরূপ মৃত্শব্দ শুনিতে শুনিতেই তাঁহার মোহাবেশ হওয়াতে তিনি বিফল মনোরথ হইলেন। মোহভঙ্গে যথন তিনি ব্বিলেন এরূপ প্রয়ত্ব তাঁহার বিফল হইল, তথন পুনরায় পৌরুদ্ধ স্করণরে যেন লক্ষণের প্রবোচনাতেই বলীয়ান হইয়া, যোগের প্রথম প্রণালী হইতে যেন বর্ণপরিচয়ের স্থায়ই প্রক্রিয়া আরম্ভ করিলেন অর্থাৎ দেই কর্ণ, চক্ষু ও নাদিকা অঙ্গুলি বারা বন্ধকরণরূপ প্রথম প্রক্রিয়া হইতেই যেন গোড়াপত্তন করিয়াই

স্থারস্ত করিলেন। তিনি মনে করিয়াছিলেন, কাণ বন্ধ করিলেই
শব্দের হাত হইতে নিস্তার পাইবেন, কেননা কর্ণরন্ধু থোলা
থাকিলেই শব্দ প্রবণ হয়। কিন্তু হইল তাহার বিপরীত। কর্ণরন্ধু
বন্ধ করিতে উথিত হইল সেই ঘোর কুন্তকর্ণরূপ শব্দ। তাই
কুন্তকর্ণ বিশ্বগ্রাসী। রাম পৌরুষ বলে সেই কুন্তকর্ণরূপ শব্দকে
লয় করিতে সমর্থ হইলেন। তাঁহার মন এখন অনেকটা শব্দজ্যের
দিকে অগ্রসর হইল। ইহাই যোগীব কুন্তকর্ণ বধ।

একবিংশ পরিচ্ছেদ

ইন্দ্রজিৎ বধ

কুম্ভকর্ণ যুদ্ধে হত হইলে রাবণ ইন্দ্রজিংকে বলিল "তুমি যুদ্ধে দেব, দানব এবং স্থরপতি ইন্দ্রকেও জয় করিয়াছ, এখন রাক্ষ্সদিগের অজেয় এই মন্থ্য রামলক্ষণকে তুমি ভিন্ন আর কেহ বধ করিতে পারিবেনা। তথন ইন্দ্রজিং যুদ্ধার্থে বহির্গমন করিয়া তাহার রথে মায়াবলে এক দীতা স্বষ্ট করিয়া দমন্ত বানর দেনাদের দল্মথে উপস্থিত হইল। সেই মায়াদীতা ঠিক সেইব্লপই মলিন বেশভ্যা পরিহিতা দ্রানমুখী অশ্রুপূর্ণনয়না—যেমন হতুমান তাঁহাকে অশোক বনে দেখিয়াছিল। স্বতরাং হত্তমান তাহাকে দীতা বলিয়াই চিনিতে পারিল। ইন্দ্রজিৎ যথন হন্তুমানের সম্মুখে তাঁহাকে বধ করিতে থড়গ উত্তোলন করিল, তথন সেই মায়াসীতা 'হা রাম' 'হা রাম' করিয়া রোদন করিতে লাগিল। তথন ইন্দ্রজিৎ তাহার দেহ দ্বিথণ্ডিত করিল। সেই হানয়বিদারক দশু দেখিয়া হতুমান অতীব শোকে মিয়মান হইয়া রামের নিকট ঘাইয়া কহিল, ইল্লুজিং তাহার দুলুথে সীতাকে বধ করিয়াছে। রাম তাহা গুনিয়া বাতাহত কদলিবক্ষের ন্যায় হতচেতন হইয়া ভূমিতলে পতিত হইলেন। তথন লক্ষ্মণ রামকে প্রবোধ দিয়া বলিলেন "আর্যা! আপনি জিতেন্দ্রিয় এবং চিরদিন সংপথে থাকিয়া ধর্মারক্ষা করিয়া আসিতেছেন, কিন্তু সেই ধর্ম আপনাকে রক্ষা করিতে পারিলনা। স্থাবর, জন্ধম প্রাণি প্রাণী

সমূহ দেখিতেছি, এজন্ম ইহারা আছে বলিয়া জানিতেছি। ধর্ম সেইরূপ প্রত্যক্ষ দর্শন না হওয়ায়, আমার বোধ হয় ধর্মই নাই। রাঘব। অধর্ম, পাপকর্মশীল পুরুষকে বিনষ্ট করিতে পারেনা। কেননা ক্রিয়াশরীর-রূপ ত্রিক্ষণস্থায়ী (জন্ম, মধ্যাবস্থা ও জরা) অধর্ম স্বয়ং ক্রিয়ার সহিত চতুর্থক্ষণে (মৃত্যুতে) নষ্ট হইয়া তাহার পর কাহাকে নষ্ট করিতে পারিবে ? যদি কর্মের জন্ম অদষ্ট স্বীকার করা যায় তাহা হইলেও কর্মামুষ্ঠাতা পুরুষ দেই পাপে লিপ্ত হইতে পারেনা: কেননা যে বিহিত বিধি দারা খেনাদি আভিচারিক যজে হিংসাদি কার্যা করা হয়, সেই বিধি অথবা তংপ্রণেতাই সেই যজ্জনিত পাপে লিপ্ত হইতে পারে। ধর্ম বর্ত্তমান থাকিলেও সে বধাদি জন্ম পাপে লিপ্ত হইতে পারেনা: কেননা স্বীয় চিংশক্তি ছারা অন্তভ্যমান অসংকল্ল অপ্রত্যক্ষরণ ধর্ম স্বয়ং অচেতন: অতএব সে কর্ত্তব্য শত্রু-প্রতীকারাদি কার্য্যের সম্পূর্ণ অনভিজ্ঞ। যদি সংকর্ম জন্ম অদৃষ্ট শুভই হইত, তাহা হইলে আপনি কিছুমাত্র দুঃখ পাইতেন না। পরস্ত আপনি যথন এরপ বাসনে পতিত হইয়াছেন তথন সেই ধর্ম আছে বলিয়া বোধ হয় না। অথবা স্বভাবতঃ স্বার্থসাধনে অসমর্থ অকিঞ্চিৎকর ধর্মা, নিজের তুর্ব্বলতা বশতঃ পৌরুষের অমুবর্ত্তী হইয়া থাকে। যদি ধর্ম পৌরুষেরই সহকারী হইল, তবে আর তাহার উপাসনায় লাভ কি? আপনি অধর্মের উপাসনা না করিয়া যেমন ধর্মের উপাদনা করিতেছিলেন, দেইরূপেই স্যত্তে পৌরুষের অনুবৰ্ত্তী হউন। যদি সতা কথাই আপনার বিবেচনায় ধর্ম বলিয়া বিবেচিত হয়, তাহা হইলেও পিতা দশর্থ আপনাকে ধৌবরাজ্যে অভিষিক্ত করিতে চাহিলে, তাহা স্বীকার করতঃ আপনি তাহা প্রতিপালন না করিয়া কিজনা অধর্মে লিপ্ত হইলেন নাণ ধর্ম ও

অধর্ম এই উভয়ের মধ্যে যদি কেহ প্রধান হইত, তাহা হইলে ইল্র, বিশ্বরূপ মৃনির হত্যারূপ অধর্ম এবং তৎপরে যজ্ঞরূপ ধর্ম এই উভয়ের অন্ধর্চান করিতেন না। পৌরুষাশ্রিত ধর্মই শক্রসংহারে সমর্থ; সেইজগুই লোকে উভয়ের অন্ধর্চান করিয়া থাকে। দেশ, কাল ও পাত্রভেদে কার্য্য করাই আমাদের মতে পরম ধর্ম। কিন্তু আপনি সেই সময়ে রাজ্য পরিত্যাগ করিয়া সেই ধর্মের মূলোচ্ছেদ করিয়াছেন। অনেক সময় দেখা যায় পুরুষ প্রথম স্থখসাধন অর্থ পরিত্যাগ করতঃ পশ্চাং স্থখভিলাষী হয়, এবং কালক্রমে সেই অভিলাষ বর্দ্ধিত হইলে পাপাচরণ করিতে আরম্ভ করে; অতএব দোষ ঘটিয়া থাকে। আপনি পিতার আদেশে বনবাদী হইয়াছেন বলিয়াই, এক্ষণে আপনার প্রাণ অপেক্ষা প্রিয়তমা পত্নীকে অপহরণ করিয়াছে। বীর! আপনি গাত্রোখান করুন। ইন্দ্রজিং যে ছঃখবছল কার্য্য করিয়াছে তাহা আমি কার্য্য দ্বারা অপনীত করিব। আপনি বন্ধচারী ও মহাস্মাহ ইইয়াও কেন আপনার পরমাত্রস্বরূপ বিশ্বত হইতেছেন। "কিমাত্রানং মহাত্রানং মহাত্র-মাবর্ব্যাসে।"

যথন লক্ষ্ণ রামকে এইরপে আশ্বন্ত করিতেছেন তথন বিভীষণ কহিলেন—"ইক্সজিৎ কথনই সীতাকে হত্যা করিতে পারিবেনা। তাঁহাকে বধ করা দূরে থাকুক্, আমি যথন রাবণকে সীতাকে পরিত্যাপ করিবার কথা বলিয়াছিলাম তথন তিনি আমাকে দ্রীভৃত করিলেন। যথন সামদান অথবা ভেদ এই ত্রিবিধ উপায় ঘারাও কেইই সীতার দর্শন পায়না তথন ইক্সজিৎ যুদ্ধের ছলে কিরপে তাঁহার দর্শনলাভঃ করিবে?

"নৈব সামা ন দামেন ন ভেদেন কুতো যুধা। সা ত্রন্থ মপি শক্যেত নৈবচান্তেন কেনচিৎ॥" আমার নিশ্চয় বোধ হইতেছে মায়াসীতা বধ করিয়া ইক্সজিং প্রতারণা করিয়াছে। রাবণতনয় অগু পুণাভূমি নিকুজিলায় যজ্ঞ করিয়া ফিরিয়া আসিলে, সমরে ইক্সপ্রম্থ দেবগণও তাহাকে জয় করিতে পারিবেনা। অতএব আপনি ধৈয়াধারণ করিয়া এই নরশার্দ্দূল লক্ষণকে আমাদের সহিত প্রেরণ করুন; ইনি স্কতীক্ষ বাণ ছারা তাহাকে সেই হোমকর্মা হইতে নির্ত্ত করিলেই, সে আমাদের বধ্য হইবে। সেই রাক্ষ্যশ্রেষ্ঠ হোমসম্পাদন করিলে দেবতাগণেরও অদৃশু হইয়া থাকে। হয়য়মান আপনাকে যাহা বলিয়াছে আমি তাহা সাগর শোষণের ভায় নিতান্ত অসম্ভব বলিয়া মনে করি।"

তথন রামের অন্থাতি পাইয়া বিভীষণ লক্ষণকে সমভিব্যাহারে লইয়া ইন্দ্রজিতের যজ্জভূমি নিকুন্তিলার অভিমুখে প্রস্থান করিলেন। তথন বানরগণ ইন্দ্রজিতের দেনাগণকে বধ করিতেছে দেখিয়া, সে কার্যশেষ হইতে না হইতেই উঠিল এবং ক্রোধভরে রক্ষগহন হইতে বাহির হইয়া পূর্ব্বযোজিত রথে আরোহণ করিল। যথন ইন্দ্রজিৎ অগ্রগামী বানরসেনাদিগের সহিত যুক্ত করিতে লাগিল তথন বিভীষণ লক্ষণকে সঙ্গে লইয়া নিবিড় বনে প্রবেশ পূর্ব্বক লক্ষণকে ইন্দ্রজিতের সেই আভিচারিক ব্যাপার দেখাইলেন। পরে দে লক্ষণকে নীলমেঘতুলা এক ভীষণ বটর্ক্ষ দেখাইয়া বলিল "এই স্থানে বলবান রাবণ তনয় ভূতগণকে বলি দিয়া সমরে গমন করে, সেইজ্ঞাই সে যুক্তক্ষেকে সকলের অদৃশ্য হইয়া যুদ্ধ করে। স্থতরাং সে যতক্ষণ এই বটর্ক্ষতলে না আসিতেছে, তাহার মধ্যেই আপনি ভাহাকে বধ কক্ষন।"

"অদৰ্শয়ত তংক্ষা লক্ষণায় বিভীষণ: ॥ নীল্জীমৃতসঙ্কাশং গুগোধং ভীমদৰ্শনম্। তেজস্বী বাবণভাতা লক্ষণায় গুবেদয়ং॥ ইহোপহারং ভূতানাং বলবান্ রাবণায়জ্ঞ। উপস্থত্য ততঃ পশ্চাৎ সংগ্রামমভিবর্ত্ততে ॥ অদুখ্যং সর্বভূতানাং ততো ভবতি রাক্ষ্যঃ॥

তথনও ইন্দ্রজিং বিভীষণকে তিরস্কার করিয়া কহিল "তুমি রাবণের আতা হইয়া যেরূপ জ্ঞাতিশক্রর কার্য্য করিলে, তাহাতে তোমাকে বধ করিলেও তুঃথ মেটে না। বহুক্ষণ যুদ্ধের পর লক্ষ্মণ বলিলেন "দাশরথি রাম যদি ধার্ম্মিক সত্যবাদী এবং পৌরুষ বিষয়ে অপ্রতিদ্বন্দী হন, তাহা হইলে এই বাণে রাবণতনয় নিহত হউক"। সেই বাণে ইন্দ্রজিতের মন্তক দেহচাত হইয়া ভূতলে পতিত হইল।

এই ইন্দ্রজিং বধের জন্ম বিষ্ণু অবতার রামকে অত্যন্ত বেগ পাইতে হইয়াছিল। তিনি নিজে একার্য্য করিতে সমর্থ হন নাই। যদিও তিনি বিষ্ণুর অর্ধ্র অংশে অবতীর্গ হইয়াছিলেন, কিন্তু এক চতুর্থাংশ অংশে অবতীর্গ লক্ষ্মণ তাহা করিতে সমর্থ হইয়াছিলেন। তারপর মায়াসীতাবধের কথা বর্ণিত হইয়াছে। ঐতিহাসিকের দিক দিয়াইহার কিরূপ সাময়্প্র হইতে পারে, আমরা প্রথমে তাহাই দেখাইবার চেষ্টা করিব। ইন্দ্রজিং ময়দানবের কন্মা মলোদরীর গর্ভসভ্ত। এই ময়দানব মায়া দ্বারা সমন্তই হৃষ্টি করিতে পারিত। বহুশত বংসর পরেও মহাভারতের যুগেও এই ময়দানব রাজস্বয় যজে য়ৢয়িষ্টিরের রাজসভা এরপভাবে নির্মাণ করিয়াছিল যাহা দেখিয়া তুর্যোধনেরও ভ্রম হইয়াছিল। আবার এই ময়দানব রাবণের পূর্বেও ছিল। স্বতরাং বোধ হয় তথনও এই আদিম জাতির মধ্যে এইরূপ একটী বিদ্যা ছিল যাহাতে ইন্দ্রজাল দ্বারা মায়াময়স্প্র হইতে পারিত। কেহ কেহ এরপও বলেন যে রুক্ষও, এই বিদ্যাম্ব পারদ্দী থাকা বশতঃই তুর্যোধন ও অর্জ্বনকে ঐর্প বিশ্বরূপ দেখাইতে সমর্থ ইইয়াছিলেন।

এই মায়া সৃষ্টির গল্প শুধু ভারতের সাহিত্যেই যে বর্ণিত হইয়াছে তাহা নহে। মিশরে, পারস্তে, আরবে, চীনে এবং প্রায় এসিয়ার সমস্ত ভূখণ্ডেই যেখানেই প্রাচীন সভ্যতার নিদর্শন স্বরূপ তাহাদের সাহিত্য প্রাপ্ত হওয়া গিয়াছে, দেখানেও এই মায়া স্থান্তর গল্প দেখিতে পাওয়া যায়। তাই বোধ হয় ইহা কোন একটা জ্বাতিবিশেষে নিবদ্ধ ছিল না। ভারতের এই জাতির নাম ময়দানব ছিল। ময় হইতে মায়া সিদ্ধ হইয়াছে। তাই যাহারা মায়াময় সৃষ্টি করে, তাহাদিগকেই ময়দানব জাতি বলে। এথনও যথন বাজীকরেরা ভোজবাজী দেখাইয়া শৃত্যে রজ্জু অবলম্বনে আরোহণ ইত্যাদি দেখাইয়া দর্শকের মন মুগ্ধ করিতে সক্ষম হয়, তথন এইরূপ অন্নমান করা অদঙ্গত হয়না। এই বাজীকরেরা প্রায়ই যায়াবর জাতীয় অর্থাৎ বেদে জাতীয় দেখিতে পাওয়া যায়। ইহারা সেই আদিম জাতি হইতেই পুরুষাত্মক্রমে এই বিভা শিথিয়া আসিতেছে। তারপর এই মায়াসীতা, বহুকাল লম্বাপুরে রুদ্ধা মলিনবদনপরিহিতা সীতারই ন্যায় ছিল। হতুমানই সীতাকে সেই বেশে দেখিয়াছিল। তাই রণক্ষেত্রে অহা অনেক বানর উপস্থিত থাকা সত্ত্বেও আর কেহ তাহা না দেখিলেও হনুমানের চক্ষতে তাহা প্রতিভাসিত হইয়াছিল। মায়াময় স্প্রতিত যাহা দর্শক দেখে, তাহা তাহার হয় পূর্ববদ্ট ও পরিচিত অথবা তাহার মনের পূর্বে কল্পনা-প্রস্ত কোন পদার্থ না হইলে তাহা প্রদর্শিত হইতে পারেনা। হতুমানই সীতার কণ্ঠম্বর শুনিয়াছিল, তাই এই মায়াসীতার কণ্ঠম্বরে সেই একরপ্রই স্বর শুনিতে পাইয়াছিল। ইন্দ্রজিংও স্বর অমুকরণ বিভাদারা দীতার স্বর শুনিয়াই তাহা যথাযথ ভাবে তাহা নিজের কণ্ঠস্বর ঘারাই উৎপন্ন করিতে পারিয়াছিল। স্থতরাং ইন্দ্রজিৎ উত্তরাধিকারস্থতে তাহার মাতামহ ময়দানব হইতে এই ইন্দ্রজাল

विणा मिक्ना कित्राहिल। मिश्र अनार्ग आणित सप्त सम्मानव नाम এकी मुख्यमां वह পूर्वकाल इटेंग्ड शूक्यां इक्य अदे विणा उउत्ताविका वीमित्र मिथां हे मा सहिए। स्वा त्या तो ते हरू साम कि साम कि

নিক্ছিলা চৈত্যে যজ্ঞ সমাপন করিয়া আসিয়া অদৃশু হইবার অবকাশ না দিয়াই বিভীষণ, লক্ষণকে সমভিব্যাহারে সেই যজ্ঞস্থলের নিকটে যাইয়া, তাঁহার দ্বারা ইল্রজিং বধ সাধন করিল। নিক্ছিলা চৈত্য—অর্থাং যেথানে নিক্ছিল হওয়া যায়। নিক্ছিল = নি + কুছিল। কুছিল = কুন্ত + ইল ভিচারং। কুন্ডিল অর্থে চৌর হইল কির্নপে ? ই - গত্যর্থে তাই ইল ও গত্যুথ্বোধক। ই - গতাে, ইল - অয়তি। ল এতি। কুন্তে গতি হইলে সেই কুন্তিল—চৌর। ধনরত্বাদির স্বাভাবিক স্থিতিস্থান থনি। জলেরও সেইরূপ নদী বা সমূদ্র। খনি হইতে ধন, বা নদী, সমূদ্র হইতে জল, কুন্তে প্রিত বা তাহাদের সেইরূপ গতি হইলে, সেই পূর্ণকৃত্ত যেন চৌরই হইল। নিক্ছিলা সেইরূপ গতি হইলে, সেই পূর্ণকৃত্ত যেন চৌরই হইল। নিক্ছিলা চিত্যু বলে। আর যে প্রণালীতে এইরূপ চৌর—শৃক্তা অবস্থা হয় তাহাকেই নিকুন্তিলা যজ্ঞ বলে। যজ্ঞ অর্থে ক্রিয়া। যজ্ঞের আর

এক নাম ক্রত্—ক্থাতু হইতে নিশ্বন্ধ, স্থতরাং ক্রিয়া। সেই ক্রিয়াটী কিরপ? তাহার বর্ণনা এইরপ।—বিভীষণ একটা ভীষণ দর্শন নীলজীমৃত সন্ধাশ ভ্রোধ বৃক্ষ দেখাইয়া লক্ষ্যকে বলিল এই স্থানে ভূত সকলের উপহার উপহরণ ক্রিয়া বাবণ তন্যু ইন্দ্রজিং সর্বভূতের অদৃশ্য হয়।

"ইহোপাহারং ভূতানাং বলবান্ রাবনাত্মজঃ। উপস্থত্য ততঃ পশ্চাৎ সংগ্রামমভিবর্ত্ততে॥ অদৃশ্যঃ সর্ব্বভূতানাং ততো ভবতি রাক্ষ্যঃ।"

ভূতানাং উপহার অর্থে সমস্ত পঞ্চুতের উপহার। সেই পঞ্চুতের উপহারটী কি ? পঞ্চতের উপাদানেই এই বিশ্বের তাবং পদার্থ রচিত। মূল মহাপঞ্জত হইতে উপহার স্বরূপ পঞ্জতে যে দেহ নিশ্মিত হয় তাহা সেই মূল পঞ্চুতেরই উপহার। যেমন মূলবন হইতে বৃক্ষলতাদি যেন তাহার উপহার স্বরূপেই প্রদত্ত হইয়া উপবন নিৰ্মিত হয়। উপ অৰ্থে সমীপে, এক স্থান হইতে অতা স্থানে লইয়া গেলে তাহাই উপ। বনের অংশরূপ বুক্ষলতাদিই যেন তাহার উপহার। মূল পঞ্চতের অংশ স্বরূপ উপাদান রূপ উপহারেই যেন এই দেহ। এই উপহার তাহা কাহাকে দেয় ? পরমাত্মারূপ পরমপুরুষ ও স্কাবস্থ সমষ্টিমূলপঞ্মহাভূতসমন্বিত প্রকৃতি, একস্থানেই মূলে থাকে—অভেদ্য অবস্থায়—যেন বনরূপে পরমাত্মাই বিরাজিত আছেন। সেই সমষ্টিমূলক মহা পঞ্জুত, যেন তাহার কিছু অংশ, পরমাত্মার অংশ আত্মাকে (দেহন্ত আত্মা) বা পুরুষকে, যেন উপহারই দেয় এই দেহরূপে, যেমন বন হইতে উপত্তত বৃক্ষাদিতে উপবন হয়। আবার যদি মূল পঞ্চতের উপহার স্বরূপ এই দেহকে, সেই মূল পঞ্চতকেই উপহার দেওয়া যায়, তাহা হইলে পঞ্চতাত্মক দেহ তাহার মূল কারণে মিশিয়া যায়। তাই সেই পঞ্চতাতাক দেহ অদৃশ্য হয়। কুন্তরূপ দেহাকৃতি, মূল পঞ্চত রূপ জলাশয় হইতে, জলরূপ পঞ্চূতরূপ উপাদান চুরি করিয়া যেন কুন্তিল বা চৌরই। তাই সেই দেহাক্বতিকে পুনরায় শৃত্যাকারে পরিণত করিতে হইলে সেই পঞ্ভূতের উপাদানগুলিকে যেন আবার সেই মূল পঞ্ভূতকেই উপহার দিয়া, অর্থাৎ তাহাদিগকে ফুল্মাকারে পরিণত করিয়াই তাহা সাধিত হইতে পারে। কুম্ভ ভগ্ন করিলেই তাহার আকার অদৃগ্র হওয়াতে সেই স্থান শৃত্ত হয়। এই দেহকে শৃত্যাবস্থায় পরিণ্ড করিত-ইন্দ্রজিং দেই নিকুম্ভিল যজে বা প্রক্রিয়াতে। তাহা **অ**মুষ্ঠিত হইত কোথায়? "ইহোপহারং" সেই ইহ কোথায়? নীলজীমৃতদকাশ অংগ্রাধ তরুমূলে। আংগ্রাধ অর্থ কৈ ? অক্ রুণদ্ধি ইতি। কং+ অচ। = অগোধ। বটরক্ষ। শমীরক্ষ। অক = অক ক্রিয়তে ইতি অকার + ক + অচ্। অকরণম্। অবজ্ঞা, তুচ্ছতা, কেপঃ। তুচ্ছ বা. অবজ্ঞা বৈধি ক্ষেপণ যেমন বমন। যে কাৰ্যো ক্ৰক শক্ষ উচ্চরিত হয় = অকার বা বমন, আকার, বমি। এক শব্দের অর্থ তুচ্ছ। অক + রুধ - যাহা তুচ্ছকে রোধ করিয়া রাথে বা বদ্ধ করিয়া বাথে তাহাই অগ্রোধ। এই অগ্রোধ বৃক্ষও মূল পঞ্চ মহাভূতের তুচ্ছ সামান্ত অংশ পঞ্চত রূপ উপাদানকে রুদ্ধ করিয়াই যেন তাহার আকার, রূপ ও বর্ণপ্রাপ্ত হইয়া কুম্ভিল বা চৌর হইয়াছে। তাহার বর্ণ নীলজীমৃত সঙ্কাশ নীল মেধের আয় কেন ? পঞ্জুতের পঞ্ম ভত পথিবীর রং কাল বা নীল বর্ণ। পৃথিবীর সৃষ্ণতত্ত্বও রুঞ্চবর্ণ। मृत्य উठितन প্রথমে পৃথিবী নীল বর্ণেই দৃষ্ট হয়। তারপর ক্রমে উর্দ্ধে উঠিলে তাহা অদৃশ্য হইয়া শূন্যাকারেই পরিণত হয়। আকাশ নীল কটাহাকারে দৃষ্ট হয়। ক্রমে যত শুন্তে উঠা যায় ততই তাহাকে

শ্যাকারেই নিরাকার দেখা যায়। পৃথিবী স্ক্রাকারে নীলবর্ণ, জল শুন্নবর্ণ ও তেজ লোহিত বর্ণ। পৃথিবীর স্থল পঞ্চ্ত স্ক্রাকারে পরিণত হইলে তাহাতে নীলবর্ণই থাকে, কেননা তাহাতে অ্যায় চারিভূত থাকিলেও পঞ্চম্ভূত পৃথিবীর অংশই বেশী। এই গ্যগ্রোধ, রক্ষাকারে, পঞ্চূতের উপাদান রূপ ধন কল্প করিয়া যেন ক্ছাকারে কুন্তিল। কুন্তের আকার ভগ্ন করিলে তাহার অভ্যন্তরন্থ ধনও অদৃশ্য হয় কুন্তের আকারও অদৃশ্য হয়। এই গ্রগ্রোধ রূপ রক্ষাকারে কুন্তিল, তাহার আকারের অদৃশ্য নিকুন্তিল হয়। এই গ্রগ্রোধ রুক্ষের সমীপে উপবেশন করিয়া ইন্দুজিং যথন তাহার (রুক্ষের) আকার দৃষ্টি হইতে অন্তহিত করিতে পারিত তথন তাহার নিজ্ব দেহও অদৃশ্য হইত। তাহা কি প্রকারে সঙ্ঘটিত হইত প

হঠ যোগীরা প্রথমে কোন নিদ্ধি একটা পদার্থে মনের একাগ্রতা সম্পন্ন করে। তাহারা যদি অগ্নি প্রদর্শন করার জন্য যোগ সিদ্ধাহইতে চাহে, তাহা হইলে একটা অগ্নিপ্রজ্জনিত দীপ্ত লোহ শলাকাতে দৃষ্টি নিবদ্ধ রাখিয়া মনের একাগ্রতা অভ্যাস করে। অন্য দীপ শিখা চঞ্চল হওয়া বশতঃ মনও চঞ্চল হইতে পারে। প্রজ্জনিত দীপ্ত লোহ শলাকা স্থির বশতঃ তাহারই আশ্রায়ে মনকে স্থির করে। সেই দীপ্তি দৃষ্টি করিতে করিতে মনও তাহাতেই তন্ময় হইয়া, যেন মনও অগ্নিময় হয়। তথন সেই শলাকাস্থিত দীপ্তি যেন মনেই সঞ্চারিত হয়। মন যেখানেই যায় সেখানেই দীপ্তি দর্শন করে। এই মনকে সঞ্চারিত করিয়া আন্য দেহে স্থাপিত করিতে পারা যায়। ইহা অনেকেই Thought reading process এর সাহায়ে দেখিয়াছেন। নিজের মনের চিস্তা বা ভাব অন্যের মনে সংক্রমণ করিয়া তাহাকেও সেই ভাবে ভাবিত করা যায়। হঠযোগির

অগ্নিময় মন সেই সংক্রামিত ব্যক্তির মনকেও সেই অগ্নি দেখায়। স্মাবস্থাবশতঃ দেহে বদ্ধ থাকিলেও মনের বহুব্যাপিত্রশক্তি সঞ্জাত হয়। যতক্ষণ মনে এই সীমাবদ্ধ দেহজ্ঞান থাকে ততক্ষণ তাহারও দেহ পরিমাণ সীমা থাকে। তাই দেহের সীমা অতিক্রম করিলে যেন তাহার বন্ধনচ্যত হইয়া মন বিস্তৃতিলাভ করে। তাই হঠযোগী অনেককে একদঙ্গে এক সময়ে অগ্নি প্রদর্শন করাইতে পারে। এই रुटेरयाशीत ल्यानीरे जनम्बत्य यिन त्कर त्मरे नीनवर्ग ग्राधाध বুক্ষের দিকে অচঞ্চল দৃষ্টিতে, তাহাতে মন একাগ্র করে, তাহা হইলে সেই বুক্ষের আকার ক্রমে তাহার দৃষ্টি হইতে অন্তর্হিত হইয়া কেবল তাহার বর্ণটাই মনে নিবদ্ধ হয়। তথন মন যেন সেই নীলবর্ণময়ই হয়, আর তাহার দেহজ্ঞানও বিলুপ্ত হয়। তাই এই প্রক্রিয়াতে অগ্রোধরূপ কুম্বিল ও দেহরূপ কুম্বিল উভয়েই নিকুম্বিল হয়। তথন দেই নীলবর্ণময় মন যেন স্ক্রেই নীলময় দেথিয়া নীল আকাশের সহিত মিলিত হইয়া আকাশের ভায় শৃভাকারেই পরিণত হয়। হঠযোগীর সেই দীপ্ত অগ্নিময় মন যেমন দর্শকদিগকে চারিদিক অগ্নিময় দেখাইয়াছিল, তেমনি এই ব্যক্তিরও নীল শুন্তময় আকাশময় মন যেন দর্শকদিগকে চারিদিক নীলশূভাময় রূপেই প্রদর্শন করায়। ইন্দ্রজিৎ এই প্রণালীতেই যজ্ঞ বা প্রক্রিয়া করিয়া অন্তের দর্শনে যেন অদুখা বা শুঝাকারেই অবস্থিত হইতে পারিত। তাই যথন দে যজ্ঞ সমাপ্ত করিয়া বা এইরূপ প্রক্রিয়া সাধন করিয়া অদৃশ্য হইতে পারিত তথন দে অপরাজেয় হইত। এবং রাবণ-পুত্র মেঘনাদ তথন যেন ইন্দ্রজিংই হইত। লক্ষ্ণ তাহাকে ইন্দ্রজিং হইবার পূর্বেই মেঘনাদরণে বধ করিয়াছিলেন। এইরূপ হঠযোগ

দিদ্ধিলাভ করিতে জ্ঞানী গুরুর প্রয়োজন হয় না। ইহা তদিষয়ে অভিজ্ঞ কোন ব্যক্তির উপদেশে অভ্যাস করিলে অনেকেই লাভ করিতে পারে। যথন সামাগ্র অনার্য্য বেদেজাতীয় ভোজবাজীকর রজ্জু অবলম্বনে শৃত্যেউথিত বালককে লোকের অদৃশ্র করিতে পারে, তথন এই অনার্য্যজাতীয় তথাকথিত রাক্ষমদের মধ্যেও যে কেই কেই এইরূপ হঠযোগ সাধনে অভ্যন্ত ছিলনা, তাহা কিরূপে অস্বীকার করা যায়। যাহারা ইন্দ্রজাল দ্বারা এইরূপ অলৌকিক ঘটনাদি প্রদর্শন করায় তাহারা সম্ভবতঃ এইরূপ হঠযোগে সিদ্ধ হইয়াই তাহা করিতে সমর্থ হয়। তাই এই ইন্দ্রজাল প্রদর্শনকারী ইন্দ্রজিৎ কিরূপ উপায়ে সিদ্ধ হইয়া সেই কার্য্য করিতে সমর্থ হয়াছিল তাহারই প্রণালী বাল্মীকি প্রচ্ছন্ন রূপকাকারে দেখাইলেন। ইহাই মন্ত্র্যা লক্ষণ কর্ত্তক মন্ত্র্যু মেদ্বনাদ বধ।

এখন আমরা দেখাইব ইন্দ্রজিতের স্বরূপ কি। যোগাচারী রামের পক্ষে তাহাতে কিরপ বাধা উৎপন্ন হইন্নাছিল ? আমরা ইতিপূর্ব্বে বলিয়াছি ইন্দ্রজিৎ রবরূপী রাবণের পুত্র হওয়াতে রবেরই প্রতীক। ইহার ছুই মাত্রা আছে। মেঘনাদ রূপে যেন মেঘেরই নাদের ন্তায় অর্থাৎ যেন দ্রমেঘের গুড় গুড়শব্দ। দেই গুড় গুড়শব্দ যথন ক্ষীণ হইতে ক্ষীণতর হইয়া শব্দের শেষ 'রেম' রূপে পরিণত হইয়া প্রায় অপ্রোত্ব্য অবস্থা প্রাপ্ত হয় তথনই তাহা ইন্দ্রজিৎ হয়। ইন্দ্র তাহার বজ্জ দ্বারাই পরিচিত। ঘোর শব্দে বজ্পাত হইলেই তথন ব্রিতে হইবে ইন্দ্র তাহার বজ্জদ্বারা মেঘরপ অক্ষারের প্রতীক বৃত্তকে বধ করিলেন। কিন্তু সেই বজ্জের দিগ্দিগন্ত ত্রাসকারী উচ্চ শব্দ মূহ্র্ত্ত পরেই ক্ষীণ হইয়া যেন মেঘের সেই মূহ্ গুড় গুড় শব্দ পরিণত হয়, তাই যেন উহা (গুড় গুড় শব্দ)

বজ্বের শব্দকে পরাজিত (vanquish) করিয়াই নিজে ক্ষণিক তাহার অন্তিত্ব রক্ষা করে। ইহাই মেঘনাদ কর্ত্তক ইন্দ্রের পরাজয় ও তজ্জ্য তাহার ইন্দ্রজিং নাম লাভ। মেঘনাদ ইন্দ্রের শচীকে বল প্রবিক হরণ করিয়াছিল। শচী অর্থে কর্ম (বেদভায়ে)। ইন্দ্রের কর্ম বজ্রের শব্দকরণ। আর সেই বজ্রের শব্দকে হরণ করিয়াই থেন মেঘের শব্দেরই অন্তিত্ব থাকিল, survive করিল। বায়ু আঘাত প্রাপ্ত হইলেই শব্দের উৎপত্তি হয়। স্থতরাং শব্দ বায় ভি উংপন্ন হইতে পারেনা। শব্দ আকাশেই তাহার গুণরূপে যেন স্থপ্ত থাকে। আঘাতপ্রাপ্ত বায়ু গতিশীল হইলে তাহার গতি আকাশেও দঞ্চালিত হয়। তথন দেই স্থপ্ত শব্দ যেন জাগরিত হইয়াই প্রকাশ হয়, যেমন স্থপ্ত ব্যক্তিকে আঘাত করিলে সে জাগরিত হইয়া শব্দ করে। বায়ুর ছুইগুণ—শব্দ ও স্পর্শ। তাহাতে আকাশও আছে ও তাহার গতিও আছে। সেই গতিই যেন দেই শব্দকে স্পর্শ করিয়া তাহাকে জাগরিত করে। কাহাকেও জাগাইতে হইলে গতিশীল হস্তই তাহাকে স্পর্শ করে। যে কোনও রূপবিশিষ্ট পদার্থের জ্ঞান হয়, তাহার দর্শনে। অন্ধকারে দর্শনশক্তির অভাবে, দেই রূপের অমুভৃতি হয় তাহাকে স্পর্মন দারা। ইন্দ্রবজ্ঞ-ধারী স্থতরাং তাঁহার হস্ত থাকা বশতঃ তাঁহার শন্দ, স্পর্শ ও রূপ এই তিন গুণই আছে। তাই ডিনি ত্রিগুণাত্মক তেজোরপী। অর্থাং তেজে যেমন শন্ধ, স্পর্শ ও রূপ এই তিন গুণই আছে, তেমনি ইন্দ্রও এই তিনগুণের প্রতিভ। শ্রুত শব্দের চুই গুণ—শব্দ ও স্পর্শ। শব্দরূপ তন্মাত্র বায়ুর স্পর্শগুণ প্রাপ্ত হইয়া কর্ণ পট্ছ স্পর্শ করিলেই তবে স্থপ্ত ত্মাত্ররূপ শব্দ যেন জাগরিত হইয়াই শ্রুত হয়। তারপর দেই শব্দ স্পর্শ গুণ রহিত হইলে, আবার সেই ত্য়াত্র

রূপেই যেন অশ্রুত বা অদৃশ্য হুইয়াই আকাশে তাহার স্থিতিস্থানে মিলিয়া যায়। মেঘনাদ রূপ ক্ষীণশক আকাশ ও বায়ুর মিশ্রাণে উংপন্ন। তারপর দেই বায়ুর গুণ স্পর্শ হইতে মুক্ত হইয়া দে কেবল বা একাকী হইয়া আকাশেই তাহার স্থিতিস্থানেই লীন হয়। তাই সেই মেঘনাদরণ শদ অপর ছই গুণ স্পর্শ ও রূপকে যেন পরাজয় করিয়া তাহাদের বন্ধন হইতে মুক্ত হইয়াই যেন তিনগুণশালী ইন্দ্রকেই পরাজিত করিয়া ইন্দ্রজিং হয়। তাই মেঘনাদ রূপ শব্দ ত্রাত্ররপ শব্দ হইয়াই ইলুজিং হয়। এই পরিণতি প্রাপ্ত হইতে হইলে মেঘনাদর্প শব্দকে যেন নিকুন্তিলা রূপ প্রক্রিয়া দারাই তাহা সাধিত করিতে হয়। এই প্রক্রিয়ার নিকুন্তিলা যজের সচিত কিরপ দাদশ্য তাহা দেখাইবার প্রয়োজন। তৈত্তিরীয় উপনিষদের ঋষির ষীয় অমুভতিরই প্রতিধানি—বাক্যে প্রকাশিত হইল "তম্মাদ্বা এতস্মাদাস্মানো আকাশঃ সম্ভত; আকাশাদ্মায়ঃ। আত্মা হইতে আকাশ সম্ভূত হইল, পরে আকাশ হইতে বায়ুর উদ্ভূব হইল। স্তরাং আকাশ বায়ুর জনক। দেহাভান্তর হইতে এক বা তচ্চ বমন উদগীরিত হয়। আকোশরপ দেহ হইতে এই বায়রপ অক উৎকীর্ণ হয়। তাই আকাশ এই অককে রোধ করিয়াই যেন অগ্রোধ। আকাশেরও নীল বর্ণ তাই সে নীলবর্ণ এত্রোধ রূপে দুখুমান। তার এই বর্ণ ভ্রান্তিজনিত প্রতিভাত নীলবর্ণ। প্রকৃতপক্ষে তাহার বর্ণও নাই, আকারও নাই তাহা অসীম শূক্তরূপে অদৃশ্রই। পৃথিবী कन ७ मृखिकामय। ममूटम्ब कन नीनवर्ग। व्यवना नीनवर्ग বৃক্ষণতা পর্বতাদি শোভিত সমুদ্র পরিবৃত পৃথিবীর বংও, শুরুত্ব র্দ্রীর দৃষ্টিতে নীলবর্ণেই প্রত্যক্ষ হয়। আর তাহারি প্রতিবিশ্ব শূলাকাশে প্রতিভাত হইয়া আকাশও নীলবর্ণরূপে দষ্ট হয়। সূর্য্য

বশ্মি কোন নীলবর্ণ স্ফটিকে প্রতিফলিত হইয়া নীলবর্ণ হয়। বনের উপহাররূপ বুক্ষলতাদিতে যে উপবনরূপ কুন্তিল হয়, দেই উপবন হইতে পুনরায় উৎপাটন করিয়া সেই সমস্ত বুক্ষলতাদি বনকে উপহার দিয়া তথাতে স্থাপিত করিলে, উপবনের স্থান শুগু হয়। কুন্তের অভ্যন্তরে আকাশ আছে তাহাতে জোরে বায় প্রবেশ করাইলে--্যেমন ফুঁ দিয়া বায় প্রবেশ করাইলে তাহাতে শব্দ উৎপন্ন হয়। যতক্ষণ ফুঁদেওয়া যায় ততক্ষণই শ্বদ হয়। ফুঁবন্ধ করিলেই শব্দওবন্ধ হয়। স্বতরাং বায়ুর গতি বন্ধ रहेशा श्वित रहेटलहे भक्छ वक्ष ह्य। कुछ छात्रिया किलाल आत শব্দও হয় না। কুন্তের অভ্যন্তরেও আকাশ তাহার বাহিরেও আকাশ। স্বতরাং কুন্তভুগ্নে তাহার অভ্যন্তরন্থ আকাশ শুল আকাশেই মিলিয়া যায়। বায়ুর সাহায়ে যে শব্দ আসিয়াছিল, সেই বায়ুও রুদ্ধ না হওয়াতে শব্দও উত্থিত হয় না এবং শ্রুতও হয় না। বেমন বেলুনের মধ্যে ফুঁদিয়া বাতাস দিলে তাহা ক্লব্ন হইয়া বাহিরে আসিবার সময় শব্দ করে। স্কুতরাং শব্দ যেন অদৃশ্রুই হয়। তাই বায়ুমধ্য-কুস্তরপ 'কুন্তিলকে ভগ্ন করিয়া নিকুন্তিল করিলে শব্দও অদুশু হয়। কুম্ভক সাধন করিতে হইলে বাহিরের আকাশ হইতে বায়ু সংগ্রহ করিয়া অর্থাৎ পূরক বায়্বারা দেহরূপ কুন্ডের বক্ষরূপ অভ্যন্তর পরণ করিতে হয়। তারপর সেই বায়ুকে রুদ্ধ করিতে হয়। তথন বায় বহির্গমন না করিতে পারিলে শরীরাভ্যস্তরে সমস্ত ফাক স্থানে ও শিরা ধমনিতে চলাচল করিয়া তাহাদের প্রবাহবেগ বর্দ্ধিত করতঃ নদীর শব্দের ন্থায় একটী শব্দ উথিত করে। সেই শব্দই কুম্ভক সাধন করিবার সময় প্রথমে শুনিতে পাওয়া যায়। তাহা যেন মেঘের নাদের ভারই। তারপর সেই বায়ু দেহাভ্যস্তরে

চলাচল করিয়া চারিদিকে বিস্তৃত হুইলে তাহার বেগও কমিয়া যায় অর্থাং তাহা স্থির হয়। তথন সেই সকল শিরা ধমনীর অভ্যন্তরের রক্ত প্রবাহের বেগও ব্রামপ্রাপ্ত হওয়াতেই তাহা হইতে উথিত শব্দের তীব্রতাও ক্ষিয়া যায় এবং তাহা তাহাদের অভ্যন্তরেই সীমাবদ্ধ থাকে. স্বতরাং আর শ্রুত হয় না। এই কুন্তকে বায়ু স্থির হইবার পূর্বের, যেমন শব্দ শ্রুত হয়, তথন একটা পীতবর্ণের মানজ্যোতিও ক্ষণিক দৃষ্ট হয়। এই শব্দুই মেঘনাদ আর সেই জ্যোতিই মলিন পীত বসন পরিহিতা খ্রান দীতা যেন মরীচিকার আয়ই আবিভতা হইয়া মনকে ভুলাইয়া অন্তর্হিত হয়। শব্দ তথনও শ্রুত হয়। তাই যেন মেঘনাদ সীতাকে বধ করিয়াই অদুখা করিল। কুন্তক সাধনে উপবিষ্ট রামের হত্মসমন্তি (হতুমান) নাদাগ্রভাগে একাগ্রমন, যখন অভান্তরে রুদ্ধ হইল তথন শব্দও শুনিতে পাইল আর তংসঙ্গে ক্ষণিকের তরে মান পীত জ্যোতিও দেখিতে পাইল। তাই হন্তমানই ইন্দ্রজিৎ কর্ত্তক সীতা বধ দেথিয়াছিল। বৰ্দ্ধিত বায়-প্রবাহবেগেতাড়িত শিরা ধমনির অভ্যন্তরত্ব রক্তপ্রবাহবর্দ্ধনজনিত উচ্চশন্দ আবার মন্দীভূত বায়ু প্রবাহ বশতঃ শমিত হইলে, সেই শন্ধ আর শ্রুত হয় না, তাহা অব্যাহত থাকিয়া তদভান্তরেই সীমাবদ্ধভাবে থাকে: যেন অশ্রুত বা অদৃশ্য হইয়া অদৃশ্য ইন্দ্রজিৎ হইয়া থাকে। ক্ষণিক সীতা রূপ জ্যোতি রামের মনশ্চক্ষতে বিভাসিত হইবার পরই যথন রামের কুন্তক ভগ্ন হইল তথন তিনি আর কুম্বক সাধন করিতে পারিলেন নাট্রমনে করিয়া কাতর হইলেন। তথন তাঁহার দেহস্থ পুরুষই তাঁহার পৌরুষ দারা তাঁহাকে সোৎসাহিত করিলেন। রাম আবার সেই পৌরুষ বলে বলীয়ান হইয়াই পুনরায় কুন্তক সাধনে সিদ্ধ হইয়া সেই শব্দরপ মেঘনাদকে বধ করিলেন—তাহার ইন্দ্রজিৎ রূপে পরিণত হইবার পূর্ব্বেই।

বিভীষণ কির্দে এই ইন্সজিতের যজ্ঞসমাপনান্তে অদৃশ্য ইইবার প্রণালী অবগত ছিল ? বিভীষণ নাতিউচ্চ শব্দের প্রতীক। কুন্তক সাধনের প্রথমেই যে নাতিউচ্চ শক্ষত হয় তাহাই বিভীষণ। আর সেই নাতিউচ্চ শক্ষই যথন ক্রমে মন্দীভূত হইয়া ঝিল্লীরব রূপ অতিমৃত্ শব্দে পরিণত হয় তথন তাহাই ইন্সজিং হয়। তাই যেন উভয়েই শব্দবশাং জ্ঞাতি হওয়াতে, বিভীষণই পৌরুষকে সেই স্থানে লইয়া গেল, যেথানে ইন্সজিংকে দেখিতে পাওয়া যাইবে। শব্দই শব্দের পরিণতির অবস্থা জানে। তাই রামের মন যেন ধারাবাহিক ভাবে শব্দের অনুসরণ করিয়া সেই ইন্সজিং শব্দকে ধবিতে পাবিল।

রাম কুন্তক সাধন ঘারাই যোগান্তাস করিয়াছিলেন, তাই বাল্মীকি কুন্তিল শব্দে দেখাইলেন এই কুন্তক কিরুপ ? কুন্তকঃ (কুন্ত ইব কায়তি প্রকাশতে নিশ্চল হাং) কৈ +কঃ। যঘা কুন্ত + স্বার্থেকঃ। কুন্তের মত কায়াকে নিশ্চল করা। "দক্ষিণ হন্তেন নাসাপুট্নয়ং ধুমা প্রাণায়ামান্তং বায়ুন্তনুম্।" কুন্তক পুরকো রেচঃ প্রাণায়াম দ্বিলক্ষাণঃ।

প্রকং প্রণং বাদ্যোঃ কুশুকঃ স্থাপনং কচিং॥ বহিনিঃ সারণম্ তস্ত রেচকঃ পরিকীর্ভিতঃ॥ দক্ষিণে রেচয়েদ্ বায়ুংবামেন প্রিতোদরঃ। কুম্ভেন ধারয়েন্নিত্যং প্রাণায়ামং বিদুব্ধাঃ॥॥

স্বতরাং এই কুম্বক প্রক্রিয়া যোগের প্রধান অঙ্গ। যোগী এই কুম্বকে সফল হইলেই ইউন্নর্শন প্রাপ্ত হয়।

দ্রাবিংশ পরিচ্ছেদ

লক্ষণের শক্তিশেলে পতন

লক্ষ্মণ কর্ত্তক ইন্দ্রজিংবধসংবাদ প্রাপ্তে রাবণ অত্যস্ত শোকার্ত্ত . হইয়া বিলাপ করিতে করিতে মূর্চ্ছিত হইয়া পড়িল। পরে সংজ্ঞা লাভ করিয়া প্রতিহিংসা লইবার জন্ম সীতাকেই বধ করিতে মনন করিল এবং অদিহত্তে তদভিমুখে ধাবিত হইল। তথন তাহার মন্ত্রী স্থপার্থ রাবণকে কহিল "আপনি কি প্রকারে ধর্ম পরিত্যাগ করিয়া স্ত্রীবধ করিতে উগত হইয়াছেন? আপনি এই স্ত্রীকে পরিত্যাগ করিয়া আমাদিগের সহিত রণমধ্যে স্থেই রামের উপর কোপ প্রকাশ করুন। অত কৃষ্ণপক্ষের চতুর্দশী। অতএব অত সংগ্রামের আয়োজন করিয়া আগামীকলা অমাবস্থায় দেনাপরিবৃত হইয়া বিজয়ার্থ যাত্রা করিবেন। আপনি রামকে বধ করিয়া সীতাকে লাভ করিবেন।" তথন রাবণ তাহার কথা শুনিয়া সভামধ্যে প্রবেশ করিল। তংপরে অষ্ট অপ্রযোজিত ক্রতগামী রথে আরোহণ করিয়া যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া বানর সেনার সম্মুখীন হইল। তথন বানরগণকে বাবণ কর্তৃক যুদ্ধে বিদ্রাবিত হইতে দেখিয়া স্থাীব, স্বেণকে গুলাে স্থাপিত করতঃ যুদ্ধার্থ অগ্রদর হইয়া গজার্ট বিরূপাক্ষ নামক ঘোররব রাক্ষ্য কর্তৃক আক্রান্ত হইলে, তাহার ললাটের অস্থিতে তলাঘাত করিয়া তাহাকে নিহত করিল। তৎপরে মহোদর রাক্ষ্য রাবণ কর্ত্তক প্রেরিড হইয়া স্থগ্রীবকে

আক্রমণ করিলে, সে তাহাকেও বধ করিল। এইরূপে মহাপর্বতের শীর্ণ একদেশের তায়ে মহোদরকে ভূতলে পাতিত করিয়া বিজয়ী স্থগ্রীব তেজোদারা মার্ত্তিওর তায় শোভা পাইতে লাগিল।

> "মহোদরং তং বিনিপাত্য ভূমো মহাগিরে: কীর্ণমিবৈকদেশম্॥"

তথন (মহাবল মহাপার্ধ বানরসৈত আক্রমণ করিলে অঞ্চল যুদ্ধার্থ
অগ্রসর হইয়া তাহাকে নিহত করিল। বিরূপান্ধ, মহোদর ও
মহাপার্যকে নিহত হইতে দেখিয়া রাবণ যুদ্ধার্থ রাম লক্ষণের সমুখীন
হইল। তথন রাম ও লক্ষণ তাহার সহিত যুদ্ধে ব্যাপৃত হইলেন।
বহুক্ষণ যুদ্ধের পরও যথন রাবণ লক্ষণকে পরাজয় করিতে পারিল
না, তথন সে মহাক্রোধে লক্ষণকে লক্ষ্য করিয়া স্বীয়তেজে প্রদীপ্তা
অষ্ট্রন্টাসমন্থিতা মহাশ্রম্কাশক্রঘাতিনী অমোঘা ময়মায়া বিনির্মিতা
শক্তি নিক্ষেপ করিল।

"ইত্যেব মৃক্ত্বা তাং শক্তিমষ্ট্রণটাং মহাস্বনাম্। ময়েন মায়া বিহিতামমোঘং শক্ত্রঘাতিনীম্॥ লক্ষ্যায় সমৃদ্দিশ্য জলস্তমিব তেজসা। রাবণঃ প্রমক্রুদ্ধশ্চিক্ষেপ চ ননাদ চ॥"

তথন সেই শক্তি মহাবেগে মহাত্যতি লক্ষণের বিশাল বক্ষংস্থলে আপতিতা এবং নিমগ্না হইল। লক্ষণেও সেই শক্তির আঘাতে ভূপতিত হইলেন। তথন রাম, সেই ভয়াবহা শক্তি লক্ষণের দেহ ভেদ করিয়া ভূমিগর্ভে প্রবেশ করিতে উছাত দেখিয়া, ত্ই হস্তে তাহা ধারণ করিয়া আকর্ষণ করতঃ ভগ্ন করিলেন। তথন রাবণ রামকে আক্রমণ করিল। বাম রাবণের সহিত যুদ্ধ আরম্ভ করিলে, রাবণ প্রশীড়িত হইয়া বাত্যাতাড়িত মেঘের তায় পলায়ন করিল।

তথন রাম লক্ষণকে তদবন্ত দেখিয়া শোকার্ত হইয়া বিলাপ করিতে লাগিলেন। "হা শূর লক্ষণ! তোমা বিনা বিজয় লাভকেও প্রিয় মনে করি না। যথন লক্ষ্ণই নিহত হইয়াছে তথন আর যুদ্ধে প্রয়োজন কি? প্রাণেই বা প্রয়োজন কি? যুদ্ধের কর্ত্তব্য আর কিছই নাই। প্রতিদেশে কলত এবং বান্ধব পাওয়া যায় কিন্তু সহোদর ভ্রাতা প্রাপ্ত হওয়া যায়, এরপ দেশ দেখিতে পাই না। ্যথন লক্ষণই নাই তথন আমার রাজ্যে প্রয়োজন কি ? হে মহাবাহো। পর্বত অথবা কানন মধ্যে যখন আমি শোকার্ত্ত, বিষয়, বা প্রমত্ত হইতাম, তথন তুমিই আমাকে আখাদ দিতে।" রাম শোকে অধীর হইয়া যথন এইরূপ বিলাপ করিতেছেন, তথন স্তুহণ তাঁহাকে আশ্বন্ত করিয়া বলিল "লক্ষ্য প্রাণত্যাগ করেন নাই. কারণ ইহার বদনমণ্ডল বিক্লত, নিম্প্রভ এবং কালিমাময় হয় নাই; মৃতগণের এরূপ লক্ষণ দৃষ্ট হয় না। ঐ দেখুন ভূমিতলে নিদ্রায়[°] শিথিলান্ধ ব্যক্তির তায় ইহার হৃদ্য মৃত্যুতি কম্পমান হওয়াতে অন্তঃশ্বাস প্রকাশিত হইতেছে।" মহাপ্রাক্ত স্বযেণ তথন সমীপস্থিত হতুমানকে বলিলেন, "তুমি শীঘ্র এ স্থান হইতে প্রস্থান করিয়া জাম্বান তোমাকে যাহার কথা বলিয়াছিল সেই মহোদর গিরিতে গমন কর এবং সেই গিরিশিখরে বিশল্যকরণী, সঞ্জীবকরণী, गावर्गकद्रशी, ७ मुक्तानकद्रशी नाम य ठावरी छेषि चाह्न, जाहा আন্মন কর।" তথন হতুমান সেই পর্বতশিথরে যাইয়া ঔষধ চিনিতে না পারিয়া, ঔষধসহ সেই গিরিশিথর উৎপাটন করিয়া লকায় আগমন করিল। তথন স্বযেণ ঔষধ চুর্ণ করিয়া লক্ষণের নাসিকায় প্রদান করিলে শলাপীডিত লক্ষ্মণ সেই ঔষধির গল্পে বাথাবিহীন হইয়া ধরাতল হইতে উত্থিত হইলেন। তথন বাম

সৌমিত্রিকে আলিঙ্গন করিয়া বলিলেন, "হে বীর। আমি ভাগ্যবশেই তোমাকে মৃত্যু হইতে প্রাণ লাভ করিতে দেখিলাম। বিজয়লাভ, সীতা অথবা জীবনধারণ এই সমস্ত আমার কোন কার্য্যেই আসিতনা। কারণ তুমি হত হইলে বাঁচিয়া আমার কি ফল হইত ?" লক্ষণ রামের এতাদৃশ প্রতিজ্ঞাশৈখিল্যস্চক কাতর-কথা শুনিয়া ক্ষ্ম হইয়া বলিলেন, "হে সত্যপরাক্রম! পূর্বে তাদৃশ প্রতিজ্ঞা করিয়া অধুনা নিঃসার হ্র্বল ব্যক্তির ভায় এরপ কথা বলা আপনার উচিত নহে। সত্যবাদী ব্যক্তিগণ কথনই আপনার প্রতিজ্ঞার অভ্যথাচরণ করেন না। আপনি অভই বাবণকে বধ করিয়া আপন প্রতিজ্ঞা পালন কর্মন।"

ইতিহাসের দৃষ্টিতে লক্ষণের শক্তিশেলে পতনের বিবরণে আমরা কয়েকটা আপাতদৃশ্য বিসদৃশ ঘটনার উল্লেখ দেখিতে পাই। স্থেবণ হত্বমানকে জাস্থানের কথা উল্লেখ করিয়া ওয়ধগুলির নাম করিয়া মহোদর পর্বত হইতে আনিতে বলিল ইত্যাদি। স্থাবণ মহাপ্রাক্ত ছিল। পশুজাতিরও একটা য়াভাবিক জ্ঞান (Instinct) আছে, যাহার সাহায্যে তাহার শরীরের বিকার হইলে, বনজাত তৃণলতা পাতাদি ভক্ষণ করে। স্থগ্রীবের বানর মুথের মধ্যে এই স্থাবেই সেই বিষয়ে বিশেষ অভিক্ত ছিল। সে বয়সে প্রাচীন বশতঃ অনেক বানরকে মরিতে দেখিয়াছে, স্তরাং মৃত্যু হইলে প্রাণীর মুথের আয়তি বা শরীরের যে পরিবর্ত্তন হয় তাহা বিশেষরূপে লক্ষ্যু করিয়া তাহার একটা অহুমান জ্ঞান হইয়ছে। তাই রাম যথন লক্ষ্যণকে মৃত মনে করিয়া তাহার দেহ ক্রোড়ে লইয়া রোদন করিতেছিলেন, তথন স্থায়ে লক্ষ্যণকে পরীক্ষা করিয়া যথন বৃঝিতে পারিল যে লক্ষ্যণ মরে নাই তথন নিকটস্থ একটা

বক্ষের পত্র লইয়া তাহার হল্ডে মর্দ্দন করিয়া হন্তুমানকে ইঙ্গিত করিয়া বলিল, সেই গাছের পাতা তাহাকে আনিতে হইবে যাহার রং জাম্বানের গায়ের রংএর মত এবং সে জাম্বানের গায়ে হাত দিয়াই তাহা বুঝাইয়া দিয়াছিল। সে যে বুক্ষপত্র হত্তে মর্দ্দন করিতেছিল তাহার রং হরিৎ বর্ণ, আর যাহা তাহাকে আনিতে হইবে তাহা জাম্বানের গায়ের বং। জম্ব অর্থে জাম। সেইরূপ [']জামের মত রং যাহার সেই জাম্বান। আর স্থায়ে অর্থে করমর্দ্ধক। স্থাবেণ যথন হন্তুমানকে ঔষধ আনিবার ইঞ্চিত করিল তখন রামেরও মনে হইল হয়তো লক্ষ্য মরে নাই, কেননা এই পশু বানর, যখন জীবিত আছে মনে করিয়াই ওষধ আনিবার জন্ম হন্তমানকে পাঠাইল তথন অবশ্য তাহার কারণ আছে। তথন তিনি বিশেষ মনোযোগ সহকারে নিরীক্ষণ করিয়া দেখিতে পাইলেন লক্ষণের বদনমণ্ডল মৃতের আয় বিকৃত, নিশ্রভ এবং কালিমাময় হয় নাই, আর নিদ্রায় শিথিলাঙ্গ ব্যক্তির তায় তাঁহার হানয় মুত্মুত্ কম্পানা হওয়াতে অন্তঃশ্বাস প্রকাশিত হইতেছে। সেই ঔষধ চারিটীর নাম তাৎকালিক বনচারী ও পর্বতশৃঙ্গবাসী মুনিদের বিদিত ছিল। এখন আমরা শুধু বিশল্যকরণী লতার গুণের বিষয়ই অবগত হইয়াছি। আয়ুর্বেদ শাল্পে এ নামগুলি আছে কিনা তাহা ভেষজশাল্পজ্ঞগণ বলিতে পারেন। লক্ষণের বক্ষে রাবণনিক্ষিপ্ত শেল পতিত হইয়া লক্ষ্মণ ভূপতিত হইবামাত্রই, রাম সেই শেলের মধ্যস্থানে ভগ্ন করিয়া দিলেন পাছে, সেই ভারি শেল, দেহ বিদ্ধ করিয়া অপর পার্ষে निर्गठ इय। जारा रहेल प्रहेमित मूथ वा छिल रहेल त्वनी तक মোক্ষণ হইবার আশঙ্কা থাকে। আবার শেল যতক্ষণ বিদ্ধ অবস্থায় থাকে ততক্ষণ সেই ছিদ্ৰমুখ তাহা কৰ্ত্তক বন্ধ থাকাতে, বেশী রক্ত-

স্রাবও হইতে পারে না। তাহাই বিবেচনা করিয়া রাম সেই শেলটা উৎপাটন না কবিয়া তাহা ভাঙ্গিয়া তাহার গুরুত লাঘ্ব করিয়া দিলেন। সেই শেল লক্ষণের বক্ষের পার্শ্বের চর্মাই ভেদ করিয়াছিল। তাঁহার হৃদ্পিণ্ড ভেদ করিলে লক্ষ্মণ তৎক্ষণাৎ মৃত্যু-মুথে পতিত হইতেন। সংজ্ঞাশুর লক্ষণের মুথে সেই স্থায়েণের হস্তমর্দিত পত্রের রদ দিলে তাহা তাঁহার গলাধঃকরণ হইত না, তাই নাদিকারদ্ধে প্রবেশ করাইয়া দেওয়া হইয়াছিল। এইরপে সেই কার্য্যগুলি সৃষ্ণাটিত হইয়াছিল আর তাহাই যেন বানরের ভাষণে বান্মীকি প্রকাশ করিলেন। পক্ষান্তরে ইতিহাসের দৃষ্টিতে এই বানর-ভাষণ ও পর্বতশৃঙ্গ উৎপাটন-বিসদৃশ হইলেও বিষ্ণু অবতার রামের পক্ষে ও দেবতা জাত বানরের পক্ষে তাহা যে অসম্ভব নহে ইহা সরল বিশ্বাসী লোকেরী ধারণা। হতুমান বৃহৎ কায়ধারী, অতিবলশালী বানর ছিল, স্তরাং দে যে সেই পর্বত শৃদে যাইয়া অন্ধকারে পাতা চিনিতে না পারিয়া রাশীকৃত লতা বৃক্ষ উৎপাটন করিয়া আনিয়াছিল তাহাতেও আশ্চর্যান্বিত হইবার কিছু নাই। আমরা দেখিতে পাই মফ:স্বলের ক্রতগামী ডাকবাহীদের (mail runners) বল্লমের অগ্রভাগে ঘণ্টাদংলগ্ন থাকে, স্থভরাং রাবণের শেলও সেইরপ ঘণ্টা সমন্বিত ছিল। কিন্তু তাহার সংখ্যা অষ্ট কেন ?

এই অষ্ট সংখ্যা দারা বাল্মীকি যে অষ্ট্রধা প্রকৃতিরই নির্দেশ (mean) করিয়াছেন তাহাই আমরা দেখাইবার চেট্টা করিব। অষ্ট্রঘন্টাসমন্থিত শক্তিশেল অষ্ট্রধা প্রকৃতিরই শক্তি। "ময়েন মায়া বিহিতাং" শক্তিমন্ট্রঘন্টাং অর্থাং জ্রুতগতি সম্পন্ন মায়া বা প্রকৃতি দারা বিহিত। ময়তে = ক্রুতং গচ্ছতি। সেই শক্তি চালিত হইলেই তাহা

শেল হয়। শেল = চালংগত্যো। রামের উপর প্রকৃতির শক্তি চালিত না হইয়া তাহা লক্ষণের উপর হইল কেন? লক্ষণ যে রামের পৌরুষেরই প্রতীক তাহা বাল্মীকি আগাগোড়া সমস্ত রামায়ণের বর্ণনাতেই দেখাইয়াছেন। আমরাও তাহা বহুবার পাঠকের দৃষ্টি গোচর করাইয়াছি। এস্থানেও তাহা রামের মথেই উক্ত হইয়াছে। পৌরুষ পুরুষেরই প্রতিভ বা প্রতীক। পুরুষরূপ রাজার রাজশক্তি ্সম্পন্ন প্রতিভ বা প্রতিনিধি পৌরুষেরই প্রতীক লক্ষণ রামের পৌরুষ। প্রকৃতি তাহারই নিজ উপাদানে নির্দ্মিত দেহের গুণ বিপর্যায় দারা, দেহে আবদ্ধ দেহী পুরুষকে মুগ্ধ বা বিপর্যান্ত করিতে চেষ্টা করে। পুরুষও যথন নিজকে দেহের সহিত তদাত্মা-ভাবে দেখে, তথন প্রকৃতির সেই দেহস্থ গুণ বিপর্যায়ে দেহ অভিভৃত হইলে সে নিজেকেও দেহস্বরূপ মনে করিয়াই যেন অভিভূত হয়। তথন তাহার নিজের শক্তিরূপ পৌরুষও যেন আচ্চন্ন হইয়া থাকে। যথন পুরুষের ইচ্ছা হয় নিজকে প্রকৃতির দেই বেডাজাল হইতে মুক্ত করিবার জন্ম, তথনই তাহার পৌরুষও মেঘমুক্ত সূর্য্যের ন্যায় আত্মপ্রকাশ করে। সেই স্বপ্রকাশিত পৌরুষই লক্ষণরূপে রামকে इक्कि वर्ष ममर्थ कतियाष्ट्रिण। इंटा शर्व्य प्रथान ट्रियारह। স্বতরাং প্রকৃতি যথন দেখিল রামের দেহস্থ পুরুষ মৃক্ত হইবার চেষ্টা করিতেছে—তাহার পৌরুষরূপ বিক্রম প্রকাশ করিয়া, তথন সে নিজ বিক্রমে বা শক্তিতে সেই পরুষের বিক্রমকেই আক্রমণ করিয়া অভিভূত করিবার চেষ্টা করিল—তাহার অষ্টবিকার রূপ অষ্টশক্তি দারা যেন অষ্টদন্টারূপ রণভেরির বাল করিয়া। আর মেই সমন্ত বিকারই সমষ্টিরূপে চালিত হইল শেলরূপে। তাহাদের গতিরই মূর্ত্ত প্রতীক দেই শেল, কেননা শেলের অর্থ চলন বা

গতি করণ। প্রকৃতির অষ্টশক্তির গতির মূর্ত্ত প্রতীক শেল, রামের পৌরুষের মূর্ত্ত প্রতীক লক্ষণকে আক্রমণ করিয়া তাহার বক্ষবিদ্ধ করিল যেখানে সেই হদিন্থিত পুরুষ আছে-মাহা হইতে সেই পৌরুষরপ শক্তি নিঃস্ত হইয়াছে। প্রকৃতি জড় স্থতরাং মূলে অচল। রব বা শব্দ, বায়ুর সাহায়ে যেন চলচ্ছক্তিসম্পন্ন। বায়ু ও শব্দ তাহার (প্রকৃতির) পাঞ্চতৌতিক বিকারের অন্তর্গত। এই বিকারও আবার পুরুষের চিংশক্তিতেই তাহাতে উদ্রিক্ত হইয়াছে। স্থতরাং দেই চলচ্ছক্তিসম্পন্ন রব বা শব্দও বায়ুকেই আশ্রয় করিয়া গতিশীল হইয়া যেন পুরুষকেই আক্রমণ করিল। রাজশক্তিসম্পন্ন রাজার প্রতিভূ (Viceroy) কে আক্রমণ করিলে রাজাকেই আক্রমণ করা হয়। এই শক্তিসম্পন্ন বায়ু ও শব্দ, প্রকৃতির বিকার জাত শব্দ স্পৰ্শ ৰূপ এই তিন তন্মাত্ৰ হইতে উদ্ভূত আকাশ, বায় ও তেজ—যেন প্রকৃতিরই সন্ততি। এই প্রকৃতি কর্ত্তক পুরুষকে আক্রমণ—যেন গৃহত্যাগোন্মথ পুরুষকে, তাহার সন্তান সন্ততিরা তাহাদের নিজ নিজ ক্ষুদ্র ক্ষুদ্র মমতারূপ অন্তবারা নির্ভ করিতে অসমর্থ হইলে, আসিলেন তাহাদের গর্ভধারিণী তাঁহার সন্তান সন্ততির হত্তে ধৃতা হইয়া, তাঁহার নিজ্পুণে মোহিত করিয়া তাহার (পুরুষের) সম্বল্পচাতি সাধন করিতে—তাঁহার পরিপূর্ণ মমতার দার উদ্ঘাটন করিয়া। এই পুরুষের ভায় রামও যথন দেহরূপ গুহের মমতা ত্যাগ করিয়া আত্মদর্শনেচ্ছায় প্রকৃতিজ্ঞাত দেহের সমস্ত আকর্ষণ হইতে বিমুক্ত হইবার জন্ম কঠোর সাধনা করিতেছেন. তখন সেই সমস্ত আকর্ষণই সমষ্টিরূপে তাহাদের সমষ্টিশক্তির প্রয়োগে তাঁহাকে অভিভৃত করিয়া শেলের গ্রায়ই তাঁহাকে বিদ্ধ করিল। সেই শেল রাম ভগ্ন করিলেন, তাহাকে সমূলে উত্তোলন করিতে পারিলেন না। অর্থাং সেই শেল ভঙ্গ হওয়াতে তাহার গুরুত্ব বা ভার অনেকটা লাঘব হওয়াতে যেন সেই সমষ্টি শক্তির বলও অনেকটা লাঘব হইল। রাম যদি তাহা একবারে উত্তোলন করিয়া তাহাকে দূরে নিক্ষেপ করিতে পারিতেন তাহা হইলে সেই সমষ্টিশক্তিরূপ যোগ বিদ্নের হস্ত হইতে চিরতরে নিজকে মৃক্ত করিয়া স্বাধীন হইয়া নিজ অভীপ্ত দিদ্ধ করিতে সমর্থ হইতেন। কিন্তু তথনও তাঁহার সাধনার সিদ্ধি পূর্ণমাত্রা প্রাপ্ত হয় নাই। তাই যোগ ভঙ্গ হইল এবং তিনি করমর্দন করিয়াই আবার বাহাজগতের জ্ঞানে লিপ্ত হইলেন, যেমন নিদ্রোথিত ব্যক্তি করমন্দন করিয়া পূর্ণ জ্ঞাপরিত হয়। আর যোগীরাও যোগভঙ্গ হইলে এইরূপ করমন্দনে যেন নিল্লা হইতে জ্ঞাগরিত হয়। ইহাই স্বেধণ রূপে দেখান ইইয়াছে।

রামের এই যোগাচরণের প্রণালিটী, বাল্মীকি কিরুপ রচনাচাতুর্য্যে প্রচ্ছন্নভাবে রূপকে বর্ণনা করিয়াছেন তাহা বিশেষ স্কুঠবা। স্থানীর স্বেশকে গুলো স্থাপিত করিলেন। গুলা অর্থে উদরক্ষীতি। উদরের নিম্নভাগ অপেক্ষাক্বত ক্ষীত হওষাতে তাহা গুলাকার। অর্থাৎ রাম গ্রীবা আড়ন্ট করিয়া উদরের নিম্নখানে ছই কর যেন করমর্দনের মতই বিগ্রস্ত করিলে। তারপর সে মহোদর রাক্ষ্যকে বধ করিল। অর্থাৎ বাহির হইতে বায়ু সংগ্রহ করিলে উদরের যে ক্ষীতি হয় ভাহাই মহোদর। সেই ক্ষীতি বশতঃ যে অস্বন্তি হয় ভাই যেন স্থাবীবাতে মন নিবেশ করিলে সেই অস্বন্তি দ্র হয়। ভাই যেন স্থাবীবা মহোদরের জ্রমধ্যস্থাকে তৃতীয় জ্যোতির্ময় আঁথি বা অক্ষিথাকাতে তাঁহার নাম বিরূপাক্ষ। স্থতরাং জ্রমধ্যস্থ জ্যোতিরই প্রভীক বিরূপাক্ষ। গ্রীবা সোজা করিয়া প্রক বায়ু গ্রহণের পর

এই জমধ্যে জ্যোতির আবির্ভাব হয়। তাহা প্রাক্বত চক্ষু হইতে অন্তর্বিভাদিত জ্যোতি। তাহাকে তিরোহিত করিতে না পরিলে নীচের দিকে হাদয়স্থানে মনের গতি হয় না। ইহাই যেন স্থগ্রীব কর্ত্তক বিরূপাক্ষ বধ। তাহার পর অঙ্গদ, মহাপার্য নামক রাক্ষসকে বধ করিল। যোগাদনে সরলভাবে বদিলে ছুই পার্মের কোমর ও ও দেহের ছুই পার্য যেন আড়ুষ্ট হইয়াই তাহাতে অস্বস্তি উৎপন্ন করে। তথন সেই অঙ্গকেই একবার সঞ্চালন করিয়া সেই আড়প্টতা দুর করিয়া সেই অম্বন্ডিরও নিরাকরণ করিতে হয়। অঙ্গদ—অঙ্গং দৃদাতি চেষ্টয়তি অঙ্গং। অঙ্গের চেষ্টা করিয়া তাহাকে কার্যাকরী করার প্রতীকই অঙ্গদ = অঙ্গ + দা + ক। রাম যথন উক্ত প্রকার সমস্ত যোগের বাহাঙ্গ গুলি সাধন করিলেন অর্থাং গ্রীবা সোজা করিয়া নাভির নীচে করম্বয় বিক্তস্ত করিয়া উদরের রুদ্ধ বায়কে স্থির করিয়া, জ্রমধ্যস্থ জ্যোতিকে স্থানচ্যত করিয়া, অঙ্গদঞ্চালন দ্বারা তজ্জনিত অস্বস্থি দুর করিয়া, মনকে হৃদয় স্থানের দিকে সন্নিবেশিত করিতে চেষ্টা করিলেন তথন আবিভতি হইল সেই অন্তস্থিত রাবরূপ রাবণ। রাম পৌরুষ সহকারে তাহাকে মনের শ্রবণ হইতে তিরোহিত করিবার আপ্রাণ ্চেষ্টা করিতে লাগিলেন। তথন দেই একটা ঘণ্টার রব অষ্টঘন্টার ঘোর উচ্চরবে বর্দ্ধিত হইয়া রামকে বিধ্বস্ত করিল—যেন সমস্ত প্রকৃতি তাহার বৃহৎ রব লইয়া আক্রমণ করিল। রাম দেই রব শুনিতে শুনিতে অজ্ঞান হইলেন, তাঁহার মনও যেন লুপ্ত হইল। তথন ক্রমে <u>গেই অজ্ঞানতা আন্তে আন্তে অপকৃত হইতে আরম্ভ করিলে, তিনি</u> করমর্দ্দনে জাগ্রত হইলে তাঁহার মন পুনরায় দেই হত্নযুক্ত নাসিকা পুট দৃষ্টি করিল। রাম সেই নাসাপুট দৃষ্টি করিয়াই তাঁহার মনকে হত্বযুক্ত (হতুমান) করিয়া অভ্যন্তরে চালিত করিয়াছিলেন যেন

হতুমান ঔষধ আনিতে গিয়াছিল এবং ঔষধ চিনিতে অসমর্থ হইয়া রাশীকত লতা রূপ অন্ধকার রাশি লইয়া আসিল অর্থাং সেই বক্ষাভান্তরে প্রবেশ করিয়া যাহা অন্বেষণ করিতে গিয়াছিল তাহা না পাইয়া ফিরিয়া আদিল। তাহার প্রত্যাবর্তনের পরেই রাম জাগরিত হইলেন। অর্থাং হনুযুক্ত মন অভ্যন্তর রূপ পর্বতশিপরে যাইয়া আবার হনুতেই ফিরিয়া আসিল। রামের পৌরুষ ক্ষণতরে বিধ্বস্ত হুইয়া আবার পুনরুদীপিত হইয়া লক্ষণরূপে তাঁহাকে সোৎসাহ করিল। রাম ·পৌক্ষের এইরূপ প্রাজ্যে হতাশ হইয়া হতোংসাহ হইয়া বলিয়াছিলেন যে, যে পৌরুষ বলে তিনি দাধন করিবেন সেই পৌরুষ যথন রবকে দমন করিতে সমর্থ হইল না তথন তাহার আর সাধনায় কোনও ফলোদয় হইবে না। তাই বলিয়াছিলেন যথন লক্ষণই নাই তথন আর আমার যুদ্ধের প্রয়োজন নাই। তথন হতাখাস রামের মনে স্কটলভের রাজা রবার্ট ক্রমের (Robert Bruce) তায় नुश्रशाय পोक्रायत व्याविकारवर छेश्मार मकात रहेन, जारे नन्द्रभ বলিয়াছিল, "আপনি প্রতিজ্ঞা ভ্রষ্ট হইবেন না। দিওণ উৎসাহে রাবণকে বধ করিতে অগ্রসর হউন।"

ত্রহোবিংশ পরিচ্ছেদ

রাবণ বধ

লক্ষণের সেই বীর্য্যোদ্দীপক বাকো রাম প্রবৃদ্ধ হইয়া রণক্ষেত্রে বর্ত্তমান রাবণের সহিত পুনরায় যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন। তথন আকাশস্থিত ইন্দ্র রামকে ভমিতলে ও রাবণকে রথোপরি অবস্থিত হুইয়া যুদ্ধ করিতে দেখিয়া, সার্থি মাতলিকে বলিলেন "মাতলে! শীঘ্র আমার রথ লইয়া রামের নিকট যাও এবং তাহাকে রথে স্থাপন করিয়া তাঁহার সাহায্য কর। তথন মাতলি রথ লইয়া রাম স্কাশে উপস্থিত হইয়া ইন্দ্রের অভিপ্রায় জানাইলে রাম সেই রথে আরোহণ করিয়া রাবণের সহিত যুদ্ধে প্রবুত হইলেন। রামের শরাঘাতে রাবণ হতচেতন হইয়া পতিত হইলে রাম আর কোনরূপ বিক্রম প্রকাশ করিলেন না। তথন রাবণের সার্থি রথ লইয়া প্রস্থান করিল: রাবণ চেতনা লাভ করিয়া সার্থিকে ভংসনা করিলে সে পুনরায় রথ ফিরাইয়া আনিল। তথন রাবণ আবার রামের সহিত যুদ্ধে ব্যাপুত হইল। তথন দেবগণের সহিত যুদ্ধ দেখিবার জন্ম আগত ভগবান অগন্ত্য রামচন্দ্রকে যুদ্ধে ক্লান্ত ও চিস্তাযুক্ত দেখিয়া ও রাবণকে যুদ্ধার্থ সম্মথে অবস্থিত দেখিয়া রামের সমীপে আসিয়া কহিলেন "হে মহা বাহো রাম। যদ্ধার। তুমি এই সমস্ত শক্রতে বিনাশ করিতে সমর্থ হইবে, আমি তোমাকে দেইরূপ একটা গোপনীয় স্তব বলিতেছি। রাম তুমি শত্রু বিনাশন অক্ষয় ও পরম মঙ্গলকর গুহু সনাতন আদিত্য ্জদয় নামক স্তব প্রবণ কর।

"দেবতৈক সমাগম্য ক্রষ্টুমভাগতো রণম্। উপগম্যাব্রবী স্থাম্মণস্থো ভগবাং স্থান ॥ রাম রাম মহাবাহো শৃত্ব স্থহং সনাতনম্। যেন সর্বানরীন্ বংস সমরে বিজ্ঞ্জিসে॥ আদিত্যহাদয়ং পুণাং সর্বশক্রবিনাশনম্। জ্ঞাবহং জ্বং নিত্যমক্ষ্ম প্রমং শিবং॥"

এই দীর্ঘন্তব পাঠক মূল রামায়ণ পাঠে অবগত হইবেন। বাহুল্যভয়ে , আমরা মাত্র প্রয়োজনীয় অংশ ও তাহার অমুবাদ উদ্ধৃত করিলাম। এই নিতা, অক্ষয়, পরম শুভ, সর্বাশক্র বিনাশন জয়দাত সর্বায়ন্ত্রল मक्रलमायक, मर्क्यभाभ विनागक, ििखारगाक প্রশমনকারী, আয়ুবর্দ্ধন আদিতা হাদয় জপ কিরপ ? ইহা দেবাস্থর নমস্কৃতং। "পজয়ন্ত বিবস্বন্তং ভাস্করং ভূবনেশ্বরম।" ভূবনেশ্বর ভাস্করকে আরধনা কর। এই দৃশ্যমান দেব ভাস্কর অতুল ঐশ্বর্য্য সম্পন্ন সমন্ত দেবের আত্মাস্বরূপ এবং দর্ব্ব দেবাস্থরের নমস্কত। দমন্ত দেবাস্থর ও দমন্ত লোকের পালন কর্ত্তা ব্রহ্মা, বিষ্ণু, শিব, স্কন্দ, প্রজাপতি।" সর্বাদেবাত্মক এষ দেবাস্থরগণান লোকান পাতি গভন্তিভি:। এষ ব্রহ্মা চ विष्णुक निवः ऋनः প্রজাপতি:।" ইনিই মহেল ধনদকুবের, কাল, যম, সোম, অপাংপতি বরুণ, পিতৃগণ, বস্থগণ, সাধ্যগণ, অশ্বিনীকুমার ঘ্য মকত, মহু, বায়ু, বহিং, প্রজা, প্রাণ, ঋতুকর্তা, প্রভাকর আদিতা সবিতা, সূর্য্য, থগ, পৃষা, হিরণ্যগর্ভ, আকাশের স্বষ্টিকর্তা ব্যোমনাথ ঝগ, যজু: দাম বেদের প্রতিপাদ্য "দামপারগ", দর্ককার্য্যের উৎপত্তি হেতু জন্ম সর্বভাবোদ্ভব: সমস্ত বিশ্ব পালন করার জন্ম বিশ্বভাবন:" তেজ সকলের চিনায় তেজস্বরূপ "তেজসামপি তেজস্বী সৃষ্টি কর্ত্তা ব্রহ্মা, পালনকর্ত্তা বিষ্ণু এবং সংহারকর্ত্তা ঈশানকে স্বস্ব কার্য্যে প্রবর্ত্তিত করেন জন্ত "ব্রক্ষেশানাচ্যতেশঃ।" এইরূপে সেই আদিত্য হৃদয়ের স্বরূপ বর্ণনা করিয়া অগন্তা ঋষি রামকে বলিলেন "রাম! তুমি একাগ্র হইয়া দেবদেব জগৎ পতিকে এই মন্ত্রে তিনবার জপ করিয়া আরাধনা করিলেই যুদ্ধে জয়লাভ করিবে।

> "পূজ্য়সৈনমেকাগ্রো দেবদেবং জগংপতিম্। এতত্ত্তিগুণিতং জপ্ত্যা যুদ্ধের্ বিজয়িয়তি। অস্মিন্ কণে মহাবাহো রাবণং তং জহিয়সি॥"

ষ্পপন্ত্য ঋষির নিকট এই রূপ শুনিয়া রাম প্রীতভাবে, সংযত আত্মবান্চিত্ত হইয়া নিজেকে ধারণা করিলেন। "ধারয়ামাস স্থপ্রীতো রাঘবঃ প্রযতাত্মবান্॥" পরে চিত্তশুদ্ধি করিয়া আদিত্যের দিকে নিরীক্ষণ করিয়া এই আদিত্য হৃদয় মন্ত্র তিনবার জপ করিলেন এবং হাইচিত্তে রাবণকে সন্মুখে দেখিয়া যুদ্ধের জন্য উত্যোগী হইলেন।

বাম, বাবণের সহিত ঘোরতর তুম্ল যুদ্ধ করিতে করিতে বাবণের মৃত্ত কাটিয়া ফেলিলেন। কিন্তু তংপরক্ষণেই সেইরপ আর একটা মৃত্ত উঠিয়া বাবণের স্বন্ধে ঘোজিত ইইল। এইরপ একশত মৃত্ত ছেদন হইল, তথাপি বাবণের প্রাণান্ত হইল না। এইরপে পুনরায় আকাশ, ভূমি এবং কথন বা পর্কাত শৃদ্ধের উপরিভাগে সেই তুই কামচারী বিথিপ্রবরের তুম্ল ও রোমহর্ষণ সংগ্রাম আরম্ভ হইল। সেই যুদ্ধ দেখিতে দেবতাদিগের সর্করাত্র অভিবাহিত হইল।

"তংপ্রবৃত্তং মহাযুদ্ধং তুম্নং রোমহর্ষণং।
অন্তরীক্ষে চ ভূমোচ পুনশ্চ গিরিমুদ্ধিনি॥
পশুতাং তত্মহদ্যুদ্ধং সর্বরাত্রমবর্ত্তত।
নৈবরাত্রিং ন দিবসং ন মুহূর্তং ন চ ক্ষণম্॥
ইহার মধ্যে রাত্রি, দিন, মুহূর্ত্ত অথবা ক্ষণকালের জ্ঞাও সেই যুদ্ধের

বিরাম হইল না। পরে মাতলি, রামের শ্বরণার্থ কহিলেন—"হে বীর! আপনি অনভিজ্ঞ ব্যক্তির ন্যায় এ কি করিতেছেন। আপনি রাবণের বধের জন্ম ব্রহ্মান্ত নিক্ষেপ করুন।" মাতলির বাকো, তিনি (রাম) পূর্বের মহযি অগন্তা তাঁহাকে যে অবার্থ ব্রহ্মান্ত শব প্রদান করিয়াছিলেন, তাহাই তাঁহার শ্বরণ হইল এবং সেই প্রদীপ্ত বাণই গ্রহণ করিলেন। পিতামহ ব্রহ্মা সেই অন্তা নির্মাণ করিয়া ইন্দ্রকে দিয়াছিলেন। সেই অন্তের বেগে পবন, ফলায় অগ্নি ও স্থ্য, সর্বাদে আকাশময়। সেই ব্রহ্মান্ত পৃথিব্যাদি পঞ্ভূতের তেজোদ্বারা নির্মিত।

"যন্ত রাজেধু পবনঃ ফলে পাবক ভাস্করী। শরীরমাকাশময়ং গৌরবে মেরুমন্দরৌ॥ তেজদা দর্বভূতানাং ক্বতং ভাস্করবর্চসম॥"

রাম বেদবিহিত মস্ত্রে অভিমন্ত্রিত করিয়া, সেই উত্তম বাণ ধ্সুতে যোজনা করিয়া সন্ধান করিলেন। সেই বাণ রাম কর্তৃক নিক্ষিপ্ত হইয়া রাবণের হৃদয় বিদারণ করিয়া, পুনরায় রামের তুণের মধ্যে ফিরিয়া আসিল। সেই অস্ত্রাঘাতে রাবণের প্রাণবায়ু বহির্গত হইল। এতক্ষণে রাবণ বধ হইল। লক্ষাযুদ্ধও শেষ্ ইইল।

ঐতিহাসিক রামের উপাথানে, এই ইন্দ্র কর্তৃক মাতলি সারথি দারা বিমানগামী রথ রামের সাহাযাাথে প্রেরণ ও শরের রাবণ-বধান্তে পুনরায় রামের তৃণমধ্যে প্রত্যাগমন ইত্যাদি অলৌকিক ঘটনাবলী সত্য হইলে আর এই উপাথ্যানের কোনও ঐতিহাসিক মূল্য থাকে না। ইহা এক বিষ্ণুঅবতার রামের উপাথ্যানেই স্থান পাইতে পারে। কিন্তু ইহাতে বাল্মীকির কি উদ্দেশ অন্তনিহিত আছে তাহাই অশ্বেষণের প্রয়োজন। মাতলি শব্দের অর্থ কি ?

মতং লাতীতি = মতল---মত + লা + ক = মতলস্থা অপতাং। যথা মহাভারতে "মতন্ত্রিলোক-রাজস্ত মাতলি নাম সারথিঃ।" ত্রিলোক-রাজ ইন্দ্রের মতই মাতলি নামক সার্থি। ইন্দ্র শব্দের অর্থ কি ? ইল্র—ইন্তি ইতি। ইদি পর্মেখর্যো তত্মাৎ রণ।= দেবরাজ: পরমেশ্বর:। ইতি বেদাস্ত:। "ইব্রু মায়াভি: পুরুরূপ ইয়তে" ইতি শ্রুতি। শ্রেষ্ঠ, প্রথম। যাহার পরম ঐশ্র্যা আছে, সেই পরমেশ্র। ইন্দ্র হইতে ইন্দ্রিয় শব্দ উৎপন্ন। ইন্দ্রিয়ং = ইন্দ্রপ্রাত্মনালিঞ্চমকুমা-প্রক্ম। যাহা দারা ইন্দ্র বা আত্মা প্রকাশ হয়। জীবমাত্রেরই দেহে আতা আছে, আর সেই দেহত যে সমস্ত লক্ষণ দারা বা যাহার সাহাযো আত্মার কার্যা প্রকাশ হয়, তাহারাই ইন্দ্রিয়। স্থতরাং ইন্দ্র অর্থে আত্মাই। মতল, ইন্দের মত কিরূপে হইল ? লঃ— লাতীতি লা+অচ=ইন্দ্র:। স্বতরাং মতল শব্দের অর্থ ইন্দের মত আর তাহারই অপতা ইন্দ্রদার্থি মাতলি। কাহারও মত তাহার মনের সাহায্যে বা মনরূপ রথেই যেন আরোহণ করিয়া চলাচল করে—সেই মতরূপ সার্থি কর্ত্তক নিয়ন্ত্রিত হইয়া। তাহা ছইলে আত্মারপ ইন্দ্র, তাঁহার মতরপ সার্থি সহ তাঁহার মন্রপ্রথই রামের নিকট পাঠাইলেন। আত্মা দর্বব্রই এক। স্থতরাং রামেরই আত্মা, তাঁহার মত্সহ তাঁহার মনকে পাঠাইলেন রামের নিকট। রামের মন দেহ পরিমাণ জ্ঞানে সীমাবদ্ধ ছিল। স্থতরাং ভূমিতল রূপ আশ্রয় ছাড়িয়া যথন দেহ শূতো উঠিতে পারেনা, তথন রামও তাঁহার দেহ লইয়া শৃত্তে উঠিতে পারেন না। পক্ষান্তরে রাবণ-শব্দের প্রতীক হওয়াতে শব্দ সুক্ষ বিধায় সর্বস্থানেই ব্যাপ্ত হইতে পারে। কিন্তু সেই দেহ যথন আত্মার মনরূপী রথে উঠিল তথন দেহজ্ঞানও তিরোহিত হইয়া গুধু রহিল মন। আত্মার দেহ নাই,

স্কতরাং তাহার সর্বব্যাপিত্ব বশতঃ, তাহার মনও সর্বব্যাপী। আর সেই আত্মার মতেই তাহার মন চালিত হইতেছে। মন তথন আত্মময় হইয়াছে। এই আত্মময় মনই কথনও অন্তরীক্ষে, কথন ভূমিতলে, কথনও পর্বত শিথরে সেই স্ক্রণামী রব শুনিতে শুনিতে তাহার অন্নস্থাক বিতেছে।

> "তৎপ্রবৃত্তং মহদ্যুদ্ধং তুমুলং রোমহর্ষণম্। অন্তরীক্ষে চ ভূমোচ পুনশ্চ গিরিমুর্দ্ধনি॥"

রাম তথন মাত্র আত্মার উপলব্ধি করিয়াছেন, যেন আত্মাই তাঁহাকে প্রেরণা দিতেছে। কিন্তু তাঁহার আত্মস্বরূপ সিদ্ধ হয় নাই। আত্ম-স্বরূপ সিদ্ধ হইলে মনের লয়েই তাহা হয়। আত্মস্বরূপ সিদ্ধি অপরোক্ষ অমুভতিতে হয়। ঐ রাবণ রূপ শব্দ কথনও আদিতেছে কথনও যাইতেছে। কথনও যেন ভূমিতলে কথন পর্বত শিথরে কথনও আবার শুন্তেই যেন তাহা শ্রুত হইতেছে। কেননা দশানন বা দশদিক হইতে উথিত শব্দ স্ক্রিব্যাপী। তাই রামের মন তাহা স্থির নিশ্চয় করিতে না পারিয়া তাহাকে বধ বা লয় করিবার জন্ম সর্বত্র তাহার অনুসরণ করিতেছে। এই আত্মার সম্বন্ধে উপলব্ধি রামের কথন উদিত হইল ? যথন কিছুতেই রাবণ বধ করিতে পারিতেছেন না—অর্থাং শব্দকে লয় করিতে পারিতেছেন না। তাঁহার মন যথন শ্রবণ শক্তিতেই নিবদ্ধ, তথন তাঁহার স্মরণ হইল সেই ব্রহ্মবিদ গুরুর উপদেশ—কিরপে ব্রহ্ম উপলব্ধি হইতে পারে। অর্থাং আত্মাতেই মন লয় করিয়া, নিজ দেহস্থিত প্রত্যুগ আত্মার উপলব্ধি হইলেই সেই প্রতাগ্ আত্মাই যেন ব্রন্ধের শর হয়, আর সেই শররূপী আ্যাই শর হইয়া পর্মাত্মা রূপ তাহার নিজ ম্বরূপে যাইয়া তাঁহাতে মিশাইয়া যায়, অর্থাৎ পুরে বদ্ধ আত্মারূপ

পুরুষ তাহার পুর ভগ্ন করিয়া সর্বত্ত ব্যাপ্ত হয়, যেমন কলসির অভ্যন্তরস্থ শৃত্ত আকাশ কলসিভঙ্গে সর্বব্যাপী শৃত্ত আকাশেই মিশিয়া যায়। এই প্রত্যাগ আত্মাই যেন আদিত্য আর তাহার হৃদয়ে বা অভ্যন্তরে যে মণ্ডলাধিষ্ঠিত আদিতোর জ্যোতি প্রদাতা ভর্গ। তাহাই সর্বব্যাপী আত্মা। তাহার জ্যোতিতেই সমন্ত জ্যোতিছ মণ্ডল বিভাতিত। প্রত্যাপ আত্মাকে সেই আদিতোর মতই অমূভব করিতে হয়। আদিতা যেমন তাহার জ্যোতি দারাই মনকে আরুষ্ট করে. তেমনই এই দেহস্থ আত্মা তাঁহার জ্যোতি দারাই প্রথমে মনকে আকর্ষণ করে। তাই জ্যোতি বিকীর্ণকারী দেহস্থ আত্মাই দেহের হৃদযুত্ত আদিতা বা আদিতা-হৃদয়। আর আদিতা হৃদয়ের যাহা ন্তব অগন্তা ঋষি রামকে জপ করিতে বলিলেন তাহা সেই আদিতারূপ হৃদয়স্থ আত্মারই পরমাত্মারূপে মহিমা প্রকাশক। এই উপদেশই অগন্তা ঋষি রামকে পর্কে তাঁহার আশ্রমে দিয়া, বলিয়াছিলেন সেই জ্যোতিরপিণী সীতাতে মন সতত রত রাখিবে। এখন রামের দেই গুরু অগজ্যের দেই উপদেশ মনে হইল, তাই যেন দেই গুরুই তাঁহার মনে উদিত হইলেন। ইহাই অগস্তাঋষির দেবগণের সহিত রামকে উৎসাহিত করিবার জন্ম শূন্মপথে আগমনের তাৎপর্যা। প্রকৃত পক্ষে দেহধারী অগন্তা যে, তন্মহর্ত্তে তথাতে আদিয়াছিলেন, তাহা সম্ভব নয়। কেননা দেহধারী লোক শুলু পথে গমনাগমন করিতে পারে না। বিদেহ অগস্তাই রামের মনে উদিত হইয়াছিলেন। রাম প্রথমে ভাস্কর আদিত্যের স্তব করিতে করিতে তন্ময় হইয়া সেই আদিতামগুলাধিষ্ঠিত পুরুষেরই স্বরূপ উপলব্ধি করিবার জন্ম চেষ্টা করিতেছেন। সেই পুরুষ কিরুপ ? ঋগু বেদের সূর্য্যের স্তোত্তের একটা স্থকে আছে:--

"হংস শুচিষদ্বস্থরস্করিক্ষসদ্ হোতা বেদিষদতিথি ত্রোণসং

নুষদ্ববৰ্দানত্ৰদ্বোমসদ্বজা গোজাঃ ঋতজা অদ্ৰিজা ঋতং বৃহৎ ॥" কঠোপনিষদে এই ঋগবেদের মন্ত্রটী উদ্ধৃত করিয়া যেন যম কর্তৃক নচিকেতাকে আত্মার স্বরূপ বুঝান হইতেছ। শঙ্কর ভায়ে ইহার এইরূপ অর্থ দেওয়া হইয়াছে—আত্মার সর্বশরীরে তুল্যরূপে ব্যাপ্তি বশতঃ, সমস্ত বস্তুর সহিত সম্বন্ধ বলিয়া প্রমাত্মা ও সূর্য্য উভয়েই হংস পদবাচ্য অর্থাৎ তিনি সর্বত্ত হনন (গমন) করেন বলিয়া হংস। স্বর্গরূপ শুচি প্রদেশে বাস করেন বলিয়া শুচিষং সর্বলোকের স্থিতি সাধক বলিয়া বস্তু; বায়ু রূপে অন্তরীক্ষে বিচরণ করেন বলিয়া অন্তরিক্ষদং। শ্রুতিতে যে অগ্নিকে হোতা বলা হইয়াছে, সেই অগ্নিরূপে হোতা, পৃথিবীরূপে যজ্ঞ বেদীতে অবস্থান করেন বলিয়া বেদিষৎ; অতিথিরপে অর্থাৎ সোমরসরপে ত্রোণে (কলসে) বাস করেন বলিয়া অতিথি ও হুরোণসং; নূতে (মহুয়ে) অবস্থান করেন বলিয়া নৃষৎ; সমস্ত শ্রেষ্ঠ পদার্থে অবস্থান করেন বলিয়া বরসং; শঙ্খও মংস্থাদি রূপে জলে জন্মধারণ করেন বলিয়া অব্জা; গোরপা পৃথিবীতে জন্মগ্রহণ করেন বলিয়া গোজা; ঋত অর্থ সত্য —অবশুভাবী কর্মফল, তাহাতে প্রকটিত হন বলিয়া ঋতজা; এবং পর্বতে প্রকাশ পান বলিয়া অদ্রিজা; আর তিনি স্বয়ং সতাস্বরূপ এবং মহং। আবার বলিয়াছেন "অণোরণীয়ান মহতো মহীয়ান আত্মাহস্ত জন্তো নিহিতো গুহায়াং॥" এই আত্মা পরমাণু অপেক্ষাও অতিশয় সূক্ষ্ম, এবং আকাশাদি মহৎ পদার্থ অপেক্ষাও অতিশয় মহান। তাই তিনি মন্থয় দেহ বা প্রাণিগণের হৃদয় গুহায় নিহিত আছেন। "তমক্রতঃ পশুতি বীতশোকে। ধাতু প্রসাদারহিমান মাজুন: ॥" নিষ্কাম ব্যক্তি শোকরহিত হইয়া মন প্রভৃতি ধাতুর (ইন্দ্রিয়ের) প্রসন্মতা লাভ করেন, তাহার ফলে আত্মার সেই মহিমা সাক্ষাৎকার করেন।

এই আদিতাই জ্যোতি রূপে, রাম নিজ হৃদয়ে পূর্বে দেখিয়া-ছিলেন। তাহাই আবার দেখিবার জন্ম, তাহারই ধান করিতে করিতে অগন্তা ঋষির 'এই সীতাতে সতত রত থাকিয়া তাঁহার প্রীতি সাধন করিবে' উপদেশ তাঁহার মনে হইল। আর মনে হইল দেই ন্তবে যে আদিতোর হৃদয়রূপ আদিতা মণ্ডলাধিষ্টিত পুরুষ বা আতা। এই অব সহ উপদেশ তিনি অগস্তোর আশ্রমেই তাঁহার निकं भारेग्राहित्मन, এवः এर आमिजात्करे जिन (तानीिक) সীতা বলিয়া উল্লেখ করিয়াছিলেন। অদিতিতে জন্ম বলিয়া আদিতা। ন + দিতি = অদিতি-- যাহার খণ্ড নাই। এই অসীম অনন্ত অখণ্ড আকাশরপ শৃত্য সতা হইতে আদিত্যরূপ জ্যোতির্ময় পদার্থ যেমন উত্তত হইয়া তাহারই ক্রোড়ে, উদয়, বর্দ্ধন ও অন্তর্প মৃত্যু, প্রতাহই প্রাপ্ত হইতেছে, তেমনি যে অসীম, অনন্ত সত্তা হইতে এই হানমন্ত আদিতা বা দীতারপ জ্যোতি, প্রকাশিত হইতেছে. বন্ধিত হইতেছে, আবার লয় পাইতেছে, তাহারই উপদেশ অগন্তাঝ্যি রামকে দিয়াছিলেন। তাই রাম সেই ভাস্কর প্রত্যক্ষ সুর্যোর ধ্যান হইতে ভান্ধর সুর্যোর জ্যোতি প্রণিধান করিয়া, ধ্যানস্থ হইয়া ক্রমে সেই অপ্রতাক্ষ আতার প্রণিধান করিবার পদ্ধা পাইলেন, এবং আত্মার সম্বন্ধে তাঁহার জ্ঞান হইল। এখনও তাঁহার আত্মদর্শন হয় নাই বা স্বরূপ সিদ্ধি হয় নাই। রামের মন আত্মময় হইয়া আত্মার মতেই বা আত্মার মতই দর্বত গ্রনশীল হইয়াছিল। তবুও রাম বাবণকে বধ করিতে পারিতেছেন না দেখিয়া, সেই আত্মাই যেন তাঁহার মত প্রকাশ করিলেন তাহার

মাতলিরপে—"আপনি ব্রহ্মান্ত প্রয়োগ করুন।" তাই মাতলি বলিলেন "বিক্জান্মৈ বধায় স্বমন্ত্রং পৈতামহং প্রভো।

বিনাশকাল: কথিতো যা স্ববৈঃ সোহত্য বর্ততে ॥" তাহার (রাবণের) বধার্থ পিতামহ দত্ত ব্রহ্মান্ত নিক্ষেপ করুন। অগু রাবণের মৃত্যুকাল উপস্থিত হইয়াছে।" এই অগস্তা কর্ত্তক ব্রহ্মদত্ত শরের কথা বা তাহার আসন্ন মৃত্যুকাল মাতলি কিরূপে জানিল ? তাই আত্মাই সর্বত ব্যাপ্তি বশতঃ বাবণের দেহ ্ত্যাগ করিবার যে তাঁহার সময় আসিয়াছে, তাঁহার সেই মত মাতলিরূপে রামের মনের গোচরে আনিলেন। রাম গুরু অগস্ভোর আদিতা হদয় তবটা শারণ করিয়া তাহার মর্ম প্রণিধান করিলেন, কিন্তু দেই গুরুই দেই প্রণিহিত বিষয় প্রাপ্তির উপায়ম্বরূপ যে ব্রহ্মদত্ত শরের কথা বলিয়াছিলেন তাহার সম্বন্ধে ততক্ষণ বিশ্বতই ছিলেন। এথন আবার আত্মাই তাঁহাকে তাহা শ্বরণ করাইয়া দিলেন, যেন বলিলেন আমাকেই শররূপে প্রণিধান করতঃ আমাকেই নিক্ষেপ কর। তাহা হইলে আমি আমার স্বরূপের নিজ মহিমায় তোমার নিকট প্রকাশিত হইলে, আর তোমার দেহবদ্ধ পুরুষের জ্ঞান বা অভিমান থাকিবে না। দেহস্থিত বন্ধ আত্মা বা পুরুষই যথন তাঁহার স্বমহিমা প্রাপ্ত হইতে ইচ্ছা করেন, তথন এই দেহস্থিত বুদ্ধি মনাদি ইন্দ্রিয়গণকে যেন বদ্ধ বাষ্পের ভাষ চাপ দিয়া তাঁহার অন্তিবের অন্তভৃতি দেহীকে জানাইয়া দেন। রাম আত্মারূপ শর সন্ধান করিয়া তাঁহার লক্ষ্যে পৌছিলেন। লক্ষ্যবেধ করিতে হইলে সমস্ত ইন্দ্রিয় হইতে মনকে বিচ্যুত করিয়া সেই একটা পদার্থে বা লক্ষ্যেই মন স্থির করিতে হয়, যেমন দ্রোণাচার্য্য কর্ত্তক জিজ্ঞাসিত হইয়া অর্জন বলিয়াছিলেন তিনি কেবল পক্ষীর

চক্ষই দেখিতেছিলেন। আবার বেদব্যাস কৃত মহাভারতে উল্লিখিত ना इटेलि छानी कवि कानीबाम नाम य राजीभनीब खग्रहात. लका বিদ্ধনের বর্ণনা দিয়াছেন তাহাও এই আত্মারূপ লক্ষ্যই, তাহা তাঁহার বর্ণনা হইতেই স্থীগৃণ বুঝিতে পারেন। পঞ্চ ক্রোশ (এক আধকোশ কম বেশী নহে) উদ্ধে শৃত্তে মংশুচক্ষুরপ লক্ষ্য স্থিত। ইহা শুন্তে কোন অবলম্বনে ঝুলিতে পারে, আর পঞ্জোশ উচ্চ মঞ্চ নির্মাণ কতদুর সম্ভব তাহাও সকলে অমুধাবন করিতে পারেন। পাঁচ হাজার বংসর পূর্কের মিশরের "পিরামিড" এখনও সেই দেশের লোকের স্থাপত্যের নিদর্শন স্বরূপ বর্ত্তমান থাকিলেও. ভারতবাদী আমাদের দেই দমদাম্য়িক কালের বা তাহারও প্রবর্ত্তী কালের বাল্মীকি বর্ণিত অযোধ্যার বা ব্যাস বর্ণিত কৌরব রাজ্যের. ময়দানবের বা মহুয়ানির্মিত কোন স্থাপত্যের নিদর্শন দৃষ্টিপথে না আসিলেও, অতীত গৌরবের আক্ষালন আমাদের বাক্যাভম্বরেই পর্যাবসিত হয়। অথবা সে সমস্তই ময়দানবের মায়া বা ইন্দ্রজালে নির্মিত হইয়াছিল বলিয়াই তাহা তথংই অন্তর্হিত হইয়াছে। স্থৃতরাং জ্ঞানী কাশীরাম দাস বর্ণিত সেই লক্ষ্য আত্মারই প্রতীক। পঞ্জোশ অর্থে পঞ্জোষ। আত্মা পঞ্চকোষে দেহে আবদ্ধ থাকেন। আর, প্রাণ, মন, বিজ্ঞান, আনন্দ এই পঞ্কোষ। এই পঞ্কোষ রপ বন্ধন হইতে উন্মুক্ত হইলে আত্মা তাঁহার তুরীয় অবস্থা অর্থাৎ স্ব স্বরূপ প্রাপ্ত হন। সেই পঞ্চ কোষের উপরে একটী চক্র অনবরত ঘুরিতেছে। লক্ষ্য বিশ্বনকারীকে সেই লক্ষ্য মংস্থের, ভমিতলম্ব জলাধারে, প্রতিফলিত প্রতিবিম্বে দৃষ্টি নিবদ্ধ করিয়া, উর্দ্ধ হন্তে ধতু ধারণ করতঃ শর নিক্ষেপ দ্বারা সেই সদা ঘূর্ণিত চক্রের অতি ফুল্ম রন্ধ মধ্য দিয়া দেই মংস্তের চক্ষ্ বিদ্ধ করিতে হইবে। অন্ত রাজারা দূরে থাকুক গুরু দ্রোণাচার্য্য পারিলেন না। তিনি ইচ্ছা করিয়াছিলেন, তিনি দেই লক্ষ্য বিদ্ধ করিয়া সেই অনিন্দাস্থন্দরী কন্তা হুর্বত পাপাচারী শিশু হুর্য্যোধনের হত্তে দিয়া তাঁহার জ্রপদ কর্ত্তক পূর্ব্ব অবমাননার প্রতিশোধ লইবেন। স্ব-ধর্মচাত ব্রাহ্মণ দ্রোণ ইতিপূর্বে অর্জুন প্রভৃতি শিষ্য সহায়ে ক্রপদের রাজ্য জয় করিয়া তাহা তাঁহাকে পুনঃ প্রত্যর্পণ করিয়াও যেন তাঁহার প্রতিহিংসা প্রবৃত্তি চরিতার্থ করিয়া তপ্ত হন নাই। স্থৃতরাং দেই অবিশুদ্ধ চিম্ভা তাঁহার মনে উদিত হওয়াতে তাঁহার আত্মা, কল্ষিত মনের বন্ধন হইতে উন্মুক্ত হইতে পারিলনা। আত্মজ্ঞান লাভ করিতে হইলে শম দম প্রভৃতি ব্রাহ্মণোচিত শীলআচরণের অভ্যাস করা চাই। তিনি বিমুথ হইলে, আসিলেন আবালা ব্ৰহ্মচাবী ভাৰ্গৰ শিষা জিতেক্ৰিয় ভীম। কিন্ত তাঁহাৰও মন অশুদ্ধ হইল শিখণ্ডীর দর্শনে। ঘূণিত হেয় নপুংসক দেখিয়া তিনি ধমুত্যাগ করিলেন। আত্মজ্ঞান লাভ করিতে হইলে সর্বত্ত আত্মা বিরাজিত এই জ্ঞানে হেয় উপাদেয় বলিয়া কোন প্রভেদ-শুল্য-মন হওয়া প্রয়োজন। তথন আসিলেন দ্বাদশবর্ষ কঠোর বন্ধচ্য্যাচারী, সর্বশ্রেষ্ঠ প্রলোভনরপ ত্রিলোকের আকাজ্ফনীয়া উর্বেশীর ষাচ ঞা প্রত্যাখ্যানকারী, তপপ্রভাবান্বিতদেহ অর্জুন। দর্বকামনাবিজয়ী বিশুদ্ধমনা অৰ্জ্জন একাগ্ৰচিত্তে আত্মার দেই পঞ্চকোষরূপ বন্ধন উন্মুক্ত করিলেন—তাঁহার দাধনার ফলে। তাঁহার একাগ্র নিমুদৃষ্টিতে-নিবদ্ধ মন দেখিল না দেই জলে প্রতিফলিত মংস্থ প্রতিবিধ— দেখিল তাঁহার প্রাপা লক্ষ্য তাঁহার হদয় গুহায় নিহিত আত্মা, আর তাতেই স্থিত হইয়া তিনি দেই পঞ্কোষের উর্দ্ধে উঠিয়া তুরীয় অবস্থা প্রাপ্ত হইলেন। হরধমুর্ভকে রাম পাইয়াছিলেন একপক্ষে অযোনিজা দীতাজ্যোতি এবং অন্ত পক্ষে জনকাত্মজা জানকী। আর এই লক্ষ্যবেধ করিয়া অর্জ্জন একপক্ষে পাইলেন আত্মার মুক্ত তুরীয় অবস্থা যজ্ঞাগ্নি হইতে উথিতা অযোনিজা পাঞ্চালী কৃষ্ণা। পঞ্চমহাভূত যেখানে লয় হইয়া যায়, তাহাই পঞ্চাল দেশ। আর সেই দেশে যে বাস করে সেই পাঞালী-আতা। আর ক্ষেত্র কর্ষণ করিয়া পাওয়া যায় রুষ্ণ তাহারই স্ত্রী লিঙ্গের প্রতীক কুষণ। তাই কুষ্ণ ও কুষণা অভেদ্য সহচর ও সহচরী। আর অন্সপক্ষে পাইলেন ক্রপদাত্মজা—ক্রোপদী। এই কাশীরামের বর্ণিত অর্জুন আর শীরুষ্ণ কথিত গীতার মর্ম গ্রহণে অসমর্থ অথবা বিশ্বত অর্জনে কত প্রভেদ। কাশীরাম দাস যে আত্মজ্ঞানের রস আস্থাদন করিয়াছিলেন তাহা তাঁহার এই বর্ণনাতেই প্রকাশিত। এইরপ লক্ষ্য বিশ্বন দারাই আত্মজ্ঞান লাভ করিয়া ত্রীয় অবস্থাতে উপনীত হইয়া স্কাত্ময় হইয়াছিলেন। রামের সেই ব্রহ্মান্ত নিক্ষেপে রাবণরপ বব চিরতবে অন্তর্হিত হইল। রামের স্বরূপ সিদ্ধি হইল। রামের সমাধিরপ স্বয়প্তি, জ্ঞান সহকারে হইল, আর তিনি সেই স্বৃপ্তির আরামের তায় আরাম প্রাপ্ত হইলেন। দাশর্থি রামচক্র অগন্ত্য প্রদর্শিত পথে, বাল্মীকি বর্ণিত অয়ণে, সাধনা বলে অগ্রসর इटेग्ना, निक (भोक्य माद्यारण आजाताम इटेरलन-ताम इटेरलन-রামপদ প্রাপ্ত হইলেন। এ রামের অর্থ তাহাই যাহা আত্মজ্ঞানী কবি বলিয়াছেন

> "যশ্মিন্ রমস্তে মুনয়ঃ বিদ্যয়া জ্ঞান বিপ্লবে। তং গুরু প্রাহ রাম রমণাদ্রাম ইত্যাপি॥"

যে স্থানে বা অবস্থায় মূনিগণ পরাবিদ্যার সাহায্যে বা জ্ঞানেরও লয় হইলে উপনীত হইয়া বমস্তে কিনা আরাম প্রাপ্ত হয়েন, সেই অবস্থাকেই, তদ্বিয়ে অভিজ্ঞ গুরু, বাম নামে অভিহিত করিয়াছেন। ইহাই, বা রামত্ব প্রাপ্তির অবস্থাই এবং দেই প্রাপ্তি সিদ্ধির জন্ত কোন পথ অবলম্বন শ্রেয়, দেই অয়ণ রূপ পদ্মাই বাল্মীকি তাঁহার রামায়ণে দেখাইলেন। ইহা তাঁহার নিজ সাধনাতেই উপলব্ধ এবং অফুভূত অয়ণ।

বাল্মীকির এই বর্ণনায় ইহাই প্রদর্শিত হইয়াছে, যে সদগুরুর উপদেশ ও রূপা ভিন্ন আত্মজ্ঞান লাভ সিদ্ধ হয় না। আর একাস্ত মনে তাঁহাকে স্মর্ণ করিলে আত্মজানী গুরু পুত্রের-ভায় শিস্থের সকাতর **আহ্বানে** সাড়া না দিয়াই পারেন না। তিনি যেথানেই থাকুন সেই শিয়ের প্রাণের ডাক তাহার নিকট পৌছিবে। অবশ্য দে ডাকের দহিত প্রাণের আবেগ থাকা চাই। তাই আত্মজানী গুরু অন্তর্যামী। ইহা লেখক তাঁহার জীবনে অনেকবার প্রত্যক্ষ করিয়াছেন। লেথকের মন যথনই বিচলিত হইয়াছে, তথনই তাঁহার কাতর আহ্বানে তাহার গুরুদেব অন্তর্যামী-ভগবান তিব্বতী বাবা. তাঁহার জীবিত অবস্থাতে যেমন অভয় দানে আশাসিত করিয়াছেন, এখনও তাঁহার দেহত্যাগের পরও ঠিক সেইরূপই করিতেছেন। তাই পাতঞ্জনীতে, যোগের সিদ্ধির জন্ম বৈরাগ্য, অভ্যাস ও ঈথর প্রণিধান প্রভৃতি নানারূপ উপায় সম্বন্ধে উপদেশ দিয়া শেষে বলা হইয়াছে "বীতরাগ বিষয়ম বা চিত্তম।" অর্থাং যদি অপ্রতাক্ষ ঈশ্বাদি প্রণিধান দাবাও মনের একাগ্রতা লাভ না হয়, তাহা হইলে আর এক প্রত্যক্ষ অবলম্বন আছে যাহাতে মনস্থির করা সম্ভব। "বীতরাগচিত্তালম্বনোপরক্তং বা যোগিনশ্চিত্তং স্থিতি পদং লভতে" ইতি ভাষা। অর্থাৎ বীতরাগীর চিত্তে চিত্তার্পন। সিদ্ধ পুরুষের চিত্তে চিত্ত সংযোগ করিলেও একাগ্রতা জন্মিতে পারে। মহাপুরুষ- দিগের নির্মাল চিত্তধ্যান করিতে করিতে ক্রমে উৎকৃষ্ট সম্প্রজ্ঞাত যোগ বা একাগ্রতা জনিতে পারে। মন কোনও অপ্রত্যক্ষ পদার্থে লিপ্ত হইতে পারে না। মন ক্রম্ম নিরাকার, স্বত্যাং প্রত্যক্ষ মহাপুক্ষষের চিত্তধ্যান করিতে করিতে তাঁহার সেই চিত্তেই লয় হয়। তথন সাধকের চিত্ত যেন সেই মহাপুক্ষষের চিত্তময় হইয়া যায়। তাই রামের যথনই সেই বীতরাগ চিত্ত শুক্ত ভগবান অগন্ত্যের * কথা স্মরণ হইল, তথনই তাঁহার উপদেশও তাঁহার মনে হইল।

 অগন্তাঋষি কুন্তবোদি নামেও প্রসিদ্ধ। মিত্র ও বরুণদেবের রেত, উর্বেশীর উদ্দেশ্যে নিক্ষিপ্ত হইয়া কল্পে পতিত হইলে তাহা হইতে অগস্তার জন্ম হইল। উষা অন্ধকার রূপ বরুণ ও মিত্ররূপ দিবার, সন্ধিত্তল। তাই তাহাবরুণ ও মিত্ররূপ দুই উক্তর মধ্যন্তলে প্রিত্রশতঃ, উবাকে বৈদিক ঋষিরা উর্বেশী বলিতেন—উক্তর বশীভত। উক্তম্ম প্রদারিত না হইলে উর্বণীরূপ উষার আবির্ভাব হয় না। উক্তম্মের অভান্তরে ন্থিত জরায়রপ প্রাণীর উদ্ভবস্থানও কৃন্তের স্থায় আকার বিশিষ্ট। মমুগ্র কৃন্তযোনি অগন্তা, কোন অজ্ঞাত পিতার বীর্ষো উর্বেণী নান্ধী কোন নারীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন। আর আত্মজানী অগন্ত্যের আত্মজানের জন্মও সেই কুন্ত হইতে হইয়াছিল। কল্পের অভাতরে আকাশপুর্ণ। তাহার নিয়ভাগ বরুণরূপ অন্ধকার ও উপরিভাগ মিত্ররূপী দিবা বা আলো সমন্বিত। এই কুন্তের অভ্যন্তরত্ব আকাশ যেন দেহরূপ কুন্তের অন্তরত্ব আকাশের স্থায় বন্ধ আলা। উভয়েই নিরাকার, তাই উপনিষদের ঋষি আত্মাকে আকাশের সহিতই তুলুনা করিয়াছেন। অগন্ত্য ঋষি প্রথমে নিজকে দেই শুন্ত আকাশরূপী আস্থারূপেই উপলব্ধি করিয়াছিলেন। তৎপরে দেই কুম্ভ ভগ্ন হইলে যেমন তন্মধ্যস্থিত আকাশ বন্ধন মৃক্ত হইয়া অন্তল্ঞ গমন না করিয়া তাহাতেই প্ৰিত থাকিয়া নিজকে বৃহৎ আকাশ হইতে অভেদ জানিয়া, সেই যেন সেই বৃহৎ আকাশ বলিয়া জানে, তেমনি আরুত যোগীর আত্মাও দেহরূপ কুভভাগে, ভাহার বন্ধনরপ সীমা অভিক্রম করিয়া দেইপ্রানেই থাকিয়া নিজকে ব্রহ্ম বা বৃহৎ আস্বান্তপে উপলব্ধি করে—যেন অস্ত্র না যাইয়া—'অগ' হইয়াই দেখানে অভি বা

যে "যমিন বমতে ম্নয়ং" এব প্রতীকরপ রামকে মনশ্চকে ছির স্থাপন করিয়া রামের গুরু বিখামিত্র রাম হইয়াছিলেন, এখন তাঁহার শিশু সেই রামপ্রতীক, তাঁহার প্রতীক্ত লয়ে নিজেই রাম হইলেন। বিখামিত্রের ভবিশ্বদাণী দিদ্ধ হইল, আর বাল্মীকির সর্বপ্রণায়িত পুরুষ রামচন্দ্রেও রামে অয়ণ বা গমন শেষ হইয়া তাঁহার স্বরূপ দিদ্ধি হইল। বাল্মীকির প্রকৃত রামায়ণের শেষ এইখানেই হইল। উত্তরাকাণ্ডে আবার এই অয়ণেরই অন্ত বিপরীতটা দেখান হইয়াছে।



তি হই রাথাকে। জীবমুক্ত একবিদ্কুজ্যোনি শ্বি তাই অস্তা। একরণে তিনি
অনত শৃষ্ঠাকাশে পরিণত, আবার শৃষ্ঠাকাশের ছুই উক্লকপ দিবা ও আক্ষার রূপেও
তিনি হিত। সমত শৃষ্ঠাকাশ তথন দিবা ও আক্ষারে পরিব্যাপ্ত। তিনিই ফোন এই
উভরের সক্ষিয়ল হইতে এই ছুইরূপে একাশিত হইরা দৃষ্ঠানা ক্ছবোনি অস্তা।
অভিধানে অপ্তার বৃত্পতি—অসং প্রকৃত্ত ভারতি ইতি অস্তা। এ অর্থ ইইতে
পারে, অলত্তার বিদ্ধাপর্কত উথানরোধ করিবার পরে। কিন্তু তাহার পূর্কেও উহার
কি নাম ছিল্ল গুটাহার ক্তে জন্ম বলিরা নাম ক্ছবোনি। যদি এই ঘটনার প্রেক্
তাহার নাম অস্ত্যানা থাকিত, তাহা হইলে কি তিনি অনামাপুরুষ ছিলেন গ তিনি
অক্ষাভ্ত হইরাই তবে অসকে তারিত করিতে সমর্থ ইইরাছিলেন।

চতুরিবংশ পরিচ্ছেদ

সীতার অগ্নি পরীক্ষা

রাবণ বধের পর রাম বিভীষণকে লম্বারাজ্যে অভিষিক্ষ করিলেন। তৎপরে হলুমানকে দীতার সংবাদ লইতে পাঠাইলেন। হলুমান ফিরিয়া আসিয়া বলিল সীতা বলিয়াছেন তিনি সম্বর পতিকে দেখিতে ইচ্ছা করেন। রাম তাহার কথা শুনিয়া অশ্রপূর্ণ লোচনে চিন্তা করিতে লাগিলেন। পরে ভতলে দৃষ্টিনিক্ষেপপর্বাক দীর্ঘ ও উষ্ণ নিশাস ছাডিয়া সম্মুখন্ত বিভীষণকে বলিলেন "সীতাকে স্নান করাইয়া দিব্যাঙ্গরাগ এবং দিব্যালঙ্কারে ভূষিত করিয়া শীঘ্র এখানে আনয়ন কর: বিলম্ব করিও না।" তথন বিভীষণ সীতার নিকট উপস্থিত হইয়া বলিল—"আপনার স্বামী আপনাকে দেখিতে ইচ্ছা করিয়াছেন: স্থৃতরাং উত্তমরূপে অঙ্গরাগ করিয়া দিব্যাভরণে ভৃষিতা হইয়া শীঘ যানে আরোহণ করুন।" সীতা কহিলেন "রাক্ষ্দেশ্বর! আমি স্নান না করিয়াই স্বামীকে দেখিতে ইচ্ছা করি।" তাঁহার সেই কথা শুনিয়া বিভীষণ বলিল—"আপনার স্বামী ঘাহা আদেশ করিয়াছেন. আপনার তাহা প্রতিপালন করাই উচিত হইতেছে।" তাহার এই কথা শুনিয়া সীতা পতিভক্তিবশতঃ 'তাহাই হউক' বলিয়া স্বীকার করিয়া স্নানাস্তে উত্তম বদন এবং অলম্ভার পরিধান করিয়া স্থানোভিত ভুট্যা যানারোহণে বিভীষণের সহিত গমন করিলেন। বিভীষণ রামের নিকট সীতার আগমন সংবাদ দিলে, বহুকাল রাক্ষসগৃহবাসিনী

সীতা আদিয়াছেন শুনিয়া রাম এককালে শোক, হর্ষ এবং ক্রোধের বশীভূত হইলেন। পরে কিয়ংকাল সীতার গ্রহণ বিষয়ে চিন্তা করিয়া আসিতে বল।" বিভীষণ তথন সমস্ত বানর ও রাক্ষসগণকে সরাইয়া শিবিকাসহ সীতাকে আনিতেছেন দেখিয়া রাম বলিলেন "কাহাকেও সরাইবার প্রয়োজন নাই: আমার সম্মথে তাঁহার দর্শন দোষাবহ . হইবে না। লক্ষণ রামের এই কথা শুনিয়া ব্যথিত হইলেন। তথন সীতা রাম সকাশে উপস্থিত হইয়া ম্লেহভরে তাঁহাকে দেখিতে লাগিলেন। সীতা বিনীতভাবে একপার্থে দাঁডাইয়া আছেন দেখিয়া রামচন্দ্র মনোভাব ব্যক্ত করিয়া বলিলেন "ভদ্রে! আমি রণস্থলে শক্র পরাজয় করিয়া তোমাকে উদ্ধার করিলাম। পৌরুষবলে যাহা করিতে হয় তাহা সমস্তই করিলাম। ক্রোধের পার প্রাপ্ত হইয়াছি। তোমার অবমাননা জন্ম কলঙ্কও মোচন করিয়াছি; অপমান ও শক্র এককালে বিনষ্ট করিলাম। আজ আমার পৌরুষ দেখান হইল, আমার শ্রম দার্থক হইল। আমি অমুপন্থিত থাকাতে চলচিত্ত রাক্ষদ তোমাকে হবণ করিয়াছিল: আমি মাতৃষ হইয়া সেই দৈবকৃত দোষ দর করিলাম।" সমীপস্থিতা সীতাকে দেখিয়া রামের মন হিধা বিভক্ত হইল, তথন বলিলেন—"তোমার ধর্ষণ ক্ষালন করিবার জন্ম মন্তয়ের যাহা কর্ত্তব্য, আমি নিজের মানরক্ষার্থ রাবণকে বধ করিয়া তাহা করিয়াছি। তুমি জানিও, আমি স্থহদগণের বীর্য্যবলে যে দারুণ পবিশ্রম কবিয়াছি ইছা তোমার কারণ নহে। তোমার হরণজন্ম অপবাদ অপনয়ন এবং বিখ্যাত বংশের মহ্যাদা রক্ষা করিবার জন্মই আমি এইরপ করিয়াছি। সীতে! তোমার চরিত্রে আমার সন্দেহ জন্মিয়াছে। অতএব জনকাত্মজে। এই যে দশ দিক দেখিতেছ

ইহার যেদিক ইচ্ছা হয় তুমি যাও, তোমাতে আমার আর কোনও প্রয়োজন নাই। রাবণ কুদৃষ্টিতে তোমাকে দেখিয়াছে, তোমাকে ক্রোড়ে করিয়াছে, স্থতরাং আমি তোমাকে পুনরায় গ্রহণ করিয়া আমার স্থমহৎ কুল কলম্বিত করিতে পারি না। যে কারণ তোমাকে উদ্ধার করিয়াছি আমার সে উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে, স্থতরাং তোমাতে আমার আর কোনও প্রয়োজন নাই; যথায় ইচ্ছা চলিয়া যাও। এক্ষণে লক্ষ্মণ, ভরত বা শক্রপ্লের নিকট থাকিতে ইচ্ছা কর তো তাহাই কর; অথবা স্থাীব কিয়া বিভীষণকেও আত্মসমর্পণ করিতে পার। রাবণ যে তোমার লোকাতীত রূপ দেখিয়া তোমাকে ক্ষমা করিয়াছে এরূপ বোধ হয় না।"

সীতা স্বামীর মুথে এইরূপ অপ্রিয় বাক্য শুনিয়া মূর্ত্মৃত্ কম্পিতা হইয়া অক্রবর্ধন করিতে লাগিলেন। তংপরে অক্রসিক্ত বদনমগুল মার্জ্জনা করিয়া ধীরে ধীরে গদগদ স্বরে বলিলেন—"বীর! ভদ্রেতর ব্যক্তি আর্য্যেতরা মহিলাকে ধেরূপ বলিয়া থাকে, সেইরূপ আপনি আমাকে এইরূপ নিদারুল কথা শুনাইতেছেন কেন? আমি আমারে চরিত্রের দিব্য করিয়া বলিতেছি, আমাকে বিশ্বাস করুন। আর্য্যেতরা সাধারণী রমণীর চরিত্র দেখিয়া আপনি স্ত্রীজাতির উপর আশক্ষা করিতেছেন; কিন্তু আপনি আমাকে অনেক্রবার পরীক্ষা করিয়াছেন, ফুতরাং এ আশক্ষা পরিত্যাগ করুন। আমি আত্মবশে না থাকায় রাবণের সহিত আমার শরীর সংস্পর্শ হইয়াছিল তাহা আমার ইচ্ছারুত নহে; দৈবই সে বিষয়ে অপরাধী; যাহা আমার অধীন সেই হদয়কে তো কেই স্পর্শ করিতে পারে নাই। হদয় সমভাবে আপনাতেই অন্থ্রাণী বহিয়াছে। গাত্র সকল আমার বশীভূত নহে, অতএব রক্ষক না থাকায় বাবণ তাহা স্পর্শ করিয়াছে তাহাতে

আমার অপরাধ কি ? হায়। উভয়ে বহুকাল একত্র থাকিয়া আমাদের উভয়ের অন্নরাগ এককালে দম্বদ্ধিত হইয়াছিল, কিন্তু আপনি যে তাহাতেও আমার চরিত্র অবগত হইতে পারেন নাই, আমি তাহাতেই অপার ত্বংথে পড়িলাম। আপনি যথন হতুমানকে লন্ধামধ্যে আমাকে দেখিতে পাঠাইয়াছিলেন. তথনই কেন পরিত্যাগ করেন নাই পু হতুমানের নিকট আমি তাহা শুনিলে, আমি সেই দণ্ডেই তাহার · সম্মথে প্রাণ পরিত্যাগ করিতাম। তাহা হইলে আপনাকে এই প্রাণসংশয় স্বীকারপূর্ব্বক যুদ্ধশ্রম করিতে হইত না। আপনি ক্রোধান্বিত হইয়া সাধারণ ব্যক্তির ভায় আমার কেবল প্রীত্ত বিবেচনা করিলেন। আমি রাজ্যি জনকের যজ্জভূমি হইতে উৎপন্না বলিয়া লোকে আমাকে জানকী বলে: প্রকৃতপক্ষে জনকের ওরসজাত নহি। পথিবীর গর্ভে আমার জন্ম। আপনি আমার চরিত্র সম্বন্ধে সমূচিত সম্মাননা করিলেন না। বাল্যকালে শাস্তামুসারে আপনি আমার পাণিগ্রহণ করিয়াছেন, তাহাও আপনি দেখিলেন না। আপনার প্রতি আমার কিরূপ ভক্তি এবং আমার কিরূপ স্বভাব তাহাও বিবেচনা করিলেন না।" তথ্য সীতা দীনভাবে চিন্তামগ্ন লম্মণকে বলিলেন.—"সৌমিত্তে। এরপ মিথাা অপবাদগ্রতা হইয়া আমি আর প্রাণধারণ করিতে ইচ্ছা করি না: এক্ষণে চিতাই এই ঘোরতর বিপদের একমাত্র ঔষধ: অতএব তুমি চিতা প্রস্তুত কর। স্বামী আমার ওণে অসম্ভূষ্ট ইইয়া জনসমূহের মধ্যে আমাকে পরিত্যাগ করিলেন; স্থতরাং আমি এক্ষণে অগ্নিতে প্রবেশ করিয়া আমার কর্মাহ্মরূপ গতি লাভ করি। সীতা এই কথা বলিলে লক্ষ্মণ রামচন্দ্রের প্রতি ক্রোধভরে দৃষ্টিনিক্ষেপ করিলেন। তংপরে তিনি আকার ইন্সিতে রামের মনোগত ভাব জানিতে পাবিয়া চিতা প্রস্তুত করিলেন। তৎকালে ক্রোধে কালান্তক

যম সদৃশ সেই রামচন্দ্রকে কেহই কোনরূপ অন্তনয় করিতে বা কোন কথা বলিতে সাহস করিল না।

চিতা প্রস্তুত হইলে দীতাদেবী রামচন্দ্রকে প্রদক্ষিণ করিয়া প্রজ্ঞলিত অগ্নির সন্মুখে বলিলেন—"আমি কায়মনোবাক্যে কথনও ধর্মজ্ঞ রঘুনন্দনকে অতিক্রম করি নাই, স্থতরাং বিভাবস্থ আমাকে রক্ষা করুন।" এই বলিয়া সীতা চিতা প্রদক্ষিণ করিয়া নিঃশন্ধচিত্তে জলম্ভ অনলে প্রবেশ করিলেন। এইরূপে সেই তপ্ত-কাঞ্চনবর্ণা, তপ্ত-কাঞ্চনভ্যগা, বিশালাকী জনকনন্দিনী জলম্ভ অগ্নি মধ্যে প্রবেশ করিলে, সর্ব্যপ্রাণীই তাঁহাকে স্থবর্ণমন্ত্রী বেদীর ন্যায় দেখিতে লাগিল। রাক্ষদ ও বানরগণ উচ্চৈঃম্বরে হাহাকার করিতে লাগিল। রাম ক্ষেই হাহাকার শুনিয়া অশ্রুপর্ণ নয়নে চিন্তা করিতে লাগিলেন। তথন সমন্ত দেবগণসহ ব্রহ্মা তথায় আবিভূতি হইলেন। দেবগণ বলিলেন—"আপনি দেবগণের শ্রেষ্ঠ স্প্রতিক্তা বিষ্ণ হইয়া আপনাকে বিশ্বত হইয়া **হুতাশনে পতনোস্থী** সীতাকে উপেক্ষা করিতেছেন কেন ।" তথন রাম বলিলেন—"আমি নিজেকে দশর্থ পুত্র রাম নামক মনুষ্য বলিয়া জানি; স্থতরাং আমি কে, আপনারা প্রকাশ করিয়া বলন।" তথন ব্রহ্মবিদগণের অগ্রগণ্য ব্রহ্মা (ব্রহ্মা ব্রহ্মার্কার্যা विलालन,--"ताम। जाभिन विताष्ठिक्षेत्री नातायण, लारकत रुप्तभाष्त्र শ্যন করিয়া থাকেন বলিয়া আপনি পুরুষ। আপনার জন্ম নাই, এবং অক্ষর হইতেও উত্তম, আপনার নাম পুরুষোত্তম। সীতাদেবী সাক্ষাং লক্ষ্মী এবং আপনিই দেই বিরাট পুরুষ রুষ্ণবর্ণ বিষ্ণু।" পিতামহ ব্রহ্মার কথিত এই শুভবাকা শুনিয়া, রাম মুহূর্তকাল রোদন করিলেন। ইতাবসরে অগ্নি নিজমূর্ত্তি ধারণপূর্ব্বক সেই চিতা অপদারিত করিয়া, বালস্থ্যদদৃশী, অবিকৃত্রপা জানকীকে ক্রোড়ে লইয়া সত্ত্ব উত্থিত হইলেন। পরে লোকসাক্ষী অগ্নি বৈদেহীকে রামের নিকট দিয়া বলিলেন—"রাম এই তোমার বৈদেহীকে গ্রহণ কর, ইহাতে পাপের লেশ মাত্র নাই।"

> "দদৌ রামায় বৈদেহীমঙ্কে রুত্বা বিভাবস্থ। এষা তে রাম বৈদেহী পাপমস্যাং ন বিদ্যুতে ॥"

"রাবণগৃহবাসকালে, ইনি একমাত্র তোমাকেই ধ্যান করিতেন।
এই বিশুদ্ধস্থভাবা সীতাকে গ্রহণ কর।" রাম বলিলেন—"জানকী
যে লোকসমূহের মধ্যে সমধিক পবিত্রা তাহাতে কিছুমাত্র সন্দেহ
নাই। কিন্তু ইনি রাবণ অন্তঃপুরে বহুকাল বাস করিয়াছিলেন,
স্থতরাং আমি যদি বিশুদ্ধরেপে পরীক্ষা না করিয়াই ইহাকে লইতাম,
তাহা হইলে লোকে বলিত যে দশরথ পুত্র রাম নিতান্ত কামপরতন্ত্র
ও সাংসারিক ব্যবহারে একান্ত অনভিজ্ঞ। জনকনদিনী সীতা
আমাতেই যে একান্ত অনুরাগিনী তাহা আমি জানিতাম। আমি
এই ত্রিলোকবিশুদ্ধা জনকান্মজাকে ত্যাগ করিতে পারি না।" পরে
রাম প্রিয়া সীতার সহিত মিলিত হইয়া অত্যন্ত স্থবী হইলেন।
তথন স্থবিস্থ রাজা দশরথ সেইস্থানে আবিভৃতি হইয়া রামকে
অ্যোধ্যায় প্রত্যাবর্ত্তন করিয়া রাজ্যগ্রহণ করিতে আদেশ দিয়া
বলিলেন, "দিদ্ধ, পরমর্যি এবং ইন্দ্রাদি লোক স্কল, এই পুরুষোত্তম
রামকে পূজা করিয়া থাকেন। এই রামই দেবগণের অন্তরান্মান্বরূপ।
ইনি অনির্কেদ্য, অক্ষয় ব্রহ্মস্বরূপ"।

"এতত্তত্তমব্যক্তমক্ষরং ব্রহ্মসন্মিতং। দেবানাং হৃদয়ং-দৌম্য গুহুং রামঃ প্রস্তুপঃ॥"

দশরথ লক্ষণকে এইরূপ বলিয়া বলিলেন—"এনং শুশ্রুষতাব্যগ্রং বৈদেহা সহ সীত্যা।" তুমি বৈদেহী সীতার সহিত রামের সেবা করিয়া প্রমধ্য এবং বিপুল ধন্সাভ করিয়াছ। পরে দেই রাত্রি লঙ্কাতে বাদ করিয়া, রাম বিভীষণকে অযোধায় প্রত্যাবর্ত্তনের কথা বলিলে, বিভীষণ বিমানগামী পুস্পক রথ আনয়ন করিলে, তিনি তাহাতে সমস্ত বানর ও বিভীষণসহ আরোহণ করিয়া লঙ্কা পরিত্যাপ করিলেন। রামচন্দ্রের আজ্ঞায় দেই হংস্যুক্ত রথ মহাশব্দে শৃয়ে উথিত হইল। তথন রাম, যে সমস্ত স্থানে যেরূপ কাগ্য করিয়াছিলেন তাহাই সীতাকে দেখাইতে দেখাইতে যাইতে লাগিলেন। এইরূপ চতুর্দশ বংসর পূর্ণ হইলে পর, পঞ্চমী তিথিতে রামচন্দ্র ভরদ্বাজের আশ্রমে উপস্থিত হইলেন।

"পূর্ণে চতুদিশেবর্ষে পঞ্চম্যাং লক্ষ্মণাত্মজঃ। ভরদ্বাজাশ্রমং প্রাপ্য ববন্দে নিয়তো মুনিম্॥"

তংপরে গুহকের সহিত দেখা করিয়া তাঁহারা অযোধা প্রবেশ করিলেন।

এই সীতার অগ্নি পরীক্ষা—অগ্নিতে প্রবেশ এবং অগ্নি কর্তৃক ক্রোড়ে নীতা হইয়া রামকে প্রতার্পন, একমাত্র বিফ্ল অবতার রামের লক্ষ্মীরূপা সীতার পক্ষেই সম্ভব হয়। কিন্তু মনুষ্য অবতার রামের মানবী সীতার, অগ্নিতে দগ্ধ হইয়া যাওয়াই তাঁহার স্বাভাবিক নিশ্চিত পরিণতি। স্বতরাং এই অগ্নি পরীক্ষার ঘটনা, মনুয়োচিত কার্য্যে কিন্তুপ হইতে পারে, তাহারই একটা আনুমানিক কার্যাপদ্ধতি আমরা দেখাইবার চেটা করিব মাত্র। তাহা গ্রহণযোগ্য কিনা তাহা পাঠকের অভিকচির উপর নির্ভর করে। এক ইহা সম্ভব হইতে পারে, যদি সীতা রাক্ষ্মীদের সাহচর্য্যে থাকিয়া, তাহাদের নিকট ইক্রজাল বিদ্যা শিখিয়া থাকেন, অথবা সীতা যথন তৈল মর্দ্দন করিয়া স্নান করিয়া আসিয়াছিলেন, তথন রাক্ষ্মী প্রাণ্ড সেই তৈলের এমন গুণ ছিল যাহাতে দেহ, অগ্নিগমুক্ত হইলেও দগ্ধ হইতে

পারে না। কিন্তু স্বামী-বিয়োগ-বিধুরা সীতা, বিভীষণ যথন তাঁছাকে লইতে আদিয়াছিল, তথন অস্নাতা, নিরাভরণাই অর্থাৎ তাঁহার তদবস্থাতেই, পতি সন্দর্শনে যাইতে চাহিলেন, যেন তাঁহার আর মূহর্ত্তকালও স্বামীবিরহ সহা হইতেছিলনা। স্বতরাং রাম যে তাঁহাকে ঐরপভাবে প্রত্যাখ্যান করিবেন তাহা স্বপ্নেও তাঁহার মনে উদয় হয় নাই। আর রাক্ষদীরা রাবণান্তঃপুরে বাদকালে রাবণের প্ররোচনায় তাঁহাকে উৎপীড়নই করিয়াছে, স্থতরাং তাহাদের নিকট ইন্দ্রজাল বিদ্যা শিক্ষাও অসম্ভব। আবার রাক্ষ্মীরাও জানিতনা যে রাম সীতাকে প্রত্যাখ্যান করিতে পারেন এবং প্রত্যাখ্যাতা সীতা মন ছঃথে অগ্নি প্রবেশ করিবেন। কিন্তু রামের ক্রোধের মূল হইল—দেই সীতার স্লাত, বসনভ্ষণে স্থসজ্জিত তত্ন। তিনি যদিও বিভীষণকে বলিয়া ছিলেন যে দীতা যেন স্থানাদি করিয়া বস্তালস্কারে ভৃষিতা হইয়া আদেন, কিন্তু তাঁহার ধারণা ছিল দীর্ঘকাল স্বামী অদর্শন-জনিত বিরহসম্ভপ্তা দীতা, তাঁহার দর্শনাকাজ্যায়, যে অবস্থাতে ছিলেন ঠিক শেই অবস্থাতেই শী**ন্ন আদিবেন—যেন তাঁহার ইচ্ছা ছিল সীতা**র সেই অবস্থাটাই দেখিবার জন্ম। কিন্তু তাঁহার এটাও মনে করা উচিত ছিল যে, পতিপ্রাণা সীতা তাঁহার আক্রাই প্রতিপালন করিবেন। এখানে রাম নিজের দিক্টাই দেখিলেন, সীতার সম্বন্ধে তাঁহার (সীতার) কি কর্ত্তব্যাকর্ত্তব্য তাহার ন্যায় বিচার করিলেন না। তাঁহার বুদ্ধিভংশতার জন্তেই উভয় পক্ষে অনর্থ ঘটিল। রাম, দেখিতে ইচ্ছা করিয়াছিলেন যে, সীতা রাবণ গৃহে তাঁহার বিরহে কিরূপ অবস্থায় আছেন। কিন্তু যথন দেখিলেন সীতা স্নানাস্তে বসন ভূষণে বিভূষিতা হইয়া আসিয়াছেন তথন তাঁহার ধারণা হইল সীতা তাঁহার দর্শনাকাজ্জা অপেক্ষা তাঁহার (সীতার) দেহ সৌন্দর্য্যের উপরই

গুরুত্ব অর্পণ করিয়াছেন। তাঁহারই আজ্ঞাতেই যে তিনি এইরূপ করিয়াছেন সেটা না ভাবিয়া তিনি ক্রোধে অগ্রিফুলিকের মত জ্বলিয়া উঠিয়া, দীতাকে অকথব্য ভাষাতে যদৃচ্ছা র্ভংসনা করিয়া নীচন্ধনোচিত ভাষা প্রয়োগে, তাঁহাকে বিভীষণ রাক্ষ্য বা বানর স্থগ্রীবের ভঙ্গনা করিতে বলিলেন। স্বামীর এই অন্তায় বিচার দেখিয়া, তথন আগ্রাভিমানদপ্তা, রাম কর্ত্তক বিনা অপরাধে প্রত্যাথ্যাতা, নিজ বিশুদ্ধতার গৌরবে গৌরবান্বিতা সীতা রামের অবিবেচকোচিত উক্তিতে হতমানিনী হইয়া তাঁহাকে বলিলেন (আমাকে রাজর্ষি জনকাত্মজা জানিয়াও, অনার্য্যান্ত্রীর প্রতি যেরূপ ব্যবহার করা হয়, আপনি সেইরূপ ব্যবহার করতঃ আপনার আর্য্যোচিত ব্যবহারের অপব্যবহার করিয়া, আপনার অভদ্রতারই পরিচয় দিতেছেন। আশ্চর্য। এত দীর্ঘকাল একসঙ্গে থাকিয়াও আমাকে চিনিতে পারেন নাই, তাই আমার চরিত্রে দন্দিহান হইলেন। আমাকে অসহায়া পাইয়াই সেই চুর্বর ত্র বলশালী আমাকে হরণ করিতে সমর্থ হইয়াছিল. ইহাও আপনি বিবেচনা করিলেন না। আর তাহাতেই তাহার স্পর্দে আমার দেহটা আপনার অস্পুর্গ ইইল ? স্থতরাং আপনার নিকট আমি মৃত শ্ববং হওয়াতেই আপনি আমাকে পরিত্যাগ করিলেন। আমি আপনার নিকট এতই ঘুণা অপদার্থ যে, আপনি আমাকে স্থগ্রীব বিভীষণকে ভজনা করিতে বলিলেন ? স্থতরাং এই শবরূপী দেহকে অগ্নিতে ভস্মীভূত করিয়া আপনার নয়নাস্তরাল করাই শ্রেয়:)। তাই সীতা জনস্ত চিতায় প্রবেশোনুখী হইলেন। যে সর্বাস্তঃকরণে নিজকে মৃতজ্ঞান করিয়াছে তাহার আবার অগ্নিপ্রবেশে মৃত্যুতে ভয় কি? কাজীর বিচারে, বিবাদের বিষয় সন্তানের বক্ষে তীক্ষধার ছবি প্রবেশ করাইতে আদিট

হুইয়া, কুত্রিম জুনুনী সেই কার্যা করিতে উদ্যতা হুইলে, সেই দোষী বিবেচনায় দণ্ডার্ছ হইয়াছিল। প্রকৃত গর্ভধারিণী তাহারই রক্তমাংসজাত সন্তানকে হত্যা না করিয়া সে বাঁচিয়া থাকিলেই যথেষ্ট মনে করিয়া দে কার্যা করিতে অগ্রসর হইল না। যে অবিশুদ্ধা হয় সেই প্রাণভয়ে অগ্নি-প্রবেশ করিতে পারে না। সীতার প্রাণের যেন षात षरिष्ठे नारे. এर खात्मरे जिनि षशि श्रातर्ग উग्रजा रहेत्नन, আর দেই মুহুর্ত্তেই আকাশে দেবতারা আবিভূতি হইয়া রামকে অগ্নিতে পতনোমুখী সীতার বিশুদ্ধতার কথা দৃঢ়ভাবে বলিলেন। ইহা যেন সেই কাজীরই বিবেক-বৃদ্ধির ভায় তাঁহারই বিবেক-বৃদ্ধির আবির্ভাব। আর তথনই যেন অগ্নিই সীতাকে হাত বাড়াইয়া রামের হত্তে সমর্পণ করিলেন। অর্থাৎ রাম যথন দেখিলেন যে দীতা অগ্নি প্রবেশ করিয়া নিশ্চয় মৃত্যু আলিঙ্গন করিতে দ্বিধা না করিয়া তন্মথে ধাবিতা হইয়া তাহাতে প্রবেশ করিতে উদ্যতা, তথন তাঁহার ক্ষণমোহজনিত সীতার চরিত্রের উপর দন্দেহ নিরাকৃত হইল, আর তথনই তিনি হস্তপ্রসারণে দীতার দেই কার্যো বাধা দিয়া, তাঁহার জীবনরক্ষা করিলেন এবং তাঁহাকে যেন তাঁহার (দীতার) অগ্নিপরীক্ষার পর্ট গ্রহণ করিলেন। ইহাই মানবী সীতার অগ্নি-পরীক্ষা, আর এইরপ হইলেই রাম-চরিতের ঐতিহাদিক মর্য্যাদা অক্ষুণ্ণ থাকে।

অতঃপর তাঁহারা বিভীষণ কর্তৃক আনীত রথে আরোহণ করিয়া
অযোধ্যা যাত্রা করিলেন। এই রথও আমাদের পূর্ব্বোল্লিখিত জটায়্
কর্তৃক ভগ্ন থর বা গর্দভবাহী তাংকালিক যান বিশেষ। এই রথই
সেই বংশনির্দ্ধিত সেতৃর উপর দিয়া বাহিত হইয়াপরপারে আনীত
হইয়াছিল। চতুর্দ্দশীর দিন ইন্দ্রজিং বধ হয়। তংপরদিন অমাবস্থাতে
লক্ষ্মণ শক্তিশেলে মূর্চ্ছিত হয়। এবং লক্ষ্মণের সংজ্ঞালাভের পরেই

রাবণের সহিত রামের যুদ্ধ আরম্ভ হয়। সেই যুদ্ধ দেখিতে দেবতারা সমস্ত রাত্রি অতিবাহিত করেন। "পশ্যতাং তন্মহদ্যুদ্ধং সর্বরাত্রমবর্ত্ত॥" স্থতরাং প্রতিপদের দিন অথবা অমাবস্থার দিনই রাবণ বধ হয়। তৎপরে পঞ্চমীর দিন রাম প্রয়াগস্থ ভর্মান্ধ আশ্রমে আসিয়াছিলেন। দেবতারা সর্ব্বরাত্রি যুদ্ধ দেখিলে তংপর দিন রাবণ বধ হয় এবং সেই রাত্রি রাম লক্ষায় বাদ করিয়। তৎপর দিন প্রাতে অর্থাৎ প্রতিপদের দিন যাত্রা করিয়। পাচদিনে তাঁহারা প্রয়াপে পৌচিয়াছিলেন।

"পূর্ণে চতুর্দ্ধশে বর্ষে পঞ্চম্যাং লক্ষ্মণাগ্রজঃ। ভরম্বাজাশ্রমং প্রাপ্য ববন্দে নিয়তো মুনিম॥"

যদি এই পঞ্চমী তিথি পূর্ণিমার পর পঞ্চমী হয় তাহা হইলে বিমানগামী রথের প্রয়াপে পৌছিতে এত সময় লাগে না। জতগামী অখ বা খব যোজিত রথে আসিলে পাঁচদিনে এই পথ অতিক্রম করা অসম্ভব নহে। ইহাতেও প্রমাণ হয় যে লক্ষা মালাজ প্রেসিডেন্সিরই অন্তর্গত ভারত উপকূলে কোনও স্থানে ছিল। রাম যে গোদাবরী নদী উত্তীর্ণ ইইয়াছিলেন, তাহারও কোন উল্লেখ নাই। গোদাবরী ভারতের মধ্যপ্রদেশ হইতে উদ্ভৃত। স্কৃত্বাং তিনি গোদাবরীর উত্তর তীর বাহিয়া দক্ষিণ দিকে গিয়াছিলেন, এবং তাহার সম্মন্থলের উত্তরেই বিদ্ধাপর্কতের স্বর্মাভান্তর দিয়া গমন করিয়া সমৃদ্রতীরে উপনীত ইইয়াছিলেন।

অতঃপর রামের সাধনা সম্বন্ধে এই অগ্নি পরীক্ষার কি সম্বন্ধ তাহাই আলোচ্য। রাবণ বধ দারা, যোগান্ধঢ় রাম যোগসিদ্ধ হইলেন অর্থাৎ সমাধি প্রাপ্তে, স্বন্ধপ সিদ্ধি লাভ করিলেন। তিনি এই যোগাচরণে, সীতারূপ জ্যোতি প্রথমে দর্শন করিয়া তাহাকেই লক্ষ্য রাধিয়া বা তাহারই অফুসরণ করিয়া, অপরোক্ষ জ্ঞানে আত্মভূত

হন নাই। এই জ্যোতি দর্শন ও শব্দ শ্রবণ রূপ রাবণের সহিত যুদ্ধ অর্থাং চক্ষু ও কর্ণের সহিত বিবাদ যোগীদের সাধনার মধ্য ঁঅবস্থাতেই হয়। দীতা রাবণ কর্ত্তক অবরুদ্ধা, স্বতরাং জ্যোতির অন্তিত্ব নাই। রাবণের সহিত যুদ্ধ হইতেছে, অর্থাং মন শুধু রবই শুনিতেছে। তারপর রবের লয়ের দঙ্গে দঙ্গেই দেই রবকারী পুরুষের সহিত মনের লয় হয়। যেন প্রুষের দেহেরই ছটাই তাহার জ্যোতি, আর মুখ হইতেই রব। মৃতবং ভূমিষ্ঠ শিশুর মৃথ হইতে প্রথম নির্গত 'উয়া'রপ শব্দ যেন আত্মারই শব্দ-শিশুর মুখদার হইতে নির্গত হয়। কেন না দেই শিশু ক্রন্দন করিয়াই যেন জানায় তাহার দেহে আত্মা আছে। দৃষ্টান্ত স্বরূপ যেমন গভীর অন্ধকারে, কোন লোক বংশীধ্বনি করিতেছে, শ্রোতা দেই বংশীধ্বনি অনুসরণ করিয়াই বংশীবাদককে ধৃত করে বা তাহার সহিত মিলিত হয়—যদি তাহার দেই বাদককে ধরিবারই লক্ষা থাকে। অন্ধকারে প্রজ্ঞলিত দীপের আলোকে পথ আলোকিত इटेग्नार्ट, ज्यात्नाक ज्रष्टांत यनि नक्षा थारक मिर्ने नीपनीरक शहर করিতে, তাহা হইলে সেই আলো অনুসরণেই সে তাহার নিকট উপনীত হয়। বৈষ্ণৰ সাহিত্যের রাধিকা দেই প্রাপ্য লক্ষ্যের বংশীধ্বনি শুনিয়া ত্রুয় হইয়া, লোকলজ্জা ভয়, কুলমান ত্যাগ করত: কণ্টকাকীর্ণ বন পথে, পদ ছিল্লভিল্ল হইলেও তাহাতে দকপাত না করিয়া, দেই বংশীবাদককে ধরিবার জন্ম বা তাঁহার সহিত মিলিত হইবার জন্মই ধাবিতা হইতেন। এ বংশীম্বর মধুর মনোমুগ্রকর স্বর। ইহার মধুরত্ব ইহার বাদকের উপর অফুরাগ বশতঃ হয়। তাই সেই বাদককে পাইয়া, সেই মধুর স্বরকে চিরকাল স্থায়ী করিবার জন্ত, সেই বাদককে নিজস্ব করিয়া তাঁহার সহিত

চিরমিলন আকাজ্ঞা। এথানে বাদক পরিচিত, স্থতরাং তাহার বংশীধ্বনিও মধুর ও পরিচিত। কিন্তু রাবণরূপ শব্দ অজ্ঞাত কারণ হইতে উদ্ভত এবং তাহা বিরক্তিকর জন্ম পরিতাজ্য। এই বিদ্রাবণকারী শব্দ কথনও অভান্তর হইতে উঠিতেছে. কথনও গিরিশিথর হইতে উঠিতেছে. কখনও অন্তরীক্ষ হইতে আবার কখনও ভূমিতল হইতে উঠিতেছে। পৌরুষ সহকারে একস্থান হইতে তাহাকে মনের শ্রবণ হইতে বিচাত করিলে, যেন তাহার একটা আনন স্বন্ধচাত করিলে তাহার আর একটা আনন উদ্ভত হইয়ারব মনকে পুনরায় অভিভূত কুরিতেছে। এই শব্দ বা রবও আত্মা হইতে সম্ভত। 'তত্মাৎ বা এতস্মাৎ আত্মনঃ আকাশ সম্ভত'। শব্দ আকাশেরই গুণ। স্থৃতরাং এই আত্মাই সেই শব্দকে সংহরণ করিতে পারে। যে ব্যাধ জাল বিকার করে সেই তাহা গুটাইতে পারে। সর্বব্যাপী ব্রন্ধই আতারূপে ক্রন্তে স্থিত। আর এই রাবণরূপ শব্দও সর্বব্যাপী হইয়াছে। স্বতরাং সেই হৃদয়স্থিত আত্মাই তাহার ব্রহ্মত্ব জ্ঞানে, দেই ব্রহ্ম বা রুহংরূপে বিস্তৃত শব্দকে সংহরণ করিতে পারে। তাই যেন আত্মারই 'মত'রূপ মাতলি রামকে ব্রহ্মশরের কথা স্থারণ করাইয়া দিল। অর্থাৎ রামের আতাই যেন বলিল আমাকে ব্ৰহ্মরূপে উপলব্ধি কর। রামের আত্মামুভূতি হইল, আর সঙ্গে সেদে মন ও লয় হওয়াতে শক্ষাতিরও বিরতি হইল। এই আত্মান্তভতি, তাঁহার আত্মজ্যাতি দর্শন সাহায্যে হয় নাই। স্কুতরাং সেই জ্যোতি বা দীতার কোন প্রয়োজন হয় নাই। সমাধি হইতে ব্যুখিত যোগী ক্রমে তাঁহার মনের আবির্ভাবে আত্মার বিশুদ্ধ জ্যোতি দর্শন করিয়া পর পর অত্যান্ত বংএর জ্যোতি দর্শনের পর বিশ্বের জ্ঞান প্রাপ্ত হয়েন। আবার জ্যোতি দর্শন করিতে করিতেও তাঁহার মন আত্মাতে লয় হয়। স্বতরাং এই আত্মছদিজ্যোতি কথনও আত্মার

সহিত যোগ সময়েও মনের দৃষ্টিতে আবিভূতি হয় আবার কথনও বিয়োগ সময়েও হয়। রামের মনের, রব শ্রবণ করিতে করিতে, আত্মার সহিত যোগ হইয়াছিল, স্নতবাং জ্যোতি দর্শন হয় নাই। কিন্তু ব্যুখান সময়ে সেই জ্যোতির আবিভাব হওয়াতে সেই অবস্থাতেই যেন তিনি বলিয়াছিলেন যে "তোমাতে আমার কোন প্রয়োজন নাই." কেননা আমি তোমার (জ্যোতির) দাহায্য বিনাই আমার স্বরূপ ·লাভে সমর্থ হইয়াছি। তোমার অপহরণকারী রবকে লয় করিয়াই আমি তাহা পাইয়াছি, স্থতরাং তুমি আলুজ্যোতি নহ। আবার সেই বিশুদ্ধ শুল্লজ্যোতির তিরোধানের সঙ্গে সঙ্গেই লাল জ্যোতি আবিভূত হওয়াতে রামের মন বুঝিতে পারিল যে, দে আত্ম হুইতে বিযুক্ত হইতেছে, তথন পুনরায় দেই মনকে ফিরাইয়া তাঁহার আত্মন্ত হইবার প্রয়াস হইল, কেন্না তথনও রামের পূর্ণ জাগরণ হয় নাই, তিনি যোগস্থই আছেন। দেই প্রয়াদের ফলে দেই লালাভ জ্যোতি অদুখা হইয়া তাহা শুল্লজ্যোতিতে পরিণত হইল—তাহাই যেন লালাভ অগ্নি শিখা হইতে উথিতা অবিক্ষতা শুল্র জ্যোতির প্রতীক সীতা— ষেন বিভাবত্বই বলিলেন আমার যে বিভা তাহা এই জ্যোতি হইতেই প্রাপ্ত-যেন ইহাই সবিতারণ ভাষরের ব্রেণ্য ভর্গ, যাহা আত্মা হইতেই বিকীৰ্ হয়। "তমেব ভান্তমন্তভাতি সৰ্কং তম্ভ ভাসা সর্ব্বমিদং বিভাতি।" সুর্য্যাদি জ্যোতিষ্ক মণ্ডল এবং সমস্ত জগং তাঁহার দীপ্তিতে দীপ্তিমান হইয়া থাকে। অগ্নির জ্যোতিও তাহারই मौश्रिए मौश्रिमान। इंशर्ड बाज्यकानी वाचौकि अधित मौजात बान्नी পরীক্ষার তাৎপর্যা, যেন রামকে উপলক্ষ্য করিয়া "বাল্মীকিরই আত্ম-প্রকাশ"। এই রামে আত্মপ্রকাশ যেন তাঁহারই আত্মপ্রকাশের প্রতিরূপ। এই ক্টিত আত্মাসমন্ত্রিত দেহই সেই পুষ্পকর্থ- যাহাতে

আরোহণ করিয়া বা যে দেহই আশ্রম করিয়া দর্কত্রগামী আত্মা বিমান পথে গতায়াত করেন।

এই ফুটিতআত্মা, আত্মদশী রামই হংসযুক্ত পুষ্পক রথে আরোহণ করিয়া অযোধ্যাভিমুখে যাত্রা করিলেন। পুষ্পকং = পুষ্পমিব পুল্পৈর্বা কায়তি প্রকাশতে ইতি কৈ + ক = পুষ্পমিব প্রতিক্বতি। পুষ্প + ই বে প্রতিক্রতো কন।" পুষ্প = পুষ্প্যতি বিক্সতি যঃ। স্থমনসঃ। পুষ্প-ফুল্লনে। প্রফুল্ল কায়া যাহার, বা স্থমনসংযুক্ত কায়া যাহার। রাম আত্মোপলব্ধিতে প্রফুল্ল হইয়াছেন, তাঁহার মনও স্থমন হইয়াছে। এখন সেই স্ফুটিত প্রফুল্ল স্থমনরূপ মনোরথে আরোহণ করিয়া অর্থাৎ এইরূপমনা, সিদ্ধকাম হুইয়া তিনি প্রত্যাবর্ত্তন করিলেন। তাঁহার মন তথন হংসরপ। অ্থাং হংস যেমন জলে বিচরণ করিয়াও তাহার পক্ষ স্ঞালনে তাহাতে লিপ্ত জল দূরে নিক্ষেপ করিয়া, শুদ্ধপক্ষে জলে, স্থলে ও শত্যে বিচরণ করে, তেমনি রাম তাঁহার মন হইতে জাগতিক সর্বপ্রকার শোক, - তুঃখ, তাপ মোহ ইত্যাদি জলরপ ক্লেদ. যেন পক্ষ সঞ্চালনেই দুর করিয়া,, হংসের আয় স্ক্রিগামী ইইয়াছেন। আত্মা সেইজন্ম হংসপদবাচ্য তাহা আমরা ইতিপূর্ব্বে দেখাইয়াছি। রামের আত্মা ফুটিত হইয়াছে, পুষ্পিত হইয়াছে, রামে প্রকাশিত হইয়াছে। সীতারূপ জ্যোতি তাঁহার হদয়ে স্ফুটিত তাই সেই বথ জ্যোতির্ময়।

পঞ্চবিংশ পরিচ্ছেদ

সীতার বনবাস

ারামের অবাোধ্যার রাজপদে অধিষ্ঠিত হইবার সময় রাজগণ, ঋষিগণ ও অনেক পৌরাণিক মুনি তাঁহাকে অভিনন্দন করিতে আসিয়াছিলেন। পরে তিনি রাজিষ জনক ও অন্যান্ত সকলকে বিশেষ আপ্যায়িত করিয়া বিদায় দিয়া, রাজ্য শাসন করিতেছেন এমন সময় একদিন ভরত তাহাকে বলিলেন, "হে বীর! এই এক মাস কাল আপনার রাজ্যশাসনের মধ্যে মন্ত্রবাদীদিগের কোনও পীড়া নাই। পুরবাদী ও জনপদবাদী নগরে নগরে প্রচার করিতেছে আমাদের এমন রাজা জনেক কাল হয় নাই।" তৎপরে রাম রাজসভা হইতে নির্গত হইয়া বিচিত্রশোভন উপবনে প্রবেশ করিলেন। রামচন্দ্র বাম বাহন্বারা সীতাকে লইয়া, শচীকে ইন্দ্রের ন্যায়, মৈরেয় মধুপান করাইলেন।

পরে মাংদাদি নানারূপ আংহার কিঙ্করণণ উপস্থিত করিল। তথন
নৃত্যাগীতবিশারদা রূপবতী মনোভিরামা পানোয়াত্তা রমণীরা রামের
নিকট নৃত্য করিতে লাগিল। রঞ্জপ্রবর রাম সতত স্থানর ভূষণে ভূষিত
হইয়া ললনাগণকে সম্ভঃই করিলেন। এইরূপে বহুদিন বিহার করিতে
করিতে রাম ও সীতার সর্বাদা ভোগপ্রাদ শিশির কাল অতীত হইল।

"দশবর্ষসহস্রানি গতানি স্বমহাত্মনোঃ।

প্রাপ্তয়েবিবিধান্ ভোগানতীতঃ শিশিরাগমঃ॥"
মহায়া রামচন্দ্র এবং সীতা এইরূপে বিবিধ ভোগাবস্ত উপভোগ
ও বিহার করিয়া দশ সহস্র বংসর অতিবাহিত করিলেন। একদিন্
সীতার গর্ভ লক্ষণ দেথিয়া রাম তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "তোমার
কোন্ বাসনা পূর্ণ করিব ?" সীতা মৃত্হাম্ম করিয়া বলিলেন,
"পবিত্র তপোবন দেথিবার জন্ম আমার অত্যন্ত বাসনা হইয়াছে।
ফলমূলাহারী উগ্রভেজা তপস্বিগণের চরণতলে অবস্থিতি করিতে
ইচ্ছা হয়।"

শ্বিতং কৃষা তু বৈদেহী রামং বাক্যমথাব্রবীং। তপোবনানি পুণ্যানি স্তষ্টুমিচ্ছামি রাঘব॥ গঙ্গাতীরোপবিষ্টানাম্ধীনা মুগ্রতেজদাম্। ফলমূলাশিনাং দেব পাদমূলেধু বর্ত্তিতুম্।"

তাঁহার এই কথা শুনিয়া রাম বলিলেন, "তাহাই হইবে, কল্যই তপোবনে যাইতে হইবে, সংশয় নাই।"

তংপরে তিনি রাজসভায় প্রবেশ করিয়া সভাসদ্গণকে লক্ষ্য করিয়া বলিলেন, "ভদ্রু পৌর ও জনপদবাসীরা আমার সম্ভীয় কোন্কোন্কথা লইয়া আন্দোলন করে?" তথন ভদু কহিল, "রাজন্ বন, উপবন, দোকান, প্রাশ্বন এবং পথিমধ্যে পুরবাসীরা বলে, 'রাম সাগরে ত্বরুর সেতৃ বন্ধন করিয়াছেন, ইহা কি রাজা কি দেবতা কেহই কথন শুনে নাই। রাম ভল্লক, বানর এবং রাক্ষস-গণকে বশে আনিয়া তাহাদের সাহায়ে চর্দ্ধ রাবণকে বধ করিয়াছেন. ইহাও কেহ শুনে নাই। বাবণ যে সীতাকে স্পর্শ করিয়াছিল তজ্জ্য কিছুমাত্র কুপিত না হইয়া, পুনরায় দীতাকে নিজপুরীতে আনিয়া কিরূপে রামের হৃদয়ে দীতাদম্ভোগজনিত স্থপ ইইতেছে ? সীতা রাক্ষসগণের বশীভূতা হইয়া লঙ্কায় ছিলেন। তথাচ রাম কেন তাঁহাকে ঘণা করেন নাং রাজা যাহা করেন প্রজারা ভাহাই অনুসরণ করিয়া থাকে, স্বতরাং আমাদিগকেও স্ত্রীগণের এই দোষ সহিতে হইবে।" তথন সকল সভাসদকে রাম জিজ্ঞাসা করিলেন, "ভদ্র যাহা বলিতেছে তাহা কি সকলেই আমাকে বলে?" তথন সকলেই এক বাকো সেই কথাবই প্রতিধ্বনি কবিল। তংপরে বাম লক্ষণকে বলিলেন, "প্রবাদী ও জনপদ্বাদী দকলে আমাকে দীতার জন্ম নিন্দা করিতেছে। আমি লোকনিন্দা ভয়ে নিজের জীবন বা তোমাদিগকেও পরিত্যাগ করিতে পারি, সীতার তো কথাই নাই। তুমি কল্যই প্রাতে দীতাকে রথে আরোহণ করাইয়া গন্ধার প্রপারে ত্যুদা নদীর তীরে মহাতা রাল্রীকির আশ্রমের নিকট বিজন প্রদেশে দীতাকে পরিত্যাগ করিয়া আসিবে।"

পরদিন প্রভাতে লক্ষ্ণ দীতাকে বলিলেন, "দেবি! আপনি পূর্ব্বে মহারাজের নিকট গঞ্চাতীরে আশ্রম দর্শনের প্রার্থনা করিয়াছিলেন, তিনি আপনাকে আশ্রমে লইয়া যাইবার জন্ম আমাকে আদেশ করিয়াছেন। আপনি অবিলম্বে আমার সহিত রথে আরোহণ করিয়া তথায় গমন করুন।" লক্ষ্ণ দীতাদমভিব্যাহারে রথারোহণে অবোধ্যা পরিত্যাগ করিয়া, দে রাত্রি গোমতীতীরস্থ আশ্রমে রাত্রি যাপন

করিয়া তংপরদিন অর্দ্ধদিবস গমন করিয়া গঙ্গাতীরে উপস্থিত হইলেন। তৎপরে তাঁহারা গন্ধার অপরপারে উপনীত হইলে লক্ষ্য সীতাকে অশ্রপূর্ণ নয়নে করজোড়ে কহিলেন—"বৈদেহি! ধীমান আর্য্য, নগবে এবং জনপদে আপনার নিদারুণ অপবাদের কথা শুনিয়া আপনার নির্দোষিতার বিষয় বলিয়া, গঙ্গাতীরে আশ্রমে আপনাকে পরিত্যাগ করিয়া যাইবার জন্ম আমাকে আদেশ করিয়াছেন ৷ কেবল পুরবাদীদের নিন্দার ভয়েই আপনাকে পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছেন। এই আশ্রম পিতা দশরথের পরম বন্ধ মহর্ষি বাল্মীকির। আপনি তাঁহার পদমূলে উপনীতা হইয়া একাগ্রচিত্তে উপাসনা করতঃ বাস করুন।" তথন সীতা কহিলেন—"লক্ষ্মণ। পূর্বে আমি স্বেচ্ছায় বনবাস ক্রেশ সহিয়াও রামের পদজ্জায়ায় বাস করিতে ইচ্ছা করিয়াছিলাম। আমার গর্ভে সন্তান রহিয়াছে, স্বতরাং এক্ষণে প্রাণত্যাগ করিলে আমার স্বামীর বংশলোপ হইবে, নতুবা আমি আজই জারুবীজলে প্রাণ বিসর্জন করিতাম। তুমি রাজাদেশ পালন কর। তাঁহাকে বলিও তিনি যে নিন্দাভয়েই আমাকে বিশুদ্ধস্থভাবা জানিয়াও লোকাপবাদ ভয়ে পরিত্যাগ করিলেন, তাহা আমি জানিয়াছি, এবং পৌরজনের ধর্ম রক্ষণ করিয়া পুণাসঞ্চয় করতঃ অক্ষয়কীর্ত্তি লাভ করিয়া তিনি যেন রাজ্যশাসন করেন। তুমি, আমার গর্ভলক্ষণ স্পষ্ট প্রকাশ পাইয়াছে দেখিয়া যাও।" লক্ষ্মণ অশ্রুপূর্ণনয়নে অবনত मछ्रक कहिलन-"त्नि । जाभनात क्रभ, भृत्स जामि कथन्छ त्निथ নাই, কেবল পদ্যুগল দেখিয়াছি মাত্র। বিশেষতঃ রাম এখানে নাই, স্বতরাং বনমধ্যে আপনাকে একাকিনী কিরূপে দেখিব ?" তংপরে স্বমন্ত্রের সহিত রথে আরোহণ করিয়া একান্ত শোকার্ত্ত-চিত্তে অযোধাায় প্রত্যাগমন করিলেন।

এদিকে সেই আশ্রমন্থ মৃনিকুমারগণ সীতাকে সেই আশ্রমে বিলাপ করিতে দেখিতে পাইয়া মহিষ বাল্মীকির নিকট সংবাদ দিলে, তাহা শুনিয়া জ্ঞানচক্ষ্মপন্ধ ঋষি (লব্ধ চক্ষ্মান্) কর্ত্তর্য অবধারণ পূর্বক অর্যাহন্তে গলাতীরে উপস্থিত হইয়া সীতাকে কহিলেন— "সীতে! তুমি যে আসিতেছ তাহা আমি যোগবলে পূর্বেই জ্ঞানিতে পারিয়াছি এবং তোমার আসিবার কারণপু ধ্যানযোগে অবগত হইয়াছি, তোমার শুক্ষচিরতপু আমি জানি। একণে আমার আশ্রমে থাক। "বিশ্রেকা ভব বৈদেহি সাম্প্রতং মির বর্ত্তরে॥" এই অর্য্য গ্রহণ কর।" পরে তিনি সীতাকে সঙ্গে লইয়া যাইয়া তাপসীদিগকে বলিলেন "এই রামের পত্নী নিম্পাপা সীতা আসিয়াছেন। ইনি আমার যত্ত্রপূর্বক পালনীয়া। আমার আদেশে তোমরা ইহাকে পরম সমাদরে রক্ষা করিবে।" সীতা বাল্মীকি আশ্রমে বাস করিতে লাগিলেন।

স্থান্থিত উপবনে সীতা সহ মৈরেয় মধুপানে মন্ত হইয়া মনোভিরামা, পরমভূষিতা, নৃতাগীত বিশারদা, পানবশীভূতা রমণী-গণকে রঞ্জন করিয়া ও পুক্ষ নারী নির্কিশেষে প্রজারঞ্জন করতঃ রঞ্জকপ্রবর রাম, রাজসম্পদ ভোগে রাজ্য শাসন করিতেছিলেন। মৈরেয়—(মারং কামং জনয়তীতি) = মভাবিশেষ, যাহা পানে কামের উদ্রেক হয়। এমন স্ময় একদিন তাঁহার সেই স্থেপর স্বপ্ন ভালিয়া গেল—এক দারুল আঘাতে। সভাসদগণ একবাক্যে তাঁহার রঞ্জিত প্রজাদের মনের কথা তাঁহার নিকট অকপটে ব্যক্ত করিল। প্রজারঞ্জক রাম, প্রজারঞ্জনের জন্ম নিজের প্রাণ, ল্রাভূগণ এবং সীতাকেও ত্যাগ করিতে পারেন। স্থতরাং অপবাদের কারণ ভূতা সেই সীতাকেই বর্জ্জনরূপ সহজ্ঞ পন্থাই অবলম্বন করা উচিত মনে

করিয়া দীতাকে না জিজ্ঞাদা করিয়া তাঁহার বক্তব্য না শুনিয়াই,
তাঁহাকে যেন পত্রপাঠ নির্বাদিত করিলেন। দমন্ত আপদ চুকিয়া
গেল। তাঁহার কীর্দ্রি অটুট রাখিলেন। কণ্টক অপদারিত হইল,
এখন তিনি নির্ব্বিবাদে রাজোচিত ভোগ বিলাদের মধ্যে থাকিয়া
রাজ্ঞাশাদন করিতে পারিবেন। সত্যত্রত রাম তাঁহার প্রজারঞ্জনরূপ
রাজ্ঞাচিত সত্য প্রতিজ্ঞা পালন করিলেন। প্রজারা নিলা করিতেছিল,
দে নিলার কারণ দ্রীভূত করিয়া আদর্শ প্রজাপালকের দৃষ্টাস্ত দেখাইলেন, যাহার জন্ম এখনও লোকে বলে "যেন রামরাজ্ঞা।"
মন্ত্র্যের যাহা ঘনিষ্ঠ স্বার্থ-স্ত্রী, তাহাকেও তিনি প্রজারঞ্জনার্থ বর্জ্জন
করিয়া নিঃস্বার্থতার আদর্শ দেখাইলেন। স্থতরাং আদর্শ রাম-চরিত্র পরিপ্রভাবে প্রতিষ্ঠিত হইল।

কিছ্ক উদার ও তায় দৃষ্টিতে দেখিলে তাঁহার এই কাধ্য কি তায়সক্ষত হইয়াছিল এবং তাঁহার সত্যপালনরূপ প্রতিজ্ঞাপালন ইহাতে অটুট রহিয়াছিল এবং তাঁহার সত্যপালনরূপ প্রতিজ্ঞাপালন ইহাতে অটুট রহিয়াছিল? তিনি না জনকায়্মজাকে, অগ্লিসমূথে প্রতিজ্ঞা করিয়া গ্রহণ করিয়াছিলেন—তাঁহাকে স্থেপ হৃথে তাঁহার অর্ধাঙ্গিনী করিয়া রাখিবেন, তাঁহার বিনাপরাধে তাঁহাকে কথনও পরিত্যাগ করিবেন না? আর এইটাই তাঁহার প্রথম ও ম্থ্য প্রতিজ্ঞা ছিলনা কি? তিনি স্বীয় কীর্ত্তিরপ মান রক্ষার্থে বিনাপরাধে আর একটা জীবন বলি দিলেন না কি? সাধ্বী রমণীর পক্ষে তাঁহার চরিত্রের উপর সন্দেহ তাঁর মৃত্যুর তায়ই নয় কি? সেই সাধ্বী সীতাকে বিশুদ্ধা জানা সত্ত্বেও তিনি পরিত্যাগ করিয়া, তিনি প্রজাদেরই অভিযোগের সমর্থন করিলেন না কি? তিনি যদি সীতাকে একবার জিজ্ঞাসা করিতেন এরপ অবস্থায় তাঁহার কি করা কর্ত্তব্য, তাহা হইলে সাধ্বী পতিপ্রাণা সীতা, যিনি স্বেছ্যায় তাঁহার সহিত বনবাস-ক্রেশ

স্বীকার করিয়াছিলেন তিনি নিজেই বলিতেন 'আমি তপোবনে স্বেচ্ছায় যাইতেছি, আপনি আপনার রাজধর্ম ও কীর্ত্তি অট্ট রাথুন'। রাম সে অবসবও তাঁহাকে দিলেন না। শীতাও তাঁহার প্রজা, কেননা তিনি রামের রক্ষণাধীনা ও পালনীয়া। ভাষবিচার করিতে হইলে উভয় পক্ষের বক্তবা শুনিয়াই বিচার করিতে হয়। এই কি আদর্শ ভাষবিচারক রাজার বিচার হইল ? প্রজারঞ্জন না করিলে রাজ্যপাট থাকে না। রাজা হাতে না থাকিলে রাজসম্পদ ও সজ্ঞোগ প্রাপ্ত হওয়া যায় না। অগ্নিপরীক্ষা দ্বারা বিশুদ্ধ স্কুবর্ণজ্ঞানে যে দীতাকে গ্রহণ করিয়াছিলেন, যিনি পতিপ্রাণা হইয়া স্বামীর দেবার্থ রাজদক্তোগ তুচ্ছ **ক**রিয়া তাঁহার দহিত প্রফুল্লচিত্তেই বনগমন করিয়াছিলেন সেই শীতার নিঃস্বার্থ প্রণয়ের প্রতিদানস্বরূপ, তিনি কি তাঁহাকে লইয়া রাজসভোগকে তাঁহার সহবাস স্থের সহিত তুলনায় অকিঞ্ছিংকর মনে করিয়া, অন্তত্ত যাইতে পারিতেন না ? না, তাহা হইলে তাঁহার নৃত্যগীতবিশারদা, পানোমতা, মনোভিরামা ব্যণীগণকে বঞ্জন কবিয়া নিজের মনোরঞ্জনরূপ আনন্দ উপভোগ হইত না। তাই বালীকি যেন শ্লেষের সহিতই তাঁহার বিদিতায় রামের এইরূপ ভোগের বর্ণনা করিয়াছেন। "অভিষিক্তে তু কাকুংস্থে ধর্মেণ বিদিতাত্মনি।" তিনি রামের মনের পরিবর্তন যে হইবে তাহা পূর্ব্বেই অনুমান করিতে পারিয়াছিলেন, তাই দীতাকে দেখিয়া বলিয়াছিলেন "তুমি যে এখানে আদিবে তাহা পূর্ব্বেই জানিতে পারিয়াছি।" ত্রেভাযুগের সতাব্রত রাম, তাঁহার সত্যপালনে কি, কলিযুগের দেই সভাবত পুরুষপ্রবর সমাট, যিনি তাংকালিক রামদামাজ্যের তুলনায় কত বৃহৎ অর্দ্ধপৃথিবী বিস্তৃত দামাজ্য তুচ্ছ জ্ঞান করিয়া, একটা নারীর জ্ঞা পণ করিয়া যে বাক্য দান করিয়াছিলেন সেই সত্য পালন করিলেন, তাঁহার সমকক্ষ হইতে পারিয়াছিলেন ? সত্যপালনই যদি আদর্শ ধর্ম হয়, তাহা হইলে ইহা অপেকা আর কি আদর্শ হইতে পারে ? উদারদৃষ্টিতে দেখিলে এইরূপই বোধ হয়। তবে "ভিন্নকচিহিঁ মানবঃ।" আমরা মহয়-চরিত্র সহদ্বেই আলোচনা করিতেছি, স্বতরাং মহয়চরিত্রেরই উৎকর্ষ অপকর্ষ আমাদের বিচার্যা। বিষ্ণু অবতার রামের পক্ষে ইহা দােষাবহ না হইতে পারে, স্বতরাং সেইরূপ বিশাসীদের পক্ষে ইহা তিক্ত হইবে তাহাতে সন্দেহ নাই।

এখন আমরা বাল্মীকির 'বিদিতাবানঃ' অর্থাং আত্মজানলর রামের এই সীতাবর্জন কার্য্যে তাঁহার আচরণ সম্বন্ধে বাল্মীকির বর্ণনা অন্ধুসরণেই তাঁহার (বাল্মীকির) মনোগত ভাব প্রকাশ করিবার চেষ্টা করিব। লক্কাকাণ্ড পর্যান্ত সমস্ত ঘটনা তিনি যেরূপ যেরূপ শুনিয়াছিলেন তাহাই লিখিয়াছিলেন। এখন রামের অযোধ্যায় রাজ্যগ্রহণের পর যে সমস্ত ঘটনা ইইয়াছিল তাহা অযোধ্যায় অনতিদ্রবর্তী তমসাতীরস্থ আশ্রমে থাকিয়া তিনি জনশ্রুতিতে বা প্রত্যক্ষদর্শনে বিদিত ইইয়াছিলেন। স্ক্তরাং যেরূপ পারম্পবিক ঘটনা হইতেছিল তিনি সেইরূপই এই উত্তরাকাণ্ডে লিপিবন্ধ করিয়াছেন। যথন যোগসিদ্ধ শুকদেব আত্মজ্ঞানলাভার্থ স্বীয় পিতা ব্যাসদেব * কর্ত্বক রাজ্বি জনকের নিকট প্রেরিত ইইয়াছিলেন

ব্যাসদেবের এই নিজ পুত্র শুককে রাজ্যি জনকের নিকট আত্মজান লাভার্য
পাঠাইবার হেড়, উাহার দে বিষয়ে তৎকালে অসামর্থ্যবশতঃই বলিয়া অসুমান হয়।

যাজ্ঞবজা ক্ষি জনককে আত্মজানের উপদেশ দিয়াছিলেন, তাহা ব্যাসের বিদিত ছিল,

কেননা উভয়েই সমসাময়িক। আত্মজানী ঋবিরা নিজের পুত্রদিপকে আত্মজানের

উপদেশ দিতেন খেমন আরুণি, পুত্র খেতকেতৃকে বলিয়াছিলেন "তর্মিণ"। যদি

তথন রাজা তাঁহাকে নৃত্যগীতকুশলা মনোভিরামা ফুলরী রমণীকুল সমন্বিত সর্ব্বভোগপ্রদ উপবনে তিনদিন বাস করাইয়া পরীক্ষা করিয়াছিলেন— তিনি এই সমন্ত প্রলোভনের মধ্যে বাস করিয়াও আত্মসংঘম রক্ষায় সমর্থ কিনা। তাই—দেখা যাইতেছে রাজবিদেরও রাজ্যের আত্মসদ্ধিক এই সমন্ত ভোগপ্রদ ব্যবস্থা উপযুক্ত অতিথিজনের জন্মই প্রচলিত ছিল। এই সমন্ত আচরণ রাজপুরীর বাহিরেই আচরিত হইত। রাজবিরা রাজ্যশাসন করিতেন, কিন্তু নিজেরা এই ভোগে লিপ্ত হইতেন না। রাম চতুর্দশ বর্ষ বনবাস করিয়া, তপক্রচ্ছু ও যোগসাধনে আত্মজান লাভ করিয়া যথন রাজ্যভার গ্রহণ করিলেন, তথন বাল্মীকি মনে করিয়াছিলেন তাঁহার কল্পনাঠিত আত্মজানপ্রাপ্ত রাম জনক রাজবিদের ভায়ই রাজ্যশাসন ও পালন করিবেন। কিন্তু পরিপূর্ণ যৌবনে রাজ্যভোগে বঞ্চিত রাম, প্রৌঢ়াবস্থার প্রারম্ভে দীর্ঘকাল বৃভূক্ষিতের ভায়ই তাঁহার অন্তপ্ত কামনার বশীভূত হইয়া তাঁহার ভোগতৃঞ্চা

ব্যাসদেব তৎকালে নিজে আত্মজ্ঞান লাভ করিয়া থাকিতেন, তাহা হইলে তিনি
নিজপুত্র শুককে নিজেই উপদেশ দিতে পারিতেন এবং শুকের দেহত্যাগের পরে
তিনি শুকবিয়োগে শোকসন্তপ্ত হইতেন না বা তাহাকে সান্ধনা দেওরার জন্ত শঙ্কর
শিবের আবির্ভাবেরও কোন প্রয়োজন হইত না। ইহা তাহাক কৃষ্ঠ ভীমনুথে বণিত
হইয়াছে। আত্মজ্ঞানী ব্রহ্মবিদ নিজেই ব্রহ্মপুত অবস্থায় স্থিত হন্। হুতরাং তাহার
নিকট তথন ব্রহ্মা, বিঞ্ শিবরূপ পৌরাণিক দেবতার অতিহ নাই। আত্মজ্ঞানী শোক,
তাপ, মোহের অতীত। পুত্রের আত্মা অবিনধর, তাহার নিজ আত্মার সহিত
ভেদরহিত—এইরূপ আত্মজ্ঞান যদি তাহার উপজিত হইত, তাহা হইলে তিনি
শোকাত্র হইয়া হা শুক' শহা শুক' করিয়া রোদন করিতে করিতে তাহার (শুকের)
সম্চাক্ষাবন করিতেন না। ইহার অনেক পরে তিনি সম্ভবতঃ আত্মজ্ঞান লাভ
করিয়াছিলেন নতুবা গীতারূপ অমূল্য রম্ব লোকচকুর গোচর হইত না।

মিটাইতে প্রবৃত্ত হইলেন। রুদ্ধ ভোগতফার উৎস খলিয়া দ্বিগুল বেগে প্রবাহিত হইল। যথন তিনি দিনের পর দিন সেই উপবনে ভোগের স্রোতে মগ্ন হইলেন, তথন বৈদেহী অ্যোনিজা সীতা ক্রমেই তাঁহার মন হইতে অন্তর্হিতা হইবার উপক্রম হইল। তাই দেই অনাদৃতা অযোনিজা বৈদেহীই যেন রামকে বলিলেন—"ম্বিতং কৃত্বা তুরামম বৈদেহী বাক্যমথাত্রবীং। তপোবনানি পুণ্যানি দ্রষ্ট মিচ্ছামি রাঘব ॥" এখানে বৈদেহীই রামকে 'পতি' বলিয়া সম্বোধন না করিয়া 'রাছব' বলিলেন। যে অযোনিজা জ্যোতিরূপা দীতা তপোবনের ফলমূলাহারী উগ্রতেজসম্পন্ন ঋষিরাই দেখিতে পান, সেই সীতাই যেন রামকে বলিলেন "তোমার ভোগবিলাসভুষ্ট হৃদয়ে আর আমার স্থান নাই: যেথানে ঋষিরা তপস্তা ও সাধনা দ্বারা আমাকে প্রাপ্ত হয়, সেই তপোবনরূপ আমার উদ্ভবস্থানেই আমার ঘাইবার একান্ত অভিলাষ।" রাম তৎক্ষণাৎ বলিলেন তাহাই হইবে। যেন এই অযোনিজা সীতার সাহচর্য্য তিনি আর প্রয়োজনীয় মনে করেন না। তিনি তো দীতার দাহায্য বিনা একবারেই আত্মজ্ঞান লাভ করিয়াছেন। তাই সীতা স্বেচ্ছাতেই সেই বালীকি তপোবনে—নিজের উদ্ভব স্থান বাল্মীকির হদয়েই—তাঁহার নিজস্থানেই যাইতে ইচ্ছা করিলেন। সীতা বাল্মীকিরই অমুভূতির প্রকাশ। তাঁহারই কল্পনাপ্রস্ত অযোনিজা সীতা-তাঁহারই আতা হইতে জাত বা প্রকাশিত জ্যোতি। তাই তাঁহারই আত্মজা তাঁহারই ক্রোড়ে চলিলেন—যেন স্বামীগ্রহে, স্বামী-হৃদ্যে অনাদতা কলা নিজের জন্মদাতা পিতার নিকটেই প্রত্যাগমন করিল। যেন বাল্মীকিই তাঁহাকে রামকরে দান করিয়াছিলেন. আবার রাম কর্ত্ব অনাদৃতা ক্যাকে নিজক্রোড়েই স্থান দিলেন। বাল্মীকি রামের আচরণে ইহা বুঝিতে পারিয়াছিলেন, তাই বলিলেন "তৃমি আদিতেছ তাহা আমি পূর্ব হইতেই জ্ঞানিতে পারিয়াছি, আর দেইজন্তই এই অর্ঘ্য লইয়া মহার্ঘ্যা তোমাকে আমার হৃদয়ে রাথিবার জন্তই আমি আগমন করিয়াছি"। ইহাই দাধক রামের সাধনাচ্যতির শেষ পরিণতি। ইহার পর যে রামচন্দ্র একাদশ বর্ষ রাজর করিয়াছিলেন তিনি বাল্মীকির কল্পনাগঠিত আত্মদশী রাম নহেন—তিনি মনুয়্ররূপে অবতীর্ণ বিঞ্-অবতার রাম। তিনি অনেক যাগযক্ত ইত্যাদি দম্পন্ন করিয়া শেষে সর্যু সলিলে প্রয়াণ করিয়া বৈকুঠে গিয়াছিলেন। বাল্মীকির রাম ব্রহ্মভূত, স্কতরাং তাঁহার কোন স্থানে প্রয়াণ নাই। যোগীদের এই পতন দেখাইবার জন্তই বাল্মীকি এই উত্তরাকাপ্ত রচনা করিয়াছেন এবং দীতার বনবাদে তাঁহার রচনাভন্ধীতেই তাহা প্রকাশ পাইয়াছে। এইরূপ কয়েকটী প্তনের দৃষ্টান্ত লেথকের প্রত্যক্ষীকৃত হইয়াছে, তয়ধ্যে একটীর বিবরণ সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল।

কোনও সমৃদ্ধ সম্পতিশালী ব্রান্ধণের একটা পুত্র প্রথম যৌবনে ২১ বংসর ব্য়সে তাঁহার কিশোরী স্থন্দরী ন্ত্রী ও এক বংসর ব্য়স্থ পুত্রকে পরিত্যাগ করেয়, উদাসীন হইয়া গৃহত্যাগ করেম এবং ভারতের নানা গিরি বনপ্রদেশে ভ্রমণ করিয়া অনেক মহাপুক্ষের সঙ্গলাভে আধ্যাত্মিক উন্নতি করতঃ, অযোধ্যাপ্রদেশে উপস্থিত হইয়া তথাতে 'তিববতদেশীয় লামার শিশ্ব কোন বৃদ্ধ যোগীর নিকট যোগ শিক্ষা করেম।' আমরা সমদাময়িক ঘটনা হইতে সেই সময়ের নিগ্র করিয়া জানিতে পারিয়াছি ঠিক সেই সময়ে তিব্যতের গুহাতে দীর্ঘ বংসর যোগদাধনা করিয়া যোগসিদ্ধ তিব্যতী বাবা, অযোধ্যাপ্রদেশের 'লাকনাউ' নগরীতে বিশ্বশ্রিভ প্রামাকান্ত বন্দ্যোপাধ্যায়কে সন্ন্যাদদান করিয়া তাঁহাকে 'সোহহং স্বামী' নামে অভিহিত করেম। আর এই

গৃহ পরি ত্যাগী সন্ন্যাসীও আমাকে বলিয়াছিলেন, যে তিনিই শ্রামাকান্তকে সঙ্গে করিয়া তিব্বতী বাবার নিকট লইয়া গিয়াছিলেন। স্থতরাং ইহাই অফুমান হয় যে ইনিও তিব্বতী বাবার নিকটেই যোগশিক্ষা করিয়াছিলেন। পরে এই যোগসিদ্ধ সন্ন্যাসী বভদেশ ভ্রমণান্তে প্রোচাবস্থায় বন্ধদেশে আসিয়া অনেক বিত্তশালী শিষ্য সংগ্রহ করিয়া তাহাদেরই সাহায়ে প্রায় অর্দ্ধলক্ষাধিক টাকা ব্যয়ে একটা বহুৎ আশ্রম স্থাপন করেন। ক্রমে যথন শিশুমগুলীর সংখ্যা বাডিতে লাগিল, তথন দেই আশ্রমের সম্পদর্ক্ষির সহিত সেই মঠাধীশ সন্নাদীরও অর্থলালদা বাড়িতে লাগিল, এবং তাঁহার ক্রমবর্দ্ধমান ভোগস্পহার সহিত তাঁহার আহারাদিরও মাত্রা অতিক্রম করাতে তিনি কঠিন পীড়ায় শ্যাশায়ী হইলেন। শেষের দিকে তাঁহার চিকিৎসার ভার কতকটা আমার উপর ক্রন্ত হইয়াছিল। আমাদের নিষেধ সত্ত্বেও একদিন তিনি নিষিদ্ধ নানাবিধ স্থস্থাত ভোজাবস্থ প্রস্তুত করিয়া আহার করিলে, তাঁহার আমাশয় ও উদর স্ফীত ইওয়াতে ঘোর বিকার অবস্থা উপস্থিত হইল। তথন সেই অবস্থায় তিনদিন অনবরত চীংকার করিতে করিতে প্রাণ্ড্যাগ করিলেন। তাঁহার মৃত্যুর পর দেখা গেল তিনি প্রায় অর্দ্ধলক্ষাধিক টাকার সম্পত্তি তাঁহার পুত্রকে উইল করিয়া দিয়া গিয়াছেন। আর এই অর্থ আশ্রমের আয় হইতেই উপাব্দিত ও সঞ্চিত। তিব্বতী বাবারও একটী উন্নত শিষ্ট্রের পরিণতি প্রায় এইরূপই হইয়াছিল তাহাও আমরা দেখিয়াছি ৷ স্বতরাং আত্মজান একবার লাভ করিলেই যে তাহা চিরকালের জন্ম সমভাবে স্থায়ী হইবে তাহা নহে। সেই সাধন, জীবনের শেষ মুহূর্ত্ত পর্যান্ত, অভ্যাদ রাথিয়া সমভাবে অব্যাহত রাখিতে হয়। যেরূপ কঠোর অভ্যাদ, পৌরুষ ও অধ্যবসায় সহকারে

এই ছ্র্লভ ছ্র্গ রত্ম লাভ করিতে হয়, তেমনি অধ্যবসায় সহকারে ইহাকে রক্ষণও করিতে হয়। আমরা ইহা দীর্ঘ উনবিংশ বংসর প্রত্যক্ষ করিয়াছি—যথন অনেক লোক সমাগ্যে কথোপকথনের মধ্যেও গুরুদেব সময় সময় যেন অগুমনস্ক হইয়া অনেকক্ষণ স্থির নিশ্চল অবস্থায় থাকিতেন, শিশুভক্তদের উপস্থিতিতে এবং কথোপকথনে তাঁহার সে অবস্থার কোন বৈলক্ষণা হইত না। আবার আমার গৃহে অবস্থানকালে আমি কথন কথন মধ্যরাত্রি বা শেষরাত্রির দিকে তাঁহার শয়নগৃহের নিকটে আসিলে দেখিয়াছি, তিনি বিসিয়া আছেন—যেন কোন্ রাজ্যে ভ্রমণ করিতেছেন। যে আত্মবিদ, মরণের শেষন্ত্রি পর্যন্ত নিজাম হইয়া বস্থ মনে মৃত্যু আলিঙ্কন করিতে পারেন, তিনিই পরলোকে নিশ্রেষ্যঃ লাভ করিতে পারেন ইহাই শ্রুতিবাকা। ইহাই দেখাইবার জ্ব্যু বালীকি এই রাম্চ্রিত্রের উত্তরাকাও রচনা করিয়াছেন। লিঙ্কাণণ্ড পর্যন্ত রাম্যে—অয়ন। আর উত্তরাকাণ্ডে রাম হইতে অয়ন এই যাহা প্রভেদ।

লঙ্কা হইতে প্রত্যাবর্ত্তন করিয়া রাম যথন অঘোধ্যায় রাজ্যভার প্রহণ করিলেন তথন সমস্ত ঋষিদের সহিত, তাঁহার গুরু অগন্তাও তাঁহাকে দেখিতে আসিয়াছিলেন। আত্মবিদ্ গুরু, শিশ্যের আত্মজান লাভ হইলে যেন অন্তর্থামী হইয়াই তাহা জানিতে পারেন, তাই তিনি রামকে বলিয়াছিলেন তুমিই অক্ষর ব্রহ্ম অর্থাৎ 'তর্মসি।' বাল্মীকি অগন্ত্যের মৃথ দিয়াই: রামের পরিচয় দেওয়াইলেন। তথন অনেক পৌরাণিক ঋষিও সেই রাজসভায় উপস্থিত ছিলেন। অগন্ত্যক্ষি অনেক পৌরাণিক উপাধ্যান ও রাবণ, বানর প্রভৃতির পূর্ব্ব ও পরজন্মের অনেক গল্প রামের নিকট করিয়া শেষে বলিলেন।তিনি নারদ্বাধির নিকট যেজপ শুনিয়াছিলেন তাহাই বলিলেন।

স্কৃতরাং এই সমস্ত পৌরাণিক উপাখ্যান পূর্ব্বাপরই প্রচলিত ছিল এবং বাল্মীকি ঋষিও তাহা জানিতেন জন্তই যেন অগস্থোর মুখেই তাহা প্রকাশ করিলেন। রামের রাজ্যাভিষেকের সময় তিনি অযোধ্যায় আসিয়া অগস্ত্যের মুখে এক্কপ রাবণ ও বানরাদির জন্ম শুনিয়া নিজ আশ্রমে যাইয়া রামের জীবনীর সতা ঘটনা অবলম্বনে তিনি তাঁহার চরিত্র বর্ণনা করিতে মনন করিলেন। তথন তাঁহার মনে হইল রামের বনবাস কালে তাঁহার যে সমস্ত ঘটনা হইয়াছিল তাহার সহিত যদি পুরাণোল্লিখিত বর্ণনার সমন্বয় করিয়া সেই সমস্ত তথাকথিত রাক্ষ্স ও বানরদিগকে তত্তংভাবে চিত্রিত করিয়া তাহা দারা রামের সাধনার বা তাঁহার নিজের সাধনার প্রণালীই রামের উপর আরোপ করিয়া দেখাইতে পারেন, তাহা হইলে তাহা লোকের উপকারে আসিতে পারে। দশমাসে তিনি লঙ্কাকাণ্ড পর্যান্ত রচনা করেন। কেন্না অযোধ্যা প্রত্যাবর্তনের পর রাম 'দশসহস্র বর্ষাণি' রাজ্য কবিবার পর সীতাকে বনবাস দিয়াছিলেন। যদি ইহা দশ বৎসর হুইত তাহা হুইলে এই দীর্ঘ সময় তাঁহার পৌরজন ও প্রজাগণ পীতার অপবাদে অযোধ্যা নগরী মুধরিত করিয়া রাখিতে পারিত না। এক শিশিরকালান্তে তিনি লঙ্কাযুদ্ধ শেষ করিয়া অযোধ্যায় আদিয়া ছিলেন, আর তাহার দশমাস অন্তে অন্ত শিশিরকালান্তে তিনি পঞ্চমাস গর্ভবতী সীতাকে বনে দিলেন। পঞ্চমাসেই গর্ভলক্ষণ প্রকাশিত হয়। যদি শরৎকালের অন্তে অর্থাৎ হেমন্তে যুদ্ধ শেষ ক্রিয়া অযোধ্যায় আসিতেন তাহা হইলে বানরেরা বলিত না যে বসস্তকাল আগতপ্রায়। আর শীতকালে সীতার গর্ভসঞ্চার হইলে তাহা প্রথম বসস্তাগমে পঞ্মাস হইত না। বাল্মীকিও তাহা হইলে দশ সহস্রাণি না বলিয়া দ্বিসহস্রাণি বলিতেন। বাল্মীকি ঋষি, রামরূপ ভিত্তির উপর তাঁহারই নিজ আত্মজ্ঞানের উপাদান দিয়া ক্রমে ধীরে প্রথিত করিয়া যে আত্মজ্ঞানের দৌধ নির্মাণ করিয়াছিলেন, তাহা যেন এক ফুংকারে ভূমিদাং হইল—এই দীতার বনবাদে। ইহা আত্মজ্ঞানীর ভ্রম প্রদর্শন করাইয়া যেন তাঁহারই সতর্কবাণী। কিন্তু তিনি বিষ্ণুঅবতার রামের চরিত্র অব্যাহতই রাখিলেন। সমস্ত ভোগ-স্থথের মধ্যে থাকিয়াও যথন আদর্শ বিষ্ণু অবতার বৈকুঠে গমন করিলেন, তথন তাঁহারই অন্নসরণে তাঁহার ভক্ত ও উপাদকই বা দেইরূপ আচরণ করিয়া তাহা না পাইবেন কেন? কেননা বিষ্ণুর পূজা উপাদনা করিতে ওদমন্ত মনঃসংযমাদি কঠোর ক্ষকর অন্ধুষ্ঠানের স্থায় কোন হালামা নাই। মন অন্ধ্রত থাকিলই বা, ফল পুষ্প তোয় দিয়া মন্ত্রপাঠ করিয়া নিত্য নৈমিত্তিক কার্য্য করিলেই যথেষ্ট হইল না কি?

ষ্ড়বিংশ পরিচ্ছেদ

শমুক, শূদ্রক বধ

লক্ষ্মণ দীতাকে বাল্মীকি আশ্রমে পরিত্যাগ করিয়া অযোধাা প্রত্যাগমনকালে পথিমধ্যে স্থমন্ত্র সার্থিকে বলিলেন—"পিতার অনুজ্ঞাক্রমে ঘোর বিজন মরণ্যে চতুর্দশবর্ষ বাস করিয়া রাম যে ত্বংখভোগ করিয়াছিলেন তাহা তাঁহার উচিতই হইয়াছিল। কিন্তু পুরবাসীদিগের কথা শুনিয়া তিনি যে সীতাদেবীকে নির্স্কাদিত করিলেন ইহা অতি নশংস কার্য্য বলিয়া মনে করিতেছি। পৌরগণের অন্তায় কথায় এই অযশস্কর সীতা পরিত্যাগরূপ কার্যা করিয়া রাম কোন ধর্ম রক্ষা করিলেন ? তথন স্থমন্ত্র তাঁহাকে এক পৌরাণিক উপাখ্যান বলিলেন। তৎপরে লক্ষ্মণ রামের গ্রহে প্রবেশ করিয়া তাঁহাকে অশ্রুপূর্ণ নয়নে ও দীনভাবাপন্ন দেখিয়া ব্যথিত হইয়া বলিলেন, "দেখন, অসীম ঐশ্বৰ্যা হইলেও কালে তাহা বিনষ্ট হয়। অতিশয় উন্নতি হইলে সময়ে পতন হয়, জীবের জীবনও কালে বিলয়প্রাপ্ত হয়। স্বতরাং স্ত্রী, পুত্র, মিত্র এবং ধনে অত্যন্ত আসক্ত হওয়া উচিত नरहः, (कनना देशांपत महिल विष्कृत मकल्लत्रहे अवश्रास्त्री। কাকুৎস্থ। অন্তঃকরণোপাধিক জীবাত্মা দারা অন্তঃকরণকে এবং মনদারা মনোবৃত্তিকে সাংসারিক ছঃথ হইতে নিবৃত্ত করিতে পারেন। আপনার তায় মহাপুরুষেরা এইরূপ শোকে অধীর হয় না।" তথন রাম অনেকটা স্বস্ত হইয়া লক্ষ্মণকে অনেক পৌরাণিক উপাখ্যান

বলিতে লাগিলেন। তন্মধ্যে একটা উল্লেখযোগ্য। চুই ব্রাহ্মণ একগাভী লইয়া বিবাদ করতঃ বিচারপ্রার্থী হইয়া গাভীদাতা রাজা নুগের নিকট উপস্থিত হইয়াছিল। তাহারা বহুদিন রাজ-ভবন দ্বারে অপেক্ষা করিয়া রাজার দর্শন না পাইয়া ক্রন্ধ হইয়া রাজাকে অভিশাপ দিল তুমি সর্বভৃতের অদৃশ্য ক্লকলাস হইবে এবং বহুশত বৎসর গহবরে বাস করিলে, যখন ভগবান বিষ্ণু পুরুষদেহ ধারণ করিয়া বাস্তদেব ্রূপে যতুবংশে জন্মগ্রহণ করিবেন তথন তিনি তোমাকে শাপ বিমুক্ত করিবেন। রামচন্দ্র এইরূপ বহু উদ্ভূট পৌরাণিক উপাখাান যাহা মহাভারতে ও পরবত্তী অনেক অর্ব্বাচীন পুরাণে বেশ রদাল করিয়া বর্ণিত হইয়াছে তাহাও বলিলেন। কিন্তু এই ত্রেতাযুগের পুরাণ প্রণেতা, ৪০০ বংসর পরে দ্বাপরযুগে যত্নবংশে যে ভগবান বিষ্ণু বাস্থদেব রূপে জন্মগ্রহণ করিবেন তাহা কিরুপে জানিলেন? তাহাতেই অনুমান হয় যে, এই উত্তরাকাণ্ডের অধিকাংশই, যাহাতে ভগবান ব্রহ্মষি অগস্ত্যের মুখের সাহাযো, নারদক্থিত বহু পৌরাণিক উপাখ্যান বিবৃত হইয়াছে, এবং বিষ্ণু অবতার রামের মুখ দারা ও উল্লিখিত গল্পের ত্যায় অনেক উপাথ্যান কথিত হইয়াছে—যাহার উদ্দেশ্যই ক্লঞ্চের পূর্ণব্রহ্মত্ব স্থাপন, তাহা পরবর্তী পুরাণকারদেরই রচিত বা তাঁহাদের দারাই প্রক্ষিপ্ত এবং রামের জীবনের প্রকৃত ঘটনাবলীই বাল্মীকির রচিত। ইহার কিছুকাল পরে মুনিঋষিদের প্রার্থনামত রাম শক্রন্পকে লবনাস্থর বধের জন্ম মথুরাতে প্রেরণ করিলেন। শত্রুত্ব মথুরা যাতাকালে যে দিন বাল্মীকি ঋষির আশ্রমে রাত্রি যাপন করেন, সেই রাত্রিতে জানকী তুইটা যমজ সন্তান প্রসব করেন।

রাম উচ্চনীচ নির্বিশেষে সকল প্রাণীদেরই প্রার্থনা পূরণ করিয়া ভাষ বিচার করিতেছেন। সেই সময় একদিন একটী কুকুর কোন ব্রাহ্মণ কর্ত্তক প্রহৃত হইয়া বিচারপ্রার্থী হইয়া রাজদ্বারে উপস্থিত হইলে, তৎসংবাদে রাম তাহাকে সভাস্থলে ডাকিয়া আনিয়া তাহার वक्तवा **क्रिनामा** काया विठात क्रितलन। प्रहेंगे विवामी १४-শক্রনিকে সভান্তলে আনিয়া তাহাদের বক্তব্য শুনিয়া তাহাদেরও ত্যায্য বিচার করিলেন, কেননা বিষ্ণু অবতার রাম গুধ-জটায়ুর সহিত কথোপকথন করিয়াছিলেন এবং পশু বানরদিগের সহিতও করিয়াছিলেন। এমন সময়ে একদিন এক ব্রাহ্মণ, মৃত বালক পুত্রকে ক্রোড়ে লইয়া তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিলেন, "আমি কোনও পাপকার্য্য করিয়াছি বলিয়া মনে পড়ে না. তবে আমার কোন কর্মফলে এই চতুর্দশব্যীয় বালক পিতৃকার্য্য না করিয়া বাল্যকালেই মৃত্যুমুখে পতিত হইল ? রামরাজ্য ভিন্ন আর কোথাও এইরপ বালকের অকাল মৃত্য দেখি না। এক্ষণে রামশাসিত রাজ্যে বালকদিগের অকাল মৃত্যু হইতেছে, স্থতরাং রামের নিশ্চয় কোন পাপ আছে। রাজন। অতা রাজার রাজ্যে শিশুর মৃত্যভয় নাই. তোমার রাজ্যেই অকাল মৃত্যু ঘটতেছে, অতএব ইহা তোমার দোষেই হইতেছে। যেরপেই হউক এই মৃত বালককে তোমায় বাঁচাইতে হইবে। কোন নগরে অথবা পল্লীগ্রামে প্রজাদিগের মধ্যে কেই কুকাষ করিয়াছে। অথবা রাজার কোন পাপ সঞ্চয় হইয়াছে, সেইজন্ম এই শিশু মরিয়াছে।

রাম সেই বৃদ্ধ ব্রাহ্মণের কথা শুনিয়া তথন সমস্ত ব্রাহ্মণ মন্ত্রী ও ভাতৃগণকে আহ্বান করিলে, মার্কণ্ডের, মৌদগল্য, বামদের, কাত্যায়ন, কাশ্যপ, জাবালি, গৌতম এবং নারদ এই আটজন ব্রাহ্মণ বশিষ্ঠসহ রাজসভায় প্রবেশ করিলেন। তথন রাম তাঁহাদিগকে ব্রাহ্মণের কথা আন্তুপ্রবিক বলিলে, নারদ সকলের সমক্ষে বলিলেন—"রাজন্! যে-কারণে এই ব্রাহ্মণ-শিশুর অকালমুত্য হইয়াছে তাহা শুনিয়া তাহার প্রতিবিধান করুন। সত্যযুগে ব্রাহ্মণেরাই তপস্থায় নিরত ছিলেন। ত্রেতাযুগে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় উভয়েই তপস্থা করিতেন, কিন্তু ক্ষত্রিয় অপেক্ষা ব্রান্ধণের শ্রেষ্ঠত্ব দেখিয়া মন্তু প্রভৃতি ধর্মপ্রবর্ত্তকগণ সর্বসন্মত বর্ণাশ্রমাচার ব্যবস্থা করিলেন। ত্রেতাযুগে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়েরা যজ্ঞাদিকর্ম দারা চিত্তশুদ্ধি করিয়া তপস্যা করিতেছেন, আর বৈশ্য ও শৃদ্রেরা ত্রাহ্মণ ও ক্ষত্রিয় বর্ণের সেবায় নিযুক্ত আছে। দ্বাপর যুগে বৈখ্যেরা তপস্থা আরম্ভ করিল। শুদ্রন্ধাতিরা কেবল কলিযুগে তপস্তাচরণ করিবে। কিন্তু এই ত্রেতাযুগে কোনও তুর্ব্ব দ্ধি শুদ্র আপনার রাজ্যসমীপে ঘোর তপস্তা করিতেছে। এই বালক সেই কারণেই অকালে মৃত্যুগ্রাদে পতিত হইয়াছে। তুর্মতি মানব, যে রাজার রাজ্যে অধর্ম অথবা অকার্য্য করে, সেই রাজ্যের রাজা এবং প্রজা উভয়েই নরকে যায়, এবং রাজ্যে অলক্ষীর আবির্ভাব হয়। রাজা ধর্মামুসারে রাজ্যপালন করিলেই পুণ্যকার্য্যেরও ষষ্ঠভাগ প্রাপ্ত হন। অতএব আপনি নিজরাজ্য মধ্যে অন্তুসন্ধান করিয়া দেখুন। যেথানে পাপকার্যা অনুষ্ঠিত ইইতেছে দেখিবেন, যত্নপর্বাক তাহা নিবারণ করিবেন। এইরূপ করিলে এই বালকও জীবিত ইইবে।

রামচন্দ্র আহ্বালন নারদের এই কথা শুনিয়া লক্ষণকে সেই বালককে তৈললোণী মধ্যে স্বত্নে রাখিতে আদেশ দিয়া পুপাক রথের শ্বরণ করিলেন, এবং তংক্ষণাং সেই রথ উপস্থিত হইলে, তাহাতে আরোহণ করিয়া সমস্ত দিক অক্টেয়ণ করিয়া বিদ্ধাপর্বতের দক্ষিণস্থিত শৈবলগিরির উত্তর পার্শে স্থিত সরোবরতীরে অধামুখ লম্বমান তপোনিরত এক তপস্বীকে দেখিতে পাইলেন। তিনি সেই উৎকট তপোনিরত তপস্বীর নিকটে যাইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"আপনি

চতুর্ধবর্ণের মধ্যে কোন বর্ণে জন্মিয়াছেন, এবং কোন বরলাভার্থে তুংসাধ্য তপস্থা করিতেছেন ?" তথন সেই তপস্বী অধােমুথে থাকিয়াই বলিলেন—"রাজন্! আমি শুক্তজাতিতে জন্মিয়াছি। তপস্থা বারা দেবলাক জয় করিবার এবং সশরীরে দেবতা হইবার বাসনা করি। আমার নাম শস্ক, আমি শৃক্তবর্ণা" শস্কের এই কথা শেষ ইইতে না হইতেই, রাম কোষ হইতে অসি নির্গত করিয়াই তাংহার মন্তক কাটিয়া ফেলিলেন। তথন দেবগণ পুস্প বৃষ্টি করিয়া রামকে বলিলেন "এই ব্যক্তি শৃক্ত বলিয়া তোমার হত্তে নিহত হইয়াও স্বর্গভাগী হইল না।" তথন দেবতারা বর দিতে চাহিলে রাম বলিলেন "সেই বাদ্দা সন্তান পুনজ্জীবিত হউক এই বর দিন্। আমি বাদ্দেরে পুত্রকে বাঁচাইব এই প্রতিজ্ঞা করিয়াছি, স্বতরাং আমার প্রতিজ্ঞা যাহাতে মিথাা নাহয় তাহাই কক্ষন।" তথন দেবতারা কহিলেন—"এই শ্ব্র যে মৃহুর্ত্তে নিহত হইয়াছে, সেই মৃহুর্ত্তেই সেই বালকের দেহে প্রাণ সঞ্চার হইয়াছে।"

শস্ক শৃদ তপশীর বধনাধনে, রামবাজ্যে পাপাবদান হওয়তে, দেবতারা সন্তুট হইলেন এবং তাঁহাদের বরপ্রভাবে মৃত ব্রাহ্মণ বালক পুনজ্জীবিত হইল, রামও অধর্ম নিরাস করিয়া নিজরাজ্যে ধর্মের ধরজা উড়াইলেন। দেবতা ও ব্রাহ্মণগণ তাঁহাকে 'সাধু' 'সাধু' বলিয়া অভিনন্দন করিলেন। কিন্তু বাল্মীকি এই সত্য ঘটনা বর্ণন করিলেও তাঁহার চক্ষে যে ইহা বিসদৃশ বোধ হইয়াছিল তাহা বেশ ব্রিতে পারা যায—তাঁহার এই শৃদ্রের শধ্ক নামকরণে। তাংকালিক ক্ষত্রিয় সমাজ ব্রাহ্মণ্য-প্রভাবেই চালিত হইত এবং ক্ষত্রেয় রাজ্যণ ব্রাহ্মণদিগের মন্ত্রণাতেই চালিত হইয়া রাজ্যশাসন করিতেন। রাজা দশরও ও রামের রাজ্যকালে বশিষ্ঠাদি আটজন ব্রাহ্মণ শুধু তাঁহাদের

যজ্ঞ কার্য্যেরই ঋত্বিক ছিলেন না, তাঁহারা রাজকার্য্যেও পরামর্শ দিতেন, এবং দেই পরামর্শান্ত্যায়ী কার্য্যই তাঁহারা সম্পন্ন করিতেন। স্বতরাং রামও এস্থানে ভারবাহী বুষের গ্রায়ই নিজের বিবেক বৃদ্ধির উন্মেষের অবসর না দিয়াই, সেই ব্রাহ্মণদের বিচারকেই ন্যায় বিচার শিরোধার্য্য করিয়া, তংক্ষণাং পুষ্পক রথে আরোহণ করতঃ, কলিযুগের বৌদ্ধর্থমাবলম্বী-পাষ্ণুদলনের আয় * পাপের নিরশন করিতে জ্রুত গমন করিলেন। তিনি বিফুই, ত্রেতাযুগে ধর্ম সংস্থাপনার্থ সম্ভব হইয়া রামাবতাররূপে, রাবণ ছব্লুতকারীকে সবংশে ধ্বংস করিলেন—দেবতাদের পরিত্রাণের জন্ম, আর শূদ্র তপস্বী বধ করিয়া তাঁহার রাজ্যে ধ্বংদোনু্থ ধর্মের পুনঃ স্থাপন করিয়া তাঁহার অবতারের উদ্দেশ্য সিদ্ধ করিলেন। স্বতরাং ইহা বিষ্ণুরই কার্য্য বিধায়, ইহা বিচারের বহিভুত। কিন্তু বিষ্ণু বা নারায়ণ যথন ব্রহ্মারূপে প্রজা সৃষ্টি করিয়াছিলেন, তথন তো তাহাদের জাতিভেদ করিয়া তাহাদের বর্ণাশ্রম ধর্ম নির্দেশ করিয়। দেন নাই। তাহাতে। তাঁহারই স্ট মানব জাতিরই মধ্যে, মহু প্রভৃতি ধীমান রাজ্যশাসক কর্ত্তকই প্রচলিত হইয়াছিল—ইহাও সেই নার্দাদি ব্রাহ্মণ্গণই রামকে বলিয়াছিলেন এবং ইহা নার্দ মুখে

^{*} মধার্গে বর্ধন তন্তাচারী বৌদ্ধেরা ব্যভিচার দোষে লিগু হওয়াতে প্রকৃত বৌদ্ধ ধর্মের ক্রম অবনতি হইতে আরক্ত হইল ওবন নির্কাপিত রাহ্মণা ধর্মকে, রাহ্মণগণ প্রকৃদ্দীপিত করিতে হিন্দু সমাজকে প্ররোচিত করিয়া দেই বৌদ্ধানিক পাষ্ডনামে অভিহিত করতে: অনেক নৃশংস হত্যাকার্য্য আচরণ করিয়াছিলেন। সেই সময় অনেক বৌদ্ধর্মারলারী যে সকল ত্রভিদ্য গুহা নির্দাণ করিয়া নিজাদিগের প্রণরক্ষা করিতেন, তাহার অনেক ভয়তুপের নিদর্শন এবনও পাওয়া য়য়। যে সকল বৌদ্ধ বিহার এবনও বর্জমান দেখিতে পাওয়া য়য়, তাহাদের গঠন ও নির্দাণ কৌশল দেখিয়া বোধ হয় সে সকল বেন ছর্গের প্রতিকৃতি।

বাল্মীকিরই উক্তি। কিন্তু ইহার বহু শতান্দী পরে ব্যাসদেব তাঁহার পূর্ণব্রহ্ম ক্লফ ভগবানের মুখে বলাইলেন "চাতুর্বর্গং ময়া স্টাং"। আমি ব্রহ্মই, এই চতুর্বর্গ, স্কান্তর প্রথম হইতেই স্কান্ত করিয়াছি। ইহার প্রমাণের জন্ত শাস্ত্রকারের। ঋণ্বেদের সেই পুক্ষ স্ক্রের নন্ধীর দেখান—তাহা এইরূপ

"যং পুরুষং ব্যদধুং কতিধা ব্যক্তরয়ন্।

মুখং কিমস্ত কৌ বাহু কা উরু পাদা উচ্যতে ॥"
এখানে সায়নাচার্য্যের মতে ব্যদধুং অর্থে সংকল্পেনাংপাদিতবন্তঃ।
কতিধা কতিভিঃ প্রকারেঃ ব্যক্তর্যন্। বিবিধং ক্লিতবন্ত। তারপর
প্রশ্ন হইল সেই ক্লিত পুরুষের মুখ কি, বাহু কি, উরু কি, পদদ্যকে
কি বলা হয় ? তাহার উত্তর হইল

"ব্ৰাহ্মণে হস্ত মুখমাসীৰাছ রাজন্ত ক্বতঃ।

উক্ক তদস্ত যবৈশ্যঃ পদ্ধাং শুদ্ৰো অঞ্জায়ত।"
শাস্ত্ৰ মতে এই চাবিজাতি পুক্ষেব চাবিস্থান হইতে উৎপন্ন হইয়াছে।
অৰ্থাং মুখ হইতে ব্ৰাহ্মণ, বাহু হইতে ক্ষত্ৰিয় রাজ্ঞগণ, উক্ক হইতে
বৈশ্য ও পদ হইতে শুদ্ৰ উংপন্ন হইয়াছে। স্কুত্রাং ব্রহ্ম এই চাবি
বর্ণেব ভেদ করিয়াই মানবজাতি স্টি করিয়াছেন। ইহা জানা
সত্তেও বাল্মীকি কেন বলিলেন, মন্তু এই বর্ণাশ্রম বিভাগ করিয়াছেন।

স্থাপনং চক্রিরে তত্র চাতুর্ব্বণাস্থ্য সঙ্গতম্॥"
কিন্তু একদেশদর্শীর দৃষ্টিতে ঐ ঋগবেদোক্ত স্তক্ত গৃইটীর অর্থ না
দেখিয়া, ইহার অন্থ কয় না কি ? সায়ন ব্যদধু: অর্থে এখানে
সংকল্লম্বারা উংপন্ন করা অর্থ করিয়াছেন। কিন্তু অন্থত্ত দেবী সক্তে
"তাং মাং দেবা ব্যদধু: পুক্ত্রা ভ্রিস্তাত্তাং ভ্র্যাবেশয়ন্তীম"। ব্যদধু:—

"অপশ্রস্তম্ভ তে সর্বের বিশেষমধিকং ততঃ।

एन्द्रा विष्रविष्ठ । कुर्कस्थि । आमारक विश्ववाभी विषय भारत्य करतन বা জানেন। এখানে যদি 'যে প্রক্ষ রূপে ধারণা করা গেল বা যে পুরুষ করা হইল, তাহাকে কতরূপে কল্পনা করা যায় ?' এইরূপ অর্থ করা যায় তাহা কি একেবারেই অসম্ভব হয় ? তাহা হইলে সমস্ত **লোকটী**র অর্থ হয় যে, ত্রন্ধকে যে বিশ্ববাপীরূপে কল্লনা করিয়া পুরুষ করা হইল বা পুরুষরূপে বিদিত করা গেল তাহার মুখ, হাত, উক্ত ও পদকে কিরূপ কল্পনাতে ব্যক্ত করা হইতে পারে? উত্তরে-ইহার মুথ হচ্ছে ব্রাহ্মণ, হস্তম্বয়কে রাজা করা হইয়াছে, উরু হচ্ছে বৈশ্য, আবে পদ হইতে শুদ্র জনিয়াছে। এক শুদ্রই, এই পুরুষের পা হইতে জনিয়াছে, ইহাই বুঝায়। যাহারা জন্মজ মেধাশক্তি সম্পন্ন হইয়া চিন্তা ও গবেষণা দারা জ্ঞানলাভ করিয়া বিশের নানারপ বিভৃতির যথা-সম্ভব তাংকালিক কারণ নির্দেশ ও স্বরূপ নির্ণয় করতঃ তারপর এক হিরণাগর্ভ ও পুরুষের অন্তিত্ব স্থির করিলেন—তাঁহারাই সেই ব্রন্ধের জ্ঞান প্রাপ্তি বশত: বাহ্মণ আখ্যায় অভিহিত হইলেন। তাঁহারা মুখের বাক্যদ্বারাই এই জ্ঞান ও বেদ প্রচার করিয়াছিলেন—তাই বেন তাঁহারাই ব্রহ্মের মুখ বেন ব্রহ্মাই সেই নিজ মুখে নিজের অন্তিত্ব জ্ঞাপন করিলেন। রাজারা বাহুদারা শত্রু ও অনিষ্টকারীকে দমন করিয়া সমস্ত প্রজার রক্ষণ করেন—তাই তাহারা যেন ব্রহ্মের বাহুই-যাহা দ্বারা ক্রন্ধই নিজ সৃষ্টি রক্ষা করেন। ইহারাই (রাজারাই) ক্ষত্রিয়-কং (অনিষ্ট) হইতে ত্রাণ করে যে। আর হলচালন দ্বারা ভূমিকর্ষণ এবং কর্ষিত ভূমিতে বাঁশের মই বা সিঁড়ি দিয়া যে তাহাকে সমতল করিতে হয়, তাহাতে উরুদ্বয়ের বিশেষ শক্তির প্রয়োজন হয়, তাই দেই শস্ত-উৎপাদনকারীরা বৈশ্য নামে অভিহিত হইল। বৈশ্য-বিশ-প্রবেশে, তাহারা লাক্ষল ঘারা ভূমি থনন

করিয়া তাহাতে শস্তবীজ প্রবেশ করাইয়া তাহাতে আবার মই দ্বারা চাপ দিয়া সেই বীজকে সম্যক প্রকারে ভূমিগর্ভে প্রবেশ করায় তাই তাহারা বৈশা। প্রথম স্টুমানব সমাজে ক্রমে সভ্যতার বিকাশে এই রূপই বিভাগ হইয়াছিল, ইহা সেই বৈদিক যুগের সভ্যতারই চিত্র পুরুষে প্রতিফলিত হইয়াছিল। তথন সকলেই নিজ নিজ হস্ত সাহায্যেই সমস্ত কর্ম নিষ্পাদন করিতেন, তাঁহাদের সেবার জন্ম অন্ম লোকের প্রয়োজন হয় নাই। তারপর তাঁহার যথন ক্রমে অধিক বংশ বৃদ্ধি বশতঃ স্থানাভাবে, অধিকার বিস্তৃত করিতেঁ লাগিলেন, তথন আর্থাবর্তের আদিমবাদীদিগকে যদে প্রাজিত ক্রিয়া তাঁহাদের পদতলে আশ্রয় লইতে নমিত ক্রিলেন এবং তাহাদিগকেই দাস জাতিতে পরিণত করিয়া তাহাদের দারাই সেবা করাইবার বাবস্থা করিলেন। যেমন ইয়োরোপের প্রথম ম্ষ্টিমেয় ঔপনিবেশিকেরা আমেরিকায় যাইয়া নিজেদের সভ্যতা ও শৌর্য্যের সাহায্যে তদ্দেশীয় তাৎকালিক আদিম অধিবাসীদিগকে পরাজিত করিয়া দাসরূপে পরিণত করতঃ তাহাদের দ্বারা সমস্ত কায়িক কঠিন পরিশ্রমের কার্য্য করাইয়া লইয়া, নিজেদের সেবাতেও নিযুক্ত করিতেন। এই আদিম জাতিরা তাহাদের জন্মভূমিতে বাস করিয়া জন্মগত স্বাধীনতা হারাইয়া বিজেতা জাতি কর্ত্তক দাসরূপে পরিণত হুইল—তাই থেন এই দাস জাতির জন্ম হুইল। এই দাস জাতির নাম Slave। ইহারা অবস্থাবৈগুণো তাহার প্রতিকারে অসামর্থ্য হেত নিজেদের অদুষ্টকে ধিকার দিয়া শোক করিত। তাই আর্ঘাবর্ত্তের এইরপে পরিণতিপ্রাপ্ত আদিম অসভ্য জাতিরা শোক করিত, এইজন্ম তাহাদের নাম শুদ্র হইল। শুদ্র: পুং শোচতীতি। জ্ঞ শোকে + শুচেদশ্চ। এই বিজ্ঞিত পদদলিত জাতিই যেন উচ্চ বর্ণের পদ হইতে উদ্বৃত হইল, যেন তাহাদের কর্ত্বক কত হইল।
তাই, 'অজায়ত' শবের বাবহার হইয়াছে—তাহাদের (শুদ্রদের)
জন্ত। এই শৃদ্রজাতি পাছে সভ্যতার আলোক প্রাপ্ত হইয়া মন্তব্ব
উন্নত করিয়া তাহাদের জন্মগত মাতৃভূমির অধিকার দাবী করে,
এই জন্ত তাহাদিগকে চিরতরে অদ্ধকারে রাথিবার জন্ত অগণিত
পুরাণশান্তে তাহাদিগের সংস্পর্শজনিত পাপের প্রায়শিত্তার বিধান
হইল। শ্রীমন্তাগবত, বিঞ্পুরাণ হইতে আরম্ভ করিয়া শেষে অনেক
অর্বাচীন পুরাণে তাহাদের অস্পৃত্তাও অশুচিতা বর্ণনা করিয়া
তাহাদিগকে বেদশাস্থাদি অধ্যয়নেরও অধিকার বহিভ্তি করা
হইয়াছে। উদার প্রকৃতি আয়্মজ্ঞানী বেদাভিজ্ঞ বাল্মীকি তাই
এই স্কুণ্ডলির প্রকৃত অর্থ উপলব্ধি করিয়া (তাহার ভূল বশতঃ
নহে) প্রকৃত সত্য কথাই বলিয়াছেন, যে ধীমান্ মহ প্রভৃতি
প্রথম রাজ্যশাসকগণ সমাজের শৃষ্থলা রক্ষার্থ এরূপ বর্ণাশ্রম ধর্ম
প্রচলন করিয়াছিলেন। এই বর্ণাশ্রম ধর্ম রাজ্যশাসিত রাজ্যমধ্যেই
আচরিত হইত।

শদ্ক শৃত্র, রামের রাজ্যসমীপে বিদ্যাচলেরও দক্ষিণে শৈবল পর্বতে গভীর অরণ্যমধ্যে, একাকী তপস্থা করিতেছিলেন। যেমন মহয় জাতিদের মধ্যে ক্রমশঃ বৃদ্ধির উন্মেষ বশক্তঃ, তপস্থাদি আচরণে ব্রাহ্মণ জাতীয়, শক্তির উন্মেষে ক্রিয় জাতীয়, এবং কর্ষণ নিপুণতার উন্মেষে বৈশ্যাদি বর্ণের উদ্ভব হইয়াছিল, তেমনি সেই জাতির অন্তর্গত এই শস্থকেরও বৃদ্ধির উন্মেষেই সে মহয়ের পূর্ববজ্ঞাত দেবতা পদ প্রাপ্তির জন্মই ঘোর তপস্থা করিতেছিল। স্থতরাং সমদশী সর্ব্ব মহয়জাতির পিতার ন্থায় বিষ্ণুরও, তাঁহা হইতেই জাত তাঁহার পুত্রস্থরূপ এই মহয়জাতির উপর সমদর্শন হইলেই তবে

তাঁহার ঈশ্বর অটুট থাকে। তাই বিষ্ণুর অবতার রামের এ কার্যা বিচারে সমর্থিত হয়না। যদি বলা যায় রাম বিষ্ণুঅবতার মহুয় হইয়া আত্মবিশ্বত ছিলেন, অর্থাং নিজকে মহুয়া বলিয়াই জানিতেন, কিন্তু যথন তিনি সমুদ্র শোষণ করিতে উল্লভ হইয়া-ছিলেন তথন তো নিজকে বিষ্ণু বলিয়া না জানিলে এই বাতুলোচিত কার্যা আচরণে প্রবুত্ত হইতেন না! আর এই শমুক বধেও উত্তত হইয়া তিনি পুষ্পক রথের শ্বরণ করিবামাত্রই তাহা মুহূর্ত্ত মধ্যে উপস্থিত হইলে, তিনি মুহূর্ত্মধ্যে চতুর্দ্দিক ভ্রমণ করিয়া স্থদূর विक्याहरलय मिक्कराश्विक कीयन व्यवस्था हेन्सीक इट्टेलन। এट পুষ্পক রথ যেন কোনও দেবতারই প্রতীক কেননা তাহা রামের সহিত কথোপকথন করিত। সে রামকে বিফ্জ্ঞানেই তাঁহার আজ্ঞা বহন করিত। তাহার এত বড় আয়তন ছিল যে তাহাতে সমস্ত রাক্ষ্য ও বানর সেনা আরোহণ করিয়া রামের সহিত অযোধ্যায় আসিয়াছিল। তথন কোন মর্ত্তাবাসী রাজাদের বিমানগামী রথের উল্লেখ কোথাও পাওয়া যায় না। এক ইল্রের বিমানগামী মাতলি সার্থি চালিত রথ ও এই পুষ্পক রথেরই উল্লেখ আছে। মহাভারতের সময়েও রুফ, এই বিমানগামী রথের অভাবেই বিমানগামী রথা-রোহী শত্রু অস্থর সৌভরাজের নিকট শুক্তে যাইয়া যুদ্ধ করিতে না পারিয়া পরাজিত হইয়াছিলেন। স্বতরাং রামের এই কার্যা মমুশ্রের কার্যা নহে। তাই এস্থলেও তিনি বিফু অবতার জ্ঞানেই পুষ্পক রথের স্মরণ করিয়াছিলেন এবং বিষ্ণুরূপেই শুদ্র তপস্বীকে নৃশংসরূপে হত্যা করিয়াছিলেন। শমুক নিজের শুদ্র সম্বন্ধে বলিবা-মাত্রই তাহাকে দ্বিতীয় কথা বলিবার অবসর না দিয়াই, রাম তাহার শিরক্ষেদ্দন করিলেন। তাহাকে তাঁহার রাজ্বোচিত নায় বিচারে জিজ্ঞাসা

করা উচিত ছিলনা কি-কেন সে এই বান্ধণ ও ক্ষত্রিয়াচারোচিত অন্তের নিষিদ্ধ তপস্থা আচরণ করিতেছে ? তাহা হইলে তো সে বলিতে পারিত 'মহারাজ! আমি ঘ্লিত শুদ্র, বেদে আমার অধিকার নাই, কোনও বেদজ্ঞ ব্রাহ্মণাদি উচ্চজাতি আমার ত্রিসীমানায় পদার্পণ করেন না জ্বল্য আমি গুরু অভাবে তপস্থা ও সাধনার উপদেশ পাইতেও বঞ্চিত, এমত অবস্থায় আমি যদি নিজ আত্মবৃদ্ধির .উন্মেষে এই বিশ্বকে গুরু করিয়া আত্মোন্নতি করিতে আপনার রাজ্যসমীপে এই লোক সমাগ্যসূত্র বিজন অরত্তে সাধনা করি, তাহা হইলে আমার কি অপরাধ হইতে পারে'? যে রাম তাঁহার জাতি নির্কিশেষে প্রজাপালন ও রঞ্জনের পরাকাষ্ঠা দেখাইয়া আদর্শ তায় বিচারকর্মপে কীর্ত্তিলাভ করিয়াছিলেন, তাঁহার কি উচিত ছিল না এই একদেশদর্শী ব্রাহ্মণ কর্ত্তক আরোপিত-পাপে-লিপ্ত শৃদ্র তপস্বীকে তাহার বক্তব্য বলিবার অবসর প্রদান করিতে? এইরপেই কি তাঁহার আম বিচারের পরাকাষ্ঠা বাল্মীকি দেখাইলেন? এই দৃষ্টাস্তে বাল্মীকি দেখাইলেন, রাম কিরূপ আত্মজ্ঞান লাভ করিয়াও তাহা হইতে ভ্রষ্ট হইয়াছেন। আত্মজানী, আত্মদুশী দ্বভিতে আত্মা বিরাজিত দেখিয়া, সকলকে সমভাবে দেখেন। আত্মজানী রাম, এই শুদ্রেরও যে আত্মজ্ঞান লাভে তাহার জন্মগত অধিকার আছে, তাহা দেখিতে পাইতেন না কি?

প্রকৃতির একটা প্রতিশোধ আছে। প্রকৃতি বিক্রদ্ধ কান্ধ করিলেই, প্রকৃতিই যেন তার প্রতিশোধ লয়। ভূমিকম্পে লোকক্ষয় একটা প্রকৃতিরই প্রতিশোধ। মহুযাজাতি তাহার ক্রমবৃদ্ধি বিকাশে প্রকৃতিজাত ফলমূল আহার করিতে করিতে রন্ধন শিথিল। সেই রন্ধন কার্য্যে তাহারা এতদ্ব বৃদ্ধির বিকাশ দেখাইল, যে অনেক সময়ে সেই রন্ধন কার্য্য দারা নিপান্ন

আহার তাহাদের বোগ ভোগের বা মৃত্যুরও কারণ হইয়া থাকে। প্রকৃতিজাত তৃণবৃন্ধাদি ও মৃত্তিকা সংযোগে তাহারা নিজ বৃদ্ধিবলে গৃহ রচনা করিয়া তাহাতে স্বচ্ছন্দে বাদ করিয়াও তৃপ্ত না হইয়া, শেষে সেই প্রকৃতির গাত্রমাংস স্বরূপ মৃত্তিকা দগ্ধ করিয়া ইষ্টক প্রস্তুত করতঃ তাহা দ্বারা অটালিকা নির্মাণ করিল। সেই গাত্র-মাংসহীন প্রকৃতিই যেন যন্ত্রণায় তাহার গাত্ররপ-ভূমি কম্পন করিয়া, সেই অট্রালিকা ভমিদাং করিল। আর সেই অট্রালিকা-বাদীর প্রাণ হনন করিয়াই যেন তাহার প্রতিশোধ লইল। বৃক্ষছায়া বা পর্ণকৃটিরবাদী কয়জন লোক ভূমিকম্পে মৃত্যুমুখে পতিত হয় ? মমুষ্য, সমস্ত প্রাণী ও উদ্ভিদ এই প্রকৃতিরই দেহের একটা অংশ ভূমি হইতেই উদ্ভত। মাতা এই প্রকৃতির অন্তর্গত ভূমিজাত আহারেই দেহের পোষণ করিয়া গর্ভস্থ সম্ভানকে পোষণ করেন। তারপর গর্ভ হইতে নিঃস্ত হইয়া, সেই স্মান ভূমিতলেই আশ্রয় পাইয়া প্রকৃতিজাত পদার্থের সাহায্যেই বৃদ্ধিত হইয়া মৃত্যু প্রয়স্ত জীবিত থাকে। স্থতরাং তাহার জননীরও যে জননী সেই ভূমি, তাহাকেই দে পীড়িত করিয়া যেন তাহারই মাংস বিক্বত করিয়া সে নিজ বিলাসিতা চরিতার্থ করে। আর্যা ও অনার্যা জাতি উভয়েই এই ভারতমাতার ভূমিতেই জন্মগ্রহণ করিয়া, সহোদর ভ্রাতার স্থায়ই বাদ করিতেছিল। দেই অস্থররূপ অনার্যাঞ্জাতির নিশ্মল করিয়া वा তাহাদিগকে বিজিত করিয়া এবং শূদ্ররূপে পদদলিত করিয়া কতদিন আর্য্যজাতি তাহাদের অভ্যুত্থান বন্ধ করিয়া রাথিতে পারিয়াছিল ? দ্বাপরের শেষে কলিযুগের প্রারম্ভেই শূদ্রাণীগর্ভজাত কৃষ্ণদ্বৈপায়ন এমন প্রভাব বিস্তার করিলেন, যে তাঁহারই গঠিত পূর্ণব্রহ্ম ক্লফ ভগবানকে উপলক্ষ্য করিয়া, তাঁহারই ভাগবদ্ধ-

প্রচার করিলে, উত্তরাধিকার স্থতো অধিকার ভ্রষ্ট বহু ব্রাহ্মণ সস্তান পিতৃ পিতামহের আচরিত ব্রাহ্মণ্যধর্ম পরিত্যাগ করিয়া, তাহাই সমাদরে গ্রহণ করিয়া প্রধান প্রধান ভাগবত নামে পরিচিত হইয়াছেন এবং হইতেছেন। সেই দন্ধীর্ণ ভাগবত ধর্মের স্রোত ক্রমে প্রসারিত হইয়া এই কলিযুগের শেষ অবস্থায় এখন এমন দাঁডাইয়াছে, যে জাতিগত বান্ধণ সন্তানেরাও এখন অনেক প্রম-হংসাপ্য শুদ্র মহাত্মাদিগের নিকট শির অবনত করিয়া তাঁহাদের শিশুত্ব গ্রহণ করিয়া নিজদিগকে কুতার্থ মনে করিতেছেন। হায় ব্রাহ্মণ! আপনারা না সেই ব্রহ্মবিদ আর্যাঞ্মিদের স্ন্তান বলিয়া পরিচয় দিয়া তাঁহাদেরই নামীয় গোত্র ও প্রবর অবলম্বনে গর্কা করিয়া নিজদিগকে সমাজের শীর্ষস্থান অধিকার করিবার একমাত্র উপযুক্ত পাত্র বলিয়া দাবী করেন ৷ আর তাঁহাদেরই এই অবনত শির যেন সেই শুদ্রতপদ্বীরই পুনরভাূত্থানে প্রতিশোধ গ্রহণের সাক্ষ্য দিতেছে। পক্ষান্তরে যেন সেই অনার্য্য জাতিরই অভ্যুখানের ফলে পরাক্রমশালী বিদেশীয় বিধন্মী জাতি, স্বধর্মচ্যত হিন্দুজাতিকে পদতলে পেষিত করিয়া ও বিজিত করিয়া শূদ্রত্বে পরিণতকরণরূপ প্রতিশোধ গ্রহণ করিতেছে। উদার দৃষ্টিতে দেখিলে এইরূপই বোধ হয়। ইহাই প্রকৃতির প্রতিশোধ। তাই বাল্মীকি রামের এই কার্য্যকে একটী শম্বক বধের দৃষ্টান্তে এই শূদ্রতপস্বীর নাম শম্বক দিয়াছেন। নিরীহ, মুণা শম্বক নিজ বৃহৎ আবরণে দেহ আবৃত করিয়া ধীরে ধীরে স্বীয় গন্তব্যপথে যাইতেছে। পথচারীর কোনও অনিষ্ট তাহা দ্বারা হইতেছে না তবুও সে তাহাকে পদদলিত করিয়া তাহার জীবনলীলা শেষ করিল। ইহাতে তাহার কোনও প্রয়োজন সিদ্ধ হইল না, কেননা তাহা ঘুণা অভক্ষা। রাম, রাজ্যের একটা মহৎপাপ নাশ

করিবার জন্ম মহাসমারোহে পুষ্পক রথে আরোহণ করিয়া মহাবান্ড হইয়া যেন একটা ধর্মের বাধারণ পর্বত ধ্বংস করিতে যাইতেছেন বা সমুদ্রশোষণ করিয়া ধর্মরত্ব উদ্ধার করিতে যাইতেছেন! তাহার ফলে হইল কিনা পর্বতের একটা মৃষিক প্রসব, আর সমুদ্র হইতে একটা শম্বক বধ। রামের এতবড় একটা মহৎকার্য্য বাল্মীকি একটা শম্বুক বধের সহিত তুলনা করিয়াই ইহার নাম দিয়াছেন শম্বুক वध। स्मर्टे मुख जभन्नी, निकार क्रमभन इटेर्ड अन्य कतिया, বিজন অরণ্যে, নিজ গন্তবাপথেই গমন করিতেছিল, আর প্রচারী রাম বিনা প্রয়োজনেই তাহাকে শহকের তায় বধ করিলেন। ব্রাহ্মণ নারদ এই অবশ্রস্তাবী শুদ্রজাতির অভ্যুত্থান প্রতিরোধ করিবার জন্মই রামকে এই কার্য্যে প্ররোচিত করিয়াছিলেন, যেন চিরকালই তাঁহারা তাঁহাদের প্রভাব অব্যাহত রাথিতে পারিবেন। তিনি নিশ্চয়ই এই শুদ্র তপস্বীর কথা শুনিয়াছিলেন, অথবা প্রত্যক্ষ করিয়াছিলেন, নতুবা রামকে কি করিয়া বলিতে সমর্থ হইলেন তাঁহার রাজ্যসমীপে কোন শূদ্র তপস্থা করিতেছে। রামের মনে এই সামান্ত বৃদ্ধিটীও যোগাইল না, যে জীব আপন কর্মফলেই স্থুথ ছঃখ মৃত্যু প্রাপ্ত হয়। চাই তা এই জন্মেই হউক বা পূর্ব্ব জন্মেই আচরিত হউক। ব্রাহ্মণ নিজেই তো এই কর্মফলের কথা বলিয়াছিল। ব্রাহ্মণ বালক তাহার পূর্বজন্মাজ্জিত কর্মফলেই এই অকালমৃত্যু প্রাপ্ত হইয়াছিল, একথা বশিষ্ঠ জাবালি প্রভৃতি আত্মদশী মহাপুরুষেরাও রামকে বুঝাইয়া বলিতে পারিতেন! নারদ ব্রাহ্মণের উক্তিই কি তাঁহারা মৌনভাবে থাকিয়া সমর্থন করিলেন ? এই জাবালি ঋষি একবার বিবেকসমত কথা বলিয়াই রামের নিকট চৌর আখ্যাপ্রাপ্ত হইয়াছিলেন। তাই তাঁহার। মৌনাবলম্বন করিয়াছিলেন। স্থতরাং

ধর্মের খোলসরপ তাংকালিক আচরিত ধর্মের বিধান ও নিষেধ সম্বন্ধে তাঁহারা উচ্চবাচ্য না করাই শ্রেয়: মনে করিলেন। এই ব্রাহ্মণ নারদ দেবর্ষি নারদ নহেন। দেবর্ষি নারদ দেবতাসস্থত, चर्ला शांकिरजन, मर्पा मर्पा काँमन वाधारेवांत जन পृथिवीरज আবিভূত হইতেন। ইনি কি সেই গোপপত্নী শুদ্রাণী কলাবতীর গর্ভে নারদ কাশ্রপ ব্রাহ্মণের ঔরসজাত অম্বষ্ঠ নারদ ? তাই তাঁহার এত ব্রাহ্মণ্য প্রবিষ্ঠ খাটি অপেক্ষা মেকির প্রভাবই বেশী হয়। তাহার ভূরি ভূরি দৃষ্টান্ত বর্ত্তমানকালে সকলেরই প্রত্যক্ষ হইতেছে। বিষ্ণু অবতার রাম না হইলে কুকুরী ও শকুনির কথা ভানিয়া তাহাদের বিচার করিয়াছিলেন কিরূপে ? ইহা মনুয়ের পক্ষে অসম্ভব। স্থতরাং দেই বিষ্ণু অবতার রাম যথন দেই ঘূণিত পশু ও পক্ষীকে সভান্থলে আনমন করিয়া, তাহাদের বিচার করিয়া তাঁহার উদারতা দেখাইয়াছিলেন, তথন তাঁহারই স্বাষ্ট্র শ্রেষ্ঠ এই মহয়জাতীয় জীব কি তাঁহার নিকট এতই ঘুণা হইল, যে তাহাকে হত্যা করিয়া, স্বাধিকার চ্যুত করিলেন! এই রামচরিত্রের বিশ্লেষণ অনেকের মন:পৃত হইবে না তাহা আমরা জানি।

সপ্তবিংশ পরিচ্ছেদ

রামের অশ্বমেধ ও সীতার পাতালপ্রবেশ

অতঃপর রাম ভরত ও লক্ষণকে বলিলেন "আমি নিজের প্রতিজ্ঞা-মত অমুত্তম ব্রাহ্মণকার্য্য সম্পন্ন করিয়াছি "কৃতং ময়া যথাতথাং দ্বিজকার্যামমুত্তমম।" এক্ষণে কোন সর্ব্বপাপবিনাশন অক্ষয় অবায় ধর্মকার্যা করিতে ইচ্ছা করিতেছি। আমি সর্ব্বোত্তম রাজস্থয় যজ্ঞ করিতে ইচ্ছা করি। রাজা স্বহুত রাজস্য যজ্ঞ করিয়া বরুণত লাভ করিয়াছেন। তথন ভরত কহিলেন—"রাজন। আপনি রাজসুয় য়জ আরম্ভ করিলে রাজবংশ লোপকারী পৃথিবীবাসী প্রবল পরাক্রমশালী বীরগণ ক্রোধে জয়লালসার পরবশ হইবেন, অতএব তাঁহাদের ক্ষয়ও উপস্থিত হইবে। এই বিপুল স্মাগ্রা বস্তুদ্ধরা আপনার বশবতী হইয়া আছে, অতএব ইহাকে বিনাশ করা আপনার উচিত হয় না।" তথন লক্ষ্ণ রামকে বলিলেন—"রাঘব। মহাযক্ত অখ্যেধ নিথিল-পাপবিনাশক: স্বতরাং আপনি নিষ্পাপ হইলেও দেই যজে প্রবৃত্ত হউন। দেবরাজ ইন্দ্র ব্রহ্মহত্যা করিয়া অখ্যমেধ দ্বারা পবিত্র হইয়াছিলেন।" তথন রাম লক্ষণকে বলিলেন "অথমেধ-বিধানজ্ঞ ব্রাহ্মণশ্রেষ্ঠ বশিষ্ঠ, বামদেব, জাবালি, কাশ্রপ এবং অ্যান্স ব্রাহ্মণগণকে আহ্বান কর। আমি তাঁহাদিগের সহিত পরামর্শ করিয়া যথানিয়মে স্থলক্ষণ অশ্ব ছাড়িয়া দিব।" তথন রাম সকলকে ঘথাযোগ্যরূপে আদেশ করিয়া বলিলেন "দোকানের সহিত বণিকগণ, নট, নর্ত্তক

এবং নবযৌবনা কামিনীগণ ভরতের দহিত যজ্ঞস্থলে গমন কর্মক,
এবং যজ্ঞকর্মে দীক্ষিত হইবার জন্ম আমার পত্নীর কাঞ্চনমন্ত্রী মৃত্তি
লইন্তা যাউক।" তথন তিনি লক্ষণকে অখাহ্মদরণে নিযুক্ত করিন্তা,
নৈমিষে যজ্ঞস্থলে আগমন করিলেন। ইতিপূর্ব্বে শক্রম্ম লবণাস্থর বধ
করিতে গিন্নাছিলেন। দেখানে মথ্রা নগরী স্থাপনপূর্ব্বক ঘাদশ বর্ষ
পর অযোধ্যায় প্রত্যাগমনকালে বাল্মীকি ক্ষির আশ্রমে উপস্থিত
হইলেন। এই সমন্ত্র বত্দ্র পর্যান্ত রামচরিত প্রকাশিত হইন্নাছিল
তত্দ্র পর্যান্ত ঘটনা লইন্তা মহর্ষি বাল্মীকি এক কাব্য রচনা
করিন্নাছিলেন। শক্রম্ম দেই রামচরিত গান শুনিতে লাগিলেন।
তিনি এই মধ্র দক্ষীত শুনিমা, কে তাহার গাম্বক তাহার সন্ধান
পাইলেন না।

এদিকে সেই মহাযজ্ঞ নির্কাহ হইতে থাকিলে, ঋষিপ্রধান ভগবান্ বালীকি শিয়গণসহ তথায় আগমন করিয়া ঋষিগণের নিকট অবস্থান করিতে লাগিলেন। "সশিয় আজগামাশু বালীকির্ভগবান্ষিঃ।" পরে মহর্ষি বালীকি তাঁহার শিয়া লব ও কুশকে বলিলেন—"তোমরা ঋষিগণের আশ্রমে, ব্রাহ্মণদিগের গৃহে, রাজভবনে, রাজপথে, রামচন্দ্রের গৃহছারের নিকট এবং যজ্ঞস্থলে ঋষিকগণের নিকট বাইয়া, পরমানদ্দে সমগ্র রামায়ণ গান কর। যদি মহারাজ রামচন্দ্র তোমাদিগকে সভাস্থলে গান করিবার জন্ম ডাকেন, তোমরা নির্ভয় হদয়ে তথায় সঞ্চীত করিবে। যদি তিনি তোমাদের পরিচয় জিজ্ঞাসা করেন, তোমরা এই মাত্র বলিবে আমরা বালাকির শিষ্য। তৎপরদিন লব ও কুশ

এই বাল্মীকি ভগবান্ ঋষির উল্লেখ থাকাতে বোধ হয় এই অংশ অস্থ কাহারও রচিত কেননা বাল্মীকি যে নিজকে ভগবান্ কাথ্যায় ভৃষিত করিবেন ইহা সন্তব নহে।

স্থানে স্থানে রামচরিত সঙ্গীত করিতে লাগিলেন। সেই সভাস্থ সকলে সেই মধুর সঙ্গীত শ্রবণ করিয়া মোহিত হইলেন। তাঁহার। বলাবলি করিলেন এই বালকদ্বয় যেন রামচন্দ্রেরই প্রতিবিদ্ব হইতে নির্মিত। রামচক্রও সেই দঙ্গীত প্রবণ করিয়া তাহাদিগকে বত স্থবর্ণ মুদ্রা দিতে আদেশ করিলেন। তথন তাহারা বলিল, তাহারা বনজাত ফলমূল আহারে জীবিকানির্বাহ করিয়া বনে বাস করে, তাহার। স্থবর্ণ লইয়া কি করিবে। তথন রাম জিজ্ঞাসা করিলেন— "এই কাব্যের রচয়িতা কে, এবং সেই মুনিবর কোথায় ? তথন বন্ধল পরিহিত মুনিবালকদ্বয় বলিল "ভগবান বাল্মীকি এই কাব্যের রচয়িতা। তিনি এই কাব্যে আপনার সমস্ত চরিত বর্ণন করিয়াছেন এবং এক্ষণে তিনি এই যজ্ঞস্থানেই আছেন।" রাম বহুদিন ধরিয়া এই দলীত ভানিলেন। পরে কুশ ও লবকে সীতার পুত্র জানিয়া দতদিপকে ডাকিয়। বলিলেন "তোমরা ভগবান বাল্মীকির নিকট যাইয়া আমার এই কথাগুলি বল 'জানকীর চরিত্র যদি বিশুদ্ধ ও নিষ্পাপ হয়, তাহা হইলে তিনি মহর্ষির অনুমতি লইয়া তাঁহার বিশুদ্ধতার পরিচয় দিন'। তোমরা মহর্ষি ও দীতার মনোগত অভিপ্রায় জানিয়া দীতা যদি বিশুদ্ধতার পরিচয় দিতে দখতা হন. তাহা হইলে শীঘ্ৰ আসিয়া আমাকে বলিবে। তাহা হইলে কলা প্রাতেই জানকী সভামধ্যে শপথ কঙ্কন।" দূতগণ বাল্মীকির নিকট ইহা বলিলে তিনি বলিলেন "রামচন্দ্র যাহা বলিয়াছেন তাহাই হইবে। সীতা সভামধ্যে শপথ করিবেন।"

তংপরদিন প্রাতঃকালে সমস্ত মৃনি ঋষি, রাজগণ সভাস্থলে উপস্থিত হইলে, মুনিবর বাল্মীকি সভায় আদিলেন। জানকী মনোমধ্যে রামকে ধ্যান করিতে করিতে অবনতমন্তকে কর্যোড়ে মহর্ষির পশ্চাৎ পশ্চাৎ

সভামধ্যে উপস্থিত হইলেন। পরে মহর্ষি বাল্মীকি সীতাকে লইয়া मिठे जनमगुरङ्क मर्सा श्रादम कतिया विलालन "नामत्ररथ। भीठा. পতিব্রতা ধর্মচারিণী হইলেও তুমি লোকনিন্দার ভয়ে তাঁহাকে আমার আশ্রমে পরিত্যাগ করিয়াছিলে: যাহাতে তোমার লোকাপবাদ ভয় দুর হয়, ইনি ভোমাকে এমন প্রতায় দিবেন, তুমি ইহাকে অনুমতি দাও। আমি সতা বলিতেছি, জানকীর গর্ভজাত এই চর্দ্ধর্য তনয়যুগল তোমারই পুত্র। আমি প্রচেতার দশম পুত্র; আমি পূর্বের কথনও মিথা। বলি নাই। রাম। সীতার পঞ্জতের সমষ্টিস্বরূপ শরীর, মন এবং পঞ্চ ইন্দ্রিয়ে কোন পাপ নাই, ইহা আমি বিশেষরূপে জানিয়াই ইহাকে আমার আ**শ্র**মে স্থান দিয়াছিলাম। তুমি লোকনিন্দা ভয়ে ভীত হইয়াছ বলিয়াই এই শুদ্ধচারিণী নিস্পাপা দীতা তোমার দমুখে প্রত্যয় দান করিবেন।" তথন রাম কহিলেন "বৈদেহী পুর্বেও প্রতায় দান করিয়াছিলেন বলিয়াই আমি তাঁহাকে গৃহে আনিয়াছিলাম। লোকনিন্দাভয়ে আমি সীতাকে নিম্পাপা জানিয়াও পবিত্যাগ কবিতে বাধ্য হইয়াছিলাম। এই যমজাত কুশ ও লব যে আমারই পুত্র তাহাও আমি জানি। তথাপি সীতা ত্রিভূবনবাসী সকলের নিকট বিশুদ্ধা বলিয়া পরিচিতা ও আমার প্রিয়পাত্রী হউন।" তখন কাষায়বসনধারিণী সীতা ভূতলে দৃষ্টিনিক্ষেপ পূর্ব্বক করযোড়ে বলিতে লাগিলেন "আমি রাম ভিন্ন অন্ত কাহাকেও কখনও মনে স্থান দিই নাই. এই সতাবলে ভগবতী বস্তব্ধরা আমাকে তাঁহার গর্ভে বিবর দান করুন। আমি শপথ করিয়া বলিতেছি রামচন্দ্র ব্যতীত আমি অন্য কাহাকেও জানি না।" সীতা এইরূপ তিনবার শপথ করিলে তথন এক অত্যন্তত ব্যাপার সজ্যটিত হইল। ভূগর্ভ হইতে এক অত্যুত্তম দিব্য সিংহাসন উথিত হইল। বস্তম্ধরা দেবী হুই হস্তমারা দীতাকে তুলিয়া দেই

আসনে বসাইলেন। সীতা দেবী সেই সিংহাসনে উপবিপ্তা হইয়া রসাতলে প্রবেশ করিতেছেন দেখিয়া স্বর্গ হইতে দেবতারা পুস্পরৃষ্টি করিতে লাগিলেন। তথন রাম একান্ত শোকে অধীর হইয়া আত্মহারা হইয়া শরাঘাতে বস্কন্ধরাকে বিদীর্গ করিয়া পীড়িত করিতে উত্থত হইলে, বন্ধা আসিয়া বলিলেন—"রাম! তুমি বিষ্ণু হইতে অবতীর্গ ইহা স্মরণ কর। সীতা তোমার জহ্য বৈকুঠে অপেক্ষা করিতেছেন, সেধানে তোমার সহিত মিলন হইবে।" এইরূপে সীতা পাতালে প্রবেশ করিলে রাম সীতাশোকে যারপরনাই কাতর হইয়া উঠিলেন এবং সমন্ত সভাস্থ জনগণকে বিদায় দিয়া সীতাকে হলয়মধ্যে ধ্যান করিতে করিতে অযোধ্যানগরীতে প্রবেশ করিলেন। তিনি আর দিতীয়বার বিবাহ করিলেন না।

মানবী দীতার দকরুণ আহ্বানে ধরিত্রীদেবীর অবির্ভাব ও দীতাকে ক্রোড়ে লইয়া ধরণীগর্ভে তিরোভাব একটা অত্যভুত অলৌকিক ঘটনাজন্য অনেকেই ইহা অদন্তব বিবেচনায় বিশ্বাদ করিতে নারাজ। তাই ইহার একটা দন্তাব্য দমাধান যাহা হইতে পারে তাহাই আমরা দেখাইবার চেটা করিব। দীতা, রামকর্ত্ব নির্কাদিতা হইয়া বাল্মীকি আশ্রমে ফলমূলাহারে দংযমী হইয়া, অন্তান্থ তপস্বিনীদের ভায় একাদশবর্ষ, যোগী বাল্মীকির পদচ্ছায়ায় থাকিয়া যোগ-সাধনা করিয়াছিলেন, কেননা তিনি রাজর্ষি জনকের আত্মজারূপে পালিতা হইয়া তাহার উপদেশে এ দম্বন্ধে প্রাথমিক উপদেশও পাইয়াছিলেন। বাল্মীকি-আশ্রমে ছইটী দন্তান প্রস্বের পর তাহার একাদশ বর্ষ ব্রন্ধচর্যেই অভিবাহিত হওয়াতে তাহার দাধনাও দৃটীভূত হইয়াছিল। এখন তাঁহার একটীমাত্র কর্ত্বব্য ছিল—তাঁহারই গর্ভজাত রামের ছইটী পুত্রকে তাহাদের পিতৃহন্তে ন্যন্ত করা। এই কর্ত্বব্যের জন্মই

তিনি গর্ভাবস্থায় প্রাণত্যাগ করেন নাই। তাই পুত্র তুইটা সঙ্গে লইয়া বাল্মীকি ঋষির সহিত, তিনি সেই যজ্ঞস্থলের এক নিভত স্থানে নিজকে লোকলোচনের অগোচরে রাথিয়া, অপেক্ষা করিতেছিলেন-যদি রাম সেই বাল্মীকিরচিত রামায়ণ শ্রবণে এবং বালক তুইটীতে তাঁহার নিজের সৌদাদৃশ্য দেখিয়া চিনিতে পারিয়া তাহাদিগকে গ্রহণ करतन। किन्छ यथन छनिएलन त्राम छाशापन मूर्थ वर्षिक शिक्शारम, পীতার গর্ভাবস্থায় নির্ববাসন, বাল্মীকি আশ্রমে আশ্রয় গ্রহণ শুনিয়া ও ভূমিষ্ঠ সন্তানের একাদশ বর্ষের ভায় বন্ধিত অবয়ব এবং সর্ক্ষোপরি তাঁহার সহিত তাহাদের সর্ব্ধপ্রকার সৌসাদৃশ্য দর্শনেও, তাহাদিগকে পুত্র বলিয়া গ্রহণ করিলেন না, এবং তিনি শপথ না করিলে তাঁহাকেও গ্রহণ করিবেন না, তথন তিনি সেই প্রত্যয় দানের জন্মই সভাস্থলে শপথ করিতে আসিলেন। ব্রীড়াবনতমুখী অত্যাস্পশ্যা রাজমহিষী সীতা, লম্বাতে অসভ্য রাক্ষ্য ও বানরের সম্মুখে বাহির হইতে কুঞ্চিতা হইয়াছিলেন, কিন্তু বনচারিণী তাপদী দীতা, দেই আর্যাবর্ত্তবাদী সভ্য জনসমূহপূর্ণ বৃহৎ সভাস্থলে অকুষ্ঠিতচিত্তে, বাল্মীকির পশ্চাৎ পশ্চাৎ আসিয়া রামের সমীপে দণ্ডায়মানা হইলেন। পতির সহিত মিলনাকাজ্যায় বা রাজপ্রাসাদে রাজমহিধীরপে প্রতিষ্ঠিতা হইবার জন্ম তিনি স্বেচ্ছায় এই যজ্ঞকেত্রে আসেন নাই। তাঁহার প্রাণবিনিময়েও যদি রামের সন্তানম্বয় রামের ক্রোড় প্রাপ্ত হয়, তাহাই সাধন করিতে. মৃত্যুপণ করিয়াই তিনি সভাস্থলে নিভীকচিত্তে প্রবেশ করিয়াছিলেন। আর তাহা সাধন করিলেন সেই মৃত্যুকেই নিভীকচিত্তে আলিঙ্গন করিয়া। ইহাতে কিছুই আশ্চর্যা হইবার নাই। অনেকেই এইরপ তুই একটা সত্য ঘটনার কথা সংবাদপত্রে পাঠ করিয়াছেন। কিছুদিন পুর্বেও একটা পতিত্রতা রমণী স্বামীর অবশুস্থাবী মৃত্যু জানিয়া,

তাঁহার মৃত্যুর পূর্বেই দেহত্যাগ করিবেন এইরূপ দ্যমনা হইয়া, স্বামীর মৃত্যুর কিছু পুর্বেই কোনরূপ অস্বাভাবিক উপায় অবলম্বন না করিয়াই স্বীয় প্রাণত্যাগ করিয়াছিলেন। তাই সীতা বলিলেন, 'জননী বস্তন্ধরে। তোমার মাটি হইতেই আমার দেহের উদ্ভব হইয়াছে অর্থাৎ তোমারই বক্ষোজাত অল্লাদি ভোজনে আমার জননীর রক্তমাংস গঠিত, আর দেই রক্তমাংদেই আমার জন্ম এবং মাতৃজঠর হইতে নিৰ্গত হইয়া তোমাৱই বক্ষে ভূমিষ্ঠ কিনা আশ্ৰয় লইয়াছি, এখন তোমার দত্ত দেই দেহ আবার তুমিই ফিরাইয়া লও। এদেহে অমাির কার্যা শেষ হইয়াছে, ইহাতে আর আমার কোনও প্রয়োজন নাই, কেননা আমার মাতৃত্ব আমি শেষ করিয়াছি, এবং অন্তেরও কোনও প্রয়োজন নাই, কেননা তাহাদেরও কোন কার্য্যই ইহাদারা সাধিত হইবে না, স্থতরাং এই অসার দেহের কোনও মূলা নাই।' সীতার এই করুণ মর্মান্তদ আহ্বান যেন বস্তন্ধরার কর্ণেই পৌছিল। সীতা যোগবলে বায়ুরুদ্ধ করিলেন, আর দে বায়ু নির্গত হইল তাঁহার প্রাণবায়কে লইয়া। প্রাণহীণ মৃত সীতাদেহ সেই জননী বস্কুদ্ধরার কোলেই লুপ্তিত হইল। সীতার বাল্মীকি কথিত সেই পাঞ্চভৌতিক দেহ, পঞ্চতেই মিশিয়া গেল। ইহাই কি স্বাভাবিক নহে ? নতুবা কোন প্রাকৃতিক বিপর্যায়কে ইহার সহিত সম্বন্ধিত করিতে হইবে। যেমন সেই সময়েই ভূমিকম্প হইয়া সীতার পদতলম্ভ ভূমি দ্বিধা বিভক্ত হওয়াতে দীতা দেই গর্ভে পতিতা হইয়াছিলেন। ইহাও দম্ভব হইতে পারে। কিন্তু সেই সময়েই সেই Identical moment এই যে এই ভূমিকম্প সজ্যটিত হইয়াছিল ইহার অনুমানও কটুসাধ্য।

উত্তরাকাণ্ডে পৌরাণিক উপাখ্যানে সীতা, পূর্বজন্মে বেদবতী নামী, বৃহস্পতিস্ত ব্রন্ধবি কুশধ্বজের, বান্ময়ী কন্যা ছিলেন। পিতা তাঁহাকে বিষ্ণুকে পত্নীরূপে দান করিতে ইচ্ছা করিয়াছিলেন। কিন্তু দৈত্যাধিপতি শন্ত তাঁহাকে না পাইয়া কোপান্বিত হইয়া তাঁহার পিতাকে বধ করে। পিত্সতা পালনার্থ বিষ্ণকে স্বামীরূপে প্রাপ্তির জন্ম, বেদবতী ঘোর বনে তপস্থা করিতেছিলেন, তথন একদিন ত্রাচার রাবণ তাঁহাকে ধর্ষনার্থ বলপ্রবাক তাঁহার কেশাকর্ষণ করে। তথন তিনি অগ্নিতে দেহত্যাগ করিয়া রাবণকে অভিসম্পাত দেন যে, তাহার বধার্থ তিনি ধরাতলে কোনও ধার্মিক ব্যক্তির অযোনিজা ক্যার্ক্তে জন্মগ্রহণ করিবেন। রামায়ণের প্রধান নায়ক নায়িকা রাম ও সীতা। বাল্মীকি ঋষি তাঁহার নায়ক নায়িকার মিলন করাইয়া লম্বাকাণ্ড শেষ করিলেন, কিন্তু কুত্রাপি তিনি সীতার প্রব্যক্ষয়ের বেদবতীর প্রমাণ করেন নাই। পক্ষান্তরে তিনি রামের জন্মসময়ে বিফুর আবিভাব এবং তাঁহার দশর্থপুত্রপে জন্ম গ্রহণের ইচ্ছা, বানরদিণের সমন্ত দেবতা হইতে জন্মগ্রহণ, রাবণের পৌলন্তা বিশ্রবা হইতে অবতরণ ইত্যাদি দমন্তই বর্ণন করিলেন, কিন্তু দীতার জন মাত্র চুইটা শ্লোকেই শেষ করিলেন—সীতা লাঙ্গলোখিতা অধোনিজা। ইহা বাল্মীকির নিজের সাধনাও অহুভৃতি অহুযায়ী আত্মজ্ঞান লাভের প্রকাশ, কল্পনা দারা ব্যক্ত। তাঁহার অযোনিজ্ঞা সীতা লাভ করিতে হইলে, দেহের তীক্ষ লাঞ্চল ফলার ভায় রুচ্ছ দারা কর্ষণ করিতে হয়, শোধনও করিতে হয়। তাই এযুগেও সাধক রামপ্রসাদ তাহারই প্রতিধানি কবিয়া বলিলেন

> "মন তুমি কৃষিকাজ জান না। এমন মানবজমিন্ রইল পতিত, আবাদ করলে ফল্তো সোনা।"

বাল্মীকি নিজে এই কঠোর সাধনারপ লাঙ্গল ছারা নিজদেহ কর্মণ

করিয়া ও শোধন করিয়াই সেই অযোনিজা বৈদেহী সীতার উপলব্ধি করিয়াছিলেন। আবার রাজ্যি জনকও দেইরূপ উপায়েই তাঁহাকে আত্মজারূপে প্রাপ্ত হইয়াছিলেন-যেন বাল্মীকিরই উক্তি জনকমুথে প্রতিধ্বনিত হইয়াছে। তৎকালিক ঋষি সমাজে সর্বাজনপুঞ্জিত ব্রন্ধয়ি অগন্তা ঋষির আশ্রেমে, যথন রাম প্রথমে যান, তথন তিনি (অগন্তা) তাঁহাকে দশরথায়াজ রাম বলিয়াই জানিয়া তাঁহাকে ব্রহ্মপ্রাপ্তির উপদেশ দিয়াছিলেন, তথন তিনি তাঁহাকে বিষ্ণু বলিয়া সম্বোধন করেন নাই। পরে তাঁহারই উপদেশপ্রাপ্ত শিশু রাম, যথন ব্রহ্মবিদ রাম হইয়া অযোধ্যায় ফিরিয়া আসিলেন তথনই তাঁহাকে, পিতা আরুণির পুত্র খেতকেতৃর প্রতি উক্তির প্রতিধানি করিয়াই যেন বলিয়াছিলেন তুমিই সেই অক্ষর ব্রহ্ম "ত্ত্মিস।" আর উত্তরাকাণ্ডে সেই অগস্তা ঋষির মুখেই নানরূপ অসংলগ্ন কথা পৌরাণিকেরা বলাইয়া, পরে তাঁহার পক্ষে ইহা অশোভন হইবে বোধেই শেষে বলিয়াছেন অগন্ত্যঋষি এইরূপ সমন্ত বুতান্ত নারদের মুথে শুনিয়াছিলেন। উত্তরাকাণ্ডের এই অংশের রচয়িতা পুরাণকার বেদবতীকে ব্রন্ধবি কুশধ্বজের বাল্ময়ী অযোনিজা ক্যা বলিয়া তাঁহাকে যেন বেদেরই মুর্ত্তপ্রতীকরূপে স্থিতা করিয়া, বেদ যে ত্রন্ধেরই বাক্য এবং অপৌরুষেয় তাহাই প্রমাণ করিবার চেষ্টা করিয়াছেন। किन्छ वान्मौकि हेरात शृद्धि बन्नात मृत्य वनारेग्राह्म "मौजात्वी সাক্ষাং লক্ষ্মী, এবং আপনিই প্রজাপালক স্বপ্রকাশ বিষ্ণু।" "সীতা লক্ষ্মীর্তবান বিফুর্দেবঃ কৃষ্ণঃ প্রজাপতিঃ ॥" স্বতবাং বাল্মীকি একবার সীতাকে লম্মী বলিয়া আবার তাঁহাকে বেদবতী বলিবেন ইহা সম্ভব হয় না। তাই বোধ হয় এই পৌরাণিক গল্পসমন্বিত উপাখ্যান বাল্মীকির রচিত নহে, ইহা পরবর্ত্তী পুরাণকারদেরই ক্বতি। বেদ,

বে প্রকারান্তরে এক্ষেরই বাক্য তাহা প্রমাণ করিবার জক্ত এত মাথার ব্যথা কেন ? তাহার প্রমাণ তো বেদেই আছে। বৈদিক ঋষি, অজিনুণ মুনির ক্যা বাল্ময়ী, যথন প্রমাত্মভূত হইয়া বলিলেন

"অহং রুদ্রেভিবস্থভিশ্চরাম্যহমাদিতৈরুতবিশ্বদেবৈঃ।

—অহমেব বাতইব প্রবাম্যার-ভমা ভূবনানি বিশ্বা। পরো দিবা পর এনা পৃথিব্যৈ তাবতী মহিমা সম্বভূব।"

আমিই সমন্ত বিশ্ব ধারণ করিয়া আছি। আমা হইতেই বিশ্ব প্রতিভাত। আমি বাতাসের গ্রায় সমগ্র বিশ্বভবনে ওতপ্রোতভাবে বায়র ন্যায় প্রবহমান আছি। আর আমার মহিনা হইতেই তাবং বিশ্বের উদ্ভব হইয়াছে।" আবার ইহারই প্রতিধ্বনি করিয়া বাাসদেব তাঁহার পূর্ণব্রদ্ধ বা প্রমাত্মভত শ্রীক্ষেত্র মথে গীতাতে তাঁহার 'মে' 'মহাং, 'ময়া', 'মাং' দারা সেই বাণীই শুনাইয়াছেন। ইহা যেন পরমাত্মারই বাণী তত্তংমুখে প্রকাশিত হইয়াছে। সাধারণ পুরুষের মুখে এই বাণী নিৰ্গত হইতে পাৱে না। এ বাণীবক্তা দেই সাধারণ পুরুষের বাহিরে। তাই এই বাণীরূপ বেদ অপৌরুষেয়। ব্রহ্মই যথন শীমাবদ্ধ হইয়া দেহপুৱে শয়ন করেন তথন তিনিই পুরুষ নামে অভিহিত। এই দেহস্থ পুরুষ বা আত্মা, নিজকে দেহাত্মক ভাবে যতক্ষণ দীমাবদ্ধ মনে করেন, ততক্ষণ তাঁহার ঐ বাক বলিবার ্শক্তি থাকে না। আবার সেই পুরুষ বা আত্মাই যথন নিজকে বন্ধ বা প্রমাত্মা বলিয়া নিজের মহিমার বিষয় উপলব্ধি করেন, তথন যেন সেই ্দেহস্ক প্রুষ্ট তাঁহার বাক ইন্দ্রিয় দারা নিজের স্বরূপ প্রকাশ করেন। সমাধিতে সর্বাত্মম হয়। ধীরে ধীরে সমাধি হইতে উত্থিত যোগীর ভ্রথনও বাহাজগতের জ্ঞান হয় নাই, সেই অবস্থাতেই ঐরূপ বাক স্বতঃই নিৰ্গত হয়—যেন ব্ৰহ্মই তাহা বলিতেছেন। তাই বেদ

ৣ অপৌক্ষষেয়। বেদ—বিদ ধাতু জান হইতে নিপার। বিশ্বের সমস্ত
জান নিঃস্ত হইয়াছে সেই বিশ্বরচ্যিতা ব্রহ্ম হইতে—সেই প্রমাত্মা
হইতে। আর সেই প্রমাত্মাই যথন বৃহং অগ্নি হইতে উৎকীর্ণ
অগ্নিস্কৃলিঙ্গের ফ্রায় একটা দেহ নির্মাণ করেন তথন সেই দেহধারীরও
জান হয়—সেই দেহস্থিত আত্মা হইতেই। প্রমাত্মা অসীম অন্
তাঁহার জানও সেইরপ। দেহস্থিত আত্মা সীমাবদ্ধ, তাই তাহার জ্ঞানও
সেইরূপ সীমাবদ্ধ। এই যা প্রভেদ।

এখন বাল্মীকির অযোনিজা সীতার পাতাল প্রবেশের স্বরূপ কি ? ব্রন্ধবি অগন্ধা রামকে তাঁহার আশ্রমে বলিয়াছিলেন "তোমার এই সীতা বিদ্যাৎরূপা হইলেও চপলা নহেন। ইহাতে সতত রত থাকিয়া ইহার প্রীতিদাধন করিবে অর্থাৎ তাহা হইলেই ইনি স্থিরা দৌদামিনী হইবেন। ইহারই প্রতিধানি করিয়াই যেন কবীক্র রবীন্দনাথ বলিলেন "মাঝে মাঝে দেখা পাই, চিরদিন কেন পাইনা। কেন মেঘ আসে হান্য আকাশে ইত্যাদি।" সেই আঅজ্যোতি এক এক বার বিতাতের তায় হৃদয়কে উদ্রাসিত করে, আবার তথনই অন্ধকার আসিয়া তাহাকে আবৃত করে। বিত্যুৎ শুক্ত আকাশ হইতেই উদ্ভূত হইয়া আবার আকাশেই লীন হয় বা কোন ভূতলস্থ গৃহ বা বুক্ষোপরি পতিত হইয়া তাহাকে দগ্ধ করিয়া ভূতলে বা রুসাতলে প্রবেশ করে। এই বিদ্যুৎরূপী দীতাজ্যোতি আত্মারূপ আকাশ হইতে উদ্বত হইয়া রামের হৃদয় প্রতিভাত করিয়া তাঁহাকে যেন मक्ष कतियारे इंजल नीन रहेलन। तारमत समस्य এই विद्यारक्षी সীতা তাঁহার (রামের) রাজ্যাভিষেকের পরেও বিভ্যমানা ছিলেন, কিন্তু যেদিন কীর্ত্তিরক্ষার জন্ম তাঁহাকে স্বেচ্ছায় বিদায় দিলেন সেই দিন তিনি যেন বাল্মীকি-আশ্রমেই যাইয়া বাল্মীকি-জনয়ে আশ্রয

লইলেন। বাল্মীকির হৃদয়ে উদ্ভত সীতা বাল্মীকি-হৃদয়ে লুকায়িতু: হইলেন। রাম রাজ্যশাসন, রাজ্যভোগ ও মহাআড়ম্বরপূর্ণ স্বর্গ-ফলপ্রদায়ী যাগ যজ্ঞাদিতে ব্যাপৃত থাকাতে, আর আত্মতত্ত্বের সম্বন্ধে মনংসংযোগ করিতে অবসর পান নাই বা তাহা প্রয়োজনীয় মনে করেন নাই. তাই এতদিন তিনি সীতার অভাব অমুভব করিতে পারেন নাই। আজ যথন বাল্মীকি কর্ত্তকই আনীত সীতার প্রকৃত-স্বরূপ বাল্মীকি তাঁহার নিকট ব্যক্ত করিলেন তখনও রামের তাহা উপলব্ধি হইল না। পতিত সাধকদের এইরপ অবস্থাই হয়। এই দীর্ঘ একাদশ বর্ষের অনভ্যাসে তিনি বিশ্বত হইয়াছিলেন-যে কথনও তাঁহার আত্মস্বরূপ লব্ধ হইয়াছিল। তাই বলিয়াছিলেন যদি সতাই তিনি সেই দীতারপী জ্যোতি দেখিয়া থাকিতেন, তাহা হইলে তিনি একবার তাহা দেখিতে পাইলে তবে তাহা প্রত্যয় করিবেন। তথন যেন সেই রামের হাদয়স্থ পুরুষই তাঁহার জ্যোতিরূপ সীতার প্রকাশ করিয়া রামকে দেখাইলেন, তুমি একবার আমাকে দেখিয়াছিলে. আমি তোমার হৃদয়ে সমভাবেই আছি, ভস্মাচ্ছাদিত অগ্নির ন্যায় আছি, তোমার অন্ধচক্ষ এতদিন আমাকে দেখিতে পায় নাই, এবং এখনও আমি যে আছি তাহা প্রতায় করিতে পারিতেছেনা, তাই আমি তোমার প্রতায়ের জন্য একবার দেখা দিয়াই যেন চিরতরে নিকাপিত হইব। যেন দেই ভশাচ্চাদিত অগ্নিরূপ আত্মা একটা ফুলিঙ্গরূপে প্রজ্জলিত হইয়া দেই অন্ধনয়নের দৃষ্টি ঝলসাইয়া পুনরায় সেই ভুম্মেই প্রবেশ করিল। রামের দেহ যেন সেই অগ্নিতে জ্বলিয়া উঠিয়া দগ্ধ হইয়া ভস্মাকারে পরিণত হইল। আত্মাশূন্ত দেহ ভস্ম হইয়া পুনরায় ভূমিতেই মিশিয়া যায়। রামের দেহ যেন আত্মাশৃত্তই হইল-যেন মৃতবংই হইল । প্রকৃতও রাম ইহার পরে মৃতবংই হইয়াছিলেন।

তাই রাম বলিলেন "আমার মন অভ্তপূর্ব্ব শোক স্পর্ণ করিয়াছে।" "অভ্তপূর্ব্বং শোকং মে মনঃ স্প্রষ্টু মিবেচছতি। পশ্যতে মে যথা নম্ম সীতা শীবিব ক্রপিণী॥"

এই শ্রীরূপিণী সীতা আমার দৃষ্টিতেই আমাদ্বারা নট হইলেন।" শ্রীশব্দ হইতেই শ্রেয়শব্দ নিপার। আত্মজ্ঞানী এই শ্রীরই আপ্রিত শ্রোর প্রাপ্ত হয়। এখন সেই শ্রেয়েরই আপ্রয়ভূতা শ্রীরূপা সীতাকেই আমি নট করিলাম। রাম ব্ঝিলেন তিনি কি রত্ম একবার প্রাপ্ত হইয়াও স্বীয় দোষে তাহা হারাইলেন। সহতেই তাহা নট করিলেন। তাই তাহার হদয় দগ্ধ হওয়াতে তিনি মর্ম্মে মর্মে সেই জ্ঞালা অমুভব করিতে লাগিলেন। সীতাকে ইচ্ছায় তাঁহার হদয় হইতে যেন নির্বাদিত করিয়াও এরপ শোকপ্রাপ্ত হন নাই।

বাল্মীকি ছাদশ্বর্ষবয়স্ক কুশ ও লবের মুখে রামকে রামায়ণ শ্রুবণ করাইয়া রামের পূর্ব্ধ সাধনা ও সিদ্ধির স্মৃতি তাঁহার মনে জাগ্রত করিয়া দেখিতে ইচ্ছা করিয়াছিলেন, অশ্বমেধাদি যজ্ঞ সাধনে স্বর্গলাভাশী রাম পুনরায় সাধনা ও পৌক্ষ বলে তাঁহার পূর্ব্বলব্ধ এবং অধুনালুপ্ত আত্মজ্ঞান লাভ করিয়া স্বর্গ ও বক্ণাদি লোকের পরিবর্ত্তে নিশ্রেয়দ লাভ শ্রেষ্ঠ মনে করেন কিনা। তাহা হইলে তিনি তাঁহাকে তত্বং আচরণে উংসাহিত করিয়া তাঁহার সীতারূপ জ্যোতি দর্শনের সাহায্য করিবেন, তাই যেন সীতাকেও সঙ্গে লইয়া আসিয়াছিলেন। তাই তিনি রামকে বলিলেন, সীতা যে কি বস্তু তাহা তিনি জানেন। পরিচিত লোকও বহুদিন অদর্শনে বিস্মৃতির গর্ভে লীন হইয়া যায়। তাই রাম মনে করিয়া উঠিতে পারিলেন না তিনি কিন্ধপ সীতাজ্যোতি দেখিয়াছিলেন। তাই তাঁহার প্রত্যয় চাহিলেন। এই রামায়ণ কুশ ও লবছারা কেন গীত করাইলেন? কুশ — কু+ শী+ ভ — কৌ

ভূমৌ শেতে রাজতে শোভতে। যদা কু পাপং শুতি নাশয়তি।

যাহা ভূমিতে শয়ন করিয়া থাকে, বা দেহরূপ ভূমিতে শয়ন করিয়া
থাকে যে পুরুষ বা আয়া। আর লব—অংসনে। লয়তে, লয়তে।

অংসনমিহাবলমনমিতি। "ননাদ চরণায়ৢধন্তদিপি মৌনমালম্বদে।"

ইতি ভূগাদাস। অর্থাৎ কোন কিছুতে লয়ন বা 'ঝুলা'। কুশ ও লব

যমজ, স্বতরাং একত্র সম্বদ্ধ। কুশ অর্থে পুরুষ বা হদয়স্থ আয়া আর
তাহাতেই লয়ন বা তাহাতেই আশ্রম লওয়া লব। এই কুশ লব যেন
পুরুষ ও তাহাতেই আশ্রম লওয়ার প্রতিক্রতি। রামায়ণে বাল্মীকি এই
পুরুষেই আশ্রম লওয়ার বিষয় সম্যক গাথাকারে বর্ণন করিয়াছেন।
তাই এই রামায়ণ যে পুরুষে আশ্রম লওয়ারই সাধনার পথপ্রদর্শক
তাহাই যেন পুরুষ ও তাহাতে আশ্রম্বরূপ কুশ ও লবের মুথে উদ্গীথের
ভায়া গীত বা ব্যক্ত হইয়াছে। ইহাই ইহার তাৎপর্যা।

অষ্টবিংশ শরিচ্ছেদ

লক্ষণ বর্জ্জন ও রামের দেহত্যাগ

রাম সীতার শোকে অত্যন্ত মুহুমান হইয়া কিছুদিন কোনরূপে রাজকার্য্য চালাইলেন এবং সেই অবদরে ভরতের তুই পুত্রের মধ্যে তক্ষকে তক্ষ্মীলা এবং পুন্ধলকে পুন্ধলাবত নামক তুইরাজ্যে ক্ষাপন করত:, লক্ষণের তুই পুত্রকে অন্য তুই রাজ্যে স্থাপন করিলেন। তৎপরে একদিন কাল মুনিবেশ ধরিয়া রাজদাবে উপনীত হইলেন। তিনি লক্ষণকে রামের নিকট সংবাদ দিতে বলিলে, লক্ষণ তদমুসারে রামকে জানাইয়া তাঁহার আজ্ঞানুসারে মুনিকে রামসদনে লইয়া গেলেন। তথন দেই মূনি রামকে বলিলেন, "মহারাজ! আমি আপনাকে যাহা বলিতে আসিয়াছি তাহা নিতান্ত গোপনীয়; স্বতরাং সে কথা আপনি ও আমি বাতীত অহা কাহারও জাতবা নহে। আপনি এই নিয়ম করুন যে, যে ব্যক্তি আমাদিগের এই কথোপকথন শুনিবে বা নির্জ্জনে আমাদিগের সহিত দাক্ষাৎ করিবে আপনি তাহাকে বধ করিবেন।" তপন্ধীর সেই কথা শুনিয়া রাম তাহাতেই স্বীকৃত হইলেন। তথন রাম লক্ষ্মণকে বলিলেন—''প্রতিহারীর পরিবর্তে তুমি স্বয়ং দার রক্ষা কর। এই মহর্ষি ও আমি যতক্ষণ পর্যান্ত নির্জ্জনে থাকিব, ততক্ষণের মধ্যে যদি কেই আমাদিগের কথা শুনে অথবা আমাদিগকে দেখে, তাহা হইলে সে আমার বধ্য হইবে।" তথন রামচন্দ্র সেই তপস্বীকে বলিলেন, "মহর্ষে ! যিনি আপনাকে আমার নিকট পাঠাইয়াছেন, তাঁহার গোপনীয় সংবাদ আমার নিকট ব্যক্ত করুন।"

তথন ঋষি বলিলেন ''মহারাজ। আমি আপনার সেই পর্কতন দেহের সেই মায়াসম্ভূত পরপুর বিজয়ী সর্বসংহারক কাল নামক পুত্র। পিতামহ ব্রহ্মা আমাকে আপনার নিকট পাঠাইয়াছেন। তিনি আপনাকে বলিয়াছেন "আপনি সকল লোককে রক্ষা করিবার জন্ম যে সময় নির্দারণ করিয়াছিলেন, তাহা পূর্ণ হইয়াছে। আপনি মহার্থবে শ্যুনকালীন আপনার নাভিপদ্ম হইতে আমাকে স্জুন করেন। 'আমার স্ট ভূতসকলকে রক্ষা করুন' আমি এই প্রার্থনা করিলে, আপনি সেই দ্নাতন ভাব হইতে বিষ্ণুত্ব লাভ করেন। আপনি রাবণকে বধ করিবার জন্ম একাদশ সহস্রবর্ষ নরলোকে বাস করিবেন, নিজেই এইরূপ নির্দেশ পূর্বক মন্তুম্মরূপে ধরায় অবতীর্ণ হইয়াছেন। মহুয়লোকে আদিবার সময়, যে সময় নির্দারণ করিয়াছিলেন, আপনার দেই নির্দ্ধারিত কাল পূর্ণ হইয়াছে। স্থতরাং এক্ষণে আপনার নিজ্ধামে আগমন করা উচিত হইতেছে'।" রাম বলিলেন "একণে আমি আমার নিজস্তানেই প্রত্যাগমন করিব।" এইরূপে তাঁহাদের কথোপকথন হইতেছে, এমন সময় ঋষিশ্রেষ্ঠ তুর্কাসা রামচন্দ্রের সহিত শাক্ষাং করিবার জন্ম রাজদারে উপনীত হইয়া লক্ষণকে বলিলেন "আমাকে শীঘ্র রামের সহিত সাক্ষাং করাইয়া দাও।" তথন লক্ষ্মণ বলিলেন রামচন্দ্র কোনও গুরুতর কার্য্যে ব্যস্ত আছেন, স্বতরাং মুহূর্ত্তকাল আপনি অপেক্ষা করুন। আমাকে আদেশ করুন আপনার কি কার্য্য করিতে হইবে।" তুর্বাসা লক্ষণের কথা শুনিয়া ক্রোধে প্রজ্ঞলিত হইয়া বলিলেন—"রে লক্ষণাযদি এই মুহুর্তেই বামের নিকট আমার আগমন সংবাদ না দাও, তাহা হইলে আমি তোমাদের রাজ্য সহিত সবংশ তোমাদিগের সকলকে শাপ দিব।" তথন লক্ষ্মণ মনে মনে কবিলেন সর্বনাশ হওয়া অপেক্ষা আমার নিজেরই মরণ ভাল ৮

এই বিবেচনা করিয়া তিনি রামের নিকট ঋষির আগমন সংবাদ দিলেন। তথন রাম কালকে বিদায় দিয়া তুর্বাসার সহিত সাক্ষাং করিলেন এবং তাঁহার কিজন্ম শুভাগমন হইয়াছে জিজ্ঞাসা করিলেন। তর্বাসা বলিলেন "সহস্র বংসর ব্যাপী আমার অনশন ব্রত অভ সমাপ্ত হইয়াছে। এক্ষণে আমি ভোজন করিতে ইচ্ছা করি, স্বতরাং যথাবিধি আন আনয়ন কর।" রামচন্দ্র তথন তাঁহাকে যথাবিধি আহারীয় সামগ্রী প্রদান করিলেন। চুর্ব্বাসাও সেই স্থবাছ অন্ন আহার করিয়া নিজ আশ্রমাভিমুথে গমন করিলেন। রাম নিজ প্রতিজ্ঞার কথা স্মরণ করিয়া অতীব হুঃথে মৌনাবলম্বন করিলেন। তথন লক্ষ্মণ বলিলেন "আপনি আমাকে বধ করিয়া আপনার প্রতিজ্ঞা পালন করুন।" রাম অমাতা ও পুরোহিতগণকে ডাকিয়া তাঁহার প্রতিজ্ঞার কথা বলিলে মহর্ষি বশিষ্ঠ বলিলেন "তুমি লক্ষণকে পরিত্যাগ করিয়া ধর্মরক্ষা কর।" তথন রাম লক্ষ্ণকে বলিলেন "আমি তোমাকে পরিত্যাগ করিলাম, কারণ সাধুগণের পক্ষে ত্যাগ বা বধ উভয়ই সমান।" তথন লক্ষ্মণ অশ্রুপূর্ণ নেত্রে নিজ গৃহে প্রবেশ না করিয়াই সরষ তীরে উপনীত হইলেন। পরে কুতাঞ্জলি পুটে স্থির হইয়া ইন্দ্রিয়দার দকল রোধ করতঃ আর নিঃখাদ ত্যাপ করিলেন না। লক্ষণ যোগাবলম্বন পূর্বক দেহত্যাগ করিলেন। দেবতারা তাঁহার মন্তকোপরি পুষ্পবর্ষণ করিতে লাগিলেন।

তংপরে রামচন্দ্র লক্ষণকে পরিত্যাপ করিয়া সেই শোকে
নিতাস্ত অধীর হইয়া ভরতকে রাজ সিংহাসনে অভিষিক্ত করিয়া
সেই দিনই বানপ্রস্থ অবলম্বন করিবেন মনন করিলেন। তথন
ভরত কহিলেন "আমি ক্রণমাত্রও আপনা বিহনে রাজ্য লাভ বা
স্রথভোগ করিতে ইচ্ছা করিনা। স্থতরাং আপনি কুশকে কোশল

রাজ্যে এবং লবকে উত্তর কোশল রাজ্যে অভিষিক্ত করুন। রামচন্দ্র সেই দিনই চুই কুমারকে অভিষিক্ত করিয়া বিদ্ধাপর্কতের নিকট কুশাবতী নগরে রাজধানী করিয়া কুশকে এবং প্রাবস্তীনগরে লবের রাজধানী করিয়া উভয়কে তাহাদের যথাস্থানে প্রেরণ করিলেন। শত্রুল মথুরা হইতে আসিয়া বলিলেন, তিনিও রামের সঙ্গে যাইবেন। ইতিমধ্যে বহুসংখ্যক কামরূপী রাক্ষ্য, ঋক্ষ এবং বানর স্বর্গগমনোদ্যত রামকে দেখিবার জন্ম বিভীষণ ও স্বত্রীবের সহিত অযোধ্যায় আদিয়া রামের অনুগমনে উৎস্ক হইল। তথন রাম বিভীষণকে বলিলেন "যতকাল পর্যান্ত পৃথিবী জনশুতা না হইবে ততকাল ইক্ষাকু কুলের কুল-দেবতা জগন্নাথকে আরাধনা করিয়া তুমি লঙ্কায় থাকিবে।" হতুমানকে বলিলেন "তুমি দীর্ঘ-জীবন বিষয়ে যেমন প্রতিজ্ঞা করিয়াছিলে, তাহার যেন অন্তথা না হয়। যতদিন প্র্যান্ত আমার কথা প্রচলিত থাকিবে, ততদিন তমি এই পৃথিবীতে থাকিয়া আমার আদেশ প্রতিপালন কর।" অভাতা বানরকে তাঁহার সহিত ইচ্ছামত যাইতে বলিলেন। তৎপরে রামচন্দ্র রাজপুরী ত্যাগ করিয়া মহাপ্রস্থান করিলে অযোধ্যানগর-বাদী সমন্ত লোক পশু, পক্ষী রামের সহিত স্বর্গগমনোদেশ্রে তাঁহার পশ্চাং পশ্চাং গমন করিতে লাগিল। সমত্ত ভূত, প্রেত, স্থাবর-জন্ধম এমন কি তির্যাগ্রোনিদের মধ্যে সকলেই তাঁহার সন্ধী হইয়। যাওয়াতে অযোধ্যা মধ্যে আর কোনও প্রাণীকেই দেখা। গেল না।

রামচক্র এইরপে অর্ধযোজন পথ অতিক্রম করিয়া পশ্চামুথা শ্রিতা পুণাতোয়া সরয় নদী দেখিতে পাইলেন। রাম প্রজাগণের সহিত সেই আকুল আবর্ত্ত দঙ্কান নদীর সকল স্থান পরিভ্রমণ করিয়া। সেই সরযুর স্বর্গদাধন পবিত্র স্থানে উপস্থিত হইলেন। সেই মুহুর্প্তে সর্ব্বলোক পিতামহ ব্রহ্মা রামচন্দ্রকে স্বর্গে লইয়া যাইবার জন্ম শত কোটি বিমানে পরিবৃত হইয়া দেবগণের সহিত তথায় উপস্থিত হইলেন। পরে রাম সরযুর জলে অবতরণ করিলেন। তথন ব্রহ্মা বলিলেন, হে বিঞ্চো! আপনার ইচ্ছামত আপনার বৈঞ্ধবী দেহ বা সনাতন আকাশ দেহ এই উভয়ের মধ্যে যাহাতে হয় প্রবেশ করন।" তথন রাম ভাতৃগণ সহ সশরীরে তাঁহার বৈঞ্ধব তেজে প্রবেশ করিলেন। রাম ব্রহ্মাকে বলিলেন "আমার সহিত যে জন সমূহ আদিয়াছে তাহাদের সকলেরই জন্ম যথাযোগ্য স্থান নির্দেশ করন। ব্রহ্মা 'তথাস্থা' বলিলে তথন সেই সমন্ত জন সমূহ ও প্রাণীবৃদ্দ ব্রহ্মার সেই কথা শুনিয়া সরযুর জলে প্রবেশ করিল। তথাকার স্থাবর জঙ্কম প্রভৃতি সকল প্রাণীই তথন সেই সরযুজল স্পর্শ করিয়া স্বর্গে চলিয়া গেল। "গ্রাত্ব সর্যুত্যেয়ং স্থাবরাণি চরাণিচ প্রাণ্যতন্তার্যবিক্রেদং দেবলোকমুপাগ্যন্॥" ব্রহ্মাও সেই প্রাণীগণকে যথাযোগ্য স্থান প্রদান করিলেন।

এই লক্ষণ বর্জনের কাহিনী যদি আমরা বিঞ্ অবতার রামের দৃষ্টিতে দেখি, তাহা হইলে উপরোল্লিখিত বর্ণনা সম্বন্ধে কোনও বক্তব্য থাকিতে পারে না। কেননা বন্ধা দৃত পাঠাইলেন রামকে স্মর্য করিয়া দিবার জন্ম যে তাঁহার নরলোকে বাসের নির্দ্ধারিত সময় অতিবাহিত হইয়া গিয়াছে, পাছে আত্মবিশ্বত বিঞ্জ্ববতার রাম তাহা ভূলিয়া আবও কিছুদিন রাজ্যশাসন করেন। শুধু তাহাই নহে, যদি তাহাতেও তিনি মর্ত্তালোক পরিত্যাগ না করেন সেই জন্ম তাঁহার একটা অংশ লক্ষণকে অত্যে স্বর্গে আনিয়া যেন তাহার অক্সহানি করিবার জন্মই একটা ষ্ট্যমন্ত্রও করা হইল।

আর দে ষড়যম্বে শিবের পুত্র তুর্বাদাকেও জড়িত করা হইল। নতবা ঠিক সেই সময়ে তুর্বাদার কেন সহস্রবংসর অনশনের পর ভোজনের সময় হওয়াতে তিনি রাজঘারে উপস্থিত হইলেন ? তাঁহার ভোজনই যদি মুখ্য উদ্দেশ্য ছিল, তাহা হইলে তিনি তাহা লক্ষণকে বলিলেও তো পারিতেন—যথন লক্ষণ তাঁহাকে বিনীতভাবে জিজ্ঞাদা করিলেন তাঁহার কি আজ্ঞাপালন করিতে হইবে। অন্ত কোন শান্তশিষ্ট মুনিদারা এ কার্য্য সম্ভব হইবে না জানিয়াই বোধ হয় ব্রন্ধাই এই ক্রোধের মূর্ত্তপ্রতীক তুর্বাসাকেই এই ষড়যন্ত্র সিদ্ধ করিবার জন্ম পাঠাইয়াছিলেন। আর কাল মুনিকেও উপদেশ দেওয়া হইয়াছিল যেন তিনি এইরপ নির্জ্জনে কথোপকথনের সময় বিল্লকারীর জন্ম মৃত্যুদণ্ড আদেশ, রামের নিকট পণ করিয়া লন। ষ্ড্যন্ত্র সিদ্ধ হইল। লক্ষণকে বর্জন করিয়া রাম তাঁহার এক অংশহীন হইলেন, কেন্না লক্ষ্ণও বিষ্ণুর চারি অংশের এক অংশ। স্বতরাং রামের আসন্ন স্বর্গ আগমন প্রতীক্ষা করিয়া ব্রন্ধার্প তাঁহার শতকোটি বিমান সংগ্রহ করিয়া সর্যুর উপরিস্থ নভোমগুলে অপেক্ষা করিতে লাগিলেন। রাম ভুধ তাঁহার অবশিষ্ট অংশ ভরত ও শক্রত্বকেই সঙ্গে লইয়া গেলেন না, সমস্ত অযোধ্যার স্থাবর জন্ম, পর্বত, তৃণ, রুক্ষ, পশু, পক্ষী, ভূত, প্রেত এবং সমস্ত অধিবাসী যেন 'ঝেঁটিয়ে' রামের সহিত ফাঁকতালে স্বর্গলাভ করিবার জন্য তাঁহার পশ্চাৎ পশ্চাৎ অনুসর**ণ** করিল। স্থানুর কিঞ্চিদ্ধ্যা ও লঙ্কাতে এই সংবাদ মুহূর্ত্ত মধ্যে পৌছিলে ममस्य वानव, अक बाक्रम्बा मुङ्खं मर्पा এই स्वर्ग भगरनव स्वविधा 🙏 পাইবার জন্ম ছুটিয়া আসিল। বানরেরা তো আসিবেই, কেননা তাহারা বিষ্ণুরই সাঙ্গোপান্ধ দেবতাদের সন্তান বিধায়, দেবতাদিগের নিকট হইতেই এ সংবাদ পাইয়াছিল যে বিষ্ণু স্বস্থান স্বৰ্গে যাইতেছেন।

তাই তাহারা বানর দেহতেও দেবগতি পাইয়া মুহূর্ত্ত মধ্যে অযোধ্যায় স্বতরাং তাহারাও সর্ববেচারী বিধায়, ঠিক সময়ে অযোধ্যায় উপস্থিত হইল। সমন্ত অযোধ্যাবাসীরাও চেতন অচেতন পদার্থ নির্বিশেষে তাহাদের কর্মাকর্মের ফল আর ভোগ করিতে হইবে না জানিয়াই স্থলভে স্বৰ্গপ্ৰাপ্তির লোভেই রামের পশ্চাৎ পশ্চাৎ গমন করিল। বাস্তবপক্ষেই তাহারা স্বর্গ গমনের অধিকারীও ছিল, কেননা রামরাজ্যে তো পাপের লেশ ছিলনা, যাহা একট পাপ ছিল যাহার জন্ম ব্রাহ্মণ সম্ভানের রামরাজ্যে বাস করিয়াও অকাল মৃত্যু হইয়াছিল, তাহাও তো রাম নিরাদ করিয়া রাজ্য হইতে পাপ দূরীভূত করিয়াছিলেন। যথন রাজ্যে পাপ নাই, তথন কেহই অধ্মাচারী ছিলনা। তাই সমস্ত অযোধাবাসী স্বৰ্গপ্ৰাপ্তির অধিকারী হইয়াছিল। তারপর ব্রহ্মা যথন রামের নিকট শুনিলেন এতগুলি চেতন অচেতন পদার্থের জন্ম স্বর্গে স্থান দিতে হইবে, তথন তিনি যেন মন্তক কণ্ডয়ন করিয়াই বলিলেন তাহাই হইবে, স্বর্গে স্থান সম্পূলান না হইলে তিনি অন্তত্র তাহার ব্যবস্থা করিবেন। তথন রাম আশ্বন্ত হইয়া সর্যুগর্ভে অবগাহন করিয়া সশরীরে স্বর্গে গমন করিলেন। এ পর্য্যন্ত আমাদের বুঝিবার কোনও বাতিক্রম হয় নাই। কিন্তু "বিবেশ বৈষ্ণবংতেজ্ঞঃ মৃশরীরং সহাত্রজঃ"। অর্থাৎ সর্যুনদীতে অবগাহন করিয়া তাঁহার সেই কৌশলাাগর্ভজাত রক্তমাংসনিম্মিত দেহ ও তদং ভ্রাতাদের দেহ লইয়াই তিনি বিষ্ণুক্তৈজে প্রবেশ করিলেন। যদি তিনি এই দেহ লইয়া বিষ্ণুতেজে প্রবেশ করিতে পারিলেন তবে তো সেইরূপ দেহ লইয়া স্বৰ্গ হইতেও আগমন করিতে পারিতেন ? মিছে কেন দশমাস গর্ভযন্ত্রণা ভোগ করিয়া অণ্ড হইতে হস্তপদাদিসমন্বিত দেহে পরিণ্ত হইয়া, বাল্য হইতে প্রোঢাবস্থা পর্যান্ত দেহের বর্দ্ধন করিয়া এত পরিশ্রম স্বীকার করিলেন ১ তাহা না করিয়া যথন মন্ত্যারূপে অবতীর্ণ হইবার জন্ম এই ক্লেশ স্বীকার করিয়া রক্তমাংস গঠিত মন্ত্রম শরীর ধারণ করিলেন তথন দেই দেহের যেরূপ গুণ ও পরিণতি দেইরূপ হওয়াই সমীচীন নয় কি ? ব্ৰহ্মা কর্তৃক জিজ্ঞাদিত হইয়া রাম বলিয়াছিলেন তিনি অনন্তশায়ী দনাতন নিরাকার নির্বিকার নারায়ণ না হইয়া, নারায়ণ হইতে আবিভূতি বিষ্ণুরূপই পরিগ্রহ করিবেন। বিষ্ণুর্বও আকার বা দেহ আছে, নতুবা তিনি কি করিয়া গরুড়-স্কন্ধে আরোহণ করিতে পারেন এবং কথা বলিতে পারেন ? পুরাণেও তাঁহার শঙ্খ, চক্র, গদা, পদ্ম শোভিত চতু ভূজির বর্ণনা আছে। বিষ্ণুর তেজ বিষ্ণুর দেহেই ছিল। তেজ স্ক্রারপে, নিরাকার নারায়ণ হইতে সংক্রামিত হইয়া সেই বিফুদেহরূপ আধারেই ছিল। বিফুতেজ অর্থে বিফুদেহস্থ তেজই বঝায়। স্থতরাং রাম সশরীরে অর্থাৎ নিজ রক্তমাংস গঠিত দে**ষ্ট** অব্যাহত রাখিয়া কিরূপে বিষ্ণুর দেবদেহে প্রবেশ করিলেন? দেবতার ও মনুষ্টের দেহ এক উপাদানে গঠিত নছে। আবার রামের দিভুজ দেহ বিষ্ণুর চতু জুজ দেহের সহিত মিলিয়া কি তাহা ষড় ভুজ হইল না ? আমাদের ক্ষুদ্র বৃদ্ধিতে যেরূপ সন্দেহের উদয় হয়, তাহাই ব্যক্ত করা হইল মাত্র। আমাদিগের নিকট ইহা জটিল প্রশ্নের মত হইলেও শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণ অতি সহজেই ইহার উত্তর দিতে পারেন তাহা আমরা অবগত আছি। স্থতরাং এরপ আলোচনা আমাদের অজ্ঞতারই পরিচয় ভিন্ন আরু কি হইতে পারে ? পুরাণ শাস্ত্রজ্ঞ বছঅধীত মহাজনগণ আমাদের এই আলোচনা অবজ্ঞা দৃষ্টিতেই দেখিবেন তাহাতে আর সন্দেহ কি ? আমাদের তুর্ভাগ্য আমরা এরূপ মহাজনদের পম্বা অভুসরণ কবিতে পাবিলাম ন।।

লক্ষ্মণ বৰ্জনের জন্ম ষড়যন্ত্রের আয়োজন ব্রহ্মা কর্ত্তক সম্ভব হইলেও ইহা মহুয়ের পক্ষে অসাধ্য। স্কুতরাং মহুয়া রামের পক্ষে ইহা ঘটনাচক্রের সমাবেশ ভিন্ন আর কি বলা যাইতে পারে ? তাহাই কিরপে সম্ভাবিত হইয়াছিল তাহাই আমরা দেখাইবার চেপ্তা করিব। রাম নিজ হৃদয়ে পত্নী সীতাকে বিশুদ্ধা জানিয়াও তাঁহার কীর্ত্তি অটুট রাথিবার জন্ম তাঁহাকে নির্বাসিত করিয়াছিলেন—যেন তাঁহাকে অর্দ্ধ মৃতাবস্থাতে যুপকাষ্ঠে বন্ধন করিয়া রাখিয়াছিলেন। দেই অসম্পূর্ণ কার্য্য পরিপূর্ণভাবে সম্পূর্ণ করিলেন যেন তাঁহাকে এই অশ্বমেধ যজে বলিদান দিয়া। কীর্ত্তিরক্ষার্থ এই মহৎ কার্য্য করিয়া তিনি অফুতাপানলে দগ্ধ হইলেন। তাঁহার সেই ধর্মরক্ষার্থ বিনাপরাধে শুদ্রতপম্বীর বলিদানেরই প্রায়শ্চিত হইল—তাঁহার কীর্ত্তিরক্ষার্থ প্রাণপ্রতিম সীতার বলিদানে। তাঁহার অশ্বমেধ যজের পূর্ণাহুতি হইল নরমেধে। অশ্বনেধ যক্ত নরনেধ যক্ত হইল। তাঁহার অশ্বনেধের ফল স্বর্গস্থ ভোগের পরিণতি হইল তাঁহার দীতা বিরহে অভতপুর্ব শোকাগ্লির দাহনরপ নরকভোগে। এ নরক ভোগ তাঁহার স্বক্ত কর্ম্মেরই ফল। স্বতরাং তিনি শোকে মুহুমান হইয়া আহার নিদ্রা পরিত্যাগ করিয়া একরপ অনশনেই দিন অতিবাহিত করিতে লাগিলেন—যেন প্রায়োপ-বেশনেই ইহার প্রায়শ্চিত্ত করিবেন। এই অনশনের ফলে তাঁহার দেহ ও মুথে করাল কালের ছায়া দেখা দিল—তাঁহার আসন্নমৃত্যু সকলেই জানিতে পারিল। তাঁহার জীবনের আয়ুর নির্দারিত কাল শেষ হইয়া আসিতেছে ইহাই দেখা গেল। তাই যেন মৃত্তিমান কালই আসিয়া বলিল আপনার নির্দারিত সময়—আপনার এই দেহে বাসের সময় আসন্ন হইয়াছে। আমি তাহারই ইঙ্গিত দিতে আসিয়াছি. কিন্তু এখনও আপনি ইচ্ছা করিলে এ দেহে আরও কিছুকাল বাস

করিতে পারেন। তাই ব্রহ্মা কালকে দিয়া বলিয়া পাঠাইয়াছিলেন "যদি আপনার পুনরায় প্রজাপালনের ইচ্ছা হয়, তাহা হইলে আপনার ইচ্ছা অনুসারে বাস করিতে পারেন"। অর্থাৎ রাম বঝিতে পারিলেন যে অনশন জনিত তাঁহার মৃত্যু আদন্ধ, কিন্তু ইচ্ছা করিয়া তিনি আহার গ্রহণে তাঁহার আয়ুন্ধাল বন্ধিত করিতে পারেন। তাঁহার এই ইচ্ছা অর্থাং আহার গ্রহণে আয়ুবর্দ্ধনরূপ ইচ্ছা যেন তাঁহার আত্মারই প্রেরণা রূপে ঘুর্ব্বাসা মূর্ত্তিতে তাঁহার নিকট উপস্থিত হইল। যেন আত্মাই বলিলেন তোমার এই অনশনজনিত জীর্ণ তুর্বল দেহে বাস আমার ত্র্বিয়হ হইয়াছে। যদি তুমি এখনও ভোজন করিয়া তোমার জীর্ণ দেহের সংস্কার কর তাহা হইলে আমি আরও কিছুকাল এই দেহে বাদ করিতে পারি। রামের মনে একবার এইরূপ চিন্তার উদয় হইয়াছিল,—যথন অত্যন্ত ক্ষুধার প্রকোপ তাঁহার ধৈর্যাচ্যতি করিবার উপক্রম করিয়াছিল। ত্রুবাসা—তু তু ষ্টং বাস ইব। ত্রুথে বাস করা। যদা তু তুষ্টং বাদো বস্ত্রং যস্ত অর্থাৎ তুষ্ট দোষযুক্ত আবরণরূপ বস্ত্র যাহার। আত্মার আবরণ দেহ। অনাহারে ক্লিষ্ট জ্বীর্ণ দেহ, আত্মার বাদের অযোগ্য হওয়াতে যেন আত্মাই তুর্বাসারূপে তাঁহার আহার আকাজ্ঞা জানাইতেছেন। অতৃপ্ত ক্ষ্ধার পীড়নেই দেহ শিথিল হয়। আর এই অতৃপ্রক্ষুধারই মুর্ত্ত প্রতীকরূপে তুর্কাদা আদিয়া রামকে বলিলেন "আমি বহুকাল অনশনে আছি। আমাকে ভোজন করাও।" ভাতৃবংসল লক্ষ্মণ, রামের এই প্রায়োপবেশনে মৃত্যুকে আলিন্ধনরূপ আত্মহত্যার দৃঢ় সংকল্পের পাপ হইতে, ভাতাকে রক্ষা করিবার জন্ম প্রতিদিন বহু সুখান্ত আহার্য্য পদার্থ আনিয়া তাঁহাকে আহার করিবার জন্ম অন্মুরোধ করিতেন অর্থাৎ তাঁহার প্রারব্ধ শেষ না হওয়া পর্যান্ত স্বেচ্ছায় তাঁহার দেহত্যাগ নিবারণ করিতে যথাসাধ্য

চেষ্টা করিতেছিলেন। লক্ষণের এইরূপ পীডাপীডিতে রাম একদিন উত্তাক্ত হইয়া বলিলেন সে যেন তাঁহার বিনা অনুমতিতে তাঁহার গুহে প্রবেশ না করে, অন্যথা তিনি তাঁহার মুখদর্শন করিবেন না অর্থাৎ তাঁহাকে দুরীভূত করিয়া দিবেন। ক্ষুধার প্রকোপে ক্রোধের মাত্রাও বাড়ে। তাই ক্ষুধার প্রতীক দুর্ববাদার ক্রোধ বিশ্ববিশ্রত। এদিনে রাম সেই প্রবল ক্ষ্ধার বশেই ধৈর্যাচ্যুত হুইলেন, আর তথন তাঁহার মুখ হইতে স্বতঃই নির্গত হইল 'বছদিন অনাহারে থাকিয়া আমি আর ক্ষধার যন্ত্রণা ভোগ করিতে পারিনা, আমি আহার করিব। তথন দ্বারদেশে অবস্থিত লক্ষ্মণ তাঁহার সেই করুণ আর্ত্তনাদে আরুষ্ট হইয়া স্থাত আহার লইয়া তাঁহার সমূথে উপস্থিত হইলে, রাম তাহা গ্রহণ করিলেন। তথন তাঁহার মনে হইল যে তিনি লক্ষণকে পরিত্যাগ করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন। প্রতিজ্ঞাপালনই তাঁহার ধর্ম, তাই তিনি সত্যব্রত বলিয়া চিরকাল যশস্বী। স্বতরাং সত্যপালনার্থ লক্ষণকে পরিত্যাগ করিতে বাধা হইলেন। তিনি কীর্ত্তিরক্ষার্থ বিনাপরাধে পরের মেয়ে সীতাকে পরিত্যাগ করিতে তুই তুই বার কৃষ্ঠিত হন নাই, এখন 'পৃথিবীর সর্বত্ত অমুসন্ধান করিলেও যে স্হোদর ভ্রাতা পাওয়া যায় না' তাহাকে প্রতিজ্ঞাপালনের জন্ম পরিত্যাগ করিতে হইবে। "পুত্র কলত্র পুনরায় প্রাপ্ত হওয়া যায়'. পত্নীতাাগ করিলে 'দ্বিতীয় পত্নী পাওয়া যায়'। তিনি তাঁহার মনের দৌর্বলা প্রকাশ হয় এই মনে করিয়া দিতীয় দার পরিগ্রহ করেন নাই। আর বালকযুগলকে নিজের পুত্র জানিয়াও তাহাদিগকে গ্রহণ করেন নাই। এ হেন সতাব্রত রামের আজ সেই প্রতিজ্ঞা রক্ষার জন্মই বাধ্য হইয়া সেই আবাল্য সন্ধী তাঁহার রাহ্মপ্রাণ সদশ তাঁহার আপদ বিপদে একমাত্র উদ্ধারকারী 'সহোদর' ভ্রাতা লক্ষ্মণকে.

তাঁহাকে পরিত্যাগ করিতে হইল। বাত্যাতাড়িত শিথিলমূল বুক্ষ যেন কোনরূপে এতদিন নিজের অন্তিম্ব রক্ষা করিয়া আসিতেছিল, আজ প্রবল ঝড়ে তাহা সমূলে উংপাটিত হইয়া ভূমিসাং হইবার উপক্রম হইল। পিতৃসতা পালনার্থ রাম বনে গিয়াছিলেন, আজ ভাতৃসতা পালনার্থ লক্ষণ নিজের প্রাণত্যাগ করিলেন—সরযৃতীরে যোগবলে দেহত্যাগ করিয়া। রামের যে পৌরুষ তাঁহাকে এতদিন আশ্রয় করিয়া ছিল, সেই পৌরুষরূপ লক্ষ্মণ বা তাহার লক্ষ্মণই আজ তাঁহাকে ত্যাগ করিয়া গেল। পৌরুষ আত্মারই প্রতীক। এই পৌরুষের অন্তর্ধানের সঙ্গে সঙ্গেই রামের যে ক্ষীণ আত্মার অন্তিত জ্ঞান ছিল, তাহাও অন্তহিত হইল। স্থতরাং তাঁহার প্রকৃতপক্ষে আত্মহত্যাই করা হইল। স্থতরাং 'আত্মাশৃত্যইব' অর্থাৎ যেন আত্মাশৃত্যদেহই, ধারণে আর কি প্রয়োজন, তাই তিনি লক্ষণের তায়ই সর্যুসলিলে দেহত্যাগ করিতে উত্থত হইয়া তদভিমুথে প্রস্থান করিলেন। কিন্তু তাঁহার প্রতিজ্ঞা পালনরপ ধর্মের ফলই যেন দৈবরূপে তাঁহাকে এই আত্মহত্যার মহাপাপ হইতে রক্ষা করিল। দৈবক্রমে দেই সময়ে আবর্ত্তসঙ্কুলা সর্বত্র আলোড়িত সর্যুনদী তাহার উত্তালতরঙ্কমালা প্রদারিত করিয়া দবেগে প্রবাহিত হইয়া অযোধ্যানগরী প্লাবিত করিল, আর সরযুমুথে অগ্রসর রাম সেই প্লাবন দলিলে নিমগ্ন হইয়া প্রাণত্যার করিলেন। সমস্ত অযোধ্যানগরী রামের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছিল, তাহারাও সেই প্লাবনে নিমজ্জিত হইয়া প্রাণত্যাগ করিল, আর সেই প্লাবনের বেগে বৃক্ষ অট্টালিকাদি ভূমিসাৎ रहेशा পশু, भक्की, जावब, जक्रम ममछ भार्ष मत्र्युटक नीज रहेन, অযোধ্যানগরীর আর কোন চিহ্নই রহিল না। তাই বালীকি বলিলেন:-

"অধ্যদ্ধং যোজনং গ্রা নদীং পশ্চানুথাশ্রিতাম্। সরষ্পুণ্যসলিলাং দদশ রঘুনন্দন:॥ তাং নদীমাকুলাবর্ত্তাং সর্ব্রান্থসরন্ নূপঃ। আগতঃ সপ্রজো রামতং দেশং রঘুনন্দন:॥

সাধারণ দৃষ্টিতে এই শ্লোকটার যাহা অর্থ হয় তর্করত্ন মহাশয় কুত সেইরপ অমুবাদ আমরা পূর্বেই দিয়াছি। তিনি 'পশ্চানুখাশ্রিতাং' নদীর কোন ব্যাখ্যা দেন নাই; 'তংদেশং' অর্থে সেই স্বর্গসাধন পবিত্র স্থান, সেই নদীর সর্বত অহুসরণ এইরূপ ব্যাখ্যা দিয়াছেন। 'কিন্তু একটু গাঢ় চিন্তা করিয়া দেখিলে বোধ হয় এই অর্থগুলি ঐ ঐ অংশের ঠিক ভাব প্রকাশক হয় নাই। নদী পশ্চানুখাপ্রিতা হয় তথনই, যথন তাহাতে জলের উচ্ছাস হয় অর্থাৎ বান ডাকে। সাধারণতঃ দামোদরের ন্তায় নদীতে পর্বত হইতে জলোচ্ছাদ হইয়ানদী আবর্ত্তদঙ্কুলা হয়। এ অবস্থায় নদীর শ্রোত পশ্চানুথে না যাইয়া সন্মুখাশ্রিতই হয়। অথবা नमीत मागत मक्षरभत निक्षेत्रखी ज्ञात्मत व्यत्मक नृत भर्गु छ, সেই সাগর হইতে জলোচ্ছাস আসিয়া নদীকে পশ্চানুখাপ্রিতা বা পশ্চাৎ মুথগামী করে, যেমন কলিকাতাবাসীরা গঙ্গার বানের সময় দেখিয়াছেন। কিন্তু সর্যূ নদী যে স্থানে স্থিত, তাহা সমুদ্র হইতে বহু শত ক্রোশ দূরে, এবং তাহার গঙ্গার সহিত যে স্থানে সঙ্গম হইয়াছে, সাগরবান-প্লাবিত জলরাশি ততদূর পৌছান অসম্ভব। স্থতরাং এই পশ্চানুখাশ্রিত। সরযূনদীর অন্ত কোন অর্থ আছে। এখানে পর্বত হইতেই জলোচ্ছাদ আদিয়া নদীবক্ষ আলোড়ন করিয়া তাহার তীরস্থ স্থান অনেকদূর প্লাবিত করিয়াছিল। রাম যথন নদীর অভিমুথে অগ্রদর হইতেছেন তথন তাহার জলরাশি ক্রমে তাঁহার পশ্চাৎ দিকস্থ স্থান প্লাবিত কবিতেছিল, কিন্তু তথনও তাহার জল এত

গভীর ছিলনা যে তাহাতে তিনি নিমজ্জিত হইতে পারেন, তাই তিনি ক্রমে গভীর জলের উদ্দেশে সম্থেই অগ্রসর হইতেছিলেন। সর্ক্রে অকুসরণের অর্থ ইহাই। এইরপ অগ্রসর হইতে হইতে 'তংদেশং' সেই স্থানে পৌছিলেন যেথানে নদীগর্জ, আর সেই স্থানেই তিনি নিমজ্জিত হইলেন। আর সেই নদীর জলোচ্ছাস ক্রমে ভীষণাকার ধারণ করিয়া সমস্ত অযোধ্যা প্লাবিত করিল ও তাহাকে নিশ্চিফ করিয়া যেন পুঁছিয়া লইয়াই গেল। ক্ষেক বংসর পূর্বে গঙ্গানদীর এইরূপ প্লাবনে হরিদারের নিক্টবর্ত্তী অনেক স্থান জলপ্লাবিত হইয়া নিশ্চিফ হইয়াছিল। প্র্কৃতন গঙ্গাতীরে স্থিত গুরুকুল বিভালয় এইরূপেই প্লাবনে ধ্বংস হওয়াতে উহা হরিদারের নিক্ট ক্ঞাল হইতে ক্ষেক্ মাইল দূরে পুনংস্থাপিত ও নির্দ্ধিত হইয়াছে। অযোধ্যা যে নিশ্চিফ হইয়াছিল তাহা এই ভবিশ্বদ্ধানীরূপে রামায়ণে লিপিবদ্ধ হইয়াছে।

"অযোধ্যাপি পুরী রম্যা শৃতা বর্ষগণান্ বহুন্। ঋষভং প্রাপ্য রাজানং নিবাসমূপ্যাশুতি।"

অর্থাং অযোধ্যাপুরী বহুবংসর পর্যান্ত শৃন্ত থাকিয়া ঋষভ রাজার রাজত্বকালে জনপূর্ণ হইবে। বহুসহস্র বংসর পূর্বের লুপু, ব্যাসদেব কর্তৃক মহাভারতে উল্লিখিত না হইলেও, যেমন রুফের লীলাস্থান, ভাগবত প্রধান চৈতন্তদেবের স্বপ্লাবেশে আবিভৃতি বৃন্দাবন, তাংকালিক কোন নিদর্শনাভাবেও, তাঁহাঘারা আবিজ্বত হইয়াছিল, তেমনি ঋষভ রাজাও তাঁহার রাজত্বকালে বংশান্তক্রমে লোক পরম্পরায় শ্রুত রামচরিত শুনিয়াই এই চিহ্নশূন্ত বিশ্বতিগর্ভে লীন রামের রাজধানী অযোধ্যানগরীর একটা যথাসন্তব স্থান নির্দেশ করিয়া নৃতন অযোধ্যানগর স্থাপন করিয়া পূর্বে পুরুষের স্থাতি পুন: প্রতিষ্ঠা করিয়াছিলেন।

রামচন্দ্র হত্তমানকে তাহার দীর্ঘজীবন রক্ষা করিবার প্রতিজ্ঞা

পালন করিতে বলিলেন। এথানে বাল্মীকি ঋষির জীবের উন্নতিবাদ বিষয়ক জ্ঞানই প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানকালের বিবর্ত্তনবাদ (Evolution Theory) অমুসারে বানর জাতি হইতে ক্রম বিবর্ত্তনে মন্ত্র হইয়াছে এই মত দর্কবাদী দশ্মত হইয়াছে। কিন্তু ইহার মধ্যে আর একটা বিবর্ত্তিত জীব ছিল যাহার হতু ছিল। এই জীবের জীবিত বংশধারা বা কোন কন্ধাল স্বরূপ কোন নিদর্শন মিলিতেছে না। ইহাই একটা প্রত্তত্তবিদদের বিষম সমস্তা বহিয়া গিয়াছে। কিন্তু রামায়ণের যুগে এই জাতীয় একটা প্রাণী বিঅমান ছিল তাহা বালাঁকির বর্ণনাতেই প্রাপ্ত হওয়া যায়। হন্তমানই এই অমিল ধারার বিবর্ত্তিত জীব। তাই তিনি এই জাতি নিদর্শন যাহাতে বজায় থাকে সেইজন্য হত্বমানকে তাঁহার সহিত সরয় জলে নিমগ্ন হইতে নিষেধ করিলেন। কিন্তু হন্নমান মহাভারতের যুগে কদলীবনে ভীমের দর্শন পথে পতিত হইলেও, আর এখন তাহার দর্শন পাওয়া যায় না. কেননা, প্রত্নু-তত্ত্বিদেরা অনেক অফুসন্ধান করিয়া তাহার প্রস্তুরে পরিণত কঙ্কালও প্রাপ্ত হইতেছেন না। যে কালমুখ হতুমান, মহাবীরের বংশধর বলিয়া পূজিত হয় তাহারা সাধারণ বানরশ্রেণীরই জীব, কেননা তাহাদের হন্ন নাই।

রামের বিভীষণের প্রতি আদেশ যে পূর্ণ হইয়াছে তাহা এ যুগে বিলক্ষণ প্রতীয়মান হইতেছে। "আরাধয় জগয়াথমিক বৃাকুকুলদের দেবতা জগয়াথকে আরাধনা করিয়া যাবৎ পৃথিবী জনশৃত্য না হইবে ততদিন জীবিত থাকিবে।" অর্থাৎ সেই মাদ্রাজ উপকূলের নিকটবর্তী দ্বীপবাসী তথাকথিত রাক্ষসত্রপী আদিম অধিবাসীরা, ক্রমে ভারত উপকূলে উপনিবেশ সংস্থাপন করিয়া, তদ্দেশবাসীদের সহিত মিশ্রিত হইয়া, বিভীষণ কর্ত্বক প্রচলিত জগয়াথ

পূজা ও উপাদনা এবং তাহারই (বিভীষণের) কর্তৃক আর্যাবর্ত্ত হইতে আনীত সভ্যতা, প্রচার করতঃ তাহাদিগকেও এক্লপ উন্নত করিল যে সেই তথাকথিত দাক্ষিণাত্যের শবরজাতি কর্তৃক প্রতিষ্ঠিত পুরীর জগন্নাথদেব এখন সমগ্র ভারতবাসীর নমস্তা হইয়াছেন। অধিকস্তু সকল হিন্দুজাতি, বর্ণ নির্কিশেষে, অপ্পৃত্যতা বর্জন করিয়া সর্বাজাতি প্র্যুষ্ট প্রদাদ ভক্ষণেও কুন্তিত হয় না। বিভীষণেরই সেই জগন্নাথ যেন পুরীতে প্রতিষ্ঠিত হইয়া বিভীষণের অমরত্ব ঘোষণা করিতেছেন। ভারতের বক্ষের উপর দিয়া অনেক ধর্ম বিপ্লবের স্পোত প্রবাহিত হইয়াছে, কিন্তু দাক্ষিণাত্যের জগন্নাথ বা বিঞ্ব পূজা সে প্লাবনে অব্যাহতই আছে।

আবার চুর্বাসাও অমর। এই চুর্বাসাই রামায়ণের যুগের বহণত বংসর পূর্বের রামেরই পূর্বে পূরুষ ইন্ধানুবংনীয় রাজা অম্বরিষকে 'আমাকে ভোজন করাও' বলিয়া বিলম্ব হওয়াতে ক্রোধান্ধ হইয়া তাঁহাকে অভিশাপ দিয়াছিলেন। এই চুর্বাসাই চন্দ্রবংনীয় রাজা ভরতের পিতা রাজা চ্মপ্তের রাজস্বকালে পতিবিরহ সস্তথা শকুন্তলার নিকট 'আমাকে ভোজন করাও' বলিলে, তাঁহার (শকুন্তলার) অন্তমনস্কতাবশতঃ তাহা তাঁহার কর্পে প্রবেশ না করাতে, তাঁহাকে অভিশাপ দিয়াছিলেন। এই চুর্বাসাই কুন্তীর নিকট ভোজনে পরিভৃগ্ন হইয়া তাঁহাকে এমন বর দিয়াছিলেন, যে কুন্তী সেই বরের ঠেলা সামলাইতে না পারিয়া কন্তকাবস্থায় গর্ভবতী হইয়াছিলেন। আবার এই চুর্বাসাই 'আমাকে ভোজন করাও' বলিয়া অসময়ে বনবাসিনী প্রোপদীর নিকট উপস্থিত হইয়াছিলেন। স্থতরাং যেথানেই এই ক্থার প্রকোপ ও তজ্জনিত ক্রোধের উল্লেখ দেখাইবার ও তৎ সহিত অভিসম্পাতের ভয় দেখান প্রয়োজন হইয়াছে, সেখানেই

পুরাণকারেরা ক্ষ্ম ও জোধের মৃষ্ঠপ্রতীক ত্র্বাসার আবির্তাব করিয়া বেন তাঁহাকে চারিযুগেই অমর করিয়া রাথিয়াছেন। ধরাতলে যতদিন জীব থাকিবে ততদিন ক্ষারূপে ত্র্বাসাও অমর থাকিবে।

উপসংহার

আমরা এই গ্রন্থে বাল্মীকি ঋষির রামায়ণ রচনার উদ্দেশ্যের বিষয় আলোচনা করিয়া দেখাইবার চেষ্টা করিয়াছি যে তিনি একাধারে তাঁহার নায়কের তিন রূপ দেখাইয়াছেন। ভারতের হিন্দুজাতি হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত এই রামকে বিফুর অবতার জ্ঞানেই তাঁহার পূজা ও উপাসনা করে। পাঞ্জাব হইতে মিথিলা পর্য্যন্ত ভক্ত তল্গীদাদের রামায়ণের প্রভাবে তত্তদ্বেশবাদিগণ প্রভাবান্বিত ও মৃগ্ধ হইয়া অতি ভক্তির সহিত বামচরিত প্রবণে অপার আনন্দ লাভ করে। বঙ্গদেশের অধিকাংশ লোকই কবি কীর্ত্তিবাদের রামায়ণের সহিত পরিচিত। কম সংগ্যক লোকই মূল বাল্মীকি রামায়ণ বা তাহার অনুবাদ পাঠ করিয়া থাকেন। আর আধুনিক শিক্ষিত সমাজ যাঁহারা বালো পিতামাতার নিকট যে কীর্ত্তিবাদী রামায়ণের গল্প শুনিয়াছেন অথবা তাহারই যে সমন্ত নৃতন সংস্করণ নানারূপ চিত্র সহকারে শিক্ষিত লোক কর্ত্তক প্রকাশিত হইয়াছে, তাহাই প্রকৃত রামচরিত মনে করিয়া, উহা একটা পৌরাণিক অসংলগ্ন বর্ণনাজড়িত কাহিনীর কল্পনায় কাব্যের বিকাশ, ইহাই নির্দ্ধারণ করিয়াছেন। এইরূপ ধারণা বদ্ধমূল হওয়াতে আর তাঁহারা মূল বাল্মীকি রামায়ণ বা তাহার অমুবাদও একবার পড়িয়া রুথা সময় নষ্ট করিতে ইচ্ছা করেন না। আর কেহ পডিলেও তাহার অন্তর্নিহিত উদ্দেশ জানিতে চেষ্টিত হন ना। অনেকে কাব্যের সৌন্দর্য্য পড়িবার জন্ম কালিদাস ক্বত রঘুবংশ বা মাইকেল মধুস্দন দত্তের মেঘনাদ বধ পড়িয়া থাকিবেন। কিন্তু এই

इंटेशानित मरश तपुतः म, वालाैकित मूल तामायल रायत्र वर्गना चार्छ, তাহাতেই আরও অলম্বার যোজনা করিয়া কাব্যের সৌন্দর্য্য প্রস্কৃটনে আরও শ্রুতিমধর হইয়াছে। এই রামায়ণের উদ্দেশ্য সম্বন্ধে তাহাতে আর বেশী কিছুই প্রাপ্ত হওয়া যায় না। সাধারণ দৃষ্টিতে বিফুঅবতার বামেরই লীলা বা ক্রিয়া কলাপই ইহাতে প্রতিভাত হইয়াছে। আর আমাদের বন্ধদেশে এই কীর্ত্তিবাসী রামায়ণ অবলম্বনেই বহুবিধ যাত্রা নাট্য অভিনীত হইয়া, রাম চরিত্রের সেই বিফুস্বই দুঢ়ভাবে প্রতিষ্ঠিত হইয়াছে। স্বতরাং যে সংস্থার আবাল্য সমস্ত ভারতবাসী হিন্দজাতির মনে বন্ধমূল হইয়াছে, তাহা উৎপাটন করিবার প্রয়োজনে আমাদের এই গ্রন্থ লিথিবার উদ্দেশ্য নহে, তবে গাঁহারা রামায়ণের নিহিত গুঢ়তত্ত্বে অন্বেষণ প্রয়াসী তাঁহাদের দৃষ্টির জন্ম মাত্র আমরা ইহাতে যথাসাধ্য চেপ্লা করিয়াছি। পাশ্চাতাজাতি এবং পাশ্চাতাশিক্ষাভিমানী ভারত সন্তানগণ এই আদি মহাকাব্যকে একটা অসম্ভব আজগুৰি গল্প পূর্ণ উপাথ্যান বলিয়া ঘণার চক্ষেই দেখেন। তাঁহারা হোমারের 'ইলিয়াড' 'ওডেদি' পড়িয়া তাহা ক্লাদিক (পৌরাণিক) দাহিত্য বলিয়া সমাদর করেন, কিন্ধ এই ভারতের আদি মহাকাবাকে তাঁহারা চিরকাল অনাদর প্রদর্শন করিয়াই আসিতেছেন, বরং হোমারের কাব্যে ঐতিহাসিকত্ব থাকিতে পারে, কিন্তু এই রামায়ণের ঐতিহাসিকত্ব সম্পূর্ণ অসম্ভব। আধুনিক কোন কোন বঙ্গদেশীয় পণ্ডিত ইহার ঐতিহাদিকত্ব প্রতিষ্ঠার জন্ম অনেক জল্পনা কল্পনা করিয়া দেখাইতে চেষ্টা করিয়াছেন যে রামায়ণে বর্ণিত বানর দাক্ষিণাত্যের আদিম নিবাসীই ছিল। কেননা ঐটাই সমস্ত রামায়ণের মধ্যে একটা সমস্থা বা হেয়ালি (puzzle)। বানরটাকে না হয় আদিম জাতীয় মাতুষ বলিয়া উদ্ধার পাওয়া গেল, কিন্তু গুঙ্ শকুনির

মথে মন্ময়োচিত ভাষণের সম্বন্ধে কোনও উত্তর দিয়া এই সমস্যাটা সমাধান করিতে কেই সক্ষম ইইয়াছেন কি ্ ইহা যেন একটা জটিল গ্রন্থির (gordian knot) রহিয়া গেল। তাহা হইলে রামায়ণও গালগল্পই বহিয়া গেল। কিন্তু এতবড় একটা মহাকাব্য একটা কিছ ভিত্তি না থাকিলে কি দাঁডাইতে পারে ? কিম্বদন্তীরও একটা ভিত্তি না থাকিলে তাহার উৎপত্তি হয় না। কুরুক্ষেত্র যুদ্ধের ঐতিহাসিকত্ব এখন নানা রূপে প্রতিষ্ঠিত হইয়াছে। দেই কুরুক্তেত্র যুদ্ধের শ্রীকৃষ্ণ একজন নায়ক ছিলেন। তিনি গোপকুলে পালিত হইয়াছিলেন. এবং সেই গোপকুলে বাস করিয়া বুন্দাবনে লীলা করিয়াছিলেন। তাঁহার এই বালালীলা কল্পনা প্রস্তুত মনে করিলেও, তাঁহার মথুরাতে জন্ম হইয়াছিল, এবং জরাসন্ধ কর্তৃক মথুরা আক্রান্ত হওয়াতে, তিনি দারকায় আশ্রয় লইয়াছিলেন, এই ইতিহাসের কোনও বৈলক্ষণ্য না হইবারই সম্ভব, কেননা শ্রীকৃষ্ণ ঐতিহাসিক পুরুষ বলিয়াই অনেকে স্বীকার করেন। আর সেই ঐতিহাসিক ভিত্তি অবলম্বনেই य वन्नावन-लीलाक्रभ किन्नन्छीत উদ্ভব इट्याहिल, তाहात्रहे माहारया হৈত্তাদের মথুরার দল্লিকট কোনও স্থানে, বহুকাল লুপ্ত বুলাবনের স্থান নুত্র করিয়া আবিষ্কার করিয়াছিলেন। এবং সেথানেই নুত্র-বন্দাবন তাহার নব গঠিত মন্দির কুঞ্জ ও কুণ্ডাদিতে শোভিত ছইয়া বঙ্গদেশীয় বৈষ্ণবদের শ্রেষ্ঠ তীর্থস্থানে পরিণত হইয়াছে। লোক মথে রচিত হইয়া আসিতেছিল, তাহাই অবলম্বনে রাজা ঋষভ লুপ্ত অযোধ্যানগরীর একটা যথাসম্ভব স্থান নির্দেশ করিয়াছিলেন। আধনিক প্রত্তত্ত্বিদদের আবিষ্ণারের তায় কিছু না কিছু রাম বাজেরে কোন নিদর্শন না পাইলে তিনি এ কার্যা, সাধন করিতে পারিতেন না। তারপরও আমরা দেখিতেছি ভরতের পুত্র তক্ষের নামান্থপারে প্রতিষ্ঠিত তক্ষণিলা, লবের শ্রাবন্তী, কুশের কুশাবতী বা কৌশাষী নগরগুলি বৌদ্ধ যুগেও বর্ত্তমান ছিল। মিথিলায় জনক বংশীয় রাজাদের নামান্থপারে স্থাপিত জনকপুর এখনও আছে। এই সমস্ত বিষয় অনুধাবন করিয়া আমরা যদি বলিতে সাহস করি যে রামের ইতিহাসেরও একটা মৌলিক সত্য আছে, তাহা হইলে কি তাহা নিতান্তই অযৌক্তিক হয়? স্থলদৃষ্টিতে রামায়ণ পাঠে ইহা যেন একটা কাল্লনিক গল্প বলিয়াই মনে হয়। আশা করি আমরা যেরূপ স্ক্রাদৃষ্টিতে ইহার আলোচনা করিয়াছি, পাঠক সেইরূপ দৃষ্টিতেই ইহার বিচার করিবেন।

বালীকি ঋষিব প্রথম কাবা লিখিবার স্পৃহা হইলে, তিনি একটা সর্ব্ধ গুণ্যুক্ত নায়কের বিষয় মনে মনে চিন্তা করিতেছিলেন, যাহার জীবনের ঘটনাবলী অবলম্বনে তিনি তাহা রচনা করিবার নানারপ বিচিত্র উপাদান পাইতে পারেন। দশরথ পুত্র রামচন্দ্রে তাঁহার সেই আদর্শ পাইয়া রামায়ণ রচনা করিতে আরম্ভ করিলেন। তারপর তাঁহার মনে হইল শুধু আদর্শ চরিত্র বর্ণনা করিলেই তাংকালিক মহুয় সমাজের বিশেষ উপকার নাও হইতে পারে। সকল লোকেই তো একটা আদর্শ পুরুষের চরিত্র অহুকরণ করিয়া নিজেদের জীবন গঠন করিতে পারিবেনা, স্বতরাং সাধারণ মহুয়া সমাজেরও যাহাতে উপকার হয়, সেইরূপ ভাবে এই চরিত্র অহ্বন করিতে হইবে। তাংকালিক ব্রহ্মণ ও ক্ষত্রিয় সমাজে যাগ্যজের এত প্রাহুর্তাব হইয়াছিল যে নৈতিক শুঝ্বলাও ক্রমে শিথিল হইয়া আসিতেছিল। তাহার বিশ্ববর্ণনা তিনি রাজা দশরথের অখ্যেধ যজ্ঞের বর্ণনায় সমাক পরিস্কৃতি করিয়াছেন—যজ্ঞন্থলে কিরূপ মহু পানােয়ত্ত নারীপুরুষের

উচ্চ খল যৌন সম্বন্ধ ও ব্যভিচার আচরিত হইত, আহারের জন্ম কিরুপ অসংখ্য পশুপক্ষী যজে বলিদান দেওয়া হইত, পাত্রাপাত্র ভেদে জ্ঞানশূত্য অয়ক্তল ধন বিতরণে রাজকোষ শোষিত হইত—শুধু রাজার স্বর্গলাভ প্রত্যাশার জন্ম। ইহার কিছু ইঙ্গিত রামের অশ্বমেধেও আছে—যথন রাম ভরতকে আদেশ করিতেছেন—"নট, নর্ত্তক এবং নবযৌবনা কামিনাগণ ভরতের সহিত যজ্ঞস্থলে গমন করুক"। ইহার প্রতিকৃতি আমরা আধুনিক কোন দেবতা পূজা উপলক্ষা করিয়া তংস্থানে স্থাপিত মেলা সমূহে দেখিতে পাই—তাহার প্রধান আন্ধ বারবণিতাগণের সমাগমে। বাল্মীকি নিজে আঅজ্ঞানী ছিলেন। তিনি যজ্ঞাদি কর্মকাণ্ডাম্রিত ধর্মাচরণে রাজাদের, ব্রাহ্মণদের এবং জন সাধারণের এইরূপ নৈতিক অবনতি লক্ষ্য করিয়া ইহার ক্রমবর্দ্ধমান স্রোতে কিছু বাধা দেওয়ার উদ্দেশ্যেই, তাহাদের জন্ম একটী উপাস্ত লক্ষা বা ইষ্টদেবতার নির্দেশ করিবার জন্ম, ত্রন্ধাদি দেবতার আবির্ভাব দারা ঘনঘটার সহিত রামদেহে বিষ্ণুর অবতরণ করাইলেন, এবং সেই বিষ্ণুর অবতারকে বস্তব্ধরার কন্তা সীতারূপে অবতীর্ণা লক্ষীর স্থিত বিবাহিত করিয়া, দেবতাবংশীয় অসামান্ত ক্ষমতাশালী বানরদের সহিত সন্মিলিত করতঃ, সাগরবন্ধন ও ত্রিলোক বিজয়ী দেবশক্র রাবণকে বধ করাইয়া রামের বিষ্ণুত্ব প্রতিষ্ঠিত করিলেন। হয়তো ইহাও যথেষ্ট হইবে না মনে করিয়া দর্কশেষে রামকে আশ্রয় করিলেই যে বৈকুঠের দার অবারিত তাহাই দেখাইবার জন্ম সমস্ত অযোধ্যানগরীর ভত, প্রেত, স্থাবর, জন্ধম সহ সমস্ত প্রাণীবৃন্দকে স্বর্গাভিলাষে তাঁহার পশ্চাৎ অনুসর্ণ করাইয়া সর্যূ-সলিলে ডুবাইয়া, পরে রামের আদেশে ব্রহ্মাকর্ত্ক বৈকুঠের দার উনুক্ত করাইলেন। একটা প্রত্যক্ষ উপাস্ত

বা স্বর্গের দেবতা প্রত্যক্ষীকরণ এক ব্রাহ্মণদেরই একচেটিয়া (monopoly) ছিল। হয়তো কোন কোন ক্ষরিয় রাজার ভাগ্যেও যেন উহা ঘটিত—যথন যজ্ঞস্থলে ঋতিক ব্রাহ্মণ যজ্ঞমান রাজাকে বলিতেন "আপনার সৌভাগ্যের সীমা নাই, ঐ দেখুন স্বর্গ হইতে বিষ্ণুও ইন্দ্রাদি দেবতা আপনার যজ্ঞে আপন আপন হবির ভাগ গ্রহণ করিতে বিমানে আসিয়াছেন। তথন উর্দ্ধাকে উৎস্কক দৃষ্টি করিয়া ব্রাহ্মণের হস্তক্রীভূনক রাজা সেম্বান শৃন্ম দেখিলেও পাছে অত্যের নিকট তাঁহার পদলাঘবতা হয় এই লজ্জায় ব্রাহ্মণেরই কথায় সায় দিয়া বলিতে বাধ্য হইতেন "আমার যজ্ঞ সার্থক, যথন দেবতারা আবিভূতি হইয়াছেন, তথন আমার স্বর্গ দার কে রোধ করে"? কিন্তু এই ব্রাহ্মণদের পূর্ব্যকুষ যজ্ঞকাও প্রণেতা বৈদিক ঋবিই প্রশ্ন করিয়াছিলেন "ইন্দ্র কি আছেন"? তিনি যদি ইক্রকে প্রত্যক্ষ করিতেন তাহা হুইলে এ প্রশ্ন করিতেন না।

আমার গুফদেব তিব্বতীবাবার নিকট একবার একজন প্রবীণ লক্ষপ্রতিষ্ঠ আইন ব্যবসায়ী ব্রাহ্মণ আসিয়া বলিলেন "আমি যোগসাধন ও প্রাণায়াম করি, আপনি আমাকে কুপা করিয়া ব্রহ্মদর্শন করান"। গুফদেব গন্তীরভাবে বলিলেন "তবে দেখ"। নাক, কান, চোথ আঙ্গুল দিয়া বন্ধ কর"। সেই ভন্তলোক সেইরূপ করিয়া বলিলেন "আপনার কুপায় আজ্ব আমি ব্রহ্মদর্শন করিতেছি, গীতায় বণিত বিশ্বরূপ দেখিয়া আমার জ্বয় সার্থক হইল"। গুকদেব দ্বণার হাসি হাসিয়া বলিলেন 'তত্ত্বমাস'। সেই ভন্তলোকও খেতকেত্র গ্রায়ই নিজকে কৃতক্রত্য মনে করিয়া প্রস্থান করিলেন। তথন তিনি বলিলেন "ছেলে মাছ্যের মত জ্ঞান হয় নাই, 'মোয়া' দিয়া ভ্লাইলাম, যে পর্বকৈ ঠকায় সে নিজেকেও ঠকায়"। স্থতবাং প্রাণবর্ণিত বিষ্ণু আদি দেবতা

প্রতাক করা ভাগো না ঘটাতে অধিকাংশ লোকই প্রতাক অগ্নি-**म्तिकारक हिं** ७ अ**७**विनानानि दाता कुछ क्रिय! मृद्र क्रिक. এই অগ্নি যথন স্বৰ্গ হইতেই বিত্যুৎৰূপে ভূতলে আবিভূতি হন, তথন ইহাকেই আমাদের দত করিয়া, ইহা দারাই এই সমস্ত যজ্ঞীয় আহুতি विकृ रेखानि त्नवजारक, आभारनत উপरात अन्नभरे श्राम कतिरन, তাঁহারা তাহা গ্রহণ করিয়া তপ্ত হইয়া আমাদের স্বর্গগমনের পথ স্থগম ও স্থলভ করিয়া দিবেন। বাল্মীকি দেখিলেন যে এই দকল ভ্রান্ত বিশাসী মনুষ্যাণ তাহাদের বিবেকবৃদ্ধিতে ইহা বিচার করিতে সক্ষম হয়না, যে পার্থিব অগ্নিতে ভ্স্মীভূত হবি ইত্যাদি উপহার তাহাদের পঞ্চত্ব প্রাপ্ত হয়, অর্থাৎ যে পঞ্চতরূপ উপাদানের পঞ্চীকরণে সংহত হইয়া তাহারা গঠিত হইয়াছিল, সেই পঞ্চতেই আবার মিশিয়া যায়. আবার তাহা ধুমরূপে শুন্তে কিছুদুর উথিত হইলেও, সেই অনস্ত শুন্তের কোন স্থানে যদি কোনও দেবরূপী কেহ থাকেন তাঁহার নিকট তাহা যে পৌছিবেই তাহারও কোন নিশ্চয়তা নাই। তাই তিনি নিরাকার স্নাত্ন অনন্তশায়ী নারায়ণের চতুর্জ মৃত্তিতে অবতীর্ণ বিষ্ণুকে, পুনরায় দ্বিভূজ মহুয়ারূপে রামদেহে অবতারণ করাইয়া সেই বিষ্ণুরই শ্রামলবর্ণ ইত্যাদি বৈশেষিকত্বে এবং গুণরাশিতে তাঁহার নায়ক রামকে বিভূষিত করিয়া লোকের প্রতীতি জ্মাইলেন, ইনিই দেই বৈকুণ্ঠবাদী বিষ্ণু—ত্রিলোকের হিতার্থে মহুয়দেহ গ্রহণ করিয়াছেন। আর তাঁহার কার্য্যকলাপেও তাহাই দেখাইলেন। তাঁহার দঢ় বিশ্বাস ছিল তাঁহার এই বর্ণনাতে মুগ্ধ হইয়া লোকে তাঁহাকে (রামকে) দাক্ষাৎ বিষ্ণু বলিয়া জানিয়াই তাঁহার পূজা উপাসনা করিয়া এই যজ্ঞাদি নৃশংস আচরণ করিতে বিরত হইবে। কিন্তু তাহা কার্য্যে পরিণত হইল না। রামের সেই অমাত্মবিক

কার্য্যাবলী স্কুদুর দাক্ষিণাত্যে লোকলোচনের অগোচরে সংঘটিত হওয়াতে, জনসাধারণ তাহাতে আস্থা স্থাপন করিল না। তাই তাহার। বলিয়াছিল রাম বানরের সহিত মিত্রতা করিয়া সমুদ্রবন্ধন করতঃ তুদ্ধর্য রাবণকে বধ করিয়াছিলেন ইহা দেবতারা দেখিলেও কোন মনুষ্য কথনও এই মনুয়ের অসাধ্য কার্য্য দেখে নাই বা শুনে নাই। স্বতরাং তাহারা ইহা কি করিয়া বিশ্বাস করিবে? বাল্মীকির এত আডম্বরপূর্ণ বর্ণনা অরণ্যে রোদনে পরিণত হইল। তিনি যদি রামকে শুধু শ্রেষ্ঠ মহামানবরূপে প্রদর্শন করাইয়া তাঁহার পরবর্তী কার্যাবলীর সহিত মমুয়াম্বলভ কার্য্যের সামঞ্জন্ম রাথিয়া তাঁহার ঐতিহাসিক সতাটাই দেখাইতেন তাহা হইলে সম্ভবতঃ দীতার নির্দ্ধাদন হইত না। তিনি রামের অলৌকিক কার্য্যের দৃঢ়প্রমাণার্থ রামের অযোধ্যা প্রত্যাবর্তনের পর রাজসভায় সমগ্র অযোধ্যাবাসী জনমগুলীর সমক্ষে ভগবান অগস্তা ঋষির মূখে রাবণ ইন্দ্রজিতাদির সম্বন্ধে এবং অনেক অন্তত পৌরাণিক বৃত্তান্ত বিবৃত করিয়া রাম যে সেই বৈকুঠবাসী বিষ্ণুই, তাহা প্রমাণিত করিতে চেষ্টিত হইয়াছিলেন। ইহা সত্ত্বেও যথন জনপদবাসী তাহাতে আস্থা স্থাপন না করিয়া রামের অপবাদ রটনা করিতে বিরত হইল না. তথন তাঁহার এই বালুকাপূর্ণ ভিত্তির উপর নির্মিত বিষ্ণু অবতার রামরূপ সৌধ ভূমিদাৎ হইল। কিন্তু দেই ভগ্নস্তপের উপরই পরবর্ত্তী পুরাণকারেরা যে সৌধ উত্তরকাণ্ডের শেষে রচনা করিয়া নির্মাণ कतिरानन, তारात आत পতन रहेन ना। वाचौकि निर्छ अक्रु कार्या হইলেও তাঁহার আরব্ধ কার্যা অন্যের দারা সম্ভব হইল। সেই সমস্ত অযোধ্যা নগরের স্থাবর জন্ধমের স্থলভ স্বর্গ প্রদানকারী রাম তংকালিক অষোধ্যাবাদীর নিকটও যে স্বয়ং বিফু বলিয়া প্রতীত হইয়াছিলেন. তাহা সেই রামের সরযুজলে অবতরণের পর বিশেষভাবে দেখান

হইয়াছে। অবোধ্যাবাসীদের সেই কার্য্যের দৃষ্টান্ত অন্থ্যন্থ করিয়া।
মূর্ত্তিমান জীবন্ত বিষ্ণুর অভাবে, লোকে তাঁহার (রামের) মৃন্ময় বা
প্রত্যর মূর্ত্তি নির্মাণ করিয়া তাহার পদতলে লৃষ্টিত হইয়া হুলভে বৈকুপ্তে
যাইবার জন্ম কত স্ততি মিনতি করিতেছে। স্থতরাং বাল্মীকির
অসম্পূর্ণ কার্য্য তাঁহার পরবর্ত্তীযুগে ফলপ্রস্থ হইয়াছে তাহার সন্দেহ
নাই। কীর্ত্তিবাস তাহার রামায়ণ দ্বারা বঙ্গদেশে ততটা কৃতকার্য্য না
হইলেও ভক্ত তুলসীদাস বাল্মীকির কার্য্য সম্পন্ন করিয়াছেন। স্থতরাং
আমরা একথা মৃক্তকপ্তে বলিতে পারি যে তাঁহার দিতীয় উদ্দেশ্য সিদ্ধ
হইয়াছে। তাঁহার প্রথম উদ্দেশ্য মহন্যু রামকে আদর্শ পুরুষরূপে
প্রতিষ্ঠিত করিতে যাহা প্রয়োজন তাহা তিনি রামের শোর্য্য, বীর্য্য,
পৌরুষ, অধ্যবসায়, সত্যব্রত্ম, কার্য্যকুশলতা, পর্যবেক্ষণশীলতা এবং
সর্ব্বোপরি কীর্ত্তিরক্ষণপরতা ইত্যাদি তাঁহার তদহুসন্ধিক কার্য্যাবলীতে
দেখাইয়া, তাহার শেষ রক্ষা করিলেন প্রকারান্তরে তাঁহাকে আত্মহত্যার পাপাচরণ হইতে বাঁচাইয়া, দৈবঘটিত আকুলাবর্ত্তা সরযুজলের
প্রাবনে নিমন্ত্র করিয়া।

তাঁহার তৃতীয় উদ্দেশ্য যাহা তাঁহার নিজস্ব প্রেরণা, তিনি ব্রহ্মা কর্ত্বক প্রাপ্ত হইয়াছিলেন অর্থাৎ যাহা প্রক্রতপক্ষে তাঁহার নিজ আত্মজ্ঞান বা ব্রক্ষজ্ঞানের উদয় হইতেই হইয়াছিল, তাহা সাধন করিলেন সেই আত্মজ্ঞানলাভের সাধন প্রণালী নিজের অস্তৃত্তি সাহায্যেই একটা আপাতদৃশ্য মনোম্প্রকর মধুর রূপকআবরণে আচ্ছাদিত করিয়া, প্রচ্ছন্নভাবে, সাধারণ লোকের দৃষ্টির অগোচর রাখিয়া বর্ণনা করিয়া। তিনি অসাধারণ তপস্থা ও সাধনা ঘারাই ইহা অর্জ্জন করিয়াছিলেন। তাই এই শাখত স্নাতন সত্য রহস্তর্গ্রেপই সাধারণ লোকের দৃষ্টিতে রহিয়া গিয়াছে। এই রুদ্ধার রহস্ত ভাগ্ডারের ধার উদ্লাটিত না

হইলে তাঁহার উদ্দেশ্য প্রকাশিত হইতে পারে না। কিন্তু সেই অতি তৃঃসাধ্য ক্ষম্মার উদ্বাচন করিতে হইলে অগস্ত্যের হ্যায় ব্রহ্মবিদ গুরুর ক্রপা ভিন্ন হইতে পারে না! আমিও সেই অগস্ত্য সদৃশ ব্রহ্ম গুরুর তিবরতী বাবার ক্রপাতেই এই কার্য্য সাধনের চেষ্টা করিতে প্রেরণা পাইয়াই ইহাতে হস্তক্ষেপ করিতে সাহসী হইয়াছি। এই কার্য্য সফল হইলেই জানিব বাল্মীকির রহস্থা প্রকাশ হইয়াছে। আর ইহাই বাল্মীকির আত্মজানের প্রকাশ বা বাল্মীকির আত্মপ্রপ্রকাশ।

এই রামায়ণগ্রন্থে একটা বিশেষ দ্রপ্তব্য বিষয় এই যে বাল্মীকি প্রত্যেক চরিত্র বা বিষয়ের জন্ম স্থান ও কালোপযোগী একটা একটা অর্থযুক্ত নাম দিয়াছেন। আর দেই নামগুলির অর্থ অন্বেষণ করিতে বিশেষ বেগও পাইতে হয় না। সেই সমন্ত নামের যথাযথ ব্যৎপত্তিগত অর্থ দিয়া তাহার আলোচনা করিয়াছি। তাহা হইতে ইহাই প্রতীয়মান হয় যে সেইগুলি যোগাচরণে সাধনার পথে কতকগুলি সহায় ও কতক-গুলি অন্তরায়। এইগুলি সাধক রামের পক্ষেই বিশেষভাবে প্রযোজা হয়। এ নামগুলি যথেচ্ছ প্রয়োগ নহে। মনুষ্য অবতার রামের পক্ষে এই সকল পক্ষী, বানর ও রাক্ষ্য প্রভৃতির নামকরণে কোনই সার্থকতা নাই বলিয়াই বোধ হয়। তিনি রাম, লক্ষণ ও সীতার মুখেই শ্রুত হইয়া দাদশ বংসরে এই ইতিহাস রচনা করিয়াছিলেন। যদি তাঁহারাই পরস্পরের মধ্যে ভেদ দেখাইবার জন্ম এই নামগুলি নিজেদের ইচ্ছামত দিয়া থাকিতেন, তাহা হইলে ইহাদের প্রত্যেকের অর্থবোধক নাম না দিয়া এক একটা যথেচ্ছ নামও দিতে পারিতেন। পক্ষীর মুখে বিশ্রবা, বিশ্রবণ; শিরোহীন কবন্ধের মুথে ইন্দ্র; বানরের মুথে তুন্দুভি कि कि का।, अग्रमक अंटे ममल नाम উচ্চারণ অস্বাভাবিকই বোধ হয়। যদিও বা এই সমস্ত নাম রাম কর্ত্তক প্রদত্ত বলিয়া ইহা অযৌক্তিক মনে না হয়, কিন্তু অন্ধদ বানর কর্তৃক সম্পাতি, জটায় ও স্থপার্থ গ্রের নামকরণ এবং সেই ঘটনা রামের নিকট যথায়থ বলা কি সম্ভব হয় ? কেননা সে সময়ে তাঁহাদের তুইভাতার কেহই সেই বিদ্ধাচলের শিথরে উপস্থিত ছিলেন না। স্থতরাং এই সকল নামকরণ বাল্মীকি কর্তৃকই হইয়াছে, এবং তাহা শুধু তাঁহার যথেচ্ছ কল্পনাপ্রস্থত নাম নহে। এই সমস্ত নামগুলির ঘথাযোগ্য প্রযোজ্যতা শুধু যোগসাধনের প্রণালী প্রদর্শনেই প্রয়োজনীয়, তাহা আমরা বিস্তারিতভাবে বিশ্লেষণ করিয়া এই গ্রন্থে যথাযথ স্থানে দেখাইয়াছি। এরপ অবস্থায় যদি আমরা বলিতে সাহসী হই যে এই রামায়ণ গ্রন্থে তিনি ঘথাযোগ্য অধিকারীর জন্ম যোগসাধনের পত্থা ও প্রণালী ও স্বরূপসিদ্ধি প্রচ্ছন্ধভাবে দেখাইয়া, তাহাদিগের পথ প্রদর্শনের সহায় হইয়া, আত্মপ্রকাশ করিয়াছেন তাহা হইলে কি আমাদের ইহা অযৌক্তিক হয় ? ইহার বিচারের ভার আমরা স্থধী পাঠকদের উপরেই গ্রন্থ করিয়া এই গ্রন্থ এইখানেই শেষ করিলাম।

সমাপ্ত



গ্রন্থকার প্রণীত অন্য গ্রন্থ শীঘ্রই প্রকাশিত হইবে

১। হুৰ্গাপূজা তত্ত্ব। ২। দক্ষযজ্ঞ তত্ত্ব।

৩। অবতার তত্ত্ব।

91 91014 04

(পৌরাণিক স্পষ্টিরহস্ত)